LENDING SECTION

—Under the rules of the Library, th boo

# দুলালের

## তালমিছরী

প্রস্তুত কারক:

দুলাল চন্দ্র ভড়

৪, দত্তপাড়া লেন · কলিকাতা-৬

ফোন: ৩৩-৫৬৭৩

# পৃথিবীর সর্বপ্রথম ডিটারজেন্ট কাপড় ধোয়ার বার

# সুপার ৭৭৭

**পয়সা বাঁচান, বেশী সাদা করুন**




সুপার ৭৭৭ বার—ধুবিস্তারে এর জুড়ি নেই। এটি একটি নতুন ধরনের। এতে রয়েছে বেশী কাপড় অনেক বেশী সাদা করার, অনেক বেশী পরিষ্কার করার ক্ষমতা—এমনকি যে জলে সাধারণত একেবারেই ফেনা হয় না, তেমন জলে-ও। সাধারণ বার সাবানের তুলনায় দামে-ও কম।

এখন থেকে ব্যবহার করতে শুরু করুন নতুন ধরণের বার—সুপার ৭৭৭ ডিটারজেন্ট কাপড় ধোয়ার বার!

SWASTIK SAU73 BEN

## ১০টি প্রবন্ধ লিখেছেন—


পৃষ্ঠা ৫—৩২

স্বামী প্রজ্ঞানানন্দ
জনমেজয়
জনার্দন চক্রবর্তী
শশাঙ্কশেখর সান্যাল
বিনয় ঘোষ
সুধীরকুমার মিত্র
স্বামী প্রভানন্দ
ও
সুভাষ সমাজদার
ঊষারাণী সান্যাল
অমিয়কুমার বন্দ্যোপাধ্যায়


## ৬টি কাহিনী লিখেছেন—


৩৩—৮১

নীহাররঞ্জন গুপ্ত
অদ্রীশ বর্ধন
শক্তি চট্টোপাধ্যায়
ও
মহাশ্বেতা দেবী
অতীন বন্দ্যোপাধ্যায়
অসিত গুপ্ত


## ৩টি উপন্যাস লিখেছেন—


১১—১৬৩

জ্যোতিরিন্দ্র নন্দী
আশাপূর্ণা দেবী
সৈয়দ মুস্তাফা সিরাজ


## ৯টি বড় গল্প লিখেছেন—


১৬৫—২০০

বিমল কর
ধূর্জটিদেব গুহ
শীর্ষেন্দু মুখোপাধ্যায়
সুমথনাথ ঘোষ
সুনীল গঙ্গোপাধ্যায়
দিব্যেন্দু পালিত
প্রিয়রঞ্জন দাসমুন্সী
ও
মানবেন্দ্র পাল
বরেন গঙ্গোপাধ্যায়

# জ্যোতিষ মহাচয়ন

## এম পি জুয়েলার্স এণ্ড কোং

প্রযোজিত

সর্বকালের সেরা জ্যোতিষ সংকলন

সম্পাদনা : শ্রীনরেশ চন্দ্র শর্মাচার্য

ও শ্রীরামেন্দ্র চেলবুধ্য

ভারতীয় এবং আন্তর্জাতিক জ্যোতিষ শাস্ত্রের সেরা বিশেষজ্ঞদের এক সঙ্গে দুর্লভ সংকলনের প্রকাশ সম্ভবে। ভারতীয় এবং বিদেশের প্রখ্যাত জ্যোতিষীরাও এই অভিনবত্বের সংকলনের তালি সাজানোর প্রত্যেকটি বছরে দুর্লভ প্রবন্ধ থাকবে আপনাদের বিশিষ্ট জ্যোতিষের পরামর্শদাতা, আপনার ভাগ্য ও ভবিষ্যৎ সম্পর্কে সঠিক ও সংকেত। বিশিষ্ট জ্যোতিষীরা এই বছরে বিশ্ব নামী সাহিত্যিক ও গবেষকদের প্রবন্ধ এবারে **জ্যোতিষ মহাচয়ন** এই অতিরিক্ত আকর্ষণ অনন্য প্রবন্ধ ইতিহাস থেকে সমকালীন সেই সব মনীষীদের ছবিগুলোকে, পত্রিকের আলোকচিত্র যারা বিভিন্ন বিষয়ে বিশেষজ্ঞ ছিলেন। এছাড়া মনোরঞ্জনের চমৎকারের এই বিপুল সম্ভার অনেকেই প্রথমবার বিজ্ঞানের অবশ্যই সহজ হবে

অভিনবত্বের ও উপস্থাপনে **জ্যোতিষ মহাচয়ন** পূর্বের সমস্ত রেকর্ডকে ছাড়ন করেছে

আমাদের প্রথম পরিকল্পনা শুরু হয়েছিল ১৯৭৩ সনে "জ্যোতিষ চয়ন" নামে একটি ছোট আকারে যার প্রকাশ নিয়ে। প্রকাশের পরে চাহিদার সঠিক পরিমাণ আন্দাজ করতে না পারায় আমরা পাঠকের মনে মনে সমস্তাদিক পাঠকের আকাঙ্ক্ষা পূর্ণ হয়েছিল

এবারের কপি সংরক্ষিত রাখতে এখনই ১০৲ টাকার মনি দিয়ে গ্রাহক হোন। গ্রাহকদের ১০৲ টাকার টিকিটটি ফেরত হবে **জ্যোতিষ মহাচয়ন** -এর আনুমানিক বিক্রয়মূল্য ২৫৲ থেকে ৩০৲ টাকার

বিশেষ বিজ্ঞপ্তির প্রবন্ধ পরিচয় পুস্তিকা বিনামূল্যে পাওয়া যাবে ২০ পয়সার ডাক টিকিটের বিনিময়ে

যোগাযোগের ঠিকানা : বিমল কর চৌধুরী

এম পি জুয়েলার্স এণ্ড কোং

১ বিবেকানন্দ রোড, কলিকাতা-৬

ফোন : ৩৩-৪৭৩১, ৩৫-৭১৯৮

প্রবন্ধ সংগ্রহের গৌরবময় এক উজ্জ্বল জ্যোতিষ

# এম পি জুয়েলার্স এণ্ড কোং

কর্তৃক প্রচারিত।

## ১৩টি ছোট গল্প লিখেছেন—২০১–২৭১

| | |
|---|---|
| যমুনেশ্বর | আবদুল জব্বার |
| দেবেশ দাশ | শরদিন্দু বন্দ্যোপাধ্যায় |
| সুবোধকুমার মিত্র | মালা দেবী |
| হরিনারায়ণ চট্টোপাধ্যায় | প্রাণতোষ ঘটক |
| কবিতা সিংহ | দীপক বক্সীগীর |
| শরদিন্দু চট্টোপাধ্যায় | ও |
| মায়া বসু | আইভি রাহা |

## ৩৫টি কবিতা লিখেছেন— ২৭০–২৮৭

প্রেমেন্দ্র মিত্র, দিনেশ দাস, নীরেন্দ্রনাথ চক্রবর্তী, সুধীন্দ্র পত্রী, শরৎকুমার মুখোপাধ্যায়, বিমলচন্দ্র ঘোষ, লোকনাথ ভট্টাচার্য, বটকৃষ্ণ দে, বিজয়া মুখোপাধ্যায়, মণীন্দ্র রায়, প্রণবেন্দু দাশগুপ্ত, দক্ষিণারঞ্জন বসু, বিমল সেন, গোবিন্দ চক্রবর্তী, নীলেশ মুখোপাধ্যায়, ফণিভূষণ আচার্য, কালীকিঙ্কর সেনগুপ্ত, রাজেন্দ্র বেলবরুয়া, স্বপনবুড়ো, শান্তনু দাস, সুশীলকুমার গুপ্ত, প্রভাকর মাঝি, প্রফুল্লকুমার বসু, বেলুবর হাজরা, সাধনা মুখোপাধ্যায়, কৃষ্ণ ধর, কুমকুম দে, উষাপ্রসন্ন মুখোপাধ্যায়, জগন্নাথ চক্রবর্তী, পরমানন্দ সরস্বতী, সৌমেন সিকদার, গোপাল ভৌমিক, নবনীতা দেবসেন, পলাশ মিত্র ও লোচন পাঠক

## ৭টি রম্যরচনা লিখেছেন— ২৮১–৩১০

| | |
|---|---|
| প্রমথনাথ বিশী | তারাপদ ভট্টাচার্য |
| কুমারেশ ঘোষ | দিলীপকুমার সেনগুপ্ত |
| শ্রীবিরূপাক্ষ | ও |
| সবিতা সেনগুপ্ত | নির্মল সেনগুপ্ত |

:: এ ছাড়া আছে ::

এ মাসের গান ও অনুষ্ঠানসূচী

---

প্রচ্ছদ

ওঁ সরসাগরসম্ভারভেরালঙ্কৃতোরসে।
বরপালস্তনভরপ্রহরিবলিবর্তনে।
মৃদুলাস্যে সুবদনে চারুদেহলতান্বিতে।
হরকান্তকুরঙ্গেরক্ষণকুতুকিন্যুতে।
বিচিত্রশাটকনানাবর্ণচন্দ্রাবিভূষিতে।
জগদ্ঘোষেরজননি ত্রিলোকং বিশ্বিনং তথা।
নারায়ণীং নমস্তুভ্যং পাহি পাহি ভবার্ণবে।
বহ্নিজ্বালাকিরীটেশ্বরী কোটিসূর্যসমপ্রভে।
ভয়ানামুগ্রদংষ্ট্রাবিষ্ফোটেরৈরাকালসমাস্থিতে।
সর্বস্বরূপায়ে সর্বেশ্বরীরে সর্বশক্তিসমন্বিতে তথা
এবং শক্তিস্বরূপেশ্বরী ভয়েভ্যো নস্ত্রাহি দুর্গে নমঃ

শিল্পী : ইন্দ্র কুমার

---


সম্পাদক : সুচেতা বসু

প্রকাশক : এস. সিংহ রায় ৪, শ্যামাচরণ দে স্ট্রীট, কলকাতা-৭০০ ০৭৩।

মুদ্রক : সুবোধকুমার মিত্র বসু
ঈশ্বরী প্রেস লিমিটেড, ৫২ সীতারাম ঘোষ স্ট্রীট, কলকাতা ৭০০ ০০৯।



এবার পূজায় সবার মুখেই একই কথা—একই নাম !!

# শৈললাল মনিলাল ষ্টোর্স

১৬২নং বহুবাজার ষ্ট্রীট, (বসুমতী বিল্ডিং-এর পাশে)

কারণ

এদের প্রত্যেকটি শাড়ী প্রত্যেকটি পোষাক লোভনীয় ও মনোরম

এবং

ন্যূনতম দাম প্রত্যেকটি মালের উপর লেখা থাকে !

• গোয়ালিয়র, বম্বে ডাইং, বিন্নী ও মফতলালের স্যুটিং সার্টিং সুলভে।

• মনোমত স্যুট ও সার্ট এখানেই অর্ডার দিন।

ফোন : ৩৪-৮৬৫৭



ছবি তোলায় সহযোগিতা করেছেন : চন্দন ফোটো-টাইপ, বি আর্টিস্টস্, বেঙ্গল ফোটো-টাইপ এবং ঈশ্বরী প্রেস লিমিটেড।

ছবি এঁকেছেন। কলকাতার আর্ট-স্কুল কলেজ এবং আর্টস অ্যান্ড ক্রাফ্টস-এর

রবীন্দ্রনাথ রায় মৃণাল বন্দ্যোপাধ্যায়, জ্যোতিরিন্দ্র চৌধুরী সুব্রত রুদ্র, দীপালি ভট্টাচার্য মনোজ সরকার, কৃষ্ণা বসু

এবং

সতীশ রায় ও অন্যান্য শিল্পীরা।

কৃতজ্ঞতা স্বীকার : এই সংখ্যার সুষ্ঠুরূপ সম্পাদনার জন্যে আমরা নিম্নলিখিত ব্যক্তিদের কাছে বিশেষ সাহায্য পেয়েছি—এঁদের সকলের (সংক্ষিপ্ত নাম) ও শেখর চক্রবর্তী।

পরিবেশনায় ও মুখবন্ধে : রমাপ্রসাদ দোলুই, সুনীলরঞ্জন সেন, দিলীপকুমার সাহা ও লোচন পাঠক।

# প্রবন্ধ

# প্রবন্ধ

## সূচীপত্র


| | |
|---|---|
| শ্রীশ্রীদুর্গাপূজায় রাগ-রাগিণী—স্বামী প্রজ্ঞানানন্দ | ৭ |
| মহাপূজায় শাক্ত-বৈষ্ণবের মহামিলন<br>—জনার্দন চক্রবর্তী | ১৩ |
| কলকাতার দুর্গোৎসবে সাহেব আপ্যায়ন<br>—বিনয় ঘোষ | ১৪ |
| শ্রীরামকৃষ্ণের শিক্ষাচিন্তা—স্বামী প্রভানন্দ | ১৬ |
| সুবেদার মুকুন্দ রাম—সুভাষ সমাজদার | ১৭ |
| রোমান লিপিতে 'দুর্গেশনন্দিনী'<br>—প্রমিয়কুমার বন্দ্যোপাধ্যায় | ১৮ |
| নেতাজীর অপ্রকাশিত পত্র—জনমেজয় | ২০ |
| নট ও নাট্যকার—শশাংকশেখর সান্যাল | ২৩ |
| রামমোহনের লেখা দলিল—সুধীরকুমার মিত্র | ২৭ |
| সেকালের বাজার দর—উষারাণী সান্যাল | ৩১ |




# বেতার জগৎ

৪৬ বর্ষ, ১১ সংখ্যা। 46th Year, Vol. 19

২২ সেপ্টেম্বর, ১৯৭৫ : ৩১ ভাদ্র, ১৮৯৭ শকাব্দ

22 September, 1975 : 31 Bhadra, 1897 Saka

# শ্রীশ্রীদুর্গাপূজায় রাগ-রাগিণী

## স্বামী প্রজ্ঞানানন্দ

প্রাচীন ভারতে বিভিন্ন যজ্ঞানুষ্ঠান ও দেবদেবীর পূজায় নৃত্য-গীত-বাদ্যের ব্যবস্থা ছিল। একেবারে আদিম ও অনুন্নত যুগে—যখন মানুষের জীবনযাপনপ্রণালী ও সামাজিক আচার-অনুষ্ঠান সহজ-সরল ছিল তখনও বিভিন্ন ধর্মানুষ্ঠানে নৃত্য, গীত, বাদ্যের অনুশীলন ছিল—যদিও সেই অনুশীলনরীতি পরবর্তী উন্নত সমাজের মতো ছিল না। প্রাগৈতিহাসিক যুগে গ্রহণোপরাগ, হরপ্পা প্রভৃতি নগরীর ধ্বংসস্তূপ থেকে নাসাগ্রদৃষ্টি যোগমূর্তি, বিভিন্নভঙ্গিতে উপবিষ্টা ও দণ্ডায়মানা নারীমূর্তি ছাড়াও অনুন্নত ধরনের কতকগুলি মূন্ময় আকারে বাঁশি, মাদল ও মৃদঙ্গজাতীয় বাদ্যযন্ত্রের সঙ্গে সঙ্গে একটি নৃত্যপরায়ণা নারী-মূর্তি পাওয়া গেছে—যেগুলি থেকে প্রমাণ হয়, প্রাগৈতিহাসিক যুগের সমাজে চারুশিল্পের অনুশীলন ছিল। পরবর্তী যুগের প্রত্নসম্পদ প্রভৃতি সুপ্রাচীন নগরীর ধ্বংসস্তূপ থেকেও গীত-বাদ্যের নিদর্শন পাওয়া গেছে। কিন্তু প্রশ্ন এই যে, সুপ্রাচীন যুগের নৃত্য-গীতাদি দেবদেবীদের পূজার উদ্দেশ্যে ব্যবহৃত হোত কি-না এবং ঐ নৃত্য-গীত-বাদ্যের রূপ ও প্রকরণ-পদ্ধতি কী ধরনের ছিল? বেদাদি বৈদিক সংহিতা, শিক্ষা ও প্রাতিশাখ্যাদি বৈদিক যুগের নৃত্য-গীত-বাদ্যের বিস্তৃত পরিচয় দান করে। বৌদ্ধসাহিত্য অবদান প্রভৃতি থেকেও আমরা জানতে পারি, সঙ্গীত, চিত্র ও চিত্রশিল্পের রচিত বাজারের ও খ্রীষ্টীয় ১০ম শতকে বজ্রযানী বৌদ্ধ-সাধকদের সম্প্রদায়ের মধ্যে তান্ত্রিক ভাবের রচিত চর্যা ও দোহাগীতিগুলি বৌদ্ধ-সম্প্রদায়ের বিভিন্ন ধর্মীয় অনুষ্ঠানে ও বিশেষ করে অবাধ-সাধনার বিভিন্ন ভাবে ব্যবহৃত হোত।

বৈদিক যুগে বিভিন্ন যজ্ঞদেবতাকে প্রজ্বলিত অগ্নিতে আহুত দেবতাদের উদ্দেশ্যে স্তোত্রপাঠ ও সামগান করার জন্য সামগ-ব্রাহ্মণেরা নিযুক্ত থাকতেন। গানের সঙ্গে বাদ্য ও নৃত্যেরও ব্যবস্থা থাকত। বৈদিক যজ্ঞানুষ্ঠান-সম্বন্ধে স্বামী অভেদানন্দ লিখেছেন। "যজ্ঞের অগ্নিতে সেই সময়ে (বৈদিক কালে) সমস্ত দেব-দেবীদের আহ্বান করা হইত এবং যে দেবতার উদ্দেশ্যে আহুতি দেওয়া হইত সেই দেবতার নামে যজ্ঞীয় অগ্নির নামকরণ করা হইত।...বৈদিক যুগে মূর্তির প্রতিষ্ঠা ছিল না, হবা-বাহনী-অগ্নিশিখাই তখনকার যুগে প্রতিমার প্রচলন হইলে তখন সেই অগ্নিশিখার স্থানে দেবীর মস্তকের পরিবর্তে রক্ত হইয়া দাঁড়াইল।"

ইতিহাসে-রামায়ণে হৈমবতীরূপিণী অগ্নির উল্লেখ আছে। মুক্ত-কোপনিষদে (১।২।৪) কালী, করালী, মনোজবা, সুলোহিতা, সুধূম্রবর্ণা, স্ফুলিঙ্গিনী, বিশ্বরুচী প্রভৃতি সাতটি অগ্নিশিখার কথা আছে। শতপথ-ব্রাহ্মণেও হর, সর্ব (বা শর্ব), পশুপতি, উগ্র, অশনি, ভব, মহাদেব ও ঈশান এই শিবনামাঙ্কিত আটটি অগ্নির নাম পাওয়া যায়। শতপথ-ব্রাহ্মণে শকতনয়া নামে একটি যজ্ঞ-বেদীর নামেরও উল্লেখ আছে এবং অন্যত্রও ঐ যজ্ঞবেদীকেই 'শকতনয়া' বলা হয়েছে। 'শকতনয়া' বা শকতনয়া দেবী দুর্গার নাম। দেবী দুর্গা মহা-শক্তিরূপিণী বিশ্বস্রষ্টাত্রি। প্রাচীনকালে বৈদিক যুগে যেমন বিভিন্ন প্রকারের যজ্ঞানুষ্ঠান ছিল, তেমনি ছিল যজ্ঞান্তে বিভিন্ন দেবদেবীর উদ্দেশ্যে হবি আহুতি দেওয়ার রীতি। ঐ সকল দেবদেবীর প্রীতি-সাধনের জন্য প্রথমাদি বৈদিক অনুষ্ঠান যান বা সামগান গাওয়া হোত। সামগানের সঙ্গে শিঙ্গোয়া, ঔদুম্বরী, শততন্ত্রীবীণ বাদ্য প্রভৃতি বাঁশি ও দুন্দুভি, দুন্দুভি, শঙ্খ প্রভৃতি চর্মবাদ্যের প্রচলন ছিল এবং যাজ্ঞিক-ব্রাহ্মণদের কুমারী কন্যাদের দ্বারাচালিত নৃত্য যজ্ঞকুণ্ডের চারদিকে ঘুরে ঘুরে করতো। সুতরাং বৈদিক যুগে তান্ত্রিক অনুষ্ঠানে আহূত দেব-দেবীদের উদ্দেশ্যে নৃত্য-গীত-বাদ্যের যে প্রচলন ছিল সে-বিষয়ে কোন সন্দেহ নাই। বৈদিকোত্তর যুগে যা গান্ধর্বগানের যুগে বিচিত্র প্রকারের জাতি, প্রস্তার, ভাষা, অন্তরভাষা প্রভৃতি গানের সঙ্গে গানের প্রচলন ছিল বিভিন্ন মাঙ্গলিক ও সামাজিক অনুষ্ঠানে, কিন্তু একথার মতো সেই সময়ে দুর্গাপূজা বা নির্দিষ্ট কোন শক্তিপূজার অনুষ্ঠান ছিল না, সুতরাং দেবীপূজার উদ্দেশ্যে রাগ-রাগিণীদের অনুশীলনেরও কোন প্রশ্ন ছিল না।

রামায়ণে দেবীপূজার প্রসঙ্গেই বলি, রামায়ণে দেবী দুর্গার নির্দিষ্ট রূপের কোন উল্লেখ নাই, তবে শাকম্ভরী, কাত্যায়নী প্রভৃতি দেবীনামের উল্লেখ পাই পৌরাণিক যুগে। অনেকে বলেন 'রাবণো জগর্জাথ রামমন্ত্রগ্রহায় চ অকালে বোধিতো দেবী.....' শ্লোকটি বাল্মিকী-রামায়ণের নয়, ঐ শ্লোকটি আদলে প্রক্ষিপ্ত। রামায়ণের চল-প্রত্নে প্রত্নতাত্ত্বিক-ঐতিহাসিকদের অভিমতে রাম-চন্দ্র অকালে অর্থাৎ অসময়ে দেবীপূজা করেন নি[১] করেছিলেন সূর্যপূজা। তিনি বলেছেন। "According to the *Ramayana*, VI. 105, Rama worshipped Surya, the Sun-god, and not Durga, at the instance of the Sage Agasta ....." (vide *Indo-Aryan Races*, p. 113). কৌটিল্যের অর্থশাস্ত্রে, বিষ্ণু পুরাণে ও শ্রীশ্রীচণ্ডীর দেবীমাহাত্ম্যে দেবী দাক্ষায়ণীকে দুর্গা বলার পরম্পরায় শত্রুর শ্রীবৃদ্ধি কামনা করে পূজা করা হোত। শত্রুনাশিকাদেবী দেবী শাকম্ভরীই ক্রমে হয় পরবর্তীকালে শ্রীদুর্গা নামে পরিচিত হন। প্রাচীনকালের বিভিন্নস্থানে দুর্গাদেবীর উল্লেখ আছে, কিন্তু দেবী দুর্গা সেখানে কুমারী, মোহিনী বা স্বর্গ-বর্গী নন। তা ছাড়া মহাভারতে উল্লিখিত দুর্গা শিবশক্তি নন, কুমারী। তবে মহাভারত থেকে জানা যায়, শ্রীদুর্গা তখন আর্যজাতি-পূজিতাই ছিলেন।

তবে আর্যজাতির পাশাপাশি অনার্যজাতির ভেতরও শক্তিপূজার প্রচলন ছিল—যেমন ছিল আর্য-সঙ্গীতের পাশাপাশি অনার্যজাতির সঙ্গীত। দেখা যায়, বিন্ধ্যাচলের অধিবাসী অনার্য শবরজাতি শক্তি-পূজক ছিল ও শ্রীদুর্গা শবরজাতির নিজস্ব দেবী নয়ে পূজিতা ছিলেন। হরিবংশে ৩১ শ্লোকে ও মার্কণ্ডেয়পুরাণে ৫০৩ শ্লোকে দেবী দুর্গা কিরাতিনী-নামে পরিচিত, তেলুগু অরণ্যচারী কিরাতজাতিও শক্তির উপাসক ছিল ও তাদের পূজিত দেবী কিরাতিনী। বলা হয়েছে—অষ্ট্রেরবর্বরৈশ্চৈব পুলিন্দৈশ্চ সুপূজিতা। সুতরাং দেখা যায়, শবর, বর্বর, পুলিন্দ প্রভৃতি অনার্যজাতি যেমন সঙ্গীতপ্রিয় ছিল ও তাদের জাতীয় সুরের নাম ছিল শবরী বা সাবরী, পুলিন্দিকা প্রভৃতি, তেমনি তারা ছিল শক্তিপূজক ও তাদের উপাস্যা দেবী শবরী দুর্গাদেবী মহা-মায়ের ও নানা ঘরা রক্তমাংসাদি উপচারে তারা পূজা করতো। 'দুর্গোৎসব-বিবেক'-গ্রন্থে আচার্য রঘুনাথ কালিকাপুরাণ থেকে শবরজাতির শবরোৎসবের যাথার্থ দিয়েছেন। 'অভি-ধানচিন্তামণি'-র পরিশিষ্টে পণ্ডিত আবিড়া দেবিকা দুর্গা তথা পূজা পর্যায়ভুক্ত।

দুর্গাকল্পলতা অন্তর্হিতাম্বিকা দিবা-করাঃ ১০৭ সর্গ আছে—রামায়ণ রামায়ণাধ্যায়ে "।

[১] দেখা যায়, কবি কৃত্তিবাস তাঁর রচিত বাংলা রামায়ণে রামচন্দ্র কর্তৃক অকাল-বোধনের উল্লেখ করেছেন।

কৃত্তিবাসী রামায়ণে আছে। "শিবারো বলেন...অকালে বোধন কৈলে, পূজ দেবী অম্বিকারী। রাবণে যে এতদিনে-পাবাণ।... পূজি দুর্গা মহাপাপী...বিহিত চণ্ডী পূজা আমা।" কিন্তু তাঁর রচিত লঙ্কার রামায়ণে (দেবকাণ্ড, ১০৫ সর্গ, পৃঃ ১১৮) আছে ব্রহ্মার সূর্যপূজার কথা। সূর্যবিজয়ের প্রীতিলাভ তাই রাম-চন্দ্র করে সূর্যপূজা করেন। পশ্চিমাঞ্চলে সম্প্রদায় দেবীপূজাপরায়ণ। পূজার বিসর্জন করার ভূমিকম্পের।

মেঘদূত দেবী দুর্গার 'কিরাতী' ও 'কিরাতিনী' নামের উল্লেখ করেছেন। বিভিন্ন সাহিত্যে, মহাকাব্যে ও এমন কি বাণিজ্যিক চমাসেও 'কিরাতিনী' নাম মহালক্ষ্মিদের শ্রীদুর্গার উপাসনা ব্যবহৃত হয়েছে। সুতরাং সম্পাদিত্রের অনার্যজাতির অনেক ধর্মানুষ্ঠান ও সংস্কৃতির সঙ্গে সুদূরা আর্যজাতির আচার-অনুষ্ঠান ও সংস্কৃতির মিল পাওয়া যায়। বিন্ধ্যাচলের অনার্য শবরজাতি যে শবরী-দুর্গার পূজা-অর্চনা করতো তাঁর প্রমাণ নাম ছিল 'পর্ণ-শবরী'। পর্ণ অর্থে পাতা (হলুদ-পত্র)। শবরজাতি দেবীর পরিধেয় বস্ত্র বা পত্রাচ্ছাদন তৈরী হতো হলুদপাতা দিয়ে। এই হলুদপাতা ও হলুদ যা হরিদ্রা আর্য-জাতিপূজিত শ্রীদুর্গাপূজার ব্যবহৃত সংস্কৃত হরিদ্রাপত্রের (হলুদপাতার) সেবা যায়, অর্থে-জাতি ও অনার্য-জাতির মধ্যে কেন একটা ঐক্য বা সাদৃশ্যের নির্দশন পাওয়া যায় এবং তারা পাশাপাশি বসবাসের ফলেই পরস্পরিক এক মৈত্রীভাব ও প্রভাব লক্ষ্য করা যায়। ভারতীয় সম্পাদিতের বেলায়ও তাই।

পুলিন্দ দেবি, শবরজাতির মতো বিন্ধ্যপর্বতবাসী হোল বা আতীর (আভীর, আহির বা গোপেরা)-জাতিও হালে কৃষ্ণসহযোগে দেবী দুর্গার পূজা-অর্চনা করতো। শোনা যায়, শবর, আভীর, পুলিন্দ প্রভৃতি অনার্য ও অনুন্নত জাতির দেবী-পূজায় নৃত্য-গীত-বাদ্যের ব্যবস্থা ছিল। ঐ ব্যবস্থা শুধু অনার্যদের মধ্যেই সীমিত ছিল না, সুসভ্য আর্যরাও তাদের বিভিন্ন সামাজিক ও ধর্মীয় অনুষ্ঠানে এবং বিশেষ করে দেবদেবীর পূজানুষ্ঠানে নৃত্য-গীত-বাদ্যের অনুশীলন করতো। মনে হয়, ঐ অনুষ্ঠানের ঐতিহ্যানুসারেই এখনো-পর্যন্ত ভারতের হিন্দু-জাতিতে প্রত্যেক ও ভেদবাদীন্ত করে রেখেছে।

বিশেষ করে খ্রীষ্টীয় ১৮শ-১৭শ শতাব্দের ভারতীয় হিন্দুসমাজে দুর্গা-পূজার সম্পাদিতের অন্তর্নিবেশ ঘটে এবং কালিকাপুরাণের দুর্গাপূজার অনুষ্ঠানে নবপত্রিকার স্নানাভিষেকে যে সকল রাগ ব্যবহৃত দেখা যায়, সেগুলির বেশীর ভাগই দেশজাত ও জাতিজাত। ভারতীয় সম্পাদিতের ইতিহাস আলোচনা করলে দেখি, খ্রীষ্টীয় শতকের আরম্ভকালে বহু অনার্য জাতির জাতীয় সম্পাদিতের সূত্র যে আর্যসম্পাদিতের ভাণ্ডারে প্রবেশ লাভ করেছিল খ্রীষ্টীয় ৫ম-৭ম শতকে রচিত সম্পাদিতশাস্ত্রী মতঙ্গ-রচিত 'বৃহদ্দেশী' (বৃহদ্-দেশী)-গ্রন্থই তার জাজ্বল্য প্রমাণ। অচার্য মতঙ্গ বৃহদ্দেশীতে আর্য ও অনার্য এই উভয় সম্পাদিতেই পরিচয় দিয়েছেন এবং বলেছেন, ভারতীয় সম্পাদিত-সমাজে তখন অনার্য শ্রুতিবন্ধের অনুষ্ঠান হয়েছিল (খ্রীষ্টীয় শতকের শতকেই)। তখন থেকেই সেই সংস্কার-কর্ম চলতে থাকে প্রায় খ্রীষ্টীয় ১৫শ-১৬শ শতক পর্যন্ত, কেননা সম্পাদিত-রত্নাকরোক্ত সম্পাদিত পুরুষশ্রুতিতেও তার নিদর্শন মেলে। বৃহদ্দেশীকার মতঙ্গ বলেছেন। "চতুঃস্বরা প্রকৃতি নামানী—শবর-পুলিন্দ-ভাষাযান-বন-কিরাত-বাহ্লীক-অন্ধ্র-দ্রাবিড়-কার্নাটিক্ প্রভৃতয়ঃ". অর্থাৎ চারস্বরযুক্ত সম্পাদি বা গান মার্গসঙ্গীতের অন্তর্গত ছিল না, আর ঐ চার স্বরযুক্ত গানের অনুশীলন ছিল একমাত্র শবর, পুলিন্দ, কাম্বোজ, বঙ্গ, কিরাত, বাহ্লীক, অন্ধ্র, দ্রাবিড় প্রভৃতি অনুন্নত অনার্যজাতির ভিতর। লক্ষ্য করার বিষয় যে, বঙ্গ বা বঙ্গ-বঙ্গ (আসাম, বিহার, বাঙ্গলাদেশ ও কলিঙ্গ বা উড়িষ্যা) তখন (খ্রীষ্টীয় ৫ম-৭ম শতকে) অনার্য দেশগুলোই গণ্য ছিল। যদিও এখনে তুলনার বিষয় নয়, তবুও উল্লেখযোগ্য যে, বৈদিক সামগান পাওয়া গেছে পাঁচটি স্বরে ও একমাত্র হৃদ ও সাত স্বরের ব্যবহার ছিল বেদের কৌথুমীয় শাখায় গানে।

ভারতের প্রাচীন ইতিহাসে বিভিন্ন সময়ের অনার্যজাতির বিবরণ আছে এবং প্রাচীন বাঙ্গলাদেশের শবর, পুলিন্দ, কোল, চিল, সাওতাল, চণ্ডাল প্রভৃতি অন্ত্যজজাতিরা ভারতের ঐ আদিমবাসীদেরই বংশধর। রমেশচন্দ্র দত্ত তাঁর *History of Ancient Bengal*, বিমলাচরণ লাহা *Some Ancient Indian Tribes*, নেলটের *The Wild Tribes in Ancient History* প্রাচীন ভারতের ও প্রাচীন বাঙ্গলার আদিম জাতিদের বিস্তৃত ঐতিহাসিক বিবরণ দিয়েছেন। ভারতের বাইরে পূর্ব ও দক্ষিণ-এশিয়ার দেশগুলিতে বিভিন্ন অনার্য ও অনুন্নত জাতির বসবাস কম ছিল না। একথাও সত্য যে, ঔন্নত ও সভ্য আর্যজাতির পাশা-পাশি বা কিছুটা পৃথকভাবে অনুন্নত অনার্যজাতিরা বাস করার জন্য তাদের ভাষা, সামাজিক আচার-ব্যবহার ও ধর্ম এবং অনেকাংশে শিল্প-সংস্কৃতিরও মিশ্রণ ঘটেছিল দেখতে পাওয়া যায়।

ঐতরেয় প্রভৃতি ব্রাহ্মণে আভীর, আন্ধ্রী, শবর, পুলিন্দ, কিরাত, চণ্ডাল প্রভৃতি জাতির সংস্কৃতি ও কৃষ্টিবিস্তারের কিছু কিছু বিবরণ দেওয়া আছে। প্রাচীন সম্পাদিতশাস্ত্রে শবরী (সাবরী, শ্রবরী), আন্ধ্রী, পুলিন্দী বা পুলিন্দিকা, আভীরী (আহিরী) প্রভৃতি সুর তথা গ্রামের উল্লেখ আছে দেখতে পাওয়া যায়। ভৈরব ও ভৈরবী বর্তমানে ভারতের আর্যসম্পাদিতের অন্তর্ভুক্ত রাগ ও রাগিণী, কিন্তু আসলে এরা জন্মলাভ করেছিল হিমালয়-অঞ্চলের আদিম 'ভীল্লবা'-জাতির জাতীয় সুর থেকে। টঙ্ক-রাগ বা রাগিণী এখন অভিজাত আর্যসম্পাদিতের অন্তর্ভুক্ত, কিন্তু আসলে সিন্ধুদেশের তাঁরে এই 'টঙ্ক'-নামধারী আদিম চৈত্রজাতির জাতীয় সুর থেকে টঙ্করাগ জন্মলাভ করেছিল। বোট্টরাগ এখন আর্যসমাজের রাগ এবং শাস্ত্রদের সঙ্গীতরত্নাকর রাগ নয়েছেন করেছেন, কিন্তু আসলে বোট্টরাগ পার্বত্য ভোটদেশের (তিব্বতের) জাতীয় সুর থেকে জন্মলাভ করেছে। অচার্য সারঙ্গদেবের (১১৭৫-১২৫০) 'সঙ্গীতরত্নাকর'-গ্রন্থে অনার্য ভীলবাল্লাতির জাতীয় গানের সুর থেকে ভৈরবরাগের সৃষ্টি-প্রসঙ্গে আভীর, শবর, চণ্ডালাদি অন্ত্যজ জাতির গানের সুর থেকে আভীরী বা আভীরী প্রভৃতি রাগের সৃষ্টির কথা বলেছেন। পরে ঐ সকল সৃষ্টী-কৃত রাগকে দেবদেবীদের পূজা-অর্চনায় উপযোগী ব্যবহার করা হয়েছে। যেমন, ভৈরবকে শিবমূর্তি-রূপে কল্পনা করে ধ্যান রচনা করা হয়েছে—'গন্ধারাখ্য পঞ্চমজাতিরাগক-শিবস্যেদং' প্রভৃতি; ভৈরবীকে শিব-পূজার রত পূজারিণী প্রভৃতি রূপে কল্পনা করা হয়েছে—'...বিকচকমল-পত্রিবর্তবতী মহেশায় প্রভৃতি,তেমনি টঙ্ক বা টঙ্করাগকে লক্ষ্মীপূজার অঙ্গরূপে গ্রহণ করা হয়েছে—'লক্ষ্মী-প্রীতিকরায়ম্' এবং পার্বত্য বোট্ট বা ভোট-রাগকে ভবানীপতি শিবের সঙ্গে সম্পর্কিত করা হয়েছে।

দেশজাত ও জাতিজাত রাগ যেমন, গান্ধার (বর্তমান কান্দাহার) থেকে জাত বা গৃহীত গান্ধার বা গান্ধারী-রাগ, কলিঙ্গদেশ থেকে কলিঙ্গড়া বা চলিত কথায় কলেড়া, পূর্বদেশ থেকে পূর্বগী ও দক্ষিণ-পূর্বগী প্রভৃতি রাগের উৎপত্তি, বঙ্গদেশ থেকে বাঙ্গালী বা বঙ্গালরাগ, গৌড়দেশ থেকে গৌড়ী, মহারাষ্ট্র থেকে মহারাষ্ট্রী, দক্ষিণদেশ থেকে দাক্ষি-ণাত্য, দ্রাবিড়দেশ বা দ্রাবিড়জাতি থেকে দ্রাবিড়ী, সিন্ধুদেশ থেকে সৈন্ধবী, সিন্ধু ও সিন্ধুড়া, বালদেশ থেকে বালশ্রী বা বালশ্রী রাগ প্রভৃতির নাম উল্লেখযোগ্য। তাছাড়া বিদেশের ও বিদেশী জাতিদের গানের সুর-গুলিকেও ঔদারদৃষ্টিসম্পন্ন ভারতীয় সমাজ পরিত্যক্ত করে নিজের ভাণ্ডারে গ্রহণ করেছিল। যেমন শক অর্থাৎ সিথীয়ানজাতি থেকে শক-রাগ, শতভিষকরাগ, তুরুষ্ক থেকে তোড়ী বা তুরুষ্কতোড়ী, আরবদেশ থেকে হর্ষদেশক্রম, পারস্য থেকে পার্সীক প্রভৃতি রাগ ভারতীয় সঙ্গীত-সমাজে প্রবেশ লাভ করে-ছিল। তুরুষ্ক-পরমেশ্বরাত সুর তোড়ীর সঙ্গে মিশ্রিত হয়ে তুরুষ্ক-তোড়ী নামে পরিচিত হয় ও পণ্ডিত সোমনাথ ১৭শ খ্রীষ্টাব্দে তার লক্ষণ রচনা করেছেন। "আরবনীতিনি-বোদা..." প্রভৃতি। মতঙ্গ বৃহদ্দেশী-গ্রন্থে সকল প্রকারের সৃষ্টিকৃত রাগ-রাগিণী-সম্বন্ধে বলেছেন, অধিকাংশ অনার্যজাতির সুরই গান্ধার জাতি-রাগ থেকে সৃষ্ট গ্রামরাগাদি থেকে জন্মলাভ করেছিল। যেমন তিনি বলেছেন,

বিন্ধ্যো গান্ধিনাত্যো দু
গান্ধারী তদন্তরম্।
খ্রীকণ্ঠীয়ে সৌরাষ্ট্রী
মালবশ্রী সৈন্ধবী তথা।
কালিন্দী চ পুলিন্দী চ
বিন্ধ্যবঙ্গোদ্ভবা নবা।

বিন্ধ্যবঙ্গোদ্ভাসকাল থেকে ঐ সকল দেশজ ও জাতিজ রাগরাগিণীর সৃষ্টি বা বিকাশ। আসল কথা এই যে, বিন্ধ্য-বঙ্গ-গ্রামরাগের সম্পর্কলোকে ঐ সকল অনার্যজাতির ও দেশজ রাগ-গুলিকে শুদ্ধ করে ভারতীয় সঙ্গীত সমাজে গ্রহণ করা হয়েছিল ও তাতে ভারতীয় সঙ্গীত-ভাণ্ডার সমৃদ্ধ হয়েছিল। এই সকল বিশুদ্ধীকৃত রাগগুলির কোনটি অভিজেকালবোধে, কতকগুলি দৃষ্টি ও নদী-উপাসনে, কতকগুলি বিভিন্ন মাঙ্গলিক অনুষ্ঠানে, কতকগুলি মারণ-উচাটনাদি আভিচারিক কর্মে বা অনুষ্ঠানেও ব্যবহার করা হোতে। প্রাচীন সঙ্গীত-শাস্ত্রী যাষ্টিক, কোহল, নারদ, ভরিল, ভরত, মতঙ্গ, পার্শ্বদেব প্রভৃতি দেশজ ও জাতিজ রাগরাগিণীর স্বরূপগঠন প্রয়োগপদ্ধতি ও প্রকাশ-শৈলীর কথা উল্লেখ করেছেন। খ্রীষ্টীয় ১৭শ শতকে ভারতীয় সঙ্গীতের ক্ষেত্রে আর একটি নবজাগরণযুগের নিদর্শন পাওয়া যায়, কেননা তখন কেবলই ক্লিয়ালিষ্টিক স্বরগঠনের নয়, কিন্তু ভাইব্রিয়ালিষ্টিক দৃষ্টিতে রস ও ভাবের প্রয়োগে ও সঙ্গতগুণ রাগ-রাগিণীদের ভাবরস ও স্বরূপ ফুটাই গঠন করা হয়েছিল।[১] পণ্ডিত সোমনাথ সেই জাগরণযুগের পুরো-হিত ছিলেন।

রামায়ণের সংকলন-কাল মোটামুটি খ্রীষ্টপূর্ব ৪০০; সুতরাং সেই সুদূর অতীতকালেও জাতিজাত (রাগিণী, ভাষাতী, গান্ধারী প্রভৃতি) ও জাতিজাতের প্রচলন ছিল।

পণ্ডিত সোমনাথ (১৬৩১ খ্রীঃ) 'রাগবিবোধ'-গ্রন্থে অধিকাংশ ভার-তীয় রাগগুলিকে নামবর ও দেবতার সম্বন্ধে ভাগ করেছেন। তিনি বলে-ছেন,

শুদ্ধরাগাঃ শিবকরঃ পুণ্যা
রাগাস্তু বৈষ্ণবাঃ স্মৃতা।
নারায়ণ চ দেবস্তু
তস্য ভক্তোঽনেকস্তেষু পুনঃ।

গ্রামে শুদ্ধ নয়, সকল শব্দেই স্বর ও ব্যঞ্জন দুটি ধর্মের সমাবেশ থাকে। তার মধ্যে স্বরধর্মকে অনুরো-ঞ্জনাত্মক বলে ও ব্যঞ্জনধর্ম স্বরের সহায়ক। সেজন্য ভারতীয়রা উভয় ধর্মকে পার্বতী-পরমেশ্বরের রূপে

[১] জন্মাদন সাতটি জাতিরাগের রস, ভাব, ভাবরোস প্রভৃতির পরিচয় পাই।

# বেতারে এই পক্ষ

## অনুষ্ঠান পরিচয়

১—১৫ অক্টোবর, ১৯৭৫

### ॥ নাটক ॥

এ পক্ষের প্রথম নিবেদনেই বিজয়ন্তী উৎসব-এ মেতে উঠবে বাংলার অগণিত শ্রোতা। রচনা—সুবোধকুমার চক্রবর্তী, পরিবেশনা—কুশীলব শিল্পী ও সঙ্গীতানুষ্ঠান। প্রযোজনায় রয়েছেন সুপরিচিত নাট্যকার দেবকীকুমার বসু। বিষয় আছে, এটি শোনা যাবে ৫ অক্টোবর, রাত ৮টায়। পরের দিন বিকেল ৪টায় মাঝারি তরঙ্গদৈর্ঘ্যের অনুষ্ঠানের প্রয়োজনায় রয়েছেন সুপরিচিত নাট্যকার বেলারানী। অনুষ্ঠানে অংশগ্রহণ করছেন বিশিষ্ট নাট্যশিল্পী অহীন্দ্র চৌধুরী, ছবি বিশ্বাস, সুপ্রভা মুখোপাধ্যায়, অনুভা গুপ্তা, অজিত চট্টোপাধ্যায়, শ্যাম লাহা, শৈলেন চৌধুরী, সুবোধ গাঙ্গুলী, সুনীল দত্ত, সুব্রত মুখোপাধ্যায়, সুধীর মুখোপাধ্যায়, সুধীর সরকার, সুধীর দত্ত, সুধীর ভট্টাচার্য, সুধীর বসু, সুধীর চক্রবর্তী

পণ্ডিত মহোদয় ঘটেশ্বরীদেবীর ধ্যান-মন্ত্র দিয়েছেন এইভাবে—

অক্ষরস্রক্‌সুশ্বিভ্রতেক্ষু, পদ্ম
শুক্লদ্যুতিং কুণ্ডলিনী প্রমত্তা।
সঙ্কেতপদ্মাং বিশদি প্রবেধে
ঘণ্টেশ্বরী ঘাতকিকেক্ষমুক্তা॥

নিম্নে উদ্ধৃতপাঠান্তরটিদেখা—

(২) কালিকাদেবীর ধ্যান—

কৃষ্টিলো কালিকে কালিকো
বিকটোহয়ং বিনীতোহয় কৌন্।
দর্শাহি বক্ত্রং চাঙ্গু পঙ্গু ছিন্নম্।
এতদেব নাকৃত পঠ ও নাকিকা বাঁওটা।

(৩) বিরাজ ধ্যান—

বিরাজ-রূপ বা রাজিনীর ধ্যানের উল্লেখ পণ্ডিত মহোদয় করেন নি, সূত্রাং 'মালিনীবা'-শব্দ থেকে এর ধ্যানমন্ত্র দেওয়া হোল—

শুভ্রাম্বরো গৌরবর্ণা সুকোন্তি
বীরেন্দ্রসংকুলমহেন্দ্রা।
অন্তরালের বৃহদ্ভৈপক্ষীমঙ্গে
বিরাজমান শব্দ চারুমূর্তিং॥

(৪) ভৈরবরূপের ধ্যান—

অরুণিমুখলাবতী পঞ্চবহারী
ত্রিনেত্রা রক্তবস্ত্রান্বিতা।
ধূম্রলিঙ্গাক্ষোহিতেষ্টাহিভিন-
বিকটো ভৈরবঃ সর্বদা॥

ভৈরবরূপের পরে 'প্রাণিরূপ' বলা হয়েছে বলেছেরে ভুল। ভৈরব শিব-রূপে কল্পিত, সূত্রাং দুর্গাপূজায় এর ব্যবহার অপরিহার্য। খ্রীষ্টীয় ১৮শ শতকে পণ্ডিত মহোদয় ভৈরব-রূপকে বলেছেন 'শুভ্রাম্বরো জরাঠি রৈব ভাবিবাধা'। ভৈরবের বিভিন্ন রূপের উল্লেখ আছে, যেমন শুদ্ধ-ভৈরব, সিদ্ধেশ-ভৈরব, নটভৈরব, আনন্দভৈরব, আহ্লাদভৈরব (বা আহ্লাদ-ভৈরব), ক্রোধভৈরব, বাঙ্গাল-ভৈরব, ক্ষেত্রভৈরব, টঙ্কভৈরব, প্রজাপতিভৈরব প্রভৃতি। দুর্গাপূজায় শুদ্ধভৈরবের ব্যবহার হয়।

(৫) ক্ষেমরূপের ধ্যান—

জটিলোয়ং দ্বিযোনিস্থঃ
সর্বাভরণভূষিতঃ।
গদাখড়্গধরঃ শ্রীমান্ ক্ষেমরূপঃ শিবঃ
স্মৃতঃ॥

ক্ষেমরূপ তন্ত্রশাস্ত্রী, ধ্যানমন্ত্র, আনন্দ-সন্তানানন্দ, সূত্রাং দেবীপূজায় এর ব্যবহার স্বাভাবিক।

(৬) ঘণ্টাকর্ণ বা ঘণ্টাকীর ধ্যান—

ভদ্রকর্ণী কর্ণে সকলমন্ত্র অধোরন্তী
পরিহর ভুল দোরী।
নীলাশ্বরা ঘণ্টাকর্ণী সুরেন্দ্র-
কুলমেঙ্গলকারিকা॥

পঞ্চমোক্তমন্ত্রে ও নীলাম্বরী এই ধ্যানী।

(৭) বসন্তরোগের ধ্যান—

কেলকিকিলকে এর তর্পণিতপ্রাণকৃত
শিবরূপ বহুধে।
অন্নপ্রকাশে কলকত্তা গৌরমন্ত্রেয়
ভগলাভক্ত॥

বসন্তের রূপও অনেক রকম। উত্তর ও পশ্চিম ভারতে যে সকল বসন্তরোগ বা রাজিনীর প্রকোপ আছে তা লোকের ধ্যান ও রূপ-এর ১ম ভাগ প্রকটিত। দুর্গাপূজায় পুষ্পবসন্তেরই প্রবেশ।

(৮) ঘণ্টাকী বা ঘণ্টেশ্বরীর ধ্যান—

দুর্গাভক্তিতন্ত্রা বিহ্বলহরা লিপ্তকী
পটে পরিহর মুক্তা।
স্পর্শিতকুক্ষা সিতপদ্মা শিবর্ধাস্থিরা
ঘণ্টাকী॥

ছবিতেকী, ধ্যানোচিতেকপাদা ঘণ্টা-কীর নামিকা ভোবিতপতিকা। ছন্দ-মতে ঘণ্টাকী শ্রীরামের রাজিনী। ঘণ্টাকীর আর একটি নাম 'ঘণ্টাকী'—মহাবিদ্যাদেবী শাকম্ভরীদেবী শ্রীদুর্গার রূপের সম্পর্কিত। খ্রীষ্টীয় ১৮শ শতকে রামমোহন সেন ঘণ্টাকীকে 'নবীন যোগিনী' বলে ধ্যানমন্ত্রে উল্লেখ করেছেন। এই রূপ বা রাজিনী সাধকের মনে দুটি ভাবের সঞ্চার করেঃ (১) নির্বেদের বা বৈরাগ্যের ভাব ও (২) মিলন ও বিচ্ছেদের ভাব। দেবীর আগমনে মিলন ও আনন্দ এবং দশমীতে বিজয়াদশমীর বিচ্ছেদের বিরহ-বেদনা ভারতের ও বিশেষ করে বাঙ্গালাদেশের মানুষ-মাত্রই অনুভব করে।

অষ্টাটি রূপের প্রয়োগ সম্বন্ধে বিশেষ-ভাবে কালিকাপুরাণের দুর্গাপূজা-পদ্ধতিতে লেখা হোয়েছে। তাছাড়া রামপদ্ধতি পাওয়া যায় মুখ্যতঃ দুর্গাপ্রতিমা ও তাঁরই প্রতীক নব-পত্রিকাকে লক্ষ্য করে। দশভুজা মুখ্যতঃ প্রতিমার প্রবর্তন করেন সম্রাট আকবরের রাজত্বকালে ১৫৮৩ খ্রীষ্টাব্দে মনুসংহিতার টীকাকার কুলুকভট্টের পুত্র রাজা কংসনারায়ণ। সম্রাট আকবরের রাজত্বকালকে এক নবসৃষ্টির যুগ বলেন ঐতিহাসিকরা, তাঁরই সময়ে বিশেষ করে বৃন্দাবন ও মথুরা-অঞ্চলে স্বামী কৃষ্ণ-দাস (চৈতন্যচরিতামৃতকার কবিরাজ কৃষ্ণদাস নন), স্বামী হরিদাস ও অন্যান্য বিশিষ্ট বৈষ্ণব-সাধকরা 'ধ্রুবপদ' গীতরীতিতে গানরসী ছিলেন। মিঞা তানসেনের অভ্যুদয় সেই সময়ে। ঠিক ঐ সময়েই মোগল মনসবদার আবদুল রহিম খানখানা কবিত্বশক্তির কবি নামে প্রতিষ্ঠা লাভ করেন। সাধক গোস্বামী তুলসী-দাস প্রায় ঐ সময়েই 'রামচরিতমানস' রচনা করেন। মনে হয়, আবদুল রহিম খানখানা তাঁর একান্ত বন্ধু তুলসীদাসকে 'রামচরিতমানস'-রচনায় কিছু কিছু সাহায্য করেছিলেন।* রামায়ণ, সুন্দরকাণ্ড প্রভৃতি সাধকেরা সন্ধীত-জগতে ঐ সময়ে অমরত্ব-প্রদানের কথা প্রবাহিত করেছিলেন। প্রাচ্যের প্রত্নতাত্ত্বিক প্রাচীন সাহিত্য তাঁর মথুরা-পুরাতত্ত্ব-বিষয়ক *Archaeology of Mathura* গ্রন্থেলিখিত কবি ও পাঠানকলিজের জীবনের ও শিল্পসাধনার অনেক পরিচয় দিয়েছেন। খ্রীষ্টীয় ১৫শ-১৭শ শতকে রচিত বাঙ্গলার মঙ্গলকাব্যগুলি দেবী-মাহাত্ম্যের মহিমা-বর্ণনায় মুখরিত। বিশেষ করে স্মার্ত রঘুনন্দন শ্রদ্ধিতত্ত্ব-তত্ত্বে ও তাঁর বিখ্যাত দুর্গা-চন্দ্রিকাবলিনী-গ্রন্থে মুখ্যতঃ দশভুজা দেবীর উল্লেখ করেছেন। তবে দুর্গাপূজাকে চিরন্তনী-প্রতিমায় রূপায়িত করার বিশেষ কৃতিত্ব সম্ভবতঃ কবি নীলকণ্ঠ ও শ্রীশ্রীচণ্ডীর 'সুরথতাঁ' টীকা-চরিতা ভাস্করনারায়ণ*। ঐতি-হাসিক রমেশচন্দ্র দত্ত ও স্বর্গত প্রত্নতত্ত্ববিদ্ রাখালদাস বন্দ্যো-পাধ্যায় ভাস্করের বিচিত্র স্থানে ও বিশেষ করে প্রাচীন বাঙ্গলার ভাস্কর-ধারা ও উপাদিষ্ঠা বিচিত্র হস্তবিলিষ্টা দুর্গামূর্তির পরিচয় দিয়েছেন।

কালিকাপুরাণে দেখা যায়, দেবীকে সম্প্রদায়ের জলে স্নান করানোর পর মন্ত্রপূত আরও চারটি ঘটের জলে স্নান করানোর। নবপত্রিকা বা কলাবউকে গণপার স্নান করানোর পর পুজামণ্ডপে প্রবেশ ও প্রতিষ্ঠা করা হয়। কালিকাপুরাণের কোন কোন সংস্করণে আছে : 'মহাস্নানের অষ্টাটি জলটৈ আনবে'। স্বর্গত সুরেন্দ্রমোহন ভট্টাচার্য-সম্পাদিত 'পুরোহিতদর্পণ'-গ্রন্থে (১৩০৫, পৃ ৮০৩) আছে : 'পরে (চারটি ঘটের জলে স্নান করানোর পর) নবপত্রিকাদি-সহকারে দুর্গাদেবীকে (অর্থাৎ দেবীর প্রতীক-প্রতীক নব-পত্রিকাকে) পুজামণ্ডপে আনয়ন করিয়া প্রকৃত পূজার পূর্বে অষ্ট-কলসের মন্ত্রপূত জলের দ্বারা স্নান করাইবে।' বিধির পার্থক্য যেমনই হোক না কেন, নবপত্রিকাকে আটটি কলসের পবিত্র বারিতে স্নান করানো হয় মন্ত্রোচ্চারণ আটটি ঘটে ও বিভিন্ন মন্ত্রোচ্চারণে। যেমন,

(১) 'মালবরাজ বিজয়াবাসায় কৃষ্ণা গঙ্গাজলপূরিত ঘটেন স্নাপয়ে।' গঙ্গাজল দ্বারা স্নান করানোর মন্ত্র—

ওঁ সুরেন্দ্রমাতিরিক্তস্তু ইন্দ্র-বিষ্ণু-মহেশ্বরাঃ।
যোগ-সঙ্গমসম্ভূতস্তেন আপোদন-
কলসেন তু॥

মন্ত্রের স্বরূপ—ক (অথর্ব) ও ঋ (অথাম), সম্পূর্ণজাতি॥ সা গা/ঝা গা/। পা/পা/গা/ঝা গা/ঝা সা/—প্রভৃতি।

(২) 'কালিতরাজ দুন্দুভিবাসায় কৃষ্ণা বৃষ্টিজলপূরিত-ঘটেন স্নাপয়ে।' বৃষ্টিজল দ্বারা স্নান করানোর মন্ত্র—

ওঁ মহতস্তাতিরিক্তস্তু ভবিষ্যন্তঃ
সুরেশ্বরাঃ।
মেঘাম্বুপরিপূর্ণেন ঘিতরীয়-
কলসেন তু॥

ঋষিছন্দের স্বরূপ—ক ঋ ঋ ঋ (উত্তর অথাম) ও সম্পূর্ণ জাতি॥ ঋা ঋা/ঋা ঋা/ঋ মা/ঋা ঋা/সা মা/ঋা সা/—প্রভৃতি।

(৩) 'বিজয়রাজা দুন্দুভিবাসায় কৃষ্ণা সরস্বতী-জলপূরিত ঘটেন স্নাপয়ে।' মন্ত্র—

ওঁ সরস্বতেন তোয়েন সম্পূর্ণেন
সুরোত্তমে।
বিজয়েরাজাভিষিক্তস্তু তৃতীয়-
কলসেন তু॥

বিজয়ের স্বরূপ—ঋ-বর্জিত, মাত্রাজাতি॥

সা ঋা/ঋা পা/-। গা/গা প/ঋা পা পা রা/—প্রভৃতি।

(৪) 'ঈশ্বরোরাজ ভীমবাসায় কৃষ্ণা সাগরোদকেন স্নাপয়ে।' মন্ত্র—

ওঁ শঙ্খাদ্যাভিরিক্তস্তু
লোকপাল্য সমাবৃতঃ।
সাগরোদকপূর্ণেন চতুর্থ-
কলসেন তু॥

ঈশ্বরের স্বরূপ—ঋ ঋ ঋ (কোমল) -কাকলি, সম্পূর্ণ জাতি॥ ঋা ঋা/ঋা পা/সা সা/সা সা/ঋা সা/ঋা সা/—প্রভৃতি

(৫) 'কেশবরাজায় ইন্দ্রাজিবেকবাসায় বাসায় কৃষ্ণা স্নাপয়ে।' মন্ত্র—

ওঁ যাজিনা পরিপূর্ণেন পঞ্চমেন্দু-
সুধোদিনা।
পঞ্চমেনাভিষিক্তস্তু নামান্ত
কলসেন তু॥

স্বরূপ—ম ঋ (উত্তর মধ্যম), সম্পূর্ণ জাতি॥

সা মা/পা ঋা/পা পা/পঋা
মা/পমা পা/ঋমা/প্রভৃতি।

(৬) 'ঘণ্টাকী (বা ঘণ্টাকী) রাজায় পঞ্চরত্নবাসায় কৃষ্ণা নির্ঝরোদকপূরিত-ঘটেন স্নাপয়ে।' মন্ত্র—

ওঁ হিরণ্যেন মুকুটাদ্যাভিরিক্তস্তু
পর্বতঃ।
নির্ঝরোদকপূর্ণেন ষষ্ঠেন
কলসেন তু॥

ঘৈরাটীর স্বরূপ—ঋ ঋ ঋ কোমল—ঋ ঋ ঋ, সম্পূর্ণজাতি॥ পঋা মা/ঋা সা/সা সা/সা সা/-। পমা/ঋা সা/ঋা সা/-প্রভৃতি।

(৭) 'বসন্তরাজায় পঞ্চরত্নবাসায় কৃষ্ণা স্নাপয়ে।' মন্ত্র—

ওঁ সর্বতীর্থাম্বুপূর্ণেন কলসেন
সুরেশ্বরীম্।
সপ্তমেনাভিষিক্তস্তু ঋষয়
সপ্তষষ্ঠকাঃ॥

বসন্তের স্বরূপ—উত্তর মধ্যম ও অথর কোমল—ঋ ঋ ঋ, পঞ্চম-বর্জিত, ষাড়বজাতি (বসন্ত বিচিত্র স্বরূপের বাকলেও এখানে ষাড়বজাতির বসন্তেরই প্রয়োগ করা হয়েছে)॥ সা মা/ঋা মা/ঋা গা/ঋামা নামা/ঋা মা/—প্রভৃতি।

(৮) 'ঘণ্টাকীরাজায় বিজয়াবাসায় কৃষ্ণা দুগ্ধজলপূরিত-ঘটেন স্নাপয়ে।' মন্ত্র—

ওঁ ঘৃতকুম্ভাভিষিক্তস্তু
কলসেনাষ্টমেন তু।
অষ্টকন্যাসমাযুক্তো দুগ্ধেনেবী
মহেশ্বরঃ॥

ঘণ্টাকীরাজের স্বরূপ—ঋষভ ও ধৈবত কোমল—ঋষভ, ঔড়বজাতি॥

গা ঋ/পা না/সা সা/সা/

সা না/র্কা সা/—প্রভৃতি।* বাদ্যশ্রী তথা বাদেশ্রী বা বসন্ত-রাগের প্রচলন একসময়ে বাঙলাদেশের সর্বত্র ছিল। তিরহুতে বাদ্যশ্রীর নাম তিরোতীয়া-বাদ্যশ্রী।

পাঁচটি স্বাদমন্ত্রে ব্যবহৃত পাঁচটি বাদ্য। (১) ঝিল্লরযাদ্য—ধাতুর কাংস্য ও শিঞ্জনিনির্মিত বাদ্যযন্ত্রের সাহায্যে সৃষ্টি।

(২) দুন্দুভিবাদ্য। বৈদিক সমাজে ভূমিদুন্দুভি, দুন্দুভি, পণব নামের প্রচলন ছিল। মাটিতে গর্ত করে পশুর চর্ম দিয়ে আচ্ছাদন করে ভূমি-দুন্দুভি তৈরী করা হোত। কাষ্ঠের যষ্টিকে কাঁপা করে একদিকে চামড়া ও একদিক বন্ধ করে দুন্দুভি তৈরী করা হোত।

(৩) তাঁতবাদ্য বলতে তৈরী বা চামড়ার ঢাক থেকে উৎপন্ন গভীর-শব্দ।

(৪) ইন্দ্রাভিঘেকবাদ্য — বাঁশীর সাহায্যে উৎপন্ন শব্দ।

(৫) শব্দবাদ্য—বিভিন্ন শব্দের শব্দ।

(৬) 'পঞ্চমবাদ্য' বলতে পাঁচটি বাদ্যের সম্মিলিত শব্দ। (১) ধাতুজ-শব্দ, (২) মানুষের কণ্ঠশব্দ, (৩) চর্ম-নির্মিত ঢক্কের শব্দ, (৪) বাঁশীর শব্দ, (৫) বাঁশী বা সানাইয়ের শব্দ। গ্রন্থের অর্ধেন্দুকুমার গঙ্গোপাধ্যায় মহাশয় 'সঙ্গীতবিজ্ঞান-প্রবেশিকা' (১১শ বর্ষ, আশ্বিন, ১৩৪১, ৬ষ্ঠ সংখ্যা, ৩২০ পৃষ্ঠা) পত্রিকায় লিখে-ছেন: "প্রবন্ধচিন্তামণি প্রভৃতি প্রাচীন সাহিত্যে 'পঞ্চমহাশব্দ'-এর উল্লেখ পাওয়া যায়। একমাত্র সপ্তাই যাতীত অন্য কোনও রাজা পঞ্চমহাশব্দের প্রয়োগের অধিকারী নহে।"

(২)

এবার দুর্গা রাগটি (রাগটি আধু-নিক, সম্ভবত খ্রীষ্টীয় ১৮ শতকের শেষভাগে অথবা ১৯শ শতকের মাঝা-মাঝি সময়ে রচিত) দুর্গাস্তোত্রের সঙ্গে সম্পর্কিত না থাকলেও এর স্বরলিপি-সহ একটি গান এ'প্রসঙ্গে উল্লেখ করি। দেখা যায়, আজ থেকে প্রায় ১৫৭ বছর পূর্বে ১২২৫ সনে স্বনামধন্য রামমোহন সেন 'সঙ্গীত-তরঙ্গ'-গ্রন্থে (১৬১ পৃষ্ঠায়) বাদশ্রী, জয়জয়ন্তী-দুর্গা — দুটোরই আলা-পানাদির উল্লেখ করেছেন। পুনরায় ঐ গ্রন্থের ১৭৪ পৃষ্ঠায় দুর্গারাগ (বা রাগিণী) কোন্ কোন্ রাগের মিশ্রণে সৃষ্টি হয়েছে সেই প্রসঙ্গের উল্লেখ করতে গিয়ে লিখেছেন: "পরমেশতে দৌরী বাদশ্রী, ললিতাবতী (লীলাবতী?) এই চারি রাগে দুর্গা-রাগিণী মুদ্রিত"। কিন্তু আশ্চর্যের বিষয়, গ্রন্থের রামমোহন সেন পৃথক-ভাবে দুর্গা রাগিণীর কোন পরিচয় দেননি। তাই মনে হয়, ১৯শ শতকের সময়েও দুর্গা রাগ বা দুর্গা রাগিণী ভারতের ও বাঙলার সঙ্গীতসমাজে তেমন মর্যাদার আসন লাভ করেনি। আরও দেখা যায়, কাপ্তেন এন. এ. উইলার্ড তাঁর *Treatise on the Music of Hindoostan* গ্রন্থটি ১৮০৪ খ্রীষ্টাব্দে ব্যাপ্টিস্ট-মিশন প্রেসে মুদ্রিত করে প্রকাশ করেন কলকাতা থেকে। গ্রন্থটি তিনি উৎসর্গ করেন লেডি মর্নিংটন, সি. বেণ্টিঙ্কের উদ্দেশ্যে। ঐ ইংরাজী গ্রন্থের ৫৮-৬২ পৃষ্ঠায় মিশ্র-রাগ-গুলির বেবনে পঞ্জিকা (তালিকা) তিনি দিয়েছেন (পৃঃ ৫১) সেখানে দুর্গারাগের নামোল্লেখ করে ঠিক 'সঙ্গীততরঙ্গ'-কার রামমোহন সেনের মতোই বলেছেন।

"Doorga. . . Maksree, Leela-vatee, Gouree and Sarang". কিন্তু সে যাই হোক, অদ্যাবধি কোন সঙ্গীতগ্রন্থেই (সংস্কৃত ও বাংলা) দুর্গারাগের স্বরূপ, তান ও গানের উল্লেখ পাওয়া যায় না—একমাত্র ২০শ শতকের সঙ্গীতগ্রন্থ ছাড়া।

দুর্গারাগ বা রাগিণীর পঞ্জিকা দিতে গিয়ে ১৯১৪ খ্রীষ্টাব্দে প্রকাশিত 'খ্রীমদ্ভাগবতসঙ্গীতম্'-গ্রন্থে চতুরাবাদ্যভট্ট বিষ্ণুনারায়ণ ভাত-খণ্ডেজী বলেছেন,

(১) অরোহে চারোহেহীন রি-প-হীনৈব লক্ষিতা।
গান্ধারোগ্রহ যতো বাদী
সাহচর্যে নিষাদকঃ।
গানং সন্ধীরিতং তজ্ঞৈঃ-
র্ষিতীক্ষ্ণপ্রহরে নিশি॥
সংগতি ধ-ম-রোদ্রাঙ্গা
বাদ্যশ্চিন্তবিলাসিনী।
গান্ধারঃ কোমলস্তত্র চ
চাষ্টশ্রুত্যন্তি তীব্রকঃ॥

এটি খাম্বাজ ঠাটের দুর্গা। বাদী-খাম্বাজ ও সংবাদী-নিষাদ, ধ-ন-সং-গতি। বাদ্যশ্চিন্তার জন্য, গান্ধার কোমল(ঋ) এবং বাকী স্বর তীব্র।

(২) বিলাবল ঠাটে দুর্গা রাগ ঔড়ব বা পাঁচস্বরত্ব ও সকল (পাঁচ)স্বরই শুদ্ধ। বাদী-ধৈবত, সংবাদী-গান্ধার, গান্ধার ও নিষাদ বর্জিত। অরোহণ —সা রা মা পা ধা/র্সা ও অবরোহণ— র্সা ধা পা মা রা/সা॥ বিলাবল ঠাটের দুর্গাকে দক্ষিণ-ভারতীয় সঙ্গীত-পদ্ধতিতে 'কীরবাণীরঞ্জনী' বলে। তবে দক্ষিণ-ভারতে 'শুদ্ধ সাবেরী' নামে একটি রাগেরও প্রচলন আছে—যার স্বর রূপ উত্তর-ভারতীয় পদ্ধতির দুর্গা রাগের (ঔড়বজাতির) মতো। তা ছাড়া দুর্গা ও কল্যাণের মিশ্রণে 'দুর্গা-কল্যাণ' নামে একটি আধুনিক রাগেরও প্রচলন আছে—যার রূপ— সা রা মা ধা পা ধা না—র্সা না ধা পা ধা মা গা, মা (শুদ্ধ) গা ধা সা। এর বাদী—ধৈবত ও সংবাদী—গান্ধার।

এখানে প্রচলিত বিলাবল ঠাটের দুর্গা রাগিণীতে রচিত দুটি গান, গান ও স্বরলিপি রচনা করে দেওয়া হোল॥

॥ দুর্গা রাগিণীর গান ॥

স্থায়ী—

(১) দেবীধ্যানেরতা শান্ত-মূর্তিত-
দুর্গিনী
চন্দনলাঞ্ছিতা কাঞ্চন-
চারুদেহা,
রক্তচকোরচিত্তা
হ্রাদিপদ্মোদ্ভব দুর্গা।

(২) চন্দনবরণী দুর্গা দেবীধ্যানে রত,
বেদনায় স্বর্গোদ্ভবে
ধারণপুলোকিত,
মহাদা-বদন, শান্তরসে
চিত্ত ভরা,
আশ্বিতে সবাই করে কল্যাণ
ধারা।

দুর্গা রাগিণীর গানদুটি বেবী দুর্গার সঙ্গে সম্পর্কিত করে রচনা করা হয়েছে।

দুর্গারাগের আরোহণ ও অবরোহণ সা রা মা পা ধা র্সা—র্সা ধা পা মা রা সা।

*রাগ ও রাগিণী দুটোর এক ও অভিন্ন, তবে নায়ক-নায়িকা-ভেদের পরিপ্রেক্ষিতে রাগকে পুরুষ ও রাগিণীকে স্ত্রী-রূপে গ্রহণ করা হয়। তাছাড়া অন্যান্য প্রচলিত বর্গীকরণ দ্বারাও পুরুষ ও স্ত্রী-রাগরাগিণীকে নির্দিষ্ট করা সম্ভব।

*লেখকের 'শ্রীদুর্গা'-গ্রন্থের পরিশিষ্টে রাগরাগিণীর সম্পর্কে স্বরলিপি দেওয়া আছে।



শিল্পী তানসেন

গান

কথা ও স্বরলিপি—স্বামী প্রজ্ঞানানন্দ

দুর্গে দুঃখহারিণী।
শুম্ভ-নিশুম্ভঘাতিনী
বিশ্বভয়হারিণী।
কিঙ্করনী শরণে
তুমি তারা ত্বরা।
সন্তাপহরণী ভবানী
জগজ্জনপ্রতিপালিনী॥
শূল-খড়্গধারিণী,
দৈত্যদর্পহারিণী
সর্বব্যাপিনী চণ্ডীকে,
মহামায়া মোহনাশিনী॥

পশ্চিম বাংলার উদীয়মানা লীলাকীর্তন গায়িকা কীর্তন রত্নাকর শ্রীরতন ঘোষের শিষ্যা শ্রীমতী সুবর্ণ সরকার। ধ্বান-বাসর ও যে কোন অনুষ্ঠানে সহশিল্পিবৃন্দ সহ কীর্তন পরিবেশন করেন।

৪৭ আমহার্স্ট ষ্ট্রীট, ব্লক-সি ফ্ল্যাট-২২, কলি-৯
ফোন: ৫৪-৭৯৩২

দুর্গা—সুরফাক্‌তাল বা সুলতাল

স্থায়ী—

II (২ সা পা | ৩ পা -া | ০ ধা না I + পা ধা | ০ ধা -া | ২ মা. -া | ৩ -রা সা | ০ -া -া I
দু ০ | র্গে ০ | দু র্গ | হা রি | নী ০ | ০ ০ | ০ ০ | ০ ০ I

I + সপা -া | ০ রা সা | ২ ধা মা | ৩ পা ধা | ০ ধা -া I + মা মা | ০ রা সা | ২ সা রসা |
দু০ ০ | র্গে ০ | দু র্গ | হা রি | নী ০ I ত ম্ | ত নি | ত ০ঋ |

| ৩ ঋধা ধা্ | ০ -া সা I + সা রা | ০ মা পা | ২ ধা পা | ৩ ধা র্সা | ০ সা -া I + ধা -া |
ঋা০ ০ | ত্তি নী I বি ণ | দ ন্ত | য় ০ | হা রি | নী ০ I ০ ০ |

| ০ ধা পমা II
০ ০০

অনুরূপ ১ম ও ২য়—

(১) II + পা মা | ০ পা পা | ২ র্সা ধা | ৩ র্সা র্সা | ০ র্সা -া I + র্সা র্সা | ০ র্রা র্রা | ২ র্মা র্রা | ৩ র্সা র্সা | ০ ধা পমা I
(২) শু ০ ল ম ভ্ প ধা রি নী ০ মৈ ০ ত্য দ ০ র্প ধা রি নী ০০

(১) I + পা -া | ০ ধা পা | ২ মা রসা | ৩ ঋধা ধা্ | ০ সা সা I + সা রা | ০ মা পা | ২ ধা পা | ৩ ধা র্রা | ০ র্সা -া I
(২) ম ০ র্ধ বা পি নী০ ছ০ ০ ত্তি কে ম হা মা ত্মা মো হ না শি নী ০

I + ধা -া | ০ ধা পমা II II
(১) ০ ০ | ০ ০০
(২) ০ ০ ০ ০০

কবি-সম্মেলন। আন্তর্জাতিক নারীবর্ষ উপলক্ষে মহিলামহল-এর অনুষ্ঠান

স্বামী অভেদানন্দ প্রতিষ্ঠিত
বিশ্ববাণী
স্বামী সত্যজ্ঞানন্দ ও স্বামী প্রজ্ঞানানন্দ সম্পাদিত ধর্ম ও সংস্কৃতি বিষয়ক বাংলা মাসিক
শ্রীরামকৃষ্ণ কথামৃত-র তত্ত্ব-ব্যাখ্যা ছাড়াও এতে পাবেন সাহিত্য, ধর্ম, শিল্প, সঙ্গীত, ইতিহাস, বিজ্ঞান, ভ্রমণ প্রভৃতি বিষয়ক মনোজ্ঞ প্রবন্ধাদি এবং শ্রীরামকৃষ্ণদেব অন্তরঙ্গ পার্ষদদের অপ্রকাশিত বা, দুষ্প্রাপ্য জীবন-কথা। বার্ষিক চাঁদা ৮ টাকা মাত্র। ডাকমাশুল ফ্রি। এ ছাড়াও নারীর মর্যাদা প্রকাশিত হচ্ছে বার্ষিক অতিরিক্ত এবং প্রকাশ সাহিত্যিকদের রচনা-বলী হচ্ছে। মূল্য ৪·০০ টাকা।
বিশ্ববাণী নিলয়স্থ, ১১বি রাজা রাজকৃষ্ণ স্ট্রীট, কলিকাতা-৭০০ ০০৬
ফোন—৫৫-১৮০৩।

# মহাপূজায় শাক্ত-বৈষ্ণবের মহামিলন

## জনার্দন চক্রবর্তী

বৈষ্ণবপ্রবর হরিহরাত্মবিলাসের বিদ্বদ্‌বরেণ্য টীকার শ্রীল সনাতন গোস্বামী দুর্গোৎসবকে মহাপূজা বলেছেন। 'ভগবত্তায় শ্রীদুর্গাদেবী মহাপূজা নবমীদিনে প্রহরে কর্তব্যোহর্চা।' শ্রীকৃষ্ণজন্মাষ্টমীর পরদিন নবমীর প্রহরে ভগবতী শ্রীদুর্গাদেবীর মহাপূজার বিধান দেওয়া হয়েছে। মহাপূজা, মহোৎসব ও মহাব্রত, তিনটি শব্দই বৈষ্ণবশাস্ত্রে ব্যবহৃত হয়েছে। কবি শ্রীমধুসূদন দুর্গাপূজাকে মহাব্রত বলেছেন। 'মহাশ্মশান বল্য আমি মহাব্রতে ব্রত। এসেছেন ত্রিযা উমা, বৎসরের পরে, ত্রাম্বকী-মর্দিনীরূপে ভকতের ঘরে।' আজও পল্লীবাংলার জাতিধর্মনির্বিশেষে সকলে এই পূজাকে বড়ো পূজা বলে থাকেন। আমাদের ভাষায় মৌচ-চাঁসুচা শব্দের যেমন একটি বৃহৎপত্তি পাঁচিয়ে দেয়ে ভূমিকা, তেমন বৃহদ্‌-আশ্মাকে বলা হয় দুর্গোৎসব।

সীতা উদ্ধারের জন্য আকুল হয়ে শ্রীরামচন্দ্র অকালে বোধন করে শক্তে দুর্গাদেবীর আরাধনা করেছিলেন। একটি নীলপদ্মের অভাবপূরণের জন্য সত্যসন্ধ সীতাপতি তাঁর নীলোৎপলতুল্য, আঁখি উপাড়ে করতে উদ্যত হয়েছিলেন। একথা আমাদের শুনিয়েছিলেন 'কীর্তিবাস কৃত্তিবাস কবি এ-বঙ্গের অলঙ্কার'। সর্বশক্তি-সমন্বিতার শক্তাকল্পে চন্দ্র-সেখর-মুখে নবমীপূজার নটবর মৌরিসেনার অদ্ভুত বৃত্তা করেছিলেন। মহাপ্রভুর আবির্ভাবাচারিতকার শ্রীল বৃন্দাবন দাস আমাদের শুনিয়েছেন, 'আমাশক্তি-বেশে নাচে প্রভু গৌরসিংহ।' শুধু তাই নয়, উমার সমন্বয়বুদ্ধি নিয়ে চৈতন্যভাগবতকার বলেছেন, 'লৌকিক বৈদিক যত কিছু ক্রিয়াদি। সভার সম্মতে হয় মুখে দড়বড়ি।' জীবনরসিক মহাকবীয় কবি মুকুন্দরাম সর্বমঙ্গলাজগন্মাতার নতুন মঙ্গল ছন্দে ঘোষণা করে গেয়েছেন, 'গাইব তোমার আগে, মৌকিপতকটি মাগে, চরণটী শ্রীকবিকঙ্কণ।' কবি-কঙ্কণ তাঁর মানস-মহিতা বাভিরামার প্রতি দুঃখের দিনের আকুলতার ত্রাহিত্রাণকারিণী অনন্য অম্বিকা-মায়ের উদ্দেশ্য স্মরণ করে চোখের জলে ভেসেছেন।

ত্রাম্বকী-তীরের হালিসহরের সাধক-কবির কণ্ঠে আগমনী-বিজয়ার মহাসঙ্গীত উঠেছিল। আসমুদ্র-হিমাচল ভারতের জাতীয়তার কবি বঙ্কিমচন্দ্রের হৃদয়-কন্দরে সে-সঙ্গীত প্রতিধ্বনি তুলেছিল। রাতিতে গঙ্গা-বক্ষে নৌকারোহীর কণ্ঠে প্রবাসী সঙ্গীত শুনে তাঁর বহু-অবাহন-বিক্ষিপ্ত অশান্ত চিত্ত শান্ত হয়েছিল। শ্যামা-জন্মবার স্বর্গস্পর্শিত কবি-সন্তান কাব্য-কবিতায় নতুন পুরাণ সৃষ্টি করে সীতা-ঈশ্বরের জন্য অধীর, মাতৃস্তনে বিভোর বাঁধ নৌবিহিকে দিয়ে প্রলোভন ও বিভীষিকা জয় এবং লঙ্কায় চণ্ডীর বেইলে শারদপূজা করিয়েছিলেন। শ্রীরামচন্দ্রের বৈরীপক্ষীয়া বীরাঙ্গনার জন্য এই কবি 'সতী'-সাক্ষাৎকার করে দার্জিলের চণ্ডীর সন্ধানদান ও শক্তি-ভক্তির রসঘনিত সঞ্চার করেছিলেন। পুরোহোলা - পুরোকিত - বাগিনীতে মাতৃস্তবাক করে ফলনকর্মের আড়ালে থেকে মন্ত্রদ্রষ্টা বাঙ্ময় স্বজাতির জন্য বাহুতে শক্তি ও হৃদয়ে ভক্তি প্রার্থনা করেছিলেন। কালসমুদ্রে নিমজ্জিতা কমলাকান্ত-প্রস্তুতি বঙ্গভূমির জন্য কমলাকান্তের একাত্মীকৃত বাঙ্ময় অজস্র অশ্রুপাত করেছিলেন।

রাজকৃষ্ণরায়ের অদ্ভুত পূজারী 'মা-মা' বলে মন্দির-পাষাণে মুখরবর্ষণ করে কত কেঁদেছিলেন। সেই কান্নায় আকৃষ্ট হয়ে তাঁর পাশে এসে দাঁড়িয়েছিলেন নবীন ভারতের বিবেকবিক্ষুব্ধ নরকুল-চন্দ্রমা নরেন্দ্রনাথ, যিনি মধুসূদনের বিশ্বাস মনোলোকে কল্পিত রামায়ণীয় মন্দোদরীছায়ায় রাজিত লঙ্কেশ্বর রাবণের মর্মক বাস্তবায়িত করেছিলেন। পশ্চিমের সভ্যতা ও সাহিত্য-সংস্কৃতির ছায়ায় লালিত, ভারতের অশিনদ্বয়ের প্রবর্তক বিপ্লবী নায়কোপম মাতৃস্তন্যে পুনর্নীকা লাভ করে বিবাজীবনের স্বপ্নসাধ জাগিয়ে তুলেছেন মানুষের অন্তরে। জাতীয়-ধারীর আসনে বেদপন্থী আনন্দের এটুকুন স্বাদ গ্রহণের আকুতি নিয়ে ব্রহ্মসন্ধী বিপ্লবকবি অরীয় ঘুরছে কাহানী থেকে ছন্দছায়িকার 'অন্ধকার-মুলে' 'জননীর অন্তঃচলাখানি' প্রভাক্ষ করলেন, তাঁর 'অন্তরতম-বাসী' শুনলেন এবং পূজারম্ভের চণ্ডী-পাঠ-রত ব্রাহ্মণের কণ্ঠে ধ্বনিত নমস্তস্যৈ নমস্তস্যৈ নমস্তস্যৈ নমো নমঃ সপ্তশতী-স্তবের অন্তর্বেদীর অন্তর্বেদনা বুঝলেন অপূর্ব গীতি-কম্পনে, তোমারে নমি যে সকল ভুবন ভরে, তোমারে নমি যে সকল জীবন কাঁপে, চন্দ্র-সূর্য-ধন কাঁপে নিখিল, ভকতিপাবন তোমারি পূজার হুপে।' বঙ্গার সুরে যাঁরা নজরুল ইসলামের কণ্ঠে আর্দ্র হয়ে শ্যামা-সঙ্গীত গাইল, 'কালু যে জবা কালু, কেন সাজানো পোলি শ্যামা-মায়ের চরণতলে?'

মায়ের পূজা কি একলা শাক্তরাই করেন? বিশ্ব-বৈষ্ণব বা অন্য ধর্মাবলম্বী কি এই মহোৎসবে তাঁর পাশে এসে দাঁড়ান না? ভাগবত বলেছেন, জগৎপতিকে পতিলাভ করবার জন্য ব্রজে গোপকন্যারা কাত্যায়নী-ব্রত পালন করেছিলেন। পূর্বেই বলা হয়েছে, মধুসূদনের কবি-ভাষার দুর্গোৎসব মহাব্রত। শাক্ত-বৈষ্ণবের সাধন-সমন্বয়ের আমরা একটি অদ্ভুত ইলিয়ট পাই মহাপ্রভুর আচরণে, যিনি 'আপনি আচরি ধর্ম' জগতকে শিখিয়েছিলেন। পূর্বাচলের ছলে সমস্ত সম্পর্ক ছিন্ন করে সন্ন্যাসী-শ্রীকৃষ্ণ-চৈতন্য যখন নেমাচ্ছুরা শচী-মন্দিরের পাষাণে মাথা রেখে তাঁর কণ্ঠলগ্ন হয়ে অশ্রুপ্লাবিত মুখে আনন্দলাভ করেছিলেন। বাঙ্ময়ী জননীর স্তনাপীযুষধারিণী স্নেহের রুদ্রমূর্তি ধরে নীলাচলবাসী কৃষ্ণ-প্রেমিক সন্ন্যাসীকুলকে [illegible] চরণে প্রণাম করেছিলেন মুকুন্দরাম। বলেছেন তাঁর দুই সন্তান। জননী জগদ্ধাত্রী এই দুই সন্তানে।' সুস্পষ্ট তিনি বলেছিলেন একথা নীলাচলের অন্তরঙ্গ ভক্তপার্ষদদের। তাঁরা যখন দক্ষিণ-ভ্রমণান্তে পুরে সন্ন্যাসীকে দর্শনের জন্যে শচী-জননীর পরিচয় করে অন্নপ্রসাদ দূরে পাঠাবার জন্য অনুনয় করেছিলেন।

এইবার আমরা মার্কণ্ডেয়ের চণ্ডীর আখ্যানিকার অবতারণে মনোনিবেশ করি। মহিষাসুর নিহত হয়েছেন। অসিতাঙ্গ রুরারি-রক্ত বিধৌত হয়েছে। সমর-ভূমি ছেড়ে চলে যাঁর নাম শক্র, তিনি দেবতা-সন্ধীদের নিয়ে ফিরে ও সকল সম্মানে ভরে মহিষমর্দিনী মায়ের গুণগান করলেন যাঁর মুখরে স্তুতি-সুচীচুতা জননী প্রসাদ-সুন্দরী হয়ে প্রতি-নত দেবতাদের বললেন, 'বিজয়ং বিজয়ং সুরে বলন্তোঽভিষিঞ্চন্তু।' সমাপ্তিমাঙ্গল্য প্রীতা সর্ববরেণ্যা সুপ্রতিষ্ঠিতা।' তোমাদের সকল দেবতার, যাঁর যা মনের বাঞ্ছা, এখন বর চাও। তোমাদের এই স্তবমন্ত্রী পূজায় খুশী হয়ে আমি প্রীতিভরে তোমাদের বরদান করব।

(৪২ পর ৩৬৮ পৃষ্ঠায়)

পণ্ডিত ভারতখণ্ড

# কলকাতার দুর্গোৎসবে সাহেব আপ্যায়ন

বিনয় ঘোষ

রাজা নবকৃষ্ণ

পলাশীর যুদ্ধের আগে থেকেই ভাগ্যান্বেষী বণিকরা গ্রামাঞ্চল থেকে কলকাতার আসতে আরম্ভ করেন। উদ্দেশ্য, যদি সাহেবদের সেবা করে কিঞ্চিৎ অর্থ রোজগার করা যায়। ইংরেজরা তখন প্রবল এদেশের শাসক হননি। তাঁরা কলকাতায় 'জমিদার' ছিলেন এবং মুখ্যত ব্যবসায়ীও ছিলেন। কলকাতাও তখন প্রকৃত 'শহর' হয়নি, গ্রামই ছিল বলা চলে। পলাশীর যুদ্ধের পরে ইংরেজরা জমিদার ও বণিক থেকে এদেশের 'রাজা' হলেন। তার পর থেকে ভাগ্যান্বেষী বণিকরা যাঁরা সাহেবসেবার সুযোগ পেয়েছিলেন, তাঁদেরও ভাগ্য ফিরে গেল। যাঁরা ইংরেজদের মুন্সী দেওয়ান বেনিয়ান মুৎসুদ্দি সরকার ইত্যাদি হয়ে নানাবিধ কৃষিকার্য প্রভৃসেবার সুযোগ পেয়েছিলেন, তাঁরা একপুরুষের মধ্যেই প্রচুর অর্থোপার্জন করে, ইংরেজদের কাছ থেকে রাজা-মহারাজা খেতাবাদি পেয়ে, কলকাতার সমাজে শীর্ষস্থানীয় অভিজাতশ্রেণীভুক্তে পরিণমিত হয়েছিলেন। কলকাতার এই নবাগন্তুক বাঙালী হিন্দু রাজা-মহারাজারা যে ইংরেজদের সেবাস্পৃহার চেয়েও অনেক বেশি ভক্তিশ্রদ্ধা করতেন, সেটা স্বাভাবিক। সেইজন্যই তাঁরা শুধু জাঁকজমক উৎসবপার্বণে নয়, আমোদপ্রমোদে বিষয়ে, এমনকি প্রাদ্ধে পর্যন্ত, সাহেব-মেমদের নিমন্ত্রণ করতেন এবং তাঁদের যথারীতি আদর-আপ্যায়নের জন্য অজস্র অর্থব্যয় করতে আদৌ কুণ্ঠিত হতেন না। উপরন্তু পারিবারিক উৎসব অনুষ্ঠানে সাহেব-আপ্যায়ন না করতে পারলে তাঁরা তাঁদের সামাজিক স্টেটাস বা পদমর্যাদা ক্ষুণ্ন হবে বলে মনে করতেন। সেই কারণে বাংলার শ্রেষ্ঠ ধর্মোৎসব দুর্গোৎসবে সাহেব-আপ্যায়নের রীতি অত্যধিক মাত্রায় প্রচলিত হয়েছিল কলকাতার এই নবাগন্তুক হিন্দু অভিজাত মহলে। তার বিবরণ অষ্টাদশ ও উনিশ শতকের ইংরেজি ও বাংলা পত্রিকাদিতে প্রচুর পাওয়া যায়। এখানে আমরা কয়েকটি মাত্র বিবরণ সংক্ষেপে উল্লেখ করব।

অষ্টাদশশতাব্দীর কাহিনীর একজন রোমান্টিক নায়ক এবং কলকাতার আদি ইংরেজ 'জিমদারদের (অর্থাৎ জমিদার) অন্যতম হলওয়েল সাহেব তাঁর ইন্টারেস্টিং হিস্টরিকাল ইভেন্টস্ গ্রন্থে ১৭৬৬ সালে লিখে গেছেন।

> Doorga Pujah . . . is the grand general feast of the Gentoos, usually visited by all Europeans (by invitation) who are treated by the Proprietor of the feast with the fruits and flowers in seasons, and are entertained every evening whilst the feast lasts, with bands of singers and dancers.

দুর্গোৎসব জেন্টুদের, অর্থাৎ হিন্দু, ভদ্রলোকদের, বেশ বড়রকমের জমকাল উৎসব। সাধারণত সাহেবরাও এই উৎসবে যোগদানের জন্য আমন্ত্রিত হন এবং গৃহকর্তারা তাঁদের নানারকমের ফুলফল দিয়ে আপ্যায়ন করেন। যে কদিন উৎসব চলে সেই কদিন প্রত্যহ সন্ধ্যায় তাঁদের নর্তকী ও গাইয়েদের আসরে আনন্দ বিতরণের ব্যবস্থাও করা হয়।' এইজন্য হলওয়েল সাহেব দুর্গোৎসবকে 'ফ্যান্স ফিস্ট অফ দি জেন্টুস' বলেছেন।

পলাশীর যুদ্ধের পরে ১৭৬৬ সালের কথা। পলাশীর যুদ্ধে ইংরেজরা জয়লাভ করার পর, ইংরেজ বীরপুরুষ লর্ড ক্লাইভকে মহারাজা নবকৃষ্ণ (যিনি ক্লাইভের মুন্সী ছিলেন) হাতীর পিঠে বসিয়ে শোভাযাত্রা করে নিয়ে গিয়ে তাঁর শোভাবাজারের রাজবাড়িতে মহাসমারোহে বিজয়োৎসবের অনুষ্ঠান করেন। একবার দুর্গোৎসবের সময় নবকৃষ্ণ তাঁর এক বন্ধুকে লেখেন। 'এবছর দুর্গোৎসবের সময় লর্ড ক্লাইভ অনুগ্রহ করে আমার বাড়িতে প্রতিমা দর্শন করতে আসবেন। আপনি অবশ্যই আসবেন। ক্লাইভের সঙ্গে কোম্পানির অনেক পদস্থ সাহেবরাও থাকবেন।' মহারাজা নবকৃষ্ণ তখন সুতানটির, অর্থাৎ উত্তর কলকাতার তালুকদার। জমিদার হলওয়েলের চমকপ্রদ নবকৃষ্ণ কলকাতার 'জেন্টুদের মধ্যে শীর্ষস্থানীয় ব্যক্তি।

৮নং শালবাজার থেকে প্রকাশিত এবং বিখ্যাত মার্শম্যানের আপ্তজন কর্তৃক মুদ্রিত 'ক্যালকাটা ক্রনিকেল' পত্রিকা, ১৭৯২ সালের ১৮ সেপ্টেম্বর এক সংবাদে লিখছেন: 'এ বছর বাগের বাড়িতে জাঁকজমক করে দুর্গোপূজা হবে বলে খবর পাওয়া গেছে, তাঁরা হলেন মহারাজা নবকৃষ্ণ, গোকুল মিত্র, কেষ্টচাঁদ মিত্র, নারায়ণ মিত্র, রামহরি ঠাকুর, বারাণসী ঘোষ, দর্পনারায়ণ ঠাকুর। অন্যান্য বছরের মতো এ বছরেও কলকাতার এই ধনিক বান্ধবের গৃহে, দুর্গোৎসব উপলক্ষে নাচগানের আসরে শহরের সাহেব-মেমরাও আমন্ত্রিত হবেন।'

কয়েকদিন পরে, ২৫ সেপ্টেম্বর তারিখে, এই পত্রিকার সংবাদে প্রকাশ: 'এ বছরে দুর্গোৎসবের নাচগানের অনুষ্ঠানের মধ্যে মহারাজা সুখময় রায়ের বাড়ির অনুষ্ঠান বৈশিষ্ট্যের দিক থেকে উল্লেখযোগ্য। অন্যত্র যথারীতি নর্তকী ও গাইয়েদের আসর বসেছে বটে এবং সাহেব-সুবোরা অবশ্যই আপ্যায়িতও হয়েছেন। কিন্তু মহারাজা সুখময়ের বাড়ির হল, তিনি বাইজীদের হিন্দী-স্থানী সঙ্গীতে ইংরেজি সুর মিশিয়ে অভিনব পদ্ধতিতে পরিবেশন করেছিলেন।' বর্তমানে হিন্দী অথবা আধুনিক বাংলা গানে, বিশেষ করে সিনেমা সঙ্গীতে, দেশীয় সুরের সঙ্গে যে ইংরেজি-পাঁয়ান, আফ্রিকান, ল্যাটিন-আমেরিকান প্রভৃতি সুর মিশিয়ে নতুনত্ব আনার চেষ্টা চলেছে তা অষ্টাদশ শতাব্দীতে দুর্গোৎসব উপলক্ষে সাহেব আপ্যায়নের কাল থেকেই আরম্ভ হয়েছিল দেখা যাচ্ছে। অতএব সুরের মধ্যে কোনো নতুনত্ব থাক বা নাই থাক, অথবা তা শ্রুতিমধুর হোক বা নাই হোক, এই চেষ্টার মধ্যে কোনো নতুনত্ব নেই।

ঊনবিংশ শতাব্দীতেও দুর্গোৎসব উপলক্ষে সাহেব-মেমদের আপ্যায়নের এই রীতি বেশ কিছুকাল চলেছিল। এই শতাব্দীর প্রথম পর্বে ফ্রিমতী ফ্যানি পার্কস কলকাতা শহরে এসেছিলেন, এবং শহরের উৎসবপার্বণ ইত্যাদি বিষয়ে নানাকথা তিনি তাঁর প্রসিদ্ধ গ্রন্থে 'ওয়ান্ডারিংস অফ এ পিলগ্রিম' গ্রন্থে (লন্ডন, ১৮৫০) লিখে গেছেন। ১৮২০ সালের ১৩ সেপ্টেম্বর তারিখের চিঠিতে তিনি

কলকাতার দুর্গোৎসব প্রসঙ্গে লিখেছেন:

We went to a nach at the house of a wealthy Baboo during the festival of the Doorga Pujah . . . In the rooms on one side of the area a handsome supper was laid out, in the European style, supplied by Messrs Gunter and Hooper, where ices and French wines were in plenty for the European guests. In the rooms on the other sides of the square, and in the area, were groups of nach women dancing and singing, and crowds of European and Native gentlemen sitting on sofas or on chairs listening to Hindostanee airs.

ফ্যানি লিখেছেন: দুর্গাপূজার সময় আমরা একজন বাবুর গৃহে নাচ দেখতে গিয়েছিলাম। সেখানে, একদিকের হলঘরে সান্ধ্য ভোজের ব্যবস্থা করা হয়েছে ইয়োরোপীয়ান স্টাইলে, এবং মেসার্স গান্টার অ্যান্ড হুপার খাদ্য সরবরাহ করেছেন, তৎসহ পর্যাপ্ত পরিমাণে ফরাসী মদ্য ও মদ্যের ব্যবস্থাও আছে। অন্যান্য হলঘরে নাচওয়ালীদের নাচগান চলছে এবং বিদেশী সাহেবদের সঙ্গে এদেশীরাও সোফায় ও আরাম-কেদারায় বসে সেই হিন্দুস্থানী নাচ ও গান উপভোগ করছেন।'

গত শতাব্দীর মাঝামাঝি পর্যন্ত এই ধারা অক্ষুণ্ণ ছিল। বাংলা সাময়িকপত্রে এই সময়কার দুর্গোৎসবের বিবরণ থেকে তা বোঝা যায়। ১২৬১ সনের ২৪ আশ্বিনের 'সংবাদ প্রভাকর' পত্রিকার একটি বিবরণ এখানে প্রকাশ করা হল।

'নগরে মহামায়া মহেশ্বরীর মহা-মহোৎসব অতি সমারোহপূর্বক নির্বাহ হইয়াছে, কলিকা পরিবারেরা অতি অকাতরে অর্থব্যয় করিয়াছেন, লোকারণ্যসমস্ত নৃপতিদিগের উত্তর নিকেতনে নৃত্য গীতাদির মহারঙ্গ হইয়াছিল, সাহেবেরা নির্মন্ত্রিত হইয়া সেই নাচের সভা উজ্জ্বল করিয়াছিলেন...কৃষ্ণনগর যাঁহারা মেহেরের বেলাত মোদের কুইনে বাঙ্গলা পর্ব পর্ব বলিয়া করেন তাঁহারা এই পূজোপলক্ষে রাজভবনে উপস্থিত হইয়া বিলক্ষণরূপে উহা পূজন করিয়াছেন।'

'কোতুলপুকুর নিবাসী মিষ্টভাষী পরহিত তৎপর শ্রীযুত বাবু নবকৃষ্ণ মল্লিক মহাশয় স্বীয় কুলদেবতা সিংহবাহিনী দেবীর পূজার পালা প্রাপ্ত হইয়া আপনাদিগের ভদ্রাসন নিকেতনে অমর ভবনের ন্যায় সুসজ্জিকৃত করিয়াছিলেন, নাচের মজলিস বর্ণনে বর্ণক মাত্রেই চিত্তক্ষেত্র পুলকালোকের পরিকীর্ত্ত হইয়াছিল... যে দিবস ইয়োরোপিয়ানদের সভা হইয়াছিল সেই দিবস অনেকানেক সম্ভ্রান্ত সাহেব তথায় সমাগত হইয়াছিলেন।'

হিন্দুদের দুর্গোৎসবে সাহেবরা ক্রীস্টান হয়ে যোগদান করেন বলে মিশনারীরা তাঁদের সমালোচনা করতে থাকেন। এই মিশনারীদের উদ্দেশে প্রভাকর-সম্পাদক লিখেছেন:

'আমারদিগের মিশনরি সহযোগী ক্রীস্টান এডবোকেট সম্পাদক মহাশয় কোথায়? তিনি কি পূজার সময়ে নগরে ছিলেন না? প্রতি বৎসর লিখিয়া থাকেন যে হিন্দু পর্বাহে সাহেবদিগের গমন করা উচিত নহে, কিন্তু তাঁহার কথা কিছুই গ্রাহ্য হয় নাই, তাঁহার ঐ লেখা বরঞ্চ রোদনকর হইয়াছে, তাহাতে কেবল হিন্দুধর্মের প্রতি দ্বেষ প্রকাশ করা হইয়াছে, হিন্দু সাহেবগণ যাঁহারা...এতদ্দেশীয় ধনিলোকদিগের সহিত সদ্ভাব রক্ষা করিয়া চলিতে চাহেন তাঁহারা পূজার নিমন্ত্রণ অমরপূর্বক গ্রহণ করেন, এমত সাহেবও হিন্দুর অনেক আছেন যাঁহারা নিমন্ত্রণের পত্র চাহিয়া লইয়া যান।'

দুর্গোৎসবে সাহেব আপ্যায়ন নিয়ে ক্রমে হিন্দুসমাজেও বিতর্ক দেখা দিতে থাকে। তার ফলে কলকাতার ধনিক বাবুরা উদ্যমের, অর্থাৎ পূজোদ্যোগের দিনগুলি বাদ দিয়ে, পঞ্চমীর পরে একদিন সাহেবদের আপ্যায়নের ব্যবস্থা করেন। এরকম ব্যবস্থা সকলের ভাল লাগে অনেকে অভিমত প্রকাশ করেন। কিন্তু তাতেও বিশেষ ফল হয় না। উনবিংশ শতাব্দীর প্রায় শেষ পর্যন্ত দেখা যায়, বাঙালী ধনিক রাজা-মহারাজারা কেবল দুর্গোৎসবে নয়, অন্নপ্রাশনে বিবাহে পর্যন্ত শহরের গণ্যমান্য ইউরোপীয়দের নিমন্ত্রণ করে সাদরে আপ্যায়নের আয়োজন করছেন। তা না করলে তাঁরা মনে করতেন যে তাঁদের পারিবারিক আভিজাত্য ও সামাজিক মর্যাদার হানি হবে। তখন সাহেবসমাজ নব্য-অভিজাতদের কাছে সামাজিক মর্যাদার প্রধান মানদণ্ড ছিল। সেসাহেবদের নতুন চেহারা তাঁদের এই মনোভাবকে বিন্দুমাত্র স্পর্শ করতে পারেনি।

"রঞ্জন ভ্যারাইটি ব্যাগ" ও "রঞ্জন কুট অয়্যার"

আধুনিক সর্বপ্রকার "চামড়া" ও "রেক্সী সু-এর জন্য প্রসিদ্ধ।

রঞ্জন কুট অয়্যার

২১০/১এ রাসবিহারী এভিনিউ কলিকাতা-১৯ (গড়িয়াহাট অংশন)

'ভারতীর' পূজার গান

রথীন ঘোষ (কাউন্ট-রস-সাগর)

জয়ন্ত রায়

মনন সিংহ

গৌরাচাঁদ মুখোপাধ্যায়

দিলীপ সরকার

শ্যামল সেন

সমীরেন্দ্র লাহিড়ী

সমর গুপ্ত

রেকর্ডের দোকানে আজই শুনুন এবং সম্পূর্ণ রেকর্ড তালিকা সংগ্রহ করুন।

ভারতী রেকর্ডস্ কলি-৪, ফোন: ৫৫-১০২৯

# শ্রীরামকৃষ্ণের শিক্ষাচিন্তা

## স্বামী প্রভানন্দ

দক্ষিণেশ্বর গ্রামে শ্রীরামকৃষ্ণের পরিচয় ছিল তিনি কৈবর্তের ঠাকুরবাড়ির পূজারি, একজন পাগলাটে ব্রাহ্মণ। রাজধানী কলকাতার ইংরেজী শিক্ষিতদের দৃষ্টিতে তিনি ছিলেন একজন মূর্খ পণ্ডিত ব্রাহ্মণ। হলধারীও কিছু লোকের মুখে মুখে কথা ছড়িয়ে পড়েছিল যে তিনি ঈশানচন্দ্রের পুত্রে, ঈশ্বরপ্রেরিত মহাজন, পরমহংস; আবার দু-চারজন লোক জানতে পেরেছিলেন যে তিনি ঈশ্বরের অবতার। তবুও তিনি নিরক্ষর ছাড়া তো নয়। কিন্তু তাঁর জীবন ও বাণী বিশ্লেষণ করলে সুস্পষ্ট হয়ে ওঠে যে শ্রীরামকৃষ্ণ ছিলেন মহাজ্ঞানী। তুখানীন্তনকালের শিক্ষিত-বুদ্ধিজনদের তাঁর জ্ঞানদীপ্তির আলোকে চকিত হয়েছিল, চমকিতেরা হয়েছিলেন বিস্মিত। দেখে বিস্মিত হতে হয় যে তাঁর জীবনের শেষপর্বে দেশের সেরা সেরা মানুষে তাঁকে ঘিরে ধরেছিলেন তাঁর কাছে পরাবিদ্যা ও অপরাবিদ্যা শিক্ষালাভের জন্য।

মূর্খ, নিরক্ষর, গ্রাম্য ইত্যাদি অপবাদে অনেক সময় ভূষিত হলেও তিনি ছিলেন একজন প্রকৃত শিক্ষক, লোকশিক্ষক, যুগ-প্রবর্তক ঋষি। সুপণ্ডিত বাগ্মী প্রতাপচন্দ্র মজুমদার লিখেছেন: 'আমি একজন পাশ্চাত্যভাবাপন্ন, সন্ন্যাসবিদ্বেষী, ব্রহ্মজ্ঞানাভিমানী, অহংবুদ্ধিপরায়ণ, শিক্ষিত তার্কিক, আর তিনি ঘোর মূর্খ অথচ ভক্তি-সৌন্দর্যের বাস্তবমূর্তি হিন্দুসন্ন্যাসী। যে আমি ডিসরেলী, ফসেট, স্টানলী, মায়ারসের প্রভৃতি বহু য়ুরোপীয় পণ্ডিত ও ধর্মযাজকের বক্তৃতা শুনিয়াছি, তাঁহার কথা শুনিবার জন্য বহুক্ষণ বসিয়া থাকি কেন?...কেন আমি বাক্যশূন্য হইয়া তাঁহার কথা শুনিতে থাকি? শুধু আমি বলিয়া নয়, আমার ন্যায় অনেকেরই এইরূপ অবস্থা। অনেকেই তাঁহাকে দেখিয়াছে ও পরীক্ষা করিয়াছে। তাঁহাকে দেখিতে ও তাঁহার সহিত কথা কহিতে লোকের ভিড় হইয়া থাকে।' বিশিষ্ট সাংবাদিক নগেন্দ্রনাথ গুপ্ত তাঁর প্রত্যক্ষ অভিজ্ঞতা থেকে লিখেছেন। বিভ্রান্তিকর বিষয় নিয়ে তাঁর কথা শুনতে যাতায়াত করা, লেখক, বৈজ্ঞানিক, ধর্মনেতা প্রভৃতি; এক কথায় তারা শুনতে তাঁরই কেবল শ্রদ্ধা ও ভক্তি। তার কারণ, তাঁর কথার মত কথা অপর কাউকে বলতে তারা কখনও শোনে নি। তারা প্রাণে প্রাণে অনুভব করত তাঁর কথার মধ্যে রয়েছে শক্তি, রয়েছে স্পষ্টতা, উদ্ভাস অথচ প্রশান্তি।'

তাঁর পরিচিতদের মধ্যে দেখতে পাই মহর্ষি দেবেন্দ্রনাথ, ব্রহ্মানন্দ কেশবচন্দ্র, বিজয়কৃষ্ণ গোস্বামী, শিবনাথ শাস্ত্রী, প্রতাপ মজুমদার প্রভৃতি ব্রাহ্মনেতাদের; দয়ানন্দ সরস্বতী, পণ্ডিত বৈকুণ্ঠনাথ, পদ্মলোচন, গৌরীপণ্ডিত, পদ্মপুর তর্কচূড়ামণি প্রভৃতি পণ্ডিতদের; ধর্মবিজ্ঞানে অনুরাগীদের মধ্যে গোস্বামীপুরীজী, ভৈরবী ব্রাহ্মণী, ত্রৈলঙ্গস্বামী প্রভৃতি সিদ্ধপুরুষদের; সাহিত্যসেবকদের মধ্যে মাইকেল, বিদ্যাসাগর বঙ্কিমচন্দ্র গিরিশচন্দ্র, অমৃতলাল প্রভৃতি। চিকিৎসা-বিজ্ঞানীদের মধ্যে দেখতে পাই মহেন্দ্রলাল সরকার, রাজেন্দ্রদত্ত প্রভৃতি। যিনিই তাঁর সংস্পর্শে এসেছিলেন তিনিই তাঁর মন্ত্রশুদ্ধ পান করে পরিতৃপ্ত হয়েছিলেন, নবীন আলোকে নিজ নিজ জীবন-পথকে উদ্ভাসিত করেছিলেন। বড়-দর্শনবিদ্, ঈশ্বরতুল্য বিদ্যাসাগর বিস্মিত হয়ে শুনেছিলেন তাঁর সম্বন্ধে শ্রীরামকৃষ্ণের অভিমত। শ্রীরামকৃষ্ণ তাঁকে বলেছিলেন। 'আপনি সব জানেন—তবে খপর নাই।' আর্য সমাজের প্রতিষ্ঠাতা দয়ানন্দ সরস্বতী শ্রীরামকৃষ্ণকে দেখে বলেছিলেন : 'এঁকে দেখে জ্ঞান হলো যে পণ্ডিতেরা কেবল শাস্ত্র মন্থন করে ছেলেটা খান, এঁরূপ মহাপুরুষেরা মাখনটা সমস্ত খান।' বিভিন্ন বিষয়-জ্ঞানের এই ধরনের স্বীকৃতির আলোকে রসিক শ্রীরামকৃষ্ণের 'আমি মূর্খোত্তম' 'আমি তো মূর্খ' ইত্যাদি মন্তব্য তাঁর বিশ্বজনোচিত বিনয়কে নির্দেশ করে মাত্র।

শ্রীরামকৃষ্ণের জীবনীপাঠকমাত্রই জানেন যে শ্রীরামকৃষ্ণের নিরক্ষর অবস্থার অতিকল্পনাদোষে দুষ্ট। তিনি সাক্ষর ছিলেন এইমাত্র বললেও ভুল হবে, শিক্ষায় তুকতে আদর্শের নাগকাঠিতে বিচার করলে তাঁকে বলতে হবে শিক্ষিতোত্তম। তিনি যে বিদ্যাশিক্ষা করেছিলেন তাই নয়, সমাজের মধ্যে সেই বিদ্যা সঞ্চারের অত্যাশ্চর্য ক্ষমতা অর্জন করেছিলেন। এ বিষয়ে তাঁর মৌলিকতা শিক্ষাজগতে একটি পরম বিস্ময়। লোকশিক্ষক শ্রীরামকৃষ্ণের অন্যতম শিক্ষার্থী নরেন্দ্রনাথ (পরবর্তীকালে স্বামী বিবেকানন্দ) শ্রীরামকৃষ্ণ সম্বন্ধে যথার্থই বলেছিলেন : 'When I think of that man, I feel like a fool, because I want to read books and he never did . . . he was his own book.'

শিক্ষালাভের প্রধান অবলম্বন মন। শিক্ষার্থীর মনের উপর অলৌকিক ক্ষমতা ছিল শিক্ষক শ্রীরামকৃষ্ণের। স্বামী বিবেকানন্দ নিজের অভিজ্ঞতা থেকে আরও বলেছিলেন : মনের বাহিরে জড় শক্তিসকলকে কোন উপায়ে আয়ত্ত করে কোন একটা অদ্ভুত ব্যাপার দেখান বড় বেশী কথা নয়—কিন্তু এই যে পাগলাবাবুর লোকের মনগুলোকে কাদার তালের মত হাতে নিয়ে ভাঙত, পিটত, গড়ত, ভালমাত্রই নূতন ছাঁচে ফেলে নূতন ভাবে সৃষ্টি করত, এর বাড়া আশ্চর্য ব্যাপার আমি আর কিছুই দেখি না।' সেই কারণে শিক্ষা বিষয়ে শ্রীরামকৃষ্ণের অসাধারণ অধিকার।

শ্রীরামকৃষ্ণের শিক্ষা ছিল সমগ্র জীবনকে নিয়ে। শিক্ষিতরা বিষয় নির্ধারিত হত বিভিন্ন শিক্ষার্থীর যোগ্যতা ও রুচি অনুযায়ী। দর্শনের ছাত্র তাঁর কাছে দর্শনতত্ত্ব শিখতেন, ধর্মসাধক তাঁর কাছে নিতেন সাধন-ভজনের উপদেশ-নির্দেশ, সংসারী জেনে নিতেন সহজ জীবনযাত্রার উপায়। শুধু কি তাই? আমরা দেখতে পাই, শ্রীরামকৃষ্ণের নিকট হতে নাটকের অভিনয় সম্বন্ধে, সঙ্গীতজ্ঞ সুরের তাৎপর্য সম্বন্ধে, চিত্রশিল্পী চিত্র সম্বন্ধে নিত্যনূতন ভাবালোক লাভ করেছেন। কিন্তু লোকশিক্ষক শ্রীরামকৃষ্ণের সকল প্রকার শিক্ষাদানই ছিল জীবনকেন্দ্রিক—মানব জীবনের মূলে লক্ষ্যাভিমুখী।

শ্রীরামকৃষ্ণের মতে মনুষ্যজীবনের মুখ্য উদ্দেশ্য ঈশ্বরলাভ। তিনি বলতেন যে ঈশ্বরকে জানার নাম জ্ঞান, ঈশ্বরকে না-জানার নাম অজ্ঞান। ঈশ্বর মন-বুদ্ধির অগোচর, কিন্তু শুদ্ধবুদ্ধি বা শুদ্ধমনের গোচর। ঈশ্বরই সত্য। জগৎসুদ্ধই টিকোলা-রাখিত নিত্যসত্য। তুচ্ছ অজ্ঞান থাকে না, তাই জ্ঞানজ্ঞান বন্ধন সৃষ্টি হয় না। কিন্তু জগজ্জিনা অপর সবকিছু বিষয়ের জ্ঞানে বন্ধন হয়। তাই পার্থিব জ্ঞান অজ্ঞানের নামান্তর। পরমচৈতন্যস্বরূপ ঈশ্বরকে উপলব্ধি করা বা বেদের বোধ করার নাম জ্ঞান। এই জ্ঞানে অনাদি অজ্ঞানের নাশ হয়, হৃদয়গ্রন্থি ছিন্ন হয়; মানুষের সংসারবন্ধন খসে পড়ে, মানুষ চির-মুক্তি লাভ করে। তখন ঈশ্বর ভিন্ন পার্থিব জ্ঞানে প্রীতি জন্মালেও মানুষ সংসারবন্ধনে সে আর বাঁধা পড়ে না।

লেখাপড়া জানলাভের আগে না পরে, এই প্রশ্ন, শ্রীরামকৃষ্ণের সমীপাগত শিক্ষার্থীদের মনে উঁকি-ঝুঁকি মারত। কারণ শিক্ষার্থীদের অধিকাংশই তাদের জীবনের প্রথম অধ্যায়ে লেখাপড়া নিয়ে ব্যস্ত হয়ে পড়েছিলেন। এই সব শিক্ষার্থীদের লক্ষ্য করে শ্রীরামকৃষ্ণ বলতেন : 'এরা তবে আগে লেখাপড়া, তারপর

(বাকিটা ৩৫১ পৃষ্ঠায়)

# ধ্রুবাদুর মুকুন্দ দাস

## সুভাষ সমাজদার

"হ্যাঁ রে বজা আসে নি?" ক্লাস এইটের বরজার পোড়ার দাঁড়িয়ে প্রশ্ন করলেন হেড মাস্টার মশাই।

ছেলেরা সমস্বরে বলে উঠল, না, স্যার—সে পড়া পোড়াতে গেছে।'

সে কি। স্কুলের পড়া ফাঁকি দিয়ে শ্মশানে-মশানে ঘুরে বেড়াচ্ছে!

কিন্তু আর পাঁচজন শিক্ষকের মত বিরক্ত হয়ে কিন্তু একথা বললেন না বরিশালের সেই ঐতিহ্যবাহী বিদ্যালয়ের, ব্রজমোহন স্কুলের স্বনাম-ধন্য প্রধান আচার্য অশ্বিনীকুমার।

তাঁর নজরে পড়ল ক্লাসের বরজার বড় অক্ষরে লেখা সেই তিনটি শব্দ—সেই তিনটি মহানন্দ—"সত্য, প্রেম, পবিত্রতা" এই তিনটিই তো তাঁর ব্রজমোহন বিদ্যালয়ের আদর্শ। এ কথা লেখা আছে বিদ্যালয়ের প্রবেশ-দ্বারে, দেয়ালে-দেয়ালে প্রতি শ্রেণীর বরজায়, প্রতিটি হৃদয়ের অন্তরে। তাঁর মনে পড়ল্লুনিয়ে উঠল বিদ্যালয়ের প্রার্থনা সঙ্গীত—

'আয় ভাই আয়, মাতি নব বলে
এই মহাব্রত সাধিব সকলে;
অথবা উৎসাহে বরন করিলে,
মরণ হইবে জীবন ধাম।
ব্রোঞ্জীর শিয়রে মৃত্যুর শয্যায়,
জানিব, গাহিব তাঁহারি নাম।'

বজার তো কোন দোষ নেই। এ গান তো তাঁরই রচনা। তিনি যে চেয়েছেন, তাঁর বিদ্যালয়ের ছাত্ররা সত্য, প্রেম, পবিত্রতার মন্ত্রে দীক্ষিত হয়ে প্রকৃত মানুষ হয়ে উঠুক। দিবানিশি মানুষ গড়ার কারিগরী করে চলেছেন তিনি। তাঁরই প্রিয় ছাত্র বজা নবযাত্রাদের মিছিলে যোগ দিয়ে শ্মশানে গেছে; কিন্তু, শোকার্ত মানুষের পাশে এসে দাঁড়িয়েছে নিতান্ত প্রিয়জনের মত—সেই আনন্দে গর্বে তাঁর বুকখানা দুলে উঠল।

নদীর পাশে শ্মশানের চালা-ঘরে সবদেহ ঘিরে বসে আছে শ্মশান বান্ধবেরা। নদীর বুকে পড়ন্ত রোদের ছায়া পড়েছে বাঁকা হয়ে। সেই দিকে কেমন উদাসভাবে মত তাকিয়ে কীর্তন গান ধরেছে স্কুল পালানো ঘাটশ্রমিক ছেলে বজা।—

'কুলবতীকুলশী তুমি যে,
এখনো না বুঝে যে।'

তার আবেগ ভরা কণ্ঠে সেই উদাস-করা গানের সুরের মূর্ছনায় শ্মশানের বাতাস কেমন আচ্ছন্ন আর বিষন হয়ে পড়ল। মৃতের আত্মীয় পরিজনদের মনে শোকের ভারও যেন একটু একটু করে কমে এল আর তারা যেন কেমন একটা পরম প্রশান্তির ভেতরে তলিয়ে যেতে লাগল।

হ্যাঁ। এমনই যার, ছিল সামান্য চাকুরিজীবি মুকুন্দলাল সেন পুত্র অজেন্দ্রর দেহ কণ্ঠে। শুধু শ্মশান-যাত্রীদের শ্মশানে-মশানে কীর্তনীয়ানের দলে নয়—বিগত শতাব্দীর নয়ের দশকে বিদ্যায় আর সংস্কৃতিতে উন্নত বরিশাল শহরে পাড়াপ্রতিবেশের আত্মজনী সম্পর্কে, আত্মীয়, একান্ত অভিনের প্রতিযোগিতায়, গ্রামে গ্রামান্তরে জাতীয়তাবাদী প্রচার করে, দরিদ্র বান্ধব সমিতির সক্রিয় সভ্য হিসেবে রোগীর শুশ্রূষায়, বিপন্ন ও আর্তের সেবায় অজেন্দ্রর ছিল পুরোভাগে। বি. এম. স্কুলের সেই আদর্শবাদী প্রধান শিক্ষকের মানুষ গড়ার সেই অবিশ্রান্ত সাধনার সকল পরিণতি তাঁর স্বপ্নের মূর্ত প্রতীক এই অজেন্দ্র।

সেটা ১৯০৬ সাল। বঙ্গভঙ্গ আন্দোলনে সারা দেশ হিকোতে উত্তাল। সেই ঝড়ো বাতাসে হুলোহলী পাখির মত ডানা মেলে কোথায় যেন উড়ে গেল অজেন্দ্র! বরিশাল শহরের আবেলবন্ধুবর্ধনিতায় চোখের মণি—সেই 'বজা' কোথায় যেন হারিয়ে গেল।

বছর ঘুরল। ব্রজমোহন বিদ্যালয়ের প্রধান শিক্ষক, মহাত্মা অশ্বিনী-কুমারের হাতে পড়ল একখানা খবরের কাগজ। নাম 'সঞ্জীবনী'। প্রথম পৃষ্ঠার বড় বড় হরফে ছাপা হয়েছে বিচিত্র একটা সংবাদ—"বৈষ্ণব ধর্মাবলম্বী গায়ক মুকুন্দ দাসের মৃদঙ্গবাদ্যে মাতৃমন্ত্রে কণ্ঠরত হইয়া উঠিয়াছে। দেশকে জড় না ভাবিয়া বাংলার আরাধ্যা চৈতন্যময়ী কালী-দুর্গা মূর্তিতে ভাবিয়া সুরসংযোগে তিনি যে আহ্বান করিলেন, তাহাতে বাংলার ঘরে ঘরে পল্লীতে পল্লীতে জনসাধারণের হৃদয় মন এক অভিনব-রূপে মাতিয়া উঠিয়াছে..."

সংবাদের শেষ ছত্র পড়ে চমকে উঠলেন অশ্বিনীকুমার! বিস্ময়ে তাঁর চোখ বিস্ফারিত হয়ে গেল। শেষ লাইনে লিখেছে—চারণকবি মুকুন্দ দাস মহাত্মা অশ্বিনীকুমারের সুযোগ্য শিষ্য! তাঁর আদর্শ, তাঁর মন্ত্র, তাঁর সাধনা যেন মুকুন্দের ভিতরে মূর্তি ধরিয়া উঠিয়াছে... 'আর পড়তে পারলেন না অশ্বিনীকুমার! মনে করবার চেষ্টা করলেন, কে এই মুকুন্দ দাস—কে তাঁর এই শিষ্য। কিন্তু চিনতে পারলেন না। মনে করিয়ে দিলেন এক ভক্ত, সহকর্মী মনোরঞ্জন গুহঠাকুরতা। বললেন, 'আপনার সেই ছাত্র, বজা—বজা—আমাদের অজেন্দ্র—'

—'বলো কি হে!' অশ্বিনীকুমারের মুখখানা উজ্জ্বল হয়ে উঠল। 'আমাদের সেই গানপাগলা বজাটা আবার মুকুন্দ দাসই বা কবে হলো, আর কৈবর্তই বা কবে হলো!'

অজেন্দ্রর ঘনিষ্ঠ বন্ধু হীরালাল গুপ্তও পাশেই বসে ছিলেন। তিনি বললেন, 'সে এক আশ্চর্য ব্যাপার! আপনি তো জানেন, বজা স্কুলের পাট চুকিয়ে দিয়ে পড়াশুনো ছেড়ে তার বাবার মুদীর দোকান চালাতো। সেই দোকানে একদিন এসে উপস্থিত হলো রামানন্দ হরিবোলানন্দ নামে এক অবধুত সন্ন্যাসী। বজার গান শুনে সন্ন্যাসী বললেন, মহাপ্রভু ভাটিতলের পরি-কল্পনার জন্যে যিনি কীর্তন শোনাবেন, তাঁর নাম ছিল মুকুন্দ—আজ থেকে তোরও নাম হোক মুকুন্দ। সেই থেকে আমাদের বজা মুকুন্দ দাস নাম ধরে গ্রামে গ্রামে নাকি স্বদেশী গান গেয়ে বেড়াচ্ছে—'

—'কী আশ্চর্য! আমি ওর কিন্তু-বিসর্গও জানি না।' যেন একটা নিশ্চিন্ত সুখস্বপ্নের ঘোরে বিড় বিড় করে বললেন অশ্বিনীকুমার। তাঁর চোখের সামনে ভেসে উঠল এক যুবকের ছবি। বলিষ্ঠ, উন্নত দেহ। প্রশস্ত ললাট। বড় বড় দুটো চোখে কেমন সুদূর আর স্বপ্নাচ্ছন্ন দৃষ্টি!

চেতনায় বিশাল জনরাশি কেটে এগিয়ে চলেছে একটা গয়নার নৌকো। বাতাস অনুকূল। পালে হাওয়া বেয়েছে। বাঁচের শব্দ উঠছে—হুপ্—হুপ্—হুপ্— সেই নৌকোটাকে লক্ষ্য করে আর একটা নৌকোও তীর বেগে এগিয়ে আসছে। প্রথম নৌকোর একজন আরোহী দাঁড়ে বাঁধা ছেলে বলল দাঁড়াকে, 'জোরে—আরও জোরে—দেখছ না ওরা এসে গেল বলে—'

কিন্তু আশ্চর্য! সেই নৌকোরই দেখছা আলখাল্লা পরা আর একজন আরোহীর কোন দিকে দোষবার ভ্রুক্ষেপ নেই। বিশাল নদী যেখানে আকাশ ছুঁয়েছে সেদিকে তাকিয়ে উদাস গলায় গান ধরেছে—

'কত কি ভরসে রাখিছে সন্তানে,
মাতৃভূমি স্নেহময় আজ সমর ক্ষেত্রে,
তাইে তাইে তিমি তিমি ধা-ধা-ধা—

নৌকোটা গানের সঙ্গে নৌকোর পাটাতনের ওপরে বন্ধ উঠানের মত যেন প্রবল নৃত্যে শুরু করে দিল। মাঝি-মাল্লারা চমক-সকল দেখে ভয় পেল।

—'শুনছেন? ও কর্তা, পুলিসের নৌকা যে এসে পড়ল।'

গানে বাধা পেয়ে খেঁকিয়ে উঠল আরোহী। 'আরে যা যা। ওরা তো ৯ মাস থেকে পিছু নিয়েছে—জানিস না, ওরা আমার বিরুদ্ধে ছ'টেলটা ইনজাংশান জারী করেছে—তাই ছেলেমানুষের মত হো হো করে হাসতে লাগল। হাসতে হাসতেই আবার বলল, 'পোলাপানের কারা-মাঝি খেয়া দেখেছিস যে কালী? আমি কেন জেলার গান গেয়ে যেই সে এলাকা ছাড়িয়ে আসাম, অমনি হতভাগারা সেই জেলার চুকে প্রতি-পার্টি করে ধরতে খুঁজছে। কিন্তু—'

শেষ পর্যন্ত তিনি ধরা পড়েন। মুকুন্দ দাস প্রসঙ্গে তাঁরই সহযোগী সুরেন্দ্রনাথ মজুমদার বলেছেন, "১৩১৫ (১৯০৮ সন) বঙ্গাব্দের ১লা অগ্রহায়ণ উত্তর সাহাবাজপুরের সাদপুর স্টেশনের নিকটবর্তী নদীতে মুকুন্দের গমনশীল নৌকার গতি পুলিস সাহেবের লঞ্চ কর্তৃক অব-রুদ্ধ হইল—১০৮ ধারার মকদ্দমা রুজু হইলে মুকুন্দ ধরিসালে আনীত হইলেন।"

কিন্তু তার আগে (১৩১৪ সালে) মুকুন্দ দাসের দেশাত্মবোধক পালা-গান 'মাতৃপূজা' বলিষ্ঠ কণ্ঠে রাজদ্রোহ ঘোষণা করেছে—

'বাবু বুঝবে কি আর মলে
ছিল ধন গোলাভরা, দেবে ইঁদুরে
করল সারা,
চোখের ঐ চশমা জোড়া দেখ না
বাবু খুলে।'

'দেবে ইঁদুরে' বলে বিদ্রূপ করার জন্য সেদিন ব্রটিশ সরকার ক্ষমা করে নি গ্রাম বাঁধকে। ক্যারান্ড, নির্বাসন ক্রিমিনাল—কতোর শমন-নীতির এক একটা উদ্যত খড়্গ নেমে এসেছিল তাঁর ওপরে।

কিন্তু সে বড় বিচিত্র কাহিনী—কেমন করে বরিশালের সেই আলেকালা পল্লীর এক দুর্বার ছেলে স্বদেশী যুগের চারণকবি মুকুন্দ দাস হয়ে সারা দেশে ছড়িয়ে পড়েছিল, কিসের প্রেরণায় আসরে দাঁড়িয়ে খুঁজে খুঁজে গান বেঁধে তাতে সুর সংযোগ করে গাইতো। পুঁথিগত বিদ্যে ছিল না চারণের সত্য; কিন্তু যা অনেকের থাকে না দেশমাতৃকার প্রতি গভীর অনুরাগ, সেই নিবিড় প্রেমই গানের কথা হয়ে স্বতোৎসারিত হয়েছে। বৈষ্ণব মুকুন্দ দেশজননীর মধ্যে মহাশক্তিকে প্রত্যক্ষ

(দেখুন ৩৫১ পৃষ্ঠায়)

# রোমান লিপিতে 'দুর্গেশনন্দিনী'

অমিয়কুমার বন্দ্যোপাধ্যায়

সম্প্রতি অধ্যাপক নিখিলকুমার বসুর আগ্রহাতিশয্যে একদা একটি আশ্চর্য পুস্তক আবিষ্কার করেছিলাম — আগাগোড়া রোমান হরফে মুদ্রিত বঙ্কিমচন্দ্রের 'দুর্গেশ-নন্দিনী'। শুনেছি, কলকাতার জাতীয় গ্রন্থাগারে বইটির আর আর এক কপি আছে।

বইটির শিরোনাম পৃষ্ঠা থেকে দেখা যায়, সেটি কলকাতায় ৮ হেস্টিংস স্ট্রীটে অবস্থিত ভারত সরকারের কেন্দ্রীয় মুদ্রণালয়ের মুদ্রিত ও থাকার শিক্ষক অ্যান্ড কোম্পানী কর্তৃক প্রকাশিত। কিন্তু কোন্ বছর বা সংখ্যা প্রকাশনের মর্যাদায় নিয়ে-ছিলেন, সু' পৃষ্ঠাব্যাপী মুখবন্ধে তার কোন উল্লেখ না থাকলেও, তা থেকে কলকাতার সমকালীন শিক্ষিত সমাজে পূর্ববর্তী বেশ কয়েক দশক ধরে ভারতীয় বর্ণমালাগুলির বদলে রোমান বর্ণমালা প্রবর্তনের পক্ষে ও বিপক্ষে যে সক্রিয় আন্দোলন চলছিল সে বিষয়ে নানা তথ্য জানা যায়।

অজানা উদ্যোক্তারা তাঁদের মুখ-বন্ধের শুরুতেই বলেছেন—তাঁরা এ কাজে হাত দিয়েছেন প্রধান দুটি উদ্দেশ্যে। প্রথমত, ভারতীয় কোন ভাষায় মুদ্রিত পুস্তক আগে রোমান হরফে প্রকাশ করা যায় কিনা এবং দ্বিতীয়ত, সে ক্ষেত্রে ধ্বনিসঙ্কেত-চিহ্ন (আন্তর্জাতিক মার্কস্) কত কম ব্যবহার করলে চলতে পারে তা হাতেকলমে পরীক্ষা করে দেখা। প্রথমেই তাঁরা ব্যবহার্য ধ্বনিসঙ্কেত-চিহ্নের ন্যূনতম এক তালিকা তৈরি করে বাংলার মুদ্রিত এক কপি দুর্গেশনন্দিনী সমেত মুদ্রাকরদের হাতে দেন যাঁরা নাকি অন্য কোন হরফ দেখা বা নির্দেশ ছাড়াই এক মাসেরও কম সময়ে সমস্ত বইটি রোমান হরফে অক্ষরশোক করে ফেলতে সক্ষম হন। তাঁরা সে জন্য গভীর আত্মপ্রত্যয়ের সঙ্গেই বলে-ছেন—এ দৃষ্টান্ত থেকে বেশ বোঝা যায়, ভারতীয় যে-কোন ভাষার প্রকাশিত পুস্তকের 'রোমানাইজেশন' কন্টকরও নয়, ব্যয়সাধ্যও নয়।

বাংলা বর্ণমালা রোমক বর্ণমালায় রূপান্তরিত করবার জন্য, বাংলায় হ্রস্বদীর্ঘ নির্বিশেষে ব্যবহৃত 'হ্রস্ব', 'বিন্দু' ও চন্দ্রবিন্দু' এবং ফলাসহ একটি আকৃতি-চিহ্নের প্রয়োগমাত্রই যে কাজটি সুসম্পন্ন করা সম্ভব এ বইটির পরিশিষ্টে প্রথম এক তালিকায় উদ্যোক্তারা প্রমাণ করবার প্রয়াস পেয়েছেন। তালিকাটি নিম্ন-রূপ:—

অ=a, আ=ā, ই=i, ঈ=ī, উ=u, ঊ=ū, ঋ=ri, এ=e, ঐ=ai, ও=o, ঔ=au, ক=k, খ=kh, গ=g, ঘ=gh, ঙ=n/ṅ[1], চ=c, ছ=ch, জ=j, ঝ=jh, ঞ=n/ñ[1], ট=ṭ, ঠ=ṭh, ড=ḍ, ঢ=ḍh, ণ=ṇ, ত=t, থ=th, দ=d, ধ=dh, ন=n, প=p, ফ=ph, ব=b, ভ=bh, ম=m, য=j/y[2], র=r, ল=l, শ=b/v[3], ষ=sh, স=sh, স=s, হ=h, ড়=ṛ, ঢ়=ṛh, য়=y, ৎ=h[4], ং=ṁ, ঃ=ṁ

উপরের চিহ্নিত সংখ্যাচিহ্নিত অক্ষর-গুলি সম্পর্কে একটু ব্যাখ্যা প্রয়োজন। (১) ঙ=ঙ, ঞ, ণ, ন, ম এই পাঁচটি ব্যঞ্জনবর্ণের সঙ্গে যুক্তভাবে ব্যবহৃত হলে, তার রোমক প্রতিবর্ণ শুধু 'n' কিন্তু অন্যান্য ব্যঞ্জন বা স্বরবর্ণের ক্ষেত্রে উপরে বিন্দু-সমেত 'ṅ' । (২) য=ঢ, ঃ, ঙ, ঞ এই চারটি ব্যঞ্জনবর্ণের সঙ্গে যুক্ত থাকলে শুধু 'n' ; অন্যথায় প্রদর্শিত আকৃতি-চিহ্ন সমেত তার ব্যবহার হবে। এই একটিমাত্র বিরল ক্ষেত্রে এমন একটি ধ্বনি সংকেত-চিহ্নের প্রয়োজন যার সঙ্গে বাংলা-মুদ্রাকরেরা ইতিপূর্বেই পরিচিত নন। (৩) ব=ঢ 'j' ; উদ্যোগ (উদ্যোগ) বা অনুরূপ অক্ষর ক্ষেত্রে 'j' কিন্তু দ্বার, দ্বারা, প্রভৃতির বেলায় 'v' । (৪) চন্দ্রবিন্দু প্রভৃতি সমেত 'ব' যেখানে স্পষ্টতই উচ্চারিত, সেখানে 'b' ; কিন্তু দ্বার ধ্বনি প্রভৃতির বেলায় 'v' । (৫) ঃ= 'h' যদি অক্ষরের শেষে থাকে; কিন্তু মধ্যবর্তী স্থানে থাকলে পরবর্তী রোমান ব্যঞ্জনবর্ণের দ্বিত্ব হবে। 'n' -এর উপর চন্দ্র-বিন্দু সংকেত চিহ্ন, তালিকায় অন্তর্ভুক্ত হলেও, শুধু সীমিত ক্ষেত্রেই তার ব্যবহারের প্রয়োজন দেখা দেবে। অতএব সে বিষয়ে বিস্তারিত টীকা নিষ্প্রয়োজন। 'ক্ত'-র প্রয়োগের বেলাতেও একই কথা বলা যায়।

দুর্গেশনন্দিনীর রোমান রূপান্তর-কারীরা আরও বলেছেন—'জ্ঞ'-এর প্রতিবর্ণ 'jn' 'ক্ষ'-এর 'ksh' এবং 'ক্ষ্ণ'-এর 'kshn' ধরে নিলে তারা সহজেই রোমানীকৃত হতে পারে। অতএব, খুব মোটামুটির দৃষ্টিতে না দেখলে, বাংলা বর্ণমালার ইতি-পূর্বেই লভ্য 'হ্রস্ব', 'বিন্দু', চন্দ্র-বিন্দু', বিরল ক্ষেত্রে, প্রদর্শিত আকৃতি-চিহ্নের প্রয়োগে বাংলা লিপিকে অনায়াসেই মোটামুটি শুদ্ধ উচ্চারণের রোমান লিপিতে পরিণত করা সম্ভব।

আলোচ্য পুস্তকের উদ্যোক্তারা আরও দু'-একটি ছোট-খাট নিয়ম গ্রহণযোগ্য মনে করেছিলেন। যথা, অক্ষরের শেষ ব্যঞ্জনবর্ণের উচ্চারণ যেখানে হসন্ত নয়, সেখানে রোমানী-করণের সময় 'a' ব্যবহার নিষ্প্রয়োজন। যেমন, অর্জুন= 'Arjun' কিন্তু = 'bill' 'Arjuna' অথবা 'bila' নয়। কিন্তু সমাসবদ্ধ বা হাইফেন দিয়ে সংযুক্ত যুগ্ম-অক্ষরের প্রথমটি যদি অকারান্ত হয়, তাহলে সেখানে 'a' ব্যবহার বিধেয়। যেমন 'শোকসন্তপ্ত= shokasantapta চন্দ্রকিরণ= chandrakiran যুগ্ম-শব্দ, jugma-shabda প্রভৃতি। আর একটি নিয়ম—'রেফ্'-এর ব্যবহার হলে, পরবর্তী ব্যঞ্জনবর্ণের দ্বিত্ব পরিহার করতে হবে। যেমন, 'গর্জন'= garjan 'কর্তব্য'= kartabya ইত্যাদি। এ পুস্তক প্রকাশের বহু যুগ পরে বঙ্গীয় সরকার কর্তৃক গঠিত বাংলা পরিভাষা সমিতিও এই একই কথা অনুমোদন করেছিলেন।

মুখবন্ধের এক স্থানে, পুস্তক-প্রকাশকরা প্রায় জবাবদিহির ভঙ্গিতে বলেছেন—যুক্তবর্ণ শ ও ষ-এর ক্ষেত্রে বিন্দু (.) ব্যবহার করে তাদের স্বকীয়তা দেখানো হয়নি বলে, কিছুকাল আগে প্রতিষ্ঠিত মোটা-মুটি 'রোমান অক্ষর সমাজ' যেন ভুল না বুঝেন। বর্গীয় 'জ' ও অন্তস্থ 'য'; বর্গীয় 'ব' ও অন্তস্থ 'ব'; তালব্য 'শ' ও মূর্ধন্য 'ষ'-এর ক্ষেত্রেও রোমান বর্ণান্তরের সময় কোন পার্থক্য করা হয়নি। 'রোমান অক্ষর সমাজ' নামক সমকালীন সংস্থাটি সম্পর্কে পরে বলছি। আপাতত এটুকু বলি যে কলকাতা সংস্কৃত কলেজের তৎকালীন অন্যতম পণ্ডিত মহেশচন্দ্র ন্যায়রত্ন ছিলেন সে সংস্থার প্রাণস্বরূপ এবং 'রোমানাইজেশন'-এর সমর্থক হলেও সংস্কৃত বা বাংলা বাক্যবন্ধের সামান্যতম ক্ষেত্রেরও তিনি ঘোরতর বিরোধী ছিলেন। শুধু তিনিই নন, তাঁর মতো অন্যপন্থী আরও অনেক সংস্কৃত পণ্ডিত তখন একই অভিমত পোষণ করতেন। যেমন, কার্যত মাত্র তিন-চারটি ধ্বনি সংকেতচিহ্নের ব্যবহারে বাংলা লিপি যে রোমান লিপিতে রূপান্তরিত করা যায় এই দাবী সেকালের পণ্ডিত-মানিত বাংলা সাহিত্যসেবক এক অসম-সাহসিক প্রয়াস বলে গণ্য হবার যোগ্য।

এই পরিবেশে দুর্গেশনন্দিনীর লেখক বঙ্কিমচন্দ্রের কণ্ঠে প্রকৃতির একটি কোমল দিকের প্রতিও দৃষ্টি আকৃষ্ট না হয়ে পারে না। 'রোমানাইজড্' পুস্তকটির উদ্যোক্তারা যখন এ বিষয়ে তাঁর অনুমতি প্রার্থনা করেন তখন তিনি প্রত্যুত্তরে দৃঢ়তার সঙ্গেই বলেন—যে সব অবাঙালী বাংলা বই পড়তে চান তাঁদের উচিত বাংলা ভাষা শিখে মূল গ্রন্থগুলি পাঠ করা। বাংলা শব্দকে রোমান হরফে মুদ্রিত করলেই যে তার অর্থ তাঁদের বোধগম্য হবে এমন নয়। তা ছাড়া বাংলা ক্রিয়া-পদের নানান রূপ ও বাক্য সংগঠনের বিভিন্নরূপ রীতি সম্পর্কে তাঁদের অজ্ঞতা ঘুচাবারই যথাযথরূপ হয়ে থাকবে। বঙ্কিমচন্দ্র 'রোমান অক্ষর সমাজের সঙ্গেও নিজেকে যুক্ত করেননি যদিও এ বিষয়ে তাঁকে সাধাসাধি করা হয়েছিল। কিন্তু 'রোমানাইজড্' দুর্গেশনন্দিনীর উদ্যোক্তারা যখন তাঁকে বোঝান যে অন্য ভাষাভাষীদের কথা কিছুটা স্বতন্ত্র হলেও, আসাম, ওড়িষ্যা ও বিহারের বেশ কিছু অংশের অধি-বাসীরা ইতিপূর্বেই এত বেশী বাংলা শব্দের সঙ্গে পরিচিত যে, রোমান লিপিতে মুদ্রিত হই তাঁরা কিছুটা মোটামুটি বুঝতে পারবেন, তখন শুধুমাত্র সেই ঐকান্তিকতায় তিনি নাকি এক মুহূর্ত ভেবে নেন যে, শেষ অবধি দুর্গেশনন্দিনীর রূপান্তরের অনু-মতি দেন।

আলোচ্য গ্রন্থের প্রযোজনায় নিজস্ব কোন সংস্থার পত্তন করেছিলেন কিনা তা জানা যায় না। কোন বাক্তিবিশেষের উদ্যোগে যে কাজটি সম্পন্ন হয়েছিল সে কথাও বলা যায়

না। কেননা বইটির 'মুখবন্ধে' বা অন্যত্র এ সব প্রসঙ্গের কিছুমাত্র উল্লেখ নেই। তবে ১৮৮১ খৃষ্টাব্দে আলোচ্য পুস্তকটি প্রকাশিত হওয়ার অল্পকাল পরেই 'ক্যালকাটা রিভিউ' পত্রিকার ৭২-৭৩ খণ্ডে (একত্র বন্ধনে) প্রখ্যাত শিক্ষাবিদ্ প্রীশচন্দ্র মজুমদারের লিখিত 'এ ইউনিফর্ম্যাল অ্যালফাবেট অ্যান্ড ইট্স্ রোমনাইজেশন অব ইণ্ডিয়ান ল্যাংগোয়েজেস্' নামের এক দীর্ঘ প্রবন্ধ প্রকাশিত হয়। সেখানে তিনি ২৪ পরগনা জেলার ম্যাজিস্ট্রেট-কালেক্টর জে. এফ. রাউনকে 'রোমান অক্ষর সভা'র প্রতিষ্ঠাতা বলে উল্লেখ করেছেন। এই সভা 'রোমান অক্ষর সমাজ' থেকে পৃথক এক প্রতিষ্ঠান না শাখাসংগঠন, তা জানা যায় না। সভাপতি হিসাবে তাঁর পক্ষে বা বিপক্ষে বলারও কোন প্রমাণ নেই। তবে এসিয়াটিক সোসাইটির জনক উইলিয়াম জোন্স্-এর সময় থেকেই বিভিন্ন ভারতীয় ভাষায় লিখিত পুস্তক রোমান হরফে মুদ্রিত করবার প্রয়াসের সূত্রপাত হয় এবং এ সম্পর্কে তিনি ও তাঁর শিক্ষিতেরা যে নির্দেশ প্রস্তুত করে গেছেন, সমকালীন শিক্ষিত সমাজ তাকেই প্রামাণিক প্রমাণ বলে গণ্য করেন। কিন্তু এ বিষয়ে তর্কপরায়ণতা ও চুলচেরা বিচারের কিছুমাত্র অবসান ঘটে না। সে জন্য 'রোমান অক্ষর সমাজ' ও 'রোমান অক্ষর সভা' নামের দুটি পৃথক সংস্থার একসময়ে অস্তিত্বে থাকবার কিছু নেই। এ ছাড়া একক ব্যক্তি বা ছোট ছোট গোষ্ঠীও হয়ত এ আন্দোলনে যোগ দিয়ে থাকবেন। সন্দেহ হয়, আলোচ্য পুস্তকটি শেষোক্ত সভার তরফ থেকে প্রকাশিত হয়ে থাকবে যিনি (বা যাঁরা) হরফ বিষয়ক নানা প্রতিপক্ষের সুদীর্ঘ বিতর্কের বুকি এড়াবার জন্য আড়ালে থাকাই যুক্তিযুক্ত মনে করেছিলেন। ১৮৫৩ খ্রীষ্টাব্দে লন্ডন থেকে প্রকাশিত এইচ. এইচ. উইলসনের বিখ্যাত 'গ্লসারি' থেকে আরও কিছু দামী প্রমাণ এখানে উদ্ধৃত করা যেতে পারে। তিনি সে গ্রন্থের ভূমিকায় লিখেছেন—জোন্স্ ও শিলাজিষ্ট ধ্বনি সংকেতচিহ্নগুলির প্রামাণিক বুনিয়াদ তৈরি করে দেবার পর

"In 1834, a vigorous effort was made in Bengal to establish what was termed the Romanizing system, or the substitution of Roman letters for the characters of the country in all printed books, and the project is still in operation to a limited extent. The different modes of writing the Oriental words in Roman letters were then fully and fairly considered and a system nearly identical with that of Sir William Jones was adopted. Again, in 1845, an intelligent and indigenous treatise on the mode of writing Oriental words having special reference to the present Glossary, by Mr. Crow, Deputy Collector, was published in Calcutta. . . . . Still more recently, the subject has been taken up by the Missionaries of England and America and some eminent German Oriental scholars and philologers and several conferences were held under the auspices of Chevalier Bunsen for the purpose of fixing a standard in Roman characters for the expression of foreign forms of speech, whether possessed of alphabets or without them. . . . . There is no lack, therefore, of careful and competent investigation of the subject; and although uniformity of practice has not been, and probably will not be, the result, yet and approximation has been made to it."

পূর্বধারণা ঊর্ধ্বতনের সমর্থনে এ কথা বলা চলে যে উনিশ শতকের মাঝামাঝি (অন্তত ১৮৫৫ খৃষ্টাব্দ অবধি) বঙ্গদেশের শিক্ষিত সমাজে 'রোমানাইজেশন' সম্পর্কে যে সব চিন্তাধারা কাজ করেছে এখনে তার একটি সংক্ষিপ্তসার পাওয়া যায়। ১৮৫৫ খৃষ্টাব্দের পরেও 'রোমানাইজেশন' আন্দোলন যে কিছের বন্ধীভূত হয়নি তার অনেক প্রমাণ ১৮৮১ খৃষ্টাব্দে কলকাতা থেকে প্রকাশিত আলোচ্য পুস্তকটি। এ গ্রন্থ-প্রকাশের পিছনে যাঁরা ছিলেন তাঁরা তার কোনও বাংলা প্রচ্ছদ অনুরূপ বর্ণান্তর করিয়েছিলেন কিনা কিংবা 'রোমান অক্ষর সমাজ' অথবা 'রোমান অক্ষর সভা' পৃথকভাবে এরই কাজ করেছিলেন কিনা, এসব কথা থাকলে, কোন্ কোন্ পুস্তকের ক্ষেত্রে করেছিলেন, তা জানা যায় না। এমন কি, উইলিয়াম জোন্স্, শিলাজিষ্ট, জে. এফ. রাউন, পণ্ডিত অনুকূলচন্দ্র ন্যায়রত্ন ও পরামর্শদাতা মণ্ডলী (যাঁদের নাম আগেই উল্লেখিত হয়েছে) ছাড়া এই ব্যাপক ও দীর্ঘস্থায়ী আন্দোলনের সঙ্গে ঘনিষ্ঠভাবে যুক্ত অন্যান্য বিশিষ্টজনের নামধাম ও তাঁদের অবদান বিষয়ে কোনও সংবাদ আমি নানা চেষ্টা করেও সংগ্রহ করতে পারিনি। পাঠকদের মধ্যে কেউ এ বিষয়ে আলোকপাত করলে ভাল হয়।


DURGESHA-NANDINI

Hibritta-mulak Upanyas.

SHRI BANKIMCHANDRA CHATTOPADHYAYA

PRANITA.

ROMAN AKSHARE MUDRITA.

CALCUTTA:
THACKER, SPINK AND COMPANY.
1881.

রোমান লিপিতে প্রকাশিত দুর্গেশনন্দিনীর বক্তব্যপ্রকরণে তাঁদের স্বীকৃতির প্রায় একটি গুরুত্বপূর্ণ কথা বলেছেন। যেহেতু বাংলার কোন্‌টি সমাসবদ্ধ পদ আর কোন্‌টি নয় সে নিয়ে মতপার্থক্য আছে সে জন্য, তাঁদের মতে, সমাসচিহ্ন দ্বারা জন্য সব বিতর্কিত ক্ষেত্রে, রোমান লিপি ব্যবহারের কালে হাইফেন ব্যবহার করাই বাঞ্ছনীয়। এ প্রস্তাবের সপক্ষে ব্যবহৃত শিরোনাম-পৃষ্ঠার ছবিটি থেকে পাঠক লক্ষ্য করবেন—দুর্গেশ-নন্দিনী ও ইতিবৃত্তমূলক' কথা দুটিকে সমাসবদ্ধ পদ হিসাবে গণ্য না করে হাইফেন-খণ্ডিত পদ রূপে দেখানো হয়েছে। কিন্তু মুদ্রিত প্রতিলিপি অবশ্যই পরিষ্কার না হওয়ায় আশঙ্কায়, তাদের মতো কয়েকটির উল্লেখ করছি। যথা, 'kiyat-kshan' (কিয়ৎক্ষণ), 'mukha-padma' (মুখপদ্ম), 'bhramara-krishna' (ভ্রমরকৃষ্ণ), 'shiro-desh' (শিরোদেশ), 'kaksha-madhye' (কক্ষমধ্যে) প্রভৃতি। অন্যদের বাঙালী পাঠকের কাছে হাইফেন-এর এ ধরনের অনাবশ্যক ব্যবহার খুবই দৃষ্টিকটু ঠেকবে। পক্ষান্তরে, অবাঙালী পাঠকেরা ভাববেন, এ সব সমাসবদ্ধ পদ বাংলায় বুঝি বা হাইফেন সহযোগেই ব্যবহৃত হয়ে থাকে। উভয়ত এই ভ্রান্তির সম্ভাবনা আলোচ্য বইটির এক বড় রকমের ত্রুটি।

আলোচ্য গ্রন্থের একটি অতি প্রশংসনীয় দিক—বঙ্কিমের মূল বাংলা দুর্গেশনন্দিনীর কোনও সংস্করণে কোন ছবি না থাকলেও 'রোমানাইজড্' পুস্তকটিতে বেশ কয়েকটি 'উড্-কাট' ছবি সন্নিবেশিত হয়েছিল। সে রকম মাত্র একটি ছবি প্রকল্পের সঙ্গে ব্যবহার করা গেল। তাদের একটিতে এ

(শেষাংশ ৩৪২ পৃষ্ঠায়)

# নেতাজীর অপ্রকাশিত পত্র

1 Woodburn Park
Calcutta
13 11. 29

My dear Braja Bhusan Deb,

I am sorry to hear that you are ill. Your presence in Calcutta would have been a great help to us in the present crisis.

Mr Sengupta is determined to stand for the Presidentship of the B.P.C.C. He will also draw up a list of office bearers and members of the Executive Council. Their idea is to make a clean sweep of the present executive.

Mr Sengupta is at present the Mayor as well as the leader of the Council Party. In 1927 and 1928, I also offered him the Presidentship of the B.P.C.C., which he did not accept. He now is trying to forcibly oust me from the B.P.C.C. executive. I can say with a clean conscience that I have not only offered him back the triple crown, but I have also tried my very best to accommodate him in every possible manner. In fact, I have given in to him in every matter till quite recently

* ডিরেক্টর ইন্দিরার অনুমতিক্রমে, অমরেন্দ্রনাথ চট্টোপাধ্যায় রোড কলেজের সহকারী অধ্যাপক অনুপম গুহ এবং মিস সেনগুপ্ত, সেন্ট্রাল রিসার্চ ইন্সটিটিউশনের সৌজন্যে

2

I have failed to attract his sympathy and cooperation. At a time when I have been isolated from all the other leaders and am standing on the threshold of the prison house, Mr Sengupta by hounding me out of the B.P.C.C. will only be helping the Government by discrediting and disgracing me. I am surprised that the aspect of the question does not concern him in the least. All attempts at compromise, including the attempt of Pandit Motilal Nehru, have failed and a straight fight is inevitable.

The Ghoshia party have for a very long time been carrying on a systematic propaganda against Sir Kiran Sankar Roy, Nalini Ranjan Sarkar, Surendra Mohan Ghosh and myself. Dr Bidhan Chandra will have a great influence on the Murshidabad vote - but he tells me that he is prepared to vote for me but not for the present executive. Both Kiran Babu and I are sure to be convicted before the end of December — so you think

294877

3

in the present circumstances I feel that
- to fight by office. Will this not
amount to a virtual vote of no-confidence
in us ?

Please consider the
situation carefully and do what you think best.
The two parties are sharply divided but we hope
to win if we get the support of the 16th inst
that you we are now expecting.

I do not know the state of
your health. I wish you could come to
Calcutta are about the 15th of the latest.
Who, in your opinion, should be accepted from
Murshidabad District ?

With regards.

Mine in sd/ Subhas

Yours sincerely
Subhas Chandra Bose

---

নেতাজী সুভাষচন্দ্র বোস রাজবন্দিদের চিঠিটি বিশেষজ্ঞদের তত্ত্বাবধানে বৃদ্ধিদীপ্তার সেবা আয়োজনের সভাপতি প্রফুল্লচন্দ্র ঘোষ (প্রফুল্লদাদা) সমীপেষু করা। সেটি ইংরেজী ১১৪১ সাল। চিঠিটির থেকে এ কথা সুস্পষ্ট যে সুভাষচন্দ্রের ঐতিহাসিক অন্তর্ধানের তখন পুরো দিন থেকে বিশ্বাস হয়ে পড়েছিল। কলকাতার মানুষ বুঝতেন সভাষ এ ভূমি ছাড়া, যাইতে পুরো করেন যে তাহার কারণ সুভাষচন্দ্রের দাবি অবলম্বন বিশ্লেষক। তাই তাঁকে আন্তর্জাতিক মহলে পরিচিত করার বিভিন্ন ছবি তুলে প্রচারও তারা করে। এমনকি ১১২৮ সাল থেকেই তৎকালীন অন্তরীণ বাঁধার সভাধীনের বিভাজন থেকে এবং দেহরা থেকে সুভাষচন্দ্রকে দূরে রাখতে চায়। এই পরিপ্রেক্ষিতের চিঠিটি উল্লেখযোগ্য।

—সম্পাদক

## নট ও নাট্যকার

# মহেন্দ্রনারায়ণ চৌধুরী

# ও

# ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদ

শশাঙ্কশেখর সান্যাল

মহেন্দ্রনারায়ণ চৌধুরী

নব্বই বছর আগে ১৮৭২ সালের জানুয়ারি মাসে নাটোরের জমিদার মহেন্দ্রনারায়ণ চৌধুরী সম্পাদিত 'নাটোর' নামে ১৩৩২ সালের ৭ ফাল্গুন সংখ্যার মুখবন্ধ করেন।

'আমরা শুনে অত্যন্ত দুঃখিত হলুম যে নিমতিতার অধিবাসীরা জেলার, প্রতিবেশ জমিদার মহেন্দ্রবাবু একদ্বারে ইহলোক পরিত্যাগ করে চলে গেছেন। বাল্যকাল থেকে তাঁর মত নাট্যোদ্যম ও নাট্যশালার পরম হিতৈষী বন্ধু আর কেহ ছিল না। তিনি প্রচুর লক্ষাধিক টাকা ব্যয় করে নিমতিতায় একটী প্রকাণ্ড নাট্যশালা নির্মাণ করেছিলেন। কিন্তু অবশেষে সাধারণে। তাঁর নিজের একটী সখের নাট্য সম্প্রদায়ের সঙ্গে মহেন্দ্রবাবু অনেকবার অনেক নাটকে নিজে নায়কের ভূমিকায় অবতীর্ণ হয়ে অভিনয় করেন। অনেকেই হয়ত জানেন না যে তিনি সহায় না হলে শ্রীযুক্ত নিশিরকুমার ভাদুড়ীর পক্ষে নাট্যজগতে স্থায়ীরূপে কোনও নিজের স্থান করে নেওয়া সম্ভব হতো না। তিনি নিশিরবাবুর অভিনয়ের একান্ত অনুরাগী ছিলেন, তাই নাট্যশিল্পের অনেকখানি ভার তিনি নিজের স্কন্ধে তুলে নিয়ে চন্দ্রচূড় মহাশয়কে একটী প্রকাণ্ড রঙ্গমঞ্চের অধিকারী করে অভিনয় করবার সুযোগ ও সুবিধা করে দিয়েছিলেন। মনমোহন নাট্যশালায়।

নিমতিতা গ্রাম ভাগীরথীর মহকুমার অবস্থিত। সুন্দর বসতবাটী ও বাগানের পাশ দিয়ে স্বচ্ছতোয়া ও খরস্রোতা গঙ্গা প্রবাহিত ছিল। বর্তমানে বালুময় মরুর রূপ ধরেছে।

ভাগীরথীর পুণ্যসলিলা স্রোতের পূর্ণতিকা থেকে প্রজাদিগের উদ্বৃত্তি : বাঙ্গলার অনেক উর্বরিত জমিদারের সমাজ অনুসরণ সহরের আড়ম্বরে আকৃষ্ট না হয়ে মহেন্দ্রবাবু পল্লী-প্রেমের মহত্ত্ব, সরল জীবনের মহত্ত্বই নিজেকে পরিপূর্ণভাবে উপলব্ধি ও প্রকাশিত করতে পেরেছেন। পল্লী-প্রেমের এই বিরাট বাড়ি মফস্বলে ঐশ্বর্যের মালিক হয়েও কোনদিন পল্লী অঞ্চল ত্যাগ করে নগরবিলাসী হতে চাননি। নানাবিধ অনুষ্ঠানের

আবহে তিনি বেতারশ্রীর করে ঐতিহ্যের আনন্দ বিধান করতে চেয়েছিলেন।"

বাঙলা ১৩৫২ সালের ২১ মাঘ মাত্র ৬৭ বছর বয়সে (জন্ম : বাঙলা ১২৮৫) এই প্রতিভাবানের তিরোধান ঘটে। মুক্তাগাছার সবর মহারাজের থেকে লিজ নিয়ে তাঁর ভাই ও তাদের সরকারী সরকারী ভাড়া মুক্তাগাছা হাউস ছেড়ে এসেছেন। তখন তিনি প্রতিষ্ঠার নাটকের কারোপযোগী বিদ্যাবিনোদের) একও এগুলোচিত্র, অর্ধাবিত্ত, দ্বিজেন্দ্রলালবিহীন নাট্যকলার পাণ্ডুলিপি (যার অংশবিশেষ এই সংখ্যায় প্রকাশিত হল) অভিনয় চলিয়াছে আইডে চেয়েছেন। বাঁধিও টের পাইনি কখনো।

অভিনয়ের আসরে-বাসরে কবিয়াল বিলাসিনীদের সঙ্গে মহেন্দ্রবাবুর মহাদেবপ্রতিম প্রভাব পরস্পরের পারিবারিক সম্পর্কে প্রতিষ্ঠা পেয়েছিল। কবিয়েলপ্রসাদের অনেক গানের সুরশিল্পী নির্মাতিতার বাদ্যের বাদ্যিক সম্পাদনের দীর্ঘ সময়ে বাজানো। এখনকার সম্পাদকে কলকাতার নায়করা এসে অভিনয় করেছে। তার সঙ্গেই মহেন্দ্রবাবুর মনের পাশা স্ত্রী-ভূমিকার ভূমিকায় স্টীলোক বলে নিয়েও প্রকৃত প্রকাশ পেয়েছে। ফলে, মহেন্দ্রবাবুর নিজস্ব অভিনয়শৈলীও ছাড়াও তাঁর অনন্যকলীয় প্রকাশ-প্রতিভা। এই স্বীকৃতির নিদর্শন কবিয়েলপ্রসাদের বিখ্যাত নাটক 'অমরসিংহ রাজপুত'-এর টাইটেল লিখিত ঐকমত্য।

একবার নির্মাতিতা মঞ্চে আসর-পরিচয় অভিনয়। মহেন্দ্রবাবুর নিজস্ব দলের সিন্ধান্ত। পর পর দুই রাত্রি অভিনয়। ৫৫ রাত্রের আসরসীমার মহেন্দ্রবাবু, যার এক রাত্রের আসর-সীমায় শিশিরবাবু। দ্বিতীয় রাত্রের অভিনয় জন্যে রঙ্গমঞ্চের পাশ-প্রসিদ্ধের সামনে বাঁড়িয়ে নিজস্ব ঐকান্ত ভলিমায় শিশিরবাবু ঘোষণা করেন, "অভিনয়ের কোন কোন অংশে মহেন্দ্রবাবু আমার চেয়ে উৎকর্ষ অর্জন করেছেন।" দ্বিজেন্দ্রলাল অভিনয়ে একই ভাঁজনেতা (অভিনেতা নয়) আসর সুরেন, সমালোচনা করিছিল। বুদ্ধিদীপ্ত ও অন্যান্য অভিনয়ালিপ্ত সকলেরই পড়ার পরে ও অন্যান্য পরে মহেন্দ্রবাবুই সহজ করেছেন। বুদ্ধিদীপ্ত উচ্চ শ্রেণীর অভিনয়শিল্পী। নাম্বারিক চরিত্রে ছাপ রেখেছে। এখন তার বয়স ৭৭/৭৮। তার কাছে শোনেই সেই এক কথা "শিশিরবাবু ও মহেন্দ্রবাবুর প্রথমদিনের অভিনয়ে তিল দাঁড়িয়েছিল—একটি হেসে হাসিয়ে কুটিলতা, আর একটি কুটিলতা হাসিয়ে হেসে। তবে হাঁ তোমায় বলেছি মহেন্দ্রবাবু যেন আমাকে হাসিয়ে উঁচুদরীয়ে নীচে রেখে বহু টানুতে চলে গেছেন। আমি আজও তাঁর আর অবাক হই।" কবিয়েলবাবুও বলতেন "দুই আসরসীর দুইরূপ"।

শিশিরবাবু ছাড়া মহেন্দ্রবাবু প্রথাত নাটকের ও অভিনেতা জগদ্বন্ধুপ্রসাদ মুখোপাধ্যায়ের সঙ্গেও একই মঞ্চে অভিনয় করেছেন—মহেন্দ্রবাবুর সহরে, কাশিমবাজার মহারাজা মণীন্দ্র চন্দ্রীর প্রাসাদে ও কলকাতায়। প্রবেশ সিনেমা ও নাট্যবেদনায় মহেন্দ্রবাবুর অসাধারণ বুদ্ধিদীপ্তি ছিল। কবিয়েলবাবু তাঁর লিখিত পাণ্ডুলিপি প্রায়ই মহেন্দ্রবাবুর নির্দেশে পরিবর্তন ও পরিবর্ধন করেছেন। যথা 'তাঁতি', 'নরনারায়ণ', 'অন্ধ রাজের'। অন্ধ রাজের অভিনয় সময়ে কবিয়েলপ্রসাদ মহেন্দ্রনারায়ণকে যে চিঠি লিখেছিলেন—৮।১২।১৬ (৩৪৭ পৃষ্ঠায় মুদ্রিত হয়েছে), তাহলেই বেশ বোঝা যায় মহেন্দ্রবাবুর দৃষ্টিকোণকে তিনি কত শ্রদ্ধা করতেন। উক্ত পত্র লিখিত অন্ধ কবিয়েলপ্রসাদের যেসব পত্র সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, নবনারী—তাঁর কন্যা, এবং 'নির্মাতিতা'—তাঁর জামাতা উপেনাথ।

মহেন্দ্রবাবু অভিনয়ের কৃপালাভের গান ও নাচ দেখাতেন। এছাড়া একবার তিনি অসাধারণ গায়কীও ছিলেন। কলকাতা মহেন্দ্রনারায়ণ চাঁদুরী সম্পাদনের বিশিষ্টজনের এক মহান পৃষ্ঠপোষক ছিলেন।

নির্মাতিতার জন্মশতবর্ষ এখন কীর্তিনাশার পথরেখে। সেখানে অসাধারণ বাঁড়িয়ে বিশিষ্ট বিশিষ্টজনের দৃষ্টিপিছের পাশাপাশি আজ অতীতের স্মৃতিচারণ করি আর বলি, "কই যে আমরা অন্ধ কই!"





শ্রীরামকৃষ্ণের হস্তাক্ষর (রামকৃষ্ণের শিক্ষাচিন্তা)

উপরে : দুই রূপসজ্জায় চারণকবি মুকুন্দদাস (উদ্বোধনে মুকুন্দদাস)

"Osmán, jadi tumi jijnásá kara, tabe ámár uttar ei je, ei bandí ámár práneshvar!"

নীচে : "ওসমান, যদি তুমি জিজ্ঞাসা কর, তবে আমার উত্তর এই যে, এই বন্দী আমার প্রাণেশ্বর!" (রোমান হরফে মুদ্রিতলিপি)

(আগের দুই পৃষ্ঠায় 'ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদের যে পাঠকের উদ্ধার ও অন্তর্ধানের প্রতিলিপিত হয়েছে, সেটি এখানে পুনর্মুদ্রিত হল।)

প্রথম অঙ্ক

প্রথম দৃশ্য

উদ্যানপথ

(কালী ও ঘোষকের প্রবেশ)

কালী। এই পথ দিয়ে যাও—ওই যে সুন্দর জলাশয় দেখছ—ঠিক ওর পূর্বধারে একটি আশ্চর্য ফুল দেখতে পাবে।

ঘোষক। গাছ তো কখন দেখিনি—চিনব কেমন করে?

কালী। সে গাছ আর চেনাতে হবে না। সে তোমাকে চিনতে পারবে। সে গাছ দুনিয়ায় নেই, শুধু এই বাগানে আছে।

ঘোষক। নাম কি বললে?

কালী। সোমলতা। তার রস খেলে মানুষের অমর হয়। আগে দেবতারা তাই পান করত। যদি আনতে পার, তবেই তোমার বাবা বাঁচবে। নইলে বাঁচবে না। আমি ওই পাঁচিলের পাশে দাঁড়িয়ে থাকবো। যাও, আর দেরি কর না। (ঘোষকের প্রস্থান) যাক্—এই জন্মের মুখে এবারে তোমাকে ছেড়ে দিয়ে গেলুম। বার বার তুমি হাত ফসকে বেরিয়ে গেছ। এবারেও যদি বাঁচ, তাহলে বুঝব তুমি অমর। কিন্তু মানুষে তোমাকে মারতে পারবে না। ঐ ঐ রাজা বেড়িয়ে বেড়াচ্ছে—নজরে পড়ল—পড়ল—ঠিক হয়েছে। (প্রস্থান)

নেপথ্যে। রানী-রানী—শীঘ্র দেহ আবৃত কর। একজন অজ্ঞাত কুলশীল যুবাপুরুষ উদ্যানমধ্যে প্রবেশ করেছে।

নেপথ্যে। সখী-সখী! শীঘ্র সকলে আমাকে বেষ্টন করে কুঞ্জকেরলে নিয়ে চল।

(অনুরোধার প্রবেশ)

অনু। একি দেখলুম! ওই আর তো দেখতে পাচ্ছি না! কোথায় গেল? একি বিদ্যুৎবিকাশ! একি বাঁচিয়ে বাঁচিয়ে ঘুমিয়ে পড়েছিলুম! বাঁচিয়ে বাঁচিয়েই কি স্বপ্ন দেখলুম!—না দেখেছি, দেখেছি—নিশ্চয় দেখেছি—কে ও? (প্রস্থান)

(উদয়নের প্রবেশ)

উদ। তাই তো! এমন সাহসী! যে সময় রাণী সহচরীদের সঙ্গে সরোবরে জলকেলি করছেন, সেই সময়ে এই ব্যক্তি এ উদ্যানে প্রবেশ করল! সাহসী না উন্মত্ত? হয় উন্মত্ত, না হয় জানে না! জানুক আর নাই জানুক, পালাক আর নাই হক, যুবক তোমায় মৃত্যু আনবার্য। আর স্বয়ংরাও মৃত্যু অনিবার্য। কে তুমি? এইদিকে এস—

(ঘোষকের প্রবেশ)

ঘোষক। তুমি কে?

উদ। আমি এই উদ্যানের অধিকারী।

ঘোষক। তাহলে তুমি রাজা। (প্রণাম)

উদ। তা হতে পারি, কিন্তু তুমি কে?

ঘোষক। (পুনরায় প্রণাম) পরিচয় দিতে পারবো না।

উদ। তুমি কি এ বাগানের আইন জান না?

ঘোষক। আগে জানতুম না, বাগানে ঢুকতে দিয়ে জানতে পেরেছি।

উদ। কি জেনেছ?

ঘোষক। যে পুরুষ এ বাগানে প্রবেশ করবে, তাকে কঠোর শাস্তি পেতে হবে। কিন্তু যে এ সময়ে যে ঢুকবে, তার মৃত্যু। এ সময় রাণী তাঁর সহচরীদের সঙ্গে এখানে জলকেলি করেন।

উদ। কে তোমাকে বললে?

ঘোষক। স্বামী।

উদ। এ জেনেও তুমি প্রবেশ করলে?

ঘোষক। এই তো দেখতে পাচ্ছো।

উদ। স্বামী তোমায় ঢুকতে দিলে?

ঘোষক। না—আমি পাঁচিল টপকে এসেছি। যথার্থই কি তুমি রাজা?

উদ। আমিই রাজা উদয়ন। (ঘোষকের তৃতীয় বার প্রণামকরণ)—কি? প্রাণের ভয়ে আমাকে বারবার প্রণামে তুষ্ট করছ নাকি?

ঘোষক। না রাজা, প্রাণের ভয়ে কেন, স্বর্গজ্ঞানে প্রণাম করছি। একজন পুরুষলোক বলে বোধ হয়, আমি তোমাকে প্রথমে প্রণাম করেছি। আমি যখন জিজ্ঞাসা করলুম, তুমি রাজা কি না, তুমি বললে তা হতে পারি—কি জানি যদিই রাজা হও, তাই আমি আর একবার প্রণাম করেছি। এখন ঠিক জানতে পেরে, তোমার কথা সত্যি বিশ্বাস করে, আরও একবার প্রণাম করলুম, কিন্তু রাজা, একনারীর মত এই আমার শেষ প্রণাম।

উদ। কেন?

ঘোষক। এর চেয়ে বেশী প্রণাম করলেই ভিক্ষুক হতে হয়। আমি কারও কাছে নিজের জন্য কিছুই যাচ্ঞা করি না।

উদ। নিজের জন্য কর না, তা হলে পরের জন্য করতে এসেছ!

ঘোষক। পরই বা বলি কেন? বাবা কি আবার পর হয়। না রাজা ঠকে গেছি, নিজের জন্যেই করতে এসেছি।

উদ। জিনিসটে কি?

ঘোষক। সোমলতা। সে নাকি তোমার বাগানে ছাড়া দুনিয়ায় আর কোথাও পাওয়া যায় না। সে ফোল নাকি মানুষে অমর হয়?

উদ। এই তো শুনেছি।

ঘোষক। শুনেছ! তাহলে সোমলতা কি তোমার বাগানে নেই?

উদ। আমার বাগানে সোমলতা জন্মে, এ কথা তোমাকে কে বললে?

ঘোষক। বাবা শুনেছে—

উদ। কে তোমার বাবা বল।

ঘোষক। বুঝতে পারছি ভোলানাথ—যার বলার না রাজা।

উদ। শুধুই কি তুমি এখানে আমাকে দেখেছ?

ঘোষক। না রাজা, কতকগুলি স্ত্রীলোককেও দেখেছি।

উদ। সোমলতার একান্ত প্রয়োজন জেনে কেন সোমলতাই নিতে এসেছিলে, তবে রমণীদের দেখলে কেন?

ঘোষক। ছবের পড়ে গেল, তাই দেখলুম।

উদ। তাদের কি অবস্থায় দেখেছ?

ঘোষক। একজন ছাড়া আর সকলেই লাফাচ্ছে।

উদ। কেন, এই হ্রদে অনেক হংসের ডানায় আমার একটা জিনিস বাঁধা রয়েছে নিয়ে এস। (ঘোষকের দ্রুত প্রস্থান) আমি ওকে ক্ষমা করলুম। মনে করে হর্ষে লাফাতে লাফাতে যাচ্ছে। কিন্তু গাছের তলায় গিয়ে কস্তুরী যে কি, যখন দেখবে, তখনই আত্মস্বরূপে পরিণত হবে ওই দেখছে—দেখেই স্তম্ভিত হয়ে দাঁড়িয়েছে। হাত আর তোড়াদার অশ্বটাকে স্পর্শ করতে সাহস করছে না। হতভাগাকে ফেলে নিতে হল। বুঝতে পেরেছে, তার আয়ু শেষ। অতি ধীরে ধীরে ফিরে আসছে। না জয় এঁকে কেন আসতে চায় না। বোধহয়—বোধহয় কেন নিশ্চয়ই পা কাঁপছে—পা কাঁপছে—তাই টিপে টিপে পা ফেলে আসছে। (ঘোষকের পুনঃ প্রবেশ ও অতি ধীর পদবিক্ষেপে উদয়নের নিকট আগমন) কি বুঝক, পা আর চলছে না যে! মৃত্যুভয় হয়েছে?

ঘোষক। (উদয় অবলম্বন করে) রাজা পিতার ঘর—পিতামহ ঘর—আমি এনেছি—আমি এনেছি।

উদ। তা ধরছি, কিন্তু বুঝক, মৃত্যুভয় হয়েছে?

ঘোষক। মৃত্যুভয় কেন হবে?

উদ। এ ফল কি জন্য তোমাকে দিয়ে আনালুম জান?

ঘোষক। জানি আমার মাথা কাটতে।

উদ। তবে ভয় হয়নি বলছ কেন?

ঘোষক। আমি যা করবার করেছি, তুমি যা করবার করবে। এ তো আহ্লাদের কথা—ভয় হবে কেন?

উদ। তবে আবার সময় দাঁড়িয়ে গেলে কেন?



জাকবুল করিম খাঁ

আনোয়ার লাল

ঘোষক। প্রাতঃকালে বৃষ্টি হয়ে গেছে—পথের ধারে মরে যেখানটা নিচু, সেখানে এখনও জল আছে, তাই লাফিয়ে লাফিয়ে যাচ্ছিলুম।

উজ। তবে আসবার সময় অমন গম্ভীর আসছিলে কেন?

ঘোষক। যাবার সময় আমি কুমার ছিলুম, আমার কোন ভাবনা ছিল না, কিন্তু আমার ওপর কোনও পুরুষের ভার দেওয়া ছিল না। আমার বন্ধুদের প্রশ্নে এইজন্য যাবার সময় আমি জলভরা স্থল-পদ্মগুলো লাফিয়ে লাফিয়ে পার হয়ে গেছি। কিন্তু আসবার সময় দেখি, আমার উপর বিয়ের ভার। তুমি পুরীকে শাস্তি দিতে ইচ্ছা করেছো। না দিলে মহাপাপ। সেই শাস্তি দেবার একমাত্র ভার আমার হতে। যদি আমি অনাকাঙ্ক্ষিত চলতে পা হড়কে পড়ে যাই, যদি সেই পড়ার সঙ্গে এই অস্ত্র কোনও প্রকারে ছেলে বসে, কি আমার শরীরে কোনও রকমে প্রবেশ করে পরের অধেই আমার মৃত্যু হয়, তাহলে যে তোমার আদেশ নিষ্ফল হয়। হয়ত তোমার সন্দেহ হতে পারে, আমি ভয়ে আগে থাকতেই আত্মহত্যা করেছি। এইজন্য আসবার সময় অতি সন্তর্পণে আমি তোমার এই অস্ত্র নিয়ে এসেছি।

উজ। হুঁ—বুঝেছি।

ঘোষক। এইবারে কি করবে কর। অস্ত্র আমি নাথা তোমার কাছে উপস্থিত করি।

উজ। ঘোষক! এই অস্ত্র আমি তোমাকে উপহার দিলুম। তোমার নাম সাহসী বীরের হস্তেই এই অস্ত্রের ন্যস্ত শোভা পায়। আমার সমস্ত ক্রোধ বিন্দুর পরিণত হয়েছে।

ঘো। অস্ত্র তো স্বেচ্ছায়—সোমলতা যদি না খাই, তাহলে বাবার কি হবে?

উজ। এই অস্ত্র তুমি তোমার বাবাকে দিও। তাহলেই তাঁর কোন অমঙ্গল হয় না।

(প্রহরীর প্রবেশ)

প্রহরী। জয় হোক (ঘোষককে দেখিয়া কম্পান্বিত কলেবরে তুমিতে পতন)।

উজ। কেন্ত দেখিস, ভয় নেই—কথে যায়।—তোমার পরিচয়?

ঘোষক। আমার জিজ্ঞেস করার বাকা! পরিচয় তো বিতে পারব না!

উজ। কেন জানবার প্রয়োজন নেই।

প্রহরী। মহারাজ! রাজকুলে এই বাধা এই বাগানে প্রবেশ করবার জন্য ভৈরবের মন্দিরে উপস্থিত হয়েছিল। আমি দুজনকে দেখিয়ে ওকে নিরস্ত করেছি। ও তোমা বিয়ে কেমন করে প্রবেশ করল, কিছুই জানি না মহারাজ! দুজন বন্দুন, আমি হতভাগাকে শিক্ষক করে ফেলি।

উজ। শিক্ষক করতে হবে না—একে অতিরিক্ত কর্। তারপর সেনু—পিপাসির আর একজন প্রহরীকে আমার কাছে নিয়ে আয়।

(প্রহরীর প্রস্থান)

শোন ঘোষক, আমার এ উদ্যানে রাজও পর্যন্ত বিনাতির পুরুষ প্রবেশ করেনি। এটা রাজার বিলাস উদ্যান। এই জন্য তিনি এখানে নিঃ-সঙ্কোচে সাঁকাল সন্ধ্যে ভ্রমণ করেন। তুমি ভৈরবের এখানে প্রবেশ করেছো। যখন প্রবেশ করেছো, তখন সমস্ত দিবাভাগের মতন তোমাকে এই বাগানের এক ঘরে বন্দী রাখবো, রাত্রির প্রথম প্রহরের পূর্বে তুমি এ স্থান ত্যাগ করতে পারবে না।

(ঘোষককে লইয়া প্রহরীর পুনঃ-প্রবেশ)

যা, একে নিয়ে আমার এই বাগানের ঘরে সমস্তদিন আটকে রাখ্, রাত্রির প্রথম প্রহরে একে মুক্ত করবি।

(ঘোষককে লইয়া প্রহরীর প্রস্থান)

বড়ই কঠিন সমস্যা। পিতাপুত্রের সম্বন্ধ আমি বুঝতে পারলুম না। তবে বুঝতে হবে। জোর করে বুঝব না—তা বুঝতে হলে এখনি চর নিযুক্ত করে বুঝতে পারি। তা করব না—তবে বুঝতে হবে। এ হেঁয়ালি কৌশলে বুঝতে পারলেই আনন্দ। (প্রস্থান)

## দ্বিতীয় দৃশ্য—উদ্যান

অন্দুরাবা (গীত নং ১)

সখীর প্রবেশ

সখী। তাই তো রাজকুমারী, কিছুই তো বুঝতে পারছি না। ঔঁকো চোর কেমন করে বাগানে প্রবেশ করলে?

অন্দু। মানুষ কি কখন এ বাগানে ঢুকতে পারে—দেবতা।

সখী। তাই তো কি হবে রাজকুমারী, আমাদের রাজাকে সে উপহার দেবে গেল!

অন্দু। দেবতার কাছে আবেদন কে দিয়ে রাখতে পারে?

সখী। দেবতা দেবতা কর না। রাজার কাছে আমাদের যে কি শাস্তি হবে তাই ভেবে আমরা আকুল হয়েছি।

অন্দু। তোদের শাস্তি কেন হবে?

সখী। কেন হবে? একটা পরপুরুষে আমাদের উপহার দেবলে। তুমি তো বেঁচে গেছ রাজকুমারী, তুমি বন্ধ তাল কর নি, স্পর্শও কর নি—তোমার কি! আমাদের কি হবে, রাজীর কি হবে? রাণী রাণী—রাজেশ্বরী—বুদ্ধ দেখা আর তাঁকে উপহার দেখেছে—কি হবে—কি হবে?

অন্দু। কি হবে! অমন করছিস্ কেন? তোদের কিছু শাস্তি হবে না। শাস্তি হয় তো আমার হবে।

সখী। তামাসা কর না রাজকুমারী—এ তামাসার সময় নয়—ওরে প্রলয় ঘনিয়ে আসছে।

অন্দু। কেন, দেখতে পাচ্ছি।

সখী। ওই রাজা আসছেন—মুখ তাঁর আরক্ত—রাজকুমারী, দেখে ভয় হচ্ছে—

অন্দু। যথার্থই রাজার মুখ গম্ভীর হয়েছে—দেখে বোধ হচ্ছে রাজা শাস্তিই দেবার জন্য বেগে আসছেন।

সখী। চলে এস—চলে এস—মোহাই রাজকুমারী। রাজা যদি আমাদের শাস্তি দেন, তুমি অন্তরস্থ রাণীর জন্য তাঁর পায়ে ধর। তুমি রাজার পরম প্রিয়। রাণী কিন্তু জানেন না—আমরাও জানি না।

অন্দু। আয় এখন আমরা এখান থেকে যাই। রাজাকে দেখে রাণীও এদিকে আসছেন। (উভয়ের প্রস্থান)

(উজয়ন ও শ্যামাবতীর প্রবেশ)

শ্যামা। কোন হতভাগা উদ্যানে প্রবেশ করেছিল মহারাজ?

উজ। হতভাগা নয় রাণী, সে ব্যক্তি ভাগ্যবান—কৌশাম্বীর রাজসভায় ভবিষ্যতের একটি রত্ন।

শ্যামা। বলেন কি?

উজ। তার কথা এর পরে বলব। এখন বল দেখি, তোমাদের মধ্যে কার দেহ অনাবৃত ছিল না।

শ্যামা। কি বলছেন — আমাদের সরম হচ্ছে। সে ব্যক্তি আমাদের অঙ্গসৌষ্ঠব দেখেছে নাকি?

উজ। সে কথাও পরে বলব। এখন শীঘ্র বল তোমাদের মধ্যে নগ্ন দেহ ছিল না কার?

শ্যামা। আমরা সকলেই তো আবরণা হয়েছিলুম।

উজ। না, একজনের অঙ্গে বসন ছিল কে সে?

শ্যামা। হ্যাঁ! মনে পড়ছে বটে, আপনার ভগিনী অন্দুরাবা কেবল বসন পরিত্যাগ করে নি, এবং সরোবরেও অবগাহন করেনি।

উজ। বুঝতে পেরেছি—অন্দুরাবা!

(অন্দুরাবার প্রবেশ)

অন্দু। কি আদেশ মহারাজ?

উজ। ভগিনী আমি তোমাকে নির্বাসিত করব।

শ্যামা। নির্বাসন! সে কি! ভগিনীর সঙ্গে রহস্য! আপনার কি আজকাল মহারাজ! বালিকার মুখ বিবর্ণ হয়ে গেছে।

উজ। রাজা বিনা কারণে এরূপ গুরু কথা নিয়ে রহস্য করেন না। মুখ শুকুলে চলবে না ভগিনী, তুমি রাজার কর্তব্য বিলক্ষণ জান।

শ্যামা। নির্বাসন! সে কি, বালিকা এমন কি অপরাধ করেছে?

উজ। এস, আর মুহূর্ত সময়ের জন্যও তুমি কৌশাম্বীর রাজগৃহে থাকবার অধিকারিণী নও।

শ্যামা। (উজয়নের পদ ধরিয়া) দেহাই মহারাজ, এ নিষ্ঠুর আদেশ করবেন না। অন্দুরাবা

(শেষাংশ ৩৪০ পৃষ্ঠায়)

# রামমোহনের লেখা দলিল

## সুধীরকুমার মিত্র

রাজা রামমোহন রায়ের বাঙলা ভাষায় রচিত প্রথম জীবনী-কার নগেন্দ্রনাথ চট্টোপাধ্যায় ১৮৮১ সালে প্রকাশিত তাঁর মহারাজা রাজা রামমোহন রায়ের জীবনচরিত-এ দুঃখ করে লিখেছেন। রামমোহনের ইংরেজী হস্তাক্ষর সকলেই না হউন, অনেকেই দেখিয়া থাকিবেন। তাহা মুদ্রিত হইয়াছে। কিন্তু এ পর্যন্ত কেহই তাঁহার বাঙলা হস্তাক্ষর প্রকাশ করিতে পারেন নাই। প্রকাশ করা তো দূরের কথা, অল্প লোকের ভাগ্যেই তাঁহার হস্তলিপি দেখা ঘটিয়াছে। "তাঁসহী" এই অপেক্ষাকৃত দেবনাগরী অক্ষরে তিনি লিখিতেন। রামমোহন সংস্কৃত বা হিন্দী ভাষায় কথোপকথন লিখনে অভ্যস্ত ছিলেন। তাঁহার দুষ্প্রাপ্য নিদর্শন আমরা দেখিতেছি। তাঁহার হস্তাক্ষর মুদ্রিত করিয়া দিলাম।

রামমোহনের জীবনীকার তিনখানি তিন-চার লাইনের ক্ষুদ্র পত্র পণ্ডিত মহেন্দ্রনাথ বিদ্যানিধির "নবা-ভারত"-এ ১৩০০ সালের ভাদ্র ও আশ্বিন মাসে প্রকাশিত "রামমোহন রায়ের বাঙ্গলা হস্তাক্ষর" নামক প্রবন্ধটি ও সাক্ষরে তাঁর ছত্রে পরিশিষ্ট-রূপে সম্পূর্ণ প্রকাশ করেছেন। চিঠি তিনখানি রামমোহনের জমিদারীর কর্মচারীদের দ্বারা লিখিত, কেবল পত্রগুলিতে আছে রামমোহনের স্বাক্ষর। নগেন্দ্রবাবু লিখেছেন। ঐ সকলের (পত্রের) ভাষার জন্য রামমোহনের কৃতিত্ব বা খাতির নাই। তাঁহার কর্মচারীদের মূর্তিমতী ভাষাদেবী এখানে সুশোভমানা। এই সূত্রে তৎকালে বাঙ্গালা ভাষার অবস্থা বিশেষত জমিদারী সেরেস্তার কেতা ও কায়দার পরিচয় পাঠকগণ বিদিত হইয়া কৌতুক ও কৌতূহল নিবৃত্তি অনুভব করিতে থাকুন।

নগেন্দ্রবাবু রামমোহনের একটি স্বাক্ষরও তাঁর গ্রন্থে মুদ্রিত করে গেছেন। রামমোহনের এই স্বাক্ষরের উপর দেবনাগরী ভাষার "প্রীসহী" এই কথাটি লিখে তারপর দ্বিতীয় লাইনে তিনি সাঁই করেছেন দেখা যায়। নমুনাস্বরূপ একখানি পত্র এখানে উদ্ধৃত হলো।

রামমোহনের স্বাক্ষরের দ্বিতীয় পত্রখানি এইরূপ:

শ্রীশ্রীরাম।
সন ১২০৫।
সং কুরসিদ্ধ।
শ্রীযদুনন্দন দত্ত সুচরিতেষু।

লিখনং কার্যঞ্চাগে। মহাশয় ছোট্টা মহাশয় এখান হইতে যখন ছাড়ি চিঠি লইয়া যাইতেছেন মাসিক চিঠি অবশ্য ছাড়িয়া দিবে। ইহাতে যেন ওজর না আইসে। ইতি সন ১২০৫ সাল। তাং ১১ ফাল্গুন।

যে গ্রামের জমি খালাস দেওয়া হয়, পত্রের পর পৃষ্ঠায় তাহার তালিকা এইরূপ আছে। খাকিলপুরে ১, কেশবপুরে ১, খামলা ১, ও চিংড়াখি ১। মোট চারি মহল।

রামমোহন সম্বন্ধে ১৮৮১ সালের পর থেকে বহু তথ্য বা এ যাবৎ অনাবিষ্কৃত ছিল, তা আবিষ্কৃত হয়েছে। কিন্তু তাঁর বাঙলা হস্তাক্ষর আজ পর্যন্ত পাওয়া যায় নি। ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের নাম এই প্রসঙ্গে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করছি। সম্পূর্ণ সহায়সম্বলহীন অবস্থায় সরকারী দপ্তরখানা ও রামমোহনের সমসাময়িক সংবাদপত্রের ধূলোপড়া সংখ্যাগুলি ঘেঁটে বহু নূতন তথ্য আবিষ্কার করলেন, রামমোহনের বাঙলালিপি তিনিও সন্ধান করতে পারেননি।

রামমোহনের বিষয়ে জন্মজয়ন্তী উপলক্ষে কয়েকখানি নূতন জীবনী-গ্রন্থ প্রকাশিত হলেও রামমোহন সম্বন্ধে কোন নূতন তথ্য বা তাঁর হস্তলিপি কোথাও প্রকাশিত হয়নি। আমি "হুগলী জেলার ইতিহাস ও কলসমাজ"-এর উপাদান সংগ্রহ করার জন্য যখন গ্রাম থেকে গ্রামান্তরে পরিভ্রমণ করি, তখন বহু, জমীদারি চিঠিপত্র, দলিল, সেকালের মুদ্রিত পুস্তক ও পত্র-পত্রিকা এবং বহু পুরাকীর্তি আমার গোচরীভূত হয়। তার মধ্যে উদ্ঘোষণীর —ব্যক্তিবিশেষের স্বহস্তে লিখিত উইল, বিদ্যাসাগর মহাশয়ের পত্র, মহারাজা কৃষ্ণচন্দ্রের হস্তলিপি, গ্রাহেমে জন্মাষ্টমীব্রতের সেবার জন্য নবাবের ফারমান, রেজা খাঁ প্রদত্ত রিফকা সিংহেশ্বরী দেবীর জন্য প্রদত্ত তালুকের, ধর্মপুস্তক নয়ে প্রথম গদ্যগ্রন্থ, বাঙ্গবিদ্রূপ, দারজানতন্ত্র ও দুর্লভ সংবাদ।

রাধানগরে ১১৫৮ সালে রাজা রামমোহনের জন্মোৎসবে উপস্থিত হবার আমার সৌভাগ্য হয় এবং সেখানে রামমোহনের নিজের হাতে লেখা দুই পৃষ্ঠাব্যাপী একখানি 'একরার পত্রের' সন্ধান পাই। হুগলী জেলার ইতিহাস ও কলসমাজ গ্রন্থে সেটি সন্নিবদ্ধ করার জন্য সংগ্রহ করি। কিন্তু দুঃখের বিষয়, এই মূল্যবান দলিলটি এমন ভাল জায়গায় রেখেছিলাম যে ১৯৬২ সালে গ্রন্থটি প্রকাশের সময় দলিলটি খুঁজে না পাওয়ার জন্য তা সেখানে দেওয়া হয়নি। সম্প্রতি গৃহ-সংস্কারের সময় একবার পত্রখানি পুনরুদ্ধার করি এবং সেই অমূল্য দলিলটি আজ প্রকাশ করতে সমর্থ হলাম।

রাজা রামমোহন রায় বিলাত যাত্রা করেন ১৫ নভেম্বর, ১৮৩০ সাল। তার ঠিক দু' মাস দু' দিন আগে অর্থাৎ ১৮৩০ সালের ১৩ সেপ্টেম্বর তারিখে রামমোহন প্রতিদ্বন্দ্বী রাজীবলোচন রায়ের কাছ থেকে ৮৮০০৲ টাকা নিয়ে অছিপত্র এই একরার বা প্রতিজ্ঞাপত্র লিখে তাতে স্বাক্ষর করেন। দলিলের বিষয়-বস্তু হচ্ছে। ১৮১৭ সালে রামমোহন হরলাল বসু চৌধুরীর নাট গোপাল-নগরের সম্পত্তি বন্ধক রেখে তাঁকে ৬০০০৲ টাকা ঋণ দেন। কিন্তু চৌধুরী সাহেব টাকা পরিশোধ করতে অসমর্থ হওয়ায় রামমোহন কলকাতার সুপ্রিম কোর্টে মামলা রুজু করেন। চৌধুরী সাহেব আদালতে উপস্থিত না হওয়ায়, রামমোহন মামলায় জয়ী হন: কিন্তু চৌধুরী সাহেবের অক্ষমতার জন্য রামমোহন তাঁর টাকা আদায় করতে পারেন নি। অতঃপর পুনরায় রামমোহন উক্ত টাকার জন্য যখন নালিশ করেন, তখন তাঁর সুদে-আসলে পাওনা হয় ১৪,২০৮৲ টাকা। এবারও একতরফা মামলায় রামমোহনের পক্ষে ডিক্রী হয়। একরার পত্রখানি নিম্নে মুদ্রিত, উদ্ধৃত হলো:



Witness to the signature of Rammohun Roy this 13 day of September 1830



দাবি করিতে পারিবে নাই ও পারিবেক নাই যদি কল্য কিম্বা অদ্য তাহা বাটীল ও নামাঞ্জুর হইবেক ঐটাকা আমার করিবার বিষয়ে আদালতে মোকদ্দমা দরদেশ করিতে যে কোন লঙ্ঘন হইবেক. এবং তোমার বাবাত যদি কিছু পাওনা হয় তাহার জবাব ও নিলা বুঝি করিবে এতদর্থে আমার স্থানিতে ৮৮০০ আট হাজার ছয় শত টাকার ডিক্রির বিষয় করিবে এবং ডিক্রির টাকা আদায় হউক বা না হউক ঐ ৮৮০০ আট হাজার ছয় শত টাকা কম্মিন কালেও আমার নিকট অথবা আমার ওয়ারিসানের নিকট চাহিতে পারিবে নাই অর্থে ঐ টাকা আদায় খাটট যে কোন আদালতে করিতে হইবে তাহার জওয়াব দিহি বুঝি করিবে এই করারে একরার পত্র লিখিয়া দিলাম। ইতি ১২০৭ বাং শত সাইত্রিশ সাল তারিখ ২১ ভাদ্র মোতাবেক ১৮৩০ অষ্টাদশ শত সাল তারিখ—১৩ সেপ্টেম্বর— Witness to the Signature of Rammohan Roy this 13 day of September 1830

শ্রীগোপীমোহন চট্টোপাধ্যায়
শ্রীরামচন্দ্র গঙ্গোপাধ্যায়

বিলাত যাওয়ার সুযোগ উপস্থিত হওয়ায়, তিনি যাবা মূলের চেয়ে ৫৬০৮ টাকা কম দিয়ে রামমোহন ১৪২০৮ টাকায় ডিক্রী প্রাপ্ত দেবোত্তর ধারকে ৮৮০০ টাকায় বিক্রয় করেন। আলোচ্য একরার পত্র প্রতিজ্ঞাপত্র তারই দলিল।

কোম্পানীর অফিসের স্ট্যাম্প কাগজে একরার পত্রটি লিখিত। স্ট্যাম্প কাগজের বাম উপরের দিকে (যেমন কার মতন অবস্থায় নয়) কোম্পানীর সীলে বাঙলায় 'বত্রিশ টাকা' মূল্যমান ইংরেজীতে Italics type এ 'Thirty two Rupees' ও তার উপরে "STAMP OFFICE" ও নীচে CALCUTTA এবং মাঝখানে বা দিকে '1829-30' লেখা আছে। সীলের নীচে ডানদিকে নাম বাঙলায় 'রাজকৃষ্ণ দেব' ও সাল তারিখ 'তেরশ সাতাশ সাল ১৮৩০ ইং ৮ সেপ্টেম্বর'। প্রতিজ্ঞাপত্রটি রামমোহনের নিজের হাতে লেখা নয়। তিনি স্বাক্ষর করেছিলেন বাংলা ও ফার্সী ভাষায় লিখিত মূল দলিলে। প্রতিজ্ঞাপত্রটি রামমোহনের নিজের হাতে লেখা বলে অনেকে লিখেছেন। প্রতিজ্ঞাপত্রটি বাংলা এই তথ্যটি সর্বপ্রথম লেখা আমরা দেখি।

এই একরারনামা থেকে তখন বছর আগে রামমোহনের উদ্যোগে বাঙলা গদ্যসাহিত্য কতদূর অগ্রসর হয়েছিল তা উপলব্ধি করা যায়। তিনি বাঙলা গদ্য রচনায় সংস্কৃত শব্দ বাহুল্য দিয়ে সাধারণ লোকের বোধগম্য করার যে বিশেষ পক্ষপাতী ছিলেন, তার অনেক নিদর্শন এই দলিল তার প্রমাণ নিদর্শন। এই দলিলে 'বাবা' ব্যবহৃত হলেও পরি বা পূর্বপুরুষ তখনও বাঙলা গদ্যে প্রচলিত হয়নি দেখা যায়। গদ্যে পূর্বপুরুষের প্রচলন করেন বিদ্যাসাগর।

দলিলের বিষয়বস্তু সম্বন্ধে এই কথা লিখে তিনি লেখা শুরু করেছেন, কিন্তু এর আগে রামমোহনের যে তিনখানি পত্র নগেন্দ্রনাথ চট্টোপাধ্যায় উদ্ধার করেছেন তাতে সালসংবাদে 'খ্রীষ্টাব্দ' (১২০২ ও ১২০৫ সন) এবং 'খ্রীষ্টাব্দ' ১২০৩ সাল ব্যবহারের এই দুটি নমুনা নিয়ে তিনি পত্র শুরু করেছিলেন দেখা যায়। এই চিঠিগুলি থেকে রামমোহনের বর্ণানুক্রম পরিবর্তন ও বিকাশ লক্ষণীয়।

রামমোহনের স্বাক্ষরের সাক্ষী হিসাবে দুজন বন্ধুর নাম আছে। একজনের নাম শ্রীগোপীমোহন চট্টোপাধ্যায় ও অন্য একজন হচ্ছেন শ্রীরামচন্দ্র গঙ্গোপাধ্যায়। গোপীমোহন সম্বন্ধে কুলজীগ্রন্থে যে সব থেকে কিছু জানা যায়। তিনি লিখেছেন: প্রপুত্রে রামমোহন

অক্ষয় কুমার নাথ
বাড়ীর গাড়ীর
১নং ধর্মতলা ষ্ট্রীট কলিকাতা-১৩

চাকুরী ও ব্যবসা আরম্ভ যে করেছেন তাহাতে সন্দেহ নাই। এই সময় বর্ধমান ও কলিকাতায় দুই জায়গাতেই তাঁহার হিসাবনবীশ ও তহবিলদার ছিল। বর্ধমানে যে তাঁহার হিসাবপত্র রাখিত, তাহার নাম ভবানী ঘোষ ও কলিকাতা তহবিলদারের নাম গোপীমোহন চট্টোপাধ্যায়। রামমোহন বাহির হইতে যে টাকাকড়ি পাঠাইতেন, তহবিলদার গোপীমোহন তাঁহার নামে উহা কলিকাতার জমা করিয়া রাখিত।

রামমোহনের অবস্থার উন্নতির ইতিহাস কিরূপে হইয়াছিল, সে বিষয়ে কবিবর ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় সাহিত্য পরিষৎ পত্রিকায় টীকাকড়ি করিয়া লিখিয়াছেন। সে কথাটিরও এই একরকমের মধ্যে সমর্থন পাওয়া যায়।

রামমোহনের বিলাত যাওয়ার ইচ্ছা বহুকাল থেকে ছিল। বিলাতে গিয়ে ইংরেজের আচার-ব্যবহার, রীতিনীতি ও চিন্তাধারার সঙ্গে ভারতীয় চিন্তাধারার সমন্বয় করে একটা পথনির্দেশ করার জন্য অন্তরে সে যেন বেশ অনুভব করতেন। কিন্তু সুযোগের অভাবে সেটা আর হয়ে উঠেনি। সুযোগ এবে ছিলেন দিল্লীর সম্রাট দ্বিতীয় আকবর শাহ। সম্রাট চাননি তখনও তখনও ছিল তখন ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী। দিল্লীর সাথে কোম্পানির বেশ সম্ভাব বহু আগে থেকে সম্রাট কোম্পানীর কাছে একটি আবেদন করেন। কিন্তু কোন ফল হলো না। তাই সম্রাট দ্বিতীয় আকবর রামমোহনকে রাজা উপাধি দিয়ে তাঁর দূত-স্বরূপ ইংলণ্ডের রাজার কাছে এবং পাঠাবার ব্যবস্থা করেন। কিন্তু কোম্পানী দূত হিসাবে রামমোহনকে পাঠাতে না চাওয়ায় রামমোহন সাধারণ ব্যক্তি হিসাবে প্রথম বাঙালী বিলাত যান এবং সেখানে গিয়ে তিনি দিল্লীশ্বরের দূত বলে ঘোষণা করেন এবং দিল্লীর সম্রাটের জন্য বার্ষিক তিন হাজার পাউণ্ড বৃত্তির ব্যবস্থা করতে সমর্থ হন। কিন্তু রাজা আর ভারতের মাটিতে ফিরতে পারেন নি। ১৮৩৩ সালের ২৭ সেপ্টেম্বর বৃষ্টলে তাঁর দেহান্ত হয়।

রাজার মৃত্যুর পর ১৮৩৬ সালের ১ এপ্রিল Curiosities of Bristol & Neighbourhood নামক পত্রের ৬ষ্ঠ সংখ্যায় Mr. Mathews লেখেন: He (Rammohan) had for a length of time, ardently desired to visit Europe, and in particular, England; at last in the year 1830, he embarked for this country, having been engaged by the King of Delhi to make a representation of grievances to the British Government. Before his departure, the king conferred on him the title of Rajah, when giving him the appointment of Ambassador to this country. So well did he discharge his mission for his employer that he succeeded in obtaining an additional stipend of about £ 30,000 per annum for the King of Delhi, for which his own reward was to be between £ 3,000 and £ 4,000 per anum.

ওস্তাদ ফৈয়াজ খাঁ

আকাশবাণী বিরাকেন্দ্র, রবিবাসর ও ডি. জি. সেট

রবিবাসর বিরাকেন্দ্র আয়োজিত সুরোপাধ্যায়ের সৌজন্যে কলিকাতা প্রাপ্ত।

সিল্ক সেন্টারে
পূজার নূতন শাড়ীর
আকর্ষণীয়
সমারোহ
কলেজের মার্কেট • কল্ক কলিকাতা

# সেকালের বাজার দর

## ঊষারাণী সান্যাল

এক হাটে, ঘাটে, বাড়িতে সর্বত্র মূল্যবৃদ্ধির আলোচনা শোনি। ছোট, ছেলেরা বলে তারা সংসারের অনেক সামগ্রীর নাম জানে না। আমার মনটা কিন্তু তখন ১৯৩৪-এর দিকে ফিরে চলে যায়।

এখনকার ছেলেমেয়েরা বলবে গল্প-কথা; তাদের সাহেবদা খাঁয় আমলের কাহিনী এটা। তা কিন্তু নয়।

আমার বয়স তখন বছর চুরি। সেদিনটা কোন একটা ঘরের প্রথম দিন। সবেমাত্র চা করছি। আমার শ্বশুরমশাই এসে বললেন, 'আজ থেকে সংসার চালানোর দায়িত্ব তোমার।'

খানিকটা লজ্জা-সংকোচে হতচকিত হয়ে গেলাম। তারপর অস্ফুটে বললাম, 'বাবা, আমি যে কিছুই জানি না।'

তিনি অভয় দিলেন। বললেন, 'ভয় কি মা! আমি আছি। তোমার শ্বশুর-ঠাকুরমাকে এবার ছুটি দাও।'

বাড়ির জনকে নিয়ে আমার সংসার। তার উপর, উপরি লোক প্রায়ই দুই-একজন আসেন, থাকেন। আমি টাকার মাস চালাতে হবে।

স্বামী বললেন, 'মনে করবে ৮০ টাকা আমার এই মোট আয়। এরই মধ্যে তোমাকে ডাক্তার-বদ্যি, কলেজ-স্কুল, সামাজিক দায়-দায়িত্বের খরচ চালাতে হবে।'

স্বাভাবিকভাবেই আমার কাছে এক পয়সার মূল্য তখন অনেক। কাজেই পেন্সিল নিয়ে মাসের বাজেট করতে বসলাম। প্রথম বছর থেকেই আমার হিসাবের খাতা সযত্নে রাখা আছে। সেই খাতা দেখে ও আমার প্রচণ্ড অভিজ্ঞতা থেকে সেদিনের হিসাব-গুলি তুলে ধরলাম।

তখন বর্ষাকাল অর্থাৎ নয়া পয়সা চালু হয়নি। এই মূল্যতালিকা তাই পুরনো টাকা পয়সার হিসেবে।

**জল ঘরে—**

মোটা চাল—১ টাকা ১৬ আনা
সরু চাল—২ টাকা
কামিনী ভোগ চাল—৪ টাকা
কয়লা—টাকায় ৮ মণ
(কুলি খরচ সমেত)

**সের দরে—**

দুধ—টাকায় ৮ সের
মোগার ডাল—৩ পয়সা
অড়হর ডাল—৩ পয়সা
খেসারীর ডাল—৩ পয়সা
মুগের ডাল—৪ পয়সা
নবন—২ পয়সা
সরষের তেল—৯ আনা
চরনা ঘি—১৪ আনা
পাওয়া ঘি—১ টাকা ৪ আনা
নারিকেল তেল—৪ পয়সা
কাটা মুই মাছ—৬ আনা
ছোট মাছ—সাড়ে ৩ আনা
কৈ, মাগুর—৪ আনা
মাংস—৮ আনা
ছানা—২ আনা
ভাল ছানা—টাকায় ২ থেকে ৩ সের
ক্ষীর—৪ আনা
ভাল ক্ষীর—১২ আনা
গুড়—৩ পয়সা
চিনি—সাড়ে ৪ আনা
মিছরি—৩ পয়সা
মধু—২ আনা
ঘৃত—২ আনা
কাপড় কাচা সোডা—২ পয়সা
আলু—১ পয়সার
টমাটো—১ বা ২ পয়সা
পেঁয়াজ—২ পয়সা
আদা—৪ পয়সা
ধনেপাতা—৪ পয়সা
পটল (গরমকালে)—১ পয়সার আড়াই সের (তবে বার মাস পাওয়া যেত না।
বেগুন (দাঁতে)—১ পয়সার আড়াই সের
পদ্মর খাদার খোল—৪ পয়সা আড়াই সের

একটা সাধারণ সংসার ১২ আনার মধ্যেই চলতো সারা মাস।

শাক—আধ পয়সা
কেরোসিন— এক বোতল—৪ পয়সা
রসগোল্লা—৬ আনা
বড় ডাবনেবু—একটা ২ পয়সা
ভিমের ডিমিলিশী—২ পয়সায় ৫টি
ভিমের কচুরী—২ পয়সায় ৫টি
ভিমের সিঙ্গারা—১ পয়সায় ১টি
ভিমের পরা (বড়)—১ পয়সায় ১টি
অন্যান্য মিষ্টির দাম ও সমানুপাতিক।
ভাল চা—১ পাউন্ড। ৮ আনা
কুলহেকশপ, বাদি কাগজ—১ ডিস্তা ২ পয়সা
কুলহেকশপ সাদা কাগজ—১ ডিস্তা ৪ পয়সা
ছবি পেন্সিল—২ পয়সায় ১টি
সাধারণ পেন্সিল—১ পয়সায় ১টি
জুতো (ছোট ছেলে-মেয়েদের)—১ জোড়া : ২ টাকা
চটী বা স্লীপার (ছোট)—১ জোড়া : ১ টাকারও কম
হারিকেন—১ পিস। ২ টাকা
কাঁসার বাসন—২ টাকা সের
জলচৌকী কম্বল—১খানা : ২ টাকা
তাকড় কাচা সাবান—৪ পয়সা
গায়ে মাখা ভাল সাবান—১ পয়সা
শিকাকাই সাবান—আধসের ৪ আনা
ধানের—১টি : ৬ আনা
শীতল পাটী—১টি : ৮ আনা
মার্কিন বিছানার চাদর—১টি : ১২ আনা (গ্রামাল সাইজ)
পোস্ট-কার্ড—১ পয়সা
খাম—২ পয়সা
মোগা—টাকায় ৩৫টি কাপড়
সাধারণ সাড়ী—১খানা : ১৪ আনা
সাধারণ ধুতি—১ খানা। ১২ আনা
গামছা—১খানা। ৩ আনা
শান্তিপুরী সাড়ী—১খানা : ৪ টাকা
ঢাকাই ধুতি—১খানা : ২ টাকা
মুর্শিদাবাদী রেশম সাড়ী—১খানি : ২২ থেকে ৩০ টাকা
মুর্শিদাবাদী রেশমের জোড় (ধুতি ও চাদর)—২৫ টাকা
কুলদরস—১ গজ। ৪ টাকা
রোয়া সিল্ক—১ টাকা ৪ আনা থেকে ২ টাকা গজ
মটকার ভাল সাড়ী—১খানা : ১১ টাকা
মটকার ধুতি—১খানি : ৮ থেকে ১০ টাকা
লং ক্লথ—৪ আনা গজ
মার্কিন—সাড়ে ৩ আনা গজ
ভাল জামার ছিট—৪ আনা গজ
নারিকেল—১ টাকার ১৬টি
ভাল আম—২ টাকায় ১০০টি
ভাল জিনু—৮ আনা ১০০টি
(আম ও জিনু ১১২তে ১০০ ধরা হত)
চালকুমড়া—১০টি : ১ পয়সা
এই অনুপাতে অন্যান্য তরি-তরকারি।
স্কুলের মাসিক মাইনা ১½ টাকা থেকে ২ টাকা
পাটের বস্তা (চিনির)। ১ টাকায় ৫টি
চিনির কার্টেজারো—১টি : ৬ আনা
সোনা—ভরি ২৪ টাকা। শুরু নয়।
রুপো—ভরি ৮ আনা

সোনা-রুপার দর থেকে অনুমান করা যাবে, বাজারগুলো ৬ শতাব্দীগুলির দাম কত ছিল।

### জহরতের গয়না-বিক্রয়ের জহরিজন (৩৯৮ পৃষ্ঠার পরের অংশ)

প্রস্তাবটা ন শোচাই ন কাঙ্ক্ষতি।' তাই বাসুদেব-প্রিয় জহরতালয়ে, পরম বৈষ্ণব, এঁর যাদুন শিখণ্ডী মোর-মর্দনে নৃত্য করে, তাদের অন্তরে তাতে কৃষ্ণকৃষ্টি হয়। উপস্থিতদের রাজকবি ইন্দ্রদমনে 'অহোঁদের কুরিতরুচিলা' মোগবে লাগাবী শ্রীকৃষ্ণ-বিষ্ণুকে স্মরণ করেছিলেন। চন্দ্রাবলীর জলোলোকের অধিবাসিনী শ্রীরাধা 'একবিংশি করি, মন্দর-মহুরী কণ্ঠ করে বিরাজিলা।'

'অধরে যত তার পটি গলবে, রাঙা অলেবব, কবি শিল্প, আদিকৃষ্ণ হেবের বচনে।' কবিবল্লভ মুকুন্দ-রামও এঁর বন্দনায় বলেছেন,'বেদান্ত-হরমনে কৃষ্ণ বলি বাখানে।' কৃষ্ণ-বৈবর্ত পুরাণ বলেন, ইনি জামদেব-বিয়োগন অতীব সুন্দর চক্ষু এবং শারদেন্দু বিনিন্দক সুন্দর মুখ নিয়ে জন্মগ্রহণ করেছিলেন। শৈশবেরই তোলে ইনি 'কবিশিরা' হয়েছিলেন। পুরাণে আখ্যায়িকা আছে, মাতৃচরণকে এই মহাবৈষ্ণব সর্বতীর্থসার মনে করে ব্রহ্মা ভাটিবেরের সঙ্গে তীর্থ-পরিক্রমার প্রতিযোগিতা থেকে বিরত হয়েছিলেন। এঁর একটি নাম 'আখুপ' এঁর বাহন মূষিক। ইনি বিদ্যের বিনায়ক সিদ্ধির প্রথম প্রবর্তক নানা নয়ন স্মৃত। সকলের ইনি বিঘ্ন নাশ করেন ইনি স্মরণ করুন, ভক্তদের ভবিষ্যদ্রষ্টার প্রতিবাদিত সিদ্ধি সকলের মুখরুচে তোলাবিয়ে দেন সকল দেবতার পূজা হতে তিল তিল সারভূত করে স্বজাত-বৈষ্ণবের মতো শৈব-বিদর ও প্রতিকল্পতার প্রচার করেন। পুরাণে পার্বতীর প্রতি বৃদ্ধ ব্রাহ্মণ-বেশী শ্রীকৃষ্ণের উক্তি পাওয়া যায় 'ন ছবেন্ বিষ্ণুভক্তিশ্চ বিষ্ণুনৈবেদ্য-বিনা। তস্মাৎ লোকশিক্ষার্থং ভক্তপ্রবর পূজয়ন্তু সর্বৈকাগ্রমনসা।' গণেশখণ্ড শ্রীকৃষ্ণ বলে বলে সমাবেত ঋত্বিকদের উদ্দেশ্যে বিপ্রমিত্রবৃন্দাবনে-বর্ণিত: 'হে বিষ্ণুভক্ত, তুমি ছাড়া বিষ্ণুভক্তি হয় না। লোকশিক্ষার জন্য তোমাকে ভক্ত, তোমার তপ, তোমার পূজা। সমস্ত লোকের জন্য তুমি নিতে পার। তুমি নিরাকৃপা সনাতনী শ্রীকৃষ্ণ প্রতিবলেন গণেশখণ্ড ধরে এসে যে গণেশজননী, তোমার ছেলে স্বয়ম্ভুগ্রহণ করেন।' এই বলে শ্রীকৃষ্ণ অন্তর্ধান করলেন।

ভারতীয় জহরতের বহু-নিন্দিত বহুপালনা-বহু আয়না একেরই আরাধনা করি। গয়না-বৈষ্ণবের মহামিলনের মহোৎসবের আমাদের এই 'জহরতালয়', আমাদের দুর্লোকদের সবাই সর্বজনীন।


ভারতবর্ষে এই প্রথম!

পরমেশ চৌধুরীর 'মানুষের পূর্ণপুরুষ অন্য গ্রহের মানুষ'।

অন্য গ্রহ থেকে তাদের উপনিবেশস্থাপনে মহাকাশচারীরা এসেন এবং আসেও আসতেন। অনেক বছর আগে যারা আসতেন তাদেরই বংশধর আমরা। মানব সভ্যতা ও মানব জন্মের নতুন বিশ্লেষণ উন্মোচিত করবে এই গ্রন্থ। সব বয়সের নরনারীদের জন্যে এই গ্রন্থে সঞ্চিত রয়েছে অপার কৌতূহল, আনন্দ ও বিস্ময়।

দে বুক স্টোর্স, ১৩ বঙ্কিম চ্যাটার্জি স্ট্রীট, কলিকাতা-১২

## ডেট কাপড় ধোয়ার কেক

অন্যান্য সাবানের তুলনায় ১½ গুণ বেশী কাপড় ধোয়—এ সে জল যে ধরণেরই হোক।

## ডেট কাপড় ধোয়ার পাউডার

সাদা কিম্বা নীল — যে কোন লাইফে পাবেন। কেবল ডেট গোলা জলে ডুবান আর ধুয়ে নিন। এটি আপনার হাতের পক্ষেও নিরাপদ।

## এন-ডেট

দাগ ধুয়ে পরিষ্কার করার এনজাইমযুক্ত পাউডার, রঙিন কিন্তু কাঠকর নয়।

# না কখনও ছিল,না পাবেন—এমন শুভ্রতা ডেটের উৎকৃষ্ট উৎপাদন



# কাহিনী

# পাক্ষিক

## সূচীপত্র


| | | পৃষ্ঠা |
|---|---|---|
| ওরা তিনজন—নীহাররঞ্জন গুপ্ত | ... | ৩৫ |
| ভুলচাঁদ—শক্তি চট্টোপাধ্যায় | ... | ৪৬ |
| উর্বশী ও জনি—মহাশ্বেতা দেবী | ... | ৫৫ |
| অন্ধকারের রং—অসিত গুপ্ত | ... | ৬১ |
| ফকিরচাঁদের ফৌতিব্যবসা—অদ্রীশ বর্ধন | ... | ৭৫ |
| জীবন বড় ভারবাহী জন্তু—অতীন বন্দ্যোপাধ্যায় | ... | ৮১ |




প্রমীলা নাকি আত্মহত্যা করেছে। প্রমীলা আত্মহত্যা করেছে কথাটা শিবেনের যেমন অসম্ভব তেমনি যেন অবিশ্বাস্য মনে হয়। এই মাত্র গত পরশুই বৃহস্পতিবার সন্ধ্যার দিকে দেখা হয়েছিল প্রমীলার সঙ্গে শিবেনের।

সেই হাসিখুশি কৌতুকপ্রবণ প্রাণোচ্ছল প্রমীলা। ওই, সেদিনও ত দুঘণ্টার মধ্যে প্রায় একবারও শিবেনের মনে হয়নি ওর মনের মধ্যে কোথাও কোনপ্রকার দুশ্চিন্তা বা দুর্ভাবনা আছে। বরং ওর চিরদিন যেমন কথায়-কথায় ছেলে-মানুষি করা অভ্যাস, বিশেষ করে নির্মলের সঙ্গে, সেদিনও সন্ধ্যার প্রমীলা 'লেড-পুল' করছিল।

নির্মল যত গম্ভীর হয়ে ওঠে প্রমীলা যেন ততই ওকে বেশী করে জ্বালাতন করছিল আর নির্মলের বিরক্তিতে ওর চাপা হাসিটা যেন আরো বেশী প্রকট হয়ে উঠছিল।

অবশেষে এক সময় হঠাৎ উঠে পড়ে বলেছিল, 'আমি চললাম শিবেন।'

প্রমীলা সহসা সচকিত হয়ে উঠেছিল, 'সে কি! এই মধ্যে চললে মানে, না, না তা হয় নাকি। এখনো ত সন্ধ্যাই উৎরোলো না—বোস, বোস—আর এক কাপ কফি হোক and I shall stand. তারপর এক সঙ্গেই তোমরা যাবে। চাই কি ট্যাক্সীও নিতে পারি—'

'না। ধন্যবাদ।' দাঁড়িয়ে দাঁড়িয়ে নির্মল বলেছে।

প্রমীলা চাপা হাসি হাসতে হাসতেই বলে ওঠে, 'আবার ধন্যবাদের কি আছে— after all we are all friends here! Have another cup of coffee!

বোস—বোস—'

—না।'

প্রমীলাই তখন বলে উঠেছিল, 'শিবেন, নির্মল নিশ্চয়ই রাগ করেছে।' বলেই আবার সে তার স্বভাবসিদ্ধ কৌতুকপ্রিয়তার ফিরে আসে, 'তা সে তুমি যাই বলো নির্মল, ঐ সোল-কুমড়োর মত দেখতে মীনাক্ষীর পাশে তোমাকে just like a perpendicular— মনের পাতায় যখনই ছবিটা ভেসে ওঠে—' আর বলতে পারেনি প্রমীলা, মুখে হাত চাপা দিয়ে উচ্ছ্বসিত হাসিতে যেন একেবারে ভেঙ্গে পড়েছিল।

প্রমীলা মুখে হাত চাপা দিয়ে হাসিটা রোধ করবার চেষ্টা করছে। মাথাটা একটু ঘুরিয়ে রেখে দুপাশ দিয়ে নেমে আসা লম্বা কিন্নরী দুটো দুলছে থেকে থেকে—আর নির্মল স্তব্ধ হয়ে তাকিয়ে আছে প্রমীলার দিকে।

প্রমীলা আবার বলে ওঠে, 'তার চাইতে একটা ডালমোসিলো—'

নির্মল মৃদু চাপা গলায় বলে ওঠে, 'Vulgar'.

প্রমীলা মুখ তুলে তাকায় নির্মলের দিকে। উচ্ছ্বসিত হাসির বেগটা রোধ করতে করতে বলে, 'ডালমার, ডালগারের কি যায়ছে। তুমি একটা ডালমোসিলোর সঙ্গে পরদম হয়ে প্রেম করতে পারো আর—তুমিত তবুও শান্তা শিবরমনা—মীনাক্ষী না হয় ডালমোসিলোই হলো! তা ছাড়া—'

—সবাইত সমান হয় না! অত অহংকার ভাল নয় প্রমীলা দেবী'—চাপা রুদ্ধকণ্ঠে বলে ওঠে নির্মল।

এতক্ষণ শিবেন একটা কথাও বলেনি, বরং ব্যাপারটা সাঁতা বলতে কি উপভোগই করছিল। কিন্তু হঠাৎ ব্যাপারটা যেন কেমন বাঁকা পথ ধরছে তার মনে হতেই সে প্রমীলাকেই বলে ওঠে, 'অঃ প্রমীলা যাবাবেতো—এই নির্মল, বোস—বোস—'

—না—'

কথাটা বলে নির্মল আর দাঁড়ায়নি। বের একটু, দ্রুতপদেই হলঘর থেকে অন্যপাশ দিয়ে বের হয়ে গিয়েছিল।

শিবেন তখন বলেছিল, 'সাঁতাই নির্মল ছেলে মিকেয়ে প্রমীলা। ও ব্রাক সাঁতাই বোধহয় জোকিং মুডে ছিল না।'



প্রমীলা হঠাৎ হাসছে।

—'কিন্তু সত্যিই কি ব্যাপার বলতো প্রমীলা?' শিবেন শুধায়।

—'কিসের কি ব্যাপার?'

—'ঐ রঙীনাক্ষী সম্পর্কে যা একটু আগে বলছিলে। সত্যি নাকি ব্যাপারটা?'

—'জানি না তবে—একটু যেন বেশীই ওরা আজকাল মাখামাখি করছে—'

—'তাই?'

—'নির্মল বলছে প্রেম—তবেই হয়েছে—'

—'কেন। হওয়া ও কথা কেন?'

—'হতেও পারে নির্মলকে কতটা জানে জানি না শিবেন। তাদের প্রতিদ্বন্দ্বী, ওকে আমি খুব ভাল করেই চিনি। কিন্তু ওর না শিবেন। চল ওঠা যাক—'

প্রমীলা যেন প্রসঙ্গটার উপর একেবারে একটা দাঁড়ি টেনে দিয়ে উঠে পড়েছিল। দুজনে ভিড় হাউস থেকে বের হয়ে এসে বাস স্টপেজের কাছে বেশ কিছুক্ষণ যাবের অপেক্ষায় পাশাপাশি দাঁড়িয়েছিল—শিবেন বার্থও হাত উঁচিয়ে দিয়ে।

কিন্তু একটা কথাও ওরা অনেকক্ষণ হয়নি ওদের পরস্পরের মধ্যে যদিও প্রায় আধঘণ্টা ওরা পাশাপাশি বাস স্টপেজে দাঁড়িয়েছিল।

প্রমীলাকে কেমন যেন একটু অন্যমনস্কই ওর মনে হয়েছিল শেষের। তার কথাটা মনে পড়ছে শিবেনের।

হুঁ—

হুঁ মনে হয় শিবেনের সমস্ত ব্যাপারটাই আগাগোড়া একটা ঠাট্টা বা রসিকতা নয় ত। সত্যি সত্যি একটু অহং নির্মল কোন তার সম্পর্কে ঠাট্টা বা রসিকতা করছে না ত!

কিন্তু আবার মনে হয় তখন একটা আপার নিয়ে ঠাট্টা-রসিকতা। তা ছাড়া নির্মলের তখন প্রবৃত্তিই ত নয় —স্বাভাবিক একটু নিরিহাস টাইপের ছেলে।

কিন্তু সত্যি-সত্যি নির্মলেরই কোন ত।

হ্যাঁ—নির্মলই—নির্মলই তাকে কোন করেছিল—যদিও নির্মল তার নাম বলেনি, সে ত নাম জিজ্ঞাসা করেনি—এবং সত্য কথা বলতে কি, কে কোন করছে তাকে ঐ মুহূর্তে কথাটা তলিয়ে ভাববার মতোও বুদ্ধি তার মনের অবস্থা ছিল না।

তা না হোক—যদার অবশ্য নির্মলেরই—

নির্মলদের বাড়িতে কোন আছে—আগেও অনেকবার নির্মল তাকে কোন করেছে—নির্মলের ফোনের গলা তার চেনা—ভুল হবার কথাই ওঠে না।

না। নির্মল ছাড়া আর কেউ না—অন্য কেউ হতেই পারে না।

ফোনের কথা দুজনা ছেলে ছেড়েই হাত বাড়িয়ে ফোনের রিসিভারটা তুলে নিয়েছিল শিবেন।

—'হ্যালো—'

অন্য প্রান্ত থেকে ভেসে এল, 'শিবেন?'

—'হ্যাঁ। কে?'

সঙ্গেই আবার নির্মলের গলা, 'শুনেছিস প্রমীলা সুইসাইড করেছে।'

—'কে, কে সুইসাইড করেছে?'

—'প্রমীলা। প্রমীলা চক্রবর্তী।'

একটা প্রচণ্ড আঘাত যেন প্রমীলা নামটা তার কর্ণকুহরে এসে আছড়ে পড়েছিল।

কয়েকটা বোবা বিহ্বল মুহূর্ত। হাতের মধ্যে ফোনের রিসিভারটা ধরা অবস্থা—শিবেন যেন একেবারে পাথর।

প্রমীলা সুইসাইড করেছে—কে—কে তাকে ভেঙ্গে বললো, নির্মল—নির্মলের গলাই যেন শুনে হলো—ওরা ত এক পাড়াতেই থাকে—খান তিনেক বাড়ির ব্যবধান দুজনার বাড়ির মধ্যে।

—'হ্যালো—হ্যালো — নির্মল—এই নির্মল—'

বিহ্বল ভাবটা কাটিয়ে উঠে শিবেন ব্যস্তকণ্ঠে ডাকে কিন্তু ফোনের ওপাশে-থেকে তখন কেটে গিয়েছে!

ডায়েল টোন শোনা যাচ্ছে।

শিবেন স্থির হতে নির্মলের ফোন নম্বরটা ডায়েল করলো।

বেশ কিছুক্ষণ বাজবার পর অপর-প্রান্তে নির্মলের গলা শোনা গেল।

—'হ্যালো—'

—'নির্মল?'

—'হ্যাঁ—কে?'

—'আমি—আমি শিবেন — একটু আগে তুই কি বলছিলি?'

—'আমি?'

—'হ্যাঁ—তুইই ফোন করেছিলি।'

—'আমি ফোন করেছিলাম তোকে? কই না ত।'

—'তুই বলছি না আমাকে ফোন করে—এই মাত্র—'

—'কি বলেছি—'

—'প্রমীলা—মানে আমাদের প্রমীলা —সুইসাইড করেছে—'

—'Are you mad? আমি আমার কখন তোকে ফোন করে বলতে গেলাম যে প্রমীলা সুইসাইড করেছে—আর কোন দুঃখেই বা তোকে সুইসাইড করতে যাবে—স্বপ্ন দেখছিস নাকি?'

—'তবে কে—কে আমাকে ফোন করলো?'

—'কেউ করেনি—তুই বোধহয় একটু আগে স্বপ্ন দেখছিলি। দুঃস্বপ্নই দেখছিলি নিশ্চয়ই, কারণ সাড়ে সাতটার আগে তুই বিছানা ছেড়েই উঠিস না—' কথার শেষে একটা হাসির শব্দ করে এলো শিবেনের।

শিবেন আরো কিছু বলতে যাচ্ছিল কিন্তু ওদিকে তখনও নির্মল ঠক্ করে ফোনটা রেখে দিয়েছে।

নির্মল সকালবেলা উঠে বাসী মুখেই এক কাপ চা নিয়ে একটা সিগারেট ধরিয়ে বসেছিল ঐ সময় শিবেনের ফোন এসেছিল। রিসিভারটা নামিয়ে রেখে নির্মল আবার এসে চেয়ারে বসে সামনের টুলটার উপর থেকে চায়ের কাপটা তুলে নিল।

ঘড়িতে ৮ টা ৩১ করে ছটা বাজল।

নির্মল চায়ের কাপের কানায় চুমুক দেয়—চাটা ঠাণ্ডা হয়ে গিয়েছে ইতি-মধ্যেই। কয়েক চুমুকে চায়ের কাপটা নিঃশেষ করে নির্মলকটা হতে ঘরের সামনে রাস্তার উপরে খোলা বারান্দায় এসে দাঁড়াল।

নির্মলদের দোতলার বারান্দা থেকে দুটো বাড়ির পরে প্রমীলাদের বাসা-বাড়ির দোতলার বারান্দাটা সামান্য দেখা যায়। রেলিংয়ের কিছুটা অংশ আর জানলার সঙ্গে লোহার চুকে থোলান ছোট ছোট মাটির টবে মানি প্লান্ট ও ফুলের গাছ দেখা যায়।

প্রমীলার বাবা নিরঞ্জন চক্রবর্তী কোন্ একটা ফার্মে যেন চাকরি করেন মাইনে বোধ হয় অই-নগ্ন ন পান। নির্মলরা যখন ক্লাস সেভেনে পড়ে সেই সময় নিরঞ্জনবাবু এ পাড়ায় এসে ঐ বাড়ির দোতলা ও তিনতলাটা ভাড়া নেন। কয়েকই প্রমীলারা ঐ বাড়িতে বসবাস করছে তা প্রায় বেশ কয়েক বছর হয়ে গেল।

আলাপ ছিল না নির্মলের সঙ্গে প্রমীলার—আলাপ হতোও না, কারণ চিরকিনই একটু মুখচোরা গোবেচারা টাইপের ছেলে নির্মল বরাবর। কিন্তু তবুও আলাপ হয়ে গেল একদিন কয়েক বছর পরে হায়ার সেকেন্ডারি পাস করে কলেজে পড়তে গিয়ে।

আলাপ হয়ে গেল—শিবেনের মাধ্যমে। শিবেন বলেছিল, 'এই নিমু—ঐ প্রমীলা চক্রবর্তীকে চিনিস? ঐ যে মেয়েটি—আমাদের সঙ্গেই এবারে এই কলেজে ঢুকেছে ফিজী কোর্সে — আমাদের সহপাঠিনী—'

—'না—'

—'সে কি রে, তোদের পাড়াতেই তো থাকে।'

—'তা হবে।'

—'মিস চক্রবর্তী—এই যে—এদিকে শিবেনের ডাকে প্রমীলা এগিয়ে এসে।

—'কিছু বলছিলেন শিবেনবাবু—'

—'হ্যাঁ—এই যে আমার এই বন্ধু নির্মল মল্লিককে চেনেন?'

প্রমীলা মৃদু হেসে বলেছিল, 'না —পরিচয় নেই। তবে উনি আমাদের পাড়াতেই থাকেন জানি। উনি তো এবার সুটো লেটার পেয়েছেন, কেমিস্ট্রি আর ম্যাথমেটিক্স-এ—'

ঐ সময় নির্মল বলেছিল, 'আপনাকে তাই ঈর্ষা হচ্ছিল দেখে সর্বদা। আপনি আমাদের পাড়াতেই থাকেন, না?'

—'হ্যাঁ—আপনাদের বাড়ির নম্বর ৪৭, আর আমরা যে বাড়িতে ভাড়া থাকি সেটা ৫০ নম্বর।'

সেই আলাপের সূত্রপাত। ক্রমশ ঘনিষ্ঠতা তারপর।

হঠাৎ চমক ভাঙল নির্মলের—একটা কলো গা-এর পুলিস ভ্যান প্রমীলাদের বাসার সামনে দাঁড়িয়ে। এ সময়ে ওদের বাড়ির সামনে পুলিস ভ্যান কি ব্যাপার! নির্মলের মনের মধ্যে কেন তার অজান্তেই একটা বিদ্যুৎ চমক খেলে যায়।

একটু আগে শিবেনের ফোনের কথাগুলো মনে পড়ে গেল। প্রমীলা সুইসাইড করেছে।

পুলিস ভ্যানটা থেকে একজন ইউনিফর্ম পরিহিত পুলিস অফিসার নামলেন। চকিতে সম্ভব অসম্ভব অনেক কথাই মনের মধ্যে আনাগোনা শুরু করে দেয় যেন নির্মলের তৎক্ষণে।

প্রমীলা সুইসাইড করেছে।

প্রমীলাদের বাড়িতে মানুষজন খুব বেশি নেই। প্রমীলার মা-বাবা, প্রমীলা ও তার দুই ভাই—সুবীরজন ও প্রিয়রঞ্জন।

সুবী ওর বড়। বি-কম পাস করার পর ওর বাবা নিরঞ্জনবাবুই তার অফিসে ঢুকিয়ে দিয়েছেন। খুব আমুদে ও রসিক মানুষ সুবীরজন। আর প্রিয়রঞ্জন এবার হায়ার সেকেন্ডারী দেবে, প্রমীলাদের বাড়িতে নির্মলের অবশ্য যাওয়া-আসা আছে। প্রমীলাও মধ্যে মধ্যে তাদের বাড়িতে আসে।

দোতলা আর তিন তলাটা নিরঞ্জন-বাবু ভাড়া দিয়েছেন আর একতলার খান তিনেক দোকান ঘর। দোকান-গুলো এখনো খোলেনি—আর এত সকালে খোলবার কথাও নয়। কয়েকই পুলিস ভ্যান এসে থাকে তো—প্রমীলাদের ওপরেই এসেছে।

নির্মল তাড়াতাড়ি একটা শার্ট গায়ে চড়িয়ে পায়জামা পরা অবস্থাতেই পায়ে চপ্পলটা গলিয়ে তাড়াতাড়ি সিঁড়ি দিয়ে নেমে একেবারে রাস্তায় গিয়ে পড়ল।

মাত্র দুটো বাড়ির পরে—

রাস্তায় এখনো কোন লোকজন দেখা দেয়নি। একটা ছুটির গাড়ি মহম্মদবাড়া রেস্টুরেন্টের সামনে দাঁড়িয়ে—

॥ ২ ॥

প্রমীলাদের বাড়িতে ঢুকতে গিয়েই বাধা পেল নির্মল।

বাধা দিল একজন পুলিস সার্জেন্ট।

—'কাকে চান?'

—'প্রমীলার সঙ্গে একবার দেখা করবো।'

—'প্রমীলা?'

—'হ্যাঁ—প্রমীলা চক্রবর্তী—আমরা ইউনিভার্সিটিতে এক সঙ্গে পড়ি—'

—'এক সঙ্গে পড়েন! তা আপনি বুঝি এই পাড়াতেই থাকেন?'

—'হ্যাঁ, এই তো দুটো বাড়ি পর। কিন্তু এ বাড়িতে কি হয়েছে!

—'একটি মেয়ে বিষ খেয়ে আত্মহত্যা —সুইসাইড করেছে।'

—'সুইসাইড করেছে!

কে। কে সুইসাইড করেছে, প্রমীলা?

বিস্ময়ের যেন অবিভূত—প্রশ্নটা আপনা হতেই বের হয়ে আসে নির্মলের কণ্ঠ হতে। এবং সে কিছু বলবার আগেই প্রমীলার বড় ভাই সুবীরঞ্জনের কণ্ঠস্বর ভেসে এলো, ঘরজার উপরেই দাঁড়িয়ে সুবীরঞ্জন। কেমন যেন বিহ্বল, বিভ্রান্ত।

—'এই যে নির্মল—প্রমীলা আত্ম-হত্যা করেছে—'

—'আত্মহত্যা করেছে! কখন—কবে?'

—'কাল রাত্রে—কেন আত্মহত্যা করলো জানো কিছু তোমরা? তোমরা জানে তার কুসুম বন্ধুরা—'

সুবীরঞ্জনের কথা শেষ হলো না—

—'ইনি কে?'

—হঠাৎ ঐ সময় পাশ থেকে থানা অফিসার চিত্তপ্রিয় মুখার্জীর গলার স্বর শুনে সুবীরঞ্জন ফিরে তাকাল। তখন ইতিমধ্যে চিত্তপ্রিয় মুখার্জী সদরে এসে দাঁড়িয়েছে জানতেও পারেনি ওরা।

চিত্তপ্রিয় মুখার্জী মাস কয়েক মাত্র হলো ঐ এলাকার থানার ইন্চার্জ হয়ে এসেছে। বয়স বেশী নয়—২১/২২ হবে।

—'ও, মানে আমার যেন প্রমীলার কুসুমরুক্ষ নির্মল—এ-পাড়াতেই থাকে।'

তখন চিত্তপ্রিয় মুখার্জী নির্মলকে জিজ্ঞাসা করলে।

—'তা কখন জানা গেল যে প্রমীলা সুইসাইড করেছে?, সুবীবাবু, আপনি তখন জানতে পারলেন বাসাটা?' প্রশ্নটা করে তাকাল নির্মল প্রমীলার দাদার মুখের দিকে।

জবাব দেয় চিত্তপ্রিয়। বলল, 'ব্যাপারটা একটু peculiar নির্মল-বাবু।'

—'Peculiar? কি রকম?'

—'কোন বিষের ক্রিয়াতেই মৃত্যু হয়েছে বোঝা যাচ্ছে—তবে এসব ক্ষেত্রে সাধারণত আত্মহত্যার মনে চিঠিপত্র লিখে যায়। সে রকম কিছুই পাওয়া যায় নি।'

—'কেন চিঠিপত্র প্রমীলা লিখে যায়নি?'

—'না। আর তার ঘরের দরজা ভিতর থেকে বন্ধ ছিল না। ভেজান ছিল মাত্র।'

—'তখন জানা গেল কেমনভাবে?'

কথা বলল এবারে আবার সুবীরঞ্জনই। বলল, সবার আগে বাড়িতে ওই ওঠে। তারপর চা তৈরী করে নিয়ে যায় ও আমাকে দেয় এক-কাপ। আমি শেষ রাত্রের দিকে উঠে সামনের পার্কটায় বেড়াতে যাই। ফিরে আসি পাঁচটা নাগাদ—এসে দেখি এক চা তৈরী হতে আর বেশী দেরি নেই—প্রতিদিনই। কিন্তু আজ ফিরে এসে দেখি ওর ঘরের দরজা তখনো বন্ধ। সাড়ে পাঁচটায় ও যখন উঠলো না—তখন ওকে ডাকবার সামনে দাঁড়িয়ে ডাকি—ডেকেছিলাম হয়তো একটু ঘুমে জড়িয়ে। অনেকক্ষণ ডাকি নাম ধরে ওর, কিন্তু সাড়া পেলাম না। তখন বাধ্য দিতে ফিরেই দরজা খুলে দেখি।'

ঘরের দরজা বাধা দেওয়ার সঙ্গে সঙ্গেই খুলে যেতে—সুবীরঞ্জন যেন একটু বিস্মিতই হয় কারণ প্রমীলা কখনো তার ঘরের দরজা খুলে শোয় না। তাকে ডেকে তখনও তোরের আলো ফোটে নি—ঘরের জানালা পথে কাপসা কাপসা আলো আসছে। সেই কাপসা আলোয় সুবীরঞ্জন দেখল—প্রমীলা খাটের উপর পড়ে রয়েছে কেমন আড়াআড়িভাবে। মাথাটা ঝুলছে খাটের বার থেকে, একটা হাতও ঝুলছে—বেণীটা দলার পাশ দিয়ে নেমে এসে ঝুলছে। বিশেষ ঐ ভঙ্গিমাটাই প্রমীলার সুবীরঞ্জনকে যেন চমকে দেয়। সে থমকে দাঁড়ায়।

তার মন যেন সঙ্গে সঙ্গে বলছিল কিছু একটা ঘটেছে। কিছু একটা অঘটন ঘটেছে মন বলছে মনুষ্যের স্বভাববশত ধর্ম দেখানে প্রথমটায় সম্ভাবনার কথাটাই চেষ্টা করে—তাই সুবীরঞ্জন আরো দু'পা এগিয়ে গিয়ে ডাকে, 'এই প্রমী, অমন করে পড়ে আছিস কেন রে?'

কিন্তু প্রমীলার দিক থেকে কোন সাড়া পায় না।

সুবীরঞ্জন এবারে এগিয়ে গিয়ে বোনের মাথাটা তুলতে গিয়ে তাড়া-তাড়ি ছেড়ে দেয়—সুবীরঞ্জনের আর ঘরে থাকতে সাহস হয় না। ঘর ছেড়ে বের হয়ে আসে। নিজের ঘরে এসে কয়েকটা মুহূর্ত যেন বিহ্বল ঘরে দাঁড়িয়ে থাকে। তারপরই সে তার তার বন্ধু অধিভাজকে ফোন করে। অধিভাজ ফোন পেয়েই আসে এবং প্রমীলাকে পরীক্ষা করে বলে 'Sorry! She is dead!'

Dead মানে মারা গেছে।

—'হ্যাঁ—মনে হচ্ছে a case of poisoning—

আত্মহত্যা—'

—'আত্মহত্যা — প্রমীলা আত্মহত্যা করেছে!' সুবীরঞ্জন যেন কেমন বোকার মতই প্রশ্নটা করে।

—'হ্যাঁ—সুবী তুমি বরং এক কাজ করো—থানায় একটা ফোন করে দাও—'

—'কেন থানায় ফোন করবো কেন?'

—'বুঝতে পারছো না—a case of suicide— পুলিশকে না জানিয়ে ডেডবডির তো কোন ব্যবস্থা করতে পারবে না। তাছাড়া কোন জায়গাই তোমাকে death certificate দেবে না।'

অধিভাজই থানায় ফোন করে। থানা অফিসার চিত্তপ্রিয় মুখার্জী সঙ্গে সঙ্গে চলে আসেন। থানা বেশী দূরে নয়।

তিনি এসে সব শুনে মৃতদেহ পরীক্ষা করে অধিভাজের সঙ্গে একমত হন।

সমস্ত ব্যাপারটা ঘটে যায় সকাল ছটার মধ্যেই।

নির্মল সব শুনে স্তব্ধ হয়ে বাড়িয়ে থাকল। কিন্তু সে যে ফোনে প্রমীলার মৃত্যু সংবাদটা পেয়েছে ইতিপূর্বেই, সে কথা বলল না।

চিত্তপ্রিয় মুখার্জী বৃদ্ধাঙ্গুষ্ঠ আঙুলি প্রশ্ন করলেন—তারপর তাকে মুক্তি দিলেন।

নির্মল ওখান থেকে বের হয়ে এলো। কিন্তু বাড়িতে গেল না—সকেটে পার্সটা আছে দেখে নিল। তারপর সোজা বড় রাস্তার দিকে এগিয়ে গেল।

সিনেমে—সিনেমের সঙ্গে দেখা হওয়া এখুনি তার একান্ত প্রয়োজন।

বাঁকানমুখো একটা ট্রামে উঠে বসল নির্মল। সিনেমা থাকে কালীঘাটের।

এদিকে চিত্তপ্রিয় মুখার্জী মৃতদেহ ময়না তদন্তের জন্য পাঠাবার ব্যবস্থা করবার জন্য তৎপর হলো।

সুবীরঞ্জন তার ঘরের মধ্যে একটা চেয়ারে মুহ্যমানের মত বসেছিল।

কি করবে—এখন তার কি কর্তব্য কিছুই যেন মাথায় উঠতে পারে না।

মা মারা ও ছোট ভাই পুরীতে বেড়াতে গিয়েছে। সে আর পুরাতন ভৃত্য রামচরণ বাড়িতে। রামচরণ ওদের বাড়িতে অনেক বছর আছে। সে বাইরের বারান্দার দাঁড়িয়ে কাঁদছে।

নিরঞ্জনবাবু ছেলের কাছ থেকে ঠাকে কল পেয়ে ভুবনেশ্বরের প্লেন ধরে পরের দিনই কলকাতায় চলে এলেন। নিরঞ্জনবাবুর স্ত্রী সবিতা দেবী যেন মুষড়ে ভেঙে পড়লেন।

দুই ছেলে এক মেয়ে—বিশেষ করে মেয়ে জন্মাবার পরই অফিসে পদোন্নতি হওয়ার প্রমীলাকে সন্তান-দের মধ্যে বোধহয় একটু বেশীই ভালবাসতেন নিরঞ্জনবাবু।

তা ছাড়া সন্তানদের মধ্যে লেখা-পড়ায় প্রমীলা বেশী ভাল ছিল বলে তার প্রতি নিরঞ্জনবাবুর একটু বেশী পক্ষপাতিত্বও ছিল বোধহয়। প্রমীলার কখনো কোন দোষই তাঁর চোখে পড়ত না। প্রমীলার সাত বছরের ছোট ভাই প্রিয়রঞ্জন তো তিনির একজন অন্ধ ভক্ত ছিল। তার বড় আদর-আবদার ছিল ঐ দিদির কাছেই। দুজনের মধ্যে যেমন ছিল ভাব তেমনি ভালবাসা।

অশ্রু চোখে আসে প্রিয়রঞ্জনের—সামনের বার হায়ার সেকেন্ডারী পরীক্ষা দেবে। প্রিয়রঞ্জন দিদির আত্মহত্যার সংবাদে একেবারে যেন মুষড়ে পড়ে গিয়েছিল।

সমস্ত দিনটা সে বাড়ি থেকেই বেরুল না।

মৃতদেহ কর্ম থেকে সকলে পাওয়া গিয়েছিল। সুবীরঞ্জনই তার বন্ধু-বান্ধবদের কাছে দেয় কাজটুকু করার জন্য শ্মশানে নিয়ে গিয়েছিল। প্রিয়রঞ্জনও যেতে চেয়েছিল—কিন্তু সে যায়নি। সে ঘরের মধ্যে ছিল খিল দিয়ে বসেছিল।

সন্ধ্যার দিকে ঘর থেকে বেরুল প্রিয়রঞ্জন—তারপর বাড়ি থেকে বের হয়ে অন্যমনস্কভাবে রাস্তা ধরে হাঁটতে হাঁটতে হঠাৎ একজনের কথা তার মনে হলো; কিরীটী রায়।

কিরীটী রায় ঐ সময় ওদের পাড়াতেই থাকতো—তখনো গড়িয়া-হাটায় বাড়ি করে কিরীটী উঠে যায়নি।

কিশোর বয়সের কৌতূহলে সে নিজে থেকে গিয়ে কিরীটীর সঙ্গে আলাপ করেছিল, এবং প্রায়ই কিরীটীর ওখানে সে যেতো।

বুদ্ধিদীপ্ত প্রিয়রঞ্জন ঐ কিশোর-টিকে কিরীটীর খুব ভাল লাগত। এবং স্থির তার বাড়িতে গেলে কিরীটী যদি ওদের ঘরে বসে কিরীটীর সঙ্গে আলাপ করতো প্রিয়রঞ্জনের সঙ্গে।

কিরীটীর কথা মনে হতেই প্রিয়-রঞ্জন কিরীটীর বাড়ির দিকে হাঁটতে লাগল। সবে তখন সন্ধ্যা উত্তীর্ণ হয়েছে।

প্রিয়রঞ্জন—সাড়াশ্ব দিন অসুস্থ থাকায় গিয়েছে। কিরীটী হেতেলার নিজের বসবার ঘরে বসে কফির সঙ্গে গল্প করছিল। প্রিয়রঞ্জন এসে ঘরে ঢুকল।

কিরীটী ওকে ঘরে ঢুকতে দেখে বলে ওঠে, 'এই যে প্রিয়বাবু, কতদিন বিনে দেখিনি যে?' কিন্তু কিরীটীর কথা শেষ হলো না—সে প্রিয়রঞ্জনের মুখের দিকে তাকিয়ে একটু, ছেলে বললে, 'কি ব্যাপার প্রিয়বাবু—তোমাকে যেন একটু চিন্তিত ও অন্যমনস্ক মনে হচ্ছে! এতদিন আসোও নি।

—'আমি এখানে ছিলাম না কিরীটীবাবু।'

—'তোমার দিয়েছিলে?'

—'পুরী, তারপরই একটু, ছেলে বললে, 'জানেন কিরীটীবাবু—দিদি মারা গেছে—'

কৃত্রা বললে, মারা গেছে, কবে? কি হয়েছিল?'

—'গতকাল—পুলিশ বলছে আত্ম-হত্যা—কিন্তু—'

—'কিন্তু কি প্রিয়বাবু?' কিরীটী শুধোয়।

—'আমার মনে হয় আত্মহত্যা নয়—দিদি আত্মহত্যা করে নি—'

—'তবে?'

—'কেউ তাকে হত্যা করেছে বিষ দিয়ে—'

—'বিষ দিয়ে হত্যা করেছে?'

—'নিশ্চয়ই তাই—নচেৎ দিদি কি একটা চিঠিও লিখে রেখে যেতো না যে সে আত্মহত্যা করছে! আর দিদি আত্মহত্যা করবে আমি জানতেই পারি না।'

—'কেন?' কিরীটী প্রশ্নটা করে প্রিয়রঞ্জনের মুখের দিকে তাকান।

—'কেন করবে জানেন—আপনিই ত কত সময় বলেছেন, বিনা কারণে কেউ

কখনো আত্মহত্যা করে না।

॥ ৩ ॥

কিরীটী বললে, 'তবুও ঠিকই কিন্তু—'

—কি?'

—হয়তো এমন কেন কিছু ঘটেছিল—যাতে—তোমার দিদি—'

—না, কিরীটীবাবু, দিদি এতটুকু বেহেড়ী বা কাণ্ডজ্ঞান ছিল না। তা ছাড়া দিদি কতো ভীরু অত দুর্বলেরাই আত্মহত্যা করে। আর কিছু ঘটার কথা বলছেন কি এমন তার ঘটতে পারে? ব্যাঙ্কর্পি—কোকেন—ছিল—আমুখে পড়ানো নিয়েই সর্বদা থাকতে দিদি আপনি তো জানেন।'

—ব্যাপারটা আসলে সব খুলে বলতো প্রিয়বাবু—'

প্রিয়রঞ্জন যা জানতো সব বলে গেল অতঃপর কিরীটীকে।

সব শুনে কিরীটী বললে, তোমার কথাই যদি সত্য বলে মেনে নিই প্রিয়বাবু যে তোমার দিদি আত্মহত্যা করে নি—কেউ তাকে কৌশলে বিষ প্রয়োগে হত্যা করেছে—তাহলে অনেকগুলো প্রশ্ন আমাদের সামনে দেখা দেয়—'

—কি প্রশ্ন—

—প্রথমতঃ এই, যদি কেউ তাকে বিষ দিয়ে হত্যাই করে থাকে—সে বিষ তাকে প্রতি প্রয়োগ করা হলো কি করে? একজন মানুষকে তার ইচ্ছার বিরুদ্ধে বা অজ্ঞানে তো তার বিষ প্রয়োগ করা চলে না—'

—তা হয়তো না—তবে যদি সে না জেনে সে-বিষ খেয়ে থাকে?'

—ঠিক—তা হতে পারে—তবে সে ক্ষেত্রে কিছু পানীয় বা খাদ্যবস্তুর সঙ্গেই নিশ্চয়ই সেই মারাত্মক বিষ প্রয়োগ করা হয়েছিল এবং সেই খাদ্য-বস্তু বা পানীয় প্রমীলা দেবী না জেনে খেয়েছিলেন। কিন্তু সেক্ষেত্রেও একটা অসুবিধার আছে—'

—কি?'

—যে সেই বিষ খাদ্যবস্তু বা পানীয়ের সঙ্গে মিশিয়েছিল, সেই ব্যক্তি তোমার দিদির নিশ্চয়ই বিশেষ পরিচিত একজন কেউ ছিল।'

—কি বলতে চান আপনি?'

—আচ্ছা প্রিয়বাবু—'

—বলুন!'

—তোমার দিদির ঘনিষ্ঠ বন্ধু বা বান্ধবীদের মধ্যে সকলকেই হয়তো তুমি চেনো। তাদের মধ্যে নিশ্চয়ই তা হলে এমন কেউ ছিল যার প্রয়োজন হয়েছিল তার পথ থেকে তোমার দিদিকে সরানো বা কেউ তাদের জন্যে বিশেষের বশে ঐভাবে তোমার দিদিকে হত্যা করেছে—যদি অবিশ্যি হত্যাই হয়ে থাকে—মানে, তোমার কথাটাই সত্য বলে মেনে নেওয়া হয় যদি—'

—দিদির বন্ধু-বান্ধবীদের সকলকে আমি চিনি না—তবে কয়েকজনকে জানি—যারা আমাদের বাসায় আসতো মধ্যে মধ্যে—'

—তাদের আমি অবিশ্যি কেন জান?'

—কেন?'

—কারণ তোমার কথাই যদি সত্য হয়, তোমার দিদির অজ্ঞাতেই কেউ তাকে বিষ প্রয়োগ করে থাকে, তা হলে সে ব্যক্তির যে কেবল তোমার দিদির সঙ্গেই ঘনিষ্ঠতাই ছিল তাই নয়, তোমাদের ওখানে তার আসা-যাওয়াটাও ছিলই উপরন্তু চট্ করে তার উপরে সন্দেহ পড়বারও কথা নয়।'

—কিরীটীবাবু, আমিও ঐ দুর্ঘটনার পর থেকে ঐ কথাটাই ভাবছি—আর সেই কারণেই আপনার কাছে আমি এসেছি। আমার মন বলছে দিদিকে কেউ হত্যাই করেছে এবং দিদির হত্যাকারীকে যদি কেউ খুঁজে বের করতে পারে তো সে এক মাত্র আপনিই—কিরীটীবাবু আপনি একটু চেষ্টা করলেই জানতে পারা যাবে সত্যি ব্যাপারটা—'

—ঠিক আছে, প্রিয়বাবু। তুমি কাল এসো—আজকের রাতটা আমাকে একটু ভাবতে দাও।'

প্রিয়রঞ্জন চলে যেতে কৃষ্ণা বললে, 'আহা বেচারী—দিদিকে ও খুব ভালবাসতো তো—বড় মুষড়ে পড়েছে।'

কিরীটী বললে, 'খুবই স্বাভাবিক কৃষ্ণা!' কথাটা বলে কিরীটী পাশ থেকে পাইপটা তুলে নিয়ে তাতে অগ্নিসংযোগ করলে।

কৃষ্ণা উঠে পড়ল। রাত্রের খাবার সব ব্যবস্থা করতে হবে।

ঘণ্টা দেড়েক বাদে ঘরে এসে ঢুকে দেখে সোফাটার উপরে হেলান দিয়ে চোখ বুজে রয়েছে কিরীটী। ঘর অন্ধকার।

ঘরের আলোটা সুইচ টিপে জেলে দিয়ে স্বামীকে ঐ অবস্থায় চোখ বুজে একদম নিশ্চিন্তভাবে বসে থাকতে দেখে কৃষ্ণা বললে, 'কি ব্যাপার —ঘুমোচ্ছো না—অমন চুপ-চাপ হয়ে আছো।'

—কে—কৃষ্ণা—বোস।

—মনে হচ্ছে যেন কিছু ভাবছো। প্রিয়বাবুর কথাই ভাবছিলে নাকি?'

—কয়েকটা কোন ভালমানুষ ও প্রিয়-রঞ্জনের দুর্ঘটনা ঘটলে তার অজ্ঞাতেই তার মনের মধ্যে অনেক সময় সত্য এসে উঁকি মেরে কৃষ্ণা—তাই ভাব-ছিলাম—'

—কি?'

—প্রিয়বাবুর মনের মধ্যে যে সন্দেহটা উঁকি দিয়ে গেছে সেটা হয়ত মিথ্যা নয়—কিরীটীর কথা শেষ হতে না। ঘরের কোণে কোনটা থেকে উঠলো।

কিরীটী উঠে গিয়ে ফোনের রিসি-ভারটা তুলে নিল, 'কিরীটী বলছি...'

—আমি চিত্রপ্রিয়, মিঃ রায়, ইন্সী-রার থানা থেকে বলছি...'

—কি ব্যাপার মুখার্জী?'

—আপনি নিরঞ্জনবাবুর ছোটছেলে চিত্ররঞ্জনকে চেনেন?'

—হ্যাঁ—ছেলেটি আমার এখানে প্রায়ই আসা-যাওয়া করে...কেন কি ব্যাপার বলুন তো?'

—একটু আগে সে এসেছিল থানায়—'

—কেন?'

—আপনি হয়তো শুনেছেন ওর মুখেই গত পরশু ওর দিদি প্রমীলা সুইসাইড করেছে বিষ খেয়ে—স্টামাক কনটেন্টের রিপোর্টও আজ পেয়েছি রাইট্রোস্যোনালিক এসিড্ বিষ পাওয়া গিয়েছে—তা চিত্ররঞ্জন আমাকে বল-ছিল, এটা নাকি আত্মহত্যা নয়, মার্ডার—আপনাকেও নাকি সে কথা সে বলেছে...'

—তাই বলছিল—'

—শামল! a simple case of suicide!'

—মুখার্জী?'

—বলুন—'

—তোমার case report আর postmortem report- টা আমাকে একবার দেখবে?'

—কেন দেখবো না—আপনি দেখতে চান কি? কিন্তু সত্যিই কি ব্যাপার বলুন তো—'

—ব্যাপারটার আমি কেন একটু interest পাচ্ছি। তুমি কি এখন থানায় থাকো? তোমে দেখা হবে!'

—হ্যাঁ—আছি। আসুন না।'

ঐ একাকার থানা অফিসার হরে আসার পরই চিত্রপ্রিয় কতকটা জোর দিয়ে কিরীটীর সঙ্গে আলাপ করে-ছিল এবং আলাপ করে সে খুশিই হয়েছিল। আলাপ হবার পর থেকে হরো পরামর্শের জন্যও চিত্রপ্রিয় কিরীটীর ওখানে গিয়েছে।

আধঘণ্টার মধ্যেই কিরীটী থানায় এলো।

কম্পাউণ্ড ফেন্সের ধারে চিত্রপ্রিয় কিরীটীর সামনে ফাইল খুলে দিল।

চিত্রপ্রিয় মুখার্জী খুব methodi-cal অফিসার। কোন কিছুর শুরুতে গেলে খুব খুঁটিয়ে শুরুত করাই তার স্বভাব।

প্রমীলা চক্রবর্তীর মৃত্যুর শুরুত করতে গিয়েও তার কোন অসুবিধা হয় নি।

মৃতদেহ ও অকুস্থানের খুঁটিনাটি বর্ণনা, কিছুই তার হিসেবে বাদ যায় নি। মৃতদেহের পোষাক থেকে বিভিন্ন এমনকি থেকে ব্লাউজও তুলে নিয়েছে।

ফটোগুলো দেখতে দেখতে এক সময় কিরীটী বললে, মুখার্জী, হঠাৎ তুমি মৃতদেহের এই ফটোগুলো তুলতে গেলে কেন? তোমার মনেও কি তাহলে সন্দেহটা কোন সময় জেগেছিল যে কেসটা suicide না হয়ে homicide ও হতে পারে?'

—বিশ্বাস করবো না মিঃ রায়, তা জেগেছিল।'

—কেন বলো তো, মৃতদেহের position দেখেই কি?'

—মৃতদেহের position দেখে তো বটেই—তা ছাড়াও আরো কিছু ছিল মিঃ রায়, যেমন ঐ সময় ঐ বাড়িতে প্রমীলা, তার বড় ভাই সুধী-রঞ্জনবাবু ও পুরনো চাকর ছোট্ট বজরেঙ্গ ছাড়া আর কেউ ছিল না—ঐ ঘটনার দিন বিকেল চারটে নাগাদ সে যখন বাড়ি আসে। সুধীবাবু পরদিন ভোর চারটে নাগাদ দোতলে যাবার সময় সদর দরজাটা খোলাই দেখতে পান—যদিও রাত সাড়ে এগারটা নাগাদ সে বাড়ি এলে ঐ বাসচরণই তাকে দরজা খুলে দেয়—পরে বন্ধ করে দেয়। বিশেষ করে প্রমীলার ঘরের দরজাটা ও সদর দরজাটা খোলা থাকা এই ঘটনাই আমার মনে কিছুটা সন্দেহ জাগিয়ে-ছিল—'

—আর কিছু অসঙ্গতি তোমার মনে হয় নি, মুখার্জী?'

—না। কিন্তু কেন বলুন তো?'

—মানে পরের দিন সকালে সুধী-রঞ্জন তার বেয়ারাকে ডাকতে দিয়ে দেখে তার ঘরের দরজাটা খোলা—ভেজান রয়েছে। অথচ বরাবর রাত্রে শোবার সময় তার একটা অভ্যাস ছিল খুলোনো—'

—এমনও তো হতে পারে সে রাত্রে প্রমীলার ঘরের দরজাটা কোন কারণে বন্ধ করতে ভুলে গিয়েছিল শোবার আগে—'

—না মুখার্জী, তা নয়। আমাদের সাধারণ অভিজ্ঞতাই বলে কেউ আত্ম-হত্যা করবার decision একবার নিলে, সে বাকী কাজটুকু বীরেদ্যমে করে—মানে সেই কাজটুকু সে করার একটা যেন trance-এর মধ্যেই করে যায়। কাজেই দরজা বন্ধ করবার কথাটা ভুলে যাওয়া প্রমীলার পক্ষে ঠিক যেন স্বাভাবিক মনে হচ্ছে না।'

—তবে কি?'

—কি তবে?'

—মানে বলছিলাম ব্যাপারটা কি তবে আত্মহত্যা নয় বলেই আপনার মনে হচ্ছে?'

—হ্যাঁ মুখার্জী—বড় যন্ত্রণাদায়ী আমি ভাবছি—আমার মনে হচ্ছে যেন it was not a case of suicide—'

—মানে মার্ডার—কেউ তাকে হত্যা করেছে বিষ প্রয়োগে?'

—হ্যাঁ—

—কিন্তু—'

—জানি তুমি হয়ত বলবে—কি-ভাবে কখন তাহলে তাকে বিষ প্রয়োগ করা হয়েছিল—অবশ্যই সেটা হয়তো তোমরা জানতে পারবে আরো অনু-সন্ধান চালালে। তবে একটা কথা তুমি ভাল করেরো—পরীক্ষায় পুঁটিনাটি নোট করা, মৃতের বিভিন্ন এমনকি থেকে কয়েকটা ফটো তুলে রেখো। শোন মুখার্জী, তোমার কেস ডিসপোজটা একবার রাত্রির জন্য আমি

নিয়ে ছেড়ে চাই। তোমার কেন আপত্তি নেই তো?'

—না। আপত্তি কিসের। নিয়ে যান—'

॥ ৪ ॥

রাত্রে আহারাদির পর কিরীটী তার বসবার ঘরে একটা সোফার উপরে অর্ধ প্রবীলার কেস্ হিসেবটা খুঁটিয়ে খুঁটিয়ে পড়ছিল দ্বিতীয়বার। প্রথম পড়ার সময় কিছুটা আনমনা-ভাবেই কেস হিসেবটা পড়ে মনে হয়েছিল, প্রিয়রঞ্জনের সন্দেহটা হয়ত অমূলক নয়—প্রবীলা আত্মহত্যা করে নি তাকে সম্ভবতঃ হত্যাই করা হয়েছে তীব্র হাইড্রোসায়ানিক এ্যাসিড বিষ প্রয়োগে। এবং কথাটা মনে উদয় হওয়ার সঙ্গে সঙ্গেই কিরীটীর সন্ধানেক্ষণ শুরু হয়ে গিয়েছিল। প্রবীলার পস্টমর্টেম রিপোর্টে এনালিসিস্ করে নাকি হাইড্রোসায়ানিক এ্যাসিড বিষ পাওয়া গিয়েছে।

প্রবীলা ইউনিভার্সিটির ছাত্রী ছিল। কেমিস্ট্রিতে এম.এস-সি. পড়ছিল। এবং কিছু তার ছেলে বন্ধু ছিল। বিশেষ করে প্রবীলার দাদা সুবীরঞ্জনের জবানবন্দী থেকে তার যে তিনজন বন্ধুর নাম পাওয়া গিয়েছে যেমন—বিকাশ, নির্মল ও তপনজ্যোতি, তারাও এম.এস-সি.-র ছাত্র কেমেস্ট্রিতে।

প্রথমতঃ এ তিনজন প্রবীলার অনেক বছরের সহপাঠী। সেই সূত্রেই হয়তো ওদের পরস্পরের মধ্যে ভাব ও ঘনিষ্ঠতা কিছুটা বেড়ে উঠেছিল। এমনও তো হতে পারে, কিরীটীর মনে হয়, ঐ তিনজনের কারো সঙ্গে প্রবীলার ঘনিষ্ঠতা বিশেষ একটা পর্যায় পৌঁছেছিল। মৃত্যুর কোন সূত্র হয়তো সেখানেও খুঁজে পাওয়া যেতে পারে।

দ্বিতীয়তঃ—ঐ বিশেষ বিষটি ও তার প্রক্রিয়া ঐ তিনজনের অজানা থাকবার কথা নয়।

তৃতীয়তঃ — এদের তিনজনেরই প্রবীলাদের গৃহে গতিবিধি ছিল। সেদিক দিয়ে মনে হয় ওরা প্রবীলার গৃহে আসা-যাওয়া করলে—কোন রকম সন্দেহ সেখানে সহজে না আসারই কথা কারো মনে।

চতুর্থতঃ—প্রবীলার ঘরে ঢোকার জন্যে যদি কোন রকম সন্দেহ থাকত ওদের কারুকে ঘিরে (এবং সেটা একেবারে জলা একান্ত স্বাভাবিক) তা হলেই বা প্রবীলা হঠাৎ আত্মহত্যা করতে যাবে কেন? বিশেষ করে, প্রিয়রঞ্জন তার বিয়ে সম্পর্কে যা বলেছে তাকে তাতে করে আত্মহত্যার সম্ভাবনা খুবই কম।

পঞ্চমতঃ—মৃতদেহের পরিচালন—ঘোষ ঘরের বন্ধন—ও পরের দিন সকালের ঘোষ সময় বন্ধনটা—বাড়িতে রাত্রি তিন জনের উপস্থিতি—সময় ব্যাপারটা কেন হত্যার বিরোধী অনুকূলে নির্দেশ করছে।

পরের দিন সকালেই কিরীটী ফিসেটটা ওদের হাতে দিয়ে থানায় চিন্তাচিত্তন, করে পাঠিয়ে দিল। কোথাও কেউ হলো না সারাটা দিন। সন্ধ্যার মুখে প্রিয়রঞ্জন এলো।

—এসো প্রিয়বাবু—'

—আপনি বলেছিলেন আজ আসতে।

—হ্যাঁ—বোস। তুমি ঠিকই বলেছিলে প্রিয়বাবু—ব্যাপারটা মনে হচ্ছে আত্মহত্যা নয়।'

—আপনি, মনে আপনারও তাহলে ধারণা যে আমার বিশ্বাসকে দৃঢ়তাই করা হয়েছে তার হাইড্রোসায়ানিক এ্যাসিড বিষ প্রয়োগে। এবং কথাটা মনে উদয় হওয়ার সঙ্গে সঙ্গেই কিরীটীর সন্ধানেক্ষণ শুরু হয়ে গিয়েছিল। প্রবীলার পস্টমর্টেম এনালিসিস্ করে নাকি হাইড্রোসায়ানিক এ্যাসিড বিষ পাওয়া গিয়েছে।

প্রবীলা ইউনিভার্সিটির ছাত্রী ছিল। কেমিস্ট্রিতে এম.এস-সি. পড়ছিল। এবং কিছু তার ছেলে বন্ধু ছিল। বিশেষ করে প্রবীলার দাদা সুবীরঞ্জনের জবানবন্দী থেকে তার যে তিনজন বন্ধুর নাম পাওয়া গিয়েছে যেমন—বিকাশ, নির্মল ও তপনজ্যোতি, তারাও এম.এস-সি.-র ছাত্র কেমেস্ট্রিতে।

প্রথমতঃ এ তিনজন প্রবীলার অনেক বছরের সহপাঠী। সেই সূত্রেই হয়তো ওদের পরস্পরের মধ্যে ভাব ও ঘনিষ্ঠতা কিছুটা বেড়ে উঠেছিল। এমনও তো হতে পারে, কিরীটীর মনে হয়, ঐ তিনজনের কারো সঙ্গে প্রবীলার ঘনিষ্ঠতা বিশেষ একটা পর্যায় পৌঁছেছিল। মৃত্যুর কোন সূত্র হয়তো সেখানেও খুঁজে পাওয়া যেতে পারে।

দ্বিতীয়তঃ—ঐ বিশেষ বিষটি ও তার প্রক্রিয়া ঐ তিনজনের অজানা থাকবার কথা নয়।

তৃতীয়তঃ — এদের তিনজনেরই প্রবীলাদের গৃহে গতিবিধি ছিল। সেদিক দিয়ে মনে হয় ওরা প্রবীলার গৃহে আসা-যাওয়া করলে—কোন রকম সন্দেহ সেখানে সহজে না আসারই কথা কারো মনে।

চতুর্থতঃ—প্রবীলার ঘরে ঢোকার জন্যে যদি কোন রকম সন্দেহ থাকত ওদের কারুকে ঘিরে (এবং সেটা একেবারে জলা একান্ত স্বাভাবিক) তা হলেই বা প্রবীলা হঠাৎ আত্মহত্যা করতে যাবে কেন? বিশেষ করে, প্রিয়রঞ্জন তার বিয়ে সম্পর্কে যা বলেছে তাকে তাতে করে আত্মহত্যার সম্ভাবনা খুবই কম।

পঞ্চমতঃ—মৃতদেহের পরিচালন—ঘোষ ঘরের বন্ধন—ও পরের দিন সকালের ঘোষ সময় বন্ধনটা—বাড়িতে রাত্রি তিন জনের উপস্থিতি—সময় ব্যাপারটা কেন হত্যার বিরোধী অনুকূলে নির্দেশ করছে।

—বামাচরণকে ডাকতে পারো না।'

—আচ্ছা সে রাত্রে রোজের মতো সুবীরবাবু কখন বাড়ি ফেরেন প্রিয়বাবু?'

—রাত সাড়ে এগারোটা নাগাদ ফিরে আসেন—'

—ওকে কে সেকথা খুলে দিয়েছিল?'

—বামাচরণই—'

—সেদিন যে সকাল বেলা সমস্ত ব্যাপারটা ঘোলা ছিল সে সম্পর্কে বামাচরণ কিছু জানে?'

—বামাচরণ তো কিছু বলে নি সে সম্পর্কে।'

—বামাচরণ কিছু বলে নি?'

—না। আমিও জিজ্ঞাসা করি নি।'

—প্রিয়বাবু—'

—বলুন—'

—বামাচরণ এখন কি করছে?'

—ঘরে রয়েছে, শুয়ে আছে। জানেন কিরীটীবাবু, আপনার এখানে যখন আসছি পথে নির্মলদার সঙ্গে দেখা। নির্মলদা আমাকে দেখতে পেয়ে কেমন যেন আমার মনে হয় পালিয়ে গেল—'

—কেন। পালিয়ে যাবে কেন?'

—মনে হলো তাই বললাম।'

'নির্মলবাবুর সঙ্গে একবার দেখা করা দরকার—হয়তো অনেক প্রয়োজনীয় কথা তিনি আমাদের দিতে পারবেন—'

—যাবেন, দেখা করবেন? নির্মলদাকেও দেখে এলাম বাড়িতেই চুকলেন। এখন হয়তো বাড়িতেই আছেন। যাবেন তার বাড়িতে?'

—চলু—একবার দেখাই যাক—যদি দেখাটা হয়ে যায়। কিছু জানতে পারা যায়—'

নির্মলদের বাড়ির নীচের বৈঠকখানায় বসতে বলেছিল প্রিয়রঞ্জন। কিন্তু কিরীটী বললে, না, আমি নীচের বারান্দার অপেক্ষা করছি। তুমি যাও, পার তো নির্মলবাবুকে ডেকে নিয়ে এসো।'

প্রিয়রঞ্জন দোতলায় নির্মলের ঘরে গিয়ে কিরীটীর কথা বলতেই সে বললে, সে কি, বারান্দায় তাঁকে দাঁড় করিয়ে রেখে এসেছো কেন? নীচের বৈঠকখানায় বসাতে পারলে না।'

—অনেকবার কিন্তু এলেন না। বললেই দাঁড়িয়ে রইলেন—'

—কিন্তু কি ব্যাপার বলো তো প্রিয়? উনি হঠাৎ আমার সঙ্গে দেখা করতে চান কেন?'

—তা ত জানি না—যাবার সময় বলছিলেন আপনার সঙ্গে একটু আলাপ করতে চান। তাই নিয়ে এসেছি—'

—হুঁ। আচ্ছা চলো। নির্মল একটা শার্ট গায়ে চাপিয়ে সাহচর্যে পা পালিয়ে নীচে নেমে এলো।

রাস্তার একপাশে দাঁড়িয়ে ছিল কিরীটী। নির্মল বললে, শুনলাম প্রিয়র কাছে আপনি আমার সঙ্গে আলাপ করতে চান—তাহলে—বাড়ির মধ্যে—'

—না নির্মলবাবু, বরং আপনার যদি আপত্তি না থাকে ত চলুন না—বড় রাস্তার ধারে পার্কটায় গিয়ে বসা যাক—'

—পার্কে? বেশ চলুন—'

তিনজনে পার্কে এসে একটা বেঞ্চিতে বসল।

রাত প্রায় পৌনে আটটা হবে। প্রীষ্মের রাত্রির পৌনে আটটা—সন্ধ্যা বললেও চলে। পার্কে তখনো অনেক লোক। যে বেঞ্চিটায় ওরা বসল সে জায়গাটা একটু অন্ধকার।

কিছুক্ষণ স্তব্ধতার পর নির্মলই বললে, কি বিষয়ে আপনি আমার সঙ্গে আলাপ করতে চান বলুন তো কিরীটীবাবু—' নির্মলের কণ্ঠস্বরে খানিকটা দ্বিধা ও খানিকটা উৎকণ্ঠা যেন প্রকাশ পায়।

—আচ্ছা নির্মলবাবু, প্রিয়রঞ্জনের বিধি প্রবীলা দেবী তো আপনার সহপাঠী ও বিশেষ পরিচিত ছিলেন—'

—হ্যাঁ—কিন্তু সে কথা কেন?'

—আচ্ছা তাঁর মৃত্যুর ব্যাপারটা আপনার কি মনে হয়?'

—নিশ্চয়ই খুব্‌ছেন প্রবীলা আত্মহত্যা করেছে।'

—পুলিশের কিন্তু ধারণা তা নয়—'

—তাই নাকি!'

—হ্যাঁ—তাদের ধারণা কেসটা মার্ডার—মার্ডার নয় হোমিসাইড—হত্যা করা হয়েছে তাকে—'

—সেকি! এ আপনি কি বলছেন কিরীটীবাবু?'

—শুধু পুলিশের নয় আমারও তাই ধারণা প্রিয়বাবু ও আমারও ধারণা তাই—তাকে brutally murder করা হয়েছে।'

—না, না—absurd—হতেই পারে না—তাকে কে অমন হত্যা করতে যাবে! আর কেনই বা হত্যা করবে—it is fantastic!'

—কে হত্যা করতে পারে তাকে—আর কেনই বা হত্যা করেছে—সেটা যদিও এখনো পরিষ্কার জানা যায় নি—তাহলেও হত্যাকারীকে ধরে দিতেই হবে। যাক সে কথা। আপনার সঙ্গে তো তার পরিচয় ও ঘনিষ্ঠতা ছিল—শুধু শুধু তাই নয় পুলিশ জানতে পেরেছে মৃত্যুর রাত্রে আপনি তার ওখানে রাত দশটা পর্যন্ত ছিলেন—'

—কে—কে বললে সে কথা? কার কাছ থেকে পুলিশ কথাটা জানল—'

—তারা জেনেছে। আর কথাটা যে মিথ্যা নয়—সে তো আপনিও স্বীকার করবেন—'

নির্মল একেবারে চুপ। অনেকটা মুহূর্তের জন্য একটা স্তব্ধতা।

—নির্মলবাবু, কিরীটী তার স্তব্ধতা আবার পুনরাবৃত্তি করলো, বোধ

...ঘটে কি করে ঘটতে পারে আপনি প্রমীলাকে দেখে হত্যা করেছেন?'

'হ্যাঁ।'

'...বুঝতে পারছেন?'

'...কিন্তু সে ঘটনা কিছু পরে ঘটেছে।'

'সে যাক, তবে তো প্রমীলাকে এখনো বিবাহিতা বলি?'

'হ্যাঁ, তাতো বলতেই হবে।'

'...এসেছিল। সে বার ...টো নাগাদ এসেছিল।'

'তখনকার, তখন ঠাকুর ছিল?'

'...ছিল।'

'...কোনদিন এমনটি হয়নি?'

'না।'

'...বন্ধ করতে প্রমীলা কি আপনার সঙ্গে একটা ঝগড়া করেছিল?'

'না, না তো!'

'তবে যে ঝগড়া বন্ধ করতে?'

প্রমীলা বোধহয় সেই একটু আগে দিয়ে ঝগড়া বন্ধ করে গেছে।'

কেন যেন মনে হলো না বলে সত্য কথাটা বন্ধ করে দিতে।

'যে তার হাতেছিল সে যদি দেখে—'

'...ছিল সত্য কথাটা আর বলে ফেলি। তাকে ঠেকানো যাবে না।'

'প্রমীলা কি বলেছিল?'

'...কোন নির্দিষ্ট কথা নয়। ...তু সে ধরনে ঠেস দিয়ে কথা বলে।'

'...কিছু বলেনি?'

'না।'

'...বলে তাকে অবশ্য সে ...ছিল। তাহলে কি আপনি মনে করেন প্রমীলা সেটা নিয়ে ঝগড়া করে নি?'

'মিসেসবসু, একটা কথা—প্রমীলার উপরে আপনার কেন এতোটা মায়া—'

'ভালবাসার কিনা তাই জিজ্ঞাসা করছেন তো?'

'হ্যাঁ।'

'না। আমার কেন জানি মনে হয় সুধীরতাই তার প্রতি ছিল না—'

'...আপনার এর দুই সহপাঠী মিসেসবসু, ও তপনজ্যোতিবাবুর?'

'...বলতে পারবো না।'

'...আচ্ছা, প্রমীলা দেবীর হত্যার ব্যাপারে কাউকে আপনি সন্দেহ করেন?'

'না—তা ছাড়া তাকে হত্যা করা হয়েছে, কথাটা এখনো আমার কাছে রীতিমত অবিশ্বাস্য বলেই মনে হচ্ছে—'

'আর একটা কথা। সেদিন অত সকালে হঠাৎ আপনি প্রমীলাদের বাড়িতে গিয়েছিলেন কেন?'

'...একটু যেন চুপ করে থেকে নিজের মনেই কথা বলে ...ছিল একটু আগে।'

'...ও হ্যাঁ।'

'...ভালবাসা হয়তো নিজের অজান্তে আমি ওকে ভালবেসে ফেলেছিলাম। তাই ওর প্রতি আমি কোন ভুল করতে চাইনি। প্রমীলা আমাদের ...। সন্ধ্যে ৬টা সন্ধ্যের কাউকে যেতেই বলেনি।'

'...তা ঠিক তখন নিজের ...?'

'ঐ কথাই বলেছি। বলেছি ওকে ঘুমিয়ে যে অমন দেখেছি। কিন্তু যেন ঠিক ...ওকথা কেন আমি ভুলতে পারছিনা।'

'...আমার মনের মধ্যে ...ছিল।'

'...?'

'ঐ সময় বাইরে বেরোবার একে পড়েছিলাম। সকাল ...প্রমীলাদের বাড়ির সামনে একটা কালো ...। ঠিক ওখানে একটু আগে ...ছিলাম বলেই হয়তো ওকে ...ছিল। ...ছিলাম বলেই ...ছিল। ...ছিল বলেই ...ছিল। ...ছিল বলেই ...ছিল। ...ছিল

এবার বলি। সে রাত্রে আপনি কখন বাড়ি ফিরে আসেন?'

—'রাত সওয়া একটা নাগাদ—'

—'কি করে বুঝলেন যে তখন রাত সওয়া একটা?'

—'উপরে এসে যখন জামা কাপড় ছাড়ছি ঘড়িটার দিকে তাকিয়ে দেখি রাত সওয়া একটা—'

—'রাত্রে কে আপনাকে দরজা খুলে দিয়েছিল?'

—'রামচরণদা।'

—'আপনার ফিরতে যত রাত হয়েছিল সে সেদিন?'

—'এক কথায় বাড়িতে নিমন্ত্রণ ছিল—রামচরণ আর প্রমীলা বউদি-কেই আমি খুলে দিয়েছিলাম যে ফিরতে রাত হবে আমার।'

—'আপনিও তিন তলার ঘরে থাকেন। সিঁড়ি দিয়ে উঠতেই বাঁ হাতি মোড়লদার প্রমীলা দেবীর ঘর। সে ঘরের দরজাটা তখন খোলা ছিল না বন্ধ ছিল—মনে আছে নিশ্চয়ই আপনার?'

—'মনে আছে বৈকি। ঘরের দরজা বন্ধ ছিল, তবে জানালা-পথে আলো দেখা যাচ্ছিল। তাইতেই ভেবেছিলাম প্রমীলা বউদিরা তখনো জেগেই আছে।'

—'ডাকেন নি বোনকে বা সাড়া দেন নি?'

—'না। তারপরে আমি আর তাকে ডিস্টার্ব করিনি কারণ ইদানীং তো পরীক্ষার জন্য রাত জেগে পড়াশুনা করতো।'

—'পরের দিন সকালে কখন ওঠেন আপনি?'

—'বরাবরের মত ভোর চারটেয়। উঠে দৌড়তে যাই পার্কে—'

—'এবার মনে করে বলুন তো, ভোর রাত্রে যখন পার্কে দৌড়তে যান, তখন আপনার বোনের ঘরের দরজা বন্ধ ছিল কি না।'

—'তাকাই নি দরজার দিকে—'

—'জানালা পথে ঘরের মত আলো দেখতে পেয়েছিলেন?'

—'ঠিক বলতে পারবো না। কারণ বোনঘরে জানালার দিকে তাকাই নি—'

—'এবার বলুন নীচের দরজাটা হা হা করে খোলা ছিল না ভেজান ছিল?'

—'খোলা এবং ভেজান ছিল—'

—'ভেজান ছিল?'

—'হ্যাঁ—'

—'তা দরজাটা খোলা আছে কেন কিছু মনে হয়নি আপনার?'

—'না—ভেবেছিলাম গতরাত্রে হয়ত আমি আসার পর রামচরণদা দরজাটা বন্ধ করতে ভুলে গেছে ঘুমের ঘোরে। কারণ ও বরাবরই একটু বেশী ঘুম কাতুরে—'

—'তা আপনি যে অত সকালে বের হয়ে যেতেন—দরজাটা কে বন্ধ করতো?'

—'আমিই বাইরে থেকে একটা তালা লাগিয়ে যাই বরাবর—'

—'হুঁ। দরজাটা তাহলে আপনি ভেজানই দেখেছিলেন?'

—'হ্যাঁ—'

—'আর সকালে পার্ক থেকে ফিরে এসে প্রমীলা বেবী যা আসেন না বলে তাকে ডাকতে গিয়ে দেখেছিলেন তার ঘরের দরজাটা খোলা—ভেজানো ছিল—তাই না?'

হ্যাঁ—'

—'তাহলে প্রমীলা দেবীর শোবার ঘরের দরজা ও সদর দরজাটা—দুটোই খোলা ছিল? নির্মলবাবু রাত সওয়া একটা নাগাদ চলে গিয়েছিলেন—অর্বিন্দা যদি তিনি সত্যি কথা বলেন—'

—'নির্মল? নির্মল সে রাত্রে এসেছিল নাকি? হুঁ সে হতেও পারে। তো সেদিন সে বললে না।' সুবীরঞ্জন বললে।

—'পুলিসের কাছেই বোনঘরে যাননি—তা ছাড়া কেবল নির্মলই নয়, আরো একজন সে রাত্রে এসেছিল। রামচরণ তাকে দরজা খুলে দিয়েছিল—'

—'কে সে?'

—'রামচরণও অর্বিন্দা সে কথা পুলিসের কাছে বলেনি। পরে বলেছে চিত্তরঞ্জনকে—সে নাকি প্রমীলা বেবীর দাদা এক বন্ধু—তপনজ্যোতি—'

কিরীটী একটু থেমে আবার বললে রামচরণের সেদিন ভুল হয়েছিল, তাই নির্মলবাবু যখন সে রাত্রে এখান থেকে চলে যান—আপনার বোনই নীচে গিয়ে দরজাটা বন্ধ করে দিয়েছিল। কথা হচ্ছে এখন তাহলে সে রাত্রে তপনবাবু কখন চলে গিয়েছিল—আপনার রাত্রি সওয়া একটার ফিরবার আগে না পরে—তা ছাড়া এর আরো একটা কথা আছে সুবীরবাবু—'

—'কি?' সুবীরঞ্জন কিরীটীর মুখের দিকে তাকাল।

—'প্রমীলা বেবী রাত্রে যখন নীচের দরজা বন্ধ করতে আসে, তখন দুজনের কথাবার্তা রামচরণের কানে গিয়েছিল। তাতে করে তার মনে হয়েছিল প্রমীলার সঙ্গে সে সময় নির্মলবাবুই ছিল। শুধু গলাই শুনেছে, চোখে দেখেনি—সে যে নির্মলবাবুই এটা কেউ নয় তারও অকাট্য প্রমাণ আমাদের হাতে কিছু নেই।'

চিত্তরঞ্জন ঐ সময় বললে, 'কিন্তু নির্মলদা তো বলছিলেন যে তিনিই—'

—'ঠিকই চিত্তবাবু—কিন্তু নির্মলবাবুর কথাটা যে সত্যি তারই বা প্রমাণ কি?'

চিত্তরঞ্জন বললে, 'কিন্তু মিথ্যে সে বলবে কেন?'

—'নিজেকে বাঁচাতে—'

—'তবে—তবে কিরীটীবাবু—আপনি কি মনে করেন?'

চিত্তরঞ্জনকে বাধা দিয়ে কিরীটী বললে, 'সেদিন রাত্রে তোমার বিদায় নেবার সময় যে দুজন ছিল চিত্তবাবু—একজন নিশ্চয় পাঁচটার এসেছিল সে নির্মলবাবু—আর দ্বিতীয় জন—'

'—তপনদা—'

—'হতেও পারে নাও হতে পারে—'

—'মানে?'

—'মানে, সে তপনজ্যোতিবাবুও হতে পারে বা অন্য কেউও হতে পারে, চিত্তবাবু—'

—'কিন্তু নির্মলদা তো বললেন সে, তপনদা—'

—'হয়ত একটা অজাট্য সত্য বলেই বা ভেবে নেবো কি করে? হয়ত এটা ঠিক ঐ দুজনার মধ্যেই একজন তোমার দিকের হয়ত কারুর বিরুদ্ধে—'

—'না, না—কি বলছেন আপনি, কিরীটীবাবু!'

—'চিত্তবাবু, এখনো তুমি ছেলেমানুষ তুমি বুঝবে না: বাদ্ দে কথা। রামচরণকে একবার ডাক তো এ ঘরে চিত্তবাবু—'

একটু পরে রামচরণকে চিত্তরঞ্জন ডেকে নিয়ে এলো ঘরে।

রোগা চাপা-দোহারা। গায়ের রং মিশমিশে কালো। মাথার চুল প্রায় ২/৩ অংশই পাকা—বয়স ষাট থেকে পঁয়ষট্টির মধ্যে হবে বলেই মনে হয়।

সুবীরঞ্জনই বললে, 'রামচরণদা, উনি যা জিজ্ঞাসা করেন তার জবাব দাও—'

রামচরণ বিনম্রভাবে একবার ছাঁত চোখে কিরীটীর মুখের দিকে তাকায়।

—'তোমার নাম রামচরণ?' কিরীটীর প্রশ্ন।

—'আজ্ঞে কর্তা, রামচরণ পাড়ুই—'

—'এ বাড়িতে তো তুমি অনেক দিন আছো?'

—'তা কর্তা চল্লিশ বছরেও বেশী—'

—'আচ্ছা রামচরণ, যে-রাত্রে তোমার দিদিমণি খুন হয়, সে-রাত্রে তোমার তো জাগবারই কথা ছিল?'

—'আজ্ঞে—আসছে শুক্কুর দিন থেকেই পরীক্ষা কর্তা আমার ভাল যাচ্ছিল না

পণ্ডিত রবিশঙ্কর

—অন্তরঙ্গতার একটা—'

—ঐ দিন বিকেলের দিকে এ পাড়ার নির্মলবাবু তোমার বিলিতির কাছে এসেছিল?'

—হাঁ—'

—আর কে এসেছিল সন্ধ্যার পর?'

—বিলিতির জন্য এত বন্ধু—তপনবাবু।'

—ঠিক তুমি চিনতে পেরেছিলে তাকে? কারণ পাশেরটার আলোটা ফিউজ হয়ে যাওয়াতে পাশেরটা প্রায়ই জ্বলে না। অন্ধকারে চিনলে কি করে? তখনতো তো তাকে দেখতেও পাওনি—'

—না—মনে মনে বুঝেছিল তপনবাবুই—'

—মনে বুঝেছিল—তার সঙ্গে আর কারা এসেছিল?'

—না—

—কথাও বলো নি?

—না।'

—কেন?'

—বিলিতির বলেছিল, তপনবাবুর অসুখের কথা আছে। তিনি এলে তাকে যেন উপরে পাঠিয়ে দিই। আমি ভেবেছিলাম তপনবাবুই বুঝি এসেছেন। তাঁকে আমি উপরে চলে যেতে বলি। তিনিও সিঁড়ি দিয়ে উপরে উঠে যান। আমি তখন আবার দরজাটা বন্ধ করে নিজের ঘরে শুয়ে পড়ি—'

—আচ্ছা বনমালদা তোমার বিলিতির যখন আবার রাত নীচে এসেছিল তপনবাবু চলে যাবার সময়, তখন তুমি তোমার বিলিতির ও তপনবাবুরই গলা শুনেছিলে, তাই না?'

—হাঁ—'

—মনে গলা শুনে মনে হয়েছিল তোমার, তপনবাবু তাই তো?'

—হাঁ—'

—এবার বলো—তপনবাবু কখন এসেন? রাত তখন কটা হবে?'

—নির্মলবাবু আমার জেরায় কটা দুই পরে—'

—তার মানে তপনবাবু এসে-ছিলেন?'

—হাঁ—'

—আর তোমার বড় বাবাবাবু?'

—তারও প্রায় ঘণ্টা দেড়েক পরে বাড়ি ফিরেছেন—'

—হুঁ। তা নির্মলবাবু তখন ছিলেন?'

—ছিলেন কি না জানি না কারণ নির্মলবাবু যে ঘরে থাকে সে ঘরে আমি যাই না। টের পাইনি—ঘুমিয়ে ছিলাম। বনমালদার ডাকে ঘুম ভাঙলো—'

কিরীটী যেন কতকটা স্বগতোক্তির মতই বলে, 'তাহলে দেখা যাচ্ছে, রাত সাতটা থেকে আটটার মধ্যে কোন এক সময়েই তপনবাবু এসেছিল এ বাড়িতে। এখন কথা হচ্ছে, সে কখন চলে গেল। সে যা হোক সেই সময়েই না আরো পরে সুধীরবাবু আপনার পরে—'

—কি বলছেন কিরীটীবাবু?' সুধীরঞ্জন প্রশ্ন করল।

—ভাবছি নির্মলবাবু আপনার আসার অনেকই পরে ফিরেছিল সে ঘরে, না আপনি আসার পরে। আসে যদি গিয়ে থাকে তো কে সদর দরজাটা সে রাত্রে বন্ধ করেছিল। একমাত্র হতে পারে প্রমীলা দেবীই। আর তা যদি না হয়ে থাকে তো—ঠিক সময় থাকা চাই, তুমি কেউ পারো।'

বনমালদা চলে গেল।

কিরীটীও সে রাত্রের মত বিদায় নিল।

॥ ৬ ॥

সেই রাত্রেই আহারাদির পর বাইরের ঘরে পাইপ টানতে টানতে অন্যমনস্ক হয়ে একটা সোফায় বসে কিরীটী, আর তার মুখোমুখি অন্য সোফাটায় বসে কৃষ্ণা।

কৃষ্ণাই এক সময় প্রশ্ন করে, 'তখন থেকে কি এত ভাবছো?'

—ভাবছি কৃষ্ণা, সেদিন নির্মল ও তপন কেন এসেছিল প্রমীলার ওখানে?'

—হয়তো ভালবাসার টানে—'

—ভালবাসার টানে—কথাটা যে আমার মনে হয়নি কৃষ্ণা তা নয়—কিন্তু তাহলে ব্যাপারটা যেন একটু জটিল হয়ে দাঁড়ায়—'

—ভালবাসার ব্যাপারটা যে অনেক সময় সত্যিই জটিল হয়, তাতো তুমি জান।'

—জানি, কিন্তু একেত্রে তাহলে ত্রিকোন টানা-পোড়েন—তপনজ্যোতি, নির্মলচন্দ্র ও দিবেন্দ্রকুমার—তিন জনেই মনে হচ্ছে তাহলে ভালবাসত প্রিয়বাবুর বিলিটিকে। নচেৎ অতরাত্রে ঘটাঘাত সম্ভব নয়।'

—দিবেনবাবুর সঙ্গে তোমার দেখা হয়েছে?'

—না। যাব একটা কথা ভাবছি—'

—কি?'

—জান, নির্মলবাবুকে কেন করে বলতে কেমন হয় যে, তারা তিন বন্ধু কেন কাল সন্ধ্যার পর আমার এখানে আসার ব্যবস্থা করে—তাহলে করে ত্রয়োদশীটা সামনা সামনিই হতে পারে—তিন বন্ধুর উপস্থিতিতেই—'

—একটা ফয়সালা করতে চাও?'

—না, না—ফয়সালা না হলেও কিছু আলোকসম্পাতও তো ব্যাপারটার উপরে হতে পারে।'

—বেশ তো চেষ্টা করে দেখো। কিন্তু সত্যিই কি মনে করছো ওদের তিন জনের মধ্যেই কেউ একজন প্রমীলার হত্যাকারী?'

—একটা এই মুহূর্তে না ভাবলেও ওরা তিনজন আমার মনের ব্যবধানে যেন সর্বক্ষণ ঘোরাফেরা করছে। তা ছাড়া, কেন কেন আমার মনে হচ্ছে, তুমি অতি তুচ্ছ কারণে ত্রিপ্রবাবুর দিকে হয়ত প্রাচটা দিতে হয়েছে—'

—তুচ্ছ সে রাত অনেক হয়েছে এবারে শোবে চলো।' কৃষ্ণা বলল।

—তুমি যাও, আমি আসছি—'

কৃষ্ণা আর দাঁড়াল না।

কিরীটী একটু পরে উঠে এসে খোলা জানালাটার সামনে দাঁড়াল।

প্রমীলাকে যেই হত্যা করে থাকুক কিন্তু প্রয়োজন—হত্যার কোন বিশেষ কারণ সে সত্যিই খুঁজে পাচ্ছে না। প্রমীলা সম্পর্কে যতটুকু জানা গিয়েছে—মেয়েটি হাসিখুশি ও ঘরে বলে অনন্যসাধারণ ছিল।

যদি ঐ তিনজনের কারুর সঙ্গে তার ভালবাসার পড়েই থাকে বা ওরা তিন জনই যদি ঐ মেয়েটিকে ভালবেসে থাকে তার মধ্যে নিশ্চয়ই অস্বাভাবিক কিছু নেই।

তা ছাড়া নির্মলের সঙ্গে দেখাও হয়েছে, আর কথাও হয়েছে—কিন্তু তার কথাবার্তা থেকে এমন কিছু পাওয়া যায়নি যাতে তার থেকে প্রমাণ হতে পারে যে নির্মল প্রমীলাকে ভালবাসতো, অবিশ্যি কিরীটীও সে ধরনের প্রশ্ন তাকে করেনি।

কাল যদি ওদের তিনজনকে একত্রে পাওয়া যায় তো কৌশলে সে কথাটা জানবার চেষ্টা করতে পারে।

কিন্তু তা কি সম্ভব হবে?

নির্মলের কথায় ওরা কি এখানে আসবে?

তার চাইতে নির্মলের কাছ থেকে তপন ও দিবেনের ঠিকানা জোগাড় করে কাল সকালে তাদের সঙ্গে আলাদা আলাদাভাবে দেখা করাই বোধহয় বুদ্ধিসঙ্গত হবে।

॥ ৭ ॥

নির্মলের কাছ থেকে পরের দিন ঠিকানা সংগ্রহ করে নিল কিরীটী সকালেই ফোন করে।

একজন থাকে বেওয়ার স্ট্রীটে। অন্য জন তালতলায়।

প্রথমে কিরীটী সকাল নটা নাগাদ তপনের ওখানেই গেল বেওয়ার স্ট্রীটে। একটা পঁচতলা ছাই বাড়ির দোতলায় একটা ছাই। তপন তার মামামামীর কাছে থেকে পড়াশুনা করে। ব্যাবর ডিসিপ্লিন্ড ছেলেই।

বি এ-তিনে ফার্স্টক্লাস পেয়েছে হয়েছিল, এম এ-তে পড়াশুনাতেই নয়, খেলাধুলোতেও সে একজন চৌখস। নির্মলের কাছ থেকেই তার বন্ধু তপনের ঠিকানাটা পেয়েছিল কিরীটী।

তপন বাড়িতেই ছিল, এবং কলিং-বেলের শব্দে সে-ই এসে দরজা খুলে দেয়।

—আপনি—কাকে চান?'

—তপনবাবুকে, কিরীটী বলে।

—আমারই নাম তপন চট্টোপাধ্যায়। কিন্তু আপনাকে চিনতে না পারলেও মনে হচ্ছে যেন দেখা দেখা।'

—সে হতে পারে আমার ছবি দেখেছেন তাই—' কিরীটী মৃদু হেসে বলল।

—ছবি?'

—আমার নাম—কিরীটী রায়।'

—কি আশ্চর্য! নমস্কার—আসুন, আসুন কি সৌভাগ্য আমার। আসুন ভিতরে আসুন'—বলতে বলতে দরজার কপাট দুটো একেবারে টান টান করে খুলে দিয়ে সাদর আহ্বান জানাল।

কিরীটী দেখছিল তপনজ্যোতিকে। ২০/২১-এর মধ্যে বয়স হবে। নির্মল তার পরিচয় দিয়ে সামান্য অত্যুক্তিও করেনি। লম্বায় খুব বেশী না হলেও তার সুগঠিত দেহল হেহ সাঁতাই যেন দৃষ্টি আকর্ষণ করে প্রথম দর্শনেই। গায়ের রং উজ্জ্বল শ্যাম। মাথার কোঁকড়ান চুল কিছুটা এলোমেলো। যেমন সুন্দর বুদ্ধিদীপ্ত বড় বড় দুটি চোখ—তেমনি ললাট ও নুতনত্ব চিবুকে। চোখে কালো মোটা সোনালিরেঙ্গ ফ্রেমের চশমা।

পরনে পায়জামা পাঞ্জাবী। ঘরটা বোধহয় ড্রয়িং-রুম হিসাবেই ব্যবহৃত হয়। সোফা সেট পাতা, একদিকে একটা রেডিওগ্রাম—রেডিওগ্রামে তখন কার যেন সেতার বাজন চলছিল।

—আসুন, বসুন মিঃ রায়। আমার মামীমা-মামাকে আপনাকে দেখে খুব খুশি হতেন। কিন্তু আজ শনিবার মামীমা কালীঘাটে পুজো দিতে গেছেন—' তপনের মনটাল কথা বলে যায় তখন।

কিরীটী একটা সোফায় উপবেশন করার পর তপনজ্যোতি বলল, 'তারপর বলুন তো—হঠাৎ আমার কাছে কেন মিঃ রায়—'

—'কিছু খবরাখবর নেওয়ার জন্যই আপনার কাছে এসেছি তপনবাবু!' কিরীটী বলল।

—খবরাখবর, কি ব্যাপার!'

—আপনার সহপাঠিনী ও দীর্ঘ-দিনের পরিচিত প্রমীলা দেবী—'

—'প্রমীলা? সে—সে তো সুইসাইড করেছে—'

—হাঁ—তার মৃত্যুর সংবাদটা আমার অজানা নয়—'

চোখেমুখে খানিকটা বিস্ময় ও ঔৎসুক্য নিয়ে তখন চেয়ে আছে তপন কিরীটীর মুখের দিকে।

কিরীটী বলল, 'আপনি বোধহয় এখনো জানেন না তপনবাবু—প্রমীলার মৃত্যুর ব্যাপারটা পুলিশ ঠিক আত্মহত্যা বলে মনে করছে না।'

—তবে কি?'

—তাকে হাইড্রোসায়ানিক অ্যাসিড বিষ প্রয়োগে হত্যা করা হয়েছে—'

—হত্যা!'

—হাঁ—তাকে খুন করা হয়েছে—'

—কিন্তু—তা কি করে হবে? কে তাকে হত্যা করবে?'

—সেই ব্যাপার অনুসন্ধানের জন্যই আপনার কাছে আমি এসেছি।'

—আমি ঠিক আপনাকে বুঝতে পারছি না মিঃ রায়—'

—কলাম তো আপনাকে এই মাত্র। পুলিশের ধারণা হয়েছে যে প্রমীলা দেবীকে কেউ হত্যা করেছে—'



—তা যদি হচ্ছই তো আপনি আমার কাছে এসেছেন কেন?'

—'এসেছি যে আপনি হয়তো প্রমীলার মৃত্যু রহস্য উদ্ঘাটনের ব্যাপারে আমাকে কিছু সাহায্য করতে পারেন।'

তপনজ্যোতি কিছু বলতে যাচ্ছিল, কিন্তু তাকে বাধা দিয়ে কিরীটী বললে, 'প্রথমতঃ আপনি যে কেবল তার সহপাঠীই ছিলেন তাই নয়—আপনাদের পরস্পরের মধ্যে একটা ঘনিষ্ঠতাও ছিল—আর দুর্ঘটনার রাত্রে আপনি প্রমীলাদের বাসায় গিয়েছিলেন।'

—'কে বললে সে কথা?'

—'নির্মলবাবু, আপনাদেরই আর এক সহপাঠী ও বন্ধু।'

তপনজ্যোতি কিছুক্ষণ চুপ করে থেকে বললে, 'হ্যাঁ, আমি গিয়েছিলাম সেখানে।'

—'কখন গিয়েছিলেন এবং কখনই বা চলে এসেছিলেন?'

—'গিয়েছিলাম সন্ধ্যে সাতটা নাগাদ আর চলে আসি বোধকরি রাত তখন দশটা হবে।'

—'আপনি যখন চলে আসেন নির্মলবাবু কি তখনো সেখানে ছিলেন?'

—'হ্যাঁ—সে ছিল—'

—'আচ্ছা আপনি কি জানতেন যে ঐ সময় প্রমীলার মা বাবা কলকাতায় ছিলেন না?'

—'জানতাম—তাঁরা পুরী গিয়েছেন বেড়াতে।'

—'তা হলে সে রাত্রে প্রমীলাদের ওখানে গিয়েছিলেন কেন?'

—'প্রমীলাই যেতে বলেছিল অনেক দিন—'

—'কেন?'

—'কতকগুলো অঙ্ক বুঝে নেওয়ার জন্য। নির্মল আর প্রমীলাকে আমি অঙ্কগুলো বুঝিয়ে দিয়ে চলে আসি।'

—'আপনাকে সে রাত্রে দরজাটা খুলে দিয়েছিল তাই না?'

—'হ্যাঁ—'

—'দরজা বন্ধ করেছিল কে, রাত দশটায় যখন আপনি চলে আসেন?'

—'প্রমীলা—সে-ই নাকি আমাকে পৌঁছে দিতে এসেছিল।'

—'আপনি যখন যখন প্রমীলার ওখানে যেতেন। ওদের বাড়ির সকলের কাছে আপনি পরিচিত, না?'

—'হ্যাঁ—বেতাল মনে রাখে—'

—'আচ্ছা প্রমীলার মৃত্যু সংবাদটা আপনি কার কাছ থেকে পান এবং কখন?'

—'পরের দিন সকাল সাতটা নাগাদ নির্মল আমাকে ফোন করে কথাটা জানায়। বলে প্রমীলা সুইসাইড করেছে।'

—'আচ্ছা প্রমীলার সঙ্গে আপনার তো বেশ ঘনিষ্ঠতা ছিল?'

—'সহপাঠী হিসাবে যতটুকু সাধারণত থাকে তার বেশী কিছু নয়।'

—'প্রমীলার আপনার প্রতি মনোভাব কি রকম ছিল?'

—'বলতে পারবো না।'

—'প্রমীলা কাউকে ভালবাসত বলে আপনি কিছু জানেন?'

—'বোধহয় প্রমীলার মনে বিমলেশের প্রতি কিছুটা দুর্বলতা ছিল—বিমলেশ প্রমীলাকে ভালবাসত—'

—'নির্মলবাবু, তার কোন দুর্বলতা ছিল প্রমীলার প্রতি?'

—'ঠিক জানি না, তবে মনে হত ছিল—'

কিরীটী আরও কি প্রশ্ন করতে উদ্যত হয়েছিল কিন্তু তা হলো না—কলিং বেলের শব্দ শোনা গেল।

তপনজ্যোতি এগিয়ে গিয়ে দরজা খুলে দিতেই ২৫/২৬ বছরের এক যুবক ঘরে এসে ঢুকল।

—'হেলো তপন'—যুবকটি বলে কোন হঠাৎ ঘরে কিরীটীকে দেখে।

কিরীটী তাকিয়েছিল আগন্তুকের মুখের দিকে।

বোঝা গেল তপনের। সন্ধ্যের পরে ঘরে ঢুকেই কথাবার্তায়। তারপরই তাকিয়ে তাকিয়ে চুল এলোমেলো। পরনে দুটি গায়ারী—পায় চপ্পল। গায়ের রঙ কালোই বলা চলে। তবুও হলেও বেশ সুশ্রী।

—'কিরণ তুই এসেছিস ভালই হয়েছে। ঘরে আলাপ করিয়ে দিই—ইনি মহামন্ত্রনী কিরীটী রায়। আর কিরীটীবাবু—আমাদের একটু আগে যার কথা হচ্ছিল এই সেই বিমলেশ নন্দী—'

ওরা পরস্পর পরস্পরকে নমস্কার করে।

তার পরই আবার তপন বললে, 'বিমল, উনি কি এসেছেন জানিস?'

—'কি?'

—'প্রমীলা নাকি সুইসাইড করেনি। কেউ তাকে বিষ দিয়ে হত্যা করেছে!'

—'প্রমীলাকে হত্যা করা হয়েছে বিষ দিয়ে! কি বলছিস তুই! না, না it is absurd!'

—'না না বিমলেনবাবু, কিরীটী বললে 'it's a fact.'

—'কিন্তু কেন—কেন তাকে কেউ হত্যা করতে যাবে?' বিমলেশ বললে।

—'সে প্রশ্নের আমরা পরে আসছি বিমলেনবাবু, তার আগে আপনি যদি আমার কয়েকটা প্রশ্নের জবাব দেন।'

—'কি প্রশ্ন—'

—'আপনি ভালবাসতেন প্রমীলাকে?'

—'প্রমীলাকে আমি ভালবাসতাম! হঠাৎ ঐ conclusion-এ আপনি এলেন কি করে? না কেউ এ কথাটা বলেছে?'

—'ভালবাসতেন না?'

—'না। কেন মিথ্যে না—'

—'আপনার কোন রকম দুর্বলতা তার প্রতি ছিল না?'

—'না।'

—'আর প্রমীলার?'

—'না। তার যদি কোন দুর্বলতা ছিল তো সেটা বোধহয় ঐ তপনের পরেই—'

—'কি বলছিস তুই বিমল? আমার প্রতি তার কোন দুর্বলতাই কোনদিন ছিল না—বরং তোরই প্রতি তার দুর্বলতা ছিল—'

—'বাজে বকিস না তপন।'

—'আর তুই অস্বীকার করলেই কি তোরও দুর্বলতা ছিল তার প্রতি। দুই মনে মনে তাকে ভালবাসতিস—'

—'Don't talk nonsense. ওর মত একটা ক্লার্ট টাইপের মেয়েকে কোন শৃঙ্খলে আমি ভালবাসতে যাবো। চঞ্চল অস্থিরচিত্তের একটা মেয়ে—' বিমলের কিছু বিদ্রূপের কণ্ঠ যেন কিছুটা আক্রান্ত করে পড়ে।

—'বিমলেনবাবু,' হঠাৎ কিরীটীর ডাকে দুই বন্ধুই ওর মুখের দিকে তাকাল। কিরীটী বললে, 'আচ্ছা সেদিন আপনিই তো ফোন করে নির্মলবাবুকে সংবাদটা দেন?'

—'ঠিক ঊনটা—it was নির্মল। সেই আমাকে ফোনে সংবাদটা দেয় প্রথমে—'

—'কিন্তু নির্মলবাবু তো নি আমি জানি।' কিরীটী শান্ত গলায় বললে।

সেই ইতিহাসের পর কি এখন তুষার বলতে যাবে, মা, আমার অহঙ্কার চূর্ণ হয়েছে, এখন দেখো যদি তোমার টেব-টেব কিছু করতে পারে।'

সে হয় না।

তার থেকে বরং লুকিয়ে চুরিয়ে এই দুঃখোর মাকে ধরেই যদি—

এরা সরল, কিন্তানী। এদের কিন্তু আছে। হয়তো এদের আছেই অলৌকিকের ওপর চাবি আছে। বলল, যা আছেন, তিনিও এক সব জানেন টানেন না।'

দুঃখোর মা বালতিটাকে হিঁচড়িয়ে করে টানতে টানতে সেই সূত্রের সবেই বলে, 'তা তোমার যদি কিপ্পেল থাকে বৌদিদি, এক জায়গায় সে যেতে পারি। কত লোকের ছোয়-ব্যাধি ভাল হচ্ছে, পাগল সারছে, কত বাঁজার কোলে ছেলে আসছে—'

সেই সূত্র।...সুযোগকে না জানিয়ে।

নিজের সহজে নয়। সোজা করে শাড়ি পরে, মাথায় ঘোমটা দিয়ে, দুঃখোর মার সঙ্গে এক রিকশায়।

ভিড়ে ঠেলে মাথার-চাঁদির কিছু নয়। শ্রীহীন একটা একতলা বাড়ির ভিতর ঘর। সেই ঘরে 'অরে'র ধান্দা চলছে।

লোকে লোকারণ্য। অবাকস্বপ্ন-বর্ণিতা।

সেই সব মেয়ে-পুরুষের ছোয়া মেখে তাদ্দব বনে যায় তুষার।

এ'রা আসেন এখানে। হাঁটুমত শিক্ষিত সভ্য হাঁড়ি। এঁদের মধ্যে জজ আছেন, ব্যারিস্টার আছেন, পুলিস আফসার আছেন, ডাক্তার আছেন, মাস্টার-মাস্টারনী আছেন, সিনেমা আর্টিস্ট আছেন—

তালিকা মিলিয়ে পর পর নাম ডাকা হচ্ছে, তাদেরই পাঁজির বয়া পড়ছে কিছু কিছু।

এঁরা কেউ এসেছেন ভবিষ্যৎ জানতে, কেউ বা ভাগ্য নির্ণয় করতে, কেউবা ভগবান হাতে মার খেয়ে তার প্রতিকার করতে।

ছোট উঠোনে ঘুরে পড়ছেন বেশ কেউ সাতদিন। কে জানে, কার উপরে।

কার সামনে, তা দেখতে পায় না তুষার। দেবী আছেন ভিতরে, দেবীর অনুচরীও তাই। দুঃখ বন্ধ ঘরের মধ্যে থেকে শুধু ভেসে আসছে। মহা মহা রহস্যভরাই শুনে যা মা করছেন উচ্চারণে।

শুনে শুনে সাহস বাড়ল। লজ্জা ভাঙল। ঘোমটা খসল।

সেদিন তুষারের ওপর আবেশ হল, স্বামী-স্ত্রী দুজনে একমন একচিত্ত হয়ে একলব্যে ঠাকুরের ফুল বাদল করতে হবে।...সন্তান হবে বৈকি, এমন সর্বসুলক্ষণা নারী, বন্ধ্যার কোনো লক্ষণ তো নেই।

শুনে স্তব্ধ হয়ে গেল তুষার। দুজনে 'একমন একচিত্ত'। হ্যাঁ, এরা ছিল বৈকি তারা তাই। ছিল, যখন জীবনকে পালতোলা বহু-পক্ষী নৌকোর ফুল সুখের ধরিত্রীর ছেলেরা, পক্ষীরাজ ঘোড়ায় চাপিয়ে রাঁদ আকাশে উড়েছে, তখন ছিল দুজনে একমন একচিত্ত।

এখন তুষারের ভিন্ন পথ। নিজ নীতিতে আঁটুই সাহেবের নিজস্ব পথ। আর কোনদিন একমন একচিত্ত হওয়া যাবে না। শুধু যদি সাঁতাই কোনোদিন দেবতার বর কার্যকরী হয়। দুজনের যাকথানে সেতু নির্মাণ করতে আসে একটি শিশু। তখন হয়তো—

কিন্তু সেকথা তো বোঝা হওয়া যায় না, তাই রিকশার ভিতরে বিসতে তুষার খুব হালকা গলায় বলে, 'তাহলেই হয়েছে দুঃখোর মা। তোমার যাবাবাবু আসবে এইখানে? শ্বাশুড়ী উপরে ফেলেও না। আমি একা সেলে কাজ হবে, এমন কোনো জায়গা যদি জানা থাকে তো বল।'

তা তাও জানা আছে বৌদি। জানা আছেই। ওরা আর কত তাহার-বাধা করতে পারে? ওরা ওই জলপড়া, তেলপড়া, মাদুলি, কবচের ওপরই তো নির্ভরশীল।

তা তুষারও এখন দুঃখোর মাকে দেখছে যেন নব রূপে, কৌতুকে কৌতূহলে দুঃখোর মায়ের বলে ভিজেছে সে, কিন্তু ওরেই নির্ভর-শীল হচ্ছে।

ক্রমশঃ জানার জগৎ আরো বিস্তৃত হয়ে যাবে, গাইড্ হিসেবে কেবল-মাত্র দুঃখোর মা-ই একমাত্র থাকে না, ওই সব মাহাত্ম্যের স্থানের চারপাশে উঠোনে অনেক বান্ধবী জুটে যায়। জুটে যায় তাদের সঙ্গ।

অবশ্য সবই সুযোগকে লুকিয়ে। কত কিছু বলে ভাওতা দিয়ে।... এ যেন একটা নেশার মত পেয়ে বসেছে।

কিন্তু কতদিন লুকোবে?

আঁচল দিয়ে কি আগুন চাপা যায়? হাতের মুঠোয় হাওয়া ধরা যায়?

ধরা পড়ে গেল তুষার। ধরা পড়ে গেল তার তাবিজ-কবচ।

সুযোগ দুঃখের বিস্ময়ে বলে, 'ছি ছি তুষার। ছি ছি। তোমার এতদূর অধঃপতন। তুমি দুঃখোর মায়ের দলে ভিড়ে যাবে, চক্কে শিবপুরের ডিরোজিয়ান হাত দেখাবে? ভাবতে পারছি না তুষার।...ভাবনা হচ্ছে মাথাটা কিনছে যাচ্ছে কিনা তোমার। আমার লুকিয়ে তুমি—'

প্রথম ছেলে ফেলার দিনে সুযোগ একটা ফিলিংস হয়েছিল। তুষারও কেঁদে ফেলে বলেছিল, 'তোমায় না লুকোলে, তুমি যেতে দিতে?'

কিন্তু এখন আর সে স্টেজ নেই। এখন সুযোগের সামনে ঘিরেই তুষার যখন তখন যেখানে সেখানে যাচ্ছে। বাসে চড়ে, ট্রামে চড়ে, ঘোড়া-গাড়ি চড়ে।

সময় বড় চড়ুর শালক। অলক্ষে নিঃশব্দে তার চারপাশে ফেলে শালে আষ্টেপৃষ্ঠে আষ্টপাশ শক্ত করে তোলে, তারপর 'আমায়কে' সহজে করে নেয়।

রোজ রোজ কে ঠিকিতে হবে?

এখন আর লুকোচুরি নেই, খোলাখুলি।

এখন তুষার বলে, 'আমি এত ঘুরলাম, এত মাথা খুঁড়লাম, লোকলজ্জার মাথা খেয়ে এত বাড়ি বাড়ি ঘুরলাম, তুমি কিছুই করছ না?'

উত্তরে একদিন সুযোগও একটা মোক্ষম কথা বলে বসল। বলল অবশ্য হাসির সুরে নিগারেটের ছাই ওড়ানোর ভঙ্গীতে, 'আমিও একটা কাজ করব ভাবছি।'

—কী কাজ?'

—কাজ ঠিক নয়, বলা যেতে পারো অভিযান। মহাত্মাদের মহামোহক-টাকের মত তোমায় একটা অনুমতি দিয়ে যেতে।'

—তার মানে?'

সুযোগা নির্বিকার। হেসে হেসে বলে, মানে অতি প্রাঞ্জল। প্রাচীন কালের 'অজন' পুত্রের লাগি পতির যে অনুমতির বলে সূর্য-চন্দ্র, যক্ষ-রক্ষ হতে ঘরে ঘরে, পুত্রবধূর বর্ণন করে বলা হয়েও সতীটিতে থাকতেন, তবুও সেই অনুমতিটি দিয়ে যেব তোমায়।'

তুষার ঠিকরে ওঠে, 'দেখো অসভ্যতারও একটা সীমা আছে।'

সুযোগা হাসিতে বলার ছাই মিশিয়ে বলে, 'আছে না কি? আমার তো ভাজই ধারণা হচ্ছে, সীমা নেই।'

—'সেটা যেন হয় আমার বেলা?'

—সীতা বলো, তাই বলতে হয়।'

—আমার কী অসভ্যতা দেখলে?'

—সবটাই দেখছি। আর্শিতে দেখো নিজেকে?'

সুযোগা ট্রেবিলে রাখা ওমর খৈয়াম ভদ্রলোকটার দিকে চোখ ফেলে বলে, 'এই ভদ্রলোকটার সঙ্গে আর মিল আছে কিছু?'

মিল যে নেই সে কথা আজ শুধু সুযোগাই বলছে না, সবাই বলছে। মা বলেছেন সেদিন, বাবা বৌদি বেড়ানোই বলে, টুটু আর টুটুর বন্ধু এসে সেদিন অনেক বলে গেল। বলল তুষারের কী এক নতুন স্টাইল, বৌদিটা যেন?' তারপর সশব্দে হোহোকার করে হেসে, 'যাই বলো বাপু, একটিও বাচ্চা-কাচ্চা না থাকলে বাড়ি বাড়ি যায় না।... দুজনে আর কতদিন দুজনের মুখোমুখি বাঁচবে?'

ওদের মেসেই তুষার হাতের মার্কিন-গুলো বড়টা সন্তর্পণে তুলে নিয়ে ব্লাউসের হাতার নীচে চালান করবার চেষ্টা করছিল, আর গলার মুক্তোর উপর শাড়ির আঁচল পেঁচিয়ে ঢাকা দিচ্ছিল, হঠাৎ টুটুর সেদিনটি এড়ায় না, আর টুটু, না বলেও ছাড়ল না, 'মাদুলির মতন কী করছ্লে?'

দেখলাম বোঁচি?'

তুষারের বাহুতে মাথা রেখে চোখ, শুধু সামলে নিয়ে বলল, 'যা দেখালে তাই।'

—'হুঁহ, ডেমনস্ট্রেশনের অপেক্ষা রাখে! অবাক করলে যে!'

তুষার ওদের চায়ের পেয়ালা এগিয়ে দিয়ে বলল, 'সবার বিশ্বাসের ভাক্তারের হাতেও মাদুলি দেখলে।'

—'তাই দেখছি।' চুটু, আর ওরা পরস্পরের দৃষ্টি বিনিময় করল।

এ দৃষ্টির অর্থ বুঝতে দেরী হয় না তুষারের। এর পর ওরা বাড়ি ফিরে যাবে, বোঝা গেছে প্রকাশ। এতদিন, নিজেরাই ঠাট্টা করে বেড়িয়ে এই ভয় দেখিয়ে চাপিয়ে আসছিলেন, আর পেরে উঠলেন না, তাই সেই চিরকেলে পথ ধরা। মৈত্র ফেরেও।'

ওরা চলে গেলে, সুযোগ্যা তুষারের হাতটা টেনে ধরে কাছে বসিয়ে বলল, 'পরিজনের সামনে এই দৈন্য প্রকাশ করতে শ্লাঘিতেও লাগে না তোমার!'

অনেক দিন যেন এমনভাবে টেনে নিয়ে কথা বলেনি সুযোগ্যা। তুষারের চোখ ছলছল করে আসে। সেই তুষার, যে কোনো সময় আদরের একটু বাড়াবাড়ি দেখলে জবরদস্ত ধমক ধরে ছুলে পাড়ে বসত, 'আর বাহুর প্রশ্রয়টশ্রয় পড়ে হজম হয়ে যায় না কি? আমায় দেখতেই পাচ্ছ না—মানে?'

এখন তুষার ছলছলে চোখে যায়, 'আর লোকে যখন 'বাড়ি যাচ্ছি যাচ্ছি না', যেন-তেন বলে যায়, তখন শ্লাঘিতেও লাগে না?'

সুযোগ্যা বলে, 'আমার জন্যতেও লাগে না। ছেলেমেয়ে হয়নি, এমন দম্পতি দেখেনি কেউ?'

—'দেখবে না কেন? তাদের দুর্ভাগ্য বলে।'

সুযোগ্যা ওর মুখটা ঘিরিয়ে নিজের দিকে এনে অবাক অবোধ গলায় বলে, 'আচ্ছা তোমার মনে যে সেই আদিকালের প্রশ্নিতমন্ত্রী বসে আছেন, আগে তো বুঝতে পারিনি!'

—'নিজেই বুঝিনি।'

—'ঘর তোমার মাদুলি কবচ কেন্দ্র করল। প্রকৃতিও কাপন শুরু করল, কী করবে তুমি? দিনে দিনে উন্মাদিনী হবে? ভাবতেই পারি না, শুধু একটা বাচ্চার জন্যে তোমার জীবনটা বরবাদ করে দিচ্ছ!'

তুষার হঠাৎ অধীর হয়। ছিটকে দাঁড়িয়ে ওঠে। বলে, 'ভুল। এটা তোমার মস্ত একটা ভুল। শুধু ওই জন্যেই নয়। আমি যে এতদিন একটা অজ্ঞান আবদ্ধিকে মোহর ছেপে ছলে বেরিয়েছি, সেটাই আমার ভিতরটাকে মেয়ে না।...এত জায়গায় যাই, কেউ বলে না 'বাজা! সবাই বলে সর্বসুলক্ষণা!'

সুযোগ্যা ওর ওই উত্তেজিত মুখের দিকে তাকিয়ে একটু হেসে বলে, 'সেকালে মহীয়সী মহিলারা যে স্বামী-বন্ধুদের বাদ দেবার প্রশ্নে স্বামীকে আবার বিয়ে করার জন্যে প্রোচিট করতো, হাসতে হাসতে সতীন ঘরে তুলত, সেই মহত্ত্বের মহিমার রহস্যটা যেন এখন বুঝতে পারছি।'

এই রকমই হচ্ছে এখন। দুজনের গভীর স্পর্শ দুজন পর্যন্ত পৌঁছতে পায় না, এসে পড়ে মান অভিমানের অন্তর্বর্তিতার তাঁজ। ছুরিখানা, ডিমানের ফুলের মালাখানি কেটে ছিঁড়ে দেয়।

সুযোগ্যা বলে, 'তুমি যে কেউ ওজন জমাচ্ছ, কোনদিন না বাড়তে উঠে যাও। আর দেখা যাচ্ছে না। আর্লটিমেটাম দিচ্ছি, হয় প্রাচীন ভারতের নীতি-পদ্ধতি গ্রহণ কর, নয় একটা বড়ক-ভড়ক নাও।'

তুষার অনেক দিনের পর আদরে মৃদু কৌতুকের হাসি হেসে চোখ নাচিয়ে বলে, 'প্রাচীন ভারতীয় রীতি? তা আছে না কি হাতে? সূর্য চন্দ্র বরুণ বায়ু কেউ?'

সুযোগ্যাও একটু হাসতে গেয়ে দাঁড়ি, বলে, 'ওনায়া না থাকুন, যক্ষ রক্ষ গন্ধর্ব কিন্নর, কিন্তু একটা আছেই। আছা, এ প্রস্তাব শেলে, লুফে নেবে।'

—'দেখো, আর বেশী অসভ্যতা করবে তো তোমায় আমি খুন করবো।'

সুযোগ্যা হেসে, 'দেখেছে! অমন কাজ করে বোসো না, তাতে আমার অন্য প্রবলেম এসে যাবে।'

—'কেন, কেন?' তুষার ওর চুলের মুঠিটা ধরে নাড়া দিয়ে বলে, 'একবার নয়, একশো বার খুন করবো তোমায়।'

সুযোগ্যা কোথায় যেন আশার আলো খুঁজে পায়। আগের ধরনে কথা-টথা তবে বলতে পারছে এখনো তুষার! তবে যোর হয় কাটেনি। ওই ছোটলোক কিটার চরো-চনার পড়ে সামগ্রিকভাবে দুর্বিনীত হয়ে যাচ্ছিল ওর।

মুখাতে কাছে টেনে এনে বলে, 'খুকোনায়, অফ-হুক রাজী নও। এদিকে সূর্য-চন্দ্রও বিমল, অতএব—'

তুষার গম্ভীরভাবে বলে, 'শুধু তো আনা হচ্ছে, 'প্রাচীন ভারতীয় রীতি', বুকে হাত দিয়ে বল দিকি, এরপর কেনো পুরুষের পক্ষে সেটা সহ্য করা সম্ভব?'

—'সেকালে তো সম্ভব ছিল।'

—'সেকালের কথা বাদ দাও। এই তো কিছুকাল আগেও পুরুষ মহাশয়রা মত ইচ্ছে বিয়ে করতেন, এবং মহিলারা সেটা সহ্য করে, সতীন নিয়ে ঘরও করতেন।'

সুযোগ্যা হেসে ফেলে বলে, 'যা হচ্ছতো করতেন, মানে করতে বাধ্য হতেন, কিন্তু সহ্য করতেন কি? বলুন, 'সতীন' শব্দটি এমন ঐতিহাসিক বিভীষিকা হয়ে থাকতো না।...আসল কথা, এই একটা জায়গায় শুধু ভুল কেন, থাকবানে কারো ছাড়াপাতও সহ্য হয় না।'

—'হুঁ।' তুষার বলে, 'এই তো এলে আসল কথায়। অন্ধ প্রাচীন ভারতীয় রীতি দেখাতে আলো কেরল।'

—'তা তুমি তোমার শুধুকুলের রংগরক্ষার জন্যে যে রকম ব্যাকুল হয়ে উঠেছ, তাই এই সিদ্ধান্ত নিচ্ছি। একালেও তো শুনি শুধু-পুরুর-টুরুর ছেকে আনা হয়—'

—'শুনতে তো অনেক কিছুই পাওয়া যায়। সবটাই ঘটনা নয়, রটনা। আসলটা মানুষকে নিয়ে; পশু-পক্ষী জীব-জন্তু নিয়ে নয়, সেটাই ভেবো।'

সুযোগ্যা বলে, 'আ সেটাই ভেবে-চিন্তে তো বলছিলাম, তুমি যখন এতই আপত্তি হচ্ছ, আজ্ঞমান কাল হতে সমস্ত পৃথিবীতে বেজাবে এই সমস্যার সমাধান হয়ে আসছে, তাই বলা ছোক। তাতে কেউ অবাক হবে না, কেউ নিন্দে করবে না—'

—'আরে সেটা আবার কী?'

—'বলছি তো বাবা ছোজ। বেশ নিরিবিলি পুকুরঘাট, ছেলে একটি বাচ্চা নিয়ে পুকুরে শুধু করা। অতুলন স্নেহ-ভক্তির পরিতৃপ্তি ছোক।'

তুষার বেজার গলায় বলে, 'ওসব আমার রুচি নেই বলেছি তো। কার না কার পেটে জন্মানো একটা ছেলে নিয়ে—নাঃ। অসম্ভব।'

তুষার বলল, 'অসম্ভব', তবু কার্তিক পরে একদিন চিন্ময় ডাক্তার এল। বলল, 'আপনি আপত্তি করলেন মিসেস রায়, অন্ধ আমার ওখানে, মানে নার্সিংহোমে, কত নিঃসন্তান দম্পতি ধরনা দেয়, যদি একটা ছেলেটি বাচ্চা পায়।'

তুষার বলে ওঠে, 'শুধু ছেলেটি? মেয়ের চায় না?'

—'সেটা তো বেশী চাওয়া। দুর্ভিক্ষের সময় কে আর বাসমতী চালের বায়না করে বলুন? তবে একটি বাচ্চা আমার হাতে এসেছে, তাই আপনাকে জানাতে এলাম। মাস ছয়েক দিনের, মেয়ে ছেলেটি তেমন সুন্দর। সুজোয়াটি ছেলে—'

—'এই দেখেছে!' সুযোগ্যা বলে ওঠে, 'বাঙালী নয়?'

চিন্ময় হেসে উঠে বলে, 'সুযোগ্যা-দেবীর কি জাতি আছে রে সুযোগ্যা?'

—'আরে বাবা, হাড়ের গুণে ভাবে তোমার? নির্ঘাত ঘরসা-দুশ্চিন্তে কলহ হবে ঘাটা।'

তুষার শান্ত গলায় বলে, 'যাই হোক তোমার কিছু ক্ষতি নেই; তোমার ঘরে মানুষ হতে তো আসছে না।'

ডাক্তার সভয়ে বলে, 'আপনারও বাঙালী নয় বলে আপত্তি নিবেদন রায়?'

তুষার মাথা নেড়ে বলে, 'বাঙালী অবাঙালীর প্রশ্ন নয় ডাক্তার ঘোষ, আগেই তো বলেছি আপনাকে, ভরসেই আপত্তি আমার।'

চিন্ময় বন্ধুর দিকে তাকিয়ে অস্বস্তিত গলায় বলে, 'তবে যে তুই বললি, রাজী করিয়েছিস।'

সুযোগ্যা বলল, 'ভাবলাম তোমে আমাতে দুজনে বোঝাতে শুধু করলে যদি—'

—'নিজে আপনি ভালই করলেন। এই যে আপনি বাদ্ধে বকলা বাচ্ছেন, এটা চিন্তার বিষয়। একটা শিশু আপনার নিঃসন্তানতার ভার ভুলাতে পারবে।'

তুষার বলে, 'হয়তো আপনাদের কথাই সত্যি, কিন্তু আমার মন সায় দেয় না, কার না কার ছেলে—'

ডাক্তার হেসে বলে, 'রাজা-রাজড়াদের ঘরে তো বন্ধক দিয়েই 'রাজরক্ত'র মহিমা চলে আসছে। কটা রাজ-বংশ টিকিয়েছে? ইতিহাসের পাতা ওল্টালেই দেখতে পাবেন। সর্বত্র ওই বন্ধকের কারবার।'

তুষার মৃদু হেসে বলে, 'তা এটা তো আর রাজা-রাজড়ার ব্যাপার নয়।'

ডাক্তার চলে যায়, সঙ্গে সঙ্গে সুযোগ্যাও নেমে যায়।

এখন তুষারকে কতক্ষণ একা থাকতে হবে কে জানে।...তবু ওদের প্রস্তাবে রাজী হওয়া অসম্ভব। শুধু নিঃসন্তানতা নিবারণ? শুধু একটা শিশু মানুষ করে দেওয়া? তুষারের দিন-রাত্রির স্বপ্ন কি ব্যর্থ তাই?

তুষার চায় শুধু নিজের একটি। যাকে ঘিরে ঘিরে নিজের সবটা লালন করে আস্ত একটি মানুষ দেবে তুষার আপন হাতে গড়ে। তুষার খেলে যার খাওয়া হবে, তুষার নিঃশ্বাস নিলে যার নিঃশ্বাস নেওয়া হবে। তুষারই যাকে এক অন্ধকার গুহা থেকে বাইরে নিয়ে এসে আলোয় পৃথিবী দেখাবে। তুষার যাকে আপন বক্ষবন্ধনীর পালন করে বড় করে তুলবে। যার নাক, মুখ, চোখ, চুলের গঠন, গুণপনায় তুষার আপন সাদৃশ্য পেয়ে নিজের হবে, আর যাকে নিয়ে সুযোগ্যার সঙ্গে সবের তর্ক চলাতে পারবে, তোমার মত দেখতে হয়েছে, না আমার

মত?'

এই স্বপ্ন, এই আশা, এই প্রতীক্ষার ওপরে কি না ধরুক। ছি!

অথচ সেদিন সেকথা বলে আসেন তুষারের ডাক্তারিবন্ধুরা, যিনি রাস্তার ভিখিরির মেয়েকে বা সহজে নিয়েছেন, বুকেতে টেনেও নিয়েছেন, তুষারের জন্যে তার একটিবার বরাদ্দ রাখেন নি।

ভগবানের এই দুর্বিবিধানের কথা ভাবতে ভাবতে তুষার হঠাৎ একটা আক্রোশের ঝড়ে থানখান হতে থাকে।

দুঃখ নয়, বেদনা নয়, যেন ভয়ানক একটা অপমানের জ্বালা। যেন সমস্ত পৃথিবী তুষারকে অপমান করেছে।

ডাক্তারের সঙ্গে সঙ্গে বেরিয়ে গিয়ে কিছুক্ষণ পরে ফিরে এসে সুযোগা দেখল, তুষার উপুড় হয়ে বিছানায় শুয়ে। দেখে মায়া হল।

অকারণ কী কষ্টই পাচ্ছে! সাঁতা, অ-কারণ ছাড়া আর কিছু ভাবতে পারে না সুযোগা। একটা সন্তান ব্যতীত পৃথিবী অর্থহীন, এটা ভাবতেই পারে না সে। সুযোগা নিঃশব্দে তাকিয়ে দেখে। তুষারের পিঠটা ঘন ঘন নিঃশ্বাসে ফুলে ফুলে উঠছে। তার মানে কাঁদছে তুষার।

এই মানিকের আগে তুষার কখনো কেঁদেছে? ভাবতে চেষ্টা করল সুযোগা।

না, সেই আগের তুষারের সঙ্গে সুযোগা 'কান্না' জিনিসটাকে কোথাও মেলাতে পারল না।...

তুষারের ভেতরে অনেকটা বড় এক দিদি ছিল তুষারের। তুষারের শৈশবে তার ঝিয়ে হয়ে গিয়েছিল। গ্রামে স্বশুরবাড়ি, গ্রামেই থাকত। কলেজে পেরেছে তাকে সুযোগা।... সেই দিদি মারা যাবার খবর এল একদিন।

তুষার কি কাঁদল?

কাঁদেনি, শুধু কাঁদো-কাঁদো মুখে মায়ের সঙ্গে দেখা করতে গেল। শুধু দুটোর দিন একটু স্থির থাকল।...সেটা হয়ত প্রথায়, হয়ত মনস্তত্ত্বের সন্ধানে। ... তুষারের প্রকৃতিতে কান্না ছিল না। কী অদ্ভুতভাবে বলতে পেরেছে তুষার! সুযোগা নামে যে একটা মানুষ তার পাশাপাশি আছে, তারও সুখ-দুঃখ মন-প্রাণ আছে, তা যেন ভুলেই গেছে।

সুযোগা আস্তে গিয়ে ওই কাঁপা-কাঁপা পিঠটায় একটু হাত রাখে।

তুষার চোখে উঠে বসে, আর সমস্ত স্বরে কেউ মিয়ে কান্নাভাঙা। তীক্ষ্ণ একটা স্বরে কেউ পড়ে, 'আর কত অপমান করবে তুমি আমার? আর কত? কে বলেছিল তোমার কষ্ট করে ছেলে এনে তার সামনে আমায়—

এইভাবেই সুর কাটে।

সুযোগা উঠে পাশের ঘরে একখানা বই হাতে নিয়ে বসে।...পড়ে না। আকাশ-পাতাল ভাবে। কী অদ্ভুতভাবেই বদলে গেল তাদের জীবনটা!

সিঁড়িতে তুহিনের জুতোর শব্দ শোনা গেল এই সময়। তাড়াতাড়ি ঘর থেকে বেরিয়ে এল সুযোগা। প্রাণের চেয়ে মান বড়, এই নীতিতে লোকালয়ে চেঁচিয়ে উঠল, 'আরে ছোটদাদী যে, কী ব্যাপার?'

তুহিন বলল, 'ব্যাপার আর কি? আপনারা আর মান না টান না। মেজবিবেই না হয় ভুতে পেয়েছে, আপনার কী হল?'

তুহিনের ঘর শিশির বলল, 'কলাটা রেখে আসে কাজটা সারো।...বল।'

—তুমি বল না।'

—'ঠিক আছে।...আগামী রবিবার সন্ধ্যায় দয়া করে আমাদের বাড়িতে পদধূলি দেবেন, এবং আমাদের সঙ্গে একটু খাবেন।'

—'ব্যাপারটা কি বল তো?'

শিশির হেসে ফেলে বলে, 'ব্যাপার আর কী? সেই একই ঘটনা, মুখে ভাত।'

সুযোগা বলে ওঠে, 'বল কি? মুখে ভাতটাও কি বছর বছর হয়? এই যে কবে কেন তোমার বুকুন—'

শিশির হেসে ওঠে, হাসি আর থামতে চায় না। বলে, 'নয় আপনি দাদা অনেক উচ্চস্তরে উঠে গেছেন বোঝা যাচ্ছে। নরলোকের তুচ্ছ কথা মনেই থাকে না।...এদিকের ফ্যাক্টরনের নায়ক আর একজন। হতভাগার যে কিছুদিন আগে একটা খোকা হয়েছিল, ভুলেই গেছেন?'

সুযোগাও হাসে।

ফিকে আলো। কৌতুকের মিষ্টি তাড়াতাড়ি বলে, 'তোরি সারি:... অফিস একটা মহা ভাবনা চুকিয়ে দিয়েছে। তাই নিয়ে দুশ্চিন্তায় আছি।'

—'কী হল?' বলল শিশির।

সুযোগা বলে, 'অফিসের নিয়মে অফিসার ছেলের সব কটাকে একবার করে হেড অফিস ক্যানাডায় ঘুরিয়ে আনতে চায়, তিনজনের হয়ে গেছে, এখন আমার পালা—'

তুহিন চোখে-মুখে খুশী মেখে বলে, 'ওরা এতে আবার ভাবনার কী আছে? খরচ তো কোম্পানীর?'

—'তা অবশ্য।'

—'তবে? যান না বাবা, ভর্তা-মিশ্রী দুজনেই আকাশে উড়ে বেড়িয়ে আসুন। ঝামেলা তো কিছু নেই। "দুটিটি আর আমিটি" এই তো। কেন আসেন বাবা।'

সুযোগা চতুরতা করছে, তখন বুঝতে পারে। এখনো কি নিজেকে সামলে নিতে পারছে না?...জিজ্ঞেস করবে কি কারণ? বাড়ি নেই?...না কি মাথা ধরেছে?...বাড়ি নেই-এর অনেক কৈফিয়ৎ!...একা কোথায় যেতে, মাথের ভূত এখনো ছাড়েনি না কি!

তা মনের মতো ইঞ্জিন চালাতেও, মুখে পালিস লাগাতে হয়।

—'শিশির জন্যে কোম্পানীর কোনো ব্যবস্থা নেই।'

—'ছি ছি! কোম্পানী এই রকম হয়েছিল?...তা তার সাড়া পাচ্ছি না যে? বাড়ি নেই নাকি? না কি পুজো-টুজোয় বসেছেন? আজকাল তো মেজবিরা অনেক উন্নতি হয়েছে। একেবারে আমূল পরিবর্তন।'

হ্যাঁ, এইভাবেই উদ্ঘাটিত হয়ে গেছে এখন তুষার।

তুষারের মান-সম্মান তুষার নিজেই খুইয়েছে।

তবু, তুহিনদেরও কি ভেবেছিল সুযোগা, আরো এমন নির্লজ্জভাবে উদ্ঘাটিত হবে সে? স্বেচ্ছায় সমর্পণ।

সুযোগা তো জানছিল, 'বাড়িতেই আছে, বলছিল মাথের ব্যথা করেছে,' মানের তো করতে হবে। কিন্তু ওর ব্যবহারে তুষার এমনভাবে ঝাঁপিয়ে এসে সমস্ত পরিবেশটা ক্লেদাক্ত করে তুলবে, তা কে ভেবেছিল? ঘর থেকে নিঃশব্দে বেরিয়ে এসে ফোঁস! তিক্ত গলায় যখন বলে উঠেছে, 'খুব যে পাকা হয়েছিস দেখছি! খুকুর ওপর জোরে না হয়ে নিজেকে বড় লায়েক ভাবছিস না? তা পাসা বড় বেশী হয়েছে বুঝি? তাই বদলে একবার করে মুখেভাতের কথা?'

চমকে ওঠে সবাই। এ কী কদর্য ভাষা! এ কী কুৎসিত আক্রমণ!

হতচকিত শিশির শুধু ওর মুখের দিকে তাকিয়ে দেখে, কিন্তু তুহিন তো আর ছেড়ে দেবে না। তাই বলে ওঠে, 'ফরবিডও আয়নাতে মুখ পাঁচজনকে জানায় মেজবি, যার কখনও করে। ও জিনিসের মর্ম জানিস না বলেই এমন কথাটা মুখে আনতে পারলি। ঠিক আছে, যাসনি।'

তারপর তারা স্বামী-স্ত্রী অন্তরিয়ে নেমে যায় সিঁড়ি দিয়ে।

ওরা চলে গেলে স্তম্ভিতা সুযোগা আস্তে বলে, 'নিজেকে এত 'ছোট' না করলেই পারতে তুষার!'

কড়া গলায় তুষার বলে, 'বেশ করেছি। ডেকে ডেকে অপমান দেখাতে এসেছে।'

—'অপমান কিছুই দেখাননি তুষার। সাধারণ রীতিতে ভদ্রতা বিনিময় করতে এসেছিল।'

—'ঠিক আছে। আমি ছোটলোক

ওস্তাদ ঝড়ে গোলাম আলি খাঁ

আমি ইডিয়ট হলে তো?'

সুবোধা তুষারের মুখের দিকে তাকিয়ে বেশ অবাক হয়। এই কি তার সেই চিরকালের চেনা মুখ?

পরদিন চিন্ময়ের চেম্বারে বসে সুবোধা। বলল, 'তখন তো পাগল হয়ে যাচ্ছ মনে হচ্ছে?'

সংক্ষেপে গত কালকের ঘটনা বিবৃত করল।

চিন্ময় চিন্তিতভাবে বলল, 'ওঁর ওই ঘরদোর-বাড়িঘর বোকা দেখেই আমার চিন্তা হয়েছিল, তাই একটা রাফশট ওষুধ জন্যে অত ইনসিস্ট করছি, তাতেও তো রাজী নন।'

—সেই তো! কিন্তু হঠাৎ এভাবে বলে যাওয়া তুই আর কারো মোতে দেখেছিস?'

চিন্ময় মাথা নাড়ে। 'মেয়েরা এই একটা ক্ষেত্রে যে কী হতে পারে, আর কী না হতে পারে—'

—সত্যি পাগলও হতে পারে?'

চিন্ময় ওর পিঠে চাপড় দিয়ে বলে, 'আমি অত কিছু ভাবার পক্ষপাতী নেই। সামনে একটা উপলক্ষ আসে, মেয়েরের তো আসেই। ধর-বাড়ি দেখছি। ওই নিয়েই তো আছে।'

—তা প্রতিকারটা কী?'

চিন্ময় বিজ্ঞ গলায় বলে, 'সেই তো মুশকিল। প্রতিকার তো মানুষের হাতে নেই।'

—তোরাও ভগবান দেখাবি?'

চিন্ময় হেসে ফেলে বলে, 'আমরাই তো সব থেকে বেশী ভগবান দেখাব। কারণ আমরাই ওনাকে সবচেয়ে বেশী দেখতে পাই।'

সুবোধা হঠাৎ দাঁ করে বলে বসে, 'আচ্ছা তুই আমাদের কাছে ঠিক বলছিলি? না ওর, না আমার কারুর মধ্যেই কোনো ডিফেক্ট নেই?'

চিন্ময় মাথা নেড়ে বলে, 'ঠিকই বলেছি।'

তবে? তাদের অথবা ভগবান না মেনে উপায়?

সুবোধা বলে, 'মুশকিল এই, আমার আবার ঠিক এই সময় চলে যেতে হচ্ছে—'

চিন্ময়কে আগেই বলা আছে, সে জানে ব্যাপারটা। এখন আবার শুনে বলে, হতে তবু ভালও হতে পারে। একটু হেসে বলে, 'মাঝে মাঝে একটু বিরহ ভাল। সেকালে যে মেয়েরা বাপের বাড়ি-টাড়ি যেত, সেটা হিতকারী ছিল। সর্বদা দুজনে দুজনকে দেখতে দেখতে বৈচিত্র্যহীনতায় পিত্তর হয়ে যায়।...তখন পরস্পরকে প্রতিপক্ষ মনে হয়।'

—'একেকদিন মেয়েরা বাপের বাড়ি যেতে চায়?'

চিন্ময় হেসে বলে, 'কখনো নিয়ে যেতে চায় না।'

বন্ধুদম্পতি জীবনীশক্তি বাড়ায়, মনের জোর কমায়।

এমন বন্ধুর পরামর্শের মধ্যেই থাকে। দুই মহিলা হয়তো বন্ধু থেকে, ঠিক এমনটি হয় না। পুরুষরা বন্ধুর কাছে যতটা মুক্ত থাকে, মেয়েরা কি সখীর কাছে থাকেন?... নিতান্ত স্থির সখীর কাছেও তারা কিছু রাখে, কিছু ঢাকে।

হালকা হয়ে যাওয়া মনটা নিয়ে সুবোধা হাসে, 'আমি তো ঠিক করে-ছিলাম, ওকে বলব আমার অক্ষমতার কথাটা বুঝিয়ে তুমি ডিভোর্স সুটে আনো।'

চিন্ময় ছেলে ওঠে, 'আমার দিবার সেটা প্রয়াস করা যাবে না। পালালামী রাখ, ঘরে আয়, এসে দেখবি লাভে হয়ে গেছে।'

সুবোধা বলে, 'তখন হয়?'

—কেন হবে না। অনেক সময় বিরহ বেদনা মেজাজ ঠাণ্ডা করে দিতে পারে। কত দিনের জন্যে যেতে হচ্ছে?'

—বড় জোর মাস পাঁচেক—'

—বাড়িতে কে থাকবে?'

—কেউ থেকেনি এখনো। দিদি সর্বদাই যা ফোন থাকেন, বলাই হয়নি এখনো।'

দুদিনের ছেলের হাতে সুবোধা একটা খেলা। বলল, 'ওর সঙ্গীর ভাল নেই, আসতে পারল না।'

কিন্তু সে কথা কে বিশ্বাস করবে?

তুষারের সমালোচনার নেমন্তন্ন বাড়ি মুখর হয়ে উঠল।

তুষার যে 'চিরদিনই অহঙ্কারী, মানুষকে মানুষ বলে গণ্য করে না, সবাইকে তুচ্ছ তাচ্ছিল্য করে, এ সত্য সকলেরই এযাবৎ কাল জানা ছিল না।

এখন সকলে জানল।

তুহিন তো সকলের সামনে মুখের ওপরই বলল, 'আপনি আর পাক দিয়ে যান তাকাত আসলে না জানাইবাবু! মেজদির যে কিছু হয়নি, তা আমি তখনই বুঝেছি।'

মাথা হেঁট করে ফিরে আসতে হল সুবোধাকে।

নেমন্তন্ন বাড়ি ফেরত তুষারের মা এলেন এ বাড়িতে। মুখের ঝলায় ঝলসালেন, এসব কী মতিবুদ্ধি হচ্ছে তোর তুষার? শুনলাম নাকি তুইনকে বোদ্দি যাচ্ছেটাই করে তাড়িয়ে দিয়েছিস। আজ খেলি না, এ সব কি ভাল?'

তুষার বলল, কে বলেছে ভাল? আমি তো খুব খারাপ সবাই জানো। আমি রাগী উদ্ধত অহঙ্কারী, সবাই জানো।'

—তোমাদিদিই তোমার কেরী এ কথা বলেনি মা, চিরদিনই ছেলে-খেলে কাটিয়েছে। এখনই তোমার কী ভাবে পেয়েছে!...কি-টিন সঙ্গে তোমার মা কোথায় যাচ্ছ, কী না কি ভাবা-ভাবির পরে বসে আছ, ভগবান জানেন কিসে কি হচ্ছে! জামাইয়ের দিকে তো তাকাল যাচ্ছে না। কী যে চেহারা হয়েছে!...তোরও তো হাড়-সার দশা!...এতকাল এক মতভেদে কাটিয়ে, এখন ছেলে খেলে কত এমন পাগল হবারই বা কী আছে? জগত সংসারে ছেলেপুলে হয়নি এমন মেয়েমানুষ কি থাকে না? একটা ভাইলো ভাইচি থাকলে ভরেও—'

তুষার উঠে দাঁড়িয়ে বলে, 'মা তোমার রাত হয়ে যাচ্ছে।'

সুবোধার জানাজা যাবার দিন এসে যাচ্ছে, ওদিকে দুজনের পার বাক্যালাপ বন্ধ। খবরটা তুষারকে জানাবার আগে শালীকে জানিয়েছে, বন্ধুকে জানিয়েছে, এ অপমান সহ্য করা শক্ত বৈকি।

তবুও এত বড় একটা ঘটনা!

সুবোধা দেশ ছেড়ে পাড়ি দিচ্ছে বিদেশে। ছোক সামান্য দিনের জন্যে, কিন্তু চার-পাঁচটা মাসই কি কম?

তুষারের জীবনে এমন ঘটনা কবে এসেছে? সুবোধা একা কোথাও যাচ্ছে, তুষার বাড়িতে পড়ে থাকছে?...স্তব্ধ হয়ে বসে ভাবে তুষার এই যাওয়াটা কি সুবোধার চেষ্টাকৃত? পালাতে চায় তুষারের কাছ থেকে?...অভিমান কি? তুষার ভয়ার্ত হয়ে গেছে, হিম হয়ে গেছে, ছোটোমাত্র হয়ে গেছে, তুষারের কাছ থেকে পালাতে চাইবে এটাই তো স্বাভাবিক।

মন ভেঙে যায়, যখন দেখতে পায়, সুবোধা নিজে সুটকেস গোছাচ্ছে, সুবোধা বাথরুমে ঢুকে যেতে দিতে বলছে, বাজে আসছে, এটা ওটা কিনে আনছে।...সুবোধার জীবনের এত বড় ঘটনার মধ্যে তুষার নেই, এ কী ভাবা যায়?

ভাবা যায় না, তবু ঘটছেই সেটা।

তা বলে কথা কি একেবারে হচ্ছে না? হচ্ছে, বিদেশ যাবার সংক্ষিপ্ত কথা হচ্ছে।

তেমন সুবোধা ঘরে ঢুকে এসে বলে, চিন্ময়কে বলে দেখলাম, সে সপ্তাহে সপ্তাহে এসে খোঁজ নিয়ে যাবে।'

তুষার বলল, 'কোনো দরকার নেই। বাড়িতে তো একটা মহিলা রেখে যাচ্ছ না।'

সুবোধা বলল, 'বাথরুমের পাশ-বইটই তোমার হাতে রেখে যাচ্ছি, জরুরী অ্যাকাউন্ট, তুলতে অসুবিধে হবে না। যখন যা দরকার নিও।'

তুষার বলল, 'যখন তখন এত কী দরকার?'

একদিন তুষারের বাবা এল, বলল, 'মা বলে পাঠালেন, সুবোধা যে কদিন বাইরে থাকে তুষার না হয় এখানে গিয়ে থাকুক।'

সুবোধা বলল, 'তুষারের যা মর্জি'।

কিন্তু তুষার এ প্রস্তাবে উঁচিয়ে ছিল। বলল, 'বাড়ি ছেড়ে চলে যেতে অনেক অসুবিধে।'

সুবোধা শ্বশুরকে আশ্বস্ত করতে বলল, 'অসুবিধে কিছু নেই। বাবা মেজদা দুজনকেই বলে যাচ্ছি, মাকে মাঝে মাঝে দেখতে নিয়ে চলে আসবেন।'

তুষার বলল, 'বলে আসবার আগে আমায় একবার বলতেও পারতে! ওঁরা আমার পরামর্শ করেন না।'

সুবোধা বলল, 'ভুল হয়ে গেছে, মাফ করে আসব।'

এত অপমান সইতে হচ্ছে তুষারকে। তবু বাঁধ ভাঙছে না। নদীর তীরে জল, তবু স্থির আছে। বাঁধ ভাঙল একেবারে যাবার আগের দিন।

সুবোধা যখন সুটকেসগুলো বেশী ভর্তি হয়ে গেছে বেরে, চেনে চেনে জিনিস ঘষছে, তখন তুষার সেখানে এসে বসে পড়ল। বলল, 'যাবার সময় পর্যন্ত ঝগড়া রেখে যাচ্ছ তো? যাও, এসে আর দেখতে পাবে না—'

বাঁধ তো ওদিকেও ভেঙে বসে আছে।

সুবোধা হাতের কাজ ফেলে রেখে ওকে দুহাতে কাছে টেনে নিল।

কী আশ্চর্য! কী অলৌকিক!

এক মুহূর্তে এমন হয়ে যায়? সব দেওয়াল ভেঙে পড়ে? সব অভিমান লুপ্ত হয়ে যায়? অথচ এই মুহূর্তটিকে দুজনের একজনও এঁচিয়ে আনছিল না।...এইটুকুর জন্যে কত ক্লেশ স্বীকার, কত কলহ, কত ঘাত, অথচ কোথায় যেন আটকে আছে।...যেন হাতের সুতোর ওধারে নিয়ে পড়ে পড়ে রোষ-কষায়িত ভোগ করা। যাচ্ছা তাদের সামনে চোখ বুজে বসে থাকা।

ভেবে অবাক লাগছে দুজনেরই। কী তুচ্ছ অভিমানের বশে কত কত দিন রাত্রি বন্ধ করেছে তারা! দিন কেটেছে নিশ্চিন্ততায়, আর রাত্রি কেটেছে বিনিদ্রতায়!...রাতের পর রাত একই শয্যায় শুয়েছে তারা পাশাপাশি দুটো বালিশে নিশ্চল নির্বাক, পরস্পরের দিকে পিঠ ফিরিয়ে।

কবে থেকে এ রকম চলছে? আজ তো দিনের বেলা বাইরে আলুনের খোলা নিয়ে মোকাবেলা করছে,

রাত্রির মোহময় ডাক অগ্রাহ্য করে জীবনকে ফিরিয়ে দিয়েছে।...স্থির সিদ্ধান্তে কবে? হাঁ, সেই দিন, যেদিন তুষার সাঁতারের ঘুষার বিস্ময়ে মোহনা করেছে সুযোগের অযোগ্যতাই তার জীবনকে ব্যর্থ করে দিয়েছে, তাকে যা হওয়া থেকে বঞ্চিত করেছে। বলেছে, তারার দিব্যবাণী। কারণ সে সুযোগের বন্ধু। আজ তুষারের এই নিঃশব্দ আত্মসমর্পণ আর অবিরল অশ্রুধারায় বুঝি ধুয়ে গেল সব গ্লানি, সব কটুতা, সব পাপ।

কিন্তু আর সময় নেই।

তোরের শেলনে রওনা দিতে হবে।

কাল সন্ধ্যা পর্যন্ত ভাবেনি সুযোগ, তুষার এয়ারপোর্টে যাবে। তবু একবার বলেছিল, 'বাবাকে জানো অনুরোধ করছি না, তবু বলে রাখছি, না গেলে সকলের চোখে পড়বে। যাবে তো সবাই। অফিসের অনেকে যাবে, দাদা-বৌদি, বৌদি, মেজবৌদি যাবে, উটুরা সপরিবারে যাবে, শিশির যাবে, তোমার দাদা যাবে, চিনুর যাবে—'

সি অফ করতে যাবার লোকের লম্বা তালিকার বিরক্তি এসেছিল তুষারের। নির্লিপ্তভাবে বলেছিল, 'এতজন যখন যাচ্ছে, একজনের অনুপস্থিতি কারো নজরে পড়বে না।'

—'নিন্দাকারীর নজর তীক্ষ্ণ।'

—'আমার নিন্দাতীতিটা কম।'

এইভাবেই চলেছে কাল সন্ধ্যা পর্যন্ত!

আজ বদলে গেছে পৃথিবী!

অথবা আজ বদলে যাওয়া কুশ্রী পৃথিবী আবার নিজের চেহারায় ফিরে এসেছে। তাই আজ তুষারের ধাওয়াটা অপরিহার্য, যেমন অপরিহার্য ছিল তুষারের আসার দিনে।

কিন্তু এসে আর কতটুকু পেল সান্ত্বনাকে? তার চির আকাঙ্ক্ষিত বন্ধুরাই ঘিরে ধরে রইল তাকে।... তুষারের মনে হল, তুষার যেন চলতে চলতে কোথায় এসে পড়ে শিশিরে ফিরেছিল, এখন ঘরায় ছুটেছে ছুটতে এসে দেখছে তার জায়গাটা বেদখল হয়ে গেছে।...নইলে তুষার থেকে যায় টুটুর শিয়রে।...টুটু ওকে ছাড়া না করে ফলাফলের সুযোগার সঙ্গে কথা বলতে বলতে চলেছে।...নিজের বোন নেই ওদের, দাদাতো বোনই বোন।

ফেরার সময় দাদা বলল, এখন আর বাড়ি ফিরে কী করবি আমার সঙ্গে বাবি তো চল।'

তুষার মাথা নাড়ল, 'বাড়িতে সব কিছু ছড়ানো পড়ে রয়েছে।'

দাদা বলল, 'তা বটে।'

বড় ভাসুরও ওই একই প্রস্তাব করলেন, 'একা বাড়ি ফিরে গিয়ে কী করবে? এখানে ছেলেপুলেদের সঙ্গে—'

তুষার আস্তে মাথা নাড়ল, একটি উত্তর দিল। না এই সমাধিক্ষেত্র বেদনার গভীর গহ্বরে আত্মসমর্পণ তুষার হাতের হুইস্পারে ছড়িয়ে ফেলবে না। তুষার তার বন্ধুর হৃদয়ের ফাটলগুলি একটি একটি করে তুলে তুলে দেখবে।

একা তুষারকে দেখে সকলেই ছাড়া আসছে। ঘটই তুষার বদলে যাক এখন, ঘটই সবাইয়ের সঙ্গে ফাটফাটি ঝগড়ার জন্যে, তবু ভালবেসে তো চিরদিনের সকলের স্নেহের তুষার ভালবাসার! শিশির বলল, 'যোনের সঙ্গে তো 'আজ যাবে' করে বেরোনো, তিনি তাঁর জীবনের কথাটি বলতে পেলেন না।... তা বইলে তাকে রেখে যেতাম দু-চারদিন।'

তুষার একটু বিষণ্ণ হাসি হেসে বলল, 'একজনের বাবি সারাতে আর একজনকে বাধিগ্রস্ত করা? তুমি বেচারা কেন আমাকে দু-চার দিনই বা বিরহ জ্বালায় জ্বালাবে?'

শিশির বলল, 'টিনি জলজ্যান্ত মনে পড়ে না রাখলে তো জলেপুড়ে হতো! এখনে না এসে যাবে তো? না তার কাছে থাকতে আমাকে না নিয়ে যাবে?'

তুষার বলল, 'আমাদের বোনে-বোনে কৌতুকটা তাহলে তো তোমার পক্ষে শাপে বর হয়েছে!'

মনে মনে ভাবল, আমার পক্ষেও। ঠিক এই সময় আমার ভাইবোনই ভাল লাগবে না।

কিন্তু সেইটা বোঝে না মানুষে। সংসার বন্ধুরা জানে সুখের সময়, শোকের সময়, বিয়ে কিম্বেদের সময়, বেনোর্ট বাধিতের কাছে কাছে থাকতে হয়, সান্ত্বনা দিতে হয়, অকারণ কথার চাপে, তার পক্ষি শূন্যতাটিকে ভরাট করে তুলতে হয়।

সুযোগার মেজবৌদি বললেন, 'ঠাকুরপোর এই ধাওয়াটার ভালই হল, চেহারা বা খারাপ হবে গেছে। চেঞ্জ দরকার। তোমারও সঙ্গে যেতে হতো।'

তুষার অবাকের ভান করে, 'আমি তোমার যাবো? অফিস পাঠাচ্ছে।'

তুষারের বড়বৌদিও বললেন, 'তোমার ভাসুরে তোমার সঙ্গে নিয়ে যেতে চাইলেন, যেলে না! ফেলে ভাল করতে। একাই তো খাঁ খাঁ করা প্লেন, তার আবার আরো খাঁ খাঁ হয়ে গেল। আমার ওখানেও ছোট ছেলে-পুলে নিয়ে ভাল থাকতে।... কাল বেলা এসেছে তার নতুন বাড়িটাকে নিয়ে।'

তুষার কথা ঘুরিয়ে বলল, 'এরা চাইতো! আপনি ফেরে দিবিয়া হয়ে গেলেন!'

বড় জা বললেন, 'আসারে হয়েছে তা নয়। তোমারও সবার কিছু হলে, এতদিনে জামাইয়ের শাশুড়ী অন্তত হতে।'

এ ধরনের কথা তুষারকে অবশ্য সব সময় শুনতে হয়েছে। সবার 'কিছু' হলে যে তার কি কি হত এতদিনে কে জানে!

কিন্তু ঠিক এই মুহূর্তে তার আর কিছু শুনতে রাজী নয়।

বাড়ি ফিরেই প্রথমটা মনে হল সোজা গিয়ে শুয়ে পড়ে।...বহুদিনের অভ্যস্ত বেদনা, মানসিক ঘাত-প্রতি-ঘাতের সঙ্গে গত রাত্রির বিহ্বল আত্মবিস্মৃতির নিবিড় ক্লান্তি যুদ্ধ হয়ে শরীরটাকে যেন দাঁড়িয়ে দিতে চাইছিল।

তবু শুয়ে পড়ল না। সেই আদি-কালের পিসিমার বাণী মনে পড়ে গেল।...বাবা অফিস থেকে বা দাদা কলেজ থেকেও তুষার যদি একটা গল্পের বই নিয়ে শুয়ে পড়ত, পিসিমা বলে উঠতেন, 'একটি বাড়ির মানুষ বাড়ির বাইরে পা দিলো, তার ভাল ঢেলে শুলে যা? ওঠো ওঠো। ওতে পরের মানুষের অকল্যাণ হয়।'

মন্ত্র মত।

অর্থহীন কতকগুলো কুসংস্কারের বোঝা নিয়ে সকলের ঘাড়ে চাপানোই যেন পিসিমার কাজ, এমনি মনে হত।...এখন তো কেউ সামনে নেই তুষারের ঘাড়ে অর্থহীন কুসংস্কারের ভার চাপাতে, তবু তুষার ভোরে পড়া শরীরটাকে খাড়া করে ঘুরে বেড়াতে লাগল এ ঘর ও ঘর।...সর্বত্রই সুযোগা! বাড়ির কোথায় এমন জায়গা আছে যেখানে সুযোগার চিহ্ন লেগে নেই।...ইমনাদি বাড়িতে উপস্থিত থাকার বেশীটা সময় সুযোগা বই পড়ার ছুতোয় কাটাত। বই পড়ার নেশা ছিল না কখনো সুযোগার। তুষার এ জানে বলক দিত, বলত, 'তুমি একটা শিক্ষিত পরের মানুষ, অন্তত হাতে বাঁধি একবার একটা বই দেখি! কালক পড়েই সব মিটে গেল। আশ্চর্য! পরের মানুষের একটু বই পড়ার নেশা থাকবে না?'

সুযোগা বলত, 'যা থাকবে না। আমার শুধু বোঝার নেশা।...তাকেই নিয়ে পড়ে আছি, পড়ছি।'

তুষার হেসে বলত, 'ওহে জ্ঞান-চন্দ্রন, তোমার এই একাগ্রতা যদি স্রষ্টাভবানের পায়ে অর্পণ করতে!'

—'স্রষ্টাধিকার পায়ে করেছি।' বলে তুষারকে নিয়ে এলোমেলো করে দিত একেবারে।

আজ ছোটখাটো হালকা গড়নের বৌটাকে নিয়ে প্রায় লোকালয়েই করত দীর্ঘ বনিষ্ঠ দেহী মজবুত স্বাস্থ্যবান সুযোগা তার মনের মানুষটা।

সবই এই বাড়িতে। এই এখানে, ওই ওখানে। সুযোগার সেই আবাসিক লাচারাবাড়িটা যেন ঠিক আজকের স্টাইলের নয়, যেন আভিজাত্যের উল্লাসে। ছোট ছেলেরা যেমন একটা সুন্দর খেলনায় আসক্ত হয়, এক মিনিট ছাড়তে চায় না, সুযোগাকেও যেন বৌ নিয়ে তাই।

ভাবতে কী অদ্ভুত অবিশ্বাস্য লাগছে, এ বাড়িতে এখন সুযোগা নেই। সন্ধ্যাও ফিরবে না। হয়ত না, সকালে না তারা না, পরশু না। তবু কতদিনগুলো দিনরাত্রি পার করতে হবে তুষারকে এই অবিশ্বাস্য অবস্থার মধ্যে! নিজেকে ভবী অসহায় লাগে তুষারের। যেন বৃক্ষ হৃদের একটা সুনো প্রান্তরে একা দাঁড়িয়ে আছে তুষার। তার চারিদিকে জনমানবের সাড়া নেই, চিহ্ন নেই।

তুষার কি এখনো বিছানার পাশে ফেলে রেখে যা একটি?

অন্ত তুষারের চারিদিকে সবাই আছে, তারা ভালবাসার হাত বাড়িয়ে বলছে, 'এসো, আমাদের কাছে এসো।'

কিন্তু তুষার কেমন করে এই বাড়ি-ঘর ফেলে চলে যাবে, যে বাড়ির সর্বত্র সুযোগা!

এ বাড়ি ছেড়ে অন্যত্র থাকতে গেলে সুযোগার জিনিসগুলো সরাবেন কে? দেখবে কে? পরিষ্কার রাখবে কে ধুলিস্তর জিনে হলো ফেড়ে ফেলে?

তুষার একদিনের জন্যও বাদের বাড়ি রাত কাটায় না এটা ছিল তুষারের মা বলের অভিমান। তুষিন তো নিঃসঙ্গ থাকতে দেখবে, এখনও থাকে। কিন্তু তুষার তখন না। ভবেরেই পারবে না, বাড়ির বিছানা ছেড়ে, ঘরের দালানালি জানোটুকু ছেড়ে, বোনেরা সবাই মিলে একটা হস্তপোষে গড়াগড়ি দিয়ে হুল্লোড় করে রাত কাটানো।

এ জিনে ঠাট্টা তামাসা সইতে হবেছে বৈকি। বিস্তরই হবেছে। বাপের বাড়ি, কি মামার বাড়ি, মাসির বাড়ির 'সাজেকলে' বিয়ে-চিনের আত্মীয়রা সবাই আসে 'খাবেছে, যেখানে সেখানে পড়িয়ে শুয়ে পড়েছে, তুষার ঠিক চলে দেখে যেত কিছু কিছু।...দাদা-বৌদি, তুহিন-শিশির, মাসি-মামীরা পর্যন্ত বলেছে, 'ও বাবা, তুষার থাকবে বলকে ছেড়ে' পৃথিবী উল্টে যাবেও না।' এমন কি বাবা পর্যন্ত কখনো অসুখ গলায় বলেছেন, 'এখন বড় বাড়িতে আমাদের তাকের থাকা অভ্যাস হয়ে গেছে

গরীব বাপের মেয়ে বাড়িয়ে থাকতে পারে না।'

মনে লজ্জা করেছে, আড়চোখে তাকাল সুবোধের দিকে, ঠকে যাই না আমি?'

সুবোধও চোখ্চোখি বলেছে, কেপেছ? এই ভিড়ের বাড়িতে নতুনবৌকে লাইন দেওয়ার অবস্থাটি ভাবো।'

ভাবতেই হয়েছে। কারণ, জানে শেষ পর্যন্ত নিয়েই যাবে সুবোধ, ছুতোয় ভুলিয়ে খোসামোদ করে। বাড়ি এসে পাখা খুলে দিয়ে তুষারকে সোফায় বসিয়ে বলেছে, এখন বল, নিয়ে খালিয়ে এসে ভুল করেছি কি না?'

স্বীকার করতেই হয়েছে ভুল করেছে। না বলিয়ে ছাড়েনি না।

দুষ্টুও অসম্ভব ছিল তার। বলত, আর এই যে তোমার বড়মামি, 'বাড়িতে নারায়ণ আছেন, তাঁর সেবা আছে, হাতে থাকলে চলবে না' বলে হাত একটা ফেরোটাতেও বাড়ি যান, তাঁর বেলায় তো কেউ হাসে না।'

—কোন কথা। তাঁর সঙ্গে আমার তুলনা? নিজেই তো বললে, বাড়িতে নারায়ণ আছেন—'

সুবোধ অম্লান বদনে বলত, তোমারও তাই। ওই একই ব্যাপার। তোমারও সামনেই বলে, অন্তরী নারায়ণ'...এই দুষ্টু!

এই মনুষ্যত্বকে নিয়ে পার আজ? দুষ্টু তুষারের মা বলতেন, সবাইকে ফেলেন, তা ওকে সবাই মিলে ঠাট্টা করেছিস কেন? দেখিসই তো জামাই বাড়িতে বশ করে নিয়ে যান। থাকতে পারে না ছেড়ে।'

সুবোধ, আজ দেখছি বেশ পারছ ছেড়ে থাকতে।

কিন্তু মনে তো আমিই ছেড়েছিলাম ওকে। তুষার ভাবে, আমার কী দাঁতভাঙ্গা ধরেছিল তাই ওকে যা মুখে এসেছে, তাই বলেছি, ওর মনের দিকে তাকাইনি...

দুষ্টুমার মা চা নিয়ে এসে দাঁড়াল। বৌদিদি, এসে অবধি বসে আছ, হাতে মুখে জল দাওনি? নাও চাটুকু খেয়ে ন্যাও।'

তুষার হাত বাড়িয়ে চায়ে নিয়ে টেবিলে রেখে বলে, দুষ্টুমার মা, ও-বেলা থেকে আর কাজ করতে আসতে হবে না তোমাকে। যা বাইনে পত্তর হচ্ছে, মাসার সময় নিয়ে যেও ছিসেব করে। এক মাসের বাইনে বাড়তি দেব, যাতে চাকরী খুঁজে নিতে পার।'

দুষ্টুমার মা আকাশ থেকে পড়ে। পুরনো মুখে জানতে চায় কী বলো। কিন্তু হয়নি তো কিছু। সেই কথাই বলে তুষার। দরকার নেই। একটা লোকের জন্যে বেশী লোকের দরকার নেই।

এক মাসের বাইনে বাড়তি, তবু দুষ্টুমার মা কাঁদো কাঁদো হয়। এ বাড়ির চাকরিটি যে তার কামধেনু সদৃশ।

গতরাত্রি আঁতকানোর গলায় বলে সে, তুমি করলুমনি, চামারি করলুমনি, এক কথায় হাঁকিয়ে দিলে গো বৌদিদি! এই তোমার বিচার হল!'

তুষার বিচ্ছির একটু হাসে। সব চুরি কি চোখে দেখা যায়?'

দুষ্টুমার মা কেঁদে পড়ে, তোমার জলেকেতে কী আমি নিলুম তোমার? কী সোনাদানা ছতাসা ছেলো তোমার ঘরে?'

তুষার ওই বাসনমাজা কিটার সঙ্গে তথা কয়, না নিজের সঙ্গে? সব সোনাদানাই ছড়াসা ছিল আমার। তাকিয়ে দেখিনি চলে যাচ্ছে, হারাচ্ছে। টারপর উঠে, আলমারি খুলে টাকা বার করে দিয়ে দেয় ওর হাতে। না গুনেই দেয়, অনেক বেশীই হবেতো।

আর কথা বলে না দুষ্টুমার মা, চলে যায়।

—অথচ এই কিটার জন্যেই ওর সঙ্গে ঝগড়া করেছি আমি!' আস্তে আস্তে বলে তুষার, ও বলেছিল, "ওকে তাড়াও, এই দণ্ডে তাড়াও। ও তোমার সর্বনাশ করছে।"

তুষার মানেনি সে কথা। রীতিমত খিস্তার দিয়ে বলেছে, কেন? ওর স্বভা আমি একটু স্বাধীনতা পাচ্ছি বলে? নিজে তো কোনো সহযোগিতাই করবে না, আর কেউ করার আছে আমার?'

সুবোধার সেদিন দুষ্টি ছিল বোম হয়ে। গালাগে ফুটছিল, বাড়ির পড়ে বলেছিল, তোমার বিষ এনে দেবার কেউ নেই বলে আমি খুব একটা সুখিত হচ্ছি না তুষার!'

তুষার হেসেছিল। যা তা শুনিয়েছিল।

আশ্চর্য! আমি কি পাগল হয়ে গিয়েছিলাম? তুষার ভাবে, সত্যি কী যা খারাপ ছিলাম আমরা? ও বলেছে, 'আমি তো এখনো তোমার নিয়েই সম্পূর্ণ পূর্ণ আছি তুষার। আমার তো কোনো অভাববোধ নেই।'

—তার কারণ, তোর ছাড়া তোমার জীবনের আর কোনো লক্ষ্য নেই।' অনায়াসে হেসেছে, এ সব কথা তুষার।

অনেকক্ষণ পরে বন্ধুস্নেহাকুরের তাড়ায় চান করতে গেল। আর তোয়ালে দিয়ে গা মুছতে মুছতে হঠাৎ থমকাল। হাতে, গলায়, তোয়ালে, সর্বাঙ্গে নানা গন্ধ। বাসন্তিল কন্ধ, তাথা তাবিজ, লেকড়, কুল। ওদুলোর হাত ছেড়ে খুব সূক্ষ্ম মৃদু একটি হাসির রেখা ফুটে উঠল তুষারের সুখটিত অধরে।

এখন আর এদুলো কী কাজে লাগবে? অন্তত্ত স্নান দুরেক ফেলা যাক। হয়তো বা চিরতরের জন্যেই। সুবোধকে আর মুখ দেখে না সে। তার জন্যে যদি জীবনে একটা পরম বস্তুকেও বলি করে নিতে হয়, নেবে, সব বন্ধন থেকে মুক্ত হয় তুষার। অবহেলায় একটা তাবিজ পায়ে তাবিজ-কবচগুলো।

আকাশে উঠেই সুবোধার প্রথম মনে হল, অকারণ কেন আমি তুষারকে এত কষ্ট দিয়েছি। ও যা চেয়েছে, সেটা এমন কী বেশী? ওর যেখানে বিশ্বাস, সেইখানে থিরে দাঁড়াতে বলেছে আমায়। তার বেশী কিছু না। আমাকে তো বিশ্বাস করাবার জন্যে জোর করেনি। কী এমন ক্ষতি হত আমার ওর সঙ্গে ওর অভীষ্ট ঠাঁই যেতে? আমি কি পতিত হয়ে যেতাম তাতে?

এক সপ্তাহে চিঠি পেল চিন্ময় ডাক্তারও। খুলে পড়ে হাসল আপন মনে, তারপর চট্‌পট্ হাতের কাজ সেরে বেরিয়ে পড়ল চিঠিটা নিয়ে।

তুষারকে যেন আজ একটু ভাল দেখল। এতদিন পর্যন্ত কেবলই যে উগ্র রুক্ষ তীব্র মূর্তি দেখেছে, তার বদল ঘটেছে। খুব শান্ত আর অমলীন দেখাচ্ছে তুষারকে।

ওর গলায় সেই একঘোঁয়া লাল-কালো সুতোও অন্তর্হিত, তাই পুরনো শ্রী ফিরে এসেছে। দেখে ভাল লাগল। এসেই যথারীতি বসে পড়ে চিন্ময় গরাজ গলায় বলল, 'বেশ জপেস করে একটু চা খাওয়ান তো, সুখবর আছে, ছাড়ন।'

তুষার ঠোঁট উল্টে বলল, 'আমিও দিতে পারি আপনাকে সুখবর।'

—ছাড়ন। ছাড়ন! অভ্যাসের কপচানো এ সৌজন্যটুকুও সইল না! ঠিক আছে, আমার যা লিখেছে, ঠিক সেটি হয়তো লেখেনি আপনাকে।'

হাসতে হাসতে চিঠিটা বার করে, পকেট থেকে, 'দেখুন কী লিখেছে—"ভাই চিন্ময়, আমার প্রাণপুত্তলিটি তোমার হেফাজতে রেখে এসেছি, উপযুক্ত কেয়ার নেবে।"

তুষার হেসে উঠে বলে, 'কেয়ার-টেকার জনাইয়ের বাইনে কত ধার্য হয়েছে?'

—তাই ভাবছি। কী বাবি কথা যায়।'

খোলামেলা লোক, হাসে বেশী। অভ্যাসেও হাসে।

জামাই বিদেয়ে যাওয়া পর্যন্ত সুরমা একবিন্দু মেয়ের কাছে আসতে পারেন নি বলে অভিমান বোধ করছিলেন। যদিও তুষারের বাবা মেয়ের প্রতি তেমন প্রসন্ন নন।... মা বাপ দাদা সবাই মিলে অনুরোধ করল, তবু তুমি মেয়ে, এখানে এসে থাকতে পারলে না?...এত স্বাধীনতা? এত সাহস? দিনকাল খুব ভাল? তাই তুমি একা মেয়ে-ছেলে অতবড় একখানা বাড়িতে থাকবে? পুরনো ঠাকুর-চাকর আছে? ও সব চেয় দেখা সোজা, বিশ-পঁচিশ বছরের পুরনো চাকর বাড়ির গিন্নীকে খুন করে সর্বস্ব নিয়ে পালিয়েছে এ দৃষ্টান্ত দেখা যায় না? শুনিস নি কখনো? তা ছাড়া দু-দুটো মস্ত বাড়িতে, স্বিতীয় একটা মেয়ে-ছেলে নেই, একা থাকবেই বা কোন্ সাহসে? লোকে কী বলবে?

মেয়ে সামনে নেই, তবু মেয়েকে উদ্দেশ করে কড়া কড়া কথা শোনান ভদ্রলোক। সুরমা এক সময় বলেন, 'তা তুমি নিজেই বল না মেয়েকে। তুমি বাপ, তোমার শাসন করার অধিকার আছে।'

বলে মুখ বাঁকান।

এ যুগে যে বাপ-টাপের কোনো অধিকার নেই সেটাই বলেন বাদেলাদ্বির আমায়।

—অধিকার! হুঁ, বলে কুমারী মেয়ে, বাপের ভাতে থাকা মেয়ে, তাকেই কিছু বলতে পারছে না আজকাল লোকে! পার্কের বেঞ্চী হালদার যা বলে। তার মেয়ে না কি —হুঁ। আর এতো বিশ বছর বিয়ে হওয়া স্বাধীন মেয়ে, বরঞ্চলাক মেয়ে...এ যুগের কর্তা আবার কর্তা! বিষ হারিয়ে ঢোঁড়া! একলাল হারানো হাবিজ্ঞি। অনেক জপের পাপ থাকলে, এ যুগের বাড়ির কর্তা হয়।' একটু, গলা খাটো করেন, 'এই যে বাড়িতেই ছেলে ছেলের বৌ কী স্বেচ্ছাচার চালাচ্ছে, একটা কথা বলার যাই আছে?'

সুরমা বেজার গলায় বলেন, 'ওর আবার কী স্বেচ্ছাচার চালাতে এল? সবাই বাঁনা বাঁনা করে তোমার ছেলে বৌকে।'

কর্তা আরো মুখ বাঁকান। 'করে। খোসামুদোরা করে।'

সুরমা এসব কথা ভালবাসেন না। তাঁর মতে, কথার চাষ বন্ধ করবে, তবেই অশান্তি কম হবে। আর বলতে হয়, মুখের সামনে বল, পুরুষ মানুষ তুমি, আড়ালে নিন্দে করবে কি? তাও নিজের সন্তানকে!

ঠিক করলেন নিজেই যাবেন, মেয়েকে বুঝিয়ে সুঝিয়ে, হয় এখানে নিয়ে আসতে রাজী করাবেন, না নিজেই গিয়ে মেয়ের কাছে থাকবেন এ কদ্দিন। সংসারের জন্যে তো এখন আর তত চিন্তা নেই, রান্নার লোক আছে, বৌ ঝিরী হয়ে গেছে। জামাই অবিশ্যি মুখ ফুটে একবারও

বলে যায়নি, জেনে তো গেছি, তবু মাতৃকর্তব্য, দায়িত্বের।

আসলে একা একা কোথাও যাওয়া আসা করতে পারতেন না, এখন আস্তে আস্তে শিখেছেন। চটিটা পায়ে দিয়ে, পয়সার ব্যাগটা হাতে নিয়ে পরিপাটি শাড়ি ব্লাউজ পরে বেরিয়ে পড়তেন।

কিন্তু মেয়ের বাড়ি এসে যে এ দৃশ্য দেখতে হবে এ কথা কি স্বপ্নেও ভেবে এসেছিলেন সুরমা? বয়সও খোলাই ছিল, চাকর অনন্ত সিঁড়ির তলায় নিজের চৌকিতে বসে বিড়ি খাচ্ছিল। সহসা বাসিয়াকে দেখে তাড়াতাড়ি হাতের বাল ফেলে দিয়ে উঠে দাঁড়াল।...থাক্, একটু সভ্যতা আছে এখনো।...কিন্তু ও কী? দোতলা থেকে সুব্রর অট্টহাস্য উচ্চ হাসি ভেসে এল যেন? কে এসেছে?...শিশিরের গলা তো নয়?...জামাইয়ের সেই মামাতো বোনের ঘর? ননদাই অথবা তদ্গতি-পতি ব্যতীত কে এরা বহিরালার ঘরে এমনি উচ্চহাসি হাসবে? ভদ্দরেরা নিশ্চয় নয়।

অবাহিত হয়েই চুপ করলেন অনন্তকে, 'কে এসেছে ওপরে?'

অনন্ত অম্লানবদনে বলল, 'ডাক্তারবাবু তো।'

—'ডাক্তার কেন?' সুরমা অবাক্ হলেন, 'কী হয়েছে তোমাদের বৌমাদির?'

চুপ করে ভাবলেন, কী এমন হতে পারে, যাতে এত হাসির খোরাক আসে।

অনন্ত সেইভাবেই বলল, 'কি হবে? হয়নি তো কিছু?'

—'তবে?'

—'ও তো আসেনই প্রায়, প্রায়।'

আসছিলেন, নিঃসঙ্গ, বিরহবিধুরা মেয়ের কাছে স্নেহস্পর্শ নিয়ে, এবং তাকে সংসারের যাবিলা সম্পর্কে যথাবিহিত করিয়ে দেবার সাধু সংকল্প নিয়ে। সুরমা বেঠে গেলেন।

উঠে গেলেন সিঁড়ি দিয়ে। সামনেই বসার ঘর। দেখলেন মুখোমুখি দুই মানুষ বসে, তুষার আর ডাক্তার। দুজনের সামনেই একটা করে চায়ের কাপ, খালি।

তার মানে অন্তত দুকাপ চা অনেক-ক্ষণ থেকে।

ইচ্ছে হল, সিঁড়ি থেকেই ফিরে যান, কিন্তু সেটা সেরাইই ধৃষ্টিকটু হবে বলে পারলেন না। সেকেলে মানুষ, মুখরবেলার আগে পরি-চালিত হবার অভ্যাস নেই। আস্তে আস্তে পায়ে চটি ঘসটাতে ঘসটাতে উঠে যান।

এখানেও সিঁড়ি উঁচুতে ছাপান অল্প অল্প। চটির শব্দে ফিরে তাকাল তুষার। 'আরে। এসো। মা!' বলে ছুটে এগিয়ে এল, 'তুমি যে এ সময়?'

সুরমা স্মান হাসিতে সংক্ষেপে বললেন, 'এলাম একবার। সেই থেকে তো আসতে পারিনি।'

'সেই থেকেটা অবশ্য সুবোধার যাওয়ার দিন থেকে।

তুষার বলল, 'ডাক্তার ঘোষ, এই আমার মা!...মা, ইনি ডাক্তার ঘোষ।'

সুরমা অত হাত তুলে নমস্কার করতে জানেন না। নমস্কারের প্রতি-দানে একটু অর্থপূর্ণ হাসি হাসলেন, 'হ্যাঁ দেখেছি। তোমার বিয়ের তারিখের নেমন্তন্নে। জামাইয়ের বন্ধু।'

তুষার ছেলে উঠে বলল, 'হায় হায়, আমি আমার পরিচয় কাঁহাতক দিতে বলবো! সবই তো জানো দেখছি।'

সুরমার মনে হল অনেকদিন যেন তুষারকে এমন গলা খুলে হাসতে দেখেন নি। এ হাসি আসল হাসি। যাকে যাকে যা তৈরি করা বলে মনে হয়েছে সুরমার। মনে হত এখনকার মেয়েরা যেমন চোখে কাজল পরে, চুলে সাম্পু করে, ঠোঁটে লিপস্টিক লাগায়, তেমনি গলায় ওই হাসিটাকে ফিট করে। সুরমার এই মেজ মেয়েটি এখনকার মেয়ের প্রতীক ছিল। কিন্তু ইদানীং আবার সব স্বভাব বদলে যা তা উল্টো-পাল্টা হয়ে গিয়েছিল। সেটাও কিছু নয়। খুবই বিচ্ছিরি লেগেছে। তবে এখনও আবার এটা ভাল লাগল না।

চিন্ময় বলল, 'আচ্ছা, এখন তাহলে চলি। যা যা বললাম, করবেন। না হলেই বুকব্রেন তো রিপোর্ট চলে যাবে।'

তুষার সঙ্গে সঙ্গে সিঁড়ির নীচে পর্যন্ত গিয়ে সীঁড়ে দিয়ে এসে বলল। বলল, 'বাঘ এতদিনে তাহলে মার মেজ মেয়েটাকে মনে পড়ল!'

সুরমা উদাস গলায় বললেন, 'মনে যোজই পড়ে, ছেড়ে ওঠে না। তোদের বাবার তো শরীর ভাল যাচ্ছে না। রিটায়ার করে পর্যন্ত তো এটা-ওটা চলছেই। এখন আবার হাতে ধরেছে। বরেদের ধর্ম বয়স করবেই।...তা ওই ডাক্তার কী করতে বলে গেল?'

তুষার মৃদু হেসে বলল, 'আর বোলো না। আমি না কি বাহুবে রোগা হয়ে গেছি, ওর বন্ধু নির্দেশ দিয়ে গেছে, এই কদমাসে আমার মোটা করে তুলতে হবে। তাই খুব জলা ছানা মাখন আর ডিমের অর্ডার হল।'

সুরমা সন্দেহের গলায় বললেন, 'আর রিপোর্টের কথা কী বলল?'

তুষার হেসে বলল, 'রিপোর্ট পেলেই তো পেয়ে যেছ বুঝি? তার নেই, এক-রে রিপোর্ট নয়, টাটা করাচ্ছিল। ও সব ছেতে না চাইলে বন্ধুর কাছে লিখে পাঠাবে।'

কথাটা তবু বিশ্বাস হল না সুরমার। ইদানীং কি আর তেমন আহ্লাদে-গলা সম্পর্ক ছিল দুজনের মধ্যে? এক-আধবারের দেখাতেই অদ্ভুত করেছেন, সে সুর আর নেই, সে ছন্দ আর বাজে না। তুষারই স্বাভাবিক খাওয়া-দাওয়া সম্পর্কে কী উদাসীন হয়ে গিয়েছিল ইদানীং! যা করত ঠাকুর-চাকর। সুবোধার এই বাইরে যাওয়াটাও সুরমা সন্দেহের চোখে দেখেছিলেন।

হঠাৎ আবার সেই আগের সুর, আগের ছন্দ, অন্তত মানুষটা বাড়িতে যেন, যেশেই নেই। বললেন, 'তবু ভাল। তা আছিস কেমন?'

—'ভালই।'

—'চিঠিপত্র এসেছে জামাইয়ের?'

তুষার সমর্থনসূচক মাথা নাড়ে।

—'তোর কিটাকে দেখছি না যে, কাজ মেয়ে চলে গেছে?'

তুষারের মুখটা একটু কঠিন দেখায়, 'মাস ওকে ছাড়িয়ে দিয়েছি।'

—'ছাড়িয়ে দিয়েছিস?' সুরমা অবাক। 'বাড়িতে একটা মানুষ মেয়ে-মানুষ আসতো যেতো, সেটাকেও হঠাৎ ছাড়ানি দে?'

তুষার সংক্ষেপে বলল, 'কাজ করে মেয়ে, একটা লোকের জন্যে তিনটে লোক!'

সুরমার এটা অন্তর্পূত হল না।

পণ্ডিত ওঙ্কারনাথ ঠাকুর

তাই গল্পের আসরটা জমজমাটি হল না। কেমন যেন ছাড়া-ছাড়া। আবহা আবহা। সুরমার মনে হল, অন্তত এই এতক্ষণ মেয়ে বিদেশ বোলচাল চালাচ্ছিল।

একটু পরেই বললেন, 'উঠিরে।'

মেয়েও বলল না, 'আর একটু বোসো মা!'

বেশ একটু বিদ্বেষ আর বিরক্তি নিয়ে ফিরলেন। স্বামীর ক্যান্সার যে নতুন মনের কথা বলবেন, তার জো নেই। বাপ্‌পা মানুষ, কী বলতে কী বলবেন, সেটা আবার ছেলে-বৌয়ের কানে যাবে।

ছোট ছেলের সঙ্গে দেখা না হওয়া পর্যন্ত স্বস্তি নেই।

তুষার যুক্তেছিল ডাক্তারের উপ-স্থিতি মার ভাল লাগেনি। মনে মনে হেসেছিল তুষার, সেকালের মানুষ-দের মনগুলো কী সংকীর্ণ!

ডাক্তারের চোখেও এটা ধরা পড়তে দেরী হয়নি। তবে সে ভাবেনি, সে ভেবেছিল গার্তাবিধিটা অন্যভাবে নিয়ন্ত্রিত করতে হবে। এমন সময় তার নয় যে, বন্ধুর বৌয়ের সঙ্গে নিত্য আড্ডা দিতে যাবে। তা যায়ও না, নেহাত সুবোধা অনেক করে বলে গেছে বলেই। তুষার মন-

চলা হবে থাকবে, তুষার মানুষে রোদ্দা হয়ে গেছে, তোর হেফাজতে রোদ্দ দেলাম ওকে মনে রাখিস। অনেক কথাই বলে ফেল্লে সে।

সুহেলার মন সর্বদা কু গাইছে। কিটাকে এই মুহূর্তে তাড়াবার কী দরকার ছিল? মেয়েমানুষের চোখ তুষর বলে?

সুহেলা ছোট মেয়েকে ডেকে মনের কথা বলতে বসল। মেয়ে বড় হলেই বন্ধু। তৃহিন বলল, তুষারদির কথা তার বলতে এসো না আমার কাছে, সেই একদিনই আমি ওর মনের কথা শেষে পেছি। আমাকে আর ভাটালেও ওর বাড়ি যাচ্ছি না। নাম উচ্চারণ সহ্য আমি নেই।'

—সেই তো জ্বালা, সুহেলা দম্বদে বললেন, 'আমি তো পাকে-প্রকারে বললাম, 'তোর কাছে নয় যাবিই যদি, তা একেবারে উঁচুকে ওঠা। বাপের জন্যে চিন্তা উথলে উঠল। ওকে এভা রেখে আমার না কি মহর্ষি যাওয়াও উচিত নয়।'

তবে মনে কী করা? যে কারো সাহায্য চায় না, তাকে সাহায্য করতে যাওয়ার মত বিড়ম্বনা কমই আছে।

নিজের মনেই নিমগ্ন তুষার।

নিঃসঙ্গতা কষ্টের। তবু নিঃসঙ্গতাই যেন ভাল লাগছে আজকাল। সমস্ত বেহ মন যান্ত করে যেন একটা অসাড়তা গ্রাস করে আসছে তাকে। কেউ এলেও যেন ভাল লাগে না। কথা বলবার উৎসাহ খুঁজে পায় না। একটা নিস্তেজ নিস্পৃহতার গহ্বরে জলমগ্ন যেন তলিয়ে যায় তুষার।

তবু তা ভাল লাগে না, তা করতেও হয় বৈকি। সমাজে বাস করতে হলে তাকে খাজনা দিতে হবে সমাজের খাজনা, এই লোকব্যবহার।

ছোট বোনটার জন্যে মাঝে মাঝে বড় মন কেমন করে। তখন তখন মেজদি মেজদি করে আসতো, তুষারও তখন তখন ডাকতো। তুষারের রন্নাঘরে যৌথিন করে জন্যে রোজই যৌথিন আয়োজন ছিল, শিশিরকে তৃহিনকে ডেকে খাওয়ানোর শখও ছিল তার। সামান্য একটু মান-অভিমানের খাপার নিয়ে যোজনা আর আসে না। শিশির আসে এক-আধবার, কর্তব্য সারতে। কতবার মনে হয়, ওকে বলি, তৃহিন কি তার মেজদিকে সত্যি তোমরা করলা?' বলতে লজ্জা করে।

কী বিশ্রী কথাই বলেছিলাম ওকে! মেয়েমানুষ এ জগতে কেবলমাত্র একজনকেই যা খুশী তাই বলার পায় পেয়ে যায়। কথা বন্ধ, মুখ দেখাদেখি বন্ধ পালার পরও হঠাৎ ভালবাসার কথা বইতে পারে, আদরের সম্বন্ধ উথলে উঠতে পারে।

সুহেলা চলে যাবার আগের রাত্রির ঘটনাটি বার বার চোখ খুলে দেখতে সাধ হয়। মেঘে আবেগে আবেগে লজ্জায় অধীরতায় থরথরিয়ে ওঠে।

কতগুলো দিন-রাত্রি পার হলে পাঁচ-ছাঁটা মাস পার হবে!

এখন চিঠি আসার দ্বিপ্রহরের প্রতীক্ষা। মস্ত বড় চিঠি লেখে সুহেলা। কী লেখন, কী জানন, লেখটা যেমন, এই সব নিয়ে তার চিঠি তখনো।...তুষার এত কী লিখবে? তা ছাড়া তুষারের এই অবসাদ রোগটা যেন ওই চিঠির উত্তর দেওয়াটাকেও কর্মলিত করে ফেলেছে। আধখানা লিখে ফেলে রাখে বাকিটা পরে লিখবে ভেবে।

তবু এক-আধদিন জোড়েজুড়ে উঠতেও হয়।

যেমন আজকেরা এল।

আগে যারা কেবলই আসতো, তারা আর আসে না। তৃহিনের অন্যখানের জ্বালা, চেটেরও তাই। টেটুকে এত দিন হলে বসেছিল তুষার, হঠাৎ হোলোমার মতো এত মজবুত, বাবার মাথা ঘুরিয়ে দেয়। এবার যদিন আসবি ওকে বাড়িতে ঠাকুমার কাছে রেখে আসবি।' তখনই আর আসনি ওরা।

কিন্তু এ'রা আসছেন।

আসছেন, বসছেন, গল্পও করছেন, চা খাচ্ছেন, তারপর হঠাৎ বলছেন, 'ছোট ঠাকুরঝিরা বড় করে বলে দিয়েছিল তাই এক-একবার আসতে হয়।'

আজ এলেন মেজদা।

তুষার যখন সেই অভ্যস্তরে অবসাদ-ঘরে দিবার ঘরে পড়ে আছে, এসে অবাক হলেন, 'এমন অসময়ে শুয়ে যেন রে তুষার?' বলে, তারপর আদার উৎখনা, মেয়ের সাথ তাই তুষারকে নেমন্তন্ন করতে আসা।

শুনে হঠাৎ তুষারের খুব ভাল লাগল।

সারা জীবনে কত সাধের, কত আদরের, কত 'আইবড়ো ভাতের নেমন্তন্ন পেয়েছে তুষার। নেমন্তন্নে যাবার আহ্লাদটাই অনেকের অরুচির, আজ খাবার কথাটার মেন মেন আহ্লাদ এল। সুহেলা চলে যাওয়ার পর ভেবে এত বাজে রান্না করছে ঠাকুরটা' অথবা!

তার রোজই ঠাকুরের ওপর এত গলা বাজ বর্ষণ করে উঠে পড়ে, খাওয়াই হয় না। মনে হল বন্ধিম সাহেবের নেমন্তন্নে খুশী একটু, খাওয়ানো যাবে।

তামার পরনেরো মনে পড়ে মেন উৎসাহ এল। এ সব ব্যাপারে মেয়েরই একটা সহজ জ্ঞান থাকে। তুষার যে তার মুখে ভয় ছিল, তা নয়, কিন্তু এখন মনে হল, ঠাকুরের হাতের ওই বাজেতাই রান্না খেয়ে মেয়ে, আবার মেখানি সুস্থ, ভাচিতাস নামেও জিতে চল আসছে।

বাবার দিন মেন তাড়া করে আসল তুষার। অনেক দিন পরে আলমারী খুলে শাড়ি বেছে পরল। টিপ পরল সযত্নে করে, আর নির্মল মুখে পাউডার পরল খুব, একগাছি সরু সোনার হার। আয়নির সামনে দাঁড়িয়ে অনেকক্ষণ ধরে দেখল নিজেকে, সুহেলার মেদিনের কথা মনে পড়ল, 'আয়নির সামনে দাঁড়িয়ে দেখো তোমাদিন আর নিজেকে? দেখেছ, কী চেহারা হয়েছে?'

আজ যদি সুহেলা থাকত নিশ্চয় খুশী হতো। কিন্তু, তুষারের সবচেটাই এখন খারাপ লাগছে বলতে হবে। এত সুন্দর দেখতে হয়ে মেন সেখানে, তবও সবাই একবাক্যে বলতে লাগল, 'চেহারাটা এমন হয়ে গেছে কেন? এমন কাকাসে, এমন শুকনো?'

তার মানে মেলী মোজনা পুরাণ!

কিন্তু খেতে বসেও সে খারাপ লাগল তুষারকে ভাড়া করবে, তা কে জানতো!. সাদের সময় পাঁচ প্রকারের নিয়ে খেতে হয়, তার ছোটখাটিও সেই পাঁচের একজন হয়ে বসল। কিন্তু কী যে হল, এক গ্রাস মুখে দিতে না দিতেই সারা শরীরের মধ্যে তাঁর একটা পাক দিয়ে উঠল। মেন শুধু ওটুকুই নয়, ভিতরের সব কিছুই উঠে আসতে চায়, বেরিয়ে আসতে চায়। ছুটে উঠে পড়া ছাড়া উপায় থাকল না।

কী লজ্জা! কী অপ্রস্তুত হওয়া! মেজদের বাড়ির একবার প্রসঙ্গ হল এখন তুষার। 'হঠাৎ এমন হল মেন? ...অম্বল হয়েছিল? হাতে ভাল মুখ হয়নি?...হজমের গোলমাল চলছিল নাকি?...কিছুই নয়? শুধু শুধু? ...আশ্চর্য তো!'

সকলের মুখেই উৎসুক উৎকণ্ঠা। শুধু তুষার মেন ওদের মুখ দেখে বিশেষজ্ঞ হয়ে যায়।...সবাই পরস্পরের মুখের দিকে তাকিয়ে এমন অর্থপূর্ণ দৃষ্টি বিনিময় করছে কেন?...মেন প্রসঙ্গের উত্তর এদের জানা, শুধু আমি সেখানে চুপ করছে।

কেন? কেন?

কী এ?..

কী বলতে চাইছে ওরা তুষারের সম্পর্কে ওই ফোসফাসানি তাকাতাকি করে? কী বলে ফেলেছে ওরা?...

হঠাৎ তখনকার একটা ভয়ে হাত-পা ঠান্ডা হয়ে আসে তুষারের।... তুষারের এতদিনের অভিজ্ঞতা মেন ওদের অভিজ্ঞ দৃষ্টির ভাষা পড়ে ফেলে। আর ওই মৈত্রপ্রবাহে হাত-পায়ের মতো থেকে তিল-তিল শিরশির করতে করতে উঠে এসে মেন হৃৎপিন্ডের মধ্যে ঢুকে পড়ে। মাথা ঝিমঝিম করে।

কিন্তু এর মানে কী?...

এর মানে কী?...ওরা যা বলতে চায় তা যে কত অসম্ভব তা কি জানে না ওরা?...অন্তত তবু তুষারের নিজের মধ্যেই মেন এমন একটা চমকের তর কাঁপিয়ে পড়ছে?

সেই ভয় মেন পৃথিবীর সব আলো আচ্ছন্ন করে ফেলেছে।..

তুষারের মনে হচ্ছিল, কোথায় মেন তলিয়ে যাচ্ছে সে। গভীর গহ্বরে, তার নাগাল কোথাও মাটির ঠেক নেই, তলাতে তলাতে তলাই মেন মিলিয়ে যাচ্ছে। অন্ধকারের মধ্যে মিশিয়ে যাচ্ছে।.....

হঠাৎ এক সময় দেখল, কে মেন তুষারের মুখে মাথার বাতাস করছে। কেন? হঠাৎ ওরা তুষারের মাথায় বাতাস করতে আসবে কেন?.....

কে ও? ও! বড় জা।... তাঁর উদ্বিগ্ন গলা শুনতে পেল, 'এখন কি একটু ভাল মনে হচ্ছে যে তুষার?

তুষারের ইচ্ছে হল বলে, 'হ্যাঁ'। কিন্তু অবসাদে চোখ খুলতে ইচ্ছে হল না। তখন তুষার শুনতে পেল, কারা মেন বলাবলি করছে। ডাক্তার-টাক্তার ডাকলে হতো?. মেজ জাদুরের গলা শুনতে পেল, 'কী ব্যাপার? ছোট বৌমা নাকি হঠাৎ অসুস্থ হয়ে পড়েছেন? মেলী ভিয়ে? গরমে? ডাক্তারকে খবর?'

মেজ জার অতল কণ্ঠ শুনতে পেল, 'না না! ও কিছু না, তুমি নিজের কাজে যাও।'

এর পর আবারও জাদুরের গলা কানে এল, অস্বাভাবিক করে উঠিয়ে মেওয়া ঠিক নয়। সুহেলা এখানে নেই। আমার মনে হয় ওভাবে একা একা থাকাটা ঠিক হচ্ছে না। ওতে নার্ভ উইক হয়ে যায়।'

তুষার অচেতনা, অতএব তুষারের সামনে সবকিছু বলা যায়। তাই মেজ জা বলেন, 'তা এতো তোমাদের ছোট বৌমার সাথের কাজল পরা। একা থাকতে তো কেউ বলে নি। সেজেছে সবাই। বলে মাসের কাজেই ফিরে থাকতে চায় না।'

—যাক, ঠিক আছে, মেলা কথা কোরো না। ওর মাথার কাছে মেলী ভিড় বাড়িও না।'

চুপ, এ বাড়িতে এসেছে, এবা ছোট বৌমির সঙ্গে কথা না করে ঘুরে ঘুরে মেরেছে। এখন কাকাকাটি এলো। তুষার শুনতে পেলো, খুব চাপা গলায় কাকে মেন বলছে, 'আমার সন্দিহের মনে হচ্ছে না।'

আরো চাপা গলায় ফুস, ছোট ঠাকুরপোর যাওয়ার তারিখটা তোর

বলে আসে?'

হাতের তলার স্নায়ুগুলি অন্ধ ঝুনঝুনিয়ে উঠল, সেগুলো কোথায় গেল?'

'কই দেখছি না তো!'

তুষার আর কতক্ষণ 'অচৈতন্য' থাকবে? তাকে আস্তে চোখ খুলতে হবে তো? কিন্তু সেই কাঁকড়া পাদ্রি কই তুষার? এখানে ওখানে যে কিসফিস কথার ঢেউ তরঙ্গিত হচ্ছে। ডাক্তারের যাওয়ার তারিখ জেনে তার কি হবে? তাহলে তারিখের খবর কে জানতে পারবে?'

'সে তো ওকে নিজেই হবে।'

'আর তোরা এখনো এখানে খুলে-তানি করছিস?' স্নেহ তানুরের গলা। 'ডাক্তার বাবু এসেছেন।'

তুষার কি হাতে স্পর্শ পেল, আর অচৈতন্য হয়ে থাকতে হবে না বলে? ...না কি তুষার চেতা মনের সেই এক অসম্মানিতার লাঞ্ছিতার মত বাঁচিয়ে দিতে হবার আবেদন জানাচ্ছে?

তবু বাঁচল।

চোখ খুলে বাঁচল।

ডাক্তার বললেন, 'মাথা ঘুরে পড়ে গিয়েছিলে?'

তুষার বলল, 'তাই নয়।'

—'হুঁ। হজমের গোলমাল আছে?'

—'না তো!'

—'কোনো কারণে অম্বল টম্বল হয়েছে, ওষুধ টষুধ কিছু নেই?'

একটা ওষুধ লিখে দিলেন।

এসেছেন যখন, কর্তব্য করলেন বৈকি।

পাড়ার ডাক্তার, ডিগ্রিটি কম। হুট্ বললেই আনা যায়, তাই তাড়াতাড়ি ডাকা গেল।

এও একপ্রকার সামাজিক কূট-নীতি। প্রয়োজনবোধে যেমন প্রকাশ না হলেও, ছোট ভাইয়ের অন্ত-পর্শ্বিতিতে, তার স্ত্রীর প্রতি কর্তব্য সম্পর্কে যে সাবধান সচেতন, তার প্রকাশ থাকল।—দেখো, তুমি ছোটো ভাইদের চাকরে হয়েই আর একম-বর্তী পরিবারে ভাইয়ের সঙ্গে থাকতে রাজী হও নি। যৌ নিয়ে মাতামাতি করছে, তাকে মেমসাহেব করছে। কিন্তু দাদারা সেদিকে অঁকিয়ে.....

তাড়াতাড়ি বাড়ি ফিরে এল তুষার।

ডাক্তারের হাত তাকে অনন্তের হাত থেকে বাঁচিয়েছে বটে, কিন্তু সেই অনন্তের নিশ্চিন্ত নিরাপত্তি সর্বনাশে কালসিটে ধরিয়ে দিয়েছে।

বাড়ি ফিরে তুষার তোলা শাড়ি বদলায় না, হাত মুখে জলও দেয় না, শুধু বুকের মত মেয়েদের ধারে বাঁচিয়ে ভালোভাবের ছিপ্ছিপে ফেলা পুণ্যোদ্যুলোর তারিখের উপর চোখ বুলোয়। আবার মাথা ঝিমঝিম করে আসে।

সামান্য মেয়েদের পুরুষের চেয়ে নিজের। টুটু, একটি ঘিরেছিল ছেলে-মেয়ে নিয়ে। বয়ের সঙ্গে দেখা হয়েই বলে উঠল, 'আরোজন মেজ বৌদি খুবই করেছিল, কিন্তু খুলি তোমার জন্যে হাঁরিয়ে বিষাদ! বলতে গেলে খাওয়াই হল না মোটোর।'

মন বলল, 'কেন? কী হল?' কণ্ঠ নিষ্প্রভাস। এই রকম নিষ্প্রভাস কথাই বলে সে, স্ত্রীর অতি চালচলনের সময়। এ একটা মজা দেখা।

কিন্তু টুটু এখন কেন ওঠে না। বলে, 'ডাই বৌদি তো রীতিমত একটা কেলেঙ্কারীই করল।...ঠিক যেতে বসেছে—'

অভ্রদের পুরুষের সমস্ত ঘটনা পুঙ্খানুপুঙ্খ বিবৃত করে, অবশেষে ঘোষণা করে, 'ডাক্তার বাই বলুক, আমার কিন্তু বাপু মনে হচ্ছে গভীর সন্দেহ হচ্ছে।'

টুটুর বর অবশ্য এ রকম ক্ষেত্রে পুরুষমানুষে যা করে, তাইই করল। উঁকিয়ে দিয়ে বলে, 'তোমার তো প্রতিপদেই সন্দেহ। কারো অসুখ করলে তুমি সন্দেহ করতে বসো, নজর লেগেছে। রাস্তির ইঁদুর-খোঁড়া খুটে খুটে ওরলে তুমি সন্দেহ কর যে নির্ঘাৎ চোর।'

টুটু বলে, 'সে তুমি যাই বল, আমি যাবো একবার যাচ্ছি, ঘিরে দেখছি।'

—'কোথায় যাচ্ছ?'

—'আহা মাতকাণ্ড বাধাল শুনে হবে নি তা নয়, তবু আবার ঘিরে কোথায় আবার? মহারানীর প্রাসাদে।'

—'এই যে বলছিলে আর কক্ষণো যাবে না ও বাড়িতে?'

—'বলেছিলাম, তবে এমার্জেন্সির বলে কথা! অবিশ্যি ছেলেমেয়েকে নিয়ে যাচ্ছি না।'

চিন্ময় বলল, 'হঠাৎ এ রকম হল কেন?'

সামান্য কথা, সামান্য প্রশ্ন, তবু শুনে তুষারের বুক কেঁপে উঠল।

তবু সামলে নিয়ে মৃদু হেসে বলল, 'সেটা আপনারাই জানেন।'

—'আমাদের জানার পরিধি এত কম,' ডাক্তার মার্জনিকের গলায় বলে, 'তাহলে নিজের কথে নিজের মাথা কাটা যায়।'

তুষার উঁচিয়ে দেওয়ার উদ্দেশ্যে বলে, 'এমন কিছু না। হয়তো ভেতরে চাপা অম্বল টম্বল হয়েছিল। ওঁরা একেবারে ভিজকে ভাল করে, ডাক্তার ডাক্তার ডেকে—আবার আপনাকে খবর দিয়ে—ছিটি যাচ্ছে লাগছে।'

চিন্ময় বলল, 'আপনার চেয়ারটি কিন্তু আপনার কথার সায় দিচ্ছে না, মৃদু একটি একটু লম্বা আবলে পরীরের দিকে।'

চলে যাবার সময় হঠাৎ একটা বিষয়ে তারিখ জানতে চাইল।

কী একটা দরকারি কাজে বাঙ্গিলাম আসানসোলে। সেদিন খুব ভোরে ছোট্ট। অবশ্য বিভূতিকে সেই খুব ভোরে একটা ট্রেন ধরতে অপেক্ষা করে কাটালো। কলকাতা থেকে রাঁচিগামী আসবার পথে ছেলেবেলার বন্ধুদের স্মৃতিচারণ আমার ভাল লাগে, তখন ভেবেছিলাম সেদিন ট্রেনে আমাকে যারা দিয়েই উঠে চলে যাবে। বন্ধুদের উৎসবটা নিয়ে পৌঁছোবার পর আর অবসরের অপেক্ষা।

আকাশে মেঘ করেছে। এই মেঘ কতখানি জমাট আর এর মধ্যে কতখানি বৃষ্টির আশু সম্ভাবনা আছে কিনা আমি জানি না। যদি সেদিন আজ না যায়? আসানসোল-রিপন্ন ট্রেনটা প্রায়ই ক্যানসেল্‌ড হয়। আকাশটা বিমর্ষ-করুণ আমার জন্য সেরকম অপেক্ষা করে থাকবে। বাদুড় অশান্তি হচ্ছে। একটা চেনাশুনো লোকও চোখে পড়ছে না। তা হলে আজও কথা বলে কষ্টানো যেত। এয়ার হোস্টেস আর বিমান কর্মীরা ঘোরাঘুরি করছে ব্যস্তভাবে। এদের সব সময়েই ব্যস্ত মনে হয়। এদের দেখলেই অন্য যাত্রী-দের চোখ উৎসুক হয়ে, হয়তো কেনো কথা শোনা যাবে। কিন্তু কেউ কিছুই বলছে না। আমি একটা বই খুলে বসেছিলাম, কিন্তু মন বসছে না কিছুতেই।

অবশেষে এক সময় আমাদের বিমানের নাম-ঘোষণা হলো। ফলকে ছেলের মধ্যে অনেকখানি নিশ্চিন্তের মতো পার হয়ে সিঁড়ির কাছে এসে লাইন দিলাম। আমার এক হাতে এক-খানা ছোট্ট বই, অন্য হাতে একটা ব্যাগ। আমাদের তবে সিঁড়ি দিয়ে উঠিয়েছিলাম।

সিঁড়ির একেবারে ওপরে একজন এয়ার হোস্টেস দাঁড়িয়ে থাকে, যার কাজ মিষ্টি হেসে প্রত্যেক যাত্রীকে নমস্কার করা। প্রত্যেক দিন প্রতিটি লোক ছাড়ার সময় এই কাজটা করতে হয় বলে তাদের হাসিটা নিতান্তই যান্ত্রিক। একটুখানি হেসেই আমার গম্ভীর হয়ে যায়।

সমস্তক সুশ্রী মেয়েদেরই এয়ার হোস্টেস করা হয়। তাদেরও আমার বেশী মাহাত্ম্য করে আরও খানিকটা ঢাক্তি-সুন্দরী হয়ে থাকে। এদের সবাইকেই প্রায় একই রকমের দেখায় বলে আমি দু'এক পলকের বেশী দেখি না।

সিঁড়ির ওপরে যে মেয়েটি দাঁড়িয়ে ছিল সে আমাকে 'নমস্কার' করতেই আমিও মাথা ঝুঁকিয়ে 'নমস্কার' বলে ভেতরে ঢুকে যাচ্ছিলাম। এই সময় আমার যেন শুনলাম সে বলছে, 'নমস্কার সুনীলদা!'

ভুল শুনলাম! ফিরে তাকালাম আবার।

মেয়েটি হাসছে। এয়ার হোস্টেসের যান্ত্রিক হাসি নয়, একটি মুখরা মেয়ের চেনা-হাসি।

আমি বললাম, 'খুকু!'

ততক্ষণে পেছনের লোক এসে গেছে। পেছনের সিঁড়িতে দাঁড়িয়ে একটার বেশী খুকি কথা বলার হেও-হুজ্জ নেই। বিস্মিত দৃষ্টি নিয়ে আমাকে ভেতরে চলে যেতেই হলো।

নিজের জায়গাটা খুঁজে পেতে বেশী দেরি হলো না। যাক, জানলার কাছেই জায়গা পাওয়া গেছে। বসাটা ওপরের ঢাকনা খুলে নিয়ে আমার ব্যাগ রাখলাম। সীট বেল্টটা বেঁধে নিতে হলো। এখন সিগারেট ধরাবার নিয়ম নেই।

আমার খুকুর মতো একটা চালা উত্তেজনা। সত্যিই কি খুকুকে দেখেছি? ভুল করিনি তো? কিন্তু ঠিক সেই রকমই তো সরলতা আর দুষ্টুমুখী মেশানো হাসি।

আমার পাশের সীটে এসে বসলো একজন বিশাল চেহারার অবাঙালী ভদ্রলোক। কেনো ভারী জিনিসের ব্যবসায়ী মনে হয়।

ব্যাগ রাখবার জায়গায় বাড়ী বেশী নেই। কয়েকটি সীট পুরো খালি পড়ে আছে। দরজা বন্ধ হয়ে গেছে, সেলটা সৌঁছে দেবার আগে দম নিচ্ছে।

দুজন এয়ার হোস্টেস ঘোরাঘুরি করছে। আমি চোখ দিয়ে ওদের এক-জনকে অনুসরণ করতে লাগলাম। না, মেয়েটি যে খুকুই হবে কোনো সন্দেহ নেই।

আমার কোনো চেনা মেয়ের পক্ষে এয়ার হোস্টেস হওয়া অসম্ভব কিছু নয়। কয়েক আমি আরও দুজন এয়ার হোস্টেসকে চিনি। কিন্তু খুকুকেই যে এখানে এ অবস্থায় দেখবো, তা যেন কিছুতেই বিশ্বাস করা যায় না। খালপোড়া যেন ঠিক নাটকীয়, বড় বেশী সিনেমার মতন—ঠিক বিশ্বাস করা যায় না।

এখন বুঝতে পারলাম, লাঞ্চের অপেক্ষা করার সময়, আমি খুকুকে দু একবার ঘোরাঘুরি করতে দেখেছি। তখন কিছুই মনে হয়নি। এয়ার হোস্টেসদের সাজপোশাক আর চালচলনই বেশী চোখে পড়ে। তখন যদি চিনতে পারতাম, তা হলে খুকুর সঙ্গে কিছুক্ষণ গল্প করতে পারতাম। বুকের ভেতর দারুণ কৌতূহল ছটফট করছে। যেন একটা রোমাঞ্চকর রহস্যময় কাহিনী অর্ধেকটা পড়ার পর বইখানা হারিয়ে গিয়েছিল, আজ আবার সেটা ফিরে এসেছে হাতে। কিন্তু খুকু কি আমার সঙ্গে কথা বলার সময় পাবে? বিমানের ভেতরে কি কোনো যাত্রীর সঙ্গে ওদের গল্প করার নিয়ম আছে?

সেদিন আকাশে উড়তেই আমি বাইরের দিকে তাকিয়ে রইলাম। হঠাৎ যে বাড়ি-ঘর সবকিছু একটু একটু করে ছোট হয়ে আসে, এই দৃশ্যটা কোনোদিন আমার খুব ভালো লাগে। এই জন্যই জানলার পাশের জায়গা না পেলে দুঃখ করি।

সীট বেল্ট খোলার অনুমতি পেয়ে নিশ্চিন্তে বসলাম। খুকু আগে দু একবার চুলে যেন আমার কাছ দিয়ে যাতায়াত করেছে, তাকে তাকাইনি। এখন কাজের সময়—এখন তো আর ওদের গল্প করার কথা নয়।

এয়ার হোস্টেস দুজনেই লাঞ্চবক্স নিয়ে বিলি করছে। ভাতের বদলে খুকু আমাকে দিতে এলো না, এলো অন্য মেয়েটি। খুকু কি এখন ইচ্ছে করে আমাকে এড়িয়ে যাচ্ছে? তা হলে প্রথম আমার নাম ধরে ডাকলো কেন! ও যদি আমার নাম না বলতো, তা হলে হয়তো আমি ওকে চিনতামই না। হয় তো আমি ভুল করতাম, খুকুর মতো মেয়েটির চেহারার মিল আছে।

এবার ওরা চা-কফি নিয়ে



বিমলেন্দু চৌধুরী

খুকু জানে, আমি চা খেতে কত ভালোবাসি! ছাত্র জীবনে সারা দিনে অন্তত দশ-বারো বার চা খেতাম। এখনো সে নেশা যায়নি। খুকুর কি মনে আছে সে কথা? অনেক সময় খুকুই আমার জন্য চা বানিয়ে আনতো তিনতলা থেকে। আমাদের ছোট্ট বাড়ির যে কোনো জায়গে চা হলেই সে জানে আমার জন্যও এক কাপ বেশী করে নেওয়া হতো। একদিন দুপুরে খুটোর সময় এক কাপ চা এনে খুকু বলেছিল, 'জানিস এক-জোড়া ক্লাউট ফেল্ট এসেছে, তাই তুমি এখন চা খেলে সুনীলদা!' খুকুর কি মনে আছে? এরকম অনেক ছোটোটি আমাকে জিজ্ঞেস করতে এলো, আমি চা না তাকি খাবো। আমার পাশের লোকটি চা চাইলেন বলেই আমি ইচ্ছে করেই বললাম, তাকি।

পাশের লোকটি চা খেয়ে কোথায় নেমে গেলেন। আমার তাকি আর জমলোই না। আমার আকর্ষণটা শেষের প্রায় শেষের দিকে। সেই জন্যই বেরোতে আরম্ভ দেরি হচ্ছে।

পাশের লোকটি একবার উঠে গেলেন। বোধহয় বাথরুমে। একটু; ঘরে লোকটির সঙ্গে খুকু কথা বলছে। খুকু কি এই লোকটিকেও চেনে নাকি! কি আশ্চর্য যে মেয়ে!

আমি আবার জানলা দিয়ে বাইরে তাকিয়ে রইলাম। এখন আর কিছুই দেখা যায় না। খুকু কোথায় গেল। মেঘ আলোও ঠিক চেনা যায় না। মনে হয় কোন একটা সাদা বরফের দেশ। তার ওপর এসে পড়েছে শেষ সূর্যের আলো।

হঠাৎ চমকে উঠলাম। কে যেন বললো, 'এই নিন, আপনার তাকি নিন্।'

কোথায় দুটো কামরার মাঝখানে তাকি নিয়ে খুকু দাঁড়িয়ে আছে। তাকির পাশের চেয়েও বেশী পাকা তার গায়ের মিষ্টি স্নেটের গন্ধ।

হাতটি ছেড়ে খুকু জিজ্ঞেস করলো, 'আপনি বুঝি আজকাল তাকি খেতে ভালোবাসেন? চায়ের নেশা চলে গেছে?'

তা হলে মনে আছে খুকুর! একটু; আনন্দ হলো। খুবই সামান্য আপনার —তবু কেউ আমার পুরোনো দিনের কোনো কথা মনে রেখেছে, এটা জানলেই এ রকম আনন্দ হয়। কারণ, আমি তো অন্য কারুরই পুরোনো দিনের কথা তুলি না! আমার স্বভাবই এই, আমি কিছুই তুলি না। এমন অনেক কিছুই থাকে যা ভুলে যাওয়াই ভালো! খুকুর পুরোনো দিনের কথা যদি তুলতে পারতাম, তা হলে ওর সঙ্গে কথা অনেক সহজ হতো!

আমার হাতে একটি গেলাস দিয়ে খুকু বললো, 'সুনীলদা, আপনার পাশে বসবো?'

উত্তরের অপেক্ষা না করেই সে বসে পড়লো ধপাস করে।

আমি জিজ্ঞেস করলাম, 'ওখানে যে ভদ্রলোক ছিলেন—'

দুষ্টু হেসে খুকু উত্তর দিল, 'তাকে আর একটা জায়গায় বসিয়ে দিয়েছি, জানলার ধারে।'

আমি কাঁধিতে চুমুক দিলাম। পরের কয়েক মুহূর্ত কেনো কথা খুকে পেলাম না।

খুকু জিজ্ঞেস করলো, 'আপনি আমাকে দেখে একটু; অবাক হয়ে যান নি!'

—'একটু; নয়, খুব!'

—'আমাকলো কেন বলুন!'

—'একটা কারণে।'

—'কতদিন থাকবেন?'

—'চার পাঁচদিন।'

—'আমিও থাকবো, এক সপ্তাহ।'

—'তোমাদের পরের ফ্লাইটেই ফিরে আসতে হয় না?'

—'আমি ছুটি নিয়েছি।'

—'খুকু, তুমি কতদিন এই চাকরিতে ঢুকেছো?'

খুকু ঠোঁট কামড়ে দিয়ে বললো, 'উঁহু, আমাকে খুকু খুকু বলবেন না। আমার নাম বাসবী চৌধুরী।'

—'এরকম সিনেমা আকট্রেসের মতন নাম রাখার তোমার কবে থেকে হলো?'

—'সাতাই আমার ভালো নাম বাসবী। অনেকে অবশ্য আমাকে রত্নী বলেও ডাকতো!'

আমি ছোট্ট একটা দীর্ঘশ্বাস লুকোলাম। ওর রত্নী নামটা আমি যত্নে শুনেছি। অবশ্যই ওকে ডাকতো ঐ নামেই। আমরা অবশ্য খুকুই বলতাম।

যখন ওকে প্রথম দেখি, তখন ও ক্লাস সেভেনে, ক্লাস নাইনের ছাত্রী। থাকতো আমাদেরই পাড়ায়। ছেলেদের ইস্কুলের চেয়ারটা কেন বড়, তখন থেকেই পাড়ার ছেলেদের নজরে পড়ে গেছে।

অত্যন্ত একটা চটপটে ছাত্র, কাঁধের ব্যাগটা যেন্তা—সেই যেন্তা ব্যাগটা ঢাল হাতে ঝেলে ঘরে খুকু আমাদের বাড়ির সামনের মাঠটা দিয়ে দৌড়ে দৌড়ে আসতো—এই দৃশ্যটা আমার চোখে ভাসে।

খুকুরা থাকতো অন্য বাড়িতে। ওদের অবস্থা বিশেষ ভালো ছিল না; আমাদের বিশাল ফ্লাট বাড়িতে অনেক লোকজন। এই একটা ফ্লাটে এক সময় খুকুর এক ঘর সম্পর্কের কাকা থাকতেন। সেই সূত্রে খুকু আসতো। তারপর খুকুর কাকারা উঠে চলে গেলেন, কিন্তু ততদিনে প্রতিটি ফ্লাটের লোকজনের সঙ্গে খুকুর চেনা হয়ে গেছে—এবং সকলের সঙ্গে সে গল্প-কাকা, মাসী-পিসীর সম্পর্ক পাতিয়ে ফেলেছে। সব ঘরের দরজাই তার জন্য অবারিত।

পাশ ফিরে খুকুর দিকে ভালো করে তাকালাম। সেই খুকু এখন বাসবী চৌধুরী। কিরকার মেয়ে গড়ে উঠেছে। কতকাল পরে ইংরেজিতে কথা বলতে পারে। মাত্র দু' সাত বছরের ব্যবধান। এর মধ্যেই কত কতকি ঘটে গেছে এই মেয়েটিকে নিয়ে।

খুকু বললো, 'এক বছর দু' মাস হলো এই চাকরিতে ঢুকেছি—এবার ছেড়ে দেবো বোধহয়।'

—'সে কি? কেন?'

—'আর ভালোলাগে না। এর মধ্যেই এক ঘেয়ে হয়ে গেছে।'

—'এর পর কি করবে?'

—'কি জানি!'

বলেই খুকু আমার সামনাসামনি বসলো। এটাই খুকুর বাঁচি অভ্যাস। পরের দিন যে ও কি করবে, তা ও নিজেই জানে না!

খুকু ছিল যাকে বলে পড়া-খেপানি মেয়ে। সব সময় এ বাড়ি ও বাড়ি ঘুরে বেড়াতো। আমাদের বাড়ির কেউ খুকুকে বিশেষ পাত্তা দিতো না। খুকু কখনো আমার ঘরে ঢুকে আমার সঙ্গে গল্প করতে বসলে খুকুদেরা ওকে ডেকে নিয়ে যেতেন।

খুকু অনেক সময় দুপুরের খাওয়া খেয়ে অতিরিক্ত অবস্থায় ফেলে দিত অনেককে। আমাদের রান্নাঘরে যেন-লাই কুঁড়িয়ে দেয়, উনুনে ধরানো লাগছে না, খুকু অমনি ফুঁ করে জ্বলে দেবে, মাসীমা, সুনীলদার কাছেই তো দেশলাই আছে।' তখন আমি লুকিয়ে চুরিয়ে সিগারেট খাই, বাড়ির লোক কেউ জানে না, সেই সময়ে আমার পকেটে দেশলাই থাকার কথা কেউ বলে দেয়। আমি খুকুকে পরে একদা বকুনি দিতে যেতেই ও বলেছিল, 'বড় মাসীমা তো আছেই একদিন দেখে ফেলেছেন যে আপনি সিগারেট খান। তা হলে আর দোষ কি?

পাড়ার যেখা কার সঙ্গে কার ভাব, কার সঙ্গে ঝগড়া, কে কার সঙ্গে সোপনে সিনেমায় যায়—এ সবও খুকু জানতো। তাই সবাই ওকে ওকে থাকতো, খুকু কখন কার সামনে কি বলে ফেলে। খুকু কিন্তু কোনো খারাপ উদ্দেশ্যে কারুর গোপন কথা কখনো ফাঁস করে দেয় নি। অন্যদের তুলনায় ওর সরলতা ছিল বেশী! তাছাড়া অল্প বয়সটাও ঠিক বুঝতো না। খুকুদেরা যাঁরা এক সময় খুকুকে ভালোবাসতেন, বড় হয়ে ওঁরা পর হয়ে গেলেও খুকু কিন্তু ওঁদের অপছন্দ করতে শুরু করেনি।

খুকুর উপস্থিত বুদ্ধি, স্মৃতি ওর জোর। তা ছাড়া ও পাড়ার বয়স্কদের সঙ্গে আড্ডা মারতে শুরু করেছে। তা ছাড়া ও নাকি চোর। প্রায়ই একখানা দু'খানা বই না বলে নিয়ে চলে যায়। আমার দু'একটা বই কখনো কখনো অদলা হয়ে গেলেও আমি ওকে কখনো সন্দেহ করিনি।

খুকুর স্বভাবটা হঠকারে [illegible] মুখটা খুব চোখা। স্কুলে পড়া-শুনোয় ভালো ছিল। ওদের পরিবারটা সম্মানিত হলেও হঠাৎ ভাঙন ধরে-ছিল। ওর বাবা মারা যান সামান্য

অন্যদের, এক দাদা অর্থোপার্জনের—বাড়ির সঙ্গে ছিপের সম্পর্ক রাখে না—বিয়ে চাকরি করে আর খুব প্রেম করছে একজনের সঙ্গে। সিনেমাওয়ালী বিয়ে হবে—একটি ছোট ভাই অনেকটা অন্তরঙ্গের মতোন।

চুল টেনে উঠে খুকুও রীতিমতন প্রেম করে বেড়াতে লাগলো। তার নিজের কান পাতা যায় না। অবশ্য, মনে মনে যখন আমাদের বাড়িতে আসে, তখনও সেই রকম সরল মুখ, বই পড়ার মানুষ আছে। কথা বলতে গেলে মনে হোরোটির সঙ্গে।

অন্যরা যাকে প্রেম কিংবা আলতাভাব ভাবে, সেটা খুকুর ক্ষেত্রে ছিল সহজ মেলামেশা। গলির মেয়ে মেয়ে সমাবেশে আড্ডা মারে। ছেলেরা যখন সেখান দিয়ে যায়, মুখ নিচু করে থাকে, কারুর সঙ্গে একটিও কথা বলে না—যেন কোনোক্রমে সেই জায়গাটা পার হয়ে যেতে পারলেই হলো। রাস্তার দাঁড়িয়ে ছেলেদের সঙ্গে মেয়েদের কথা বলার নিয়ম নেই। এমনকি খুকুই সেখানে দাঁড়িয়ে পড়তো। ছেলেদের নাম ধরে ডেকে কথা বলতো। অনেক ছেলেই তার বাল্যবন্ধুদের খেলার সাথী, তারা বড় হয়ে ওঠার সঙ্গে সঙ্গেই খুকু তাদের সঙ্গে কথা বলা কম করে দিয়েছে। তাদের সঙ্গে সে রাস্তায় দাঁড়িয়ে গল্প করেছে। ঢাকা ছবে গলে ছায়ার ছেলেরা। খানিকটা আকর্ষণবোধ করলেও। অবনী সবে বি এস সি পরীক্ষা দিয়েছে, তখনও রেজাল্ট বেরোয় নি, এরই মধ্যে নিজে কি একটা ছোটখাটো ব্যবসা সুরু করেছে। ছোটভাই সুবীর তখনো কলেজে পড়ছে। ওরা দু ভাই নিজেরাই রান্না করে খায়।

খুকু কখনো কখনো ওদের ঘরেও বেড় গল্প করতে। ওদের চা খাওয়ার দিত কিংবা রান্নায় সাহায্য করতো। খুকু বাড়িওয়ালার ঘরে কোনো ছেলের যাওয়া আসায় পাড়ার লোকদের আরও চোখ টাটায়। সুনীতি বকার ভয়ে তাদেরে সেটা বিশদে।

একদিন শুনলাম, পাড়ার কয়েকটা ছেলের সঙ্গে অবনী খুব ঝগড়া করেছে। অবনী টগবগে স্বভাবের ছেলে, পাড়ার রাস্তাদের ঘটাঘাটি করা তাকে মানায় না। কিন্তু ব্যাপারটার নাকি খুকু জড়িত।

ছেলের অবস্থা সেই সময় কলে ছিরোছিল অনেকটা। আগে বয়সের কথা ছিলো পড়ার ছেলে, তারপরই মনে হলো পাড়ার রাস্তান। আমরা কেউ ছাড়ে লোকের বলা পড়ে, কেউ দাঁড় ছবে। ঝগড়া আওয়াজও ইতিমধ্যে হয়ে গেছে। কিংবা ইচ্ছে করেই কর্কশস্বরে কথা বলে। তাদের বাঁচিয়ে চলতে হয়, তারা তাইকে অপমান করছে দেখলেও প্রতিবাদ করা যায় না। ভদ্রলোকেরা সবাই তখন এই নীতি নিয়েছে যে রাস্তাঘাটের ঝটিতে নেই।

খুকু কিন্তু তখনো মেলামেশা ছাড়ে নি ওদের সঙ্গে। সেই রকমই হেসে হেসে গল্প করে। আমার তখনো ওদের ঘরকন্নাতেও দেখেছি। আশ্চর্যের সঙ্গে খুকুর এই ভাব রাখাটা অবনী সহ্য করতে পারে নি। খুকুদের বাড়িতে পর কোনো আভিজাত্যের নেই। তার মা নিরীহ মানুষ—সেখানে অবনীই হয়ে উঠলো আভিজাত্যের মতন। আশ্চর্যনা এই নিয়ে আকাশ দেওয়া খুকু কথা অবনীকে।

তার অনেকদিন পরে শুনলাম, অবনী আর সুবীর খুকুদের বাড়িতেই খাবার ব্যবস্থা করেছে। ফলে টাকা দেয়। এর ফলে ওদের আর হাত পুড়িয়ে রান্না করে খেতে হবে না, খুকুদেরও খানিকটা সাহায্য হবে। সেই সঙ্গে অবনী খুকুকে পড়াতেও সুরু করেছে—সামনেই স্কুল ফাইনাল, সে বাবদ ভালো রেজাল্ট করতে পারে—

কবি থাকা দেব ঘরে ফিরোছিল, খুকু আমার হাত থেকে খেলনাটা নিয়ে উঠে দাঁড়ালো, তারপর বললো, 'আপনারা আপনি কোথায় থাকবেন?'

—'সার্কিট হাউসে।'

—'আমি দেখা করবো আপনার সঙ্গে।'

—'নিশ্চয়ই এসো—'

—'আপনি আমাকে ভেবে বাদ করেন নি?'

খুকু হাসতে হাসতে জিজ্ঞেস করলো এই কথাটা। আমিও হাসিমুখে জবাব দিলাম, 'না।'

—'আমি এখন যাচ্ছি। বাঁচি পারি তো আবার আসবো—'

খুকুর চলে যাওয়ার দিকে আমি তাকিয়ে রইলাম। কেন বললাম 'না'। ওর ওপর মানুষ ধারণা করাই তো উচিত!

খুব মনে পড়ছে অবনী আর সুবীরের কথা। একটা সামান্য মেয়ের জন্য ওদের জীবন কী ভয়ঙ্কর হয়ে গেল। অথচ খুকুর মুখে সামান্য গ্লানির চিহ্নও নেই।

অবনী বাদলে বন্ধ করে পড়াচ্ছিল খুকুকে। তার অনেকটাই আমি খুকুকে দেখেছিলাম। পাড়ার ঝগড়াটে ছেলেদের সঙ্গে মিশে খুকু যতই উচ্ছন্নে না যাক, সেদিকে তার ছিল সজাগ দৃষ্টি। খুকুকে সে লেখা-পড়া শিখিয়ে তৈরি করে নিচ্ছিল, তারপর সময় মতন বিয়ের ব্যবস্থা করবে।

সুবীর ছিল খুবই লাজুক। তার মনের কথা কেউ জানতে পারেনি।

খুকু আমার কাছে আসতো মাঝে মাঝে। বসতো, গল্প করে অনেক কথা বলে যেত। তখন তার বেশীর ভাগ গল্পই অবনী আর সুবীর সম্পর্কে। দুজনকে নিয়েই সে মজা করতো সব সময়—তখন চোখ দুটো মিশিয়ে দিত, সুবীরের অক্ষের খাতার অঙ্কটা ভুলে ভরে দেওয়াছিল। এই সব বলতে বলতে খুকু অকারণ হেসে হাসতো। খুকু সেই নির্মল হাসিটুকুর জন্যই ওর ওপর রাগ করা যেত না।

পরীক্ষার ঘর এক মাস আগে খুকু সেই সান্ধ্যিক আড্ডা বললো। এখনো সেই ঘটনাটা অবিশ্বাস্য মনে হয়।

তার মাস কয়েকদিন আগে আমাদের পাড়ার বিয়েবাড়ির বিয়ে হয়েছে খুব ধুমধামের সঙ্গে। বিয়েবাড়ির স্ত্রী আর্থিক মেয়েটও বেশ সুন্দরী, স্বভাবটিও সেই রকম নম্র।

বিয়ে উপলক্ষে খুকু কয়েকদিন সারাক্ষণই প্রায় ওর সেল বিয়েবাড়ি বাড়িতে। সবরকম কাজে সাহায্য করতেও সে ওস্তাদ। আর্থিক বৌদির সঙ্গেও তার ভাব হয়ে গেল খুব। বিয়েবাড়ি আর কেমন ভাই-বোন ছিল না, খুকুই যেন হয়ে গেল আর্থিক বৌদির বন্ধু।

বিয়েবাড়ি আসর ভাঙার পর নতুন বৌ বাড়িতে এলা থাকে, তাই খুকুই হয়ে গেল তার প্রতোকদিনের সঙ্গী। সকালবেলা অবনীর কাছে পড়াশুনো সেরে নিয়েই খুকু চলে আসতো আর্থিক বৌদির কাছে। আর্থিক বৌদি প্রথমই তাকে খাওয়ান। এমন কি আর্থিক বৌদি তাঁর বাড়িতেও খুকুকে নিয়ে গিয়েছিলেন সঙ্গে করে। উনি ওকে খুবই ভালোবেসে ফেলেছিলেন।

একদিন দুপুরবেলা আর্থিক বৌদি সব ভবে খুকুকে তার নতুন একটা বেনারসী শাড়ী পরিয়ে দিয়েছেন। তারপর বললেন 'তোমাকে কী সুন্দর দেখাচ্ছে ভাই! দাঁড়াও একটু, মেলা আর পাউডার মাখিয়ে দিই।'

চেহারাতে কুটকুটে হয়ে উঠলো খুকু। আর্থিক বৌদির তাতেও তৃপ্তি হলো না। নিজের গয়নাগুলোও সব পরিয়ে দিলেন খুকুকে। তারপর তাকে আয়নার সামনে দাঁড় করিয়ে বললেন, 'দেখেছো ঠিক যেন রাজকন্যা—ইস, তোমার দাদা বাড়িতে থাকলে এই সময় তোমার মুখি একটা ছবি তুলে রাখা যেত!'

আয়নার সামনে খুকু অনেকক্ষণ নিজেকে ঘুরিয়ে ফিরিয়ে দেখলো। এত ভালো শাড়ী তো কোনদি কখনো পরেনি। এরকম গয়নাও পরেনি। ওর চেহারাটা সুন্দর, কুটকুটে মুখ—সাজগোজ করলে এরে তো ভালো দেখাবেই।

খুকু বললো, বৌদি, আমার মাকে একটু দেখিয়ে আসবো?'

আর্থিক বৌদি তৎক্ষণাৎ রাজি হয়ে বললেন, 'যাও না, দেখিয়ে এসো না—'

এক পাড়ার মধ্যেই বাড়ি। দুপুরবেলা, ভয়ের কোনো কারণ নেই। খুকু ছুটে বেরিয়ে গেল।

সেই যে গেল, আর ফিরলো না।

আর্থিক বৌদি বিকেলবেলা পর্যন্ত অপেক্ষা করলেন, কারুকে কিছু বললেন না। তারপর বিয়েবাড়ি ফিরলে খুকু বললেন খুকুদের বাড়িতে একবার খোঁজ নিতে।

খুকুর মা অবাক হয়ে পড়লেন। খুকু দুপুরের পর একবারও বাড়ীতে আসেনি। পাড়ার চারাও কোনো দুর্ঘটনা ঘটেনি। চতুর্দিকে খোঁজা-খুঁজি হলো। খবর দেওয়া হলো বিভিন্ন হাসপাতালে এবং থানায়। কোথাও নেই, খুকু যেন সম্পূর্ণ উবে গেছে।

ব্যাপারটা প্রথম বিশ্বাসই করা যায় নি। ঠিক দুপুরে একটা জলজ্যান্ত মেয়ে কি করে উধাও হয়ে যাবে? তার গায়ে অত গয়না ছিল বলে প্রথমেই মনে মনে যে কেউ হয়তো তাকে জোর করে ধরে নিয়ে গেছে। কিন্তু তা-ই বা কি করে হয়? বিয়েবাড়ির বাড়ি থেকে খুকুদের বাড়ি মাত্র কুড়ি-পঁচিশখানা বাড়ি পরেই। পাড়ার লম্বা দিয়ে সোজা রাস্তা। সেখান থেকে কে তাকে ধরে নিয়ে যাবে?

তখন স্বভাবতই মনে আসে, খুকু সোজা তার ঘরের কাছে না এসে অন্য কোথাও গিয়েছিল। চেয়েছিল আর কাউকে তার শাড়ী গয়না পরা চেহারা দেখাতে। কাকে? অবনীকে? কিন্তু অবনীদের ফ্ল্যাট বাড়িতেও সে আসেনি। দুপুরবেলা অবনী বা সুবীর কেউই বাড়িতে থাকে না। তা হলে কি খুকু নিজের ইচ্ছেয় চলে গেছে? আর্থিক বৌদির গয়না নিয়ে? তখন ওর বয়স কতই বা, বড় জোর আঠারো উনিশ। সেই বয়সের একটি মেয়ের এ রকম ডাকাতে বুদ্ধি হবে, বিশ্বাস করা যায় না, বিশ্বাসেই বিশ্বাস করা যায় না!

সেই সময় সেখানেই আর্থিক বৌদির ননদ। উনি নিজের পর নিজ সান্ত্বনা দিতে বেরোন খুকুর মাকে। তিনি বলছেন, 'শাড়ী-গয়না তো থাক, সে এমন কিছু না—খুকু খুকু ফিরে এলেই হয়।'

খুকুর মায়ের চোখ থেকে অনবরত জলের ধারা গড়াচ্ছে। এই দুঃসময়ে কিংবদন্তি সান্ত্বনা জানাবার কেউ ছিল না।

সমস্ত আমার চেয়েও অবনী। যেন তার সমস্ত স্বপ্ন চুরমার করে দিয়ে গেছে ঐ একটি মেয়ে। অবনীর মুখের চেহারাটাই বদলে গিয়েছিল, সব সময়ে তাকালে একটা ভাব। যেন তার জীবনের আর কোনো উদ্দেশ্য নেই। ছোট ভাই সুবীর একেবারে চুপ-চাপ, সে এ ব্যাপারেও কোনো কথা

দিলীপকুমার রায়

হলে নি, বরঞ্চ কেন চুপচাপ হয়ে গেল এবং অল্পদিন পরেই অসুখে পড়লো।

খুকুকে ফিরে পাওয়ার খবর যখন সবাই মেটামুটি ছেড়ে দিয়েছে, সেই সময়, প্রায় মাস দেড়েক পরে, খুকুর চিঠি এলো কাশী থেকে। খুকু তার মাকে লিখেছে যে গোবিন্দ নামে একটি ছেলে তাকে ফিরে করতে চায়। গোবিন্দ ভালো ছিলি—সেইজন্য এই চিঠিতে তার মনের আশান্তি আছে কিনা!

এত কষ্টের পর খুকু ভাল ফিরে মনের আশান্তি আছে কিনা এইটাই যেন বড় ব্যাপার! খুকু আরও লিখেছে যে গোবিন্দ খুব ভালো ছেলে এবং সে রোজগার করে চাকরি করে সে আরতি বৌদির গহনাগুলো ছাড়িয়ে দেবে।

চিঠি পেয়ে খুকুর মা-ই শুধু কাঁদলেন, আর সবাই হাসে ফুলে উঠলো। সকলে যখন পাওয়া গেছে, তখন শান্তি ফিরেই হবে। ছেলেরা মিলে খুকু তখনও নাবালিকা, সুতরাং পুলিসের সাহায্য নিয়ে তাকে জোর করে ফিরিয়ে আনা যাবে।

পাড়ার ছেলেদের তার থেকে সন্ধান পাওয়া গেল, গোবিন্দ তাদ পাড়ার একজন মাস্তান। খুকুর সঙ্গে সঙ্গে সেও উধাও হয়ে গেছে ঠিকই, তবে কোথায়কার এসেছিল কেউ জানে না।

একমাত্র আরতি বৌদিই পুলিসে খবর দেবার বিরোধী ছিলেন। তাঁর ধারণা ছিল পুলিস দিয়ে জোর করে ধরে আনতে গেলে খুকুর জীবনটাই বোধহয় নষ্ট হয়ে যাবে। বিশেষত গহনা-চুরির অপরাধে তিনি কিছুতেই খুকুর নামে লিখতে চান না। তিনি সবাইকে বললেন, ঐ সব গহনা তিনি ইচ্ছে করে খুকুকে দিয়ে দিয়েছিলেন। খুকু যদি গোবিন্দকে বিয়ে করে সুখী হতে পারে, তবে তাই হোক। তিনি অনাবশ্যক ভাবছেন!

তবু পুলিসে খবর গেল। এবং পুলিস কিছু করার আগেই অবনী ঠিক করলো সে নিজেই কাশী চলে যাবে। একা আসার দুঃখ চোখের প্রায়ই বলে গেছে তার, এখন দুঃখে একটা দৃঢ় প্রতিজ্ঞা, খুকুকে সে ফিরিয়ে আনবেই।

ট্রেন ধরার জন্য একটা সুটকেস গুছিয়ে নিয়ে সন্ধেবেলা অবনী বেরুতে যাচ্ছে, সেই সময় আর একটা অদ্ভুত ঘটনা ঘটে গেল। অত্যন্ত অকস্মাৎই সুবীর মামার পেছনে পেছনে ঘোরে আসছে আর সুটকেসটা কেড়ে নেবার চেষ্টা করছে। পাশের ঘর থেকে চেঁচিয়ে বলছে, 'না মামা, তুমি যাবে না, কিছুতেই যাবে না! ও আমাদের কেউ নয়। ওর জন্য তুমি যাবে না!'

অবনী ধমকে বললো, 'তুই চুপ কর। আমি কি করবো না করবো, তা তুই আমাকে শেখাবি?'

সুবীর বললো, 'তোমার লজ্জা করে না? তুমি একটা নষ্ট মেয়ের জন্য ছুটে যাচ্ছো?'

অবনী এক চড় মারলো তার ভাইকে।

চড় খেয়ে সুবীর একটুক্ষণ চুপ করে দাঁড়িয়ে রইলো। তারপর আবার ঝাঁপিয়ে পড়ে অবনীর হাত থেকে সুটকেসটা কেড়ে নেবার চেষ্টা করতে করতে বললো, 'না, তুমি যাবে না, কিছুতেই যাবে না—'

অবনী এক এক্সার ছোট ভাইকে ঠেলে সরিয়ে দিয়ে খানিকটা এগিয়ে বললো, আবার সুবীর দৌড়ে গিয়ে তার পথ আটকেছে। শেষ পর্যন্ত রাস্তায় ছেড়ে দুই ভাইয়ে ঘুসুল জড়া হয়ে গেল—একটা ট্যাক্সি দেখে তাতে এক সময় উঠে পড়লো অবনী।

সেইদিনই ভোর রাত্রে আত্মহত্যা করলো সুবীর।

রাতের ঘরে একলা একলা খুব ভেবে কেন্ যাওনা তার মনে ছিল কেউ জানে না। বাবার সঙ্গে কথা করার শান্তি হয়তো সে সহ্য করতে পারেনি। কিংবা হয়তো মোক্ষদা মোক্ষদা সে খুকুকে তার বাবার চেয়েও বেশী ভালোবাসতো। খুকু ও রকম ভাবে চলে যাওয়ার সেই আঘাত সেরে-ছিল বেশী। ভোর রাত্রে সে গলায় গীতা দিয়ে ঝুলে পড়ে।

খুকুর জন্য অনেকগুলি মানুষের জীবন বদলে গেছে। সেই খুকু এখন সেজেগুজে কি রকম ঝকঝকে করে ঘুরে বেড়াচ্ছে বিমানের ভাবে। সম্পূর্ণ অস্বাভাবিক মনে।

অবনী জলী থেকে ফিরে এসেছিল তিনদিন পরেই। খুকু তার সঙ্গে আসেনি। একদিন একটুক্ষণের জন্য তার সঙ্গে খুকুর দেখা হয়েছিল—তারপরই তারা জনা কোথাও চলে যায়। অবনী যখন ফিরে এলো, তখন সে একটি সম্পূর্ণ পরাজিত মানুষ। তার ভাইয়ের মৃত্যু সংবাদ তখনও তাকে জানাতে কেউ সাহস পায়নি।

এর অল্পদিন পরেই খুকুর মায়েরা চলে যান আমাদের পাড়া থেকে। অবনীও ফিরে যায় তার বোনের বাড়িতে। এত কাণ্ড ঘটার পরও আরতি বৌদি এবং পাড়ার অন্য দু'একটি গৃহিণী তখনো বলে ছেলেছেন, যাই বলো, মেয়েটা কিন্তু এমনিতে বেশ ভালো ছিল। এত সরল মন, অথচ কেন যে এরকম একটা ঝামেলা করলো।

লোকের মুখে টুকরো টুকরো ভাবে আমি শুনেছিলাম, খুকু ঠিক নিজের ইচ্ছেয় পালিয়ে যায়নি। আরতি বৌদির বাড়ি থেকে বেরুবার পর কোনো একটি ছেলে তাকে সিনেমা দেখাবার প্রস্তাব দেয়। খুকু লুকিয়ে লুকিয়ে পাড়ার ছেলেদের সঙ্গে সিনেমা দেখতো। তার বাড়িতে তো এমন কেউ ছিল না, যে তাকে সিনেমা দেখাবে! তার দিদি নিজেকে নিয়েই ব্যস্ত থাকতো সব সময়।

আসলে অত বাধা বাধা বাধা-ধরা পরে মাথা খুরে গিয়েছিল খুকুর। ছেলেদের এরকম হয়। সে ছেড়েছিল যতক্ষণ বেশী সম্ভব বাড়ির পরে থাকতে। সে জানতো, তাকে দেখতে দেখেই তো মা বলবেন, যা, যা, একটানি ঘোরে ফিরে আয়। তাই সে ছেড়েছিল বাড়িতে পরে কিছুক্ষণ বেড়াবে, তারপর ফিরে আসবে। সিনেমাতে যাওয়াও তো সেই জন্যই—লোকে তাকে দেখবে।

সিনেমা দেখার পর হোটেলে খাওয়া-বার নাম করে কয়েকটি ছেলে তাকে জোর করে ধরে নিয়ে যায়। সেই চারটি ছেলে। তারপর পালা বিড়ি করে নানান জায়গা ঘুরতে ঘুরতে শেষ পর্যন্ত কাশীতে। প্রথম যে-ছেলেটি সিনেমা দেখতে নিয়ে গিয়েছিল, তাকে হাইড়ে দিয়ে খুকুর অধিকার নিয়ে নেয় গোবিন্দ। সেই গোবিন্দর সঙ্গেও খুকুর বিয়ে হয়নি শেষ পর্যন্ত —এলাহাবাদে রাস্তায় হঠাৎ সে মামা-মারি বাধিয়ে দু' তিনটে লোকের মাথা ফাটায় এবং নিজেও আহত হয়। পুলিস তাকে ধরে চালান করে দেয় সঙ্গে সঙ্গে। খুকু তখন একা ছিল। বহু বছর পরে খুকুকে নাকি কলকাতায় দেখা গেছে আবার। আমি আর খোঁজ নিইনি।

কোথা থেকে খুকু কোথায় চলে তা আমি আর জানি না। আমি শুধুই নিশ্চিন্তে ছিলাম, খুকু কখনই অন্ধকার জগতে চলে যাবে। ওদিকে যারা একবার যায়, তাদের তো ফেরার রাস্তা থাকে না। কিন্তু খুকু আবার একটা পদ্মফুলের মতন ফুটে উঠেছে। চাকরি পেয়েছে যখন, নিশ্চয়ই পড়াশুনো করেছে কিছুটা অন্তত। মুখে কোনো রকম পুরোনো গ্লানির চিহ্ন নেই। ও কি ভিরে যেতে এর মধ্যে কাছে? আরতি বৌদির সঙ্গে আর কখনো দেখা করেছে? কিছুই জানি না। কৌতূহল হচ্ছে খুব, কিন্তু এখন তো ডেকে জিজ্ঞেস করা যায় না। বিমানদা আর আরতি

বৌদি এখন বেহেস্তে থাকেন। অবশ্য কোথায় আছে, কখন রাখি না।

আসরতলা এসে গেছে, সাঁই কেউ বেঁধে নেবার সঙ্কেত জলে উঠেছে। খুকু এসে আমার পাশে দাঁড়ালো। আমি ওর সিঁথির দিকে তাকালাম। সিঁদুরের চিহ্ন থাকার কোনো চিহ্নই ওঠে নাই। বিবাহিতা মেয়েরা বেবাহে এবার হেহেন্টেন হতে পারে না।

আমি মৃদু গলায় জিজ্ঞেস করলাম, 'অবনীকে মনে আছে?'

খুকু হাসতে হাসতে বললো, 'হ্যাঁ, বাহ মনে থাকবে না কেন? জানেন না, অবনীদা তো বিয়ে করেছেন ওই এক স্কুলমাস্টারের মেয়েকে। ইলেকট্রিক্যাল গুডসের ব্যবসা করছেন এখন, বেশ ভালো অবস্থা।'

—তোমার সঙ্গে আর দেখা হয়েছে?'

—হ্যাঁ, দু'একবার দেখা হয়েছে। ওর বিয়েতে তো নেমন্তন্নও খেতে গিয়েছিলাম।'

আমি স্তম্ভিত হয়ে গেলাম। জাফরানের ঘটনাগুলো কি তা হলে স্বপ্ন? গরমা ঘুরি, ইলোপমেন্ট, আত্মহত্যা—এতগুলো রোমহর্ষক ঘটনা ঘটে গেছে, অথচ খুকুর মনে তার কোনো দাগই নেই? সে এমন ভাবে কথা বলছে যেন তার সঙ্গেই ওর সঙ্গে দেখা হয়েছিল আমার। সবকিছুই এখন স্বাভাবিক। শুধু একবার জিজ্ঞেস করেছিল, ওর ওপর আমার রাগ আছে কিনা। অকপটকে সেই সময় দেখে মনে হয়েছিল, সে আর জীবনে কখনো উঠে দাঁড়াতে পারবে না। জীবন এরকম ভাবে চলে যায়? বেচারা সুবীর! সে-ই শুধু হেরে গেল।

বাবার আহ্বানে খুকু চলে গেল, 'আপনার সঙ্গে মার্কিট হাউসে দেখা করবো কিন্তু!'

আসরতলায় আমি তিন চারদিন ছিলাম। এর মধ্যে খুকু আমার সঙ্গে দেখা করতে আসেনি। নিশ্চয়ই সময় পায়নি। সে যে খুবই ব্যস্ত, আমি তা বুঝেছিলাম। ঘুর থেকে ওদের একদিন সন্ধেবেলা রাজবাড়ির সামনের রাস্তায় তার সঙ্গে আর তিন জন খুকুর। খুকু হাসি মুখে চাড়-পা নেড়ে ওদের কি যেন বলছে, তারা মুগ্ধ হয়ে শুনছে। খুব সাজগোজ করে রাজবাড়ির সামনে তার মুখখানা সরল ছেলেমানুষীতে ভরা। আর খুকুর তিনটির মুখে দেখলে মনে হয়, তারা তিনজনেই খুকুকে যেন বেবীর মতন পুজো করতে প্রস্তুত।

তিনজন কেন একসঙ্গে! কোনো একজন পুরুষকে স্থিরভাবে ভালোবাসার ক্ষমতাই বোধহয় নেই খুকুর। কিন্তু ও এখনো ভালোবাসতেই শেখেনি। এর মধ্যে অবীর জলের মতন, কোনো আবিল নেই। কিংবা রাজহংসীর মতন যে-কোনো জলের ওপর দিয়ে ভেসে গেলেও এর পালকে দাগ পড়ে না! আমি সেওয়ের একটা বাসাবাড়ির পুকুরে এই রকম একটি রাজহংসী দেখেছিলাম। পুকুরে অনেকগুলো সাধারণ হাঁসের মধ্যে একটি মাত্র রাজহংসী ছিল। রাজহংসীরা সাধারণত খুব নিষ্ঠুর হয়। অন্য হাঁসগুলো তার চার পাশে ঘিরে থাকে, ঠিক যেন স্তুতি করে। আর রাজহংসীটি মাঝে মাঝে তার অহংকারী গ্রীবা তুলে ঠোঁকর মারে এক এক জনকে। তখন রাগ হয় দেখে। কিন্তু আবার কোনো সময়ে, যখন অন্য সবাইকে ছাড়িয়ে রাজহংসীটি অনেক দূরে চলে যায়—টলটলে জলের মধ্যে তার নিখুঁত শরীর, একটি পালকও ছিঁড়ে নয়, তখন মনে হয় ঠিক যেন একটা ছবি। কিংবা শিল্প। রাজহংসীটিও যেন দামী শাড়ী এবং গয়না পরে সেজে বেরোবেরী হয়েছে। সেই রাজহংসীটি ছিল খুকুর মতন, কিংবা খুকুই সেই রাজহংসীর মতন।

খুকুর তিনটির সঙ্গে যখন খুকু কথা বলছিল, তখন তার শরীরে খুশীর হিল্লোল। যেন ও তাদের দয়া করেছে। অথচ সবাই নিশ্চিন্ত সুখে। একসঙ্গে অনেক ছেলের সঙ্গে মিশে ও নিজে আনন্দ পায়—আর সেই ছেলেরা প্রত্যেকে অসুখী হয়। এই খেলা তিনটিও জানে।

হঠাৎ খুকুকে দেখে আমার সেদিনের 'ডালিং' গল্পের নায়িকার কথাও মনে পড়ছিল। সেই মেয়েটিও পুরুষের পর পুরুষ বদলে গেছে, অথচ তার সরলতা কখনো নষ্ট হয়নি।

দূর থেকে খুকুকে দেখে আমার মনে হয়েছিল, এই মেয়েটির গল্প কি আমার লেখা উচিত? অথবা লেখা? এর কোনোটাই আমার মনে এলো না। আমি আপন মনে একটু হাসলাম।


# 'রসাতলে' একটি পুরো শহর

পৃথিবীর ইতিহাসে কত শহর হারিয়ে গেছে, রসাতলে গেছে। কিছুদিন আগেও পর্যন্ত একটা ধারণা ছিল কলকাতা। এমনি একটি শহর যেটা চিরদিন রসাতলে যাচ্ছে। এর উন্নতির আর কোন সম্ভাবনাই নেই। এতে আশ্চর্য হবার কিছু নেই। যে শহর জনসংখ্যার বৃদ্ধির চাপে প্রায় ফেটে পড়ছে, যেখানে অপ্রতুল জল সরবরাহ নানারকম সংক্রামক মহামারীর সৃষ্টি করছে, যেখানের জমা পয়লা, দুর্গন্ধ, ধোঁয়া যেখানে দৈনন্দিন জীবনের অসহযোগ করে দিচ্ছে—সে শহরের ওপর মানুষ প্রত্যয়ই হারিয়ে ফেলে তাদের বিশ্বাস।

সেইজন্যেই যাঁরা এর নিয়ন্ত্রিতদের কলকাতার আর কোন ভবিষ্যৎ নেই তাঁদের দোষারোপ করা যায়না। এটা প্রায় পাঁচ বছর আগেকার কথা।

সেই সময়েই আমাদের মুখ্যমন্ত্রীর নির্দেশ অনুযায়ী এই শহরকে বাঁচাবার ব্রত নিয়ে কর্মক্ষেত্রে অবতীর্ণ হোল কলকাতা মেট্রোপলিটান ডেভেলপমেন্ট অথরিটি, সংক্ষেপে সি এম ডি এ।

আজ সেই সময় থেকে আমরা পাঁচটি দীর্ঘ বছর এবং বহু সমস্যা পার হয়ে এসেছি। কলকাতা আজও ধর্ম হয়ে ওঠেনি ঠিকই, কিন্তু কলকাতা আজ আর 'ঠিক হারিয়ে যাওয়া' শহর নয়। কলকাতার পূর্ণ পুনরুজ্জীবন আজ অবশ্যম্ভাবী ও সুনিশ্চিত বলেই।

এই পরিবর্তন আমরা জন্যে কি কি করা হয়েছে? সমস্যার তুলনায় তা অতি সামান্যই। প্রায় বৃদ্ধিহীন এমন প্রথম ব্যবস্থা গ্রহণের অনুজ্ঞা প্রদান করা হয়েছে যদিও এখনও বহু ব্যবস্থার উন্নতিসাধন বাকী।

তিনটি সেতু এবং একটি সাবওয়ে তৈরি করা হয়েছে। যানবাহন এবং যাত্রী চলাচলের সুবিধার জন্যে এ রকম সেতু ও সাবওয়ে আরও অনেক তৈরি করতে হবে।

৩০০ পাইপ ডিউবওয়েল বসিয়ে এবং পানীয় পরিবর্তনি করে কলকাতার জন্য সরবরাহ প্রায় ৫০ শতাংশ বাড়ানো হয়েছে। শহরের দৈনন্দিন জলের সরবরাহে অবশ্যই বাড়াতে হবে এই চেষ্টাই। আরও অনেক বাড়ানো দরকার।

৩৩টি মিউনিসিপালিটি এবং প্রায় ১০০টি গ্রামের ছবি কিছুটা মনোযোগ দেওয়া হোয়ে। এ প্রচেষ্টা চালিয়ে যেতে হবে।

যানবাহনের সুবিধা, শিক্ষার প্রসার, সর্বসাধারণের জন্যমান স্বাস্থ্যের সুযোগ সুবিধা সব কিছুরই কিছু কিছু উন্নতিসাধন করতে হয়েছে। কিন্তু একথাও স্বীকার করতে হবে, যে এর কোনটিই উল্লেখযোগ্য পরিবর্তন এনে দিতে পারেনি।

সেইজন্যেই এখনই আমরা জোর দিয়ে বলতে পারিনা যে শহরটিকে আমরা ধ্বংসের মধ্যে হারিয়ে যাচ্ছি। আমরা শুধু এইটুকু বলতে পারি যে শহরটি হারিয়ে যায়নি, এর ভবিষ্যৎ নিয়ে হতাশার কোনো কারণ নেই।

সি এম ডি এ তার আকাশ ছোঁয়া অভিলাষে কোন পরিকল্পনা করেনা। যে কাজগুলি বাস্তবে রূপায়িত করার পরিকল্পনা করছে, তার দ্বারা আমরা শহর এলাকায় চাহিদার জন্যে বিশুদ্ধ পানীয় জল সরবরাহ করা, নর্দমা পয়ঃপ্রণালীর সর্বাধিক উন্নতিসাধন যাতে শহরের সুস্থীভূত রোগের আক্রমণ এবং দুর্গন্ধের প্রায় বিতাড়নেরভাবে বার করে দেওয়া যায়। প্রকল্প হচ্ছে, আরও ভাল ভাবে যাত্রী এবং মালবাহন চলাচলের জন্যে চওড়া রাস্তা, আরও সেতু, ফ্লাইওভার এবং সাবওয়ে তৈরি, আরও উন্নত বস্তী (বস্তী নয়, রাজপথী বলে) যেখানে থাকবে পাকা রাস্তা, জল, বিদ্যুৎ এবং সানিটারি পায়খানার সুবিধা...এক কথায়,মানুষের বাঁচার ন্যূনতম সমস্যাগুলির মোকাবিলা করাই সি এম ডি এ'র প্রথম লক্ষ্য।

কলকাতা শহরে আমরা শুধু থাকি না, এ শহরকে আমরা ভালোবাসি।

এর মেয়রের ক্ষীমন যে শহরের ওপর নির্ভরশীল, এর মেয়রের ভালোবাসা যে শহরকে জড়িয়ে আছে—সি এম ডি এ সে শহরকে নতুন জীবনের পথে মুক্তিস্নিগ্ধের করার কাজে আমরা করছে।

CMDA ক্যালকাটা মেট্রোপলিটান ডেভেলপমেন্ট অথরিটি

# রঙ্গ-জ্যোৎস্না

প্রিয়রঞ্জন দাসমুন্সী

অলকাপুরের সব জমিতেই এবার ফসলের বন্যা; গত দশ বছরেও এত ভাল ফসল হয়নি। চাষীদের আর আনন্দ ধরে না।

মা লক্ষ্মী মুখ তুলে চেয়েছেন কত দিন পরে। কথা শেষে, ধরার নসীব মিত্তিরের ছেলে ছেলেটা না ফেরে অবেলায়। মধু মণ্ডল স্বপন দেখছে ঘরের চালটা এবার সুন্দর করে ছেয়ে নেবে, যাতে বর্ষার রাতে ওর বৌকে আর যেন কলাপাতা মাথায় দিয়ে রাত জাগতে না হয়। সরিসৃপ বর্ষণের মেয়ের আসরটা এবার মেটাতেই হবে। সবুজের ছাপা শাড়ী আর লাল মোটা কাজল চুরির পর সীতার বহুদিনের। কালেমের অবশ্য কেমন কোন সখ নেই। মাঠে কাজ করতে করতেই মধুকে বলছিল কালেম, 'আমার আবার হাউস কি। কেন হাউস নাই। আব্বাস দুরাটা সাইকেল চইড়বার জইন্য খুব পাঁড়া-পাঁড়ি অইতেছে। তা আমি যা কইছিলাম তাই বিবি আব্বাসকে। ইবার হবার নয়। ইবার ধানের টেকাটা হাতি দিব। বৈশাকোলের মেলাতে যাই কিনব।'

মধু জবাব দিয়েছিল, তুমার আবার কষ্ট কি গো। এত জমি তুমার চাষে। তুমার ত আব্বাসের হাউস মিটান কেন কষ্টই নয়। ইটা তুমি যে কয়ি জইন্য কালেম ভাই।'

মধু ঠিকই বলেছে। কালেম সব সময়ই একটু নিজেকেটা ছেলে বলে।

পলাশপুরের বেশী জমি কালেম মিঞাই চাষ করে। উত্তর মলার জমিদারদের এরের তাদের বলে ভাল্লা জমি আর ঢলা জমি। শুকনো একটু কম ফসলী জমিকে বলে ভাল্লা জমি আর নরম সেচযোগ্য ভাল জমিকে বলে ঢলা জমি। পলাশপুরের সব মৌজাতেই ঢলা জমি বেশী। এই জমি সুবাদেই কালেম সচ্ছল। বড় চাষী তাকে বলা চলে। রাত দিন মাঠে থাকে কালেম। জোছনা রাতেও মাঠে বসে কাজ করে সে। সেই তুলনায় মধু আর সরিসৃপ একটু অলস। কালেম যখন নাকরাতে হাজিকেন নিয়ে বৃষ্টি মাখায় মাঠে জল দেখতে যেত তখন মধু মণ্ডলের বাড়ীর উপর দিয়ে যেত। মধু মণ্ডল দেখলেই বলে উঠত—

—'কে যায়?'

—'আমি কালেম, মধু ভাই।'

—'এই ভেরে তুমরি বাইন কালেম ভাই?'

—'জমিতে যাইরি রে, জল কতটা পইল দেখি আসি।'

—'হা এই ভেরে বিয়ানে যাইস।'

—'নারে ভাই, জমির কথা আমি আমি শান্তি নাই ওরে নিলাইন কি রে?'

সাহাই ঘুমাতে পারে না কালেম। খালি মনে হয় জল বেশী আসছে না মধু।

কালেমের যেমন মেজাজ তেমনি বেশি জমির মালিকানা সে। চক্রবর্তীদের সব শরীকের জমিই পলাশপুরে বেশী। কালেমের হাতে যে জমি তা কালেম তার ছেলে আব্বাসকে নিজেই চাষ করে। আব্বাস গ্রামের স্কুল থেকে পাস করে সবরে গিয়ে কলেজ থেকে আই-এ পাস করেছে। কালেমকে সাহায্য করা ছাড়াও পলাশপুরের স্কুলে কেরানীর কাজ করে আব্বাস।

চক্রবর্তীরা অনেক দিনের মানুষ এই মৌজার। এখন অবশ্য বাড়ী-ঘর সবই সবরে। কিন্তু এককালে জমিদারের মত প্রতাপ নিয়ে থাকত সুকুল চক্রবর্তী। কোম্পানীর আমলে নাকি কুড়িয়াড়ীতে নিজের বৌকে পর্যন্ত পাল্কিতে চড়িয়েছিল সুকুল চক্রবর্তীর বাবামশাই রায়বাহাদুরের খেতাব নিতে। তাতেও ইংরেজ রায়বাহাদুর করেনি। তবে প্রজাদের উপর অত্যাচারের সুযোগ মিলেছিল। কালেম মিঞার বাবুকে খুন করেছিল পলাশপুরে সুকুল চক্রবর্তীর বাবামশাইয়ের লেঠেলরা কালেমের বাবু মরা খুনতে রাজী হয়নি বলে।

বাবামশাই-এর মত সখ খুব না পেলেও কিছু খুন ছিল বৈকি সুকুলের। ইংরেজের বিরুদ্ধে স্বাধীনতার লড়াইয়ে সবরের কালেক্টরের সবচেয়ে বিশ্বাসী ছিল সুকুল চক্রবর্তী। কিন্তু কি আশ্চর্য। স্বাধীনতার ঠিক পরে পরেই সুকুল চক্রবর্তী জাতীয়তাবাদী হবার চেষ্টা করল। খদ্দরের জামা কাপড় কিনে বাড়ী বোঝাই করল। কর্তৃপক্ষের কাছে খাতিরও মিয়েছিল অনেক। তারপর সুকুল চক্রবর্তী সুবিধে করতে পারেনি। কিন্তু তাতে কি আসে যায়, তিন তিনবার ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্ট হয়েছে সুকুল।

সেবার আইন পাস হবার আগেই কেমনে যেন খানাবুদার খবর পেয়েছিল সুকুল। বেশ কয়েকদিন কলকাতায় থেকে একদিন হঠাৎ চলে এল বাড়ীতে, বালুরঘাটে। রাতে ছেলেদের ডেকে বলল: —'কাল সবাই বেরেস্তী অফিসে যাবি।'

সবাই প্রশ্ন করল। 'কেন বাবা, কি হয়েছে?'

—'সে তোদের জেনে লাভ নেই। বেরাদের ছেড়ে হবে আমার সঙ্গে।'

তার দশ বার দিন পরেই তুমি সংক্রান্ত আইন পাস হয়ে জমির উর্দ্ধ সীমা ঠিক হয়ে যায়। ততক্ষণে সুকুল চক্রবর্তীর এক হাজার বিঘে বাড়তি জমি এ-নামে ও-নামে, বেনামে হস্তান্তরিত হয়ে গেছে।

শরদিন্দু বন্দ্যোপাধ্যায়

খুব ভালবাসা ছিল দুই একজনের এক ভাগি বাঁধা দান করল তুলসী চক্রবর্তী তুলসী আশ্রমকে। সেদিন সকাল-বেলা স্নান করে সাদা কাপড়ে পাথর পরে সবার তুলসী মহারাজের এক মিটিং-এ ঘিরেছিল তুলসী চক্রবর্তী। ফিরে এসে গ্রামের সমাজসেবা পাঠশালাকে এক হাজার টাকা চাঁদা দিয়ে নিজের নামেই এক অভিনব সভার ব্যবস্থা করতে চেয়ে বাবাকে বলেছিল।

তুলসী চক্রবর্তীর ছোট ছেলে হারাণের জীবনে প্রায় সবটাই কাটলেছে চাষে।

খাবার শেষে পান নেবার সময় এক একবার হারাণ আসে সামনে থেকে সোজা সাইকেলে। কাশেমের বাড়ীর বৈঠকখানার খাটিয়ার পা ঝুলিয়ে বসে হারাণ বলত—'আব্বাস, আজ তুলসী তলে যাওয়ার রে।'

কাশেম আশপাশের কোন দুটি করে না মালিকের। খোদার দয়া হলে নাকি মালিকের দয়া পাওয়া যায়। এ হল কাশেমের বিশ্বাস।

আব্বাসের এত ভাঁড় না থাকলেও তাকে অনেকটা বকলমে করেই চলতে হয়। কেননা পলাশপুরে হাই স্কুলের ম্যানেজিং কমিটিতে চক্রবর্তীরাই সর্বেসর্বা। স্কুলটাও তুলসী চক্রবর্তীর আর এক খেয়াল। আসল মাস্টারকেই তিন শ টাকা সাই করে বেতন টাকা নিয়ে কাজ করতে হত। তবু প্রতিবাদ করলে চাকরী থাকবে না। তি আই সাহেব তুলসী চক্রবর্তীর হাতের লোক। তার ভাল রেকমেণ্ডেশন আছে পলাশপুর স্কুল সম্বন্ধে। একবার নিরাপদ মাস্টার উপরে অফিসার করেছিল। বছর তিনের মধ্যেই গ্রামের পঞ্চানন ঘোষের মাস্টারদের দিয়ে লিখিত পাতা অফিসার পাঠিয়েছিল তুলসীর কমিটি, যে নিরাপদ মাস্টার নাকি কোন ছেলের অভিভাবকদের করার চেষ্টা করেছিল। পালিয়ে ঘিরেছিল নিরাপদ মাস্টার আত্মগোপন বাঁচাতে।

শব আব্বাস নিয়ে যাবে তখন ফল করছিল পলাশপুরের চাষীরা। ছুট ছুট শব করে হুলো উঁচিয়ে এল হারাণ চক্রবর্তী।

সরিপদ ধমক দিয়ে বলল—'কাশেম ভাই, ছোটবাবু আইছেরে। ওই দেখ্‌ছো। ওইডাই চড়ি আইছে।'

কাশেম কাজ করতে করতেই হাত তুলে বলল—'আসাব ছোটবাবু। দেখেন ছেলে দেখেন কলমটা কইলকাতে। নতুনী বানাবে নাকি নাকি আইছে বাবু। নাকি নাকি আইছে।'

হাসল হারাণ। 'যাই শুনলাম তাল ধান হয়েছে, তাই দেখতে এলাম। তা এবার কতো মাড়ি আনব?'

—'আর এক ধান বাবু। মাত্র এক ধান বছরে তর। ধান মাড়াই মাড়াই করি হোতে খবর দিব বাবু। তখন আসিস।'

—'বেশ তাই হবে। দেখিস, যেন তাতে ধান চুরি না হয়। পালা হাজাতে চাষাদুলো আবার সব তাতে ধান চুরি করে।'

কথাটা শুনেই আব্বাস চেয়ে উঠল। সাঁতা ওকে মুড়ি আর জল দিচ্ছিল। সকালের নাস্তা। মুড়ির থালাটা ফেলেই চিৎকার করে বলল আব্বাস—'কি সব কইলছেন বাবু। মাতাটা খারাপ হইয়ে নাকি আপনার। চাষাদুলাক চোর বইলছেন? তাল হয় বাবু।'

—'কি জানি! তোর মেঘি খুব কথা বেরিয়েছে যে আব্বাস। মাথাকে কথা তোকে মাস্টার করে দিতে। তাল পড়াতে পারবি।'

কাশেম হাসছে দিল আব্বাসকে,—'তুই যায় তো। বাবুর কথা বাবু বইলছে। তোর কথা উঁচিত নয়।' তারপর হারাণের দিকে তাকিয়ে বলল—'কিছু মনে নিস না বাবু। আব্বাসটা সবব থাকি পড়ি পড়ি কি যে মাতাটা খারাপ কইরেছে না?'

হাসল হারাণ চক্রবর্তী।—'নারে কিছু মনে করি নাই। সে যাক, ধানটা ঠিকমত দিস।'

হারাণ চলে যেতেই সরিপদর ক্ষোভ পড়ল কাশেমের ওপর।

—'ইটা তোর কি বিচার রে কাশেম? হামার গাওর সকল চাষাকে বলাটা তোর বলি মেল আর তুই কিছু বইললি না। ছি ছি, খুব দেখিছি। জমিটা হারাণের চাষ করিস বইলে একেবারে তোলাম হইছিস রে।'

খাবার দিয়ে মুখের খাবারটা মুছে কাশেম বলল—'হামার তত ধান নাই। খাসের লাগি ধান ছাড়িছি অনেক আগে। নেকচার মুনি মুনি চেন দেখিছি। কিছুই হবার নয়। তোর বলাটাকে বকল করে দিল মনে করি এই পণ্ডিত তখন যে কি করিছিল সকলটা হামার মনে আছে রে। ভুলি নাই কিছু।'

কথা আর বাড়াল না সরিপদ। নাস্তা দেব। সীতা এল আর মুড়ি নিয়ে কাশেমের কাছে গেল।

—'না থাক, তুই বরঞ্চ চলি যা সীতা। তোর মামী চাবা। আমি তো খেলাম রে। আবার কেন কষ্ট দিস।'

হেসে গেল সীতা।

—'কি পাগল হইছিস মামি? বাপ্পার সঙ্গে কাজিয়া করি হামাকে কেন খুনেছিস রে। মায়ের কাজিয়া মায়ে মরুক। এখন নাস্তা করি নে। না করিস না।'

মাথে হাত দিয়ে কপাল সীতা। সীতার অবশ্য উপকার করে, মামা কি কাশেমের? সেই ছেলেবেলায় সীতার মা ভাই মারা গেল কলেরায়। সীতাকে নিয়ে এল কাশেম নিজের বাড়ীতে। তখন বড় ছোট সীতা। সরিপদ কোলে নেয়। কাশেম তখনও ঘিরে বলেছিল—'আল্লা যা দিবার দিয়ে। যা নিবার নিয়ে। কাঁদিস না তাই। হামার ঘরত সীতাক রাখ। আব্বাসের যা সীতাকে সেইছবে।'

সেই ছোট বয়স থেকে সীতা বড় হয়েছে কাশেমের বাড়ীতে, আব্বাসের মায়ের দুধ খেয়েছে সীতা। আব্বাসের যা পুকুর পাড়ে জল নিয়ে ফিরতে গিয়ে একদিন সাপের কামড়ে প্রাণ দিল। বাঁচান গেল না। কবরের উপরে পড়ে সে কি কান্না সীতার। কাশেমবৌই সান্ত্বনা দুজন সীতাকে। সীতার ভাই আলাদা আবদার। কাশেম, সরিপদ, বাবু সকলে সব জন্য সীতার কাছে। আব্বাসের কাছে রাত্রিবেলার ঘরে একটু সেবাশুশ্রূষা করে সীতা। আব্বাসই নন্দলহাট বাজার থেকে এনে দিত ফুল স্নো, আতা, কর্ণ পাউডার। যেদিন আব্বাস ওকে সীতা নাম লিখতে শেখাল, সেদিন সীতার কি আনন্দ। কলম বলল,—সীতাক এবার আকবর লিখা লিখা আব্বাস। আকবর না লিখলে সীতা নাম আমার না রে।' ৮ বছর ছেলে ছিল আব্বাস। বাপ করে পালিয়ে ঘিরেছিল সীতা।

বি.ডি.ও অফিসের গ্রামসেবিকা সীতাদি গ্রামে এলেই ছুটবে সীতা। সীতার যে কত গল্প। কার ঘরে কে উঠ খাম। কোন চাষীর বৌর ছেলে হবে, কার ফুলমায়ে টৈ ফুল—এই সব খবর সীতাকে দেবার পোস্ট অফিস হল সীতা। সীতা যাকে মকে সরকারী তথা দফতরের সাব, বীজধানের পোস্টার নিয়ে আসে। সেগুলো সব বোঝা করে সীতা নিয়ে ঘুরে ঘিরে বিলোয়। এতেই তখন আনন্দ সীতার।

মাঠের কাজ শেষে যে যার বাড়ি চলে গেল। আব্বাস চলে গেল স্কুলে। স্কুলে যেতেই হেডমাস্টার মহাশয় বললেন—'সকরে যা আব্বাস, স্কুলের জিনিস জলতে হবে।'

এতটা পথ রোজ এসে আবার ফিরে যাইল দূরের সফরে যাবে আব্বাস।

—'স্যার, কাল ছেলে হয় না?'

—'তোকে আজকাল কালে দেখেছে যে আব্বাস। কথা বললেই বজ্জাতি করিস।'

কথা না বাড়িয়ে চলে গেল আব্বাস সফরে। সফরের সব কাজ শেষে যখন

বাড়ী ফিরে তখন ছোট ঘরখানা দেখে নিতে মিনিট দশেক লাগল কিসের, কার পুরিকল্পনা। শুনিয়ে গড়ল আশাকে, একটা, শুধু ঘরে কি করে এরা।

তখন অন্ধকারটা সবেই এগোন সন্ধ্যা ঘনিয়ে এসেছে। অন্ধকার একেবারে জমাট বাঁধবার আগে সবাইকে ফিরতে হবে। অন্ধকার এলে ঘোর হয়ে যাবে বাইরে। একের পর এক তারা ফিরে যাবে। আর আশ্চর্য হয়ে যে চাষী বা মেয়েরা তাদের জন্য নীতি হল তিন হাজার বছরের পরে চাষী। এক তাল পাকে মাটিকে। মন্ত্রী মহাশয় অবশ্য বোঝেন, পশুপতির কথাটা হয়ে গেলে এই নীতি বুঝতে পারবে। তবে আমাদের জন্যে না চাষীদের উপর।

হাত ঘড়ি দিয়ে সময়টা দেখল মহাশয়। সাড়ে চারটা বাজে। ঘড়ি ঘরে ফিরে যাবার সময় হয়ে গেছে। মন্ত্রী মহাশয় আসবেন ঠিক সময়ে। তাঁর সঙ্গে আসবে সাংবাদিক, ফটোগ্রাফার। তাদের জন্যে চা-জলখাবার তৈরী করতে হবে। তাই ঘরে ফিরে যাবার জন্যে ব্যস্ত হয়ে উঠেছে মেয়েরা।

সবার আগে বাড়ী ফিরে এসে সন্ধ্যে কালেমের ঘরের দাওয়ায় পাশের চালায় বসে বেউ শুকনো পাতা চাটাইয়ে আগুন পোহাচ্ছে, বেউ বা মাদুর পেতে হুকো টানছে।

—এত দেরী যে? প্রশ্ন করল কালেম।

—কাজ ছিল। তা খবর আছে আমাদের ভাল খবর।

—কি যে কাজের মন বুঝিস! কালের মত বলিস। কি খবর যে আমাদের—প্রশ্ন করল সবিস্ময়ে।

সন্ধ্যা কটি ইঁদের মেয়েরা মেয়েরা সবাই বইলো সবিস্ময়ে চাচা। আর মানুষ হয়ে গেছে ছেলে। সাইকেল ছিনতাই যারা ইস্কুলের ভাল্লা সাইকেল চড়ি ঘুরি আমার কাছের আর দেখা নাই।

—আরে ঘরেতো বলার মতো কথা। না হয় দুঃখ কষ্টে থাকে। আছে আছে বইছে তখন আমি। বিরক্তি প্রকাশ করল মন্ত্রী মহাশয়ের।

মন্ত্রী বলল আশ্বাসে। শুনিয়ে বলল সব কথা ওদের। মিটিংএ যা যা শুনেছিল তা বেশ বুঝিয়ে বলল। বুঝাল ওদের, এক ভাল ঘরে আসবে। কথা শেষ হল আশ্বাসের।

কালেম বলল, 'কথা ত সবার এমন অনেক হয়। বিশ্বাস কিছু নাই। হাবাস সরকারী ড্রাইভারে কেনে। সবে আসলে মরাঁক যান বন্ধাত ভাঁয় ঠিক ঘরোয়ানকে বইলবে—চল বাড়ী চল। তখন হুমার কথা কিছুই নাই।

—কেনে কমিটি হবে তো? পশুপতি বললে। তার চোখটা চকচক করে উঠল।

—আরে বাবা। কমিটির কথা বাবা। আশ্বাসও বইলছে আর কমিটিও হইছে। তবে থাকি কাজের কথার আইস্। যে বইলছিল মন্ত্রী মহাশয় সেইটাকে বিশেষ কমি একটা কিছু, তাই তো।'

আশ্বাস কথা না বাড়িয়ে মনটা তার করে দেখবেন জন্য দিতে গেল।

আশ্বাসে আশ্বাসের আগে যে এতটা আলোচনা করেছিল তা আবার শুনে বলল মন্ত্রী।

—আমার মনে হয় কিছু, করার হল থাকে ত ভালো হইবে। মন্ত্রীমহাশয় তারা ত আসিবেই। আমাদের পাঁওর নাম বলেন কর।

প্রস্তাবটা তার মনঃপুত হয়েছে। কিন্তু সাঁওতাল চাষা কুলমাদের বোঝে—তারা কিন্তু হাজার টাকার কম হবার নয়। কমিটিটিতে বলতে হবে।'

সব শুনে কালেম বলল—মন্ত্রী মহাশয় সবার ভাল যে মন্ত্রী। হারাম সাহেব বইলছে পরসা কম ভরি দিবে।'

শেষে কালেমকেই ভার দেওয়া হল দল ঠিক করার। গ্রামে ভাল ধান দানাই একটা হিসেব করে চাষীরা। নতুন ঘরের পরে মেরামত যাওয়া, বাড়া রেখা এই করে করে হাতের দব পরসা শেষ করে তারা চিন্তা যান পড়তেই চড়া সুদে ধার নেবার জন্যে মহাজনের বাড়ী গিয়ে করজোড়ে দাঁড়ায়। ঘরই যেকোন হোক না কেন ওরা যা করার তা করবেই। তবে এবার দল বন্ধন পর পশুপতি চাষীরা হাসতে শিখেছে। তাদেরই ওরা সবই ছিল ঠিক করতে হবেছে কি করা যায় এবার পুরে। চক্রবর্তীরা আর নবীন কুণ্ডুরা পশুপতির জমির বড় শরীক। ওরা দল বানিয়ে বেচার আর সময় থেকে না মন্ত্রীমহাশয় থেকে কল এসে বেচার সব ধরচ বহনের ভার।

কালেম দাঁড়ায় নিল মন্ত্রীমহাশয় থাকবে। বেরিয়েদের মত আলোচনা হবে হল।

সাঁওতাল আর আশ্বাসের সম্পর্ক নিয়ে মাঝে মাঝে মাঠের বা অন্য জোতদার চাষীরা ঠাট্টা করে অনেক,—হেমন্তের বিটি ছুকরা সঙ্গে...মহেলা-মহলে ই সব চাল লয় ভাই।' এক কান দিয়ে শোনে পশুপতি আর এক কান দিয়ে বের করে দেয়।

মন্ত্রীমহাশয়ের দলেরা রাজী হয়েছে পশু পাইতে। এক রাতের জন্য আসবে। কি পালা হবে সেটা জানতে চেয়েছে। আবার মিটিং বসেছে কালেমের বাড়ীতে। আগে ঠিক হবে চক্রবর্তী আর নবীন কুণ্ডু, তারা কাদের নিয়ন্ত্রণ হবে ধান শোনবে। তারা মন্ত্রীমহাশয় থেকে যা সাহায্য পাবে তাদেরকে পশুপতির স্কুলের চেয়ারে বেঞ্চে আলাদা ঘরের ব্যবস্থা করে গ্রামবাসীরা।

মন্ত্রী বললে—'বেলন ভাইসকল, কাদের নিয়ন্ত্রণ দিবা হবে।'

—'কাদের আবার? সোজের যারা ঘরখানে তাদেরই জন্য। এই ধর চারটি কম্পাউন্ডার সহায়ক, ধরোগা সাহেব আর পঞ্চায়েত প্রধান।'

এরাই হল এদের কাছে সকল ক্ষমতার উৎস। কম্পাউন্ডার কয়া অবাক জলের বাড়ি পাবে, তা না হলে নয়। মিকশ্চার জ্বর লাগের বেলী চাইলে কুমড়ো, আলু, লঙ্কা দিতে হয়। গ্রামে কল দিয়ে অনেকে কম্পাউন্ডারের সাইকেলের সামনে ঝুলানী বেঁধে দিতে হয় কালেমদের। পঞ্চায়েত প্রধানকে মানতে হয়। তা না হলে ঘরখানা করবে কোথায়?

কালেম বলল,—মন্ত্রীমহাশয়ের 'অনেক বিড়ি অপেরাকে রাজী ও করান গেল। তিনশ টাকাতেই রাজী হইছে। তবে কি গান হবে সেটা ঠিক করি বল হেমেরা।'

—কি আবার? একটা দুঃখ, একটা রঙ্গ, মেনোপাঁতি, কিছু মানুষ। গাঁইবোরা হউক'—পশুপতি বললে।

—'সীতার বনবাস' করান হউক না?' মন্ত্রী মহাশয় বললে।

'সীতার বনবাস' খুব নাম করেছে মন্ত্রীমহাশয়। তাই শেষে 'সীতার বনবাসই সবসম্মত হল। মন্ত্রীমহাশয় বাজারে অনেক বিড়ি কোম্পানীর কর্মচারীরাই বাড়া করে। এ ধরনের প্রমাণসে এদেরই প্রভাব বেশী। দিন তারিখ ঠিক হল। পর দিন পঞ্চাশ টাকা নিয়ে বায়না দিতে গেল আশ্বাস।

আস্তে আস্তে পশুপতির কমিটির নামে পঞ্চায়েতের লোকজন আসছে গ্রামে। দু-একদিন পরপর এম. এল. এ.-রা এলেন। বোঝালেন যে, লোক দিতে হবে যার একরের উপরে যাদের জমি তাদের, আর তিন ভাগের দু'ভাগ ধান পাবে চাষী, এক ভাগ মালিক।

হাওয়া গরম হয়ে উঠল চারদিকের। অনেকেই শুনল খুব

১০ই অক্টোবর পর্যন্ত সবরকম গৃহসজ্জার উপর

১০% রিবেট

এম্পোরিয়াম শনি ও রবিবার এবং ছুটীর দিন সহেত প্রতিদিন সকাল ১০টা থেকে রাত ৯টা পর্যন্ত খোলা।

কু-সিল্ক * সিল্ক * সুতী

হ্যাণ্ডলুম

শাড়ি পশমী শাল ড্রেসপীস স্টোল * টাই

সুটের ও সার্টের কাপড় * ধুতি * গৃহসজ্জার বস্ত্রাদি তৈরী জামাকাপড় * বিছানার চাদর * ঘুন্সি তোয়ালে * সুতীর কার্পেট প্রভৃতি

শীতাতপ নিয়ন্ত্রিত

হ্যাণ্ডলুম হাউস

২, লিণ্ডসে ষ্ট্রীট, কলিকাতা-১৬

পাইকারী বিভাগ : ২, পার্কষ্ট্রীট স্কোয়ার, কলিঃ-১৬

দি অল ইণ্ডিয়া হ্যাণ্ডলুম ক্যাম্রিকস্ মার্কেটিং কো-অপারেটিভ সোসাইটী লিঃ। কর্তৃক পরিচালিত।

পঞ্চায়েত কমিটির কথা, কিন্তু অনেক ধান মিলেই বালিকাকে সব ছেড়ে দিল। সুরে মাথা বিঁধ হয়ে আছে মহাজনের কাছে। কেন্ সাহসে এ সব কথা বোলে!

কুন্ মুর্মু পরিষ্কার ভাষা দিল পঞ্চায়েত কমিটিকে—হামার ধানটা ও কুড়াস দিবার জন্য নেওচার দিল বাবু। কিন্তু চৈত মাসে হামার ঘরে যে কিছু ও ধইলতে পারাইস না। খালি খালি মহাজনের সঙ্গে কথড়া কইরব কানে?'

কুন্ মুর্মুর কথার জবাব দিতে পারেনি কেউ। ইতস্তত করে চলে গেল পঞ্চায়েত কমিটি।

আশ্বাস কিন্তু লোপনে লোপনে পঞ্চায়েত কমিটির সঙ্গে যোগ রাখছে। দু-একটা মোজার গিয়ে পোহন থেকে উস্কে দিয়েছে চাষাদের —কুড়াসের জন্য নিশ্চয় যে, কমিটির লোককে জানি চল, ভয় নাই।'

পলাশপুরের জমিতে সুবিধে হল না। কাজের মিঞা থেকে সবাই এক-বাক্যে অরেক অরেক নিয়মে রাজী। তারা জলে থেকে কুমীরের সঙ্গে কথড়া করতে রাজী নয়। চরবর্তীরাও খুশী হবে। অনেক বিড়ির মালা বন্ধকেও এসে ঘিরেছে চরবর্তীরা।

বেশ আনন্দ সবার। রাতে কম্বল জড়িয়ে বিড়ি ধরিয়ে মালা শুনতে গেল সবাই। বড় চে-লাইটের মত হ্যাজাকগুলো জ্বলছে। চোরে বসে হারান চরবর্তী, নবীন কুন্ডুর দল। সবাই ওদের নমস্কার করে চিপলের ওপর গিয়ে বসছে।

—'আশ্বাস কোথায় রে?' হারান জানতে চাইল কালেমের কাছে।

—'এখনও ত আসে নাই বাবু। আইসবে বোল হয়। নতুনচকের দিকে গেছে নাকি শুইনাছি।'

সীতাও এসেছে শুনতে সরিষপের সঙ্গে। আশ্বাসকে দেখতে না পেয়ে উসখুস করছিল। কুন্ মুর্মুর মেয়ে টুনা বলল—'বল কেমন করে নাকি রে? আইসবে রে, আশ্বাস আইসবে। সীতা যখন আসি গেল তখন আসলতও আইসবে।'

হাসল সীতা টুনার কথা শুনে; ওর পাশেই ঘিরে বসল। টুনাকে বলল—'তুই আসলত লিখা জানিস?'

—'দূর, কি ঝইলাইস তুই। ওসব জানি কাজ কি মোর? বাপটাকে তাড়ি দেওয়া আর কবিরাজ বোল-চাত করা ছাড়ি কেন্ কামে থাকার নাই মোর।'

মুহূর্তে গম্ভীর হয়ে গেল সীতার। কতদিন ওরও আসলত লেখা শিখতে ইচ্ছা হয়েছিল আশ্বাসের কাছে। সেই যে সেদিন পালিয়ে এসেছিল আর ও-মুখো হয়নি। কতবার বলেছে আশ্বাস সীতা আর পড়তে যায়নি।

বেশ জমিয়ে বসেছে সবাই বিড়ি ফুঁকে। গল্পও যায়া দেল, কৈবেলী এবার বলবার প্রতিজ্ঞা পালনের কথা মনে করিয়ে দিচ্ছে হারানকে। সীতার গর্ভ করছে যে, তার ভাবে জল। হাতজোড় করছে খুব ধান শুনে। বিবেক ধান হয়েছে।

এমন সময় কম্বলের কানের কাছে চাঁদ চাঁদ মুখ কজনের ছেলে বিপিন এসে কি যেন বলল। বুড়ো কেঁপে উঠল কালেমের। আস্তে করে জানলা ছেড়ে উঠে গেল বাইরে। সবাই তন্ময় হয়ে শুনছে। কারো কোনো দিকে নজর নেই। সরিষপও বিড়ি চাইবার জন্য হাত বাড়াল কালেমের দিকে। বিড়ি আসছে না দেখে ফিরে তাকাল। কালেমকে দেখতে পেল না সরিষপও। কিছুক্ষণ দেখে বেরিয়ে এল বাইরে। দেখে কোথায় কালেম। বাচ্চার উত্তোজা কালেম, আর কালেমই নেই। এ কেমন করে হয়। বাইরে এসে জিজ্ঞেস করল সুবাকে। গ্রামে যাবার আর ছোলা ভাজার দোকান আছে সুবার। আজ ধান বেচেছে তাই আজ এখানেই দোকান লাগিয়েছে সুবা।

—'কালেমকে দেখা পাইছ্ না কি রে সুবা?'

—'যা, কালেমচাচা তো বিপিনের সঙ্গেই নতুন চকের দিকে গেল বোধে গেছে। কি নাকি গণ্ডগোল হইছে।'

নতুনচককে আশ্বাস গেছে ধান তুলতে এ খবর জানে সরিষপও। ওকে বলেছিল আশ্বাস। হারানের আর একটা অংশ নতুনচকে। সেখানকার কৃষকদের বোঝাতে গেছে আশ্বাস। নিজের বাবাকে পারেনি, সেই লজ্জায় সেখানে গিয়েছে আশ্বাস। কুড়াস ধান চাই কৃষকের। হারানের এত জুলুম বরদাস্ত করবে না আশ্বাস। সরিষপও কিছু বোঝেনি তখন। এখন বুঝল কালেমকে কি হতে পারে। সরিষপও ছুটল নতুন-চকের দিকে।

সীতা গ্রাম ঘুরে চলে পড়েছিল টুনার ঘরে ধান শুনতে শুনতে। মাথা ঝিম টুনা ওকে।

—'বাপটার সঙ্গে যাড়ী চাল যা না কেনে? বসি বসি নিলাইস্ ফালন?'

জেগে ওঠে সীতা। দেহনে দেখে বাবা নেই। কালেমচাচাও নেই। বেরিয়ে এল বাইরে।

সীতা বাইরে আসতেই সুবা বলল, 'আবার কিনার ধন আছে না কিরে সীতা?'

—'না হয় রে, বাবায় কিনিব না। মোর বাপটা কি যাড়ী গেল নাকি রে সুবা?'

নারায়ণবাবু বেশী

—'কেনে তোকে বলি যায় নাই। তোর বাপ, কালেম সব তো নতুন-চকে যেঁড়ি গেল। ভয়ানক গণ্ডগোল হলে বিপিন আসি খবর দিল। আশ্বাস আছে নতুনচকে।'

—'সর্বনাশ! কি কথা শুনালিরে সুবা! যাই, আমি যাই। ওরে আমার বাপরে। কালেমচাচারে, আশ্বাসরে, কোথায় তরা রে।'

মাথা পূর্ণিমার জোৎস্নারাতে চীৎকার করে আকাশ কাঁপিয়ে ধান-ক্ষেতের উপর দিয়ে সীতা ছুটল নতুন চকের দিকে। পলাশপুরের আর মাইলের মতো নতুনচক। সেখানে জমির ধানের ভাগাভাগি করতে কৃষকরা কিছু করতে পারে জেনে শহর থেকে খুন্তা পাঠিয়েছে হারান চরবর্তী।

আশ্বাস তাদের সঙ্গে পারবে কেন? কৃষকরাও ভয়ে ধান ফেলে পালাতে গেল। আশ্বাস বলল,—'যাইস না রে, যাইস না। মোর জন ধরেই তোরা তেহের ভাগ ঊঠা...'

ওরা আশ্বাসের কোন কথা শুনতে চায়নি। শহরের বাবুদের আড়া করা মাস্তানদের কাছে আশ্বাসের মূল্য কতটুকু?

ভোর হবে এমন সময় সীতার কানায় পলা শোনে: সবাই যে যায় বাড়ী ফিরছে। অনেক চরবাই বলতে বলতে গেল, কালেম মিঞার বুদ্ধি খুব পাকা হে। খুনের মত পাপ নাই বটে। সাধনা দিবা হবে কালেম মিঞাকে। ফাইল ও মরঠে আসতে। ভাল ভাবি জলপান দিব।'

সীতা হাঁপাতে হাঁপাতে এসে যখন নতুনচকে পৌঁছল তখন কালেম বুকে চাপড়ে কাঁদছে আশ্বাসের রক্ত-মাখা মৃতদেহটার উপরে পড়ে। গ্রাটি লাল হয়ে গেছে রক্তে। ধানের গায়েও রক্ত লেগে আছে। সরিষপ ওকে সান্ত্বনা দিচ্ছে।

সীতা কাঁপিয়ে পড়ল আশ্বাসের বুকে।

কালেম বলল, 'তোর আসলত লিখা আর শিখাবার লোক নাই যে সীতা। আশ্বাস আমার কাজি বিয়া চলি গেল। আশ্বাস রে! বাপ্ আমার...

ভোর হয়ে এসেছে। পূর্ণিমার জোৎস্নার আলো তখনও মাঠে। মাঠের উপরে জোৎস্না।

# ১

# মানবেন্দ্র পাল



# পিছু হটো না

আমাদের দেশে বিয়ের ব্যাপারে কন্যাপক্ষের একটা বিশেষ ভূমিকা আছে। একদিকে যেমন কন্যাপক্ষের ব্যবহারে কন্যাপক্ষ সন্তুষ্ট তেমনি আবার বরযাত্রীদের রসিকতা দ্বারা যেন শুভদৃষ্টির মুহূর্তটা ধন্য হয়ে যায়। কিন্তু শেষ পর্যন্ত বরযাত্রীদের তপাসে হাসই যা ওঠে তা যে তেমন উপভোগ্য হয় বরযাত্রীমাত্রই তা অস্বীকার করবেন। বিয়ে মিটে গেলেই কন্যাপক্ষ আর বরযাত্রীদের প্রতি এতটুকু অনোযোগ দেন না। কোনোরকমে বাইরে দিয়ে বিয়ে করতে পারলেই বাঁচেন। যেখানে বিয়ার করা সম্ভব হয় না সেখানে ভায়রা বাড়ির একটা বৈঠকখানা দেখিয়ে দিয়েই তাঁরা কর্তব্য সম্পাদন করেন। বিছানা তো দূরের কথা পাতবার মতো একটা চাদর পর্যন্ত জোটে না। সারা রাত মশার কামড়ে ছটফট করতে করতে দূরের আশা বিসর্জন দিয়ে রাস্তায় পায়চারি করে বেড়াতে হয়।

আমি একটা বিয়েতে বরযাত্রী গিয়ে রাস্তায় পায়চারি করতে করতে শেষ পর্যন্ত স্টেশনেই চলে এসেছিলাম। আশা, যদি কোনো ট্রেন পাই তাহলে রাতেই ফিরে যাব—একাই ফিরব। রাত জাগার এ কষ্ট আর সহ্য করা যায় না।

রাত তখন প্রায় একটা। স্টেশনে প্যাসেঞ্জারের ভিড় নেই। এখানে ওখানে আপাদমস্তক চাদর মুড়ি দিয়ে দু-একজন শুয়ে বা বসে আছে। আমি স্টেশন মাস্টারের ঘরে দিয়ে ঢুকলাম। স্টেশনমাস্টারের ছিলেন না। অ্যাসিস্টান্ট স্টেশন-মাস্টার সেই মোটা লম্বা চিমনিওলা কেরোসিনের ডিবে জ্বালিয়ে একটা খাতায় কী লিখছিলেন। আমি জিজ্ঞেস করলাম, 'এখন কোনো ডাউন ট্রেন পাওয়া যাবে?'

অ্যাসিস্টান্ট স্টেশন মাস্টারের বয়েস অল্প। এত রাত্রে রসিকতো একজন ভদ্রলোককে পেয়ে একটু আলাপ করতে চাইলেন। বললেন, 'হ্যাঁ, আধঘণ্টার মধ্যেই ডি আর ডি ডাউন আসছে।'

—'ধন্যবাদ।'

অ্যাসিস্টান্ট স্টেশন মাস্টার আমার দিকে এক মুহূর্ত তাকিয়ে নিয়ে বললেন, 'বরযাত্রী বুঝি?'

আমিও হাসলাম। বললাম, 'আর বলবেন না। নাক-কানে খত আর কক্ষনো এ ধরনের অকস্মাৎ বরযাত্রী যাচ্ছি না।'

—'একাই ফিরছেন?'

—'কী করি। রাত কাটানোর ব্যাপারে দেখলাম কেউ কারো নয়। বরযাত্রীদের যার যেখানে চেনা-জানা ছিল তারা সেখানেই কেটে পড়ল। কাজেই আমাকেও নিজের পথ দেখতে হল।'

—'কোথায় যাবেন?'

—'আপাতত কলকাতা। তারপর যাহয়ত।' বলে হাওড়ার একটা টিকিট কেটে প্ল্যাটফর্মের বেঞ্চিতে গিয়ে বসলাম।

ঘণ্টা তাড়াতে তাড়াতে আর জমাদার নিশানাথের দিকে তাকাতে তাকাতে যখন অধৈর্য হয়ে উঠেছি তখন হঠাৎ পিছনে শুনলাম নারী-কণ্ঠ—

—'এখানে একটু বসতে পারি?'

চমকে উঠে পিছন ফিরে তাকাতেই দেখি এক মহিলা ঘোমটার ওপর

মুখোমুখি ছেলে ঝুঁকে পড়ে আমার অনুমতির অপেক্ষা করছে।

এত রাত্রে এইরকম একজন মহিলা যে এইভাবে আমার পাশে এসে বসবার জন্যে অনুমতি প্রার্থনা করতে পারে এ তো কল্পনাতীত ব্যাপার। আমি তাড়াতাড়ি তাঁকে বসতে বলে ভদ্রতা করে উঠে দাঁড়ালাম। খালি বেঞ্চির তো অভাব নেই। আমিই না হয় অন্য বেঞ্চিতে চলে যাই।

কিন্তু ভদ্রমহিলা সত্যিই ভদ্র। বেঞ্চিতে বসেই মিষ্টি গলায় বললেন, 'আপনি উঠছেন কেন? বসুন না।'

সে অনুরোধ সঙ্গে সঙ্গেই পালন করতে হল।

এতক্ষণে অন্ধকারেও মহিলাটিকে মোটামুটিভাবে দেখলাম। অল্প বয়েস, কিন্তু দীর্ঘাঙ্গী—যাকে বলে ছিপ ছিপে সেই রকম পাতলার ওপর গঠন। রঙটা শুভ্র। চুলের বড় নেই। এলোমেলো চুল, কোনো রকমে ছিলে বিনুনী বাঁধা। যেন কোনো ঘুমন্তবাড়ি থেকে এইমাত্র উঠে চলে এসেছেন।

মুটো মিনিট অন্ধকারেও কেটে গেল। একটা সিগ্‌রেটলাইটার আর একটা আর্টিস্টিক পার্স। দুটোই প্রমাণ করছিল মহিলাটি অবস্থাপন্ন ঘরের। আর সবকিছু ছাড়িয়ে একটা মনে হচ্ছিল যে তিনি এখানকার নন, নিশ্চয় কলকাতার কিংবা কাছাকাছি কোথাও থাকেন। কিন্তু বিবাহিতা কি কুমারী তা অন্ধকারে ঠিক বোঝা গেল না। আধুনিক বিবাহিতারা যে সব সময়ে শাঁখা সোহা পরেন তা তো নয়। সিঁদুরের সীঁথি রেখাটিও প্রায়ই সিঁথির গহনে আচ্ছাদন করে থাকে। তা ছাড়া খুঁটিয়ে দেখার উপায় নেই। যে কোনো কারণেই হোক কাপড় পরাটা কেমন বিসদৃশ।

এই সময়ে মহিলাটি মনিবঠাকুরানীর মতো জিজ্ঞেস করলেন, 'কলকাতা যাবার ট্রেন এখন আছে তো?'

—'আছে।'

—'কখন আসবে?'

—'আধঘণ্টার মধ্যেই।'

এই অন্ধকারেও মহিলাটি একবার রিস্টওয়াচটার উপর চোখ বুলিয়ে নিলেন।

এটুকু বুঝতে পেরেছিলাম মহিলাটি লাজুক নন। বয়স একটু বেশিই হবে।

আমি একটু নড়ে বসলাম।

—'আপনি কত দূরে যাবেন?'

তিনি আগের আলাপ সূত্র ধরে বললেন।

—'কলকাতা।'

—'আমিও কলকাতা যাব। তাহলেই হল একসঙ্গে যাওয়া যাবে।'

এ কথার আমি জোরাল অনুমোদন করলাম।

—'আপনি কোথা থেকে আসছেন?'

ভদ্রমহিলা এ কথার কোনো উত্তর না দিয়ে হঠাৎ খুব ব্যস্ত হয়ে ঝুঁকে পড়ে সিলভার দেখতে লাগলেন।

—'এখনো ট্রেন আসছে না কেন?'

আমি সান্ত্বনা দিয়ে বললাম, 'সময় হয়নি।'

—'সময় হয়নি মানে? সেই কখন বলেছিলেন আধঘণ্টা—'

খুব বেশিক্ষণ আগে বলিনি, বড়জোর মিনিট দশ হবে। যদিও এ. এস. এম. আমাকে বলেছিলেন তারও ঢের আগের।

—'একটু দেখুন না কাইন্ডলি, আর কত দেরি আছে?' ভদ্রমহিলা হঠাৎ যেন খুব ব্যস্ত হয়ে উঠলেন। রুমালে মুখ চেপে কাশলেন খানিক বার।

অগত্যা আমাকে উঠতে হল। আবার এ. এস. এম.-এর শরণাপন্ন হতে হল।

—'ভাই, আর কত দেরি?'

এ. এস. এম. হাসলেন।—'দেরি নেই। আসের স্টেশন ছেড়েছে।'

তারপর একটু থাটো গলায় বললেন, 'আপনার সঙ্গে যিনি রয়েছেন তিনি কি আপনার আত্মীয়া? জিজ্ঞেস করলাম বলে কিছু মনে করবেন না।'

সংক্ষিপ্ত আলাপ-কাহিনী আরও সংক্ষেপে বললাম।

এ. এস. এম. সব শুনে বললেন, 'ভদ্রমহিলাকে অনেকক্ষণ থেকেই দেখছি প্ল্যাটফর্মে ঘোরাঘুরি করছেন। কিছুক্ষণ আগে দেখলাম ঐ ফোর্থ-ক্লাস চায়ের দোকানে বসে দিব্যি চা খাচ্ছেন। কতকগুলো ছোকরাও ভিড় করে ছিল। আমার তেমন ভালো মনে হয় না ভদ্রমহিলাকে। নিশ্চয় কোনো উদ্দেশ্য নিয়ে ঘুরছেন। আপনি নিরীহ ভদ্রলোক বলে সাবধান করে দিলাম।'

মনটা খারাপ হয়ে গেল। খুব্‌ঝেই দেখ! কাজ নেই বেশি এগিয়ে। দেখে নারীঘটিত ব্যাপারে জড়িয়ে পড়ুন!

তবু সরে আসবার আগে ভদ্রমহিলাকে অন্তত ট্রেনের খবরটা দিয়ে যাওয়া কর্তব্য মনে করে কাছে যেতেই ভদ্রমহিলা ব্যস্ত হয়ে বলে উঠলেন—'আশ্চর্য লোক তো আপনি। কোথায় ছিলেন? ঐ দেখুন ট্রেনের আলো দেখা যাচ্ছে।'

কোথায় ছিলাম! নিজেই তো পাঠালে! মনে মনে বললাম, নাঃকামি করার আর জায়গা পাওনি? এই গরমে স্টাইল করে গলায় আবার মুফলারও বাঁধা হয়েছে!

ট্রেন এসে প্ল্যাটফর্মে ঢুকল। আমি তাড়াতাড়ি জন্য গাড়িতে সরে পড়তে যাচ্ছিলাম এমনি সময়ে ভদ্রমহিলা পাঞ্জাবি টেনে ধরে বললেন, 'আমায় ফেলে পালাচ্ছেন?'

অমর পাল (শতাব্দীর্ষাটি)

—'না, না, পালাব কেন? উঠে পড়ুন।'

—'আপনি আগে উঠুন।'

—'ওঃ কী মুশকিল! ট্রেন ছেড়ে দিচ্ছে—'

ট্রেন ছেড়ে দিল। খুব্‌জে ধাক্কা-ধাক্কি করে কোনো রকমে ভেতরে ঢুকে পড়লাম। সুখের বিষয়, ভিড় ছিল না। আমি তাঁকে একবার বসবার সামনে বসতে বাচ্ছিলাম ভদ্রমহিলা ব্যাকুল স্বরে বললেন, 'আপনি আমায় অমন এড়িয়ে চলতে চাইছেন কেন বলুন তো! আমিও তো একটা মানুষ—বাঘ নই।'

এমন চাঁচাছোলা কথাগুলো বললেন যে, গাড়িসুদ্ধ লোক চমকে উঠে তাকালো। তারা বিশেষ করে আমার দিকে এমন ভাবে চাইলো যে মনে হল আমিই গুরুতর অপরাধ করেছি।

অগত্যা ভালোমানুষটির মতো ভদ্রমহিলার পাশে ফিরে বসতে হল। পাশের যাত্রীটি তাড়াতাড়ি জায়গা ছেড়ে দিতে ইতস্তত করল না।

এতক্ষণে গাড়ির আলোয় ভদ্রমহিলাকে ভালো করে দেখলাম। পঁচিশ-ছাব্বিশ বছর বয়েস। অবিবাহিতা। সুন্দর দুটি চোখ—পরিশ্রমে ক্লান্তি, কিন্তু তবুও জ্বলছে। মুখের ভাবটি খুব মিষ্টি। কিন্তু কেমন যেন অজানা।

এই মেয়েকে কি বিশ্বাসেই তাঁরা যার খানিক চরিত্রের? তবু যে সন্দেহ হয় সেটা তার কাপড় ছাড়ার পরার শৈথিল্য দেখে। তাকালেই লজ্জায় চোখ নামিয়ে নিতে হয়। তবু তার যেন হুঁশ নেই।

আমি পাশে বসবার পরই ছেলেটি নিশ্চিন্ত হয়ে কাঠে মাথা ঠেকিয়ে আরামের দিকে তাকিয়ে চুপ করে গেল প্রথম। একটু পরে ঘুমের কাদল। গলায় একবার হাত বুলিয়ে নিয়ে তারা তারা গলায় বলল, 'জানলার কাঁচটা ফেলে দেবেন?'

এই গরমে—

ছেলেটি কাতরভাবে বলল, 'শিগ্‌গির, আমার গলায় ঠাণ্ডা লাগছে।'

অগত্যা কাঁচটা নামিয়ে দিতে হল। একটু পরে বলল, 'আচ্ছা, আজ-কালকার ছেলেমেয়েরা কেমন বলুন তো?'

যাঃ বাবা, হঠাৎ এ আবার কী প্রশ্ন! বললাম, 'মন্দ নয়।'

—'মন্দ নয়! কী বলছেন! আমার তো মনে হয় একেবারে যা-তা। কিছুক্ষণ আগে চায়ের দোকানে এমনভাবে আমার দিকে তাকিয়ে ছিল যেন আমি একটা সোনাইটি গার্ল! অথচ আমার বেশভূষা কি আমার মনের অবস্থা এটুকু বুঝতে পারে না?'

নাহ্, এটা তো ঠিক একটা খারাপ মেয়ের মতো কথা নয়।

বললাম, 'দেখুন, বাইরে থেকে দেখে মনের অবস্থা বোঝা খুব কঠিন ব্যাপার।'

—'কথখনো নয়।' মেয়েটি এবার জোরে উঠে বলল। 'মানুষের ভেতরে সহানুভূতি থাকলে মানুষ ঠিক মানুষের মুখ পড়তে পারে। আপনি আমার বুঝতে পারলেন কী করে?'

মনে মনে চমকে উঠলাম। আমি কি সত্যিই বুঝতে পেরেছি ওকে?

মেয়েটি বলল, 'আমিই যা আপনাকে বুঝতে পারলাম কী করে বলুন? নইলে হঠাৎ আপনার পাশে এসে বসতে পারি?'

মনে মনে পুলকিত হলাম। সাহস পেয়ে বললাম, কিন্তু আপনার মনের অবস্থাটা কি আমায় একটু স্পষ্ট করে বলবেন?'

মেয়েটি মাথা নাড়ল।—না। সে কথা আপনার কিছু লাভ নেই। আপনি যে দয়া করে আপনার সময়টুকু আমায় দিচ্ছেন এই যথেষ্ট। অমন অপরিচিত জায়গা-বন্ধুদের আশীর্বাদে আপনাকে হতে হবে না।'

বয়ে যে মজা! বুঝবেন, বুঝবেন। এমন কি নয় ঠিকমা কিছুই জানতে পারব না অথচ সঙ্গ দিয়ে যেতে হবে! রক্তিমার্ক নাকি?

বললাম, 'জানতে বাধাই বা কি? আপনি আমার পরিচয় জিজ্ঞেস করুন আমি এখনি বলে যাচ্ছি।'

মেয়েটি অলসে চারিদিকে ঘুর্ণায়মান লোকজনের দিকে একদৃষ্টে তাকিয়ে থেকে বলল, 'আপনার সঙ্গে অনেক তফাৎ আছে। সবচেয়ে বড়ো তফাৎ—আপনি এখন জীবন শুরু করছেন, আর আমি—'

এই পর্যন্ত বলেই উদ্গত চোখের জল সামলাবার জন্যে পাতলা ঠোঁটের ওপর দাঁতগুলি বসিয়ে কামড় লাগালো।

ঠিক এইরকম অবস্থাটা আমি একেবারেই কল্পনা করতে পারিনি। এতক্ষণ মেয়েটিকে মানুষের সঙ্গের পরীক্ষা-নিরীক্ষার জন্যে ঘিরে দেখছিলাম। কিন্তু জলভরা চোখে তার এই করুণ মুহূর্তে আমার দুর্বল করে দিল।

এমনি সময় মেয়েটি বলল, 'আপনিও তো কলকাতায় যাবেন?'

সে তো আগেই বলেছি। তবু বললাম, 'হ্যাঁ।'

—'কলকাতায় গিয়ে আমার একটু সাহায্য করতে পারবেন? মানে—যদিও কলকাতাতেই আমার জন্ম, অনেক দিন ছিলামও, তবু পথঘাট ভালো চিনি না। আমায় এক-জায়গায় পৌঁছে দিতে হবে।'

—'কোথায় বলুন।'

—'সে এখন থাক্। আমি ঠিকানার নাম বলব। সেখানে পৌঁছে দিলেই আমি ঘুমুতে যেতে পারব।' বলতে বলতে মেয়েটি হেসে উঠল। তারপর ওর চোখের উদ্গত জল টপ্ টপ্ করে গাল দিয়ে গড়িয়ে পড়ল।

—'আপনি আমায় আজ এত লুকোচ্ছেন কেন? বিশ্বাস করে সব কথা বলুন না।'

মেয়েটি এবার প্রায় ভগ্নকণ্ঠে মাথা নেড়ে বলল, 'না—না—কখখনো না। আপনাকে আমি আমার প্রাইভেট ব্যাপার বলতে যাব কেন? আপনি কে?'

—'ধরুন, আপনার কোনো হিতাকাঙ্ক্ষী বন্ধু।'

—'এত সহজে বন্ধু হওয়া যায় না।'

আমি বেপরোয়া হয়ে বললাম, 'কি হবে পরীক্ষা দিলে আপনার বন্ধু হতে পারি বলুন।'

মেয়েটি বিরক্ত হয়ে বলল, 'আপনি তো বড়ো খারে-পড়া লোক।'

আমি তবু নির্লজ্জের মতো হেসে বললাম, 'একটু আগেই না আপনি সহানুভূতির কথা বলছিলেন? আপনার ওপর আমার সেই সহানুভূতি আছে বলেই জিজ্ঞেস করছিলাম। ঠিক আছে, আপনি এখানে বসুন। আমি অন্য গাড়িতে যাচ্ছি' বলে উঠে দাঁড়াতেই মেয়েটি ব্যাকুলভাবে আমার হাত চেপে ধরে বলল, 'না, আমায় ফেলে যাবেন না। আমায় কলকাতায় পৌঁছে না দিলে আমি মরে যাব।'

অগত্যা বসতে হল। বললাম, 'আচ্ছা বেশী, সাঁতা যদি আমার সাহায্য চান—'

কথা শেষ হল না মেয়েটি কেন প্রচণ্ড ভয় পেয়ে বলল, 'আপনি কি পুলিসের লোক?'

বলেই উঠে পালিয়ে যাচ্ছিল, এবার আমিই হাত ধরে ফেললাম। বললাম, 'না।'

কিন্তু চোখ দুটোর অবস্থা দেখে মনে হল খাঁটি বলিনি। বললাম, 'বিশ্বাস করুন, আমি খুব সাধারণ লোক। সামান্য কারবারী হয়ে এসেছিলাম বারাসত থেকে। আমার এই আশ্বিনের পাঞ্জাবি, ভাঁজের দুটি দেখেই নিশ্চয় বুঝতে পারছেন। তা ছাড়া এই দেখুন—খিদের হাপা পথ।'

মেয়েটির যেন এবার একটু বিশ্বাস হল। কাঁদকাঁদ গলায় বলল, 'তা হলে আমার নাম জানলেন কী করে?'

আমি হেসে ওর গলার লকেটটার দিকে দৃষ্টি আকর্ষণ করলাম। এতক্ষণে মেয়েটি নিজের দেহের দিকে তাকালো। মুখটা লজ্জায় লাল হয়ে গেল।

আমি স্বাভাবিকভাবে বললাম, 'ভালো করে চেকে ঢুকে বসুন। ওপাশের বেঞ্চি থেকে আপনাকে লক্ষ্য করছে। বিশ্রী কাল তো ভালো নয়।'

এই সামান্য কথার কী যাদু ছিল জানি না। মেয়েটি তাড়াতাড়ি কাপড়টি ঠিক করে পড়ল। লকেটটা ঢুকিয়ে দিল ব্লাউজের ভেতরে। তার পর হঠাৎ যেন খুব ক্লান্ত হয়ে পড়েছে এইভাবে কাঠে মাথা রেখে চোখ বুজিয়ে রইল।

রাত তখন প্রায় তিনটে। বাইরে খোলা মাঠের ওপর কৃষ্ণচতুর্দশীর ঘোলাটে আলো। চারিদিক স্তব্ধ। ট্রেন তখন বেশ দ্রুত ধাবমানগতি ছেড়ে গেছে।

—'আপনার নাম তো বললেন না?'

ঘুম জড়ানো স্বরে মেয়েটি বলল বলল।

—'জিজ্ঞেস করেছিলেন কি?'

—'কৈ? জিজ্ঞেস? না, তা করিনি।'

—'আশ্চর্য। অদ্ভুত—'

—'আমি যাদুর। ঐটুকুতেই চলবে। বিয়ের সম্বন্ধ করছি না যে পদবী জানতে হবে।'

তারপর চোখ বুজিয়ে নামটা কয়েকবার বিড় বিড় করে আবৃত্তি করে নিল।

—'বারাসতে বাড়ি?'

—'হ্যাঁ।'

—'ওখানে ভদ্রা ডাক্তার আছে?'

—'ডাক্তার?'

—'হ্যাঁ। আচ্ছা থাক্। কলকাতায় গিয়ে আমিই খোঁজখবর করে নেব।'

জিজ্ঞেস করলাম, 'কার জন্যে ডাক্তার?'

মেয়েটি অস্ফুট স্বরে বলল, 'অসুখীর জন্যে।'

ভালো জবাব। আমি হাসব, না রাগব ঠিক বুঝতে পারলাম না। একটু বুঝলাম—এখনো অনেক কিছুই লুকোতে চায়।

গাড়িটা বোধ হয় ঝিকেলী পার হল। তাদের ওপর বেশ একটা টান অনুভব করতেই দেখি মেয়েটি অকাতরে ঘুমিয়ে পড়েছে, আর তার মাথাটা আমার কাঁধের ওপর ঝুলে পড়েছে।

এই গভীর রাতে যখন গাড়ির প্রায় সবগুলি লাইটগুলিই ঘুমিয়ে পড়েছে, তখন এমনি একটি মায়াবী যুবতী সান্নিধ্য খুব খারাপ লাগে না নিশ্চয়ই। কিন্তু হঠাৎ কেন কেন এ, এস, এস-এর সাবধান বাণী মনে পড়ল। হঠাৎ মনে হল পকেটমারার মতলব নেই তো? আজকাল তো মেয়ে পকেটমারও দেখা যায়।

এ কথা মনে হতেই আমি তাড়াতাড়ি খুব পকেট থেকে পার্সটা পাশের পকেটে সরিয়ে রাখলাম। কিন্তু তার স্পর্শ থেকে খুব যাবার জন্যে নেই একটু, সরে বসবার উপক্রম করতেই সঙ্গে সঙ্গে ঘুমের ঘোরে সে তান হাত দিয়ে গলাটা একেবারে জড়িয়ে ধরল। সে বন্ধন ঠেলে ফেলা এমন সাধ্য আমার ছিল না। ওর মুখ নাক চুল আমার মুখের ওপর ঢলে ঢলে পড়তে লাগল। পাশে জানিয়ে দিলে লজ্জায় অস্থির হয়ে পড়ে তাই বলা দিলাম না। সারা রাত সমস্ত পথ সেই ভাবেই বসে বসে কাটিয়ে দিলাম।

সকালবেলায় হাওড়া স্টেশনে নেমে জিজ্ঞেস করলাম, 'এবার কী করবেন?'

সে একবার ঘোলা হাওড়া স্টেশনটার ওপর অলস দৃষ্টি বুলিয়ে নিয়ে বলল, 'আপনি কী করবেন?'

বয়ে যে মজা! আমি কী করব।

বললাম, 'আপনি যে কোথায় যাবেন বলছিলেন?'

এতক্ষণে যেন স্মরণ হল। বলল, 'হ্যাঁ হ্যাঁ, হাজরা রোডের মোড়। চেনেন তো?'

—'চিনি বৈকি।'

—'তা হলে দয়া করে ঐখানে আমায় পৌঁছে দিন।'

আমি বললাম, 'ঠিক আছে। তার আগে চলুন একটু চা খেয়ে নিই।'

—'চলুন। কিন্তু আমার কাছে একটি পয়সাও নেই।'

আমি হেসে বললাম, 'থাক্, আমার কাছে আছে। ভাবনা নেই।'

মেয়েটির হঠাৎ যেন কী মনে পড়ল। বলল, 'দাঁড়ান, দাঁড়ান। চা খাবেন তো? কাপ্ট ক্লাস চা? চলুন এক জায়গায় নিয়ে যাই।'

এই বলে হন হন করে হাওড়া স্টেশন থেকে বেরিয়ে সোজা কলকাতার বাসে উঠে বসল।

—'কই আসুন।'

—'কোথায় যাচ্ছেন?'

—'কলেজ তো, ভালো চা খাওয়াতে ভোলাকাকার দোকানে। এই কলকাতায় যখন থাকতাম তখন ঐ দোকানে আমার মাসে একটা আকাউন্টই ছিল। কত দিনের—কত স্মৃতি—'

আলো উদাসভাবে একটা দীর্ঘশ্বাস ফেলল।

—'কিন্তু বলছি, আমার কাছে কিন্তু একটা নয়া পয়সাও নেই। বাসের টিকিট—'

—'ঠিক আছে। ওর জন্যে ভাবনা নেই।' কোথায় বারাসত আর কোথায় হাওড়া কলকাতা। কিসের টানে যে ভেসে চলেছি তা আমার ভাগ্যদেবতাই জানেন।

দোকানটি নিতান্তই সাধারণ। খানতিনেক বেঞ্চিপাতা। সামনে একটা

চৌকি। ছোট্ট পর্দার আড়ালে টুং টাং কাপ ডিস ধোওয়ার শব্দ। ওপাশে একটা টিনের চেয়ারে বসে চৌকির ওপর ঝুঁকে পড়ে হিসেব কষছেন বিপ্লবতার দোকানের মালিক।

অত্যন্ত পরিচিত বন্ধুবরের মতো বলা নেই কওয়া নেই, সোজা এগিয়ে গিয়ে কাচের জারের মধ্যে হাত ঢুকিয়ে দুটো বেক তুলে নিল। দোকানের মালিক হিসেবের খাতা থেকে একবার মুখ তুলে তাকাল। কিন্তু বলল না। তাকিয়েই রইল।

—'আলো দেবী!'

—'অয় দেবী-টেবী নয়। বাম ধরে ডাকুন।'

—'দোকানের মালিক কিন্তু মনে করছে না তো।'

—'ওমা মনে করবে কি? ও তো তোলাকরকা। আমার চিনতে পারছে না এইটেই বেশ মজা লাগছে।'

—'আপনি কি এই পাড়ায় থাকেন?'

আলো কেকে একটা কামড় দিয়ে বলল, 'হ্যাঁ। ঐ যে সেতেলা আম কাঁঠালের বাড়িটা দেখছেন। ওটাই আমার মামার বাড়ি। মামার বাড়িতেই আমি মানুষ। এখান থেকেই আমি হায়ার সেকেণ্ডারি পাস করি। তার পর—'

আলোর স্বরটা কেমন ঘোলা এল, মুখটা করুণ হয়ে উঠল।

—'তার পর কী হল বলুন।'

—'কী একটা সামান্য বিষয় নিয়ে মায়ের সঙ্গে মামার কড়া হয়ে গেল। মা আর মামার বাড়িতে থাকতে চাইল না। বেথুন বাড়িতে নিয়ে গেল। সেখান থেকেই বি. এ. পাস করে বর্ধমানে এম. এ. পড়ছিলাম। এমনি সময়ে—মা মরে গেল। সে যে কী কষ্ট মার মা মরেছে এক মার সে ছাড়া আর কেউ বুঝতে পারবে না।'

এই বলে আলো কেমন যেন উদাস দৃষ্টিতে বাইরের দিকে তাকিয়ে রইল।

আমি সহানুভূতি দেখাবার জন্যে আর কি বা বলতে পারি? মৃদু স্বরে অনুরোধ জানালাম—'আর এক কাপ চা খাবেন?'

—'না।' বলে পেয়ালায় শেষ চুমুক দিয়ে আবার স্বস্থ হয়ে হাসল।

পরিবেশটা হালকা করার জন্যে আমি বললাম, 'তা চা খাবার জন্যে এত দূরে আসার কারণ? এর চেয়ে তো অনেক ভালো চা ওর কাছে ছিল।'

আলো আপন মনে মাথাটা একটু দোলালো। বলল, 'ঐ দোকানটার সঙ্গে ছোটো বেলা থেকে আমার চেনা। এখানে বসে কত দিন চা খেয়েছি, বাড়ির জন্যে চা নিয়ে গিয়েছি। আর মামার বাড়িটাও শেষ বারের মতো দেখে নিলাম। ঐ যে খোই পরটা বেচছেন—ঐ ঘরে আমি পড়তাম।'

বলে কত বড়ো কেন একটা নিঃশ্বাস এইভাবে ছেলেমানুষের মতো চৌকিতে ওপর দু হাত রেখে ঝুঁকে পড়ে দেখতে লাগল।

—'দেখ বাবের মতো বাদ?'

আলো দীর্ঘশ্বাস ফেলে বলল, 'আমি আর বাঁচব না।'

—'কেন?'

—'আমার কঠিন রোগ হয়েছে। বাবা আমাকে দেখতে পারে না। আমাকে মেরে ফেলার জন্যেই একটা ব্রেনওয়াশ সেণ্টারে ফেলে রেখে গিয়েছিল। আমি পালিয়ে এসেছি।'

আমি শঙ্কিত। বাবা মেয়েকে দেখতে পারে নাই বা কেন, কেনই বা ও পালিয়ে এল? কী এমন রোগ?

আলো একটু হেসে বলল, 'আচ্ছা, বড়ো হাসপাতালে ভর্তি হতে পয়সা লাগে? আমার কাছে যে একটি পয়সাও নেই।'

অন্তর দিয়ে বললাম, 'তার জন্যে চিন্তা নেই। আমি তো আছি। কিন্তু আপনার রোগটা কি?'

ও কয়েকবার আমার চোখের দিকে দৃষ্টি অল্প অল্প ক্লান্তি করুণ চোখ মেলে ধরে বলল, 'ক্যানসার।'

—'ক্যানসার!'

আমি এত দূরে চমকে উঠলাম যে মনে হল এই মাত্র আমি আমার নড়ুলস্কোপ শুনলাম।

আলো শুকনো খসখসে গলায় বলল, 'হ্যাঁ, ব্লোট ক্যানসার। দেখছিলাম না সারা পথ আমি কাশতে কাশতে এসেছি। আমার মাথেরও হয়েছিল। বাবা চিকিৎসা করায় নি। মরে গেল। আমাকেও মেরে ফেলতে চাইছে। তাই পালিয়ে এসেছি। হাজার রোজের রোগে একটা হাসপাতাল আমে না?'

কিন্তু এ সব কথা আমার বোধ হয় ঠিক কানে যাচ্ছিল না। আমি তখন ভাবছিলাম এই হতভাগা মেয়েটির কথা। এই সুন্দর নিষ্পাপ মেয়েটা ছিলে ছিলে মরে যাবে! পৃথিবীতে এমন কোনো শক্তি নেই যে একে বাঁচাতে পারে? তার মানেই যদি যাবে তাহলে এক রাত্তিরের জন্যে এমন করে বিচ্ছি সম্পর্ক গড়ে উঠল কেন?

একটা দুঃসহ কষ্ট আমার গ্রাস করে ফেলল। আমি আর একটিও কথা বলতে পারছিলাম না। আলোও তার সেই অদ্ভুত দৃষ্টি চোখের সজল দৃষ্টি মেলে আমারই দিকে তাকিয়ে রয়েছে।

—'আমার জন্যে সত্যি আপনার দুঃখ হয়?'

আলোর দু চোখ এবার জল টলমল করে উঠল। 'বলুন—সত্যি করে বলুন, দুঃখ হয়?'

এমনি সময়ে হঠাৎ দোকানের মালিক কাকে যেন সঙ্গে নিয়ে ঢুকল। একেবারে আলোর সামনে এসে দাঁড়াল। তাকে দেখেই আলো চিৎকার করে উঠল, 'না—আমি যাব না। কিছুতেই যাব না—'

কিন্তু কেউ তার কথা শুনল না। দোকানের মালিক—আলোর জেঠা-কাকা—আর সেই ভদ্রলোক দুজনে তাকে জোর করে ধরে নিয়ে চলল। সঙ্গে আমাকেও যেতে হল।

আল কালারের সেই সোতলা বাড়ির বাইরের ঘরে সোফায় বসিয়ে আলোর মামা আমার কাছ থেকে সব ঘটনা শুনলেন। তার পর আমার কানাবাস দিয়ে বললেন, 'আমি আপনার সঙ্গে ছিল। তেমন বদমায়েস লোক হলে কোথায় ভুলিয়ে নিয়ে যেত! মেয়েটার তো মাথার গোলমাল।'

আমি চমকে উঠে বললাম, 'মাথার গোলমাল!'

ভদ্রলোক বললেন, হ্যাঁ, ওর মা—মানে আমার বোন—মারা যাবার পর শক্ পেয়ে ও যেন কি রকম হয়ে গেছে। কেবল বাড়ি থেকে পালিয়ে যায়। এখন ওর ধারণা হয়েছে ওর নাকি ক্যানসার হয়েছে।'

আমার দু চোখ খুশিতে উজ্জ্বল হয়ে উঠল। বললাম, 'তা হলে সত্যি ক্যানসার হয় নি?'

—'নাহ্ না। অম্বুবিধে নেই—ওর ডেনটা একটু খেয়ে গেলেন, আর ঠিক ওখানেই আপনি ওকে এসে ধরেছেন। আমি এখনি ওর ডাক্তারকে টেলিগ্রাম করে দিচ্ছি।'

আমি কী যেন বলতে যাচ্ছিলাম, এমনি সময়ে ভিতরের কোনো ঘর থেকে বর্ষীয়সী মহিলার আর্তকণ্ঠস্বর শোনা গেল—'অলোকবাবু—'

সেই আর্তস্বরে আমি চমকে উঠে দাঁড়ালাম। ভদ্রলোক তাড়াতাড়ি গিয়ে সশব্দে ভিতরের দরজাটা বন্ধ করে দিলেন। তারপর ফিসফাস করে বললেন, 'আচ্ছা, বনবাস।'

অর্থাৎ এবার আমি যেন বিদায় নিই।

বেরিয়ে এলাম। মনটা কেমন শূন্য হয়ে গেল। মনে হল হঠাৎ যেন আমার দেহের খানিকটা রক্ত কোথায় চলে এসেছি।

তবু তো আলো বেঁচে থাকবে।—মনে মনে সান্ত্বনা খুঁজি।

কিন্তু পরক্ষণেই মনে হল, এই একটু আগে পর্যন্ত আলোর কাছ থেকে যা কিছু শুনেছি তা কি সবই বিকৃত মানসিকতার উচ্ছ্বাস?

শেষ



এ. কানন

# মরুভূমি, মরীচিকা, এইই সব...

## বুদ্ধদেব গুহ

এ চিঠি তুমি পড়বে না, তা জানি। সব চিঠি তো পড়ে না মানুষ, সব চিঠি লেখেও না। দীপও যা লেখে, তো তাকে লেখ না। প্রত্যেকের বুকের মধ্যেই কত চিঠি জমে ওঠে, কত চিঠি ছিঁড়ে যায়, দলা পাকিয়ে হয়ে ওঠে ওয়েস্ট-পেপার বাস্কেটে; তবুও চিঠি না লিখে পারে ওই মানুষ?

চিঠি লেখে, কারণ মুখে সব কথা বলা যায় না, বলা হয়ে ওঠে না। সবাই ভাল কথা বলতে পারে না। আমি ও পারিই না। বলা পরে, চাওয়াও সব কথা বলে না মুখোমুখি, কারণ কথা বলতে বলতে চোখ জলে ওরে আসে, কথা বলতে গেলে নাটকীয়তার সৃষ্টি হয়, যে-কথা বলা হয় বটে, সে-কথা তার মন না ছুঁয়ে হাওয়ায় উড়ে যায়।

চিঠির মস্ত সুবিধে এই-ই যে, একবারে মনে না হলেও একাধিকবারে পড়লে যা অস্পষ্ট ছিল তা স্পষ্ট হয়ে ওঠে, যা ছিল প্রচ্ছন্ন, তা প্রকাশ হয়।

তোমার সঙ্গে এতদিন পর মুখোমুখি বসে কথা বলা হবে জানিনি। বেশী বলবই বা কি এখন?

সারাদিনের ক্লেদের মধ্যে আমার নিজস্ব-বাস বাস আলোতে দাঁড়িয়েছিল। তোমার নিজস্ব-বাস দাঁড়িয়েছিল বড়ো রোডের অন্যপারে উল্টোদিকে। আমি ছিলাম ডানদিকের জানালার, আমার বাসে। তুমি বাঁ দিকের জানালার, তোমার বাসে।

কতদিন তোমাকে দেখিনি।

মুহূর্তে-দেখা গাড়ির স্রোত নিশ্চিন্ত অন্যমনস্কতায়, হঠাৎই লাল আলো জ্বললে স্রোত হারিয়ে যেতে সম্বিতে।

হু-হু করে বাস দুটো চলে গেল: দুদিকে।

আমি একদিকে; তুমি অন্যদিকে।

তাহলে চিরদিনই তুমি আমার বিপরীতেই গেছ। কখনও আমার দিকে আসোনি, আসবে যাওনি। আমার দিকে যদি থাকতে তুমি, এগিয়ে আসবে পিছিয়ে, তবে কখনও না ভাবতেও পারতাম যে, কোনোদিন বলতে পারব তোমায় অথবা তুমি ধরতে পারবে আমায়; এগিয়ে অথবা পিছিয়ে এসে। কিন্তু আমরা দুজনেই বিপরীত দিকে চলেছিলাম ও চলেছি। যতই চলেছি, ততই দূরের, ভুল-বোঝাবুঝি, সব-কিছুই ক্রমাগত বেড়ে গেছে।

তুমি আজ আমার কাছ থেকে কত-দূরে চলে গেছ। আমার দুঃখে, আমার বঞ্চনায়, আমার এই অসীম বেদনাময় একাকীত্বে তোমার আজকে কিছু-মাত্রও করুণার নেই। যদিও যা-কিছু আমি হারিয়েছি জীবনে তার মূলে তুমিই।

একজনকে লেখকের অনুপ্রেরণা করতে গিয়ে, একজন জলীক স্বপ্ন-চারিণীকে কল্পনার আশ্রয়ে জীবন্ত করে তুলতে গিয়ে, যা-কিছু সত্য ছিল জীবনে, ছিল সহজ প্রত্যাশিত সুখের: যা-কিছু আমারই ছিল

একার, তার সব কিছুকেই হারিয়েছি আমি।

এরে আমার কোনো ক্ষোভ নেই, কারণ আমার জন্যে কখনও আন্তরিকতার অভাব ছিল না। অথবা অন্যভাবে বলতে গেলে যা-কিছু জীবনে হারিয়েছি তা নিজের দোষেই যে হারিয়েছি এই কথা স্বীকার করার মত সততা আমার চিরদিনই ছিল।

জীবনে আজ অবধি অনেক দুঃখ পেয়েছি, জানি, বেঁচে থাকলেই দুঃখ, আরো বেঁচে থাকলে আরো অনেক দুঃখ হয়ত পাবো, সে জন্যে প্রস্তুত না থাকলেও অপ্রস্তুত নেই।

কিন্তু আমার হাত থেকে কোনো দুঃখ তুমি পাওনি। যা-পেয়েছ, তা অন্যের হাত থেকে; অন্যের কারণে। আমি দায়ী নই তোমার কোনো দুঃখের জন্যেই। কখনও আমার প্রতি আন্তরিক ছিলে না তুমি। যা-কিছু পেয়েছ আমার কাছ থেকে, তাতে তোমার সহজ অধিকার ছিল বলেই তুমি বিশ্বাস করে এসেছ। জীবনে না-চাইতেই যা পাওয়া যায়, যে-পাওয়ার জন্যে কোনো মূল্য দিতে হয় না, সে যত-বড় পাওয়াই হোক না কেন, কখনোই তার দাম বোঝে না প্রাপক। সে-কারণেই আমার কোনো দাম ছিলো না কখনও তোমার কাছে। তুমি আমার ভালোবাসার অধিকারিণী হয়েছ, ভাই বৃষ্টির মত। কিস্‌কিস্ করে সেই বৃষ্টি তোমার মনের অনাচ-কানাচ ভরিয়ে তুলেছে তৎক্ষণ—বর্ষণই তুমি আমার জন্যে সারাক্ষণ মেঘে এসেছ। তারপরই বাড়ি দিয়ে তোমার নিঃস্পৃহ সুখের ঘরে, তোমার সুনাম, তোমার স্বার্থপরতা, তোমার কাণ্ডজ্ঞান ও পরিমার্জনার আলমারী খুলে সাবধানতার নক্সা তোমাদের বের করে সেই ভালোবাসা একটুও নেরী-না-করে মুছে ফেলে তুমি। তুমি আমার সঙ্গে ভালোবাসা-ভালোবাসা খেলেছ। চালাকি মত শব্দ-আসনে আসীন থেকে আমার ভালোবাসার নৈবেদ্য নিয়েছ চিরদিন। তারপর, বাকীর পাতা দিতে দিতে যখন আমার সব কিছু একে একে শূন্য হয়ে গেছে, যখন আমি ঘরে-বাইরে, মনে-শরীরে সম্পূর্ণ রিক্ত, অসহায়, নেটোলিয়া হয়ে গেছি, ঠিক তখনই আমাকে নাটকের সামনে দিয়ে অন্তর্ধানের, উপেক্ষার ধুলো উড়িয়ে তোমার সালোকিক নিটোল বৃষ্টির মধ্যে বুড়োটা ব্রহ্ম চেড়ে তুমি চলে গেছ। আমি ডেকেছি, হাত নেড়েছি, কেঁদেছি তোমার জন্যে; তবু তুমি আমাকে চিনতে পর্যন্ত পারোনি।

আর কেউই না জানুক, তুমি অন্তত জানতে যে তুমি আর কিছু না হলেও আমার বন্ধু ছিলে। হয়ত আমার একমাত্র বন্ধু। তোমার মত বন্ধু আমার আর কেউই ছিলো না। আমার মনের কথা, মনের অনুভূতি, ভালোবাসা, মনের গায়ে-পায়ে ঘুরে-ফেরার, মনের ভেজা-বৃষ্টির সব কথা আমি একমাত্র তোমাকেই বলতাম। মনে দুঃখ হলে ছোট্ট ছেলের মত তোমার কাছে ছুটে যেতাম। তোমার মুখে সুখী হতাম, তোমার দুঃখে দুঃখী। তোমাকে কষ্ট পেতে দেখলে, সে যে-কষ্টই হোক না-কেন আমার চোখ জলে ভরে আসত। তোমাকে সুখী করার, সুখী-দেখার জন্যে আমি কী না করতাম, কী-ই বা করতে পারতাম!

সেই আমি, আমার পরম দুর্দিনে, এই নির্বান্ধব, স্বজনহীন শীতার্ত পৃথিবীতে, এই ভুল-বোঝাবুঝির, আত্মমগ্নতা, কপটতার, স্বার্থপর পৃথিবীতে যখন একেবারেই অসহায় হয়ে পড়েছিলাম, তখন সবচেয়ে আগে আমার তোমার কথাই মনে পড়েছিল। তোমার কাছে একটু, স্নেহে ঢেকে-ছিলাম, তোমার সমবেদনা একটু, চুপ করে বসে থেকে নিজের অশান্ত মনকে শান্ত করতে চেয়েছিলাম। সোমন তোমাকে আমার বড় প্রয়োজন ছিল। তোমাকে ডেকেছিলাম বড় বিপদে পড়ে, সমস্ত অন্তর দিয়ে, কি করব, কি আমার করা উচিত তা আমি বুঝে উঠতে পারিনি—তাই-ই তোমার কাছে যেতে চেয়েছিলাম একবার।

বড় দুর্দিনে পড়ে তোমাকে প্রয়োজন হয়েছিল আমার। অথচ তুমি কেমন সহজ বাহানাতে আমাকে সরিয়ে দিলে। ফিরিয়ে দিলে আমার, আমার একমাত্র বন্ধু, আমার পরম প্রিয়।

সেদিনকার ব্যবহার তোমার, আমার মনের জগতের একটা জানালা খুলে দিল। যে-জানালা আমি নিজেই কুড়ুল এঁটে বন্ধ করে রেখেছিলাম। সে-জানালা হচ্ছে বাস্তবের জানালা।

সেই জানালার রোদ পড়েনি কখনও, ঘর সামনে পাখি ডাকেনি, ফুল ফোটেনি, যে-জানালায় জন্মদুলাল খণ্ডিতকে আমি চিরদিনই উপেক্ষা করে এসেছিলাম আমার অন্তর্হীন ছেলেমানুষীতে, আমার রোমান্সসেবী রোমান্টিকতায় জীবনকর।

লোকে চেয়ে আঙুল দিয়ে দেখতে চাইলেও বেখানি। বলেছি, না! না! আমার ভালোবাসার জন কি এতই নীচ, এতই ঘৃণ্যজীব, এত ছোট হতে পারে? আমার মত করে সর্বস্ব-হারিয়ে কি সবাই ভালোবাসতে পারে? আমি যদি এত ধরণীতলে তাকে ভালোবেসে থাকি তা হলে সে কি আমার ভালোবাসার যোগ্য হবে না? কখনও কি হবে না? সেও কি অন্য দশজন সাধারণ মেয়ের মতই নিজেকে সাধারণের চৌকাঠেই বাঁধিয়ে রাখবে?

ভাবতে পারিনি, ভাবিনি কখনও যে, তুমি, এমন কি তুমিও আমাকে ঠকাবে।

তোমাকে ঘিরে আমার অনেক বিশ্বাস গড়ে উঠেছিল। অনেকগুলো ধরণীতলে বিশ্বাস। যে-সব বিশ্বাসের নির্ভরতা ও কাঠামোর উপর মানুষের বাঁচা-মরা, পাপ-পুণ্য, বাস্তু-অনাস্থার নির্ভরশীল। তোমাকে আমি অনন্তকাল ধরণীতলে বিশ্বাস করতে আরম্ভ করেছিলাম যে, তুমি কখনো চলেই যাবে, যেন-তেন ভালোবাসলে ভালো-বাসা পাওয়াই যায় যত্নেছে। ভেবে-ছিলাম, আমার চাওয়ার যদি কোনো খাদ না থাকে, তাহলে পাওয়াতেই বা খাদ থাকবে কেন? পাওয়াও তা হবে নিটোল মুক্তোর মত।

এ সব অনেক ভেবেছিলাম। অনেক ভেবে-চিন্তে, অনেক অনেক রাত চিন্তা করে নিজেকে বড় সৌভাগ্যবান বলে মনে করেছিলাম। নিজেকে বুঝিয়ে-ছিলাম, তুমি হয়ত ভালোবাসো আমাকে তোমার মত করে। তোমার এক বিশেষ ধরণের ভালোবাসায়। বুঝিয়েছিলাম, সব যা সকলের ভালো-বাসার প্রকাশ ঠিক এক হওয়ার নয়।

তুমি শরীরে কখনও বিশ্বাস করোনি, বলেছ, শরীর নোংরা, বলেছ, ভালোবাসার মতো শরীর এসে ভালো-বাসার শুচিতা ধরে নষ্ট হয়ে। আমি সে কথা মানিনি, আজও মানি না; তবুও তোমার মত করেই, তোমার প্রকৃতির নিয়মের মতো তোমাকে রেখে আমার অনেক অভ্রান্তির মধ্যেও আমি সুখী ছিলাম। যে-ভাবেই হোক, তোমাকে প্রকাশিত, প্রস্ফুটিত দেখেই সুখী ছিলাম। মনে মনে তোমাকে দেখতে পেলেই সুখী ছিলাম।

শরীরের কথা আমি মানিনি। আমি বিশ্বাস করিনি বা করি না, যে শরীর নোংরা। শরীরকে মন্দিরের মত ভেবেছি। মনে হয়েছে, ভেবেছি, শরীর ভালো-বাসতে পারে, জীবনের যা সত্যের ধর্মী যা পরম-ধন সেই মন্ত্রই যদি কেউ কানের নিচে পরে, সেখানে শরীরের মন বড়টুকু; তা!

তোমাদের নিজেদের কাছে তোমাদের শরীরের মন কলঙ্কিত নয়। তবুও, অন্যদের কাছে তা অনেকখানি। চমকিত এমন করেই বানিয়েছেন আমাদের। তবে যে-সে শরীরে আমি কখনও বিশ্বাস করিনি। করেছি, শুধু ভালোবাসার শরীরে। যে-মনে বার বার ভালোবেসে দেখি, যে-মনের সুবাসিত হয়েছি, যে-ভালোবাসার চিরদিন অনুগত হয়েছি, সেই মনের যে আধার সেই শরীরে—মন্দিরের মত সুগন্ধি শরীরে ঘেরে—বড় ইচ্ছে করেছে। মনে হয়েছে, তোমার শরীর দেখে জানা হবে যে, আমারই মত তোমারও কিছু মনের সেই অন্ধকার। এই জানাটা অবশ্যকর্তব্য জন, যার মনের ভালোবাসাটা সত্যকর্তব্য। সত্যকর্তব্য চলোবাসার অংশটাই অবশ্যকর্তব্য ভালোবাসাতে। ভেবেছি!

তুমি শরীর মানোনি, ভেবে না; মেনে নিয়েছি বহুদিন। এই জন্যে তোমাকে ভুল বুঝিনি।

আমি এক উজবুক উট। যে তাঁতী-ঘাট চিরিয়ে ভেবে, তাঁতী বেরুবে, তত ফুসিয়ে শরীরের থেকের উপর ছয়ের অক্ষরে অবশ্য-রেখা চিহ্নিত মাইলের পর মাইল বই-গোটা বালি পেরিয়েছে ধরণের পর ধরণ। বহুমান সে আজও পারানি। ঘাবে মরে, কাঁচি

কালীপদ পাত্রক

আমি; সবে-এল-অঙ্কে-ওঠা তোমার বুকের সান্নিধ্যের সুখের, কি প্রচণ্ড তোমার ভীরুর পায়ের সুখে চিন্তে চিন্তে মধুমাসের খেয়াল দেখেছ।

তোমার সুখের রাত্রগুলি পার, ঠাকুর পার; আমি তোমাকে দেখেছি।

কিন্তু খাঁচার সন্তান। এক এক জনকে, বলতে বাতাসের মত। সেই বাতাসে মধুমাসের কিল্‌বিল্‌-নীল কিল্‌বিল্‌-জল, ডানা ঝোড়ের গন্ধ, রেণুহীন সাকীর আমলী হতে-চলা সুরার ঝাঁজ পেয়েছি। কিন্তু তোমাকে, সম্পূর্ণ তোমাকে, তোমার অবশ্য সন্তান, তোমার পরীক্ষে-ঘনে কখনও, এক মুহূর্তের জন্যেও বুকের মধ্যে পাইনি। জেনেছি যে, পাবো না কখনও।

তবুও যেন বিশ্বাস। কুয়াশার মত ঠাণ্ডা হয়ে কাজ করেছিলাম। তোমাকে অনেকবার অপরাহ্নে দুজনে অপরূপ, অনন্তকাল, চিলেকা, অবহেলার সুখে ছেয়ে নিয়ে তেতেরে পা-ঝাড়িয়ে বসে মুখোমুখি, গরাদ্‌-ধরাদ্‌ ভাব কাটিয়ে কাঁচা-লঙ্কা কাঁচা-পেঁয়াজ দিয়ে। এত অপরূপ, এত শান্তি, সবই তোমার জন্যে। অথচ তবু সবই সরে যেতেন। মনে নির্ভাবিলাম যে, আমার জীবন এ রকমই; এইটুকুই। এ জীবনে এর চেয়ে বেশী কিছু চাইবার নেই; পাওয়ারও নেই। আর এমন আমার প্রাপ্তি বড় কম ছিল আগে, তা হাতের বাওয়ার কথা মুহূর্তেরও ভাবতে পারতাম না। ভাবতে পারতাম না এইটুকুও হারিয়ে গেলে কি হবে, কেমন করে বাঁচব?

কিন্তু এখন পারি।

বাঁচতে যে হবেই এমন কোনো কথা নেই। এমন মানুষ বিরিয়ে আমিনি পৃথিবীতলে যে, আমার যে-ভাবেই হোক বেঁচে থাকতেই হবে।

আমি এমন কেউ নই যে আর কোন মানুষ হয়-এল করবে আমার জন্যে, অথবা আকাশ ঘটে যেতে-চলা দুর্ঘটনা হবে আমার। বরং দুর্ঘটনার নিশ্চয়ই তোমার অভাবে।

আমার মত লোকের এখানে থাকার তেমন কোনোই সার্থকতা নেই। পৃথিবীটা আজ, বিশ্বাসঘাতী মুখোশ-পরা মানুষের জন্যেই তৈরী। এমনি কাঁটালে মত এখানের ঘাটে ঘাটে ভিড়-বিরি বিকাতে পারি পারি করবে। ঘুরে ঘুরে, ঘুটে ঘুটে খেয়ে বাঁচবে, মানুষকে উঁচে আসমানী ফুলে দু-লক্ষ টাকার বাণিজ্য ফুলে হিসেব করতে হবে। আর আমি মানুষে আমার মত টুকরো মানুষকে।

## ২২৪

সত্য মনে তোমাকে স্মরণ করেছি। বহুদিন পর। হয়ত তোমাকে বহুদিন বোধি না, দেখতে পাই না বলেই; বেলায়। স্মরণ তুমি ও আমার কথা খুব স্পষ্টই। সবচেয়ে সুখের স্মরণ।

সকালবেলা। সেদিন কি ছুটি ছিল? স্মরণ বেলার সবদিনই ছুটি। হয়ত ছুটি ছিল।

তুমি কি যেন গল্প করছিলে, গল্প করতে করতে আমার সঙ্গে কথা বলছিলে চুক্‌-চাক্‌।

আমি বার বার বলছিলাম যে, গল্প পরে হোক্‌গে, এখন আমি এসেছি, একটু আমার সামনে বোসো, গল্প করো।

তুমি হাসলে ওখর থেকে, বললে চক্ষুদুটী ছুটি নিয়েছে, গল্প না করলে পাবো কি? আমার ঘর কি খাবে? কোনো ফোর্ট-ফুটে আসবে বাঁধলে ছেড়ে ক্লান্ত হয়ে।

আমি শুধোলাম, আজ ত ছুটি!

তুমি বললে, ছুটির দিনও কাজ ওর। লাঞ্চের সময় ফিরে আসবে।

আমি চুপ করে রইলাম। তোমার মুখের হতে যে তুমি গল্পও করতে পারো এ কথা ভেবেই ভাল লাগছে লাগল। তুমি ত কিছুই গল্প জানতে না, কি করে জানলে? ভাবছিলাম, মনে মনে।

বললাম, কি গল্প করব?

তুমি বললে, ছুটির দিন। ও এক-দিনই বাড়িতে থাকে দুপুরে। তাই ইলিশমাছের ঝোল করেছি, কাঁচা-লঙ্কা কচলোজিয়ে দিয়ে, ইলিশমাছের পাতা-চচ্চড়ি, আর ইলিশমাছের ঝৈ।

তারপরই বললে, খাবেন এখানে? খেয়ে যান না?

ভর্ৎসনায়, তোমার হতে আমার ভাত নেই এ জন্যে। তোমার ভাত লোকিকদের জন্যে। এ ভাত তুমি ছড়াওনি; ছড়বে না কখনও আমার মত কঙ্গলা কুর্সিত পাঁচকাককে। নির্বিবাদে এক বেলা খেয়ে কি হবে? আমি ত চিরদিনই খেতে চেয়েছিলাম।

বললাম, যাব।

তুমি ওখর থেকে বললে, কেন না? না কেন? যা কখন চাইবে না, না? কখনও কথা শোনেন না আপনি, কেনো অনুরোধই রাখেন না। আপনি ভীষণ অসভ্য।

জানি ত। আমি বললাম।

ও ঘর থেকে ইলিশমাছের গন্ধ ভেসে এল।

তারপরই বললাম, তোমার কথা আমি খুব তোমাকে দেখতে, তোমার কাছে একটু বসে থাকতে। কখন একে-ওকারে না-এসে-পারা না তখনই আসি। খুব তখনই। শহরে তোমার কাছে এসে তোমাকে বিরক্ত বা বিরক্ত করতে চাই না কখনও। আমি জানি, আমি এলে তোমার অনেক অসুবিধা হয়। তবুও আমি যখন, তখন জেনো যে না-এসে পারিনি। তোমার কাছ থেকে আমি না। শেষটায় ফিরে নিয়ে যেতে পারি এমন অনেক জোর আছে আমার। বুকের ফিরে যেতেও পারে এমন জোরই নেই।

তুমি বললে, তা হলে কি? আপনি চিরদিনই অপরের নিজের ইচ্ছা নিয়েই থাকলেন, নিজের মত গড়লেন অন্যের উপর, নিজেকেই ভালোবাসলেন খুব।

আমি বাধিত কথার ঠোক তুলে খুবেলাম, কেন? আমি কি অন্য কাউকে ভালোবাসিনি? খুব নিজেকেই কি ভালোবেসেছি চিরদিন?

তুমি হাত-টাত ধুয়ে এ ঘরে এলে। এসেই হাসলে। বললে, তা বলতে চাইনি। হয়ত ভালোবেসেছেন অনেককেও, কিন্তু অন্য কাউকে ভালোবাসার সুযোগ দেননি কখনও। আপনি খুব নিজেই জানেন, কিছু-মাত্র নিতে জানেন না। যে নেয়, তার চেয়ে অনেক বড়, যে নেয়; যে নিতে জানে। যা-কিছু পেলেন এ জীবনে তার সব কিছুই 'এ নয়', 'ও নয়' করে ফেলে দিলেন। আপনি নিজেকেই বোঝেন না, অন্যকে কি করে বুঝবেন!

আমি উত্তর না দিয়ে চুপ করে রইলাম অনেকক্ষণ। ভাবছিলাম, নিজেকে সত্যিই কি বুঝি না আমি?

তুমি আবার সামনে এসে বসলে। বোধ, ঘরে তোমার চুল, কপাল, গলা, ব্লাউজ ভিজে গেছে। মুখ লাল হয়ে গেছে গরমে। কানের লতির কাছে ঘামে ভেজে আছে অল্প।

আমি বললাম, ইলশ্‌ এখন যেমন কেন?

তুমি বললে, ও কিছু না।

আমি বললাম, না, না, এমন অস্বাভাবিক ঘামা ত ভাল নয়।

তুমি বললে, আলাদা ফ্যান না থাকলে রান্না করা যায় না। বড় হাওয়া আসে, তাই খেয়াল একটু। এই ত গরমের নষ্টছ আসছে; এখনি শুকিয়ে যাবে।

আমি তাকিয়ে থেকেছি তোমার চোখের কোণে আর, তোমার চোখের পাতায় যায়।

আমার বড় কষ্ট হল।

তুমি চুপ করে বসেছিলে আমার মুখোমুখি বেলার বিয়ে। ঠোঁটের কোণায় একটু হাসি মাখিয়ে।

তোমার জন্যে আমার এমন যে-প্রতিমার, অনাবিলের ও নিষ্পাপ-ভবীর মায়া মায়া নিয়ে তুমি চিরদিনই এমনি আছিলে ও এইটুকু হাসি হেসেছ। তবু, তোমাকে হাসলে ভারী ভাল দেখি আমি। তোমার কথার নাম আলো-কথা মুখের ফুল, গালি-ফলা, গালি-ঘাস—সব মিলিয়ে এমন একটা বিজয়ী ঔদাসীন্য আমি আর কারো মধ্যে দেখিনি কখনও।

তুমি হাসি মুখে মুখ নামিয়ে হেসে দিকে চেয়েছিলে।

আমি ভাবছিলাম, তোমাকে ভালবেসে আমার যে এই কষ্ট এর ত তোমার কোন দোষ নেই। আমি তোমার কেউই নই; হয়েও না কেউ কোনো-দিনও, তবু তোমার কষ্ট দেখলে, সামান্য কষ্ট দেখলেই আমার এত কষ্ট হয় কেন?

এর নামই কি ভালোবাসা? স্বার্থ-হীন, উদ্দেশ্যহীনভাবে অন্যজনের জন্যে ভাবা; তার সুখে সুখিত হওয়া, তার দুঃখে দুঃখিত হওয়া নামই কি ভালোবাসা? ভালোবাসা মনে মনে খুব খুবই, তবে মানুষ ভালোবাসে কেন? আমি তোমাকে ভালোবাসলাম কেন?

এই জন্যেই কি ভালোবাসলে মানুষ নিজের চেয়ে এত বড় হয়ে যায়? নিজেকে ছাপিয়ে উঠে, নিজের মনের অনেক-কালের ভাবিয়ে ঘিরে অন্য মনে সমস্ত মনের মঙ্গল কামনা নিয়ে আপন স্বার্থহীনতার উপরে যায়? এই যদি ভালোবাসা—ভালোবাসা মনে যদি চোখের জল, বুকের কষ্ট, তাহলে এর জন্যে এত যন্ত্রণা, এত শান্তি, এত বিরহের কেন?

তুমি তখনও হাসছিলে।

আমি হঠাৎ মুখ তুলে বললাম, হাসছ কেন?

তুমি বললে, আপনি বড় ছেলে-মানুষ। কাউকে খুশি করলে ভাল লাগে। ভালবাসা করতে দেখেননি আপনি? এ যেন উনুনে রান্না করে অন্য ঘরে না এখন রান্নাঘরের কে আছে?

তারপর বললে, খাবে কি খাবে, না কষ্ট থাকে? মনে মনে একটু-আধটু কষ্ট থাকে বলেই ত জীবনটা এত সুন্দর।

তোমার চোখে জীবনটা খুব সুন্দর, না? আমি শুধোলাম।

হাঁ—হাঁ। তুমি বললে। আমি আমার জীবনকে ভীষণ ভালবাসি।

—আমি ভালোবাসি না। বললাম।

—কেন যে বাসেন না, আমি না তা!

তোমার জন্যে, তোমার কারণে, তোমাকে ভালোবাসার অপরাধে অপরাধী হয়ে ত এ জীবনে বারম্বারই পরীক্ষার্থীর হয়ে আছি। ভালোবাসা যদি ছাড়ল কোথায়? জীবনকে ভালোবাসার মত কিছুই যে দেখি না।

মনে মনে ভাবছিলাম পরের আগে আগে কথা, তোমাদের তার নিজের জন্যেই জীবনকে ভালোবাসা উচিত। জীবন কী এক বস্তুর মিলিয়ে। ভালবাসা কী এক আশ্চর্য ধন। জীবন তো একটাই। আর আর কি আছে জীবন?

অন্য কেনো মানুষ বা মানুষীর উপর নির্ভর করে বেঁচে থাকার দরকার কি? অন্যকে নিজের চেয়ে বেশী ইম্পর্টান্স দেয়ার মূর্খামি। আমি নিজে আছি, তাই পৃথিবী আছে। আমার চাওয়া, আমার পাওয়া, আমার পরিধি ও মনের খুশী এই নিয়েই পৃথিবী। আমার সুখ আমার মিনিয়ে নিতে হবে। সুখ কেউ কাউকে দেয় না, নিতে পারে না।

পরের মোহের সঙ্গে কথা, কেউ ভালোবাসল না বলে, যা চাইলাম তা দিল না বলে, পা-ছড়িয়ে মাথা কাঁদতে বসে আমি তাদের দলে নই। যে দিল না, সে না-দিল, সে আমাদের কাছে। আর কাউকে কি পাবো না যে আমি চাই তাকেই দেবে? নিশ্চয়ই পাবো।

বহুদিন আগে পরের কবিতায়

আমি শুনেছিলাম, কিন্তু তার পর দিইনি। মনে হয়েছে, যে-চাইলাম তা সে দিল না জানলে কাউকে ছোট করা হয়। জীবনে কখনও হাসতে চাইনি, কোনো-কোনোদিন হাস স্বীকার করতে চাইনি। তাই বোধহয় সব ক্ষেত্রেই হারতে হল অন্যদের।

আমি কি চাইলাম, যাকে চাইলাম তাকে দেবার না থেকে মনে-মনে নিয়ে তার সুখ দেখার মনে আমি বিশ্বাসী ছিলাম না। এ পৃথিবীতে কেউই কি অন্যের মত হতে পারে? একজনের স্বপ্ন কি অন্য কেউ কখনও পূরণ করতে পারে? সেই শুনেছি শুনেই মনে, শুনতার সেই আবেদনের সঙ্গে অন্য পূর্ণতার আমল একেবারেই মেলে না। দুজনের মনো শুনেছি মন ভালিয়ে পালাপালি নিয়ে সেন্ট-মেকেল-বসানো হৃদয়ের মত বুকপকেট করে কোনো-দিন জোড়াতালি দিয়ে বাঁচার আমি বিশ্বাস করিনি। শুনেছি যখন পরে পূর্ণতার তবে ওঠে তার আসল যে কী তা এ জীবনে জানা হল না।

কী করব? আমি এই রকমই, এই উজবুকে টাই। সে মরুভূমির মতো যেই-কেউ আসিতে না কেনে-কেনে চলেছেই, চলেছেই বতদিন না সে শেষে যায়।

হয়ত কখনও, কোনোদিন, কোনো আবশ্যকীয় কারণজ্ঞান বা কোনো রহস্য আবিষ্কার করতে বলির মতো আমার ডাকল। কেউ জানবে না যে এই উটটা পুরোহিত মত একলুরে জেদী ছিল। জানবে না যে, যে-পাহাড়ে এখন হাওয়া শিস তুলছে, বালি জমছে পরতে পরতে সেই শুকনো মালা ঝাঁঝালো পাহাড়ের আড়ালে একদিন বড় তার্জ, নরম, বড় তোমল ভালোবাসার তরঙ্গের একটি ঢেউ ছিল। যে-বুকে একজন নির্মমের নীলাম্বরাজী বড় সন্তার হাড়াড়-ভরে ভেকে নিয়েছিল, তারপর ফেলে ফেলেছিল তার পরের কয়েক। তাকে মাড়িয়েছিল, গুঁড়িয়ে-ছিল, তার সব আর্দ্রতা শুষে নিয়েছিল, তার পর তাকে যাদের নিষ্ঠুরের মত দুমড়ে ফেলেছিল অন্যিমুহূর্তে।

তুমি বললে, চা খাবেন?

বললাম, না। আমার যা তুমি চা করতে তবে। তার চেয়ে আনো।

তুমি বললে, না। এখন আমরা চলবে না। আমার অনেক কাজ। তারপর আমার এক বন্ধু আসবে। তার সঙ্গে সিনেমায় যাব।

আমি বললাম, উঠি তা হলে।

অন্তত যদি বলে তুমি বললে, আরো পাঁচ মিনিট বসতে পারেন। তার পরও এমন কোনো তাড়া নেই। ও এলে ওর সঙ্গে কথা বলতে পারেন, কিন্তু আমাকে একটুনি চলে করতে হবে যাব।

অভিমানে আমার চোখ জলে ভরে এল। কিন্তু কোথা-বোঝা অভিমানের দাম কে দেয়? তুমি অন্তত পারনি কখনও।

আমি বললাম, আমি উঠি।

তুমি বললে, আপনার যা খুশী।

আমি উঠলাম। উঠে টা-টা কোম্পানির মোড়ের একার চালকের।

বড় পিপাসা।

বাড়ি ফিরতেই তুমি বলল, কোথায় যাওয়া হয়েছিল?

আমি বললাম, পার্ক সার্কাসের দিকে।

বুঝেছি।

তার পর তুমি বলল, তোমাকে আমি ঘৃণা করি। তোমাকে আমি একটুও ভালোবাসি না।

বললাম, জানি তা। কিন্তু আমি একদিনও তোমাকে ভালোবাসিনি।

ভালোবাসা?

হেসেই এক চুমুক, তৃপ্তির, অনেকক্ষণ দৃষ্টিতে তাকাল তুমি আমার দিকে।

তারপর বলল, তোমাকে আমি জিজ্ঞেস করব, তোমার কোনো কিছু আমি সহ্য করতে পারি না। তুমি অসহ্য। তোমার মধ্যে ভালোবাসার ভালোলাগার কিছু নেই।

আমি আবারো বললাম, জানি তা।

এ কথা তুমি শত চেষ্টা করে ঢাকতে পারছ তখনকে, পরক্ষণের সঙ্গে ঘনিষ্ঠ হবার পর ভেঙেছি।

আজকাল এ কথা যা-তাতা হয়ে গেছে।

আমার বড় পিপাসা পেয়েছিল, বড় গরম লাগছিল। চেয়ারের উপরে রাখা হোসে থেকে জল খেলার একটু পানকটা চালালাম।

এবার সময় কোনটা বলল।

রিসিভারটা তুলে বললাম, হ্যালো।

গলাটা পরিচয়ের। আমার ঘণা শুনেই সে যেন ভেঙে ছিল।

তুলির দিকে ফিরে আমি বললাম, পরেশ।

মনে মনে বললাম, পরেশটা আজ-কাল খিয়েটার বড় বুঝে হয়েছে। অথের মত সাজানী হলে খুশী হতাম। তার সঙ্গে লড়বার কথা ভাবা যেত। জীবনে কখনও পিছান দাঁড়াইনি আমি।

তুমি বললে, তুমি সবই জানো। ও কথা তোমরা-কত তোমারও অনেক আছে।

—আছে তুমি? আমি না তা!

—আমি জানি।

তোমরা আবারও বলল।

আবার রিসিভারে তুললাম। পরেশ! কথা না বলে, রিসিভারটা তুলির হাতে তুলে দিয়ে আমি আমার আছি থেকে বেরিয়ে গেলাম। বড় ক্লেদ। পিপাসা। কিন্তু তোমার ঘর?

কালকে আছি যেতে পারি, তোমে ওরা খুশী হবে। কিন্তু আমি জানি যাওয়া উচিত নয়।

একদিনে আমের যাওয়া-যাওয়া হয়ে গেছে। অনেক সব জানলার কথা আছে, পার্টিতেনে ওরা দুজনে নিজেদের সুখে কথা বলছে। সুখ দুজনের কথা। রবিবারের একটাই দুপুরে। এখন ওদের কাছে যাওয়া অন্যায়।

রাজেন বাবু

কিলাইদের বাড়ি যেতে পারি, কিন্তু ও সারা সন্তান টুরে থাকে। তাঁদার সঙ্গে ওর খুব ভাব। কাল ওরা, কেমন অন্তত জানার মনো কোন করেছিলাম। ওরা তাল আছে। আজ দিলীপ বাড়ি থাকবে। গল্পে একটাই দিন—দুজনের কথাকাটি থাকার। বাচ্চাকে নিয়ে খেলা করার, ভালো-মন্দ খাওয়ার।

কিন্তু কোথায় যাই এখন আমি। তোমার বাড়িতে আমার ফিরে যায়। ছি ছি তা কি হয়। আজ আর যাওয়া যায় না। ফিরে হয়ত অন্যে বেশী সুখ পাব, সেই একদিন ছাড়ে কেমন পেয়েছিলাম।

তখন তোমার মন ছিলো না কোনকারের। তোমার তখন অন্তর স্বাধীনতা। অফিস-কেরিতা তোমার কথায় মনে একটু কম করতে বড় ইচ্ছে হয়েছিল। ফিরে যেতে, ধরজা বন্ধ ভিতর থেকে তোমার সোওয়ার ঘরের। চেয়ারটাতেও দেখলাম না। বাইরের বারান্দা খোলা ছিল। সোওয়ার ঘরের দরজা অনেকক্ষণ ও অনেকবার ধাক্কা দিতে তুমি বেরিয়ে এলে বিরক্ত অসন্তোষ। আধ-খোলা দরজার ফাঁকা দিয়ে ভেতরে পুরুষের সাদা হাউজার-পরা পা দেখলাম—সে তোমার উপর বসেছিল। আমি ভাবতে পারিনি। দুজনকারও এ দৃশ্য দেখব জানলে দরজায় ধাক্কা দিতাম না। কখনও না। তুমি এমনভাবে দরজা আগলে দাঁড়ালে, যাতে আমি ভেতরে দেখতে না পাই। তুমি জানতে বলেছ তোমার এত বিশ্বস্ত ও ভক্ত বন্ধুরা এসেছে। ছাড়া একটু, একলা থাকতে চায় তোমার ঘরে। তুমি ভুল ছিলে না, বাইরের বারান্দায় ছিল।

আমার বিশ্বাস হলো না। আমি চিরদিন তোমার মুখে অনেক না-বলা কথা শুনতে পাই। এত বছরে যদি সতী-সিধাই না হবেলাম তো কি হবেলাম তোমাকে! তোমার মুখ দেখেই চিরদিন তোমার না-বলা মনের, না-বলা কষ্ট সব বুঝেছি আমি সেদিন তোমার মুখ দেখে তুমি কথা আমাকে বিশ্বাস করলে তা বুঝব না?

আমার বুক ভেঙে গেল। তোমার মনের তো তুমি আইনসঙ্গত সম্পত্তি। সে যে তোমাকে পেয়েছে এতে কোনো জটিল নেই—অনেক লোক-বাইরে, সামাজী বাড়িয়ে, রক্তমন্ত্রে-মোড়া সিংহাসনে চেপে সে অধিকার করেছে। সে ও তোমাকে পাবেই। তুমি তার হকের ধন।

তুমি সেদিন বড় ভয় পেয়েছিলে। ভয় পেয়েছিলে: যদি আমি সেদিনের কথা তোমার স্বামীকে বলে দিই।

আমাকে তোমার ভয় পাওয়ার কিছু ছিলো না। আমি তো তোমার ভাল ছাড়া আর কিছু করিনি। কখনও করিনি।

তুমি সেদিন এত ভয় পেয়েছিলে যে আমাকে বাইরের বারান্দা অবধি এগিয়ে দিয়ে বারান্দা বন্ধ করে দিয়েছিলে তুমি।

তোমার জীবনের কারাকাটি যারা

ছিল তাদের সবাইকেই আমি জানতাম। তাই, আমার পরিচিত সেই জানলুককে আমার আড়ালে রাখার জন্যে তোমার সেই চাতুর্য, সেই মিথ্যাচারের আমাকে বড় অবাক করেছিল।

পরদিন আমি তোমাকে খুব বকেছিলাম।

বলেছিলাম, আমি তোমাকে ভালোবাসতাম, আমার জীবনের সমস্ত প্রাপ্তি তোমাকে ভালোবেসে হারিয়ে বসে আছি, কিন্তু আর তোমাকে ভালোবাসি না আমি। তুমি পাপী। তোমাকে ঘৃণা করি আমি। তুমি বহুচারী। তোমাকে ছাড়া আমি কাউকে মনে মনেও ঠাঁই দিইনি কখনও অথচ তুমি কী অবহেলায় বকে-তাকে নিয়ে মজা লুটতে পারো!

তুমি আমাকে উঠতে বলেছিলে, একজন-দিয়ে হাজ্জ যা সিদ্ধি। আমি কি তার না করি, ইউস্ মাস্ অফ ইওর কিজনেস্।

আমি মাথা নীচু করে চলে গেছিলাম।

হৃদয়ে খুব রক্ত ঝরেছিল। ইচ্ছে হয়েছিল তোমাকে গলা-টিপে মেরে ফেলি। আমার সমস্ত ভয়ঙ্করী ভালোবাসার, আমার বুকের, কণ্ঠের, তোমার বাহুলে আমার সমস্ত প্রশান্তির শেষ হোক।

কিন্তু যত সহজ লোল তত্তই বুঝতে পারলাম। নিজের মনেই হাসি পেল আমার। আমি জানতাম, খুন তাকলাম না, বুঝলাম, নিজেকে বোঝালাম যে, কেউ কি জোর করে কারো ভালোবাসা পেতে পারে? তুমি যে আমাকে ভালোবাসো না, কখনও বলোনি সে কথা বড় চোখদুটোর বুঝলাম সেদিন।

না বুঝলেই বোধহয় ভাল ছিল। কারণ তার আগে মনে মনে অনেক অলীক কল্পনা ছিল, স্বপ্ন ছিল যে, একদিন হয়ত তুমি আমায় মূল্য দেবে।

তোমার সমস্ত জাগতিক প্রয়োজন ফুরিয়ে যাওয়ার পর, যখন তুমি জীবনে সব কিছু দিয়ে সম্প্রতিষ্ঠিত তখন তোমার পক্ষে আমাকে স্বীকৃতি দেওয়া বড়ই সহজ হয়েছিল। কিন্তু তোমাকে স্বীকৃতি দেওয়া আমার পক্ষে অত সহজ ছিল না। তুমি তো কখনও আমাকে ভালোবাসোনি, কিন্তু আমি যে তোমাকে বেসেছি।

তুমির যা-কিছু বলবার আমার বিরুদ্ধে, আমাকে জানবে বলে পণ্য না-করা, লোকে যাচ্ছি তুচ্ছকে যতখানি স্বীকৃতি দেয় আমাকে সেটুকু স্বীকৃতিও না দেওয়া, এ সমস্তের কারণ হিসেবে সে ভাবত যে, তাকে নাকি আমি কখনই ভালোবাসিনি, আমি নাকি শুধু তোমাকেই ভালোবেসেছি।

কল্পনা বাহুল্য আমার।

তুমি এবং তুমি দুজনেই আমাকে কিভাবে ক্ষতিগ্রস্ত করে দিলে।

তারপর সম্পূর্ণভাবে ক্ষতিগ্রস্ত হওয়ার যতটুকু বাকি ছিল, তা করল পরেন। আমার যে ছিটে-ফোঁটা আত্মিক বেচে ছিল, ছোটখু ভবিষ্যৎ বাকি ছিল; তুমি যে ঘরে-বাইরে কখনও সখনও ভুল করে আমার সঙ্গে ভালো ব্যবহার করতে, মানুষের মত ব্যবহার করত, সেই ছিটে-ফোঁটা আত্মিকটুকুও সে শেষ করে দিল পরেন।

সে ছিল আমারই প্রথম বন্ধু। তাকে ধরা-ছোঁয়ার বাইরে এনে আমিই তুমিকে বলেছিলাম যে, ও বড় ভেজাল! ও বড় ভালো ছেলে। ওকে একটু ভালোবেসো। একটু ভালোবাসা না পেলে কি মানুষ বাঁচে? বাঁচে কি কোনো মানুষ মনের খোরাক ছাড়া?

তুমি এ জীবনে আমার আর কোনো কথা না শুনলেও ওই কথাটি শুনেছিল। বড় মনোযোগের সঙ্গে শুনেছিল।

কিছুদিনের মধ্যেই পরেন, ঈশান, পঙ্কজ, পরেশ আমার কলকাতার চাটাওয়ালা হাইস্কি ছুঁড়ে দিয়ে আফ্রিকে তুমির বন্ধুর কামনা করল।

এবারে সকলেই খুশী হল। তুমি আমাকে আবার করে খুশী হলে তোমার বন্ধু-বান্ধবের নাগরদোলে ও আমাকে নিয়ে। তুমিও আমাকে আবার করে খুশী হল, পরেশকে নিয়ে।

মাইলসে মাইলসে একটি প্লাস হওয়ার কথা ছিল। এই দুই নেতিবাচক অস্তিত্বের সম্মিলনে আমার মতো পজিটিভিটির লক্ষণ প্রস্ফুটিত হবার কথা ছিল। কিন্তু তুমি ও তুমি দুজনে মিলে আমাকে একটি চিরন্তন নিস্তরঙ্গ মাইনাসে ধুপোস্থিত করলে।

আমার যেন এইটুকুই যে আমি তোমাদের দুজনকেই ভালোবেসেছিলাম—একজনকে বিশ্বাস করেছিলাম, মানুষের ভালোকে বিশ্বাস করেছিলাম।

তুমি এবং তুমি দুজনেই জীবনকে খুব ভালোবাসো।

তোমরা দুজনেই তোমাদের ভাব ও ভাবনার সঙ্গে মিলিয়ে নিতে জানো এবং তা নিতে পেরেওছো। তোমাদের দুজনের কাছেই তোমরা নিজেরা খুব ইমপর্টান্ট। পরস্পরের মিলনবিন্দুতে তোমরা দুজনেই বিশ্বাসী। কিন্তু তোমাদের দুজনের মধ্যে, এই দু-নৌকোর পা দিয়ে ঘর-বাঁধার ভুবে গেলাম আমি। তোমাদের নৌকো ভেসেছিল, পালে হাওয়া-লাগিয়ে তোমার সুখের ঘর, বর ও নালর এবং তুমির বন্ধুর দিকে ভেসে গেল। সন্ধ্যে হয়ে গেল। সাঁতার-না-জানা নাবিকের মত আমি তোমাদের ঢেউয়ের সামনে ডুবে গেলাম। হালদারের কাঁচি আমাকে টুকরো টুকরো করে গেল। সারা গা-মুখ-মাথা জলে ভেসে গেল। নোনা জল আমার সেই ক্ষতে ক্ষতে। আমি একবার চীৎকার করে উঠলাম। তবুও আমার উপর কটা বন্দুকের উঠল, তারপর সমুদ্রে যেমন নিথর, কখনো, থৈ-থৈ; আবার তেমনই হয়ে গেল। আমার সব জ্বালা, সব বিশ্বাস, সব বোকামি, সব সরল ভালোবাসার উচ্ছ্বাস নিয়ে আমি শীতলতার সমুদ্রে চিরদিনের মত সমাহিত হলাম।

কিন্তু তবুও মরলাম না। আবার বেঁচেওঠে হলাম।

Because he hath appointed a day, in the which he will judge the world in righteousness by that man whom he hath ordained; whereof he hath given assurance unto all men, in that he hath raised him from the dead.

আমি ভগবান নই। কিন্তু আমি বুঝতে পারি যে, অন্য অনেকের মধ্যে যেমন আছে, আমার মধ্যেও ভগবানের কিছু আছে। ঘৃণ্যের কিছু; বীশুর কিছু। এই কিছুটা বোকামির কিছু। রাজার, সুন্দরী স্ত্রী ছেড়ে যাওয়ার বোকামি, ক্রুশে বিদ্ধ হয়েও যারা বিশ্ব করল তাদের ক্ষমা করতে পারার বোকামি।

ভগবানদের যা চমৎকার মানিয়েছিল, যার জন্যে তাঁরা ভগবান হলেন, আমার মত বিংশ শতাব্দীর একজন সাধারণ মানুষকে তা মানালো না। তাই ক্ষত-ক্ষুব্ধ আত্মা পেলাম সকলের কাছ নিজেকে নিয়ে নিরাপত্তা নিলাম ক্ষুব্ধচিত্তাবিদ।

এত কিছুর পরও আমি এখনও বেঁচে আছি। অবাকই লাগে আমার। পরম পরম ভাত খাচ্ছি, নাক দিয়ে নিশ্বাস নিচ্ছি, ঘুমোচ্ছি। জীবনের কোনো মানে নেই। কাজ করছি, বিশ্রাম করি, খুব কম। কাজ আছে যার তারা আছে। তারা আর কাজ।

ক্লেয়ারেন্টেড হওয়ার পর এখন ভীষণভাবে ইচ্ছা করছি যে, একটা মহাপাতকের কাজ করি। আইন বলে আত্মহত্যা মহাপাপ। অথচ অনেক আইনের মতই এ আইনের তাৎপর্যও আমি আজ উদ্ধার পারিনি। এ যাবৎ আমি লোকের আত্মহত্যা হেমিংওয়ে ও ছিন্ন পরিচালক আন্তোনিওনির সঙ্গে একমত। তুমির মত বিশ্বাস করতেন যে, যেমন করে না-বাঁচলে, বাঁচার মত কিছু জীবনে না থাকলে মিছিমিছি বেচে থাকার মানে নেই কোনো। যা-কিছু উনি করতে ভালবাসতেন, যেমন করে করতে ভালবাসতেন, যে-মুহূর্তে বুঝতে পারলেন যে তা আর করা সম্ভব নয় সেই মুহূর্তে উনি শটগানের নল গলায় লাগিয়ে ঘোড়ার গুলির মত ছিটকে পরপারে চলে গেলেন, স্তম্ভিত পৃথিবীকে সাক্ষী রেখে।

স্থিরচিত্তজনের ছবির বেশীর ভাগ নায়ক-নায়িকাই আত্মহত্যা করে মারা যান।

একজন সাংবাদিক এঁকে প্রশ্ন করেছিলেন যে, এমন হয় কেন?

উনি জবাবে বলেছিলেন যে, জীবন যদি ভগবানের দান হয়, তবে সে জীবনের ইচ্ছেমত অবসান ঘটানোর অধিকারও ভগবানেরই দান।

আমার মনেহয় এই যে, আমি আন্তোনিওনি বা হেমিংওয়ে নই। আন্তোনিওনি আসল ভবিষ্যতে। হেমিংওয়ের নেই। আমি হঠাৎ বিনা-নোটিসে চলে গেলে পৃথিবীর কোনো ক্ষতি অন্তত দেখি না। কিন্তু তোমার ও তুমির পরম উপকার। তোমাদের সুখী জীবনের পথের সব কন্টক দূরীভূত হবে, সব ঝঞ্ঝা এমনিতেই আমার মৃত্যুর সঙ্গে সঙ্গে সম্পূর্ণভাবে অপসারিত হবে।

হবে। তোমরা নিশ্চিন্ত থাকো যে, হবে। অনেক পুরস্কার বিয়ের তোমরা বুঝলে বুঝতে। তোমরা এত সহজ, এত উদার, এত সব যে, তোমরা পরস্পরেরই যোগ্য। আমিও তোমাদের যোগ্য নই। জীবনের দুই-তৃতীয়াংশ এই উপন্যাস টেনে গল্প বানিয়ে পূর্বে-পশ্চিমে দুই মরীচিকার বুকের মধ্যে যোজন-ব্যাপ্ত শূন্যে ঝুলে অনেক ঘুরে এলাম। উটের এবার ছুটি দেওয়ার দিন এসেছে। একদিন এবার, মরু-তৃষ্ণার প্রচণ্ড শাসনের ঘরে, নিষ্ফল তাম্র-তপ্ত নীল আকাশের তলায় কতগুলো কাঁটা-ঝোপের পাশে উট বসিয়ে তার ক্ষুধাসিক্ত হাঁটু-দেড়ে। তার চোখে থাকবে সেই সব স্বপ্ন, যে-সব স্বপ্ন সে বড় বেশী দেখেছিল, বার-বার দেখেছিল। তার মস্তিষ্ক ভরা থাকবে সুন্দর সব ভাবনায়। পরে পরে সে অনেক চোরাবালি পেরিয়ে এসেছে আজ অবধি, অনেক অভিশাপ দিয়েছে চলতে চলতে সূর্যকে, অগ্নিকে; মরীচিকাকে। এই মুহূর্তে তার মস্তিষ্কে আর কোনো অভিশাপ, অভিব্যক্তি নেই।

তারপরের নিষ্ফল তাম্রময় দিগন্ত ধূলির মত তার দুই চোখে আমি দেখব, দিগন্ত এক উপলব্ধি দেখবে। সব বিরাট ফ্রাসির চেয়ারে এক ফিসফিসে হাসি। তার মৃত্যুর আগে, জীবনে এবং মরণে তার প্রতি নিয়ত সংঘটমান মতের মধ্যে সে সকলকে ক্ষমা করে যাবে। বিনা-শর্তে। ক্ষমা-অক্ষরের মত ক্ষমা করে যাচ্ছে।

তুমি তারই কাছের মানুষ বলে, তুমি আমাকে ক্ষমা করবে কে যে?

আর তুমি আমাকে কোনো ব্যাপারেই কখনও ক্ষমা করোনি, আমার তোমাকে ক্ষমা করার কথা ওঠেনি এর আগে। তুমি এত বেশী বর্ষিত যে আমাকে কখনও ক্ষমা করার যোগ্য বলেও মনে করোনি।

কিন্তু ক্ষমা যে-কেউ যে-কাউকে করতে পারে। ক্ষমা-করাতে শুধু এক তরফেরই আগ্রহ থাকার দরকার হয়। ক্ষমা তাই ভালোবাসা এক ধরণ। ভালোবাসা পরিপূরক খোঁজে অনেক ভালোবাসায়। ভালোবাসলে, ভালোবাসা দেবার ইচ্ছে করে। কিন্তু তুমি নাও যা না নাও, খুলোয় ফেলে আর অবহেলায়

আরো, আমা আমি একতরফাই করতে পারি।

তোমাদের দুজনকেই আমি ক্ষমা করে দিলাম। ক্ষমা করলাম আরো অনেককে। তারা জানা, সে সবাই জানবে আমি যখন থাকব না, তখন। তাদের অনুতাপ ও অনুশোচনার মনুষ্যুদ্ধির এই তাৎক্ষণিক বিলম্বিতা মূখের হয়ে উঠবে।

ঘরে গেলে তো কিছু দেখা যায় না, শোনা যায় না। নইলে তারী ইচ্ছে করে সেই অন্ধকারের মধ্যে তোমার ও দুর্মির গলা শুনতে পাবার। যদি তখন তোমরা কিছু বলো। বলবে কি? তখন?

১৩৪

কি বলব বলে তোমাকে চিঠি লিখতে বসেছিলাম, আর কি বলে ফেলেছি। আবোল-তাবোল, আকাশ-পাতাল। আসলে এই তো শেষ চিঠি। এ চিঠির পর আর তো কিছু বলার থাকবে না, লেখার থাকবে না, তাই অনেক এলোমেলো আবেগের কথা ভীড় করে আসছে মনে। অনেক কিছু না বললেও চলত, কিন্তু ভয় হচ্ছে ভবিষ্যতে আর যদি বলার অবকাশ না আসে।

তোমাকে তত চিঠিই না লিখেছিলাম। সে সব চিঠি বড় সুন্দর চিঠি। তখন আমি চেয়েছিলাম, মনে হয়েই সুন্দর হিলাম। আজ আর ইচ্ছা করলেও তেমন চিঠি লিখতে পারব না। যে-লোক সে সব চিঠি লিখেছিল, সে মরে গেছে।

এই শেষ চিঠি। অন্য চিঠি পড়েছিলে কি না জানি না, কিন্তু মোহাই তোমার এ চিঠি পড়ো। এ চিঠি না পড়লে আমার প্রতি বড় অবিচার করবে।

শেষ চিঠিতে তোমাকে আমার নতুন করে বলে যাই যে, তোমাকে আমি বড় ভালোবেসেছিলাম। সে ভালোবাসার প্রকাশ হয়তো একদিই ছিল না তোমার পছন্দসই নয়। এই ভালোবাসার গভীরতা বোঝার মত ক্ষমতা হয়তো ভগবান তোমাকে দেননি। তবু জেনো, এ জন্মে কি পরজন্মে তোমাকে এমন করে আর কেউই ভালবাসবে না।

দুর্মি কখনও স্বীকার করেনি যে আমার পক্ষে তোমাকে ও তাকে একই সঙ্গে ভালবাসা সম্ভব ছিল।

আমি জানি যে, এ প্রশ্ন আমার মৃত্যুতেও শেষ হবে না। শেষ হবে না এর উত্তর খোঁজা। তাই তোমাকে আমি শুধোই যে, তুমিও কি বিশ্বাস করো যে একজন মানুষের ভালোবাসার ক্ষমতা সসীম। সে কি একই সঙ্গে একাধিক লোককে ভালোবাসতে পারে না? সে যাই হোক্, কি পেয়েছি হোক—তার বুকে কি ভালোবাসা সলিড-ইউনিটের মত পূর্ব-নির্ধারিতভাবে পাঠান করা থাকে? তার পক্ষে একজনকে সরিয়ে-মনে কিছু-মাত্র না ঠাঁইয়েও কি অন্য কাউকে ভালোবাসা সম্ভব নয়? একজন মানুষের বুকে কি চারটি স্ত্রীর মত অতটুকু ভালোবাসাই ধরে? তা হলে সে মানুষ কিসে?

দুর্মি এ কথা বলেনি। সে স্বীকার করেনি, কখনও মানতে চায়নি যে, তাকে আমি তীব্র ভালোবাসি। তোমাকেও যে ভালোবাসি এই অপরাধেই তার প্রতি আমার সমস্ত ভালোবাসার মূলো কানাকড়ির মূলো পর্যবসিত হয়েছে।

তাকে আমি অনেক সময় বোঝাতে চেয়েছি। তাকে বলেছি যে, তোমার দেওয়া সব শাস্তি আমি মাথা পেতে নিতাম যদি থাকে-ভালোবাসার অপরাধে আমার এই শাস্তি সে আমাকে একটুও ভালোবাসত!

দুর্মি হাসতে হেসেছে।

বলেছে, সে কথা অবান্তর। সে ভালোবাসেনি কি বেসেছে তাতে যায় আসে না কিছু—এ কথাই যথেষ্ট যে তুমি তাকে ভালোবেসেছ। আর কিছু জানার নেই আমার—সে মৃত্যুর সময় বলেছে। পরজন্মের সঙ্গে তার ঘনিষ্ঠতার কথা তোমার সে হিস্টিরিয়া রোগীর মত হেসেছে।

দুর্মি বলেছে যে, তোমাকে আমি তিল তিল করে পুড়িয়ে মারব, জ্বালিয়ে মারব। তুমি আমাকে যেমন করে জ্বালিয়েছ কষ্ট দিয়েছ, আমি তোমাকে আজ ঠিক তেমন করেই জ্বালাব, পীড়ন করব, তোমাকে মৃত্যুর দিকে ঠেলে দেব।

দিনের পর দিন দুর্মি আমাকে অভিশাপ দিয়েছে, বলেছে মরো, মরো, তুমি মরো। মরতে পারো না তুমি?

মরতে যে সত্যি পারি তা আমি দুর্মিকে দেখাব। তোমাকেও দেখাব।

দুর্মির জন্যে আমার কষ্ট হয়। এই কথা ভাবি যে, আমার অজান্তে সে যদি কষ্ট পেয়ে থাকে, আমার কলঙ্কের ভালোবাসার অপরাধের জন্যে সে যদি আমাকে ক্ষমা না করে থাকে, সহ্য না করে থাকে তাহলে তার দোষ দেখি না। তার বোধ আমি ক্ষমা করে দিই—কারণ তার সেই পূর্বতন বাসনাতে সে প্রমাণ করেছে যে, আমি না বাসলে একদিন অন্তত সে আমাকে ভালবাসত।

কিন্তু তোমাকে বুঝতে পারলাম না। তুমি কখনও আমাকে ভালোবাসোনি। আমার জন্যে, আমার বাবদে কোনো দুর্মিই নিতে চাওনি।

তুমি আমার বুকের কতর জন্যে কিংকিংকে সোনার মত লক্ষ-গ্রামে খেয়ে পুষে হয়েছে। আমাকে কখনও আমার জন্যে চাওনি। তোমার প্রয়োজনে কষ্ট দিয়েছে চেয়েছিলে। তোমার সমস্ত প্রয়োজন শেষ হয়ে গেলে, তুমি আমাকে নির্বাসন দিয়ে নিক্ষেপ করেছ। তোমার জন্যে আমি যে জীবনের সব কিছু হারিয়ে হলে সর্বস্বান্ত পথের ভিখারী হয়েছি এ-কথা ভালোভাবে জেনেও তুমি আমার জন্যে তোমার সুখের জন্যে নিশ্চিন্ত দেওয়ালে একটুও কাটল ধরতে চাওনি।

তবু তোমাকে আমি ক্ষমা করে গেলাম। দুর্মিকে তো করেইছি।

রবীন্দ্রনাথের কবিতায় পড়েছিলাম, "তুমি যে তুমিই ওগো, সেই তব ঋণ, আমি মোর প্রেম দিয়ে শুধি চিরদিন।"

তোমার কাছে প্রত্যাশা ছিল অনেক, কিন্তু প্রত্যাশা পূরণের বা অপূরণের উর্ধ্বে তোমার প্রতি আমার মনোভাবের কোনোই তারতম্য ঘটেনি। বদলে কোনো কিছুর প্রত্যাশা না-রেখেই আমি তোমাকে ভালোবেসেছি চিরদিন।

চিঠিটা অনেক বড় হয়ে গেল।

তবুও যা বলতে চেয়েছিলাম, ঘুরিয়ে বলা হল না। আর কখনও হবেও না। চিঠিটা শেষ হবে বলেও মনে হচ্ছে না। কত কথা যে বলতে বাকি রয়ে গেল!

যদি পরজন্ম থাকে, তা হলে তোমার সঙ্গে দেখা হবে সেখানে। দুর্মির সঙ্গেও হবে। তোমাদের দুজনের জন্যেই অপেক্ষা করব আমি। ভুল বুঝে; ভালোবেসে।

আজ এ পৃথিবী থেকে দুটি



শান্তিদেব ঘোষ

নেওয়ার সময় আমার মনে কোনো ক্ষোভ নেই। তারো কাছে কোনো ঋণ নেই আমার। অর্থের ঋণ, ভালোবাসার ঋণ, কৃতজ্ঞতার ঋণ। সব কথাই শুধে গেলাম এ জন্মে। এমন কি অন্য জন্মের ঋণও।

তবু কিছু, কিছু ঋণ থাকে, যা কখনোই শোধের নয়। সে সব ঋণ প্রকৃতপক্ষে চিরে স্বীকার করে গেলাম। সেই স্বীকৃতির জন্যে আমার স্বাক্ষর রইল।

তুমি ভাল থেকো। যেমন করে পারো তুমি, তেমনি সুন্দর করে থেকো সব সময়। আমি তোমাকে সাজাতে দেখলে বড় খুশী হতাম। আমার কথা মনে করে কখনও ড্রেসিং টেবিলের সামনে বসে চোখে কাজল লাগিও, ঠুকুতে আই রো-পেনসিল পরো, টিপ পরো বড় করে।

সব সময় খুশী থেকো: হাসি খুশী থেকো। এইটুকুই বলার তোমাকে। আর কিছুই বলার নেই, অনুরোধের নেই।

দুর্মির সঙ্গে দেখা হলে তাকে বোলো যে, তাকেও আমি ভুল বুঝিনি। কখনোই বুঝিনি। সে বড় সরল, আন্তরিক। তার সবচেয়ে বড় দোষ যে, সে এ জীবনে আমারই মত ভণ্ডামি ও ছলনা কখনই শিখতে

আরতি মুখোপাধ্যায়

পারল না। পরেশদার যে তার আমার চেয়ে অনেক বেশী ভাল লাগে এ কথা আমাকে লুকোতে পারল না, লুকোবার প্রয়োজনও মনে করল না। আমি যেমন লুকোতে পারিনি, লুকোতে চাইনি তোমাকে ভালোবাসার কথা।

কিন্তু তুমি কখনও বুঝলে না, মানতে রাজী হলে না যে, একজন মানুষকে আর একজন মানুষ একজন মানুষকে ডাকে থাকে। মেঘকে কোনো-না-কোনো অনুপ্রেরণার দরকার হয়েই। অনুপ্রেরণা ছাড়া কেউই লিখতে পারে না। আমার এই অপরাধ তার পক্ষে কখনোই ক্ষমা করা সম্ভব হল না।

জানি না, সে কোনো দিনের তোমার দুটি করেনি। কিন্তু আমার মতো যদি ভালোবাসার মত কিছু না থাকে তা হলে তাকে তার সাহসে কি করে? সেই ভালো-না-বাসার দোষ তো তার নয়, আমার!

তার আন্তরিক সততা ও ভদ্রতার পরিচয়ই আমার চক্ষু কেড়েছে।

পরেশদার ব্যবহারে তাকে আমি ততখানি দোষী পাইনি, যতখানি পেয়েছি পরেশকে। সেই মেকি-আমি, বিশ্বাসঘাতক, আর শিরায়-শিরায় তার যেন শিরদাঁড়া কখনও থাকে। আমার হতে দুটোর বেশী ছোরা মনে তাকে আমি কখনও মনে করিনি। তাকে ছেড়ে আমি নিজেকে ছোট করতে চাইনি।

চিঠি শেষ করার সময় হল। শেষের সময় শুধু এইটুকুই জানাই যে, এই হতভাগা উজবুক উটটার স্মৃতি মনে রেখো না। যেমন হাসছ, গাইছ, চাইনীজ গল্পো, সিনেমা দেখছ, তেমনই চালিয়ে যাও। যাতে আনন্দ পাও, তাই করে যাও। কখনও ভুলেও ভেবো না যে, তোমার যেমনে সুখের কোনোভাবেই বিঘ্নিত করার ইচ্ছা ছিল আমার কখনও। তুমির সময় তোমাকে খুশী দেখতে পেলেই বড় সুখ পাব।

ভালো থেকো, সব সময় ভালো থেকো; নিশ্চিন্ত থেকো আমার জন্য-স্নেহের বড় দুঃখের তোমারী। তোমার জীবনে এই হতভাগা আর কখনও সমস্যা হবে না। তোমার নাম, সম্মান, সততার আলো থাকবে, থাকবে তোমার মনের শান্তি, সমাজিক মর্যাদা।

তুমি জেনো যে, জীবনে সুখী হতে হলে এমন অনেক অনেক দূরে সরতে হয় মানুষকে—তুমিও না হয় সরলে আমাকে। না হয় করলেই! আর তো কেউ নয়! তুমিই!

খবর যখন পেয়ে মেয়ে তুমির, তখন আরো দু-একটি কথা না বললে অকৃতজ্ঞতার দোষে দোষী হয়ে যাব।

এ কথা প্রায়শ্চিত্তের মনে হয়ে চাই যে, তোমার কাছে শুধু যে ঋণী সেজন্যই এ কথা লিখছি তা নয়।

যতটুকু পেয়েছি, যাই-ই পেয়েছি তারই অনেক দাম ছিল আমার কাছে। তোমাকে অনেক সময় বলেছি যে, আমার বাঁচা-মরা তোমার এক দৃষ্টির কৃপা-নির্ভর। আমি চিরদিনই এই সব নরম বাংলার পরনির্ভর। যারা শুধু নিজের দিকে তাকিয়ে, নিজের সুখ যাচ্ছাপাশির মত ছিনিয়ে নিয়ে বাঁচতে পারে, তাদেরই বলেছি যে, আমি তাদের মত শক্ত সমর্থ নই। তাই, যে-কদিন বেঁচেছি, সে-কদিন বাঁচিয়ে-রাখার জন্যও তোমাকে অনেক ভনিতা। তোমার প্রতি কৃতজ্ঞতার শেষ নেই আমার।

তুমির প্রতিও নেই।

তাকেও আমি বড় বেশী ভালো-বেসেছিলাম। দুঃখ এইটুকুই যে, সেই ভালবাসা সে বুঝতে পারল না; দাম দিল না তার। তার মনের ও আমার মনের ওয়েভ-লেংথ্ মিলল না এ জন্যে। এটা আমারই কপালের দোষ।

তোমরা কপাল টপাল মানো না। তোমার চেয়ে বয়স আমার বেশী। তুমির চেয়েও। তাই কপাল না মেনে পারি না। জন্মের শেষ কমলে মোহরে সকলকেই কপাল মানতে হয়।

সকল পুরুষ কখনও কপালে বিশ্বাস করে না। তারা বলে যে, পুরুষকারই সব। আদতিকালে আমিও একেবারে বিমল পুরুষ নই; কিন্তু আজ মনে হয়, যেসব পুরুষ-জনের জীবনে সব পাওয়া যায় না, তার সঙ্গে আরো কোনো দেবতার আশীর্বাদও লাগে। সেই আশীর্বাদ না পেলে, জীবনে না থাকলে; এক-জনের সমস্ত সফলতাই বিফলতায় পর্যবসিত হয়।

আমার জীবনে, এই সকল বয়সের হবে, আমার জীবনের মূলে নিয়েই এ কথা জেনেছি আমি।

আমার জন্যে, এই হতভাগা উটের জন্যে প্রার্থনা কোরো ভগবানের কাছে, যদি ভগবান বলে কেউ থাকেন। প্রার্থনা কোরো, যেন পরজন্মে, যদি পরজন্ম বলেও কিছু থাকে; তা হলে যেন এই উট তার মনুষ্যজন্মে পৌঁছতে পারে।

চারিদিকে জোর হাওয়া উঠেছে। বাতির ঝড় ঘরে ঢোকে। সো-সো করে বাতাসের সঙ্গে আঁধি আসছে বলে হয়।

বড় ভয় করছে আমার।

সূর্য ডুবে গেছে অনেকক্ষণ। আলো নেই। সব অন্ধকার। এই অসীম অন্ধকারের মধ্যে, তারাদের আড়ে আড়ালে এক এক জনের চোখে পড়ছে পাশ্চাত্যদেশের নীল, শান্ত উজ্জ্বল দুরেতারা।

জীবনের সব দুরেতারারা হারিয়ে গেছে।

জীবনের ওপারে কি দুরেতারা আছে?

কেউ কি জানে?



# প্রথম পটক্ষেপ

## সুমথ নাথ ঘোষ



সুলেখা এমন মানুষ যেখানে বিয়ে, যার জীবনে কখনো কোন নাটকীয় ঘটনা ঘটেনি।

কিন্তু পূর্ণেন্দুর জীবনটা এমনি, যেখানে শুরু একটা যা শুরুতে মনে হতে পারে আপাতোজ্জ্বল নাটক। মনে হয় যেন অতীত দিয়ে তৈরী একখানা পরাজয় নাটক, যাতে সবই আছে মিলন, স্নেহ, প্রেম, ভালবাসা ইত্যাদি অর্থাৎ ভালর ভাল মেশানো এক অদ্ভুত, অবাস্তব জীবননাট্য!

অথচ পূর্ণেন্দু স্নেহান্ধ সাধারণ মানুষ। সংসারী মানুষ। মাতৃভক্ত, ভ্রাতৃবৎসল, দায়িত্ব-সচেতন পুরুষ, সংসারকে যে ভালবাসে। ভাইবোন, আত্মীয়স্বজন, সংসারকে জড়িয়ে সুখে স্বচ্ছন্দে বিনয়াসনের পক্ষপাতী: বিলুবোলা, অমুদে প্রকৃতি! সত্যি আজকের দিনে সংসারে ওরা হত মানুষ বড় একটা দেখা যায় না। ঠাকুরমার আমলে যেমন যৌথ-পরিবারের মনসম্ভম, দাক্ষায়িত, সব ছিল; যিনি বাড়ীর কর্ত্রী, তাঁর এপর ছেড়ে দিয়ে সবাই নিশ্চিন্তে থাকতো, এখন সংসারে পূর্ণেন্দুর অবস্থাও অনেকটা সেই রকম। তাদের পরিবারের মধ্যে সেই বড় আসে, সকলের বড় দাদা। ভাইবোনেরা বড়দা বলতে অজ্ঞান। পূর্ণেন্দুও তেমনি তাদের ছোট বড় সকল আবদার রক্ষা করে চলতে প্রাণপণে। তারা যখন শুনে যান পূর্ণেন্দুর বাসে

তখন মন্ত্র বাইল, তখনি বোঝাতে তিনি বুঝতে পেরেছিলেন যে আর যৌবনটান নয়, তাই পুরোহিতের বিয়ে দিয়ে তাকে মনের মতো সুপ্রতিষ্ঠিত দেখতে চেয়েছিলেন। তিনি বলেছিলেন, মনে রেখো তোমার বাপ-পিতামহের সুনাম চক্ষের জল তোমার ওপর!'

পুরোহিত বাপকে দেবতার মত ভক্তি করতো, তাই তাঁর কথা বেদবাক্য জ্ঞানে মাথায় তুলে নিয়েছিল।

অর্থ-ই অনর্থ। সংসারে তাদের ঘরে যা কিছু অশান্তির সৃষ্টি হয়, প্রধানতঃ এই অর্থাভাব থেকে। কিন্তু পুরোহিতের প্রকৃতি ছিল অন্যরকম। যেমন বুদ্ধিতে উপার্জন করতো, তেমনি খরচ করতে কোথাও এতটুকু কৃপণতা ছিল না। নিজের কাছে না থাকলে, বন্ধুবান্ধবের কাছ থেকে ধার করে এনেও মানুষকে সাহায্য করতো। সেখানে আত্মীয়, পর, বন্ধু-বান্ধব, পাড়াপ্রতিবেশীর কোন ভেদাভেদ ছিল না। ঘরেও যেমন, বাইরেও তেমনি। বিপদে পড়ে কেউ তার কাছে এসে বিফল হতো না। কত কন্যাদায়, কত চিকিৎসার টাকা নেই, কোন্ ছেলে টাকার অভাবে পরীক্ষার ফি' দিতে পারছে না এসব তো আছেই। উপরন্তু ফুটবল ক্লাবের চাঁদা চেয়ে, পাড়ার দুর্গোৎসবে কমিটির সেক্রেটারী, আজ জাগরণ, বাল বিহেটারের ক্লাবের বার্ষিক উৎসব—এসব ব্যাপারেও সে ছিল দুরন্ত। বড়রা বলে এসে খাতা নিয়ে দাঁড়ালেই হলো। পুরোহিত তাদের না বলতো না। ঘরে বাইরে সবাই সেইজন্যে তাকে ভালবাসে। বড়রা স্নেহ করে, সম্মান করে। পাড়ার সবাইদের বড়রা। ছোট ছেলেরও বড়রা। আবার তার বাবা কাকারও বড়রা।

এক একদিন হঠাৎ পুরোহিত কোন ছোটছেলের কান ধরে হাসতে হাসতে বলে, 'ব্যাটা, তোর বাবারও আমি বড়রা, আবার তোরও বড়রা। তের যদি কেননিন শুনি তাহলে সরস্বতী পুজোর সময় একটা পয়সাও দেবো না। বুঝলি ছোট্ট, বুঝলি?'

ছেলেটা হিহি করে হেসে ওঠে। বলে, যোঃ, ছোট্ট নয় বড়রা। তারপর বড়রা বড়রা বলে ডাকতে ডাকতে ছুটে পালিয়ে যায় তার সামনে থেকে।

শ্যামলী, পুরোহিতের স্ত্রী এই নিয়ে যখন তখন অশান্তির সৃষ্টি করে। বলে, 'পাড়ার এত সব বড়লোক থাকতে তোমার আছাই বা কেন টাকা চাইতে ছুটে আসে কেন?'

পুরোহিত সহজ জবাব দেয়, 'সেখানে পায় না বলে।'

—'থামো! তোমার মত বোকা তো সবাই নয়। তারা জানে একবার তোমায় বড়রা বলে ডাকলেই তুমি গলে যাবে। তা ছাড়া ধার বলে ধারা নেয়, তারা মনে মনে কেন জানে, এ টাকা আর কোনদিন শোধ দিতে হবে না। তুমি তো মুখ ফুটে চাইতে পারবে না তাদের কাছে। মন্টুর মার অসুখের সময় তিন বছর আগে, ওর বাবাকে তখন যে তিনশো টাকা ধার দিয়েছিলে তার তিনটে পয়সা কি ফেরত পেয়েছ?'

—'সতীশবাবুর অবস্থা তো তুমি জানো। তিনটে মেয়ে, দুটো ছেলে, এই বাজারে বাড়ী ভাড়া, তাদের স্কুল কলেজের মাইনে, খাওয়া পরা দিয়ে কতটুকু মানুষে বাঁচাতে পারে! তার ওপর মন্টুর মার নাকি সেই অসুখের পর থেকে শরীর এমন ভেঙে গেছে যে প্রতি মাসেই দুধ খাওয়ার জন্যে ওষুধ পথ্য ইনজেকশন চলেছে! সেদিন সতীশবাবু খুব দুঃখ করছিলেন।'

—'হাঁ জানি। টাকা না দিতে হলে সবাই মুখে দুঃখ করতে পারে। বলি সতীশবাবুর মত আরো অনেকের ঘরে স্ত্রী হাসপাতালে ভুগছে। তাদেরও তো চাকার, ওষুধ, ইনজেকশন্ করতে হয় কিন্তু কে কার খবর রাখে! তোমার টাকা বেশী হয়েছে, তুমি রাস্তায় বিলিয়ে দাওগে, তাতে আমার কিছু এসে যায় না! তবে আমার অমন ছেলে তোর স্ত্রী চুপ করে থাকতে পারে।'

শ্যামলী তুল বোঝে স্বামীকে। পুরোহিতের মধ্যে যে একটা উদার মহাপ্রাণী মানুষ আছে তা ওর ধারণার বাইরে। কিন্তু ছেলের কথা বলতে গিয়ে মায়ের মুখ উদ্ভাসিত হয়ে ওঠে। মেয়ে মহলে গল্প করতে করতে বলেন, 'পুত্র আমার মনস্তাপ পুত্র করে দেখেছে। কতো আজ দশ বছর ধারা দেখেন, কিন্তু একটা দিনের জন্যেও ছেলে তাঁর অভাব আমায় বুঝতে দেয়নি।'

প্রতিবেশিনীরা একবাক্যে বলে ওঠেন, সত্যি তুমি ভাগ্যবতী দিদি—আজকের দিনে, এমন ছেলে দেখা যায় না! আজকালকার ছেলেরা সব মনের ভেতো! মাকে ছেড়ে বৌয়ের পুজো করে। কিন্তু তোমার ছেলে রত্ন; সে জানে মায়ের চেয়ে বড় দিব্যলোকে তার কিছু নেই। এতটুকু ছেলের মায়ের ওপর এতবড় সংস্কারের বাঁধন চাপিয়ে দিয়ে কর্তা যেদিন চোখ বুজলেন, সেদিনের কথা মনে হলে আজো বুকটা দুরুদুরু করে ওঠে। দু দুটো আইবুড়ো মেয়ে আর তোমার ছোট ছেলেটার বোধহয় ন' দশ বছর বয়েস তখন! তোমার ওই ছেলে চাকরী করেই দু' দুটো বোনকে ভাল ঘরে বিয়ে দিয়েছে। ছোট ভাইটিকেও তিনটে পাশ করিয়ে চাকরীতে বসিয়ে দিয়েছে।

পুরোহিতের মা বলেন, 'তোমরা আশীর্বাদ করো ভাই, যেন বন্ধুবান্ধবকে নিয়ে এমনিভাবে মিলেমিশে থাকতে পারে!'

—'আশীর্বাদ যিনি করবার তিনি করছেন দিদি। নইলে এই দশ এগারোটা বছরের ঘরো তোমার ছেলের কি এত উন্নতি সম্ভব হতো? ওরা দুটি ভাইয়ে যখন রাস্তা দিয়ে যায়, আমি এক একদিন দোতলার জানালা দিয়ে ঠায় চেয়ে থাকি ওদের দিকে, মনে ভাবি ভগবান, সব ছেলেদের কেন এমন মতিগতি হয় না! তারে চারে কেন আজ ঘরে ঘরে বিরোধ।'

—'হাঁ ভাই, পুত্র আমার সৌভাগ্য থেকেও কোন দুঃখ রাখেনি। বলে যারা ওকে আমার হাতে দিয়ে গেছেন যখন, বাবার অভাব আমি ওকে বুঝতে দেবো না মা! এই সেদিন বলছিল, এবার সুখুর একটা বিয়ে দিলেই তার সব দায়িত্ব খালাস। মেয়ে ও নিজেই দেখছে।

সুখু অর্থাৎ সুরেন্দ্র, পুরোহিতের ছোটভাইয়ের নাম। ন' বছরের ছেলে বাবা মারা যান, সেই ছেলে ছোট-ভাইকে কেমন মানুষ করেনি পুরোহিত, তাকে বি.এ. পাস করিয়েছে। তারপর নিজের অফিসের সাহেবকে ধরে, একটা ভাল চাকরীও করে দিয়েছে। বেজের চাকরী। বদলীর চাকরী, কখন কোন্ স্টেশনে পাঠাবে, তার ঠিকঠিকানা নেই। কিরেন বিহু'ই। সেখানে সুখুর খাওয়াদাওয়ার কষ্ট হবে, এই মনে করে তার বিয়ের জন্যে ব্যস্ত হয়েছে পুরোহিত।

পুরোহিতের মা তাই সেদিন প্রতি-বেশিনীদের বলছিলেন, দেখো না ভাই একটি ভাল মেয়ে, তোমাদের জানা-শোনা ঘরে যদি কোথাও থাকে! খোকা আমার একটি পয়সাও চাই না। শুধু শাঁখা সিঁদুর দিয়ে নিয়ে আসবো। তবে মেয়েটি দেখতে ভাল হওয়া চাই।'

আমাদের এক সহকর্মীর ছেলের অন্নপ্রাশন উপলক্ষে, আড়বোচা ছেড়ে আমরা দু' ভাইয়ে সাইকেল রিক্সায় চেপে সস্ত্রীক খেতে গিয়ে সেখানে পুরোহিত একটি মেয়েকে দেখে একেবারে সুখেন্দুর সঙ্গে বিয়ের সব স্থির করে এসেছে। গরীব অবস্থা। একটি পয়সা খরচ করার অবস্থা নেই বাপের ভাই সুখেন্দুর। তাদেরকে তিনি স্বর্ণ হাতে দেবেন।

অত্যন্ত সুশ্রী ও লাবণ্যময়ী মেয়েটি। নাম কণা।

মাঝে এসে মেয়েটির কথা দিয়ে পুরোহিত বলেছে, 'এই বৈশাখের শেষাশেষি বিয়ে হবে, আমি বলে এসেছি। তুমি এখন পাঁজী থেকে একটা ভাল দিন দেখে যাও।'

মা সব শুনে, একটু চুপ করে থেকে বলেছেন, 'একেবারে পাকা কথা দিয়ে এলি। একবার সুখুকে মেয়েটি দেখালে হতো না।'

—'কি মুস্কিল মা! সুখুর কি রুচির টেস্ট্ আমি তো জানি। ওর নিশ্চয়ই পছন্দ হবে।'

ঠিক সেই সময় সুখেন্দু ঘরের ঘরের সামনে দিয়ে স্নান করতে যাচ্ছিল। পুরোহিত তাকে ডাকলেন, এই সুখু শোন।'

—'আমি ভেজা কাপড়ে। ঘরের ভেতরে ঢুকবো না। কি বলছো বলো?'

হাসিহাসি মুখে পুরোহিত বলে, 'আমি এক জায়গায় তোর বিয়ের ঠিক করে এসেছি। মেয়েটি দেখে খুব পছন্দ হলো বলে, তার বাবাকে একেবারে কথা দিয়ে এসেছি। আর ইচ্ছে, তুই যদি একবার তোর বন্ধু-বান্ধবদের নিয়ে মেয়েটিকে দেখে আসিস।'

—'না। ওসব আমার দ্বারা হবে না। তা ছাড়া তুমি যখন পছন্দ করেছো, তখনই কথা দিয়ে এসেছো, তার ওপর আর কিছু বলা অন্যায়।'

পুরোহিতের চেয়ে সুখেন্দু বয়সে অনেক ছোট হলেও, বন্ধুর মত দুই ভাইয়ের সব বিষয় নিয়েই আলাপ আলোচনা করতে পারতো দা। বাবার ওপর তার অটল বিশ্বাস।

কাজেই বিয়ে যথাবিধি সুসম্পন্ন হয়ে যায়। বৌ দেখে পুরোহিতের মা থেকে সুরু করে ওদের পরিবারের যে যেখানে ছিল, মেয়ে পুরুষে সবাই খুব খুশি।

পুরোহিত একটা নিশ্বাসও মুখে বাইরে ছোট ভাইকে বললে, দেখ সুখু তাহলে তোর বাবা একটা মাস্তে ছেলে তোর ঘাড়ে চাপিয়ে যেতনি।'

—'আমি কি তা বলেছি? তবু আমি বাসনা করতে পারিনি যে এ রকম—'

—'তা হলে খুশি তো। যাও এবার বউকে বিরাজটা?' বলে হাতটা বাড়িয়ে দেয় পুরোহিত, তার সামনে।

—'সবই তো তোমার। তোমাকে আর তার চেয়ে কি বেশী দেবো দাদা!'

সুখেন্দুর সঙ্গে তার বাবার কতদিনের যে এত তফাৎ, কে জানে। দুটিতে গলাগলিভাব বন্ধুর মত, এ কালে তারে তারে এমন মিল অবাচিত চোখে পড়ে। সবাই ওদের আড়ালে বলে, যেন রামলক্ষ্মণ। এ দিকে পুরোহিত যখন ছোট ভাইয়ের সঙ্গে হাড়ী তামাসা করে বা আদর ইয়ার্কি দেয়, কিংবা তাস খেলতে বসে তখন ছোট ভাইকে হারিয়ে হো হো করে হেসে বাড়ী মাত করে। ছোট বলে খাতির করে না।

তাই সুখেন্দুর ওই কথা শুনে, কণার দিকে চোখ ফিরিয়ে পুরোহিত, জ্বলে ওঠে, তোমাকে দো বৌমা, তোমার বরের কাণ্ডটা! কোন্ সুদূর পড়ন্সী থেকে তোমার খুঁজে পেতে এনে তার হাতে তুলে দিলুম, আর ওকে ছিনিয়ে নেবো কিনা, সবই

তোমার—'

কর্ণা কপ্ করে উত্তর দেয়, 'আজ কিনার পুরুষেরা ফেলে আপনাকে। ছোটভাই কি দাদাকে বর্ধমান দিতে পারে! তা হলে যে অপমান করা হয়।'

—'এ তুমিও এর মধ্যে তৈরী হয়ে নিয়েছো। যেমন কর্তা তেমনি ঝিন্নী। অর্থাৎ দাদাকে কাঁকি দিতে চাও—বুঝলেই—' হলে মো মো করে প্রাণখোলা হাসি হেসে ওঠে পূর্ণেন্দু। তারপর হঠাৎ হাসি থামিয়ে বলে, 'সে বর্ধমান সকলের কাছে পেরেছি। সকলেরই খুব পছন্দ হয়েছে তোমাকে। এতেই আমি খুশি! তবে তুমি কতটা খুশি হয়েছো, জানি না।'

সঙ্গে সঙ্গে কর্ণা ঘর থেকে বেরিয়ে যেতে গেলে, পূর্ণেন্দু ধমক লাগায়, 'এই কল্যাণী, পালালে চলবে না। বলতে হবে তোমার, সকলের সামনে।'

কর্ণা ফিক্ করে হেসে মুখে আঁচল চাপা দিলে, পূর্ণেন্দু ছোট ভাইকে বলে, 'কিরে কর্ণার তোকে পছন্দ হয়েছে? ঠিক তোর যেমন একে ভাল লেগেছে, তেমনি?'

—'কি করে আমি তা জানবো দাদা।' বলে ঘর থেকে চট্ করে বেরিয়ে যায়।

একে আমুদে স্ফূর্তিবাজ মানুষ পূর্ণেন্দু, তার ওপরে ছোট ভাইয়ের বৌ বেশ সকলে খুশি হওয়াতে, যেন আনন্দ চেপে রাখতে পারে না মনে। বিয়ে চুকে যাবার পর, আত্মীয়-স্বজনদের মধ্যে থেকে ফিরে যেসব ছোট খাটো চলে রসিকতার আসর বসে, কখনো খাবার ঘরে, কখনো বা বারান্দায়, কখনো বা ড্রয়িংরুমের কাছে ভিড়ে থাকতে থাকতে, হেসে লুটোপুটি খায়—একজন অপরের গায়ে ঢলে পড়ে। পূর্ণেন্দুর পা দুটোকে যেন কে জোর করে টেনে নিয়ে যায় সে দিকে।

—'অরুণা, তুমি এখানে কেন? যাও, ভাগো, তোমার প্রবেশ নিষেধ।' খুড়তুতো ছোটতুতো বোনেরা শ্যামলীর তদারকে আগলে রেখেছে পূর্ণেন্দুকে। আসলে তারা চেনে তাদের বড়দাকে। নতুন বৌয়ের সম্পর্কে জীবনের কাহিনী শুনে, তাদের মত করে হুবহু মেতে আসেনি, মুখেন্দু বাকে সে প্রাণ দিয়ে ভালবাসে, তাকে সুখী করতে পেরেছে কতখানি, তার নির্বাচন ভুল হয়নি তো? মেয়েদের মুখ থেকে তার প্রশংসা সত্যই শুনে খুশি হতে চায়। বাবার মনোনয়ন পালনে যে কোন ত্রুটি হয়নি, সেই জেনে ওদের চেয়ে আরো বহুগুণ এক আনন্দের অনুভূতিতে ভরে যায়।

পিসতুতো বোন অরুণিমা বলে, 'মাইরি বড়দা, তোমার চোখ আছে। একটা বৌ খুঁজে খুঁজে এনেছো বটে। যেমন দেখতে, তেমনি হাসিখুশি! এ কে জানবে যে পাড়াগাঁয়ের মেয়ে! তোমার শহরের মেয়েদের এক হাতে কিনে, আর এক হাতে বেচে আসতে পারে! কথা কইতে জানে বটে। ছোকরা তো একেবারে ফ্লাট্!'

—'তাই নাকি রে! সত্যি বলছিস!' গদগদ হয়ে ওঠে পূর্ণেন্দুর কণ্ঠ।

—'মিথ্যে বলে তোমার লাভ কি! যাওতো তুমি আমাদের মেয়েদি আড্ডা থেকে। এই সব আড্ডায় কিন্তু কোথাও নিজের স্ত্রীকে দেখতে পাবে না পূর্ণেন্দু। মেয়েলী ছোট-খাটো সভারা যেখানে এবং কি তার মাও উপস্থিত থাকেন, খুঁজে পায় না সে কেবল শ্যামলীকে।

বেচারীর জন্যে সহানুভূতি জাগে ওর মনে! শ্যামলীকে দেখতে ভাল নয়। তবু মালা তার ওপর বিয়ের পর এই আট বছরে দেহটা যেন আষ্টেপৃষ্ঠে জড়ী হয়ে গেছে। পূর্ণেন্দু এক একদিন ঠাট্টা করে, যেন লক্ষ্মী বলে।

শ্যামলী রাগ করে মুখটা ঘুরিয়ে নেয়, 'যাও, আমি কালো, আমি কুৎসিত আমার মুখের দিকে চাইতে হবে না! যখন টোপর মাথায় দিয়ে আমাদের বাড়ী গিয়েছিলে, তখন জানা ছিল না! আমার বাবা তো জোর করে তোমার ঘাড়ে আমায় চাপিয়ে দেননি!'

—'বাস্তবিক বাবা যে কি ভেবে তোমায় বেছেছিলেন! তাঁর বাবলা সাকসন লক্ষ্মীঠাকরুণকে তিনি খুঁজে পেয়েছেন তোমার মধ্যে।'

সদর্পে একবার তাকায় শ্যামলী। স্তুতি বাবলা কি মিথ্যে! আমার বিয়ের পর থেকেই না তোমার চাকরীতে বই বই করে উন্নতি হতে লাগল।'

—'এটা ঠিক।' অস্বীকার করতে পারে না পূর্ণেন্দু। তাই জোড় হাত করে নাটকীয় ভঙ্গীতে বলে ওঠে 'হায় রে মেনেছি।'

—'যাও! আর খুড়ো বলে জ্বালাতন করতে হবে না।'

আসল কথা, নতুন বৌয়ের মুখ খুলে গিয়ে সবাই এমনি মাতামাতি সুরু করেছে যে তার জন্যে খিদে, নিজেকে অপমানিত করতে চায় না শ্যামলী। নতুন বৌ আসতেই যেন নতুন করে নিজের সম্বন্ধে সচেতন হয়ে ওঠে সে। এক এক সময় মনে হয়, বুঝি পালছেঁড়া, নকলের ইচ্ছা করেই, তাকে ছোটখাটো করার জন্যে, আরো বেশী করে নতুন বৌয়ের গুরুমান করে। মেয়েরা সব পারে। মেয়েদের সবচেয়ে বড় শত্রু ওই মেয়েরা। তাই মেয়েলী আড্ডা থেকে সব সময় ও নিজেকে দূরে সরিয়ে রাখে। কারুর ছুতো করে, রান্নাঘরে বসে থাকে। আত্মীয়রা সব তাড়াতাড়ি বিদেয় হলে যেন বাঁচে শ্যামলী। হাসি

সরস্বতী রায়

ঠাট্টা যেখানে সেখানে, খুড়তুতো ননদ যেন থাকতে চায় না। আর এই সবের উপলক্ষ একজন, নতুন বৌ। শ্যামলী মনে মনে গজরাতে থাকে, আমিও তো নতুন বৌ হয়ে এসেছিলুম, কৈ তখন তো আত্মীয়দের চালে এত আনন্দের জোয়ার বইতে যেখিনি! এর জন্যে সব রাগটা গিয়ে পড়ে তার স্বামীর ওপর।

হাঁ, অনুমানটা শ্যামলীর মিথ্যে নয়! বিয়ে-বা চুকে যাবার পরও আনন্দটাকে যেন জিইয়ে রাখতে চায় পূর্ণেন্দু। একদিন বাদে ছোপ খানা থিয়েটারের টিকিট কেটে এনে সবাইকে নিয়ে হৈহৈ করতে করতে থিয়েটার দেখতে যায়, আর একদিন সিনেমা। একদিন হোটেলে ডিনার খেতে যায় সকলকে। সব ব্যাপারেই পূর্ণেন্দু যেন একটু বাড়াবাড়ি করে। সিনেমার টিকিট কাটতে যেবার আগে সে কর্ণাকে ডেকে জিজ্ঞেস করে, 'বলো কোন্ ছবি দেখবে, হিন্দী না বাংলা?'

কর্ণা বলে, 'আপনার যা ইচ্ছে। আমি কি বলবো? বিদিকে জিজ্ঞেস করুন।'

—'না, না, এ আনন্দে বিধি-টিধি কেউ নয়। সব তোমার 'জনারে' খুজে পেয়ো না।'

হোস্টেসারীর যাবার টেবিলে বসে ও ঠিক এমনি ভেবে করে 'কি খাবে বলো? ইলিশ না কিছু মোগলাইও খাবে!'

চারিদিকে পিসতুতো, মাসতুতো, ছোটতুতো ননদ, জা, শ্যালী পরিবৃত হয়ে খাওয়ার কথা মুখে উচ্চারণ করতে লজ্জা পায় কর্ণা। মাথাটা তাই নীচু করে নেয়। উপস্থিত সবাই তার মেয়ে বন্ধু, বয়সে ও বয়সে।

—'লজ্জা কি, বলে ফেলো!'

—'আপনার যা ইচ্ছে!' বলে মাথাটা দুলিয়েই, ননদরা বলে ওঠে, 'এমন স্বামীর মানুষ, জন্মজন্ম তপস্যা করেও পায় না।'

অরুণিমা ওই বয়সে একটু মুখে ফোড়ন। 'জানী বৌকো, ভাল ভাল খাবার কতগুলো নাম করে যাও ভাই। তোমার দৌলতে, আমরা ও খেয়ে বাঁচি।'

আই একটা হাসির ঢেউ খাবার টেবিলের ওপর দিয়ে গড়িয়ে যেতে যেতে শ্যামলীর কাছে এসে যেন আটকে যায়। মনের ছায়া জমতে থাকে সে। অভিমানে একেবারে গলে পড়ছিল!

এ অভিমানে খুড়তুতোরা নেই। যেমন তার স্বামীর তেমনি নতুন বৌয়ের। অথচ মাঝে শ্যামলীর। তবুও এরা সকলে এই নিয়ে যেন তদারক উপভোগ করে।

শেষে অরুণিমা একটা ফরমাজ করে বসে। বলে, 'ছোকরা, তোমার বৌ যখন রান্না করে না, তখন তোমার বলার অধিকার নাই। অন্ততঃ আজকের বলার অধিকারী তুমি। ভাল ভাল কতগুলো নাম করে যাও তো ভাই।'

—'হাঁ, অরুণিমা ঠিকই বলেছে।' পূর্ণেন্দু বলে, 'আচ্ছা সুধু, তুই আজকে যে খাবারের।'

—'আমাকে আবার টানছো কেন বড়দা! তুমি যা খাওয়াবে, আমরা তাই খাবো।'

—'না-না-আমি এর মধ্যে নেই।'

—'তাহলে বৌদি বলুক।' এই বলে সুধেন্দু শ্যামলীর মুখের দিকে তাকাতে সেখান থেকে জবাব আসে, 'তোমাদের এই নাকলনী ভাল লাগে

না। যা খাবে বসে যাও। তা নয়, এত চাই, ওত চাই।'

—তার নেই, বাবা, তোমার বক্তের টাকা বেশী খরচা করাতে চাই না আমরা তাই তোমার ওপর ভার দিচ্ছি। এখন দয়া করে তুমি হুকুম করো বৌদি. পেটে এদিকে আগুন জ্বলতে শুরু করেছে।' খুড়ে শ্বশুরের ছোট ছেলে মিনতি এই বলে চুপ করতেই আবার একটা মৃদু হাসির গুঞ্জন ওঠে।

মুখটা ঘুরিয়ে শ্যামলী জবাব দেয়, 'আমার যদ্দুর মনে হচ্ছে! যার টাকা সে যেমন ইচ্ছে খরচ করুক। আমি এর ভেতরে থেকে, নিমিত্তের ভাগী হতে চাই না। তারপর বৌদির নামে বদনাম দেবে, আমলের পেট ভরলো না খেয়ে।'

—আচ্ছা বুদ্ধি বাবা!' বলে পূর্ণেন্দু, শ্যামলীকে চুপ করিয়ে দিয়ে, নিজেই খাবারের তালিকা দেখে অর্ডার দিয়ে ফেললে।

এর দুদিন পরে, হঠাৎ বাজার থেকে মাসে ফিরে এসে পূর্ণেন্দু বললো, মা আজ কর্ণাকে মাসে রাঁধতে বলো। সবাই তো চলে যাচ্ছে শনিবার, ওর হাতের রান্নাটা কেমন খেয়ে যাক।'

—ও মা, ও ছেলেমানুষ, এত জনের জন্যে মাসে রাঁধতে পারবে? কি পাগলের মত কথা বলিস তুই।'

—কেন, ওতো খুব ভাল রাঁধতে পারে, ওর বাবা বলেছেন। ওদের পাড়ার সবচেয়ে পূজোর সময় কর্ণার ওপর নাকি রান্নার ভার পড়ে!'

কর্ণাকে ডেকে পাঠিয়ে পূর্ণেন্দুর মা বললেন, দেখো তোমার ভাসুরের পাগলামী। এত মাসে কিনে এনেছে, বলে তুমি রেঁধে আজ সবাইকে খাওয়াবে! পারবে মা তুমি রাঁধতে?'

কর্ণা ঘাড় নীচু করে উত্তর দেয়, পারবো। তবে জানি না, সে রান্না সকলের ভাল লাগবে কিনা?'

পূর্ণেন্দু বলে ওঠে, 'ও কথা কেউ বিশ্বাস করবে না। তোমার বাবা আমার চুপি চুপি বলে দিয়েছেন, তোমার হাতের রান্না নাকি খুব ভাল। আজ তার পরীক্ষা হবে, মনে রেখো।'

অনাদিন মাসে এসে শ্যামলী-ই রান্না করে, সবাই খেয়ে খুব প্রশংসা করে তার। তাই একবার তাকে মুখে কিছু না বলে, মাসে কিনে এনে, নতুন বৌকে রাঁধবার কথা বলাতে, শ্যামলীর ওপর মনে মনে অভিমান হয় শ্যামলীর। বেশ তো, ওকে ডেকে বলাই পারতো পূর্ণেন্দু, দেখো মাংসটা এনেছি, আজ তুমি রেঁধো না, নতুন বৌকে দিয়ে রান্না করিয়ে দেখো, ও পারে কিনা! তা নয়, একেবারে রসে বশে ভরপুর! এমনি ভাবে তিনি ভাইয়ের মনের এনেছেন, যার পরোয়া শেষ নেই, আর সকলকে, তাই দেখবার জন্যে যেন পাগল! আমুদে মানুষের অভাব নেই পৃথিবীতে, এ যেন একেবারে জলজ্যান্ত আদিখ্যেতা!

আত্মীয়স্বজন সবাই একসঙ্গে সারিবদ্ধ হয়ে খেতে বসেছিলেন। দুই বৌয়ে পরিবেশন করছিল। আর শাশুড়ী দেখবার দাঁড়িয়ে সকলকে খাওয়াচ্ছিলেন। কারুর পাতে আর একটা মাছ দিতে বলছিলেন। কাউকে আরো দুটি ভাত। কাউকে বা আরো একটু মাংস।

—বৌমা নিজ হাতে মাংস রেঁধেছে, কেমন হয়েছে?' বলে জনে জনে জিজ্ঞেস করেন তিনি। কিন্তু আশ্চর্য হয়ে দেখেই কোন প্রশংসা না করে তিনি সোজা ছোট ছেলেকে শুধু করেন, 'কিরে সন্তু, ছোট বৌমা কেমন রেঁধেছে?'

—একেবারে মাসাকার হয়েছে। মুখে লোকা।'

—দাঁ আমি ঠাট্টা করছি না! লক্ষ্মীটি তুমি জিজ্ঞেস করো।'

—হাঁরে পল্টু, মুখে পড়ে গেছে?'

বৌমার এই পরাজয়ে যেন পূর্ণেন্দুর নিজের পরাজয়, এমনি ভঙ্গীতে সে জবাব দেয় 'মা একটু নুন বেশি হয়েছে। তা এত লোকের রান্না, ঠিক আন্দাজ করতে হয়ত পারেনি। ছেলেমানুষ তো!'

—সত্যি জানই তো বৌমা! বয়েস কতটুকু, সংসারজ্ঞান পারবে কি! তা তোর উৎসাহই বেশী! এখন চলো তো! সকলের খাওয়া নষ্ট হলো।'

জগদীশ কাকা কৈফিয়ৎ দিতে গিয়ে পূর্ণেন্দু বলে, 'ওর বাবা বলেছিলেন ওর হাতের রান্না খুব ভাল!'

—এমন কিছুর আশা করতে হয়। তুমি যেমন সরলা এই কথা অমনি বিশ্বাস করে নিলে!

মাঝ থেকে শ্বশুর কর্ণা শাশুড়ীকে বলে 'মা আমি তো নিজে চোখে দেখেছিলাম, তখন তো নুন লাগেনি! ঠিকই ছিল।'

—তা হলে কি কেউ ইচ্ছে করে আরো নুন মিশিয়ে দিয়েছে, বলতে চাও?'

অপমানীর মত ঘাড় নীচু করে রান্নাঘরের দাঁড়িয়ে থাকে কর্ণা। শাশুড়ী বলেন, 'যাও তবু কেউ কিছু বলে কিনা দেখোগে—এখানে সব-এর জন্য দরিদ্রের বাজেট কি হয়। খেয়ালের বশবর্তী হয়ে কিনে ছিল, এত মাসে আমি কখনো দেখিনি।'

—বাঁধবো না কেন মা! বোঝাই যাচ্ছিলো। তবে কখনো তো এমন সাজ হয়নি। তাই ভাবলাম কি করে হবে—'

—আর ছেলে কি হবে। যা হবার হয়েছে। সকলের কাছে তোমার চেয়ে তোমার ভাসুরের মূল্যটাই পড়েছে। তারই উৎসাহে সকলের চেয়ে বেশি। তোমার রান্না খেয়ে সকলে ভাল বলুক, এটাই ছিল তার মনের ইচ্ছা।' কর্ণা এবার কেঁদে ফেলে! নিরুপায়ে তার চোখ দিয়ে জল গড়িয়ে পড়তে থাকে। বলে, 'মা আমি নিজে চেখে দেখেছিলুম, তাই তো কোথা থেকে কি হলো, বুঝতে পারছি না। দিব্যি বড়বা কি ভাজছেন!'

পূর্ণেন্দু একেবারে চুপ। তার মুখে আর কোন সাড়া শব্দ নেই দেখে মনের ভেতর যেন খুশি চেপে রাখতে পারে না শ্যামলী।

মনমরা হয়ে, বৈকের সন্দেশ মিষ্টি খেতে খেতে ঘরে যায়, না বাপু তোমাদের বড় বৌদির হাতের রান্নার কাছ কেউ লাগে না! বড়দা এখানে তোমার পরাজয় হয়েছে, স্বীকার করতেই হবে।'

ছোটর মন এই কথা পূর্ণেন্দুর দিকে এমনভাবে তাকায় যেন এ পরাজয় তার, কর্ণার নয়।

পূর্ণেন্দু হেসে ওঠে, 'তা তোমার বেশ বিচার তো। যে এত কষ্ট করে রান্না করলে, সে চেয়ে তাকিয়ে, আর যে পরিবেশন করলে, তার হলো জিৎ।'

অসীমা বলে, 'দেখো বড়দা তুমি কিন্তু একটু বেশী বাড়াবাড়ি করে ফেলেছো। আমরা সকলের মন, তাদের 'টিপ্পনেতে বলনায়—তাদেরও একটুকু জিতকে এত বড় করে দেখাই। কিন্তু ছোটদা, যাঁর মুখে নতুন বৌদির হাতের প্রশংসার যে কোন ধারা আসত সমান, সে-ই তো সব-প্রথম উচ্ছ্বাস করলে, মনে পড়ে দেছে। আমরা তো তাই চুপচাপ ছিলুম!'

পূর্ণেন্দু এদিক ওদিক তাকিয়ে মাকে বলে, 'কর্ণা কোথায় মা?'

—কেন, কি দরকার তাকে?'

—ওই একটু, খাবার জল দেবে।'

—আন্না আমি দিচ্ছি। সে আর তোমাদের কাছে মুখ দেখাবে না। লজ্জাতে মাঁড়িয়ে কাঁদছে।'

—কাঁদছে? সেকি! ডাকো তাকে এখানে!' পূর্ণেন্দু নিজেই ছুটে পাছে, 'কর্ণা, কর্ণা, শুনে যাও এখানে, শিগগির।'

পাশের ঘরে বসে পান সাজছিল শ্যামলী। পানের পাতার চুন, খয়ের সুপারির কুচোর সঙ্গে ছোট এলাচের দানা দিয়ে একটার পর একটা খিলি মুখে সবকল আস্বাদছিল। হঠাৎ স্বামীর ওই সহানুভূতিপূর্ণ কণ্ঠস্বর কানে। সেকি? মনে যাওয়া মাত্র তার বড়ো চোখ ছেকে যেন হিংসে আনন্দ ঠিকরে পড়ে। প্রতিযোগিতায় চরিতার্থ হওয়ার এক একটুকরো সুখে হাসি মিলিয়ে দিয়ে ওঠে বাঁকা ঠোঁটের দুই প্রান্তে। সেখানে যেন নতুন বৌয়ের মাটিতে পা পড়ে না। আর সেই সেবাকে বাড়িয়ে দিয়েছে,

তার স্বামী, পূর্ণেন্দু। ঘর আদি-খোতা, সবের মূলে সে। নতুন বৌকে নিয়ে আনন্দের আর শেষ নেই। সে যে রূপে গুণে কেবল নয়—গৃহকর্মে, এমন কি রন্ধনেতেও সকলের ওপরে যায়, তার প্রমাণ দেবার জন্যে নিত্য নতুন পরিকল্পনা তার মাথায় আসে।

পানের খিলির মুখে লবঙ্গ বিঁধতে দিয়ে শ্যামলীর বুকের ভেতর যেন কে কাঁটা ফুটিয়ে দেয়। তোমার মাথায় সব পরিকল্পনা শুধু আমাকে হেনস্থা করার জন্যে। আমি কালো, কুৎসিত, মোটা, নতুন বৌয়ের মত সুন্দরী, তন্বী নই।—সবই ঠিক। কিন্তু তার জন্যে তো আমি দায়ী নই! তাই বলে বিধাতা আমাকে যে হাত দিয়েছেন, যার রান্না খেয়ে সবাই সুখ্যাতি করে, আজ তাকে হেনস্থা করবার অধিকার কারুর নেই। না নতুন বৌ কর্ণার, না তার স্বামীর।

(২)

পূজোর সময় প্রতি বছরের মত সকলকে এবারও নতুন জামা কাপড় দেয় পূর্ণেন্দু। তবে এবারে শাড়ীর বাজেটটা অনেক বেড়ে যায়। তার জন্যে পরোয়া করে না পূর্ণেন্দু। পূজোর বোনাসটাও বেশ মোটা রকমের পেয়েছে সে।

শাড়ীর বাক্স দুটো বগলে করে ঘরে ঢুকতেই শ্যামলী ছুটে এসে বাক্স দুটো খুলে ফেললে।

পূর্ণেন্দু কর্ণার শাড়ীখানা বেঁধিয়ে বললে, 'দেখো তো, এটা কর্ণাকে মানাবে না?' বলে স্ত্রীর উত্তরের অপেক্ষা না করেই, নিজেই বলে ফেলে, 'আমার মনে হয় খুব ভাল মানাবে।' ঘিয়েরঙ্গ শরতের ওপর নতুন ধরনের প্রিন্ট। একটা নাকি লেটেস্ট ফ্যাশন্! কি তোমার পছন্দ হচ্ছে?'

শ্যামলী পছন্দের কথা না বলে, হিসেব করলে, 'কত দাঁড়াবে নিলো!'

উৎসাহে পূর্ণেন্দুর গলা কেঁপে ওঠে। 'খুব সস্তায় পেয়েছি। নিউ মার্কেটে বলেই সম্ভব হয়েছে। তোমার পছন্দ হলে, এ শাড়ী এ ধরনে কিছুতেই কিনতো না।'

—কত নিয়েছে, শুনি?'

পূর্ণেন্দু শাড়ীর গায়ে ঝোলা টিকিটটা দেখালে।

শ্যামলী মুখটা নীচু করে, বলে উঠলো, 'আন্না। একশো পঁয়ত্রিশ, তুমি বলছো বাস কম নিয়েছে!'

—একবারে লেটেস্ট, ডিজাইন! ঠিক এই রকম প্রিন্ট শাড়ী এর আগে কলকাতায় আসেনি। ওরা এই বলে ঘড়ি বলছিল। একটা শেষ! তাছাড়া আজ কিনতে গিয়েছিলুম। আগে ভেবেছিলুম শনিবার যাবো! তারপর হঠাৎ মনে পড়ে গেল, শনিবার বেজায় ভীড় হবে, মনের মত পছন্দ করা যাবে না।

দামখানা দেখতে চাইলে দোকানদার দেখাতে হবে।'

শ্যামলীর মুখে উপহারের অভাব দেখে পূর্ণেন্দু বলে ওঠে, 'তোর কাপড় তো সবই এক—আসলে ডিজাইনটার জন্যেই তো দাম বেশী নইলে খড়িমাটী ছিটে, যা দেখে দেখে চোখ পচে গেছে, সে তুমি নক্সাই, পঞ্চানক্সইয়ে আজকে পেরে যাবে।'

বলতে বলতে এবার শ্যামলীর শাড়ীটার তলি উল্টে দাম লেখা টিকিটটা দেখিয়ে বলল, 'এটা সেলস্ হলেও, এর পাড়ে যে জরির কাজ দেখছো, এটাও কিন্তু নতুন ধরনের।'

শ্যামলী বলে, 'কিন্তু এটা তোমায় ঠকিয়েছে। একশো বাট টাকা। গড়িয়া-হাটায় অনেক কমে পাওয়া যায়!'

—'তবে হয়ত পেতে পারো। তবে ঠিক এ ডিজাইন পাবে না। থাকবে। এটা তোমার পছন্দ হয়েছে তো?'

এ কথার জবাব না দিয়ে শ্যামলী বলে, 'কর্ণার শাড়ীটার দাম অত হলেও, আমার চেয়েও অনেক জিনিষ ভাল।'

পূর্ণেন্দু বলে, 'তবে বোকা। তোমার সেলস্ শাড়ীর দাম এত বেশী নিজেকে কি বিশ্বিসিছি? হাত দিয়ে দেখো দেখি পরনের জমিটা কি রকম সফ্‌ট্।'

চট্ করে নিজের শাড়ীটা একবার হাতে নিয়ে পরীক্ষা করে শ্যামলী কর্ণার শাড়ীর ভাঁজের মধ্যে হাতটা ঢুকিয়ে দিয়ে, কাজটা বেশী সফ্‌ট্ বাড়াই করতে গিয়ে, বারে বারে হাসি হয় যেন বেশী মশৃণ, বেশী লোভন লাগে কর্ণারটা।

পূর্ণেন্দু বলে, 'ও মেয়েমানুষ, এই বয়স-এ ডিজাইনটা ওকে কেন মানাবে না?'

—'মানাক না মানাক সে নিয়ে তোমায় এত মাথা ঘামাতে হবে না। তোমার যেমন পছন্দ হয়েছে, তুমি এনেছো। কম্ ঢুকে গেছে।'

—'না-না-দেখো। আমি এত টাকা খরচ করে যে শাড়ীটা আনলুম, সেটা যদি ওর মনোমত না হয়, তা হলে, আমি বলছি নিয়ে যাবো। তুমি ওর মনের কথাটা সোপনে জেনে নিয়ো। ও যা চাপা মেয়ে পছন্দ না হলেও মুখ দেখে তা তুমি বুঝতে পারবে না।'

'বেশ তো, তা হলে ও তারটা আমার ওপর না দিয়ে তুমি নিজেই করলে পারো।'

—'আরে, আমি কি তাই বলছি!'

—'আবার এর চেয়ে বেশী কি করে বলবে।' বলে হঠাৎ গম্ভীর হয়ে যায়। তারপর বলে, 'ঠিক আমারটা পছন্দ হয়েছে কিনা কিংবা পছন্দ না হলে, আবার ফেরত দেবে, একথা একবারও তো তোমার মুখে শুনলাম না।'

—'আরে তুমি যে আমার স্ত্রী, আমার পছন্দই তোমার পছন্দ। তোমাকে আবার নতুন করে বলবো কি? পাঁচের পৃষ্ঠের সতীর পুণ্য, বুঝলে না?'

—'বেশ তো, তা হলে ও শাড়ীটার পছন্দ ঠাকুরজামাই হাতে ছেড়ে দাও—তুমি কেন এত মাথা ঘামাচ্ছো ও নিয়ে।'

—'আরে সুখটো একটা বাবলা। ওকে আমি চিনি না ভেবেছে? কেবলই দামী কিনেছে, নিশ্চয় সেটা ভালো। তার ওপর আর কথার কিছু নেই। কর্ণার ঠিক পছন্দ হলো কিনা তার খোঁজ নেবার জন্যে বসে থেকে! সেই জন্যেই তো তোমায় বলছি, সোপনে ওর মনের কথাটা জেনে নিতে।'

পূর্ণেন্দুর আসল কথাটার সঙ্গে কয়েক খাদ মিশিয়ে কেমন করে কর্ণার কাছে শ্যামলী পরিবেশন করেছিল এবং কর্ণা তার জবাবে কি বলেছিল, সে খবর আর নেয়নি পূর্ণেন্দু। তার স্বভাবটাই এই রকম, আত্মতোলা উদ্ভাসলেন। কেউ যখন ভাল লাগে সরলভাবে তা প্রকাশ করে দেয়। অন্যের মনে তার যে কোন প্রতিক্রিয়া হতে পারে, একবারও সে কথা চিন্তা করে না। হল কপটতা কাকে বলে জানে না। যারা তার অন্তরঙ্গ বন্ধু তারা জানে, একটুখানি আনন্দের জোয়ার বিশ-পঞ্চাশ খরচ করে অনায়াসে পূর্ণেন্দু। ছোট বড় সকলের সে প্রিয় ও সকলের কাছে সে বড়দা।

মহাষ্টমীর দিন বিকেল পাঁচটায় পূর্ণেন্দুদের প্রতিমার উদ্বোধন করবেন মাননীয় শিক্ষামন্ত্রী এবং সেই সঙ্গে একটি ধানের জলসাও হবে। বাড়ীর সব মেয়েরা সাজসাজ করছে, পূর্ণেন্দুর সঙ্গে কাদের দেখতে যাবে বলে। হঠাৎ কর্ণা জল-খাবারের জন্যে খাবার ঘরে আসতে গিয়ে, পূর্ণেন্দুর মুখোমুখি হলো।

—'একি! না না, ও শাড়িটা পরলে কেন? ছেড়ে ফেলো। ভাল দেখাচ্ছে না।'

কর্ণা খুব আস্তে করে বললে, 'বিশিতাই তো এই শাড়িটাই পছন্দ করে পরতে বিলেন।'

—'না না, এটা ঠিক মানাচ্ছে না। তুমি এটা বদলে ফেলো কর্ণা।'

কর্ণা ঘরের ভেতরে ঢোকবামাত্র শ্যামলী বাইরে বেরিয়ে এলো। তার শাড়ি পরা হয়ে গিয়েছিল, আয়নার সামনে দাঁড়িয়ে চিরুনীর মাথায় সিন্দুর লাগিয়ে সিঁথিতে পরছিল। কর্ণা অত্যন্ত সংকোচের সঙ্গে বললে, 'বিশিতাই—'

—'কিরে?...চুল করে গেলি কেন?' বলে আয়নার ভেতর দিয়েই তার মুখের দিকে তাকাল।

এবার একটু ইতস্তত করে কর্ণা বললে, 'বড়দা এই শাড়িটা বদলাতে বলছেন, এটা নাকি ভাল মানাচ্ছে না।'

সঙ্গে সঙ্গে শ্যামলীর রসনা তীব্র হয়ে ওঠে, 'তোর বুঝি আর তর সইছিল না। সাত তাড়াতাড়ি বড়দার কাছেই বা যেতে গিয়েছিলি কেন?'

ভীতু গলায় কর্ণা বলে, 'আমি জল খেতে গিয়েছিলুম। জানতুম না যে তখনো তার চা খাওয়া শেষ হয়নি। খাবার ঘরে রয়েছেন।'

—'বুঝেছি।' হঠাৎ চট্ করে চিরুনীটা ড্রেসিং টেবিলের ওপর ফেলে দিয়ে শ্যামলী পূর্ণেন্দুর কাছে এসে বললে, 'কেন্ শাড়িটা তোমার সুন্দরী ভাদ্দর বৌকে পরলে ভাল মানাবে, দয়া করে দেখিয়ে দেবে এসো।'

এ শাড়িটা কর্ণাকে তার বাপের বাড়ী থেকে পূজোয় দিয়েছিল বলেই শ্যামলী ওটা পরতে বিয়েছিল ষষ্ঠীর দিন।

পূর্ণেন্দু বলে, 'এই দিনের আলোয় ওই জমকালো জরিপাড় শাড়িটা যেন বড্ড চোখে লাগে। খাইয়া মনে হয়!'

—'বেশ, যেটা চোখে লাগে না, সেটা এসে তুমি দয়া করে দেখিয়ে যাও।'

পূর্ণেন্দু এসে ঘরে দাঁড়াতে, তার সামনে একবারা নতুন শাড়ি আলমারি থেকে বার করে খুব করে ফেলে দিল শ্যামলী।

পূর্ণেন্দু ভাঁজগুলো ঘাঁটতে ঘাঁটতে ঠিক যেটা সে কিনে দিয়েছিল বার করে দিলে। 'এইটা পরুক।'

—'ওঃ তাই বলো, তোমার শাড়িটা আজ পরতে হবে ওকে!' শ্যামলীর কণ্ঠে তীক্ষ্ণ শ্লেষ।

পূর্ণেন্দু বলে, 'অনেক লোকজন আসবে, তা ছাড়া ওই শাড়িটা একেবারে নতুন। সকলের চোখেই খুব ভাল লাগবে আমার বিশ্বাস।'

—'বুঝেছি। আর বেশী বলতে হবে না।'

পূর্ণেন্দু ঘর থেকে বেরিয়ে গেলে কেমন যেন সংকোচ বোধ করে কর্ণা। বড়দার এতটা বাড়াবাড়ি করা উচিত হয় নি। বিশিতাই কি মনে ভাববেন। ছি। অন্তত এত আগ্রহ করে শাড়িটা বড়দা পরতে বলে গেলেন, না পরলে তিনিই বা কি ভাববেন। এ বাড়ীতে বড়দাই সর্বেসর্বা। তাঁর ইচ্ছার বিরুদ্ধে কেউ কোন কথা বলতে পারে না। এটা এই কারণে কর্ণা বুঝেছে।

কিন্তু মুস্কিল হলো, পরের দিন ছেলে যখনই ঠাকুর দেখতে যাবার সময় শাড়ি পরতে যায় কর্ণা, তখন বিশিতাইকে জিজ্ঞেস করে, আজকে কোন্‌টা পরবো বলুন না, শ্যামলী মুখটা গম্ভীর করে বলে আমি কি

ধনঞ্জয় ভট্টাচার্য

করে জানবো, তোমার ভাশুরের কোন্‌টা পছন্দ হবে? এতে কর্ণার মনে আঘাত লাগে। সে ভাবে ছেলে-মানুষ ছোট, এর অর্থ যে কি তা বোঝার মত বয়স তার হয়েছে। তাই মুখখানা গম্ভীর করে চুপচাপ বসে থাকে। ভেবে এক সময় তার দু চোখের কোল বেয়ে জল গড়িয়ে পড়ে।

—আমি কি অন্যায় বলেছি? কাঁদছো কেন? জানো তো কেমন মানুষ। তাই সবচেয়ে ভাল হয়, তুমি শাড়িটা তাঁকে দেখিয়ে নিয়ে এসে তারপর পরো।'

আদরে মনের পুর্ণেন্দু। ছল-ছলচোখে তার দিকে না তাকিয়ে কর্ণা বলে, 'আমি কিছু বলতে চাই না। কেউ মনে আসে, স্পষ্ট বলে দেয়। মহাষ্টমীর দিন যখন কোটা বেনারসী পরে হাতে আরতি দেখতে যাচ্ছিল কর্ণা, পুর্ণেন্দু তার মাকে বলেছিল, 'ওকে চমৎকার শাড়িটা মানিয়েছে কর্ণাকে। যেন ফুলের কৌটায় ভরে রেখেছে, না মা?'

মা বুকের ভেতর একটা গভীর নিশ্বাস চেপে নেন। আহা, বেচারীর মনে কত সখ। নিজের বৌয়ের যা ছিরি, তাকে কোন শাড়ি পরলেই মানায় না। তাই একটু থেমে বলেন, 'আসলে বৌমার চেহারাটাই সুন্দর। নইলে ঠাকুর দেখতে এসে ঢের দামী দামী শাড়ি পরে কত মেয়ে আসে; কিন্তু ওর মত এমন সুন্দর দেখায় কজনকে। ষষ্ঠীর দিন তোর সেই গরদের শাড়িটা পরে যখন বসেছিল, আমার আশে-পাশে কিসফিস করে কত মেয়ে ওর প্রশংসা করছিল, ও কি চেহারার মানিয়েছে। যেমন ফিগার তেমনি হালকা রংয়ের ডিজাইন।'

—তাই নাকি!' বলে চেঁচিয়ে ওঠে পুর্ণেন্দু। 'তোমার বড় বৌকে বলো। সেদিন ওই শাড়িটা আনিই তো ওকে দিয়েছিলুম। নইলে শামলী সে শাড়িটা পরবে দিয়েছিল—এত বাজে দেখাচ্ছিল!'

ঠাকুর দেখে ফিরে, ঘরে যখন শাড়ি বদল করছিল, সুরেন্দ্রও কর্ণাকে বলেছিল, 'ওঃ পুর্ণেন্দু শাড়িখানা বড়দা তোমায় দিয়েছে। সারা পুজো মণ্ডপে তোমার মত সুন্দর আর তাকে দেখাচ্ছিল না।'

হাসিভরা চোখ দুটো স্বামীর মুখের ওপর রেখে কর্ণা বলে, 'তাহলে শাড়িটা সুন্দর, না তোমার বৌয়ের চেহারাটা? কোন্‌টা বেশী সুন্দর?'

সুরেন্দ্র শিথিল পড়ে। একটু ভেবে জবাব দেয়, 'আমার মনে হয় শাড়িটা। কেন না বৌদি তো নতুন নতুন কত রকমের শাড়ি পরে, কৈ আজকের মত এত সুন্দর তো ঠেকে না কোনদিন চোখে!'

কর্ণাকে হাসতে দেখে সুরেন্দ্র বলে, 'অবশ্য চেহারাটাও আগে ভাল দরকার, নইলে কি পটলির মাকে ওই শাড়ি পরলে ভাল দেখাবে?'

—যাক, তা হলে আগে চেহারাটা, তারপর শাড়ি, স্বীকার করছো।'

—হ্যাঁ, যেমন আগে বড়দা তোমাকে খুঁজে এনেছে। তারপর তোমার শাড়ি খুঁজেছে। বড়দার পছন্দ আছে, স্বীকার করতেই হবে।'

হেসে জবাব দেয় কর্ণা, 'অস্বীকার কে করছে। তা হলে কি আজ তোমার বদলে বড়দাকে পাঠাবো?' হলে সুরেন্দ্রর গালটা টিপে দিয়ে বলে, 'বড়দার এই মুখ যদি তোমার ভেতর একটু থাকতো—'

—অর্থাৎ আমার কোন পছন্দ নেই, এই বলতে চাও তো?'

—না, তা ঠিক নয়। তবে বড়দার মত নেই, এটাই বলতে চাই।'

হঠাৎ সুরেন্দ্রর মুখটা কেন গম্ভীর দেখায়। নিমেষে সে নীরব হয়ে যায়।

—ওঃ, তোমার সঙ্গে একটু ঠাট্টা করারও উপায় নেই। অমনি মুখখানা হাঁড়ি হয়ে উঠলো। আচ্ছা, আর কখনো বলবো না। হয়েছে?'

সুরেন্দ্র বলে, 'বাজে কথা বলো না। কোথায় আবার গম্ভীর দেখলে। আমি ভাবছিলুম, তুমি ঠিকই বলছো, বড়দার মত পছন্দ আমার কেন, আমাদের বাপে ভারো নেই। ও যেমন হাসিখুসি ভালবাসে তেমনি দেখায় যা কিছু ভাল, ওর চোখে যেন আসে ধরা পড়ে।'

কর্ণা বলে, 'আসলে উনি যেমন মানুষে মানুষে তেমনি কোন মানুষের ভেতরে যদি কিছু ভাল দেখেন, অমনি তাই নিয়ে খুশিতে ভরে ওঠেন। এতো অল্প সময়ে মানুষ আমি আগে কখনো দেখিনি। তারী ভাল লাগে ওঁকে।'

—তোমার একার ভাল লাগে না, অনেকের লাগে।'

কর্ণা বলে, 'আর মুখে পুর্ণেন্দু, তোমাকে উনি সবচেয়ে বেশী ভালবাসেন।'

—এখন কিন্তু তোমাকে আমার চেয়েও বেশী ভালবাসেন।'

—সে তোমারই বৌ বলে! পাছে আমার অযত্ন হলে তোমার মনে কষ্ট লাগে, তাই এতটা করেন, আমি বুঝতে পারি তা।'

সুরেন্দ্র বলে, 'আমার মনে হয়, তুমি বড়দাকে ঠিক বুঝতে পারোনি। আসলে তোমাকেই ওঁর খুব পছন্দ।'

—সে-ও তো তোমারই জন্যে!'

—হ্যাঁ, এটা যা বলেছো, খাঁটি কথা।'

স্বামীর মুখ থেকে এ কথা শুনে, অনেকটা নিশ্চিন্ত বোধ করে কর্ণা। বড় জাকে সে আন্তরিক ভক্তি করে। সব সময় তিনি ছোটা যেন। বলেন, 'আজ তোকে দেখে বুঝতে পারছি আমি সুন্দর দেখতে নই বলে, তোর বড়দা আমি কি খাবো, কি পরবো, কোন্‌ শাড়িটা পরলে ভাল মানায় একদিনও তার মুখ থেকে শুনিনি। তাই ভালবাসার কাছে মাথা খুঁড়ি, এবার ঘরে যেন মুখ নিয়ে জন্মাই।'

সুরেন্দ্র হেসে ওঠে। 'আরে বৌদি ওই বলে তোমায় ঠাট্টা করে, বুঝতে পারো না!'

—ঠাট্টা কিনা জানি না, তবে ওঁর কথা শুনলে যেন বুকের ভেতর চিন্‌চিন্‌ করতে থাকে।'

অফিসের কাজে মাঝে মাঝে পাঁচ-সাত দিনের জন্যে বিলাসীতে যেতে হয় পুর্ণেন্দুকে।

এবার দিল্লী থেকে ফিরে সে দেখে, সুরেন্দ্রর ঘর জিনিসপত্তর বাঁধাছাঁদা, যেন বিদেশ যাত্রার জন্যে প্রস্তুত সব কিছু। সুটকেস, টাঙ্ক, বিছানা, দুটো নতুন হ্যারিকেন লণ্ঠন, নতুন বালতি, মগ আরো কত কি খুটিনাটি জিনিস সুরেন্দ্রর ঘরের এক কোণে স্তূপাকার হয়ে রয়েছে।

—এ-সব কি ব্যাপার রে সুরু!'

—আর পারা গেল না ঠেকাতে। মামলা করেছে, নওয়াদা। পরশু দিন হওয়া হতে হবে। হঠাৎ অর্ডার এসেছে। তাই কর্ণার নতুন সংসার পাততে হলে যা কিছু দরকার, সবই বৌদি কিনে কেটে গোছগাছ করে দিয়েছেন। অফিস থেকে বলেছিল, আজই চলে যেতে। কিন্তু আমি বলেছিলুম, দাদা ফিরলে, আমি বাড়ী ছেড়ে যেতে পারবো না। জানতুম যে, তুমি আজ আসবে, তাই কাল বৃহস্পতিবারটা না বেরিয়ে শুক্রবার যাবো ঠিক করেছি।'

—কিন্তু, বলে পুর্ণেন্দু গম্ভীর হয়ে যায়। তারপর একটু থেমে বলে, 'ওই বিদেশ বিভূঁই জায়গায়, একেবারে কর্ণাকে নিয়ে যাওয়া ঠিক হবে না। তার চেয়ে তুই একলা গিয়ে দেখ আগে, ঘর-বাড়ী কেমন, লোকজন পাওয়া যায় কিনা। বাড়ীর আশেপাশে প্রতিবেশী কি রকম—নওয়াদা শুনেছি খুব নির্জন জায়গা। ফল-ফসল চারদিকে। একা মেয়েমানুষ মেয়েকে নিয়ে সেখানে না যাওয়াই ভাল। নিজে চোখে সব দেখে, ঠিকঠাক করে তারপর এসে নিয়ে যাস্।'

—বেশ তাই হবে। কথাটা তুমি মন্দ বলোনি।' সুরেন্দ্র সঙ্গে সঙ্গে জবাব দিলো।

শামলী বলে উঠলো, 'কিন্তু ওই বিদেশে একা ঠাকুরপোর খাওয়া-দাওয়ার কত অসুবিধা হবে, সেটা তো আগে ভেবে দেখা উচিত।'

—আহা, ও ব্যাটাছেলে, না হয় দু-চার দিন একটু কষ্ট করবে। কিন্তু ওই ছোট মেয়েটাকে নিয়ে একেবারে অজানা, অপরিচিত জায়গায় গেলে যদি কোন বিপদ-আপদ ঘটে, তখন কে কাকে দেখবে। কি বলো বা?'

—হ্যাঁ, তা যা বলেছিস, মিথ্যে নয়। অল্প বয়সী মেয়ে, তার দেখতে শুনতে ভাল, তার মনে কি আছে, কে বলতে পারে। বিপদ ঘটতে কতক্ষণ!'

শামলী রাগে গর গর করতে থাকে। আদিখ্যেতা দেখলে গা জ্বলে যায়। সুন্দরী বৌ নিয়ে আর কেউ বিদেশে চাকরী করতে যায় না —ওঁর ভাই একা যাচ্ছেন!

স্বামীকে মুখে সে কথা বলার সাহস নেই। শুধু মনে মনে তার মুণ্ডপাত। সবচেয়ে রাগ হয় তার কর্ণার ওপর। তাকে পুর্ণেন্দু কত ভালবাসে তা সে জানে, সে একবারও মুখে 'না' করলো না। এমন সুন্দর বড়দাকে ছেড়ে তারও ওই জংলী জায়গায় যাবার ইচ্ছে যে নেই, সেটা হলফনামা করে নিয়ে শামলী মনে মনে গজরায়।

সুরেন্দ্র চলে যাবার পর, একদিন কর্ণাকে একা চুপ করে বারান্দায় দাঁড়িয়ে থাকতে দেখে পুর্ণেন্দু বলে, 'কি মন কেমন করছে তো সুরুর জন্যে! আর ভাবছো, এ লোকটা কি খারাপ, না?'

—ছি ছি, এ কথা আমি ভাবতে যাবো কেন?'

পুর্ণেন্দু বলে, 'আমি সব বুঝি। সুরু চলে যাবার পর থেকে, সব সময়ই তোমার মুখটা যেন গম্ভীর।'

কথাটা শামলীর কানে গিয়েছিল। ও তখন তাড়ার থেকে চিনির কৌটা নিয়ে যাবার জন্যে চায়ের উদ্যোগ করতে যাচ্ছিল। একটু থেমে শামলীকে উদ্দেশ করে বলে, 'তোমার যেমন কাণ্ড, বেশ দুটিতে নিরিবিলি কেমার সংসার পাতবে, তা নয়, দিলে সব ভণ্ডুল করে।'

—হুট করে একটা নতুন জায়গায় গেলে কত যে অসুবিধা তা তোমরা বোঝো না। তার চেয়ে বেশ গোছ-গাছ করে, সব দিক গুছিয়ে নিয়ে যখন সংসার করতে যাবে, অনেক বেশী আনন্দ পাবে তাতে, দেখে নিয়ো।' বলে কর্ণার দিকে চেয়ে হাসে পুর্ণেন্দু।

শামলী বলে ওঠে, 'থাক্‌ না একটু অসুবিধে—আনন্দ তো তাতেই বেশী। এখান থেকে গোছানো সংসারটা উঠিয়ে নিয়ে, আর এক জায়গায় পাতার চেয়ে তাতে আনন্দ অনেক বেশী। এমন সে রকমের আনন্দ কদাচিৎ মেলে।'

—'ও সেইজন্যে কর্ণা আমার ওপর

ছেলেমানুষ, বুঝতে পারিনি।'

—'বাহ্, আমি আপনার ওপর চটেছি, কে বলল!' হেসে কর্ণা শ্যামলীকে বলে, 'দেখলেন তো বিধি বড়না আমার ভুল বুঝেছেন।'

—'বুঝুন তো। সব ব্যাপারে ওঁর মাথা ঘামানো চাই। বাঁধাবাঁধা সব যখন ঠিকঠাক—আচ্ছা বাবা যাচ্ছে যাক্ না। তিনের ঘরে বেবেকে আমীর সঙ্গে যাচ্ছে, কষ্ট হয় হবে, সে কষ্ট ওরা দুজনে হাসিমুখে সহ্য করবে। সে কষ্টের চেয়ে ও এখানে একা থাকার কষ্ট যে আরো বেশী, সেটা তোমার বড়দার মাথায় ঢোকে না।'

—'কর্ণা, সত্যি কিনা তোমার বিধিতাই বা বলছেন? যাও, চুপ করে থেকো মা।'

কর্ণা উত্তর দেবার আগেই শ্যামলী বলে, 'হ্যাঁ, তোমার কাছে ফিরে ও বলবে যে ওর ঘরের জন্যে মন কেমন করছে, না? ঠাকুরপোর উপোসটাও বন্ধ করে দেন নিয়ে গেল। সেদিন তোমার কথায় ওপর কথনো কথা বলেনি, তাই মুখে হাসি এনে চলে গেছে।'

বাস্তবিক পূর্ণেন্দু এত দূর ভেবে দেখেনি। তাই শ্যামলীর কথা শুনে একটু চুপ করে থেকে কর্ণাকে বলল, 'সত্যি! আমার খুব অন্যায় হয়ে গেছে। কিন্তু সুবুটো এমন রাক্ষুসে, আমার কাছে টেপে ফেল কেন? আচ্ছা, এতদিন যখন গেল, আর একটা সপ্তাহ পরেই তো সে আসছে তোমায় নিয়ে যাবে বলে।'

কর্ণা এবার বলল, না, বোধ হয় ছুটি পাবে না। আরো একটা মাস অপেক্ষা করতে হবে, লিখেছে। কার নাকি মা মারা গেছে, এক মাসের ছুটি নিয়ে গেলে চলে গেছে।'

—'ও, সেইজন্যে তোমার বুঝি মুখটা এত ভার। আচ্ছা, সে ছুটি না পাক, আমি ছুটি নিয়ে তোমায় নিয়ে আসবো। তাকে আজ চিঠি লিখে দিয়ো।'

পূর্ণেন্দু অফিস থেকে ছুটি নিয়ে কর্ণাকে নওয়াপাড়ায় রাখতে গেল। এবং সুবেন্দু তার স্ত্রীর স্বাচ্ছন্দ্যের জন্যে সব কিছু ব্যবস্থা ভাল করেছে, দেখে খুশি মনে ফিরে এলো।

মায়ের কাছে সব বলতে, তিনি জবাব দিলেন, 'তুই মিথ্যিমিথ্যি চিন্তা করিস। আমি জানতুম, বৌমা ছেলে-মানুষ, তার জন্যে ভাবনা চিন্তা কি সুবুর কম!'

শ্যামলী ছাদের কাপড়টা টেনে নেমে নামিয়ে বলল, 'সব আগে আপনার ছেলের এই বাড়াবাড়ি কেন জানো? লোকে কি ভাবে বলুন তো মা?'

মুখে হাসি টেনে স্নেহার্দ্রকণ্ঠে তিনি বলেন, 'লোকে জানে, সুবুকে ও কি রকম ভালবাসে। তাই বৌমাকে নিয়ে কোন বিপদে না পড়ে, সব সময় সেটাই ঘোরে ওর মাথায়।'

মায়ের কথাটা যে কতখানি সত্য, কিছুদিন পরেই তার প্রমাণ পায় শ্যামলী। বিলাসীতে অফিসের কাজে গিয়ে ফেরার সময় দুটো তিনটে দিন পূর্ণেন্দু নওয়াপাড়ায় থেকে এলো।

পূর্ণেন্দু ফিরলে শ্যামলী বলল, 'এত দেরী করলে যে এবার, অফিসের কাজ বুঝি বেশী ছিল?'

—'আরে না না। বরং এবার তাড়াতাড়ি কাজ হয়ে গিয়েছিল। আমি যে সুবুর ওখানে গিয়েছিলুম। কি সুখের দুঃখিয়ে ওরা সবোর করছে। কর্ণা যে এত এফিসার্ট, তুমি চোখে না দেখলে বুঝতে পারবে না। কিছুতেই আমায় আসতে দেবে না ওরা দুজনেই। সুবু যা বলে, তার ওপর মুখ নেই কথা।'

—'তা যাবার সময় একটু বলে যেতেই পারতে যে, কর্ণাকে দেখতে যাবে। আমরা এখানে ভেবে মরছি, কোন খবর নেই। কখনো তোমার এত দেরী হয় না কিরতে তো?'

—'আরে আগে কি জানি আমিই জানতুম ওখানে যাবো। হঠাৎ অফিসের কাজটা দুদিনেই চুকে গেল যখন, মনে করলুম ঘুরেই যাই দুটো দিন ওখান থেকে।'

—'কিন্তু কোথায় কিসী আর কোথায় নওয়াপাড়া। তুমিই তো বলেছিলে, অনেক কাণ্ড করে যেতে হয়। যহা ঝামেলা।'

—'হ্যাঁ তা বটে।' তারপর সে প্রসঙ্গটা অন্য দিকে নিয়ে যায়। তাসিস দিয়েছিলুম, সুবুর আবার নাইট ডিউটি পড়েছে এই সময়। ওদের স্টেশনের একজন ঘুমি, তার বৌ এসে রাতে বাড়ী পাহারা দেয়। কর্ণার তো ভয় রাতে ভাল ঘুম হয় না। বাসে নাকি একটা হপ্তা নাইট ডিউটি দিতে হয় সুবুকে। সেইজন্যেই আরো আমাকে ছাড়তে চায় না। সুবু বলে, বাবা আর চারটে দিন তুমি থেকে যাও, তা হলেই নাইট ডিউটিটা শেষ। 'অলরাইট।' বলেই হঠাৎ চোখ দুটো আনন্দে যেন জ্বলে ওঠে পূর্ণেন্দুর। 'এ কি দুঃখ ছেলেমুখ সেখানে কি বলবো। কি সুখের স্নান! কর্ণা নিজে হেঁটে-মানের বাড়ী থেকে দুধটুকু নিয়ে আসে। আর তেমনি সস্তা দুধটা। ইয়া বড় বড় চিকেন, দেড় টাকা, পাঁচ সিকে। কেন চেহারা হয়েছে কর্ণার। যেমন রঙ ফুটেছে, তেমনি মোটাও হয়েছে। তবুও তোমাকে কিছুদিনের জন্যে ওখানে পাঠিয়ে দেবো।'

—'থাক, আমার জন্যে আর এত না ভাবলেও চলবে। আমার দেহে যা চর্বি আছে, আর তার ওপর বাড়াবার প্রয়োজন নেই।' বলতে বলতে ঘর থেকে বেরিয়ে যায় শ্যামলী।

ছবিমালা ঘোষ : আধুনিক ও লোকসংগীত

এবার মায়ের ঘরে গিয়ে আরো উচ্ছ্বাস করে পূর্ণেন্দু। বলে, কি সুন্দর দেখতে হয়েছে কর্ণাকে মা কি বলবো।'

মা স্নেহার্দ্রকণ্ঠে বলেন, তাতো হবেই। একে ওর চেহারা ভাল, তার বিদেশের জল-হাওয়া। খাবার-দাবার সস্তা কতদিন যখন এ হবেই তো?

—'হ্যাঁ, মা। কেন আছে ওরা দুটিতে।'

—'থাক্, নিজের চোখে তো দেখে এলি, এখন নিশ্চিন্ত তো?'

—'হ্যাঁ, কর্ণা যে এত কাজের মেয়ে জানতুম না।'

—'এখানে আর কাজ করলো কোথায়, যে দেখবি। আমরা তো নতুন বৌ বলে ওকে কিছু করতে দিতুম না।'

এর পর থেকে যখনই পূর্ণেন্দু কিসীতে ফেরা অফিসের কাজে, ফেরার পথে একবার নওয়াপাড়া হয়ে আসতো। কখনো দুদিন, কখনো একদিন, কখনো বা একটা বেলার মত সময় হাতে থাকলেও নিশ্চয়ই যেতো, কখনো ভুল হতো না। শ্যামলী এর জন্যে মনে মনে বিরক্ত হলেও মুখে তা প্রকাশ করতো না।

(৪)

বছর খানেক পর একদিন কিসী থেকে ফেরার পথে হঠাৎ কর্ণাকে সঙ্গে করে পূর্ণেন্দুকে বাড়ীতে ঢুকতে দেখে সবাই অবাক হয়ে যায়।

মা জিজ্ঞেস করেন, বৌমার খুব বাপের বাড়ীর জন্যে মন কেমন করছিল, তাই নিয়ে এলি? ছেলে-মানুষ, অনেকদিন হলো বিয়েতে, তা হতেই পারে।'

—'না মা। সুবুটো এমন রাক্ষুসে যে কর্ণা ছমাস অন্তঃসত্ত্বা, এ কথাটা একবারও বলেনি। ওই জলো জায়গায় আর ফেলে রাখা উচিত? তাই নিয়ে এলুম। এখনই ওকে ভাল ডাক্তার দেখিয়ে, ওষুধ-পথ্যের ব্যবস্থা করতে হবে। শ্যামলীর মত ভুল যেন আর না হয়।'

শ্যামলী সন্তানসম্ভবা হলে, ওকে ডাক্তারদের ওর বাপের বাড়ীতে পাঠিয়ে দিয়েছিলেন পূর্ণেন্দুর মা। সেখানে একটি মৃত সন্তান প্রসব করার সময় শ্যামলীর প্রাণ কোন রকমে রক্ষা পায়। কিন্তু ভবিষ্যতে কখনো আর জননী হতে পারবে না, ডাক্তাররা সে কথা বলে দিয়েছিলেন। সেই থেকে একটা আতঙ্ক পূর্ণেন্দুর মনে। তাই সুবুর জীবনে তার পুনরাবৃত্তি যাতে না হয়, সেইজন্যে আগে থেকে নিজের তত্ত্বাবধানে রেখে কর্ণার চিকিৎসার যথাসম্ভব ব্যবস্থা করতে ত্রুটি করে না।

অফিস থেকে ফিরে সেদিন পূর্ণেন্দু শুনলো, কর্ণা একটি সুন্দর সবল পুত্রসন্তান প্রসব করেছে, সেদিন ওর আনন্দ আর ধরে না। হাসপাতালে! কতক্ষণে তার মুখ দেখবে, অধৈর্য হয়ে পড়ে। সারারাত তার চোখে ঘুম আসে না। পরদিন বেলা চারটের সময় শুনে 'ভিজিটারদের দেখতে দেবে। সময় যেন কাটতে চায় না। ছটফট করতে থাকে তার মনটা ভাইপোকে দেখার জন্যে।

অফিসে ফেরতই সহকর্মীরা বলে, কৈ সন্দেশ কৈ, খুশনুমে আপনার ভাইপো হয়েছে!

—হ্যাঁ ভাই, নিশ্চয়ই সন্দেশ খাবে।'

সন্দেশ মনের পরিচয় টাকার সন্দেশ আনিয়ে সকলকে মিষ্টিমুখ করায় পূর্ণেন্দু। সুখেনকে ওদিকে টেলিগ্রাম করে দিয়েছিল, এখনি এসে একবার ছেলের মুখ দেখে যাওয়ার জন্যে। কিন্তু ভাইয়ের কাছ থেকে টেলিগ্রামের জবাবে পেয়ে তাকে চটে উঠলো। সে লিখেছে, ছুটি পাওয়া যাবে না, কেউ পাবে না।

—আরে যাবা, যা হোক একটা মিথ্যে অজুহাত দেখিয়ে, মায়ের মুখ অন্তত, বলে চলে আয়। নিজের ছেলে চোখে দেখে যা! তা নয়, অফিসে ছুটি পাবো না! একেবারে মুখ্যু!'

শ্যামলী বলে, 'তা ছুটি না পেলে কি করবে! আজ না হয় দুদিন পরে এসে দেখবে। তখন বড় ছেলে আরো দুষ্টুমুষ্টু হবে, চোখে জারো ভালো লাগবে! মিছিমিছি ঠাকুরপোকে গাল দিচ্ছ কেন? সে তো ঠিকই লিখেছে।'

বাপের চোখে প্রথম সন্তানের মুখ দেখার যে কি আনন্দ, শ্যামলীকে তা বোঝাতে পারবে না পূর্ণেন্দু। তাই বুকের ভেতর একটা দীর্ঘনিশ্বাস চেপে নেয়। ওর নিজের মৃত সন্তানটির মুখ হঠাৎ যেন তার চোখের সামনে ভেসে ওঠে। হ্যাঁ, সেও পুত্রসন্তান ছিল। তবে মৃত! ও যে নিজের সেই লোকটা ফুলতে চায়, ছোট ভাইয়ের মুখে আনন্দের দীপ্তি দেখে, তা কি বলে বোঝাবে শ্যামলীকে! পূর্ণেন্দুর এই অন্তর্দাহকে, এই অন্তর্যাতনাকে তাই বাড়াবাড়ি মনে করে তার স্ত্রী।

হাসপাতালে গিয়ে একটা ঝিনি দিয়ে প্রথম মুখ দেখে পূর্ণেন্দু নবজাতকের। কপাল কুঞ্চিত দুটি চোখ নিমেষে যেন আনন্দের বিদ্যুৎ ঝিলিক দিয়ে ওঠে। ওর শয্যার পাশে দাঁড়িয়েছিলেন শাশুড়ী। কথা জিজ্ঞেস করে, মা এঁরা কেন ওকনা দিলেন এখানে?'

—'ওমা! এ জানো না? অবশ্য আসলই প্রথম কোলা দিয়ে ছেলের মুখ দেখা নিয়ম। কিন্তু সুখু কোথায়? সে কবে ছুটি পাবে, তার ঠিক নেই। তাই তার কাজ ছোটো করছে! বাপের এসেছে! ছোটোই বাপের প্রথম সন্তান! তার সোনার দুষ্টি দেখে যেন সংসারে সুখ ঐশ্বর্য, ধন-দৌলত, উথলে ওঠে।'

পূর্ণেন্দুর মনটা যেন উদাস হয়ে যায়। বলে, মা ওর নাম থাক আনন্দ। ও আমাদের আনন্দকুমার। সত্যি-কারের আনন্দ ও এনেছে আজ আমাদের ঘরে। কথা কি বলো? এ নাম তোমার পছন্দ নয়?'

নবজাতকের দীপ্তি ভরা মুখখানি তুলে পূর্ণেন্দুর দিকে তাকিয়ে সে বলে, এর চেয়ে সুন্দর নাম আর কি হতে পারে!'

—তা হলে তোমার খুব পছন্দ বৌ? আমি আগেই চিঠি লিখে দিচ্ছি, আমরা ওর নাম রেখেছি আনন্দকুমার।'

নিজের কথার মুখের রেখাগুলো যেন স্পষ্ট দেখায়। বলে, 'কিন্তু মিনিটাই যদি এ নাম পছন্দ না করে, অন্য কোন নাম দেন।'

পূর্ণেন্দুর আগ্রহ যেন আরো বেড়ে যায়। বলে, 'ঠিক না অন্য নাম। যার যা খুশি নামে ডাকুক। স্কুলে যেন না রাবণকুমার গত নাম।' বলে জোরে হেসে ওঠে।

বাড়ীতে নিয়ে গিয়ে আত্মীয়স্বজন যত রকমের লোকজনকে, প্রত্যেকটি অনুষ্ঠান উপলক্ষে দুহাতে খরচ করে পূর্ণেন্দু। শ্যামলী শাশুড়ীর ওপরে গজগজ করে, 'আপনার ছেলের সব কিছুতেই বাড়াবাড়ি। কৈ সব বাড়ীতেই তো হচ্ছে, কে এত হেঙ্গে করে। লোকে জানতেই পারে না। বড়জোর কর্তাপুজোর একটা চুপড়ী বাড়িতে পাঠিয়ে দিয়ে যায়।'

শাশুড়ীর গলা ভারী হয়ে আসে। বলেন, 'বাছা, ভগবান তো আর কোনদিন ওর নিজের সব ছেলেকে না। ওকে নিজেই সব করো। আনন্দ যত পারে করুক বৌমা। ওর মুখের দিকে চাইলে, কেন বুকের ভেতরটা আমার দু দু করে। কি পোড়া রোগ তোমার দেহে ঢুকলো মা!'

শ্যামলীর এটাই সবচেয়ে বড় কষ্টদায়ক। তার হঠাৎ একেবারে নিষ্কলুষ হয়ে যায়। তাকে দিয়ে কেন সব ছেলেরা না বলে, কথাকে দিয়ে এত আনন্দ উৎসব যেন সে সহ্য করতে পারে না। বুকের ভেতর যেন তার হাঁচড়ে পাঁচড়ে পড়তে থাকে।

আনন্দর অন্নপ্রাশন উপলক্ষে পূর্ণেন্দু যে বিরাট আয়োজন করেছিল তা দেখে আত্মীয়-স্বজন এমন কি পাড়া-প্রতিবেশীরা পর্যন্ত অবাক। বিয়ে বাড়ীর মত আলাদা বাড়ী ভাড়া করে ফুল লতা পাতা দিয়ে সাজবে, ভোজন তৈরী করে, সানাই বাজবে, পাঁচশো লোক নিমন্ত্রণ করে খাওয়ানো। বড়লোকের বাড়ীর মেয়ের বিয়েতে যেমন ব্যবস্থা হয়, ঠিক তেমনি। আয়োজনের যেন ত্রুটি নেই। বন্ধুরা আপনজন সবাই। সকলের মুখে তাই পূর্ণেন্দুর প্রশংসা। খাওয়া-খাওয়া শেষ করে, সবাই পূর্ণেন্দুকে বলে, 'বড়দা চলুন বাচ্চাকে দেখে আসি।'

ফলমূল নিয়ে পূর্ণেন্দু ওপরে যায়। আবার নেমে আসে। আবার যায়। তাদের খেলনা, পুতুল উপহারে ঘর ভরে ওঠে। যে যাদের শিশু কোনটা মুষ্টি করে ধরে, কোনটা ফেলে দেয়।

—বা। সুন্দর ছেলে হয়েছে।' আনন্দর গাল টিপে আশীর্বাদ করতে করতে বড়দার মুখের দিকে তারা তাকায়। তাদের মুখের প্রশংসায় পূর্ণেন্দুর মুখ উদ্ভাসিত হয়ে ওঠে।

ছেলের বাপ যে সুখেন্দু, সে একা পাশে দাঁড়িয়ে থাকে কর্তার মত। তাকে যেন কেউ চেনে না। সবার মুখেই বড়দা, আর বড়দা। দাদা যে সকলের কত প্রিয়, তাকে যে সকলে ভালবাসে, চোখের সামনে, তা প্রত্যক্ষ করে সুখেন্দুও মনে মনে গর্ব অনুভব করে। বাবার ছেলের সুখ্যাতি শুনে ওর মনে আনন্দ হয়, তবু সুখেন্দু ভাবে, এ সবের মূলে তো দাদা। এ খ্যাতি সবটুকু প্রাপ্য তার। এত খরচ করে, এই বিরাট আয়োজন করার ক্ষমতা তার নেই। এবং কোনকালে হবেও না। দাদা যে আনন্দকে কি চোখে দেখে, কত ভালবাসে, এই তার প্রেষ্ঠ নিদর্শন।

দুপিতে কলমল করে কর্তাও। সে গর্বিতের মেয়ে। তার ছেলের অন্নপ্রাশন উপলক্ষে যে এ রকম বিরাট আয়োজন কখনও সম্ভব তা সে কল্পনাও করতে পারে না। মেয়েরা এসে ওর কোল থেকে আনন্দকে নিয়ে, গাল টিপে চুমু খেয়ে বলে, 'কেমন সুন্দর নাম, তেমনি দেখতে হয়েছে খোকাকে। আশীর্বাদ কর মায়ের কোল জুড়ে থাকুক, দীর্ঘজীবী হোক্।'

ওরি মধ্যে দাঁড়া প্রবীণা, বাচ্চার মুখের ওপরে ঝুঁকি, দুষ্টি ছেলে বলেন, 'কার মত দেখতে হয়েছে বৌমা? বাপের মুখের আদল পেয়েছে না?'

পাশ থেকে আর একজন সঙ্গে সঙ্গে বলে ওঠেন, 'না, একেবারে মুখুজ্জে মোটার মুখ। এখন ছোট বলে ঠিক এতটা বোঝা যায় না, একটু বড় হলেই দেখো আমার কথা সত্যি হবে।'

সঙ্গে সঙ্গে আর একজন বলেন, 'আমার মত অনেকে যেন পায় বাবা, অমন এদের মানুষ হয় না।'

শ্যামলী ঘরের ঘরে উপহারগুলো গুছিয়ে রাখছিল। ছেলের মত দেখতে হয়েছে কথাটা তার কানে গেল।

সঙ্গে সঙ্গে আনন্দর দিকে মুখটা ফিরিয়ে একবার এক নজরে দেখে নেয়। না, ঠাকুরপোর মুখের সঙ্গে অনেক মিল। শ্যামলীর মনে হয় লোকগুলোর ওপর যারা তার স্বামীর মন রাখার জন্যে ওই ভাবে তার তোষামোদ করে। কিছু বোঝে না, কচ্ করে একটা মন্তব্য করে বসে! বাস্তবিক এ কথাটা শুনলে, ঠাকুরপোর মনে যে প্রতিক্রিয়া হতে পারে, একবারও তা ওরা ভেবে দেখে না।

আড় চোখে একবার সুখেন্দুর মুখের দিকে তাকায় শ্যামলী। দেখে বিশ্রি হাসিভরা মুখ, পুত্রগর্বে উজ্জ্বল।

শ্যামলী কিন্তু ওরি মধ্যে থেকে একবার আনন্দকে কোলে নিয়ে পাশের ঘরে যেখানে ওর মা ঘুম করছিলেন, সেখানে গিয়ে বলে, মা, তুমি একটা খোকনকে কার মত দেখতে হয়েছে?'

মা এই প্রশ্নের জন্যে প্রস্তুত ছিলেন না। হঠাৎ মেয়ের মুখের দিকে তাকিয়ে মুহূর্ত কয়েক ভেবে বলেন, তোর কি মনে হয়?'

মুখে হাসি টেনে শ্যামলী বলে, 'অনেকে বলছে তোমার জামাইয়ের মত নাকি মুখের ভাব। আমার তো মনে হয়, ঠোঁটের ডগাটা, চোখের চাউনি সবটাই ও বাপের মত পেয়েছে।'

—'এত ছেলের সঠিক বলা যায় না। তবে তোর কথাই ঠিক।'

হুড়েটে যায় ঘর থেকে বেরিয়ে যায় শ্যামলী। তারপর কর্তাকে বলে, 'এই ছোট, খোকনের তো খুব খাওয়ার সময় হয়ে গেল। বড় ভুলে হয়ে গেছে যে। আহা, সব তো কত কিছু পেয়েছে। ছেলের সুখ্যাতি শুনতে শুনতে, দুটি মা হয়ে ওর খাবার কথাটাই ভুলে বসে রইলি।'

কর্তা বলে, 'আমি জানি তুমি বাইরে দিয়েছো দিদিভাই। আমি আর কবে ওকে খাওয়াই।'

—'ও মা, তাই নাকি! বেশ আছিস্ ভাই তুই। একখানা জা পেয়েছিস্, ভাগ্য করে।' একজন বলে ওঠে।

—হ্যাঁ, আমাকে ও 'বিন মাইনের নার্স' বলেছে।' বলে শ্যামলী হেসে ফেলে। 'ওর খাওয়ানো খাওয়ানো থেকে, রাত্রে শোওয়াটা পর্যন্ত আমার ঘাড়ে চাপিয়ে উনি মুখু নাম ঐর মা বসে আছেন। আমি সবাইকে কথাটা তাহলে বলে দিই।'

—'আমে তুমি ওর বড় মা, তারপর আমি' বলে কর্তা হেসে ওঠে।

আসলে পূর্ণেন্দু এবং ওর মা দুজনেরই ইচ্ছা শ্যামলীই ওকে মানুষ করুক। ও তো কোনদিন মা হতে পারবে না। এই বাচ্চাটাকে নিয়ে যাতে ভুলে থাকে, সান্ত্বনা পায়।

কর্ণাও বিশিতাইয়ের কাছে ছেলেকে ছেড়ে দিয়ে নিশ্চিন্ত হয়েছিল। একটা শিশু মানুষ করার ঝক্কি তো কম নয়।

(৩)

ছেলে বড় হতে থাকে, শ্যামলী দেখে তার মুখে চোখের রেখাগুলো যেন একটু একটু করে বদলাতে থাকে। যখন সেই বছরে পা দিলো আনন্দ, তখন যে তাকে দেখে, সে-ই বলে, মুখটা একেবারে ছোট্টার মত হয়েছে।

পরিচিত কেউ হলে, তখনই শুনিয়ে দেয় শ্যামলী, 'আহা কথার কি ছিরি! বন্ধুর ধারা পেয়েছে, খুড়ো ভোম্বলের মত হবে না তো কি!'

সেদিন পুর্ণেন্দুর সঙ্গে শ্যামলী বাপের বাড়ী বেড়াতে যাচ্ছিল ট্রেনে করে। আনন্দ কাঁদছিল বলে ওকেও সঙ্গে নিয়েছিল। দুটো দিন থাকবে বৈ তো নয়।

ট্রেনে একবার জানলার ধারে গিয়ে দাঁড়ায় আনন্দ, আবার ছুটে আসে শ্যামলীর কাছে। বাইরে মাঠ ঘাট দেখলে, ওর আঁচল ধরে টানে। বলে, 'দেখবে চলো বড়মা।'

পুর্ণেন্দু ওকে জানলার কাছে আগলে নিয়ে বসে থাকে। কিন্তু তবু সামলাতে পারে না।

শ্যামলীর পাশের এক ভদ্রমহিলা বলেছিলেন। আনন্দর গালটা টিপে আদর করে বলেছিলেন, 'ভারী মিষ্টি ছেলেটি হয়েছে আপনার। একেবারে বাপের মুখ পেয়েছে। দেখবেন, খুব ভাগ্যবান্ হবে এই ছেলে!'

শ্যামলী হিম হেসে বলে, 'আমার ছেলে নয়, ভেওরলো। আমাকেই মা বলে জানে।'

—'আশ্চর্য একেবারে বুবহু ছোট্টার মত দেখতে হয়েছে!'

স্তব্ধ হয়ে যায় শ্যামলী। সবাই এক কথা বলে কেন? একেবারে বুবহু, ওর স্বামীর মুখখানা পেয়েছে! সেটা কি করে সম্ভব! অথচ এ ভদ্রমহিলা সম্পূর্ণ অচেনা অজানা স্রোতা। একে দেখেই বা কেমন করে বুঝলো সে কথা!

আবার মনে কিন্তু করে আসে সেই সব কথা...কথা...ভাইয়ের সঙ্গে নওডাঙ্গায় থিয়ে থাকা—রাতের পর রাত কাটানো—তা হলে কি! না না...

আনন্দ ছুটে এসে তার আঁচল ধরে টানে, 'বড়মা, দেখবে এসো। একটা এত বড় ঘরের গাড়ী।'

চমকে ফিরে ওঠে শ্যামলী, 'যাও বিরক্ত করো না।'

—'ওমা বকছো কেন? ছেলে-মানুষ, ওর মেটা ভাল লাগে তোমাকে না দেখানো পর্যন্ত ওর মনে শান্তি নেই, জানো তো?' পুর্ণেন্দু বলে।

—'জেনে হয়েছে! এতো সোহাগে আর কাজ নেই। চলে যা তুই আমার কাছ থেকে।'

এবার জোর করে ঠেলে ফেলে আনন্দ।

পুর্ণেন্দু এসে ওকে কোলে করে নিজের কাছে নিয়ে যায়। হঠাৎ শ্যামলী কেন ওর ওপর এত ক্ষেপে গেল বুঝতে পারে না। কোনদিন তো এইভাবে বকতে দেখেনি তাকে!

বাড়ীতে ফিরে এসে শ্যামলী সেদিন দুপুরে আনন্দকে ঘুম পাড়াতে পাড়াতে বলে, 'এবার থেকে তুই আমার জোঠি বলে ডাকবি, বুঝলি। বড়মা বললে, বকবো। তোকে একেবারে আদর করবো না। তোর কাছে শোবো না। কেমন?'

আনন্দ বলে, 'আচ্ছা।'

—'কি বলবি, তা হলে আমাকে, বল্?'

—'জ্ব—ঠি—'

—'হ্যাঁ। তা হলে খুব ভালবাসবো।'

—'বড়মা বলবে, ভালবাসবে না, কেন?' অবোধ শিশু আর ধার ধরে চলন করে।

—'তা জানি না। চুপ করে ঘুমো। যা বলছি মনে রাখবি, কেমন?' ধমক দিয়ে ওঠে শ্যামলী।

—'হ্যাঁ। জে—ঠি—বলবো।'

সেদিন দুপুরে হঠাৎ পুর্ণেন্দুদের বাড়ীর দোরে একটা টেক্সি এসে থামলো।

শ্যামলী ও কর্ণা জানলা দিয়ে উঁকি মেরে বলে ওঠে, 'আরে বাবলুদের ছোট মামীমা এসেছেন।' তাড়াতাড়ি শাশুড়ীর ঘর থিয়ে কর্ণা বলে, 'মা, মা, দেখবেন আসুন, কে এসেছে!'

ততক্ষণে শ্যামলী সদর দরজা খুলে রাস্তায় এসে দাঁড়িয়েছে। ওর পিছনে পিছনে কর্ণা তার শাশুড়ীকে নিয়ে এসে হাজির হয়।

—'ওমা মিনু তুই যে হঠাৎ, এ সময়? কোন চিঠিপত্তর তো পাইনি তোর!'

—'পাঠাইনি বাছি দিদি। তোমার ব্রাঞ্চিপতি অফিসের কাজে চলে গেছে আজ পাঁচ দিন। আমাকে আজকের ট্রেনে যেতে বলে গেছে। কাল সকালে উনি শিলিগুড়ি স্টেশনে এসে অপেক্ষা করবেন আমার জন্যে। টিকিট রিজার্ভ সবই করে দিয়ে গেছেন। উনি তো শেলন-এ গেছেন। অফিস থেকে টিকিট কেটে দিয়েছে। আসবার সময় আর উনি শেলন-এ না ফিরে, সেই ভাড়ার আমরা দুজনে এক সঙ্গে ট্রেনে আসতে পারবো বলে কিনতে দিলেন আমাকে বেড়াতে যাচ্ছি। বাচ্চিলিঙটা দেখার সখ আমার অনেক দিনের, কিন্তু সুযোগ আর হয় না।'

—'তা বেশ করেছিস। পরের ওপর দিয়ে যদি সবটা হয়ে যায়—'

সোফাসেটে আনন্দর ঘুম ভেঙে যায়। ঘরের ভিতরে সবাই মিলে কখন কুলল প্রসঙ্গটি নিয়ে বসল, সে চুপি চুপি উঠে এসে দাঁড়ায় সেখানে।

—'ও মা, এ কে লো—সোনা ছেলেটা—এসো, এসো বলে আনন্দকে কোলে নিতে গেলে সে ছুটেটা পালিয়ে যায় অপরিচিতাকে দেখে। তখন তিনি বলে ওঠেন, 'দিদি, একেবারে বড়খোকার মুখটা যেন কে কেটে বসিয়ে দিয়েছে! আশ্চর্য, এ রকম মিল! বড়খোকা এই বয়সে ঠিক এই রকমটি দেখতে ছিল, না দিদি?'

—'তোর এখনো মনে আছে সে কথা।' পুর্ণেন্দুর মা বলেন।

—'ওমা, তোমার শরীর খারাপ বলে ওকে নিয়ে তুমি আমার বাপ-পুরের বাসায় কর্তদিন ছিলে, মনে নেই? তখন বড়খোকাকে দেখতে ঠিক এমনটি ছিল।'

এক কথা সকলের মুখে। শুনতে শুনতে বিরক্ত হয়ে যায় শ্যামলীর। আনন্দকে দেখতে সুন্দর হয়েছে বললেই তো চুকে যায়! তা নয়, ঠিক বাপ মত মুখখানা, তার বাবা না করে, আত্মীয়টা জাহির করা, একেবারে তার মুখেমদ দিয়ে।

পরদিন দুপুরে সারা বাড়ি নিস্তব্ধ। সবাই ঘুমোচ্ছে। শ্যামলী চুপি চুপি শাশুড়ীর ঘরে ঢুকে দেওয়ালে ঝুলানো একটা পুরনো ফটোর ফ্রেম কি খুঁজতে থাকে।

ওর শ্বশুর-শাশুড়ীর চেয়ারের পাশে দাঁড়িয়ে বুবহুর বাচ্চা পুর্ণেন্দু।

ছবিটে পুর্ণেন্দুর সেই ছাঁচ, মুখখানা যার ঘরে খুঁটির মেঘে শ্যামলী।

তারপর নিজের ঘরে এসে আনন্দর ঘুমন্ত মুখটা দেখেই যেন শিউরে ওঠে। বুকের ভেতরটা টিপটিপ্ করতে থাকে। একি! মামীমা তো ঠিকই বলেছেন। পুর্ণেন্দুর বড় বয়সের চেহারার সঙ্গে আনন্দর মুখের অদ্ভুত মিল! এই প্রথম নিজে চোখে যেন তা প্রত্যক্ষ করলো শ্যামলী। আগে যখন লোকে বলতো, তখন আনন্দর মুখের দিকে তাকালে ঐকুকেশের মুখখানাকেই মনে মনে পড়তো; তারপর যেমনটা ছোট্টার কিছু সাদৃশ্য। কিন্তু আজ যেন সবটাই একেবারে উল্টে গেল। বড় তাকায়, তত যেন বেশী করে আনন্দর মুখে পুর্ণেন্দুর সেই ছবিটা স্পষ্ট থেকে স্পষ্টতর হয়ে ওঠে। কখনো আনন্দর এই মুখের মুখখানাকে বুকের ভেতর টেনে নিয়ে চুমু খেয়েছে। কিন্তু আজ যেন তাকাতে ইচ্ছা করে না। তার কাছ থেকে তফাতে সরে গিয়ে শিহরন কিছু শুধু থাকে। মুখ ফিরিয়েই আনতে চায় না। শুধু এক চিন্তা। ছোট্টার সঙ্গে ছাঁচলোর এত সাদৃশ্য কোথা থেকে এল!

সেদিন গভীর রাত্রে হঠাৎ আনন্দর গলা থেকে এক বিকট চীৎকার শুনে পুর্ণেন্দু লাফ দিয়ে উঠে আলোটা জ্বালতেই আঁকে ওঠে তারা। দেখে শ্যামলী ঘুমুচ্ছে, কিন্তু তার হাত দুটো আনন্দর গলাটা টিপে ধরেছে একেবারে যে, এখনি বুঝি দম আটকে যায় বাচ্চার...

—'এই—এই—শ্যামলী...কি করছো —ছাড়ো—ছাড়ো শিগ্‌গির...' বলে জোর করে পুর্ণেন্দু তার হাত দুটো সরিয়ে দিতেই ধড়মড় করে উঠে বসে শ্যামলী। 'কি বিশ্রিরি স্বপ্ন দেখছিলুম গো! আহা, বাছাকে কোথায় দেখেছে...'

—'ছি ছি, এমনি একটা কাণ্ড হয়ে যেতো বলতো? আশ্চর্য, আমার মুখটা ছেড়েছিল!' পুর্ণেন্দুর মুখটা তখনো ফরসা করে কাঁপছে।

—'আহা সোনা আমার, গোপাল আমার—' বলে আনন্দর দুই গালে, বুকে, পলায়, ঘাড়ে মহ চুমু খায় শ্যামলী তত তার চোখ দিয়ে জল ঝরতে থাকে। ধরা-ধরা গলায় সে বলে, 'আমি তোর বড়মা নই, জোঠি নইরে, আমি রাক্কসী—'

—'রাতদুপুরে কি যা-তা বকছো! তোমার মাথাটা খারাপ হয়ে গেল নাকি! তারপর ও বড় হলে ওর মার কাছে এই সব বলবে, তখন ওরা কি মনে করবে?'

—'সে কি বিশ্বাস করবে, তুমি কি বলো?'

শ্যামলীর গলার আওয়াজটা যেন কেমন চড়া ও বিকৃত ঠেকে পুর্ণেন্দুর কানে। সে বলে, তোমার মত তার তো মাথা খারাপ হয়নি যে ওই শিশুর কথায় বিশ্বাস করবে!'

—'কি খারাপ অপন দেখলুম! পাহাড়টা জলার পিছনে চড়ে বসেছে। আমি ছুটছি প্রাণপণে, ও কিছুতেই আমায় ধরতে পারছে না। শেষে একটা ইস্টিল ঠ্যাঙ্গার ভেতর ঢুকে পড়ে দেখি, তখনি এসে আমার বুকের ওপর চেপে বসেছে। আমি তখন দু হাতে দিয়ে টান গলাটা টিপে ধরেছি—সে চীৎকার করছে, মরে গেলুম, ছাড় ছাড়...ঠিক সেই সময় তুমি আমার হাত ধরে টানতেই আমার মুখটা ছেড়ে গেল—'

বুকের মধ্যে আনন্দকে গুঁড়িয়ে ধরে শ্যামলী বলে, 'তার চেয়ে কর্ণাকে আমি আগেই বলে রাখো, কি ভীষণ মুখখানা দেখেছি—'

—'না। তোমার আর ও সব কথা বলে

দেওয়াতে হবে না। দুটিতে পড়া হবে।' বলে আলোটা নিভিয়ে দেয়।

কিছুক্ষণ সব চুপচাপ। হঠাৎ হঠাৎ শামলী জিজ্ঞেস করে, 'ও তো অন্ধ। কেন তাকে ওরকম বলতে বারণ করছো?'

বিরক্ত হয়। পূর্বেন্দু বলে, অন্ধ যে কিনা এবং সম্ভব অসম্ভব অনেক কিছুই লোকে দেখে, তা সবাই জানে। কাজেই মিছিমিছি ও কথা শুনিয়ে কি লাভ হবে তোমার?'

—যেন তুমি যখন বলো করো, তোমো না।' বলে চুপ করে যায় শামলী। একটু পরেই আবার সে চুপ করে, যদি অন্ধকে বলে দেয় কখনো?'

—হাঁ, তুমিও তেমন! ও তো বুঝেই অন্ধকার।' ছেলেমানুষ, ওর কি কিছু মনে থাকবে?'

—তা ঠিকই।' বলে চুপ করে যায় শামলী। তারপর কখন এক সময় ঘুমিয়ে পড়ে।

সকাল থেকে কিন্তু শামলীর বারান্দা পাড়ে থাকে আনন্দর দিকে।

দু বছরের শিশু হলে কি হয়, বয়েসের চেয়ে পাকা পাকা কথার টুকরো ছোট্ট যেন তার মুখে। কি জানি, যদি কারুর ওই কথাটা হঠাৎ তার মনে পড়ে যায় আর কাকে বলে দেয়। তা হলে?

কাজকর্মের মধ্যে মাঝে মাঝেই দুশ্চিন্তায় রাধেরও যেন একটা মাথা ধরে মাথা তুলে উঠে আবার মনেই মিলিয়ে যায়।

ওদের ঘরে—ওদের আনন্দী-ভরা ঘরে আনন্দ নেই। ঘরে কর্তা থাকে শান্তিতে ঘরে হাসি খেলা চাঁদ বিরাজমান।

দুপুরবেলাটাতেও আনন্দ মায়ের কাছে থাকে না। শামলীর বিছানার ঘুমোয়। তবে পাশে ঘুমে তার পাশে হাত না থাকলে তার চোখে ঘুম আসে না।

কিন্তু সেদিন দুপুরে আনন্দর চোখ বুজে এসেই, তার হাতটা শামলী নিজের বুকের ওপর থেকে ধীরে ধীরে নামিয়ে দিয়ে তার দিকে পিছন ফিরে শুলো। কিন্তু ঘুম আসে না। তার কেবল ঘর রাজ্যের চিন্তা। শামলী চুপি চুপি এসে জোরালার সিঁড়ির একটা কোণে বসে থাকে।

হঠাৎই তার মনে উদয় হয় পূর্বেন্দু কেন ওরকম কর্তাকে অপেক্ষা করতে! অন্ধ যদি মিথ্যে, ছুতো, অজুহাত, তা হলে নিয়ে করার অর্থ কি? এই নিয়ে ভোলা-পাড়া করতে করতে, এক সময় অস্থির হয়ে ওঠে তার মন। অর্থ নিশ্চয় কিছু আছে। যা ওর কাছে গোপন করতে চায় পূর্বেন্দু। তার মনে কর্তা ওর চেয়ে অনেক বড় পূর্বেন্দুকে চোখে। বেশী অভিজ্ঞতার। বেশী বোঝবার। কর্তাকে নিয়ে বিয়ে থেকে শুরু করে যত আলোচনা, যার আড়ালের যতো পর্যন্ত সব নিমেষে তার মায়ের মধ্যে ভেসে ওঠে। ঘৃণা হয় আনন্দর ওপর। সবাই বড়লা বলতে অজ্ঞান! সবাই তো ওর চেহারের খবর জানে না। কর্তার প্রতি অহেতুক আকর্ষণের কথা মনে পড়তেই ভাবতে থাকে, তাইই হিতকারী ভয়ে যায় ওর মন। কর্তাকে শত্রু মনে হয়। ওর স্নেহের প্রতি একটা গোপন বিদ্বেষ যেন বিষধর সাপের মত ফণা তুলে ছোবল মারতে উদ্যত হয়।

পঞ্চমন নৌকোর পাটাতনে শুয়ে পড়ল, 'এর চেয়ে ভয় করে মাছ মেরে খেলাম সেও ছিল ভালো। রাতারাতি সোনা গয়না পাইয়ে বড়লোক করে দেবে বলে তো নিয়ে এলে বুড়ো কর্তা। না জানি কি দুর্গতি লেখা আছে কপালে।'

বরনী হাসল, 'কর্তাবাবা যাদের সহায়ে তাদের কে কি করবে শুনি। এসব জায়গায় বুকে শুধু সাহস রাখতে হয়।'

পঞ্চমীকে এতক্ষণ পর তামাক সাজতে বলল বরনী। দিনের বেলা একবার যা রান্না হয়েছে, তাই জমা হয়ে আছে, রাতে আর রান্নার কোন প্রয়োজন নেই। আর একটু রাত হলে ঘাইয়ের ভেতর জড়াজড়ি করে বসে গল্প করতে করতে কাটাতে হবে। আবার প্রবল স্রোতের মতো ঘাইয়ের ওপরে একটা লম্বা জেলনে বুলিয়ে রাখতে হবে।

পঞ্চমী তামাক সাজতে সাজতে বলল, 'যাজান, এই যে নিশান, এখানে তা হলে সাঁঝা সাঁঝা একজন কেউ

বি. সি. মাইতি এণ্ড কোং
স্থাপিত ১৯০৯
ভারতের তৈরী বিভিন্ন প্রকারের ইলেকট্রোপ্লেটিং কেমিক্যালস,
পলিসের দ্রব্যাদি এবং যন্ত্রসমূহের ডিষ্ট্রিবিউটার
১৩, প্রেমচাঁদ বড়াল স্ট্রীট, কলিকাতা-১২। ফোন গোডাউন: ৩৪-৩১৭৩ অফিস: ৩৪-৪৮-৪৬

যারা খেয়ে?'

—নিশান থাকা মানে তো ভাই।'

—মানে, তাকে বাঘে তুলে নিয়ে খেয়ে।'

—তা বলি কি জন্য! তবে বল যারা এসেছিল তাদের মধ্যে একজন সেই এখানে ফিরে গেছে। জল্লাদের একটা নিয়ম আছে, কোন আপদ বিপদ ঘটলে নিশান পুতে রেখে পিটেলবাবুদের খবর দিতে হয়।'

পিটেলবাবু অর্থাৎ সেরীল বাবু। পাঁচকড়ি অর্থাৎ আসতে ওরা বার দুয়েক পিটেলবাবুদের বোট দেখেছিল। এবারে বোট দেখেছিল। আর একবার ওদের জিজ্ঞাসাবাদ করেছিল অফিসাররা, কোথাকার নৌকো হে?'

উত্তর দিয়েছিল বরুনী, 'আজ্ঞে হুজুর মরিচ্চির।'

—কোথায় যাওয়া হবে?'

—আজ্ঞে, মধু কুড়োতে, শঙ্খের পার।'

—'পারমিট আছে?'

—'আছে হুজুর।' বরুনী পারমিট আছে বলে ডোকরা।

—তা তোমরা তো তিনজন আর মানুষ, তাও আবার একজন মেয়েছেলে।'

কথা ছেড়ে দিয়েছিল বরুনী, 'আজ্ঞে হুজুর তিনজনে কি আর মধু কুড়োন যায়, আরো সঙ্গী আছে আমাদের। তারা আগেভাগেই চলে গেছে।'

পিটেলবাবুরা আর ওদের ঘাটায় নি। 'ঠিক আছে যাও, ও দিকে কিন্তু বড় উপদ্রব শুরু হয়েছে এবার। সাবধানে চলাফেরা করো।'

—সে আর বলতে হবে না বাবু!' বরুনী চোখের ইশারায় আবার নৌকো ছাড়তে বলেছিল সঙ্গীদের। পিটেলবাবুদের সঙ্গে বেশি কথা বলতে নেই। প্রয়োজন যেটুকু যায়, তার বেশি গেলেই ঝামেলা বাড়ে।

পঞ্চমী দুকোটাকে এগিয়ে দিল, 'তা হলে ওরাও পিটেলবাবুদের খবর দিয়েছিল?'

—দিতে পারে। অনেক সময় এমন হয়, বড় মিঞা তো ভুলে নিয়ে গেল, বাঘে তুলে নিয়ে গেল তাকে তো আর ফেলে রেখে চলে আসা যায় না। পিটেলবাবুদের ঘরে এনে খোঁজ খবর শুরু করতে হয়। পিটেলবাবুদের সঙ্গে জল্লাদ থাকে, রাইফেল থাকে।'

—খোঁজ করে করে পাওয়া যায়?'

—কখনো কখনো যায়, কখনো যায় না। যদি পাওয়া যায় তা হলে গ্রাম পাওয়া মেয়েটা মাটিতে পুতে রেখে নিশান পুতে দিয়ে সঙ্গীরা চলে যায়।'

—যদি না পাওয়া যায় বাজান?'

—যা পাওয়া গেলে আর কি হবে। যেখান থেকে তুলে নিয়ে গেছে, সেখানেই নিশান পুতে চলে আসতে হয়।'

বার কয়েক দুকোতে টান করে বুড়ো বরুনী এবার দুকোটা এগিয়ে দেয় গজেনের দিকে। গজেনের ঐ পর্যন্ত আসা অবধি কেমন যেন ঝিমিয়ে বসে জঙ্গলের দিকে ও তাকিয়ে আছে। দুকোটা বুড়োর হাত থেকে নিয়ে কিছুটা আবার গা ঝাড়া দিয়ে বসল।

—তবে পিটেল বাবুরাই রিপোর্ট দিয়ে দেবে যা ঘটেছে। নইলে কে বিশ্বাস করে।'

—কেন গো বাজান?'

বুড়ো পঞ্চমীর দিকে তাকাল। পঞ্চমীর কৌতূহলের আর শেষ নেই. হেসে বলল, 'নইলে বাঘেই মারল, না পানিতে ডুবল, প্রমাণ হবে কি দিয়ে? যার একজনের সঙ্গে আর একজনের শত্রুতা আছে, তুলিয়ে ভালিয়ে তাকে জঙ্গলে এনে মেরে মাটিতে পুতে রেখে চলে গেল তখন কি হবে?'

—কি আবার হবে। ফিরে এসে বলবে বাঘে মিঞা নিয়ে গেছে।'

—বললে হবে না পিটেলবাবুর সার্টিফিকেট দেখাতে হবে।'

পঞ্চমী এবার চুপ করে থাকে।

অন্ধকারটা এতক্ষণে যেন জাঁকিয়ে বসেছিল ওদের। বাতাস এখন বেশী নয়, অল্প চাপা ভড় ভড়ানির মতো একটা শব্দ। এই শব্দটা কি সমুদ্রের দূরে ঢোকার সময় থেকেই শুনতে পেয়েছিল, ঠিক খেয়াল করতে পারল না ওরা। হয়ত এতক্ষণ ওরা ভয় উত্তেজনায় মধ্যে ছিল বলেই শব্দটাকে শুনতে পায় নি। এখন অন্ধকারে নদীর টানের শব্দটা বেশ স্পষ্ট।

সমুদ্রে জঙ্গল এখন জমাট বাঁধা কালো একটা পাহাড়ের মতো। দুটো চারটে করে জোনাকি পোকার আলো জ্বলতে শুরু করেছে। জ্বলছে আর নিভছে। জোনাকির আলোয় জঙ্গল যেন মনে মনে মুচকি মুচকি একটা হেসেছে নিচ্ছে।

আলো জ্বালাল পঞ্চমী।

ছইয়ের ভিতরে কম্বল বিছানো ছিল, আলো হাতে উঁকি দিয়ে ছইয়ের ভেতর ঢুকল।

ভাঁটা নামতে শুরু করেছে কি না দেখবার জন্য বরুনী একটু ঝুঁকে তাকাল জঙ্গলের দিকে। নৌকোর নিচে একটানা জল। ভাঁটাতে নদীর জল নামতে পাতাল অবধি চলে যাবে, নৌকোটাকেও সেই সঙ্গে একটু একটু করে নিচে নামিয়ে আনতে হবে। সারারাত জলেই ভাসিয়ে রাখতে হবে নৌকোটাকে।

বরুনী দেখল, জলে কলকলানি জাগতে শুরু করেছে। টুকরো টুকরো আলুনে জলের উপর দিয়ে পাক খেতে খেতে ভেসে যাচ্ছে। কখনো

যোগেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়

বা ভেঙে টুকরো টুকরো হয়ে যাচ্ছে, কখনো আবার দুটো চারটে টুকরো একসঙ্গে জোড়া লেগে লম্বা হয়ে আরো বড় হয়ে উঠছে। অন্ধকার রাতে বেশ দেখতে লাগছিল আলুনে-গুলি। আর সেই সঙ্গে কিছুটা ফেন ঘনীভূত পাঁচিল ও, কলকলানি জলো নদীর দিকে বড় মিঞা খুব একটা তাকাতে চায় না। জলুনের এই খেলা দেখে কিছুটা বুঝি ভয়ও পেয়ে যায় বড়ো মিঞা।

পঞ্চমী ছইয়ের ভেতর থেকে ডাকল, 'তোমরা এস গো, খাবার দিয়ে দিলাম, খেয়ে নাও।'

বরুনী বলল, 'চলো হে! কি ভাবছ তখন থেকে? চলো।'

অন্ধকারে জামাই দুজনে ঘাড় কুঁজো করে ছইয়ের ভেতর ঢুকে পড়ে।

রাত্রি বড় এক প্রহর কেটে যায় আলকুশ বাধকুশ করে। পঞ্চমী একবার শুধু হাত মুখ ধোবার জন্য ছইয়ের বাইরে বেরিয়েছিল। বাইরে বেরুলেই গা ছমছম করে। যেমন অন্ধকার তেমন ঝমঝমে ছেনো। রাত্রি দুপুরের পর এক ফালি চাঁদ উঠতে পারে। তখন জঙ্গলের মাথার আলো পড়লে কেমন দেখাবে কে জানে! এখন টানা অন্ধকারে আর ঝিম ঝিম করা জোনাকির ভিড়ে বারবার কেমন ঐ হলুদে কাপড়ের নিশানটার কথাই মনে পড়ছে। যারা নিশান পুতে গেছে, তারা কি মাটির তলায় যাদে খাওয়া সেই হতভাগা মৃত মেয়েটাকেও পুতে রেখে গেছে।

কেমন দেখতে ছিল মেয়েটা! না জানি মেয়ে বাড়িতে তার কটি ছেলে মেয়ে কত কি ছিল। সবাইকে ভাসিয়ে দিয়ে মেয়েটা চলে গেল। পৃথিবীতে এমনি করে কত মানুষ যে বেঘোরে মরে, কে আর হিসেব রাখতে যায়। কিন্তু চোখের সামনে ঐ নিশানটা দেখেছে বলেই না এত কথা মনে আসছে ওর। কে বলতে পারে মেয়েটার আত্মাও ঐ অন্ধকারে মিশে থাকতে পারে এই নৌকোর দিকে তাকিয়ে আছে কিনা।

এই আত্মা ফাত্মার কথা মনে আসতেই, ছইয়ের বাইরে বেরুবার সাহস হারিয়ে ফেলে পঞ্চমী। চোখের দিকে গলুইয়ের বসে দুকো টানতে শুরু করেছিল গজেন, পঞ্চমীই ওকে ভেতরে টেনে নিয়ে আসে। বুড়ো বাপটার ওপর কেমন যেন ভরসা করতে পারে পঞ্চমী। ওর বাপান এখনো মা পারে, গজেনের আবার তা সম্ভব নয়। পারের জোরেই সব কিছু বদি হত, তা হলে আর কথা ছিল না। গজেন সারা জীবনে আর কখনো এমনভাবে জঙ্গলে ঢুকেছে কিনা পঞ্চমী জানে না।

বরুনীও এসে ছইয়ের পাশে হেলান দিয়ে বসে পড়ল। দেহের অর্ধাংশ রইল ছইয়ের বাইরে। মাছ মারার বারশ কোঁচটাকে এমনভাবে রাখা হয়েছে দুই কলতে যখন তখন তুলে নিয়ে তৈরি হওয়া যায়। একটা কুড়াল রেখেছে গজেন পায়ের কাছে। বাঘেই যদি ধরে কুড়াল দিয়ে কতটুকু সামলানো যাবে, কে জানে। তবু ও তো একটা অস্ত্র।

লগিটাকে পাশে খাটানো খুঁটিতে খানিকটা উপরে ঝুলিয়ে বেঁধে দেওয়া হয়েছে। লগির আসল ছইয়ের ভেতর আসার কথা নয়, তবু

একটু একটু আলো এসে ছেলেদের চশমার কিছুটা কমিয়ে রেখেছে।

পঞ্চমী মাথের ওপর আর একটা কম্বল টেনে বিছিয়ে দিল। সেটার কাছে হাঁটুর স্পর্শ পাচ্ছিল গজেনের। হাঁটুর ওপর একটা হাত ও টেনে এনে পেতে রাখল।

গজেন পঞ্চমীর দিকে তাকাল। পঞ্চমীর পাশাপাশি শুয়ে একটু গড়িয়ে নিতে পারলে হত। কিন্তু এমন ভাবে ভাব করে তাকিয়ে আছে বন্ধুরা, ঘুমোনোটি করতেও সাহস পাচ্ছে না।

পঞ্চমী ডাকে, 'বাজল?'

বরুনী ঘাড় ঘুরিয়ে তাকায়।

—তোমরা যে গতবার এসে যে ঘটনাটা বলো।'

গজেনও পঞ্চমীর কথায় সায় দিল, 'হ্যাঁ বুড়ো কর্তা, ঘুপ্টেদের সর্দারকে কি করে পোষ মানালে সে গল্পটাই শোনাও।'

বরুনী বলল, গল্পটাই যদি হবে তা হলে কি আর এই ঝুপ্টিতে নিজের লোকজন কেউ নিয়ে আসে! গল্প-কথা নয়, যা ঘটেছিল তার এক বর্ণও বাড়িয়ে বলা নয়।'

—বেশ, সেই ঘটনাই শোনাও। শুনতে শুনতে রাত কাবার করি।'

এমন জায়গায় সেই স্যাসটেনার গল্পটা যেন অনেকখানি ফিকে পড়ছে। তাঁবুর এখন ভর দোলটা বাকি। এ সময় ঘুপ্টের বাসার নেশা ঘুচে আর লাল কাঁকড়ের ছড়াছড়ি হয়ে থাকার কথা। অন্ধকার বলেই দেখার উপায় নেই। নৌকর নিচ থেকে ভল করে কি পরিমাণ নেটা বোঝবার জন্য নৌকাটাকে ইচ্ছে করেই ডুব খাইয়ে দুলিয়ে দেখতে ইচ্ছে।

বরুনী নৌকোটা একবার দুলিয়ে নিল ভালোমত। তারপর বলল, 'গতবার এসে-ছিলাম মউলির দলে। মউলিবাড়ি থেকে আমরা তিনজন, আর কুড়ি কুড়ির সাতজন। নৌকো ছিল একটাই, ডুমনা সাইজ। ছ বাঁড়ি এক মাঝি। আমার বয়স বেশি বলে আমিই মাঝি হয়েছিলাম। আর যারা ছিল সবাই প্রায় ছেলে ছোকরা এই গজেনের বয়সই ধরতে হবে।

'তা ছেলে ছোকরারা বন জঙ্গলের বোঝে কি! ঘুরার ঘুরার বরুনীদা এটা কি গো, ওটা কি গো? যতদূর সারা বোঝাই।

'গিয়ারিংবাবুরা রাস্তায় আমাদের পারমিট দেখল। খুঁটিয়ে খুঁটিয়ে আমাদের মুখ দেখল। শুনে নিল, ফেরার পথে ওদের সঙ্গে যেন দেখা করে যাই।

'ওসবগুলো সব পরের কথা। দেখা হলে হবে, না হলে আর কে মাথা ঘামায়।'

'আমরা পাড়িখানি নিয়ে সঙ্গে ঢুকলাম। এই এবার যেমন ঢুকেছি সেবারও ঠিক এরকম। তবে সেবার এত বড় জোয়ার ছিল না। নদীর চরাচরি ছিল জল। ওকে জঙ্গলের অবস্থা দেখতে হলে হাইবে উঠে লম্বা হয়ে দাঁড়াতে হয়। আমাদের মধ্যে দু একজনকে ছইয়ে দাঁড় ধরিয়ে দিলাম।'

বরুনী বুড়ো একটু থামল। আকাশ থেকে একটা তারা খসে পড়ছিল, তারাটার দিকে তাকিয়ে এক মুহূর্ত' যেন আনমনা হয়ে গেল ও।

পঞ্চমী শুধোল, 'তারপর?'

সম্বিত ফিরে পেয়ে বরুনী আবার বলতে শুরু করল, 'তা বুঝাই লোক দুটোকে দাঁড় ফাঁকিয়েছিলাম, ওরা একটা মাছিও নজর করতে পারল না।'

—মাছি?' গজেনের অস্ফুট গলার শব্দ শুনতে পেল বরুনী।

—মাছি মানে, ঐ হল আর কি, নৌ-পোকা। বাদুড়া যাকে মৌমাছি বলে।'

গজেনের অভিজ্ঞতা নেই বহু সম্ভব করার। ফলে ঘুমাটা ও মনে মনে কল্পনা করে নিতে লাগল। একটা দুটো মাছি বা নৌ-পোকা চোখে পড়লে আর সঙ্গে সঙ্গে তার পেছন পেছন দৌড়তে হবে। মাছিটাই কেন মধুর আড়তে পৌঁছে দেবে ওদের।

পঞ্চমী শুধোল, 'মাছির পেছন পেছন অজানাতে ঢোকে যায় কখনো। জন্তুদের যা চেহারা।'

বরুনী বুড়ো সামান্য একটু হাঁপ ছাড়ির হাসে, 'যাবে না কেন, যারা পাকা ঘটাল, তারা মাছির ডানার শব্দ অবধি শুনে যায়। শব্দ শুনেই বলে দেবে, কোন জাতের মাছি। অনেকে আবার এত ঘ ঘু ন হাত দূর থেকেও নৌচাকের গন্ধ পায়। ঘ্রাণশক্তি প্রবল না হলে মউলি হওয়া উচিত নয়।'

—তুমি গন্ধ পাও?'

—আগে পেতুম। এখন বয়স হয়েছে।'

—আর গন্ধ?'

—একটু জল পেলে থাকলে হয়তো বা পেতে পারি। তবে সে দিন কাল আমার নেই।'

পঞ্চমী বাবার দিকে তাকাল। বুড়োর মুখে এক ফালি আলো ফলমলছে হাজিকেনের। ফলমল মুখটা আরো কেমন যেন ভ্যাবসে হয়ে উঠেছে। সারাটা জীবন জঙ্গলে জঙ্গলে মধু কুড়োতে কুড়োতেই লোকটা কেমন যেন একটু একটু করে বুড়িয়ে গেল। আর ক দিনই বা বাঁচবে।

—থাক সে তারপর কি হল বলো?'

বরুনী আবার শুরু করল, 'আমরা তো গন্ধ নাইতে ডাঙা শুরু হওয়া অবধি নৌকো বাইলাম। বুঝাই যাওয়া। একটা পোকারও সন্ধান পেলাম না।

'তখন ঠিক করলাম, আজ আর ফিরে কাজ নেই। এখানেই বিশ্রাম করে রাত কাটিয়ে দেওয়া যাক। ভাল দিনমানে একবার জঙ্গলে ঢুকে খুঁজে দেখতে হবে। চাক পাওয়া গেলে ভালো, না পাওয়া গেলে অন্য কোন জঙ্গলে ঢুকতে হবে।

'সে রাতটা আমরা সেখানেই কাটালাম। পরদিন সকাল হলে সবাই গা হাত পা ঝাড়া দিয়ে উঠে পড়ল। সবাই ঝুড়িকড়া, দা-লাঠি হাতে নিল। কোমরে সবার কুলতে লাগল ছাঁড়ি। সবাই ঠিক করল আমাকেই নৌকায় বসে নৌকো পাহারা দিতে হবে। একজনকে তো নৌকোর থাকতে হবেই, তা আমার বয়স বেশি বলে আমাকেই ওরা রাখতে চাইল। বললাম ঠিক আছে। মধু বা সাগছ হলে একসঙ্গে জড় করে সবার জন্য সমান ভাগ হবে।

'তা ঐ রকমই নিয়ম। আমি নৌতোলেই থেকে গেলাম। ওরা সবাই হৈ হল্লা করে বনের মধ্যে এক এক করে সেঁদিয়ে গেল।

'বনে ঢোকার একটা নিয়ম আছে, জানো তো?'

গজেন জানে না। কিন্তু জানবার জন্য তেমন একটা আগ্রহও প্রকাশ করল না। বুড়োর চোখকে ফাঁকি দিয়ে একটু একটু করে ও অনেকখানি পঞ্চমীর গায়ে গায়ে সেঁটে এসেছে। পঞ্চমীর গায়ের গ্রাণের আকর্ষণ প্রলোভন ঝাড়তে ওকে এখন রীতিমত রাখতে হচ্ছে। বুড়োটা হয়তো সারা-রাত আজ এইভাবে চোখের সামনে বসে থেকে ওদের পাহারা দেবে।

গজেনের মনে হল, পঞ্চমী অনেক স্বাভাবিক। মুখে দেখা যাচ্ছে না ওর, কিন্তু বুড়োর গল্প শোনাতেই যেন সর্বস্ব ও ঢেলে রেখেছে।

পঞ্চমীই শুধোলো, কি নিয়ম?

বুড়ো একবার ঘাড় ঘুরিয়ে ওদের দিকে তাকাল, 'নিয়ম হচ্ছে, কুড়ি পঁচিশ হাত ধরে ধরে দিয়ে সারে বেরে সব চলতে হবে। এতে পথেরও ভুল হয় না, আর জঙ্গলের অনেক খানি অবধি একসঙ্গে নজর রাখা যায়। একজন কেউ কিছু দেখলে সঙ্গে সঙ্গে পুরো ব্যাপারটাই সাবধান হয়ে তৈরি হয়ে নিতে পারে। আর সবচেয়ে সাহসী যে তাকে রাখতে হয় পিছনে।'

—কেন?'

—ঐ খানেই তো মজা। বরুনী রহস্য করে বলল, তবে মিঞার নজর থাকে ঐ লেজের মানুষটার দিকে। বন থেকে বাঘ ভালুক তুলতে চায় ও তবে লেজের মানুষটার জন্যই জোড়ের মধ্যে আপটি মেরে বসে থাকবে।'

—কেন? মাঝখান থেকে বা সামনে থেকে তোলে না কেন?'

—লম্বের বনের বাঘ তো আর যে সে জন্তু নয়; ওর বুদ্ধি যেমন নেটনে, গায়ে বলও তেমন তাঁসের মতো।'

গজেন কথা না বলে পারল না, 'কিন্তু লেজের মানুষটার দিকেই নজর থাকবে কেন বুঝলাম না?'

—বুঝতে হলে বনে ঢুকতে হয়। আসলে বড় মিঞাও জানে যারা জঙ্গলের মধ্যে ঢুকেছে তারা সামনের দিকে চোখ রেখেই ঢুকেছে। পেছনে কি হচ্ছে কে খবর রাখে! মাঝখান থেকে বা সামনে থেকে বাঘ ভালুক তুলতে চায় ও পেছনের লোকগুলিই হৈ হৈ করে জানিয়ে দেবে বড়ে মিঞাকে।'

'বড়ে মিঞাও জানে মিছিমিছি কামেলা বাধিয়ে লাভ কি! পেছনের মানুষটাকে নিয়ে সরে পড়তে পারলেই নিশ্চিন্তি।'

—তা হলে তো পেছনে যে থাকবে তারই বিপদ সবচেয়ে বেশি।'

—বেশি বৈ কি! আমাদের গত-বারের দলে পেছনে যে ছিল তার হাতে ছিল বন্দুক। তার কাজ ছিল শুধু বনের দিকে নজর রাখা। সর্দার-দের দিকে নজর রাখা। কোথাও মাছি উড়ছে কি না দেখার তার প্রয়োজন নেই। সামনে যারা আছে তারাই ওদিকে নজর রাখবে।'

নৌকোটা অনেকক্ষণ স্থির হয়ে-ছিল। নিচে জল এখন নামতে নামতে কোমর এসেছে বোঝবার উপায় নেই। হঠাৎ খেয়াল হওয়ায় কোমর বাঁকা করে বেশ একবার কাঁকানি দিল বরুনী।

কাঁকানির চোটে গজেন হোমড়ে পড়েছিল পঞ্চমীর গায়ে। পঞ্চমী আবার ওকে ধাক্কা দিয়ে একটু সরিয়ে দিল।

নৌকোর নিচে এখনো বেশ জল আছে, বুঝতে পারল বরুনী। নিশ্চিন্ত




ওমেগা ও টিসট ঘড়ির
অনুমোদিত প্রতিনিধি

হল। আবার নিজের কাঠিনীতেই ফিরে এল।

—তা খোকা দলের সবাই তো বেরিয়ে গেল। আমি নৌকোর ছইয়ের ওপর বসে তা দেখলাম। বনের মধ্যে ওরা মিলে গেল। মিলে গেলেও অনেকক্ষণ ধরে ওদের সাড়াশব্দ পেলাম। হারপর এক সময় সব চুপচাপ হয়ে গেল, কেমন যেন নির্জন হয়ে গেল চারপাশ। জঙ্গলের মাথায় রোদ। শব্দহীনতায় রোদ। রোদ জলে জলে আমার চোখে এসে পড়তে শুরু করল। সকাল বেলার এই রোদের কিরকমের জঙ্গলের আসল চেহারাটা ঠিক বোঝা যায় না। একটু বেলা হলে জঙ্গলের ঘনত্বের চেহারাটা দিকে তাকিয়ে কেমন ভয় ভয়ের মতো অনুভব করছিলাম। হঠাৎ একটু ঘুরে আসতে বসে খস খস শব্দ পেয়ে আমি চমকে সোজা হয়ে গেলাম। কি রে বাবা! কেমন একটু সন্দ হল। ভাবে ভয় করছি, সেই না কি?

'আমার তখন যা অবস্থা, কি বলব।' ধরনী থামল।

—'কি দেখলে বাজান?'

—'দেখলাম, জঙ্গলের পাশ দিয়ে একটা হরিণ লাফিয়ে এসে হঠাৎ দাঁড়িয়ে পড়েছে। একেবারে একা। সাধারণত ওরা দল ছাড়া থাকে না।'

'দেখলাম হরিণটা আমাদের নৌকোটা দেখে যেন থমকে অবাক হয়ে তাকিয়ে আছে। বাঙ্ক বাবা বুকে খানিকটা সাহস ফিরে এল আবার। কিন্তু আমি একটুও নড়াচড়া না করে ঠায় বসে রইলাম। হরিণটাকে দেখতে বেশ ভালো লাগছিল। পাশে ওটা থাকায় ভয় এই ভেবে আমি নড়া চড়া বন্ধ করে দিয়েছিলাম।

'খানিকক্ষণ ওটা দাঁড়িয়ে রইল। হারপর সামি আরো এক পাল হরিণ ছুটতে ছুটতে হাজির হয়েছে। ছুটতে ছুটতে ওরা এল, হারপর একসঙ্গে আবার লাফাতে লাফাতে চলে গেল।

'আর হরিণগুলো ছুটে যাবার সময় ওদের পায়ে লেগে কি যেন একটা ঝটাং করে লাফিয়ে উঠল। কি ওটা! কেমন যেন অবাক হয়ে তাকিয়ে রইলাম জিনিসটার দিকে। কেমন যেন চকচক করছে। ঝলমলে।

'আর তখন চোখ ফেরাতে পারি না। অনেকক্ষণ ধরে সেটার দিকে তাকিয়ে বুঝবার চেষ্টা করলাম কি হতে পারে। কি ওটা! এ রকম বাজে বনে ওরকম একটা চকচকে জিনিস, কি হতে পারে!

'নাহ্, কাছে না এগোলে আর বোঝার উপায় নেই। ছইয়ের ওপর উঠে দাঁড়িয়ে খুব ভালো করে একবার লক্ষ্য করে নিলাম, নাহ্, অন্য কোন ভয় আছে বলে মনে হল না।

'একটা কাটারি তুলে নিলাম হাতে। হারপর ধীরে ধীরে নৌকো থেকে নেমে এলাম। তখন জোয়ার চলছে। জল জল করে জল বাড়তে শুরু করেছে নদীর। নদীর দুধারে হাজার হাজার লাল কাঁকড়া, পাঙ্কের খেলা আর বক। আমি তীরে নামতেই দুটো চারটে পাখি উড়তে শুরু করল। কোথাও দূর থেকে একটানা একটা শব্দ ভেসে আসছিল। তীরের মাটি ভর্তি পা ডুবে যাচ্ছিল। পা টেনে টেনে কষ্ট করে তো উপরে উঠে এলাম।'

ধরনী থামল। ছইয়ের ভেতর দিকে মুখ ফেরাল, 'কি গো গজেন, শুনছো নাকি?'

গজেন যেন বিদ্যুৎস্পৃষ্ট হল। বলল, 'আ।'

পঙ্কজী বলল, 'কেউ শুনোর নি। তুমি বলো।'

বাইরে জোনাক পোকার ভিড় এখন চারপাশে বেশ ছড়িয়ে পড়েছে। কোথাও সাথার শুদ্ধ ঝোকা ঝোকা ঝিল্লিধ্বনি করছে। কোথাও আবার বেশ কিছুটা হালকা। জঙ্গলের আর আকাশের চেহারা দেখে মনে হচ্ছে না অল্পক্ষণের মধ্যেই চাঁদ উঠবে।

ধরনী আবার শুরু করল, 'আমি তো ধীরে ধীরে এগিয়েই গেলাম। কাছে গিয়ে দেখলাম একটা ঘাদুলি। বেশ বড়।'

—'ঘাদুলি!' পঙ্কজী ঝোরের দিক থেকে মেয়েটা খানিক ঝুলে বলল। এক হাতে মেয়ের ভর রাখল। খুব ভয় হয়ে গেছে ও।

—'ঘাদুলির সঙ্গে একটা চেন। চেনটা ঝুপোর কিন্তু ঘাদুলিটা ছিল সোনার।'

—'ওমা, কিচ্ছু বল নি তো আমাদের।'

—'বলি নি, হোসের সেটে কথা থাকবে না বলে।'

গজেন বলল, 'ওটা যে সোনারই কি করে বুঝলে বুড়ো কর্তা।'

—'মইবাড়িতে এসে সাকরাকে দিয়ে পরখ করিয়েছি। অর্ধেক ভাগে ওটা সাকরার কাছে বিক্রিও করে দিয়েছি।'

—'বিক্রি করেছ, অথচ তাইকে কিছু বল নি।' পঙ্কজীর গলায় কিছুটা যেন অভিমান ঝরে পড়ল।

—'ঘাদুলির কথা বলি নি ঠিক। সাইকারের কাছে মাত্র বিক্রি করে দেয়েছিলাম সেড় শ, আর ঘাদুলি বেচে পেয়েছিলাম শ' খানেক। তখন প্রায়ই আমি ভাবতাম, আমি কিনব, শুনিস নি?'

পঙ্কজী চুপ করে থাকে।

—'কিন্তু টাকাটা যে কি ভাবে খরচ হয়ে গেল কে জানে! আমি কেনা আর হয়ে উঠল না।'

গজেন বলল, 'হারপর কি হল বলো? ঐ ঘাদুলিটাই তো আর খুঁজতে নয়, খুঁজতের কথা বলো।'

নৌকোটাকে আর একবার ঘুলিয়ে নিল ধরনী। হারপর আবার শুরু করল, 'ঘাদুলি তো পেলাম। কিন্তু ঘাদুলি পাওয়াতে আশ্চর্য হওয়ার তেমন কিছু ছিল না। হয়তো কেউ সাহের হাতে ছাঁকল দিয়ে গেছে, তারই ঘাদুলি ওটা। কিন্তু আমি আশ্চর্য হয়েছিলাম অন্য কারণে।'

—'কি কারণে?'

—'দেখলাম, ঘাদুলিটা যেখানে পড়েছিল তার থেকে হাত তিনেক দূরে মাটির মধ্যে কি একটা জিনিস। হাত দিয়ে তুলতে গেলাম, মনে হল ঐ মাটির সঙ্গে আটার মতো কিছু একটা লাগান, সেটা মাটির মধ্যে সেঁধে রয়েছে। জিনিসটা যে কি, প্রথম দিকে ঠাহর করতে পারি নি। পরে খানিকটা মাটি খুঁড়ে ওর চোখা আলগা করে তুলতেই কেমন অবাক হয়ে গেলাম। আবলুশ কাঠের একটা হাতা বই তো নয়। এটা এল কি করে!

'হাতার মতন পড়ে থাকায় তোকার উপায় নেই, তাহলে হয়ে এটা ওখানে পড়ে আসে।

'তোরাই বল, একটা ঘাদুলি পেলাম, দু তিন হাত খুঁড়ে একটা লোহার হাতা পেলাম, আসলটা যে সন্দেহজনক তাতে ভুল আছে?

'হাতা বেশ খানিকটা ভাবনা জুড়ে খোঁজাখুঁজি শুরু করে দিলাম। নাহ্, আর কিছু নেই। আর কিছু নেই ঠিক, কিন্তু তবু মাটি খুঁড়ে কিছুটা দেখে নিতে ইচ্ছে হল।

'হাতার আঁট দিয়ে কুপিয়ে কুপিয়ে গর্ত করে করে দেখতে শুরু করলাম।'

—'তোমার সাহস আছে বাজান।'

—'আসার কেন, ও রকম অবস্থায় পড়লে তোমারও সাহস হত। তা ছাড়া আমি তখন একটা নৌকো পাহারা দিচ্ছি, ভয় নেই। বসে বসে ঘণ্টা খানেক মাটিই খুঁড়ে শেষ করি কি।

অবশ্যই মনে পড়ে হাত খুরপের মতো খুঁড়েছিলাম। হঠাৎ খটাস করে কিছুতে একটা যেন ঠোট লাগল। প্রথমে মনে হয়েছিল কাঠ, কিন্তু কাঠ নয়। আর একবার ঠোকা মারতেই মনে হল লোহা-টোহার মতো কিছু একটা হবে। কি হবে যে বলা! এ সময়ে কারে মনোবল ঠিক থাকে? সুন্দরবনের জঙ্গলে ওত কিছু, যে লুকোন থাকে হার তো আর লেখা-জোখা নেই। অমনি বাদ ঠাকুরের মুখে শুনেছি অনেকের দিশে ডাকাতরা নাকি ডাকাতি করে লোহার

সিন্দুকে সোনা থাকলে তবে ঐ সব জলজন্তু লুকিয়ে রেখে যেত।

'অসম্ভব কি! ভগবান বুঝি আমার দিকে মুখ তুলে চেয়েছেন, অমনিতে ডেকে এনে ও ভক্ষণ একটা লোহার সিন্দুকের সন্ধান পাইয়ে দিয়েছেন। আমার তখন গয়া কাশীর কিরে কেবল ঘন পড়ছে। সিন্দুকই কি না জানবার জন্য মুখুয়ে কেবল ছটফট করছে। তাড়াতাড়ি আলো কিছুটা খুঁড়ে ফেললাম। মনে হল, লোহার একটা পাতের মতোই কিন্তু একটা পড়ে আছে। লম্বা চওড়ায় তত বড় হবারও উপায় নেই। লোহার হাতে কিরে ইচ্ছে মতো গর্ত খোঁড়াও যাচ্ছে না। ক্রমে ক্রমে মাটি সরিয়ে সরিয়ে বুঝতে হচ্ছে, লোহার পাত না ওটা সিন্দুকের ডালা। যদি ডালাই হয় তা হলে সিন্দুকটা মাটির কত নিচে বুঝতে অসুবিধা হওয়ার কথা নয়। ওর ডালার মাপ দেখে বোঝাও কঠিন নয় কি পরিমাণ সোনা, গহনা তবে ওর ভেতরে।

'আমার মাথা বন বন করে ঘুরতে শুরু করল। ইচ্ছে হল চেঁচিয়ে সব মউলিদের এখন জড় করি। এ সিন্দুক একা তোলার ক্ষমতা নেই আমার। ওরা সবাই মিলে চেষ্টা করলে তোলা যেতে পারে। কিন্তু পরক্ষণেই আবার সামলে উঠলাম। লোহার সিন্দুকের কথা কাউকে বলব না। কাক পক্ষীকেও টের পেতে দেব না। পরে এক সময় আলাদাভাবে এসে সিন্দুকের রহস্যটা বার করতে হবে।'

—'ওরা মাটি খোঁড়া দেখে সন্দেহ করে নি?'

—'মাটি খোঁড়া দেখতে পেলে তো সন্দেহ করবে। ওরা ফিরে আসার আগেই আমি আবার মাটি চাপা দিয়ে সব কিছু ঢেকে রেখেছিলাম, বুঝতে দেই নি।'

—'আর হাতেরা?'

—'ওরা নদীর জলে মুখ ধুতে গেছিল।'

—'তা হলে মুখ্যে কর্তা নিশান পুঁতলে কখন?'

বক্সী একটু হাসল। 'নিশান পুঁতেছিলাম শেষ রাতে। শেষ রাতে ভাটা শুরু হওয়ার ক্রম একটু আগে। কিছুতে নিশান পুঁতলাম তা শোন।

'ওরা তো সব চৈ চৈ করে ঘরে ফিরে এল। অনেক চেক। ওরা কি বুঝি। আমার কথা এসে মুখে চাকের ক্রম শুরু করে দিল। লাফা-লাফি ঝাপাঝাপি। এত চাকের ওরা সন্ধান পেয়েছে যে, এক খেপে তা তোলা সম্ভব নয়। খুবার ডিঙ্গায় করে বেশ মালাল ওরা। আমরা গয়া যা এনেছিলাম তা-ও ফুরিয়ে ফুরুৎ হয়ে গেল। বরেন-মুখুয়ে বলল, এত মোম আর এক মণ-দেড়েক ছালাই করা। হাত বড় দাও পাওয়া যেতে সন্দেহ নেই।

'আমার কিন্তু তখন মোমের দিকে বা মধুর দিকে নজর নেই। আমার কোমরের বাঁশিতে তখন ঝোঁজা রয়েছে সোনার মাদুলিটা। তখনো অবশ্য পুরোপুরি সন্দেহ কাটে নি, ওটা সোনাই কি না। কিন্তু লোহার সিন্দুকটা তো আর মিথ্যে নয়। সিন্দুকের ভিতরে না জানি কি রয়েছে। সোনা গহনা থাকাটাই স্বাভাবিক। লোহার সিন্দুকে লোকে মুটে রাখে না, রাখি জিনিসই রাখে। আর এই সুন্দরবনে যখন মাটির তলায় পাওয়া গেছে তখন ও যে ডাকাতেরই সম্পত্তি তাতে সন্দ কি!

'সিন্দুকের চিন্তায় আমার মাথা গরম হয়ে উঠতে লাগল। অথচ কাউকে বলতেও পারি না। জলদেই তো এখন মুখোমুখি পড়ে যাবে। আমার ভগদের তাদের মা লক্ষ্মী পাবেনার দলাই হবে। মনে মনে ঠিকই করে নিয়েছিলাম, এদের বলব না। কিন্তু ফের যখন আসব, তখন আবার জায়গাটা চিনতে পারব কি না সন্দ হতে লাগল।

'আলে পালের কোন ঝাড় জঙ্গল খুঁটিয়ে খুঁটিয়ে নজর করে রাখতে শুরু করলাম। কিন্তু তাতেও স্বস্তি পাচ্ছিলাম না। এমন কিছু একটা চিহ্ন রাখতে হবে যাতে পরে এসেই সেটা চোখে পড়ে।

'ভাবতে ভাবতে শেষটায় মাথায় এল সেই নিশানের কথা। লোকে যদি নিশান দেখে, তাহলে কোন আপদ বিপদ হচ্ছিল এখানে, তাই নিশান। এই যেমন আমরা এই হলুদে কাপড়ের নিশানটা দেখে এখানে নৌকো ভিড়িয়েছি। আমরা নিশান দেখে নৌকো ভিড়িয়েছি, লোকে কিন্তু তা জানবে কেন? জেনে শুনে কে আর বিপদের কাছে নৌকো ভিড়ায়।'

বক্সী একটানা অনেকক্ষণ কথা বলেছে, দম নেবার জন্য একটু থেমে থামল।

পক্সী বলল, 'তুমি যাজান যে নিশানটা পুঁতে ফিরেছিলে সেটাই যে এটা নয় ঠিক নেই।'

—'আমি হলুদে কাপড় মাথায় বাঁধি নি। মাথা একটুখানি বেরিয়েছিল। সে কাপড়টা হলদে হবে কি করে?'

'যাদের, তারপর কি হল বলি। আমি তখন নিশান পুঁতে যাওয়ার কথা ভাবতে শুরু করলাম। সূর্য উঠবার আগেই ভাটা শুরু হবে, ফলে রাত না ফুরুতেই আমরা পাঁচ-কাঁপি-মুখো নৌকো ছাড়ব। তুড়ো-তাড়ি এখন পাইকারদের কাছে মধু বিক্রি করে টাকা পয়সা ভাল নয়াজায়া করে যে যার ঘরে যাবো। সবাই খুশিতে ডগমগ। কেউ কেউ ফিরবার করে গান ধরে দিল। রাতে সবাই মিলে যে নৌকোয় ঘুমুবে, এমনও হতে পারে না। রাতে জেগে বসে কেউ না কেউ নৌকোর পাহারার কাজ করবেই।

'ঠিক হল, শেষ রাতের দিকে আমি পাহারা দেব। আমার সঙ্গে একজনের জাগার কথা। তাকে কিছুটা ঝোঁজা দিতে পারলেই কাজ হাসিল হয়। কিন্তু কি যে করি, তাকে তো আর বলা যায় না, ওহে, তুমি একটু চোখ বুজে থাক, নিশানটা আমি পুঁতে আসি।'

'ভাবতে ভাবতে শেষটায় মাথায় একটা বুদ্ধি এল। সন্ধ্যে হওয়ার একটু পরে মধু খাওয়ার হুজুগ তুলে দিলাম। টাটকা চাক ভেঙে নেওয়া মধু, কি তার গন্ধ, কি তার স্বাদ; প্রথমে এক চাক করে সবাই খেয়ে নিল।

'রাতে খাওয়ার পাট শেষ উঠে। মধুতে ঘোর নেশা হয়। যে খেয়েছে সেই জানে।

'আমি এক ফোঁটাও ছিতে ছোঁয়ালাম না। খাব খাব করে মুখে নিয়েও চুপিচাপি তা আবার মধুর হাঁড়িতেই ফেলে দিলাম।

'আর তাইতেই যেন কাজ হল। গভীর রাতে যখি সবাই মাতলামী করল নৌকোয়, তারপর এক এক করে ঢলে পড়ল।

'মাঝ রাতের দিকে অবশ্য খুবে আবার আমি কমার নামলাম। পারে উঠে এসে সেই লোহার সিন্দুকের জায়গায় একটা লম্বা গরান ডালের খুঁটি পুঁতলাম। তারপর তার মাথায় লম্বা করে বেঁধে দিলাম এক টুকরো কাপড়।

'হ্যাঁ, সাদা কাপড়ই বেঁধেছিলাম, বেশ মনে আছে।

'তারপর ভোর হওয়ার অনেক আগেই সবাইকে জাগিয়ে ভাটার টানে নৌকো ছেড়ে দিলাম।'

বক্সী আবার থামল।

—'সজ্জন খুমুলে?'

সজ্জন মুখে কুলেই লম্ফ করল, না ও খুমোয় নি। তারপর হাই তুলে বলল, 'খুব খুম একটু পাচ্ছে।'

পক্সী ওকে একটা খোঁচা দিল আস্তে, 'খুমুলে চলবে কি করে! আবাটার এসে নৌকো বাধা হচ্ছে। খুমোন-টুমোন চলবে না।'

বক্সী বলল, 'না-হয় একটু খুমিয়েইনে তোরা। আমি কিছুক্ষণ জাগি। তারপর আমি খুমোব, তোরা জাগিস।'

সজ্জন টান টান হয়ে শুয়ে পড়ল, সেই ভালো।

বক্সী বলল, 'একটু তামাক খেতে পারলে হত। শীত চলে গেছে তবে, ঠাণ্ডা ঠাণ্ডা আমেজটা একদম কম নি।'

পক্সী উঠে বলল, 'ঠিক আছে আমি সেজে দিচ্ছি।'

হাইয়ের খা থেকে হুঁকো টেনে নিল। হুঁকোয় তামাক সাজতে সাজতে বলল, 'নোহার সিন্দুকেই ধদি রেখে থাক যাজান, আরো আগে এসে খোঁজ খবর নেওয়া তোমার উচিত ছিল।'

বক্সী হাসল। ছেলেদের বুদ্ধি এর চেয়ে আর বেশি হবে কি করে! একেবারে নিজের লোক ছাড়া এখানে আনা যায়! একা একা এই জঙ্গলে এলে খুনখারাপি হওয়াটা বেড় ঠিকই, কিন্তু ফিরে যাওয়া বেড় না।

বলল, 'আমার কোন উপায় ছিল না। থাকলে কি আর আসতাম না।'

—'এখন এক বছর পরে এলে, তোমার নিশান কিশান থাকে তখনো!'

—'থাকবে না কেন, ঠিক থাকে। আমাকেই একটু খুঁজে নিতে ভুল হতে পারে। কাল দিনের আলোয় ঠিক বার করে নেব।'

পক্সী হুঁকোর টিকা ধরিয়ে বসিয়ে দেয়। তারপর এগিয়ে ধরে বক্সের দিকে।

বক্সী হুঁকো হাতে উঠে দাঁড়ায়। তারপর খুঁকে কেঁচকিকে তুলে নিয়ে গলুইয়ের দিকে এগিয়ে যায়।

—'তোরা একটু ঘুমিয়ে নে এ বেলা। আমি এই গলুইয়ে বসে আকাশ দেখি।'

—'তুমি একা বসে থাকবে, সেটা ভালো হবে?'



—খুব ভাল হবে। যা, ছইয়ের ভেতরে যা। বলতে বলতে ঝপ্‌ঝপিয়ে এসে বসে পড়ে।

তারা খানিকক্ষণ পরস্পরী বসিয়ে থাকে। তারপর ধীরে ধীরে নিজেকে ছইয়ের ভেতরে গলিয়ে দেয়।

ছইয়ের ভেতরে গজেনের চোখ দুটো যেন জ্বলছে। রাতের অন্ধকারে জন্তুর চোখ যেমন জ্বলে অনেকটা যেন সে রকম।

পরস্পরী ঝিল্লি করে একটু হাসে। তারপর ধীরে ধীরে গজেনের কাছে এগিয়ে এসে নিজেকে পুরোপুরিভাবে বিছিয়ে দেয়।

নৌকাটা দুলে ওঠে কিনা আর খেয়াল করে না ওরা। সুন্দরবনের রাতটা কিন্তু কেটে যায়।

সকালে সেই আলো কিরকম রোদ উঠল। ঘন জঙ্গলের মাথায় মাথায় আলো। কুয়াশার ভেজা পাতাগুলো যেন শির শির করে কাঁপছে। গত সন্ধ্যায় ভাটা সুরু হয়েছিল, মাঝরাত থেকে আবার জোয়ার সুরু হয়ে নদী এখন কানায় কানায়। এখনই আবার ভাটা সুরু হওয়ার কথা। জলের চেহারা দেখে ঠিক বোঝা যাচ্ছে না, ভাটাই সুরু হয়ে গেছে কি না।

কাল বিকেল থেকে যেন উত্তেজনা নেই। রাতে অল্প স্বল্প যতটুকুই ঘুম হয়ে থাক এখন যেন ঝরঝরে লাগছে। গজেন গায়ে একটা হালকা কাপড় জড়িয়ে ছেঁচে গলুইয়ে বসেছে হুঁকো নিয়ে। এই ঠাণ্ডায় বসে হুঁকো টানতে বেশ একটা মেজাজ পাচ্ছিল ও। ছইয়ের ওপর বরনী পা ঝুলিয়ে বসেছিল। হলুদে কাপড়ের নিশানটা চোখের উপর তুলছে। শিশিরে ভিজে কাপড়টা এখন খুঁটির গায়ে জড়িয়ে আছে। কারা খুঁজতে বেরিয়ে ঐ নিশান, কবেই বা খুঁজতে, কিছুই বোঝার উপায় নেই। আর একটু রোদ উঠলে বরনী ডাঙায় নেমে খুঁটিটার কাছে যাবে। কত দিনের পুরনো নিশান বুঝবার চেষ্টা করবে প্রথমে। যদি সদা পোতা হয়ে থাকে বুঝতে হবে এখানে ওরা আসার আগেই অন্য কোন দল ঘুরে গেছে। এমনও তো হতে পারে, এই বছরে দলে দলে অনেক মউলিই এসেছে। তাদের যারা কেউ হয়তো সন্ধানে করে লাল কাপড়ের নিশান দেখে মাটি খুঁড়ে সিন্দুকটা তুলে নিয়ে গেছে।

অসম্ভব, হতেই পারে না। নিশান পোঁতা থাকলে ধারে কাছে কেউ মাটি খুঁড়বে না। মাটি খুঁড়লেই হাড়-গোড় পচা-গলা মানুষের দেহ বেরিয়ে পড়তে পারে। কে ঐ ঝামেলায় যায়।

কিন্তু নিশানটা গেল কোথায়? খুঁটিয়ে খুঁটিয়ে গাঙ্গপাড়াগুলি জঙ্গলে [illegible] করল বরনী। কিন্তু এক বছরে জঙ্গলের কত পরিবর্তন। চেনা গাছটা আর চেনা থাকার কথা নয়। নতুন নতুন গাছ গাঁজিয়ে চেহারাটাই পুরো পালটে দেয়।

পরস্পরী একপাশে ছইয়ের বাইরে নৌকোর পাটাতনে বসে থালা বাসন পরিষ্কার করছিল। নৌকোতেই উনোন ধরাতে হবে। রান্না করবে, ভাতে আর ডাল। কিছু আলু খেয়াল সঙ্গে আনা হয়েছিল। পারলে এক সঙ্গে মিশিয়ে তেজে নেবে। উনোনের জন্য কয়লা আনে নি। কাঠেই রান্না বান্না সারতে হবে। কাঠের উনোনের কাছে সারাক্ষণ থাকতে হয়। পাগলা বাতাস নেই। বাতাস থাকলে আগুন যখন লাফায় তখন দুশ্চিন্তা থাকে মাথায়।

গজেন উঠে এসে হুঁকোটা এগিয়ে দিল বরনীকে। তারপর গা হাত পায়ের আলস্য ভাঙতে ভাঙতে বলল, 'তা হলে কি করবে এখন বুড়ো কর্তা? একটা রাত তো গেল।'

নির্বিকারভাবে উত্তর দিল বরনী, 'কি আর করব, আমি একবার ডাঙায় নেমে চারপাশটা খুঁজে দেখব। সন্ধান পাই তো ভালো, না পেলে তখন ভাবা যাবে।'

—'একা একা জঙ্গলে ঢুকবে?' বিস্মিত চোখে তাকাল পরস্পরী।

—জঙ্গল আমার অচেনা নয়, কিছু হবে না।'

—তেরে হয় ওকেও সঙ্গে নিয়ে যেও।'

গজেন পরস্পরীর দিকে তাকাল, দরকার হয় আমরা তিনজনেই নামতে পারি।'

বরনী হুঁকোয় একটা লম্বা করে টান দিয়ে ধোঁয়া ছাড়তে ছাড়তে বলল, 'তিনজনের দরকার হবে না। তোরা নৌকোয় থাকিস, আমি নিশানটা খুঁজে পেলে তখন তোদের নিয়ে যাবো।'

এবং বরনী যে একলাই নেমে পড়বে ওরা বুঝতে পারে নি।

পরস্পরী বলল, 'ওকি, তুমি এখনি নামছ নাকি?'

একটা লাঠি টেনে নিল বরনী। 'আগে ঐ নিশানটা দেখে আসি। তোরা কিন্তু খালি হাতে নামিস না কেউ। বুঝেছ গজেন, আমি ফিরে না আসা পর্যন্ত নৌকোতেই থেক।'

এক হাঁটু কাদা। পা টেনে টেনে বরনী উঠে এল উপরে। খালি পা। কোমরে একটা গামছা শক্ত করে দুটির ওপর বেঁধে নেওয়া। ঘসঘসে সাদা পিঠ জুড়ে খড়ি উঠে আছে। বয়স হওয়ার সঙ্গে সঙ্গে দেহের ঘাম নিতে যেন ভুলে গেছে লোকটা।

ডাঙার পা দিতেই এক ঝাঁক পাখি জলা জায়গাটায় চিৎকার করে উঠল। বরনী গ্রাহ্য করল না। পা ঝাড়া দিয়ে কাদা ছাড়াবার চেষ্টা করল। তারপর সোজা দুটো চোখে গাছের পাশ কাটিয়ে নিশানটার কাছে চলে এল।

নৌকোর বসেই গজেন তাকিয়ে ছিল বুড়োর দিকে। পরস্পরী একটু গলা তুলে বলল, 'কি দেখছ?'

বরনী বলল, 'নাহ্, এটা নয়। এ নিশান দেখে কিছুটি বোঝার উপায় নেই। আমি একটু ভেতরে ঢুকে দেখে আসি।'

একটা কেবল লাঠি সম্বল করে জঙ্গলে ঢোকাটা কি উচিত হচ্ছে বাজানের! এই বয়সে না জানি, একটা বিপদই ঘটিয়ে বসে। কিন্তু ওদের বারণ যে শুনবে না, তা ওরা ভালো করেই জানে।

নিশানটাকে পেছনে ফেলে জঙ্গলের আরো ভিতরে ঢুকে গেল বরনী। মাটিতে এত ঘুরে বেড়াবার কথা। গাছে জোয়ারের জল অবধি জঙ্গলের মধ্যে ঘোরাফেরা করেছে বোঝা যায়। ধারালো শব্দ শুনে জেগে আছে চারপাশে, একটু সাবধানে পা ফেলতে না পারলেই পা ছড়ে কেটে যায়।

বরনীর কোন তাড়াহুড়ো ছিল না। ধীরে ধীরেই ও জঙ্গলের ভিতর ছোটে চলে বেড়াতে সুরু করল। জঙ্গলের বেশি ভিতরে ঢোকাটা উচিত হবে না। নিশানটা ও নদীর কাছাকাছিই পুতেছিল। বাঁ দিকে ঘুরে নদী থেকে একটা নির্দিষ্ট দূরত্ব রেখে ও হাঁটতে সুরু করল।

সামান্য একটা গরান ডালের খুঁটি এক বছরও দাঁড়িয়ে থাকতে পারল না, এটা বিশ্বাসই করা যাচ্ছে না। কাপড় না হয় নাও থাকতে পারে কিন্তু খুঁটিটা থাকবে না কেন! মাঝে মাঝে দুটো একটা গাছের ডাল ভেঙে যেমন যেন চুল হয়ে যাচ্ছে। নাহ্, এটা নয়, এটাও নয়।

নৌকোটার দিকে একবার তাকাল বরনী। জঙ্গলের ভিতে নৌকোটাকে দেখা যাচ্ছে না। একদিক থেকে যেন ভালই হল। গজেন আর পরস্পরীকে একটু একা থাকার সুযোগ তো দেওয়া গেল। কাল সারা রাত বড় অসুবিধা ঘটিয়েছে ও। নিজেও ঘুমুতে পারে নি, ওদেরও ঘুমুতে দেয় নি। ওরা হয়তো প্রাণ খুলে এখন নিজেদের মধ্যে কথাবার্তা বলতে পারছে। গজেন ছোঁড়াটাকে খারাপ লাগে না বরনীর। জঙ্গলের কোন অভিজ্ঞতা ওর নেই। এক দিক থেকে এ রকম একটা ছেলেই যেন ও আশা করেছিল। মাছ মেরে খাবে, ব্যস কি! জীবনের ঝুঁকি কম তাতে। জঙ্গলে যারা আসে প্রাণ হাতে করেই আসে। জঙ্গলে এসে আবার ভালয় ভালয় বাড়িতে ফিরে না আসা পর্যন্ত বিশ্বাস কি!

বরনী আবার একটু নদীর দিকে ছেড়ে ভিতরে ঢুকে পড়েছিল। বেশ আরাম লাগছিল ওর এই ভাবে একা একা ঘুরতে। আবার কবে এই জঙ্গলে আসতে পারবে ও তার ঠিকানা নেই। দূরে হঠাৎ একটা গাছের ডাল একটু দোল খেয়ে নড়ে উঠতেই ওর সারা গায়ে ঝাঁপুনি খেলে গেল। কি যে যাবা!

পাথরের মতো বসে কিছুক্ষণ ঝাঁকিয়ে গইল ও।

বড় মিঞা হলে ঐ ভাবে একটা গাছের ডাল হঠাৎ কেঁপে ওঠার কথা নয়। বড় মিঞা কিছুমার চের পেতে দেরে না ও কাছে আছে। বড় মিঞা নয়। তবে কি— ও হুঁশ! বুকে আবার ভরসা ফিরে গেল বরনী। একটা নয় বাঁক বাঁক বানর।

ওদের দিকে কোন রকম অগ্রসর করল না ও। চুপ মেরে বসে চেষ্টা



ওরকম না। তবে দেখাতেই পারে কি এমনি ভয় করে ও এগিয়ে চলল।

মানুষ দেখা ভালো। বড়ো মিঞা যার কাছে যাবেন একটা ছুঁচ ওকে তাকিয়ে দিতে পারবেন।

বড়ো মিঞা ওর খুশিমতোই ছোরা ওর কলজেটাই ছোক, ওর কৌশলই জানা থাক, ওকে ৬ জনে ঘিরে ফেলে কাজ আছে কি না, কি করে টের পেতে হয়। পাখিদের ভাব ভঙ্গিই পালটে যায় তখন। ওদের ভাবনে হেরে আসাই নেই। এখন মনে হয় যেন চারদিক এমন নিথর গাছের পাতা পড়লেও শব্দ হবে।

বরকী আবার কিছুটা ভয়ে উঠেছিল, হয়তো যেন চেতনা ফুড়ে একটা নিশান, পরান খুশিটাতে রাঙা লাল একটা কাপড়। উত্তেজনার এক রকম প্রায় ছুটেই ও নিশানটার কাছে এগিয়ে এল।

নাহ্, নিশান নয়। ৮৩৯টা গাছের পাতার সুখের আলো পড়ার ঐ রকম রঙের পড়েছিল ও। কাছে এগিয়ে যেন হতাশ হয়ে গেল। কি ভুলই ও করেছে! তারপরই নিশ্চয়তে টেনে তুলে নিয়ে সবাই সমানভাবে ভাগ করে নিলে তবু যা হোক কিছু পাওয়া যেত। কিন্তু ওরকম ভাবি নিয়ে নিজেই এখন ভাবে পড়ে গেছে বরকী। নিজের ওপরই যেন কিছুটা অভিমান হচ্ছিল ওর। নিজের নির্বুদ্ধিতায় ভাবনে ও অনেক ঘাইকেছে। এত বড় একটা সুযোগ ভাগ ও নিজের নির্বুদ্ধিতাতেই হারাল।

আরো কিছুটা এগোতেই ও দেখতে পেল, অনেক দূরে অর্ধেক খালের মতো একটা চোরাবালি। কতবার এই জলাপথে যাওয়া-আসা করেছিল ও, মনে করতে পারল না। নাহ্, কেউ ওকে এই আগে ওরা তো বলে নি। তবে কি নিশ্চিন্তিতে ভুল ঠিকানায় এগিয়ে এসে ও ফাঁদে পা দিয়েছে? কেমন যেন ঘোলাটে ধাঁধায় পড়ে গেল বরকী।

খালটার কাছে এগিয়ে এল। জল যে খুব ঘোলা তা মনে হল না। কিন্তু দুপারেই অসম্ভব কাদা। একপাশে জলের মাঝখান থেকেই জলজ গাছের উঠেছে। ভারী অদ্ভুত দেখাচ্ছিল জায়গাটা। এ রকম জলজ প্রচুর মাছ থাকার কথা। সাপও কিছু, যে না থাকবে এমন নয়। তা ছাড়া জোঁক। বছর আগে এ রকম একটা ডোবায় নেমে জোঁকের হাতে পড়েছিল বরকী, মনে পড়ে গেল। সারা গায়ে চাপ চাপ নুন ছাড়িয়ে জোঁকের হাত থেকে ও রক্ষা পেয়েছিল।

খালের ধার দিয়ে কিছুক্ষণ ওরে হাঁটল। এ দিকটার মাটি বেশ শক্ত। গাছপালাগুলিও বেশ মজবুত। জোয়ারের জল এতদূরে প্রবাহিত হয়েছে বলে মনে হয় না। মাটি অনেকটা স্থির।

এলোমেলো কিছুক্ষণ ঘোরাঘুরি এক সময় ও স্থির হয়ে আবার দাঁড়িয়ে পড়ল। হাতের লাঠিটা শক্ত করে চেপে ধরল।

অনেকটা তাড়া গাছের একটা ঝাড় দাঁড়িয়ে আছে। ভেতরে অনেকটা ফোঁপরা মতো হয়ে আছে। ঐ ফোঁপরেই যেন কিছু, একটা জন্তু আশ্রয় নিয়েছে। তুলোর বলের মতো তার দেহটা ফুলে ফুলে উপর দিকে উঠে আসছে। কি হতে পারে ওটা?

ভালো করে না জেনে শুনে এগোন উচিত হবে না মনে করে বরকী ঠায় দাঁড়িয়ে রইল।

বেড়াল নাকি? বন বেড়াল হওয়া অসম্ভব নয়।

বন বেড়ালের কথা মনে আসায় যেন কিছুটা সাহস পেল ও। এক পা এক পা করে এগিয়ে এল। আরো কাছে আসতেই ওর সারা শরীরে চমকে এক শিহরণ খেলে গেল।

বন বেড়াল নয়। খাস বড় জিনিসের বেড়াল। একটা নয় দুটো নয়, বরকী গুনে দেখল চারটে। ভালো করে চোখও ফুটেছে কি না কে জানে। তুলোর বলের মতই নরম।

মাতা কাছে এগোন কি উচিত হবে! বাচ্চাটা হয়তো বাচ্চাগুলোকে ফেলে রেখে তার খাবারের সন্ধানে বেরিয়েছে। চারপাশে একবার আঁতিপাতি করে চোখ বুলিয়ে নিল বরকী। লুকিয়ে থাকার মতো ঝোপ যেন ধানিকটা দূরে আছে বটে, কিন্তু আশেপাশে বাঘ বা বাঘিনী থাকলে তৈরই ওর চোখে পড়বে।

কেমন যেন লোভ সামলাতে পারল না ও। আরো এগিয়ে গিয়ে গাছটার কাছে দাঁড়াল। অবিকল মা বেড়ালের বাচ্চার মতো। এখনো পায়ে ওদের জোর আসে নি। একটা আর একটার গায়ে উঠে গড়াগড়ি খাচ্ছে। হাত বাড়িয়ে একটা তুলে ধরল বরকী। আহ্ কি নরম! গায়ের কাঁচ কাঁচ নয়। কাঁচ দুধের দাঁত। অবিকল বাঘের মতো চোখে মুখে রাগ। টেনে বুকে তুলে আদর করতে ইচ্ছে করল।

বুকে তুলে নিল বরকী। গালে ঘষে নিল। একটা নিয়ে এখন পালিয়ে গেলে কেমন হয়! নৌকোয় নিয়ে গিয়ে পক্কীকে দেখালে কেমন অবাক হয়ে যাবে ওরা, ভাবতে বেশ মজা লাগল বরকীর।

কিন্তু বাচ্চাগুলোকে এভাবে ফেলে রেখে কোথায় যেতে পারে বাঘিনী। সত্যি সত্যি কি শিকারে বেরিয়েছে, না কি বরকীর দিকেই তাকিয়ে আছে।

বরকীর দিকে তাকিয়ে থাকে ভাবতেই আবার সারা গায়ে কাঁটা দিয়ে উঠল ওর। কিযাস কি! সুন্দরবনের বাঘ বই তো নয়।

বাচ্চাটাকে আবার ও ঘাস করে ঝোপের দিকে ছিল। নাহ্, এখানে এভাবে না দাঁড়ানোই ভালো। সেখে বিপদ ডাকার কোন মানে হয় না।

বাচ্চাটাকে ঝোপের ঢুকিয়ে এক পা পেছু, ও সামনে বাড়িয়েছে, হঠাৎ এক মনে হল জলজের ঝোরা যেন নিঃশব্দের মতো পালটে গেছে। পাখপাখালির শব্দ নেই, গাছের পাতায় আর বাতাস খেলছে না। কিংবা বাতাস খেললেও গাছের পাতার সাহস নেই আর নড়ে ওঠার। সব কেমন নিস্তব্ধ। সব কেমন মুহূর্তের জন্যেই জমাট বেঁধে গেছে।

এমন লাগছে কেন? অবস্থাটা আরো ভালো করে বুঝবার জন্য খুব দ্রুত পাঠাতে আবার চারপাশে একবার দেখে নিল বরকী।

মনে হল, ঘরের ঐ কোণের পাশে কিছু, একটা যেন নড়ে উঠেই আবার থেমে গেল।

হয়তো বরকীর চোখকে ফাঁকি দিতে পারে নি বড় মিঞা। বুকের রক্ত যেন নিজেরেই জমে স্থির হয়ে এল। আর দাঁড়ান যায় না। মাগো বলে চিৎকার করে বরকী তিন লাফে নেমে এল খালের দিকে।

আর সেই মুহূর্তেই বাঘটাও ঝোপ ছেড়ে বেরিয়ে এক লাফে এগিয়ে এল তার বাচ্চাগুলোর কাছে।

এক মুহূর্ত দাঁড়াল গাছটার গোড়ায়, তারপর বিকট একটা চিৎকার করে লাফিয়ে এল বরকীর দিকে।

বরকীর মনে হল, ও আর সেই বৃদ্ধ হয়ে যাওয়া বরকী নেই। খালের জলে প্রচণ্ড শব্দিতে ও লাফিয়ে পড়ে মাঝামাঝি জায়গায় চলে এল। বাঘটা এসেল খালের ধার অবধি। কি আক্রোশ!

জল দেখেই কি ও ফেরে গেল বুঝতে পারল না বরকী। না কি জলের মধ্যেই এখন ও লাফিয়ে পড়বে।

বরকী আর সময় জলে দাঁড়িয়ে থাকতে পারল না। ডুব দিয়ে নিজেকে তলিয়ে দিল।

যতক্ষণ দম ততক্ষণ ডুবে থাকল বরকী। দম ফুরুতেই আবার মাথা তুলল। দেখল, আক্রোশে ফেটে পড়া হিংস্র এক জোড়া চোখ। ডোরা কাটা বসুত। আবার ডুবল। আবার মাথা তুলল, আক্রোশে মাটিতে যেন থাবা বসাচ্ছে ও। তাকিয়ে থাকা যায় না। নিজেকে এখন লুকিয়ে রাখা ছাড়া উপায় নেই বরকীর।

আবার নিজেকে ডুবিয়ে রাখল। আবার মাথা তুলল।

বাঘের আবার ডুবল, মাথা তুলল।

বাঘের চোখের সামনে ধীরে ধীরে সব কিছু ঝাপিয়ে ফেতে শুরু করল। নাহ্, কিছুই যেন আর দেখতে পাচ্ছে না। জল, শুধু জল। আবার ডুবল বরকী। দম ফুরিয়ে আসার আগেই আবার মাথা তুলল। অন্ধকার। ঘোর অন্ধকার। আর তার মাঝে সেই চিৎকার। জন্তুটা যেন কিছুতেই ছাড়বে না ওকে। কিছুতেই ওকে প্রতিশোধ না নিয়ে ছেড়ে দেবে না।

আবার ডুবল বরকী, আবার মাথা তুলল।

কেবল ডুবে যাওয়া আর কেবল ভেসে ওঠার খেলায় যেন মেতে উঠল বরকী।

তখন নৌকোতে ওরা দু জন।

পক্কী কাঠের উনুন নিয়ে ব্যস্ত। হাঁড়িতে ভাত চাপিয়েছে। যতক্ষণ না ভাত নামে উনোনের পাশেই বসে থাকতে হবে। নৌকোতে বসেই জঙ্গলের দিকে সারাক্ষণ নজর রাখতে হচ্ছে।

ঘাটটা কিন্তুমাত্র খুশতে দেয় নি ওরা। এক দিকে গহেন অন্য দিকে ওর বাজান। দা জোরে জোরে নৌকো ঝাঁকাচ্ছিল গহেন, কে জানে ওর বাজান হয়তো সোটাটাই টের পেয়েছে। কি ভাবল ওরা বাজান, কে জানে।

গহেন এই ফাঁকে আবার ছইয়ের ভেতর ঢুকে কিছুক্ষণ বুঝি ঘুমিয়ে নিল।

—কি ব্যাপার, ঘুম ভাঙল?

গহেন ছইয়ের ভেতর থেকে বেরিয়ে এসেছে, চোখ দুটো কমলার মতো লাল। একটু হাসল। তারপর সারা দেহটা শুকনো ছিলার মতো বাঁকা করে নিয়ে একবার আড় ভাঙল সেরে।

—বুড়ো কর্তা সেই যে জলের ভিতর ঢুকল আর দেখা নেই যে! গেল কোথায়?

পক্কী জানে, জঙ্গলের সোকা। জঙ্গলে জঙ্গলে ঘুরতে পারলে আর কিছুই চায় না। সারা জীবন তো দেখে এলাম।

মডার্ন ডেকরেটর্স
সব ধরনের ও যে কোন উৎসবের পাকা ও কৃত্রিম ফুল
৬৩এ৬১, বি.বালাখানা স্ট্রীট, কলি-৬, ফোন

—কি আছে এই জঙ্গলে! কেবল গাছগাছালি কাদা আর পুলো!'

পঞ্চমী বলল, 'হয়তো তোমাকে দেখেছে। তার লোভন লোভন এখন ছোড়ছে।

—'তা হলে আর খাওয়া যাবে।'

—'তোমার আবার মাংস খাওয়া!' চোখের চাহনীতে মিষ্টি একটা ভঙ্গি করল পঞ্চমী।

—'কেন, আমার মাংস খাওয়া মানে?' যেন পঞ্চমীর কথার কিছুই বুঝতে পারে নি ও, এমনভাবে সরল দৃষ্টিতে তাকাল।

—'আহা, কিছুই যেন জানে না। সারাক্ষণই তো খাচ্ছ। এখনো মুখের চারপাশে লেগে আছে, চকচক করছে।'

গজেন মুখের চারপাশে হাত বোলাল, 'কৈ না তো!'

—'না তো, না। এবার চোখে মুখে একটু জল দুলিয়ে নাও। টিনের ভেতর মুড়ি আছে, খেয়ে নাও চারটি।'

—'তোমার বাজারকে কিছু খাইয়ে দিলে পারতে, না খাইয়েই বুড়োটাকে ছেড়ে দিলে।'

ধপ ধপ করে আগুন লাফিয়ে উঠেছিল, পঞ্চমী উনোনে ঘোঁচা দিয়ে আগুন সামলালো।

নদীতে এখন ভাঁটা চলছে। নদীর মাঝ বরাবর জল। দু'দিকে চরা পড়া দেখা যাচ্ছে। চমকন সোনার মতো মাটি। ঝিক ঝিক করছে সূর্যের আলো পড়ে। আর তারই মধ্যে অসংখ্য লাল কাঁকড়ার খেলা। কাঁকড়াগুলো কোন কাজেই আসে না মানুষের। ওদের দিকে ফিরেও কারুর খোলসেও নজর নেই। নদীর দু'ধার ঘিরে মাছ খাওয়ার জন্য হাজার হাজার পাখি বসেছে। হাতের মুঠো তুলে ঝিলিমিলি ঢিল ছোঁড়ার ভঙ্গি করলেই পাখিগুলো লাফিয়ে উঠছে।

মাত্র দু' তিনেক ওজনে পাখি মারলো গজেন। ডালের চোখে মুখে জল ছিটিয়ে, পরেরবার মুড়ি ভেজে নিয়ে খেতে বসল।

দু' পায়ে জঙ্গলের চেয়েও সবুজ। লম্বায় পাতার ঝালানো কোপ। কোপের ফাঁকে ফাঁকেও পাখির ভিড়। ছোট ছোট কি পাখি ও গুলো কে জানে! চড়ুই নয়, গলার কাছে সোনালী কাজ করা। চড়ুইয়ের মতোই ছটফটে। অনেকগুলো পাখি মারতে পারলে মাসে খাওয়া যেত।

কিন্তু পাখি মারার কৌশল জানা নেই। বুড়োর কর্তার কাছে নেই, কাছে থাকলে একবার দেখার চেষ্টা করে দেখা যেতে পারত।

—'কি ভাবছ তো?' প্রশ্ন করল পঞ্চমী।

—'কি আবার ভাববো। বুড়ো কর্তা ফিরছে না কেন? যা খেয়ালী লোক, সেকেটার বিপদে পড়ল কি না কে জানে।'

পঞ্চমী একবার গজেনের মুখের দিকে তাকাল, 'কি তখন থেকে বিপদ বিপদ করছ, ও সব কথা ছাড়া যেন কথা নেই!'

—'লোকটাকে একা একা ছেড়ে দেওয়া ঠিক হয় নি আমাদের।'

—'এখন তো খুব ওসব কথা বলছ, তখন সঙ্গে গেলে না কেন?'

—'তুমি একা থাকবে তাই। তোমাকে একা ফেলে কোথাও যেতে পারি আমি?'

—'ইস্ রে! বড় ভালো ভালো কথা!'

—'না পঞ্চমী; সত্যি বলছি কাজটা আমরা ভালো করি নি। এভাবে একা একা ওকে ছেড়ে না দেওয়াই উচিত ছিল আমাদের।'

পঞ্চমী জঙ্গলের দিকে তাকাল, ভাত ফুটতে শুরু করেছে। 'এখনও তো হতে পারে সেই লাল নিশানটা খুঁজে পেয়েছে বাজান।'

—'খুঁজে পেলে আমাদের এসে খবর দেওয়ার কথা ছিল।'

—'খুঁজে পাওয়ার আনন্দে নিজেই হয়তো মাটি খুঁড়তে শুরু করেছে। লোহার সিন্দুক তুলে এনে আমাদের দেখাবে।'

—'লোহার সিন্দুকেই যদি হয়, ওটাকে বয়ানো বুড়োর একার কাজ নয়।'

পঞ্চমী চুপ করে কিছুক্ষণ অপেক্ষা করে, 'তা হলে, না ফেরার কি কারণ?'

—'কি কারণ তা তোমরাই জানো। আসলে সেকেটার মাথায় কিছু গোলমাল আছে!'

—'তোমার মতো কি না', প্রতিবাদ করে পঞ্চমী। 'এই বয়সেও যা পরিশ্রম করতে পারে, অনেকেই পারে না।'

গজেন জঙ্গলের দিকে চোখ রেখে মুড়ি চিবোতে থাকে। বলতে ইচ্ছে হচ্ছিল, পাথরের গায়ে জোর বেশি থাকে, কিন্তু বলতে মুখে আটকাল।

পঞ্চমী ঘরের মাড় গালতে শুরু করল। সাদা ধোঁয়ায় মুখখানা ওর ঢেকে গেল।

গজেন আকাশের দিকে তাকাল, পরিষ্কার আকাশ, সূর্য যেন অনেকখানি উপরে উঠে এসেছে। বেলা দুপুর হতে আর বাকি নেই। সেই যেন সকালে বুড়োটা বেরোল একলা না ফেরার লক্ষণটা ওর ভাল লাগছে না।

তবে কি যাচ্ছেই বলল ওকে। মনে যদি করে থাকে কিন্তুতেই টের পাবে না ওরা। এই জঙ্গল সম্পর্কে কিছুই জানে না গজেন। তা ছাড়া পুরুষ মানুষ বলতে ও একা। এই জঙ্গলের মধ্যে কোথায় ও খুঁজতে বেরোবে। সঙ্গে একটা বন্দুকও নেই। খালি হাতে পায়ে জঙ্গলের মধ্যে ঘুরে বেড়াবার সাহস সত্যি সত্যি ওর নেই। তা পঞ্চমী যাই ভাবুক না কেন!

ভাতের হাঁড়ি পুঁছিয়ে রাখতে রাখতে পঞ্চমী বলল, 'রান্না তো হয়ে গেল। এবার বাজান ফিরে এলেই খেতে বসে যাও।'

গজেন কথা বলল না।

উনোনে জল ছিটিয়ে আগুন নেভাল পঞ্চমী।

—'ঘরে কাছে কোথাও মিঠে জল থাকলে চান করা যেত।'

গজেন বলল, 'আমার কিন্তু কেমন যেন সন্দেহ হচ্ছে পঞ্চমী। এত বেলা হল।'

—'কি সন্দেহ?'

—'এত বেলা হল, অথচ বুড়ো কর্তার না ফেরার কারণ কি! নিশান খুঁজে নাই পেয়ে থাকে, ফিরে এলেই তো পারে। মিছিমিছি আমাদের ভাবনায় ফেলছে।'

পঞ্চমী জঙ্গলের দিকে তাকাল, 'তা হলে চল না, কিছুটা ভিতরে ঢুকে দেখে আসি।'

—'ভেতরে রাস্তা ঘাট বলে তো কিছুই নেই। ফের আবার চিনে ফিরে আসতে পারবে তো? এমনও তো হতে পারে বুড়ো কর্তা পথ ভুল করে বসেছে।'

—'বেলি দূরে না এগিয়ে ঘুরে ঢুকে বাজারের নাম ধরে ডাকি চলো।'

ইচ্ছে না থাকলেও গজেনকে রাজি হতে হল। মাছ মারার কোঁচটা ও হাতে তুলে নিল।

এখন ভাঁটার প্রায় চরম অবস্থা। জোয়ার শুরু হতে বেশি বাকি নেই। বুড়োকে যদি পাওয়া যায়, এই জোয়ার শেষ হলেই পাঁচকাঠির দিকে নৌকো ছেড়ে দেবে গজেন। ডালের ডালার এখন পালাতে পারলে বাঁচে। লোহার সিন্দুক আর সোনা গহনা যেখানে আছে সেখানেই থাক। দরকার নেই বাবা রাতারাতি বড় লোক হয়ে।

—'কি, নামবে তো আগে?'

—'হ্যাঁ, নামছি।' আবার নেমে পড়ল গজেন। পরে ওর হাতের ওপর ভর রেখে পঞ্চমীও নামল।

—'ইস রে, কি কাদা!' পায়ের নিচু পাদুকে ভালো ঠেকল কি না কে জানে, বার বার নাড়াতেই ও পা টেনে নিল।

ডালার কাদায় আর একটু হলেই পড়ে যাচ্ছিল, গজেনই ওকে টেনে উপরে উঠিয়ে নিয়ে এল।

—'এই জঙ্গলে এখন কোথায় খুঁজি বল দিকি নি। বুড়োর যদি একটু আক্কেল থাকে।'

পঞ্চমী কথা ভুলে চিৎকার করে ডাকল, 'বাজান।'

কিন্তু শব্দটা কয়েকবারের ধ্বনি-প্রতিধ্বনি হয়ে চারপাশে ঘুরিয়ে আবার স্তব্ধ হয়ে গেল।

আবার ডাকল পঞ্চমী।

আবার সেই একই অভিজ্ঞতা। ডালার বেশ কিছুক্ষণ চুপ করে রইল ওরা। ওদিক থেকে প্রতিধ্বনি ছাড়া আর কিছুই ফিরে এল না।

—'চিৎকার করে কোন লাভ নেই। চলো এগিয়ে দেখি।'

পাশাপাশি দুজনে এগোতে শুরু করল। শক্তি ফুরিয়ে আসছিল পঞ্চমীর। গজেন কোমরে গামছাটাকে শক্ত করে বেঁধে নিল। হাতের কোঁচ দিয়ে কোপের গায়ে ও আঘাত করতে শুরু করল।

—'এই!' পঞ্চমী দাঁড়াল।

চমকেই উঠেছিল গজেন, 'কি? কি হয়েছে?'

—'সেখানে নৌকোটাকে দেখা যাচ্ছে না।'

—'না দেখা যাক, আমরা পায়ের ছাপ দেখে রেখেই ফিরতে পারব।'

পঞ্চমী লক্ষ্য করল, পায়ের ছাপগুলো বেশ স্পষ্ট দেখা যাচ্ছে। জোয়ার এসে জল ঢুকলেই এই ছাপগুলো আবার উবে যাবে। জোয়ার এসে ভাসিয়ে দেওয়ার আগেই আবার ফিরে আসতে হবে।

সামনেই অনেকখানি জায়গা জুড়ে একটা কোপ, এটাকে এড়াবার জন্য গজেন পঞ্চমীকে টেনে নিয়ে এল বাঁ দিকে। বাঁ দিক দিয়ে ওরা হাঁটতে শুরু করল।

হঠাৎ কেন পুলোর সংখ্যা কমে আসছে। মাটিও মনে হচ্ছে নদীর ধার ঘেঁষে অনেক বেশি মজবুত। জঙ্গল পরিষ্কার থাকলে এখানে চাষবাসও হতে পারে।

এ-পাশে ও-পাশে মাঝে মাঝে বিশ্রীভাবে পাখি চেঁচিয়ে উঠছে। গাছে কাঁটা দিয়ে উঠছে গজেনের। হঠাৎ এখন বাঘের মুখোমুখি পড়ে গেলে বাঁচার প্রায় আশাই থাকবে না ওদের। হাতের এই কোঁচ দিয়ে কি বাঘের সঙ্গে পেরে উঠবে গজেন? অসম্ভব।

গা ছম ছম করতে শুরু করল ওর। গায়ে একটু ভাল পাতা লাগলেই চমকে চমকে উঠতে শুরু করল। বাঘের মুখে নাই পড়ল, গায়ের গায়ে লাল কুলে থাকাও অসম্ভব নয়।

ব্যানার্জী টেইলার্স
২৩৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৭
ফোন ৩৫-৫৬২১

জলরাশির সঙ্গে মিশে থাকলে সাপকে অনেক সময় চেনাই যায় না। না জানি ঝোপের ভিতরে কি কি কিলবিল করছে সাপ!

—"আমরা কিন্তু অনেকখানি এগিয়ে এসেছি গো।" গজেন মিনমিন করে বলল।

পদ্মরী বলল, "আরো খানিকটা, সামনে একটা খালের মতো দেখা যাচ্ছে।"

সাঁতা সাঁতা একটা খালেরই মতো।

খালটার দিকে তাকিয়ে ভ্রূ কুঞ্চন করল।

—"কি হল, চলো এগোই।"

—"আর কোথায় যাবে?" গজেন বলল, "আর না এগিয়ে এবার চলো ফিরে যাই।"

—"চল না, ঐ খালটা অবধি যাই। তারপর না হয়—"

—"এককাজ করলে হয়তো নৌকোয় ফিরে গিয়ে দেখব, বুড়োকর্তা ফিরে এসে বসে আছে।"

—"হুঁ থাক। কি সুন্দর টলটল করছে জলটা। মিষ্টি জল হলে চলে না চাল করে যাই।"

গজেনকে চুপ করে থাকতে দেখে খালের দিকে টেনে আনল পদ্মরীকে।

খাল থেকে মাত্র কয়েক হাত দূরে এসে দাঁড়িয়েছে, এমন সময় গজেনই প্রথম বলরীকে আবিষ্কার করে চিৎকার করে উঠল, "পদ্মরী!"

—"কি? কি হল?"

—"দেখছ না কি হল! ঐ দেখ।"

পদ্মরী প্রথমটায় বুঝতে পারে নি। কি একটা বস্তু যেন জলের মধ্যে ডুবছে আবার ভেসে উঠছে। খুঁটিয়ে খুঁটিয়ে লক্ষ্য করে বুঝতে পারল, ওরা বাজান। চিৎকার করে উঠল, "বাজান! কি করছ জলে দাঁড়িয়ে?"

বলরী যেন বিড়বিড় করে কিছু বলছে। বুঝতে পারল না ওরা, কি বলছে বাজান। আর অমনভাবে ডুবছেই বা কেন! ভাসছেই বা কেন।

—"বাজান!" আবার চিৎকার করে ডাকল পদ্মরী।

—"বুড়ো কর্তা!" চিৎকার করে ডাকল গজেন।

কি হল ওর! কেবল ডুবছে আর ভাসছে। ওঁকি পদ্মরীর গলাও শুনতে পেল না, ওঁকি গজেনের গলাও শুনতে পেল না।

—"আবার ডাকল ওরা! যাহ্, কিন্তু একটা ঘোরালো হয়েছে গো। ওকে জল থেকে তুলে আনো না।"

গজেন এক মুহূর্ত কি ভাবল। তারপর ছোটো পদ্মরীর হাতে দিয়ে বলল, "ধরো, দেখছি।"

জলে ঝাঁপিয়ে পড়ল গজেন।

বুড়োকে টানতে টানতে ডাঙায় তুলে আনল। পাকা জাফরাণ হয়ে গেছে চোখ মুখ।

—"অমন করছ কেন বাজান?" ঘুমিয়ে পড়ল পদ্মরী।

কিন্তু তাড়া দা জল, জ্ঞান নেই বুড়োর। ডাঙায় দাঁড়িয়েও ঢলছে ডোবার, আবার যেন ভেসে উঠতে লাগিয়ে।

—"এই, এই যাচ্ছে কর্তা।" সজোরে গজেন ওকে ধাক্কি দিল। কিন্তু সাড়া পেল না।

বলরী যেন ডুবছেই আর ভাসছেই।

—"এই, চল ওকে নৌকোয় নিয়ে তুলি।"

গজেন বলল, "সেই ভালো।" হাত দুটোকে ধরে ধরে বলরীর দেহটা ও পিঠের ওপর তুলে নিল। চলো।"

জীবনে কখনো এমনভাবে বাঘের মুখে পড়ে নি বলরী। তবু ভালো, ওর বাজানদের কোন ক্ষতি করে নি ও। তা হলে এই জলেই মাথিনীটা লাফিয়ে পড়ে প্রতিশোধ তুলে নিত। খালের ধারে দাঁড়িয়ে এখনো যেমন হিংস্রভাবে তাকিয়ে আছে। চোয়ালের ফাঁক দিয়ে শাদা ধবধবে দাঁতগুলো বেরিয়ে পড়ছে। পায়ের থাবার মাটি আঁকড়ে থাকা নখগুলো যেন নাড়িয়ে দিচ্ছে।

বলরীর পক্ষে এ অবস্থায় এমন মাথা উঁচু করে দাঁড়িয়ে থাকা একেবারেই উচিত নয়। আবার ডুব দিল বলরী।

নৌকোর পাটাতনে ওকে শুইয়ে দিয়েছে গজেন। চোখ বুজে কেমন লাগে। যেন একটুকু ছন্দ নেই চিতরে।

পদ্মরী কপাল চাপড়ে কাঁদতে শুরু করল "বাজান তোমার কি হল গো?"

বলরী একটানা অনেকক্ষণ পানে ডুব দিয়ে থাকল, দম বন্ধ হয়ে আসছে। আবার বাতাসে ভেসে উঠে হাঁ করে বাতাস টানল।

চোখ দুটো যেন আগুনের গোলা। দাঁত মুখ বিকৃত করে আবার যেন ঢোঁকিয়ে উঠেছে বাঘটা। কে জানে, এখনি লাফিয়ে পড়ার জন্য তৈরি হয়েছে কি না! বলরী ডুব দিয়ে আবার জলের নিচে তলিয়ে গেল।

জলের নিচে যেমন যেন সব কিছু পরিষ্কার হয়ে আসছে, কর্তা। হাঁরে, ঐ মাথিনী যেন হাঁফিয়ে মরেছে নিচে। জলে জলে ভাসছে।

ঠিক হাঁফিয়ে, ঐ মাথিনীর ওপর শুয়ে আরাম করে একবার পা পাঁড়িয়ে নেব। বাঘটা ভাসছে ডাঙায়, জলের নিচে বলরী লুকিয়ে থাকলে বাঘটা ওকে দেখতেই পাবে না।

কিন্তু বেশিক্ষণ জলের নিচে থাকা সম্ভব নয়। দম ফেটে আসছে আবার, চকর করে জলের ওপর মাথা তুলে আনল বলরী।

আহ্, বুক ভরে বাতাস টেনে নিয়েই আবার তলিয়ে গেল জলে।

—"বাজান গো, অমন করছ কেন! ও বাজান, দেখ তোমাকে আমরা জল থেকে নৌকোয় তুলে এনেছি।"

গজেন এ মুহূর্তে কি যে করবে ভেবে পাচ্ছিল না। আরো অনেক ঘণ্টা ঝোরাবের জন্য অপেক্ষা করতে হবে ওদের। তাঁটা শুরু হওয়ার সঙ্গে সঙ্গেই নৌকো ছেড়ে পালিয়ে বাঁচতে হবে এখান থেকে।

—"তখনি বলেছিলাম কাজ নেই আমাদের খুন্নত যাবে, এখন সামলাও।"

পদ্মরীর বুকের ভেতর আকুলি-বিকুলি করছে। অমন করছ কেন লোকটা। তবে কি পারে বাতাস ভেসেছে! এখানে কেঁদে ভাসালেও খুনীর পাওয়া যাবে না। কিন্তু একটা খুনীর সোজাই কেন ভরসাটা উশুল করতে পারে পদ্মরী।

—"বাজান, ও বাজান!"

জলের নিচে হাঁরে প্রাণ মাথিনী। এত সব এখানে এল কি করে! টুল দেখছে না তো বলরী। না, মিলি দেখতে পাচ্ছে, জলে জলে ঘুরে সব জরিপ করছে। লাল, নীল, সবুজ, কত রঙের আলো; চোখ ধাঁধিয়ে যাচ্ছে ওর।

উত্তেজনায় অনেকক্ষণ পানে ডুব দিয়ে থাকল। দম ফুরিয়ে আসায় আবার ভেসে উঠল বলরী।

বাঘটা কি এখান থেকে যাবে না নাকি! কি বিশ্রী চিৎকার করছে বাঘটা। ডাইনে বাঁয়ে কি ভীষণ লম্ফ নিয়ে পায়চারী করছে। তাকিয়ে থাকা যায় না। বলরী আবার ডুবে নিজেকে লুকিয়ে ফেলার চেষ্টা করল।

এত মাথি মাথিনী কেন! তবে কি সেই লোহার সিন্দুকটা কেউ টেনে এনে এখানে এই জলের তলায় ফেলে দিয়েছে। তবে কি কেউ, শাদা কাপড়ের সেই নিশানটাকে সাক্ষি রেখে সমস্ত খুনখারাবীর সন্ধান পেয়ে গেছে!

কে? কারা ওরা?

কেনই বা লোহার সিন্দুকটাকে টেনে এনে এই জলের তলায় মাথিনীগুলো ছড়িয়ে দিল? কেন?

উঁহু, দম ফেটে আসছে ওর। মাথা তুলে আনল উপরে।

গজেন বলল, "আর আমাদের দাঁড়াবার দরকার নেই, নোঙরটেই টেনে টেনে খানিকটা পারি এগোই। কি বল?"

পদ্মরীর গলায় কান্না ছাড়া কিছুই নেই, "বাজান! ও বাজান! তুমি অমন করছ কেন?"

গজেন নোঙরটি তুলে নিল। জলের টান উলটো বুঝে। তা হোক! বৈঠা নিয়ে বসটুইয়ে নিয়ে বসল। উলটো টানেই লড়াই করতে ক্ষতি কি! যতটা এগোন যায়, ততটাই লাভ।

বলরী আবার ডুব দিল জলে, সিন্দুক, আমার সিন্দুক.....

—শেষ—

সুরে ও কথায় : আকাশবাণী জলসার থেকে ছোটদীতি পরিবেশন করেন

# ছোটগল্প

# শৌখিন

## সূচীপত্র


| | | পৃষ্ঠা |
|---|---|---|
| কান্না হাসির দোল—যাযাবর | ... | ২৩৩ |
| বসন্ত প্রলাপ—দেবেশ দাশ | ... | ২৩৮ |
| উপযাচিকা—গজেন্দ্রকুমার মিত্র | ... | ২৪২ |
| জননীর জন্ম—হরিনারায়ণ চট্টোপাধ্যায় | ... | ২৪৭ |
| তিন তাসের খেলা—কবিতা সিংহ | ... | ২৫০ |
| সিঁড়িতে ভয়ঙ্কর—শংকর চট্টোপাধ্যায় | ... | ২৫২ |
| নাম—মায়া বসু | ... | ২৫৬ |
| ভোরের আঁধারে ঝড়—আবদুল জব্বার | ... | ২৫৮ |
| জবানবন্দী—দ্বারেশচন্দ্র শর্মাচার্য | ... | ২৬১ |
| বসন্ত জাগ্রত দ্বারে—আশা দেবী | ... | ২৬২ |
| বিবক্ষু সৌরবেদনা—প্রাণতোষ দাশগুপ্ত | ... | ২৬৩ |
| ক্ষণিকের সেই নর্তকী—দীপক খাস্তগীর | ... | ২৬৭ |
| অপসৃতা—আইভি রাহা | ... | ২৬৯ |

কালো পাট ও সুন্দর হাত। সোনা কথার কাঁসার ঘড়া ও মাটির হাঁড়ি। এ দুয়ের সম্মেলনে যে কী মারাত্মক পরিণতি ঘটতে পারে শিল্পপাড়া স্ট্রীটে তার সবকয়টি বর্তমান রয়েছে। কিন্তু ছেলেবেলার পড়া পদ্যের মরাল সিকিউরিটিও ধর্মি সবাই স্মরণে রাখতো তবে সংসারযাত্রাটা আদাপোড়া খাওয়ার মতো সুখকর গতিতে চলতো, কোনোখানে এতটুকু বাধা-বিঘ্ন বা বৈচিত্র্যের অবকাশ রইত না।

অর্থ, পদমর্যাদা ও সামাজিক প্রতিষ্ঠার দিক দিয়ে সাবজজ সুখময় বাবুর মেয়ে সোনালী ও হাইস্কুলের হেড পণ্ডিত বিধু মুহুরীর ছেলে সেখরের তফাতটা কাঁসার থালা ও মাটির বাসনের সঙ্গে তুলনা করলে অন্যায় হতো না। তবুও ঘটনার যোগাযোগে পাঞ্জিকার শুভদিন নির্ঘণ্ট অনুযায়ী ফাল্গুন মাসের এক সন্ধ্যালগ্নে সুতীহবুকে লগ্নে তাদের বিয়ে হয়ে গেল। পল্লবগ্রাহী নিমন্ত্রণের ত্রুটি মার্জনা করে আত্মীয় পরিজন ও বন্ধুবান্ধব যাঁরা উচ্চ দিবসে বিবাহ বাসর ও প্রীতিসম্মেলনে যোগদান করেছিলেন তাঁরা স্বীকার করলেন, সোসাল স্ট্যাটাসের বিচারে বাই হোক না কেন, প্রজাপতির নির্বন্ধে বর-কনের জোড় মিলেছে বটে। সিগারেটের বিজ্ঞাপনের ভাষায় বোধহয় একেই বলে, মেড ফর ইচ আদার। অথচ আপাতটা হাল ভাঙনের শুরু করে দিয়ে নয়। সনাতন হিন্দু পদ্ধতিতে অভিভাবক নির্বাচিত শুভ পরিণয়। ইংরেজীতে যার নাম এ্যারেঞ্জড ম্যারেজ। যাঁরা দু পক্ষেরই ঘরের খবর রাখেন তাঁরা জানেন, বর কনেতে পূর্বে পরিচয় ছিল, কিন্তু পূর্বরাগের সঞ্চার হয়নি। সে ইতিহাসটুকু মোক্ষাতেই বলে রাখা ভালো।

সোনালীর বি-এ পরীক্ষার ফরেম যাবার আগে সুখময়বাবু আলীপুরে কোর্ট থেকে হঠাৎ বদলী হয়ে গেলেন উত্তরবঙ্গের একটা জেলার সদরে। সেখানে কলেজ আছে এবং কো-এডুকেশনেও বাধা নেই। কিন্তু কোর্স শেষ হওয়ায় মুখে কোনো বিদায়বচনই নূতন স্থানী দিতে চায় না। সোনালী কিন্তু দিন আগে টাইফয়েডের জুজুর উঠোছিল। তাকে হোস্টেলে রেখে যেতে মায়ের বিশেষ আপত্তি। লেখা পড়ার একটা বছর নষ্ট হবে সন্দেহ নেই। তা ছাড়া স্বাস্থ্যটা মাটি করা চলে না। মেয়েতো বিধু জজ ম্যাজিস্ট্রেট হতে যাচ্ছে না।

মায়ের মনের মধ্যে মেয়ের ইচ্ছার প্রাধান্য চিরদিন থাকে না। প্রথমতঃ আই-এ-এসের লিস্ট বেরুবেই জানা যায়, মেয়েদের পক্ষে জজ ম্যাজিস্ট্রেট হওয়াটা এযুগে কিছু অসম্ভব ঘটনা নয়। তা ছাড়া তার ক্লাসের ধনিষ্ঠ কয়েরা বি-এ পাশ করে তাকে ছাড়িয়ে যাবে এ সম্ভাবনা সোনালীর পক্ষে অসহ্য। সে কিন্তের অশ্রুপাত, নির্বাক অসহযোগ ও সংসার অনশনের দ্বারা তার প্রতিবাদ জানাতে লাগল। সাবজজকে আদালতে নানা মোকদ্দমার রায় দিতে হয়। নিজের পারিবারিক মামলায় তিনিই একটা আপোষ নিষ্পত্তি করলেন। সোনালী মায়ের কথা শুনে তাদের সঙ্গে উত্তরবঙ্গেই যাবে। সেখানে প্রাইভেটে ছাত্রী হিসাবে তার পরীক্ষা দেওয়ার কথাচিৎ ব্যবস্থা করা হবে।

দুই প্যাকিং কেস ঠাসা বই, খাতা, নোট, পুরোনো প্রশ্নপত্রের বান্ডিল, ইতিহাসের 'নোট-বুকী' ইত্যাদি পরীক্ষা পাশের নানা স্ট্রাটেজি উপকরণ নিয়ে সোনালী জেলা শহরের সরকারী বাংলোতে বসে এগজামীনের পড়ায় মন দিল। ইকনমিকসে বরাবরই সে ধাঁড়া। ক্লাসের লেকচার না শুনে শুধু টেক্সট বই পড়ে বেশী নম্বর এনতে পারল না। অঙ্কিলম্বে একজন প্রাইভেট টিউটর না হলেই নয়। সুখময় বাবুর কাছারীর সেরেস্তেদার লছমন পুরোনো লোক; অনেক খোঁজ খবর রাখেন। তিনি একটি তরুণ অধ্যাপক সংগ্রহ করে আনলেন। ছাত্রোটিকে তিনি ছোটবেলা থেকে জানেন। মেধাবী বলে সহরে তার খ্যাতি আছে। গাণিতিক থেকে পর পর সকয়টি পরীক্ষায় ডিসিংগুশ্ট রেজাল্ট। গতবছর এম-এতে ফার্স্ট ক্লাস পেয়েছে। বর্তমানে স্থানীয় কলেজের অস্থায়ী অধ্যাপক; চাকরীর জন্য বিসিস্ দিচ্ছে।

ছাত্রী ও মাস্টারের বয়সের ব্যবধান অল্প। উভয়েরই দেহে ও মনে নবীন যৌবনের ছাপ: নাটক নভেলের নায়কের এ ক্ষেত্রে প্রথম দর্শনেই একটা প্রেমকাণ্ডের সূচনা হয়ে উঠিত ছিল। কিন্তু সংসারে সত্য ঘটনার মুস্কিল এই যে, সে ছক বাঁধা পথের নিশানা মেনে চলে না। পুঁথির পাতায় যা হওয়া কিংবা, বাস্তব জীবনে অনেক সময়েই তা হয় না। সেখর পাঁচ মাস ধরে প্রত্যহ নিয়মিত অনেকক্ষণ অনেক ঘরে সোনালীকে পড়িয়েছে। সে ছাত্রীকে সবিস্ময়ে বিকাশোন্মুখ যৌবনে ঘর বেশ খুঁজিয়েছে, সন্তর্পণে প্রশ্নের উত্তর বার বার করে লিখিয়েছে, মনোযোগের এতটুকু শৈথিল্য সেখানে চিরদিনার করেছে। কখনও তার কমল আননের দিকে অকারণে মুগ্ধ নয়নে তাকিয়ে থাকেনি। ছাত্রীটি অবশ্য মাঝে মাঝে অনেক বাজে জেগে কাটিয়েছে। তবে সে তার সুকুমারকান্তি মাস্টারটির জন্য হা-হুতাশ করে নয়; জ্যামার এ্যান্ড বেকী-কৃত চারটির অর্থনীতি বা ঐ জাতীয় বই মুখস্থ করার তাগিদে। ফলে একটা রোমান্টিক ঘটনার খাটা মারা গেল, কিন্তু সোনালী ডিস্টিংশান নিয়ে বি-এ পাশ করল।

সংস্কৃত শ্লোকে বলে, বর মুক্তাতে দিয়ে বরের বাপ চান মূল এবং মা চান বিদ্যুৎ। সাবজজ পরিবারে তার যাচিতম বেশী ছেলে। বি-এ পাশের অভিনন্দন ভোজ ইতিমধ্যে ছিড়িক ছেড়ে ছেড়ে। সোনালী এম-এতে কোন্ সাবজেক্ট নেবে চাওয়ে। এমন সময়ে দিল্লী একদিন কথাটা পাড়লেন। সোনালীর মাস্টার ছেলেটি

ধারণা : যেমন চোখ ঝলসানো চেহারা, তেমনি নম্র স্বভাব। জামাই করার মতো পাত্র।

—'সে তোমার ইচ্ছে। সন্তানের যদি ভাল চাও, তোমার রাজী হয়ে যাওয়া উচিত।'

—'আপনি দেবতা। এ কথা আমায় বলবেন না। কথা দিচ্ছি, নিজে না খেয়ে থেকেও এ ছেলেটিকে যে রকম করেই হোক মানুষ করব। আপনি আমাকে অন্য যা বলবেন আমি মেনে নেব। শুধু এ-কথা আমাকে বলবেন না।'

চুপ করে রইল সুনন্দা। অন্তর্দ্বন্দ্ব, যন্ত্র ভেবে মনে হল নিজেকে। অভিনয়টা আশ্চর্যজনক ঘটে। আর কথা বলতে ইচ্ছে করল না। চলে আসার জন্য উঠল।

কিন্তু হঠাৎ ভাবান্তর! সুনন্দার মুখের ভাব দেখে ভয় পেল—

—'আমি আপনার দোষার। আপনি যদি ছলেন নিশ্চয়ই যেব। আপনি দেবতা। আপনার কথা নিশ্চয়ই শুনব। দেখেছেন! কি আনন্দ পাচ্ছি। আমার ছেলে সুখে থাকবে, ভাল খাবে, ভাল পড়বে, লেখাপড়া শিখবে, মানুষ এক হবে, আর আমি রাজী হচ্ছি না!' বাচ্চাটিকে বুকের মাঝে চেপে ধরল একবার। 'আপনি আমার জন্য যা করছেন, আমার বাবা-মা স্বামী তিনজন একসঙ্গে হলেও পারত না। আপনি ভগবান। আপনি যদি বলেন নিশ্চয়ই যেব। বাচ্চার ভালোর জন্যেই তো আপনি বলছেন, আমি রাজী। হ্যাঁ, আমি রাজী। আমি রাজী।' নিস্তেজ হয়ে পড়ল বৌটি।

কথা খুঁজতে ব্যস্ত ছিলেন সুনন্দার। কি যেন ভাবছিল। —'তোমার মন যা বলবে সেটাই এ ক্ষেত্রে বড় কথা। তোমার ছেলে তোমার কাছেই থাক।' বেরিয়ে এল। নার্সটিকে বলল ছেড়ে দেওয়ার কাগজপত্র করতে।

বারান্দায় এসে দাঁড়াল সুনন্দা। কতক্ষণ দাঁড়িয়েছিল খেয়াল নেই। হঠাৎ চোখে পড়ল—গেটের সামনে দাঁড়িয়ে আছে একটি মেয়েলোক। সন্তর্পণে হেটে গেল। কিছুক্ষণ পরে দেখল বৌটি ফেলে যাচ্ছা নিয়ে আস্তে আস্তে বেরিয়ে আসছে। বাচ্চাটিকে পাশের মেয়েলোকটির হাতে দিয়ে মাথা নীচু করে জোড়হাতে প্রণাম করল বাড়িটির দিকে মুখ করে। তারপর এগিয়ে গেল।

ঘরে ফিরে এল সুনন্দা। ফোন টিপে ডাকল দারোয়ানকে। তার হাতে পঞ্চাশটা টাকা দিয়ে বলল, 'ওই যে বৌটা ছিল এখানে, তার হাতে দিয়ে আয়। বলিস, আমি টেনের ভাড়া দিয়েছি বলে আবার দিকে গেল।

কিন্তু টেলিফোনে বেজে উঠতে ঘরে ফিরে এল।

...হ্যাঁ, আমিই তো চৌধুরী... ও রকম করছেন কেন? পরিষ্কার করে বলুন...আচ্ছা আমি আসছি। হ্যাঁ এক্ষুণি।'

টেলিফোনের অন্য রোগীরা টিপল। নীচে নার্স বলল, 'ডিসিসান্স পৌঁছে নাও, ছুইক। এ কেস অব এমারজেন্সি। ড্রাইভারকে বল গাড়ী বার করতে। আমি নামছি।'

বারান্দার দিকে তাকাল। এক পা এগিয়ে ফিরেও ফিরে এল। সিঁড়ি দিয়ে নেমে এল নীচে। তাড়াতাড়ি।

শব্দ নেই।

সময় নেই।

অনেক দূরে যেতে হবে।

—শেষ—

# শূন্যিকের সেই সতী

দীপক খাস্তগীর

পাকটা ছেলের হাতেই মুখের ঘেরে ঘেরে সরিয়ে ফেলেছে বেলবেটা। এরপর সবখানে এক-দিনের বাসী একটু মুখে একটা চোখে সেই ঘাসটুকুতে বাকলে। পাকটা অবশ্যেষেই পাকলালি হেঙ্গী আরেকী চোখের চোখে চকেছে এক দিনিক। সবসে ছেলেরও মোড়ার খুরের শব্দ। মুখমুখ চাকা চকেছে। ঠিক এরপর মুখের পারেনা না হেলমা।

বাকের ছোকরাগুলো এখনও হেল অবধানে আসার উৎসাহ বোধহয়ে সেই চারদিকে হেল দিল্লী। এটা খুটিয়ে হেলে একের দিনিকটার মুখের ঘিক চকেছে। মুখের দীঘিতে আরো এসে পড়েছে ঠিকই, তবে তা ঘিকটা চমকের ঘিলেছে যত তেজী হেল মরমের ঘিরে মুখ করে চকেছে। ছোকরাগুলির আরো বার-বার এসে তার ছবিটার পাকটার পাকে ঘেরেছে। ছবিটা একবার ঘুরি, একবার পাকটার পাকের ছেলের চোখের ওপর ঘিরে মুখ ঘুরে যাচ্ছে।

ছেলের চোখের সবসে ছবিটার মুখটাই হেল ছেলে ছেলেই মন পড়ল, ছেলিনও এর চোখের ওপর একটা ছবি ছেলেটির আরেক ছোট ছেলে বড় এবং তারপর বড় ছেলে ছোট হয়ে পাকটার ওরে ছেলেছিল ছবার ঘটনাগুলি ঘিক মনের ওরে একবার পড়লেন। ঘিক-ঘিক এই একটিবার যত বাঁচার তাগিদে ঘটনাগুলির একটির ওরে ছেলেছিল বাকলাটা মনে মনে ছেলের মুখটা পর ওরে পড়ল এর উল্লাস। ছেলো মনে...

অনেকক্ষণ ধরে সাহস সঞ্চয় করে জিজ্ঞেস করেছিল রেশমা, "আমি কি কিছু করতে পারি না?"

—"তুমি? তুমি কি করবে?" বিরক্তিতে মুখ ফিরিয়েছিলেন তিনি। "তুমি নারী, তুমি আমার এ অপমানের প্রতিশোধ কি করে নেবে!" একটু থেমে আবার উত্তপ্ত হয়ে উঠেছিলেন, "নিতে পারতো, যবনের এতোবড়ো অপমানের উপযুক্ত প্রত্যুত্তর দিতে পারতো—ছেলেটা। কিন্তু তিনি যে শান্তিপ্রিয়!" দেবের দিকে ঘৃণায় ঠোঁট বেঁকে গেল। "এতোবড়ো যোদ্ধা, কিন্তু কোনো উচ্চাশা নেই, কোনো উচ্চাকাঙ্ক্ষা নেই—অপদার্থ!" ক্ষোভে ঘৃণা বুকে এলো তাঁর।

"অথচ তুমি তো জানো না, এরকম একটা প্রস্তাব নিয়ে আমার সভাসদ পরশু বসেছিলো নবাব। কিনা কারণে বরখাস্ত করার আগে একবার দেখতে চাইলো না পর্যন্ত! এতখানি অবিচারী হবে বাংলার নবাব সিরাজুদ্দিন।"

"মি-হা-স-উদ্দি-ন"—সামনের দাঁত-ভাঙা ঠোঁটের ওপর চেপে বসলো রেশমার। তার দিন এসেছে। চিবিয়ে চিবিয়ে নিখুঁতভাবে উচ্চারণ করলো রেশমা। এই মিনিটার জন্যে দিন মাস ধরে অপেক্ষা করেছি। তিল তিল করে নিজেকে তৈরী করেছি। নিজের কথা ভুলে গেছি। বছরের সুখ-সাধ জলাঞ্জলি দিয়েছি শুধু আজকের দিনটার জন্যে। খিয়াসউদ্দিন, আজ তোমার

হঠাৎ সচকিত হয়ে উঠলো রেশমা। পাল্কীর গতি মন্থর হয়ে এসেছে। তার সেই সৈনিকটি ঘাড় বাঁকিয়ে একদৃষ্টিতে পাল্কীর ফাঁকটুকুর দিকে চেয়ে আছে।

সাধারণ সৈনিকের তো এমন করে তাকিয়ে থাকা রেওয়াজ নয়। তবে কি রেশমাকে সামান্য ফাঁকটুকু দিয়েই ও দেখতে পেলো? না, পরীক্ষা করে দেখল রেশমা—তা সম্ভব নয়। তবে কি ষষ্ঠ ইন্দ্রিয় দিয়ে টের পেল, সামান্য ফাঁকটুকুতে একটা কালো চোখ দেখতে পাচ্ছে!

একটু চঞ্চল হয়ে উঠলো রেশমা, "রেশমা।" কোমরে লুকোনো ছুরিটা একবার শক্ত করে চেপে ধরলো।

পাল্কী থেমে আছে। সম্ভবতঃ নগরীর প্রধান ফটকে তাদের প্রবেশের উপযুক্ততা পরীক্ষা করা হচ্ছে—আন্দাজ করতে চেষ্টা করলো সে। তাই হবে, তেমন না পাল্কী আবার চলতে শুরু করলো।

সুবে বাংলার সুলতান সিরাজুদ্দিন আক্রমণাত্মক ভিসাসম্পন্ন। রাজ্যের বাজনা পিছনে বসে পাল্কীসহ বাহকরা দেখতে পেয়েছে। হাতে হাতে সুরাপাত্র। সুলতানের সঙ্গে আছেন পারিষদরা। সুরার নেশায় সুলতান সকৌতুকে চর্চিত কণ্ঠস্বরে কথা বলে চলছে উঁচুস্বরে হাসি, কণ্ঠস্বরের ভেতরে ধাক্কা খেয়ে প্রতিধ্বনি ফিরে আসছে—এখন থেকে সব কিছু দুনিয়ার বাইরে যাওয়া নিষেধ।

খোজা এসে কুর্নিশ করে দাঁড়ালো।

—"কি চাও?" বিরক্ত হলেন সুলতান।

সন্ত্রস্তকণ্ঠে খোজা জানায়, "বেগমা-বাঈ!"

ঘুমুতে যায় সুলতানের চোখ। একজন অপরীর তাকে রেশমার দুঃখের কথা বলেছিলো। তাকে একদিন পাঠানোর ব্যবস্থাও করেছিল—মনে পড়লো সুলতানের। আস্তে আস্তে পাতলা একটা হাসি আবছাভাবে ঘুরে যায় তাঁকে। আত্মসচেতনভাবে উচ্চারণ করেন, "সুলক্ষণ হুসন্ কী পরী।" তারপর খোজাকে বলেন, "উসে, যা-ইচ্ছা ইহাঁ ভেজো।"

খোজা চলে যেতেই অত্যন্ত গাম্ভীর্য টেনে আনলেন সুলতান, "তখ্‌লিয়া," অর্থাৎ সবাইকে এবার যেতে হবে। সুলতান এখন একা থাকবেন। একেবারে একা।

সরু একটা ভালো বোরখা আস্তে আস্তে পা ফেলে এগিয়ে আসছে। সুলতানের মন একটু দুলে উঠলো, "রেশমাবাঈ!"

—"জী"—বোরখার ভেতর জল-তরঙ্গ খেলে উঠলো। তৎক্ষণে সে সুলতানের হাত দুটোকে তফাতে এসে দাঁড়িয়েছে।

তাকিয়ে তাকিয়ে দেখলেন সুলতান। সারা শরীর ঢাকা। মহর্বৎ পাথরকে স্নান করে দিয়ে তার ওপর পা দুটি খোলা। কেউ কোনো কথা বলছে না। সুলতান ক্রমশঃ অসহিষ্ণু হয়ে উঠছেন।

—"আরে, খোলো বোরখা তো হাঁহা।"

বোরখা তবু নিশ্চল। টান মেরে সুলতান মুখ থেকে বোরখা সরিয়ে দিলেন।

—"লোভনাল্লা।" অবাক হয়ে গেলেন সুলতান। "কয় সরেত!" কী রূপ! কাজলা বোরখার ওপর সাদা-কোটা খোলাপের মতো ফুটে আছে। সুলতান নির্বাক, নিষ্পন্দ।

রেশমাও তাকিয়ে আছে। এই সুলতান? এই মুহূর্তেই হাতে তার এতদিনের সাধনা? হঠাৎ একটা ভয়ে যেন সুলতানের পিঠ ঘেঁষে ওর চুকে পড়লো—মনে হলো রেশমার। দীর্ঘ ঘাগরার পাতলা ছায়ার গতীর ছায়া হয়ে দাঁড়ালো। এবার ওর দেখা রেশমা—ছায়ামূর্তির দেখাবাড়ী সেই সৈনিকের মতো না?

—"ওয়া, না জবান...জেনা-খাতু।" তৎক্ষণে উদ্ভাসিত হয়ে উঠেছেন সুলতান। মুহূর্তমধ্যে বিলাস-কক্ষের দরজাগুলো বন্ধ হয়ে যায় বাইরে এলো তাঁর। এবার বরফার ওপর তারা পাঁপড়গুলো ভেজে আনবে সুলতান জানেন। এবার তাঁর উত্তেজিত হতে বাধা নেই।

—"মর যাউঁ তুহারহে হুসন্ পর"—আরো একপা এগিয়ে এলেন সুলতান। "বলয়...তুমি, তুমি এমন সুন্দরী হবে কেন? আরে পিয়ারী, দুনিয়ায় যাওপিও তাঁর জিরো।" একটু থামলেন সুলতান। "যাও যাও, নাচো, এখানে তোমার কোনো কিছুর অভাব হবে না।"

চোখ ফিরিয়ে খাটটার দিকে তাকালো রেশমা। সেই খাটটা ছায়াটা নিশ্চল। সুলতানের ধৈর্যচ্যুতি ঘটলো, "আরে, নাচো পিয়ারী, যাও!"

চাঁকতে ফিরে তাকালো রেশমা। হাঁ, নাচতেই তো! গাইবেও। এতদিন ধরে নাচ-গানের চর্চা তো শুধু আজকের দিনটার জন্যেই।

নাচ শুরু করলো রেশমা। দীর্ঘ দিনের সাধনা তার সুলতানকে ধীরে ধীরে বিহ্বল করে তুললো। মুগ্ধচোখ তাঁর অর্ধনিমীলিত। নেশার ঘোরে সেখানে আস্তে আস্তে আর একটা ইচ্ছা ছাপ ফেললো।

এবার গান ধরলো রেশমা। কোকিলকণ্ঠ। পরে পরে এগিয়ে আসছেন সুলতান। শিরদাঁড়া বেয়ে একটা ঠাণ্ডা স্রোত নেমে গেল রেশমার। সুলতান জড়িয়ে ধরেছেন রেশমাকে। রেশমা বাধা দিচ্ছে না। আরো একটু, অবশ হয়ে আসছে সুলতান—রেশমা অপেক্ষা করছে।

আবেশে সুলতানের দৃষ্টি নিষ্প্রভ হয়ে এসেছে। চোখে নিমন্ত্রণের ভাষা ফুটিয়ে তুললো রেশমা।

এবার আস্তে আস্তে কোমরে হাত দিল সে। ছুরির বাঁটটার হাত ঠেকেছে। কিন্তু সুলতানের শরীরের চাপে আর তুলতে পারছে না সেটা। একটু চাপ দিয়ে সুলতানকে সরাতে চেষ্টা করলো রেশমা। পারলো না। সুলতান তাকে আরো জোরে চেপে ধরেছেন।

হঠাৎ মনে একটা ভয় রেশমাকে আচ্ছন্ন করে ফেললো। তার নারীসত্তা বিপন্ন। ধরা পড়ে উঠলো রেশমা। আপ্রাণ চেষ্টা করলো। কিন্তু পারছে না সে। সুলতানের শরীরে এখন আরো একটা শক্তি যেন ভর করেছে। কাঁকিয়ে উঠলো রেশমা। হাত-পা কাঁপছে—হাঁফিয়ে হাঁফিয়ে শ্বাস নিচ্ছে সে।

দেয়ালকে টান লাগছে। ঝিমোয়ো হয়ে পড়লো রেশমা। গলা ঘিরে ঘুইঘুই করে একটা গন্ধ বেরিয়ে এলো তার। চারদিক যেন অন্ধকার হয়ে আসছে।

—"ইয়া," হঠাৎ আর্তনাদ করে ছিটকে পড়লেন সুলতান।

আক্রোশ আর কাটিয়ে রেশমা তাকালো। সুলতান মেঝের পড়ে ছটফট করছেন, বুকে আমূল বসানো একটা ছোরা। পাশে দাঁড়িয়ে সেই সৈনিক। সুলতানের দিকে তাকিয়ে আছে। মুখের একপাশটা দেখতে

(এর পর ২৭১ পৃষ্ঠায়)

অনিলেন্দু মুখোপাধ্যায়

# অপসৃতা

## আইভি রাহা

এমন কোরেলাকে বাড়িতে পেয়ে ভাবেনি অরুন। টেলিফোনের ডায়াল ঘুরিয়ে ও ভাবছিল —কি জানি কে এসে আবার ধরে। হয়তো কোরেলার মা, মেজো শরীর নিয়ে এসে ঘুমজড়ানো গলায় কেন ধরে বলবেন,—'কাকে চাই?...ও কোরেলা?...ও তো এখন বাড়ি নেই ...না...কখন আসবে বলতে পারি না আর কিছু শোনার আগেই উনি কেন ছেড়ে দেবেন।

নয়তো কোরেলার বিধি সাঁমাদি এসে ধরবে। আর অরুনের গলা পেয়ে এক ঘন্টা ধরে বক্ বক্ করবে। অরুনের ভীষন বিরক্ত লাগবে। কিন্তু কিছু বলতে পারবে না।

হবে না। অরুনের ভাগ্য ভাল। এ সব কিছুই হয়নি। কোরেলা এসেই ফোনটা ধরেছে। আর আশ্চর্য গলায় বলেছে — 'তুমি!...এতদিন পরে!...কেমন আছ?...'

কোরেলার মুখের মধ্যে বাস্প না বিস্ময়—কি আছে, অরুন ঠিক বুঝতে পারেনি। বোঝবার জন্যে সময় না নিয়েই বলছে 'এই...আজ একবার আসবে?...তী—ব—ব দরকার..'

'...কোথায়?'

কোরেলা এমনভাবে 'কোথায়' বললো কেন এমন আশ্চর্য ও এই প্রশ্ন পেলো অরুনের কাছ থেকে।

গ্রাহ্য না করেই অরুন বললো—বেখনে আসতে।'

—'কিন্তু কবে? আজকে?'

—'হ্যাঁ। আজ।'

—'ওরে বাব্বা...না,...আজ হবে না ...আজ বিকেলে আমার একটা কাজ আছে...আজ কিছুতেই সম্ভব নয় ...না...না...অন্যদিন চেষ্টা কোরব... তুমি পরে ফোন কোর...'

'কোরেলা' -অরুনের গলায় ক্লান্তি ফুটে উঠলো। কোরেলা...লক্ষ্মীটি... একবার এসো...তোমাকে চা—ব—ব দেখতে ইচ্ছে করছে...কতদিন দেখিনি বলতো?...আমি কিন্তু অফিস থেকে ওখনে চলে যাচ্ছি... তুমি দেরী কোর না কেমন...আমি চিন্তা কোরব...'

—না-না। আজ হবে না। আজ অন্যত্রকে এক জায়গায় যেতেই হবে। ভীষন দরকার।' নির্লিপ্ত গলায় বললো কোরেলা।

অরুন এবার একটু ঘাবড়ে গেল। বলল, 'আমি ওখনে আছি কোরেলা। তোমার জন্যে অপেক্ষা কোরব যতক্ষন তুমি না আস তারপর ফোন ছেড়ে দিও অরুন।

অফিস থেকে বেরবার আগেও ফোন রাখলো অরুন। সারা আকাশ কালো মেঘে থমথম্ করছে। ঠান্ডা হাওয়ার মাতিয়েকা গন্ধ। দূরে কোথাও বৃষ্টি হচ্ছে হয়তো।

অরুন সিগারেটের জন্যে পকেট হাতড়ালো। কোরেলার সঙ্গে কতদিন দেখা হয়নি। অফিসে কাজের চাপে পাঁচটার পরও অনেক দিন থেকে যেতে হয়। তবু অরুন ফোন করেছে বহুদিন। পায়নি কোরেলাকে। ওর মিসি এসে বলেছে। বলেছে—'কোরেলা তো বাড়ি নেই ভাই। বোধ হয় সুব্রতদের ওখানে গেছে।'

—'সুব্রতদের ওখানে মানে? সুব্রতদের বাড়ি? কেন ওখানে কি?'

—'ওই আড্ডা-টাড্ডা দিতে হয়তো। যায় তো প্রায়ই। সুব্রতও তো প্রায়ই আসে...আহা ফোরা...দেখলে এমন খারাপ লাগে। অমন রাইট ছেলে, লেখাপড়া শিখে...কি যে হোল... চাকরী নেই, বাকরী নেই...'

অরুনের ইচ্ছে হল জিজ্ঞেস করে, চাকরী না থাকটাই এখন সুব্রতর একটা কোয়ালিফিকেশন হল নাকি? কিন্তু কিছু বললো না। সাঁমাদিই বলতে দিলেন না। উনি একাই বলে যেতে লাগলেন—তা তুমি কেন আর বল...চাকরী পেয়ে যাওয়ার না যে...আমি কোরেলার কাছে সব শুনেছি...তুমি খুব ভাল চাকরী পেয়েছ...খুব খুসী হয়েছি শুনে... যা দিন কাল...এ সময় একটা ভাল চাকরী পাওয়া...বেশ না...সুব্রত, অরুন, কমল...ওরা...এখনও কিছু করতে পারল না...তাও তো শুনেছি সুব্রতর মামা একজন হোমরা-চোমরা লোক...ওদের সামান্য একটা টেলিফোনের কথাতেই অনেক কিছু...'

—না সাঁমাদি' অরুন বলে, 'আপনাদের ভুল ধারণা...আজকাল ওরকমে আর কারো চাকরী হয় না...এই তো দেখুন না, আমার তো ধরা করার কেউই ছিল না তবু তো পেয়ে গেছি...'

—তোমার কথা জানি না অরুন... কিন্তু তুমি যাই বল না কেন, নিজের জন কেউ না থাকলে আজকাল চাকরী-বাকরী পাওয়া...এই তো আমাদের প্রদীপকেই দেখ না, অমন কোয়ালিফায়েড ছেলে কোরা কত চেষ্টাই তো করল...এখন একেবারে মুষড়ে পড়েছে...বাড়ি থেকে বেরোয় না... কারো সঙ্গে ভাল করে কথা বলে না...আমি কত বোঝাই কিন্তু কি হবে বল...'

অরুন সাঁমাদির সঙ্গে অনেকক্ষন কথা বলে ফোনটা ছেড়ে দিয়েছে। চন্ড কাজের চাপের মধ্যেও অরুন আরো কদিন কোরেলাকে ফোন করেছে। কোনদিনই পায়নি। নতুন চাকরী তাই কাজের দিকে বেশী মন রাখতে হচ্ছে। তবু কোরেলার চিন্তা ওকে অস্থির করেছে বার বার।

এর মধ্যে অরুন একদিন সুব্রতদের ওখনে গেছে। ওদের সেই পুরোন আড্ডার। টিনের চাল দেওয়া চায়ের দোকানটার পাশে রাস্তার ধারে একটা ভাঙা সিমেন্ট বাঁধানো বেঞ্চও। সেখানে বসে ঘন্টার পর ঘন্টা আড্ডা। রাস্তার লোকরা যাবার সময় ঘাড় ঘুরিয়ে দেখে যায়।

মাঝে মাঝে চায়ের দোকানের রোগা ফর্সা বাচ্চা ছেলেটাকে চীৎকার করে ডাকে সুব্রত—'এই নান্টু, ভাঁড়ে জল হচ্ছে যে। একটা ফুলছে। ভাল করে ফুলাবি।'

অরুন বলতো—'গরম থাকে যেন। না হলে কিন্তু পয়সা পাবি না। খুব সরু চাই।'

—'এাই, খুব চা খলাল, মাইরী? লাঞ্চে কিছে খেয়েছে অমন বাঁকিয়ে কেন! বলো কিছু বল না!' অমল কাতর হয়ে বলল।

ঘাড়টা একটু বেঁকিয়ে সুব্রত বললে—'অন্য কিছু আছে? তোর যে চলবে তা পকেটে মালকাল আছে? থাকে তো খলাও, ডিনিক পরে—'

—'ধুর মাইরী! ও সব কথা বলে বিধি তো মাহলা খারাপ হবে। মেজাজটা আউট লাইন হয়ে গেল। তা তুমি তো যাওয়া খাসা আছ! বাড়ির এক ছেলে। মার কাছ থেকে টু-পাইস রোজই খলাচ্ছ। তা ছুটি একটু আলগা কর না বন্ধুদের কলাবে—'

—'আমি অমন ইলাত্রে ধান করি না।' সুব্রত বললো।

ঠোঁট বাঁকালো কমল। 'হ্যাঁ আমরা তো ঘলাস্তর তোমার কাছে। তা হেমার সুপারভাইজ কে? সালাবাড়ির কোম্পানিটি? সেখানে তো যাওয়া বেন ঘনাং ঘনাং করে শুনছি। কোন কাপশা বেঁধে না। চলল সেদিনই তো মিনি বাস নয়তো ট্রাক্টিতে পাড়ি জমাও বাপধন।

অরুন হাসলো। —'আমার পার্টি খুঁজি তোদের কেউ নয়? কোরেলা তো তোদেরও বন্ধু'।

—'ওটা মুখে বলছিস। মনে মনে তো চাস যাওয়া কোরেলা শুধু তোর একার দুর্গোপভোগ্যই হয়ে কোরনারি কেস হয়ে থাক। তোর সঙ্গেই কথা বলুক। তোর সঙ্গেই মিলুক—'

—'কি রে বাবা! তোরা শুদ্ধু এই সবই করবি, না চা-টা খাবি?' অরুন এবার সাঁতা ভেবে নেয়।

—চা খাবে না তো বলছে? তবে শুদ্ধু চা হলে, ওর মধ্যে আমি নেই। চায়ের সঙ্গে টা-এর ব্যবস্থা কর, আমি।'

অরুন বেঞ্চ-এর মাঝা থেকে লাফ দিয়ে নেমে দাঁড়ালো। বললো—'কে পয়সা দে? তার কাছে কি আছে? ধুড়ি আর হেলেধাক্কা দিয়ে আসি।'

সুব্রত, অরুন—ওরা পয়সা দিলো অরুনের হাতে।

অমল বললো—'যাচ্ছিস যখন তখন ওটা সিগ্রেটও নিয়ে আসিস। চা-এর পর দু'য়েকমুখ না করলে ঠিক জমবে না।'

—'ইস্! ভেতে পেলে শুতে চায়। আবার সিগ্রেট! ঘন্টা সব—'

অরুন এমনভাবে কথাগুলো বললো, যে সকলেই হেসে উঠলো। অরুন হাসতে হাসতে বললো—'কমল-কে তোরা এখন ওরকম করিস না, যা! ডোক্তার কি মাথার ঠিক আছে? তোরা জানিস না তো, ও এখন নীল শাড়ির পাঠ ছড়িয়ে পড়েছে। নীল শাড়িপরা সিনেমার ট্রু সিগ্রেট ফাইকে দেখলেই তার পেছনে ছুটছে। তবে নাকি নীল শাড়িপরা একটা মেয়ে ওকে বেকে একটু হেলেছিল। ব্যাস। কমল হেসেছিল। সেই সময় তাগিদে আমি কাছে ছিলাম, তাই কোন রকমে সে যাত্রা উদ্ধার করলাম। কিন্তু এরপর কি হবে। সব সময় তো আমি কাছে থাকতে পারি না। কোথায় যে কখন ফাড়ং হবে। আমার ভাবনা হয়।'

—'কেন ফাড়ং-এর কথা কেন? ছেলেটা হাঁটু ছেলেই থাকে তা হলে আর খাবার কথা আসছে কোথা থেকে?' সুব্রত বললো।

—'আরে যে ছেলেদের সে তো ওকে ভাসিয়ে দিয়েই ফর্সা। কিন্তু এদিকে কমলাকে সামলাবে কি করে? ওর চোখ না তো, যেন রাস্তার। তাতে চেখে নীল শাড়ির ছাপ পড়লেই ও প্রায় বুঝে করে তার পিছনে ছোটে। ওর ভয়ে মেয়েরা নীল শাড়িপরা ছেড়েই দেবে এর পর মনে হয়।'

কমল এবার মুখ খুললো। 'ও, তোমরা সাদু...তেলা বকিস নি...যা করে ফেলেছিস, করেছিস। সবাই জানে। চেপে যা। তাতে সকলেরই ভালো—'

সুব্রত অবশ্য নিজের কথা নিজেই খুঁড়েছে। বন্ধুদের কাছে সামা-

বাড়ির বাগানটা কোঁকের মাথায় বলে ফেলেছে। সেই থেকেই ওরা সুব্রতকে খ্যাপায়।

সুব্রতদের বাড়ির গলিতে ঢুকতে বাঁ হাতি সাদা রঙের বাড়িটা—ওই বাড়ির মেয়ে কৃষ্ণকলি। অবশ্য কৃষ্ণকলি ওর নাম নয়। মেয়েটি শ্যামলা। বন্ধুদের কাছে সে কথা বলেছিল সুব্রত। ওরাই তাই নাম দিয়েছে 'কৃষ্ণকলি'। বাড়ি ফেরার সময় রোজই দেখতো সুব্রত, মেয়েটা বারান্দায় দাঁড়িয়ে থাকে। সুব্রতকেই দেখে। একদিন বাস স্টাণ্ডে দাঁড়িয়ে থাকতে দেখে সুব্রত কথা বলেছিল। জিজ্ঞেস করেছিল—'কোথায় যাচ্ছেন?' মেয়েটা প্রথমে লজ্জায় মাথা নীচু করেছিল। পরে নরম গলায় বলেছিল—'কলেজে। আপনি?'

এরপর অনেকদিন সুব্রত লক্ষ্য করেছে, বাস স্টাণ্ডে সুব্রত না আসা পর্যন্ত মেয়েটা তার বাসটাকে ছেড়ে দেয়। যেন ওর বাসটা আর কিছুতেই আসছে না এ রকম একটা মুখের ভাব করে অনেকক্ষণ দাঁড়িয়ে থাকে।

সুব্রত একদিন বন্ধুদের আড্ডায় এসে বললো—'আচ্ছা কি ব্যাপার বল তো? মেয়েটাকে দেখে মনে হচ্ছে যে ভালবেসে ফেলেছে।'

অজয় কোমরে হাত দিয়ে দাঁড়িয়ে সুব্রতর মুখের কাছে মুখ এনে বলেছে, 'বুঝেছি মামলা খারাপ। তা ও বড় খুসী ভালবাসুক, কাট নেই। কিন্তু ব্রাদার; তুমি ও পথ মাড়িও না। এ ব্যাপারে আমরা তোমাকে হেল্প করতে পারছি না। কারণ এ রকম অনেক কেস্-কেস্ দেখা আছে, তাই বন্ধু হিসেবে সাবধান করে দিলাম। কারণ তোমার চেহারা মানুষের মত হলেও, মানুষের মত কাণ্ডজ্ঞান তো নেই। প্রেমে পড়েই হচ্ছে: বিয়ে করার জন্যে ঐ সামনের বাড়ির বাবার কাছে ছুটবে। আর কাঠের উল্লুকের মত তাঁর সামনে দাঁড়িয়ে বলে বসবে—দেখুন আমি আপনার মেয়েকে বিয়ে করতে চাই। তখন সামনেবাড়ির বাবা তোমার মুখের দিকে চাঁদে অন্বেষণের কিরকম দেখার মত অবাক দৃষ্টিতে কিছুক্ষণ দেখে নিয়ে বলবেন—বিয়ে? তুমি করবে? কাকে? আমার মেয়েকে? মানে মিনুকে? তারপর উনি কড়িকাঠে মুখ রেখে অট্টহাসি হাসবেন। কিছুক্ষণ বাদে অতি কষ্টে হাসি থিসে জিজ্ঞেস করবেন, তা কি করা হয়? পড়াশোনা না চাকরী? তুমি একটু ইয়ে টিয়ে করে বলবে, আজ্ঞে, এখনও কিছু করি না। চাকরীর চেষ্টায় আছি। পেয়ে যাব...। তিনি শুধোবেন, পেয়ে যাব মানে? চাকরী কি বাজারে কিনতে পাওয়া যাচ্ছে নাকি আজকাল? তুমি সামলাতে না পেরে বলবে আজ্ঞে না ...মানে চেষ্টা করছি তো...তাই...।'

কমল বললো—'তুমি তখন হোতে-লাতে থাকবে। আর উনি মনে মনে সাধা-বাড়ির বাবা গম্ভীর হয়ে মাথা নীচু করবেন। মোটা চুরুটে আগুন ধরিয়ে বলবেন,—হুম্! তুমি এ পাড়াতেই থাক তো? তাই না? তুমি তাড়াতাড়ি নিজের পায়ে দাঁড়ানোর জন্যে বলে বসবে—আজ্ঞে হ্যাঁ। আমি ওই সামনের সেউগুলা বাড়িটায় থাকি। ওই যে হলদে রঙের বড় বাড়িটা। ওই বাড়িতেই... ব্যস হয়ে গেল তোমার। ক্যাবলা কার্তিকের মত নিজের কাঁধে নিজেই পা দেবে। আর তোমাকে বাঁচানো যাবে না। সামনেবাড়ির বাবা গম্ভীর গলায় বলছেন—হলদে বাড়ি! সেউগুলা? কোন্‌টা বলছো?—ও ওই অবিনাশ-বাবুর বাড়ি? তুমি ওই বাড়িতে... মানে তুমি অবিনাশবাবুর ছেলে? হাই রুল। অবিনাশবাবু তো কোথায় যেন...কোথায় চাকরী করেন যেন... তুমি তখন তাও বলবে। আর গিন্নীমা বলবেন,—হ্যাঁ, হ্যাঁ জানি জানি। আমার সঙ্গে আলাপ হয়েছিল। কিন্তু ছি ছি ছি—তুমি ওনার ছেলে ...তুমি তো শুনেছি এম.এস.সি. পাস করে বসে আছ। চাকরী বাকরীর চেষ্টা করছো না কেন? তুমি তোমার বাবার লোমে হাত বুলিয়ে দেবে, আজ্ঞে করছি তো। অনেকগুলো ইণ্টারভিউও দিয়েছি। আর তার উত্তরে তিনি নির্ঘাৎ বলবেন চেষ্টাটা কেমন করছ তা তো দেখতেই পাচ্ছি। কড় নেই, জল নেই, দিন নেই, রাত নেই দেঁশি কটা ছেলেরা ঐচা ছেলের সঙ্গে সব সময় হয় চায়ের দোকানে, নয় কারো রুমে, নয় তো রাস্তা জুড়ে দাঁড়িয়ে আড্ডা দিচ্ছ। রাজা উজীর হাতি ঘোড়া কত মারছ। কথা শুনলে রাস্তায় কালপাতা যায়...তা বাপু এসব করলে কি আর হয়। চেষ্টা করতে হয়। চাকরী কি কেউ তোমাকে ঘরে বসে দিয়ে যাবে? এই দেখ না আমাদের সময়...তোমাদের মত এমন অলসভবে দিন কাটানোর কথা ভাবতেই পারতাম না—'

কমল মাঝখানে থামা দিয়ে বললো—'আর কেউ এসে জ্ঞান দিতে আসবে, নিশ্চয় তুই বরদাস্ত করতিস না। কিন্তু ভদ্রলোক যেহেতু কৃষ্ণকলির বাবা, সেই জন্যে তুই নাইকো মাথার মত মাথা নীচু করে অপমান স্বীকার করবি। ভদ্রলোক হয়ত আবার সুযোগ করবেন চাকরী বাকরী না জুটিয়েই বিয়ের কথা ভাবতে পারলে—বলিহারি। তারপর একটু দম নিয়ে সামনেবাড়ির বাবা হয়তো আবার বলবেন—তা ছাড়া, তুমি অবিনাশ-বাবুর ছেলে হয়ে...'

অজয় হাসতে হাসতে বলেছিল, 'তোর এ কথা শুনে নিশ্চয় কারুর ইচ্ছে করবে—কেন অবিনাশবাবুর ছেলে তো কি হয়েছে? বেদ-উপনিষদে কিংবা ভারতের সংবিধানে কি লেখা আছে যে—যেসব অবিনাশবাবুর পুত্রেরা কখনও কাহাকেও ভালবাসিতে পারিবে না। অথবা ভালবাসিয়া কখনও বিবাহাদির মত দুষ্কর্ম করিতে পারিবে না? কিন্তু তুই তো বোকা পাঁঠা। এ সব কিছুই বলতে পারবি না। কৃষ্ণকলির আশা পরিত্যাগ করে বাড়ি চলে আসবি। আর বর্ষা শ্রেণিকক্ষের যে সব সিমটেম্ দেখা যায় সেই সবে ডুবাবি। যেমন সারা রাত জেগে জেগে পাহাড়ায় করা, ঘন ঘন সিগারেট্ খাওয়া। মাথার চুলে তেল না দেওয়া, কারো সঙ্গে ভাল করে কথা না বলা, দাড়ি না কামানো, দীর্ঘদিন জামা না পাল্টানো, মাসের শুরুতে কাউন্সুক্লের মত চোখ করে যখন তখন দর্শন আওড়াবি। এই আর কি। —হাই জাম্পিলাম,—ও সব কৃষ্ণকলির বাপ্পা ছাড়ু। ওদের পিছনে ছুটলে কপাই বাড়বে। তার চেয়ে...'

অজয় আর কমলের এ সব কথা শুনে সুব্রত হাসতো না। সিগারেট টানতে টানতে হাসতো।

সন্ধ্যে পেরিয়ে গেলেও ওরা কেউ ওখান থেকে উঠতো না। বেঞ্চ-এর গায়ে ঝাঁকড়া গাছটার আরও অন্ধকার জমাট বাঁধতো। পাখীগুলো লণ্ডভণ্ডগোল করতো রাতের আশ্রয় নিশ্চিত করার জন্যে।

এই সময়ে সামনের বাস স্টাণ্ডে কোন মেয়ে এসে দাঁড়ালেই ওরেকটা চোখ টান হয়ে যেত। খুঁটিয়ে খুঁটিয়ে শরীর দেখতো মেয়েটার। নিজেদের মধ্যে অশ্লীলতা করতো। নিজেদের মধ্যে অশ্লীলতা করতো। নিজেদের মধ্যে অশ্লীলতা করতো

কত ডাকতো কোরেলা ওর জন্যে। অঞ্জনের কণ্ঠটাকে, কলশোকে নিজের করে নিতে চাইতো। অঞ্জনকে আশ্চর্য হতে দেখলে ছেলেমানুষের মত ওকে ভোলাতো। ওকে শান্ত করতে চাইতো। ভীষণ আশ্চর্যরকম হয়ে অঞ্জনের হাতে নিজের গাল ছুঁইয়ে বলতো—'তুমি যদি এমন আশ্চর্য হও, তাহলে আমি কি করি বলতো?'

—কিন্তু কোরেল, তুমি বুঝতে পারছ না, একটা কিছু না করতে পারলে, মানে, একটা...'

অঞ্জনকে থামিয়ে দিয়ে কোরেলা বলেছে—'জানি, সব জানি। কিন্তু কি করবে বল? আশ্চর্য হয়ে তো কোন লাভ নেই। কিছুদিন অপেক্ষা কর, দেখো সব ঠিক হয়ে যাবে।'

অঞ্জন কোরেলার কথা শুনেছে। ওকে কথা দিয়েছে, এমন আশ্চর্য হবে না। হতাশ হবে না। কিন্তু এর জন্যে অঞ্জনের কিছু অন্যায় আব্দারের কাছে কোরেলার কুমারী মনকে ভীষণ হতে হয়েছে। কোরেলা তাতে রাজি হয়নি একটুও। অঞ্জনের বলিষ্ঠ বন্ধন থেকে ছাড়া পেয়ে দূরে কণ্ঠ গানের ভঙ্গিমায় ওকে বলেছে—সব সময় কেবল বুদ্ধিহীন বুদ্ধি। আর ইন্টারভিউ দিতে গেলে শুধু মাথার একটুও বুদ্ধি খেলে না। না?'

কোরেলায় ডাকিনো ভরপুর হয়ে ফিরে এসেছে অঞ্জন। কোন দুঃখে আর ভাবে হয়নি। সারা রাত কোরেলাকে ভেবেছে। কিন্তু ওকে একটা কিছু করতেই হবে। হতাশ ও হবে না ঠিকই। তবে চাকরী ওকে পেতেই হবে। কোরেলার জন্যেই পেতে হবে। কোরেলাকে পেতে।

এতক্ষণের ঝিরঝিরে বৃষ্টিটা চেপে নামলো।

...কোরেল ফোনটা পেয়ে খুশী হতে পারেনি। ও আসতে চাইছিল না। বলেছে কাজ আছে। কি এমন কাজ থাকতে পারে কেরী অঞ্জনের কাছে আসার চেয়ে জরুরী? সাঁঝাদি বলছিল—কোরেলা নাকি সুব্রতদের বাড়ি প্রায়ই যায়। সাঁঝাদি খুব সহজভাবেই বলেছে কথাটা। 'এই আড্ডা-টাড্ডা দিতে যায় হয়তো।' কিন্তু যে কণ্ঠস্বরে মধ্যে অঞ্জন অনুপস্থিত...সেখানে কোরেলা আড্ডা দিতে যায়। অঞ্জন ঠিক মেলাতে পারে না ঘটনাটা। কি করে এমন হয়। কোরেলা...যে কোরেলা ওর হাতে গাল ছুঁইয়ে ওকে সান্ত্বনা দিতো, ভবিষ্যতের আশ্বাস দিতো, উৎসাহিত করতো, সেই কোরেলা...

বৃষ্টি থামার অনেক পরে কোরেলা আসে। অঞ্জন লক্ষ্য করে, ওর চোখের দৃষ্টিতে একটুও স্নিগ্ধতা নেই।

অঞ্জন কোরেলার চোখে চোখ রাখলো। মুহূর্তে খুব দামের মানুষ হয়ে গিয়ে নরম গলায় জিজ্ঞেস করল —'কেমন আছ?'

—'ভাল'। এক কথায় উত্তর দিয়ে কোরেলা বললো, 'ডেকেছ কেন? যা বলবার ফোনেই বলতে পারতে।'

অঞ্জন ঠোঁট ছড়িয়ে হাসলো। বললো —'চলো কফি।'

—কিন্তু এই বৃষ্টির মধ্যে কোথায় যাবে?'

—কেন, বৃষ্টির মধ্যে কি আমার সঙ্গে কখনও কোথাও যাও নি? আজ কি নতুন কিছু করছ?'

—তা নয়। তবে আমাকে তাড়াতাড়ি ফিরতে হবে। তাই বলছি।'

অঞ্জন কথা না বলে শুধু হাত মেলে বৃষ্টি মেখলো। তারপর হাঁটতে সুরু কোরেল। কোরেলা পাশে। একটু ছেঁটে ওরা সেই পুরোনো জায়গায় এসে গেল। একটু আগে বৃষ্টি হয়ে যাওয়ায় জন্যে আশে পাশে কেউ কোথাও নেই। হাওয়ায় হাল্কা শীত। অঞ্জন কোরেলার জলে ভেজা ঠান্ডা হাতটা তুলে নিল হাতের কাছে। উষ্ণতা খুঁজলো। কোরেলা অন্যদিকে মুখ ফেরালো।

ওর চুলে কাঁচের টুকরোর মত বৃষ্টির কুচি। কানের লতিতে ঝলার এখনও জল। জেলা ঘিরে আশ্চর্য স্নিগ্ধতা। অঞ্জন কোরেলার জেলা মুখটার দিকে তাকিয়ে থাকতে থাকতে আস্তে ডাকলো—'কোরেল'।

কোরেলা মুখ ঘোরালো। চোখ টান করে দেখলো অঞ্জনকে। অঞ্জন আবার বললো—'আমার কিছু ভাল লাগছে না কোরেল। কিছু ভাল লাগছে না।'

—কেন, ভাল লাগছে না কেন? এখন তো চাকরী পেয়ে গেছ।'

—চাকরীটাই কি জীবনে সব কোরেলা?'

—'বর্তমান সময়ে সব বই কি।'

—না,—কোরেলা না। আমার তুমিই "সব"। চাকরী নয়।'

—কিন্তু আমি যখন সব সময় তোমার পাশে থাকতাম তখন তো তুমি চাকরীই খুঁজতে।'

—খুঁজতাম। সে তো তোমারই জন্যে কোরেল। তোমাকে পাবার জন্যে।'

কোরেলা সরে দাঁড়ালো। ঝলা কোরেলা, 'সৌজন্য মুখ? চাকরী পেয়েছো ভাল। ভাবনা নেই। চিন্তা নেই। কোন কল্পনাও নেই। বেশ সুখে আছ। এখন আমার...' কথাটা শেষ না করে বিদ্রূপের হাসি হাসলো কোরেলা।.

বৃষ্টি আর নেই। কিন্তু সারা আকাশে থমথমে কালো মেঘ জমাট বেঁধে রয়েছে। নীচু জমিতে জল জমে গেছে। যেন, ছোট ছোট পুকুর।

অঞ্জন স্থির চোখে কম্পমান কোরেলাকে দেখে নিয়ে ওকে বুকের মধ্যে টেনে নিল। কোরেল শক্ত হয়ে রইলো। অঞ্জন কোরেলার মাথাটা বুকের কাছে ঝুইয়ে রেখেই বললো, 'কোরেল, আগের মত তুমি কি আমার দুঃখ আর বুঝতে পার না? আমার কথা মনে পড়ে তোমার কি কষ্ট হয় না?'

কোরেলা এবার ছিটকে সরে এলো। রুক্ষ গলায় বললো, 'কেন কষ্ট হবে কেন? তোমার তো এখন আর কোন কষ্ট নেই। তুমি তো এখন বেশ দিব্যি আছ।'

—না কোরেলা, তুমি বিশ্বাস কর আমার ভীষণ কষ্ট...'

—তোমার একটা যাচ্ছেতাই কষ্টকেই তুমি বড় করে দেখছো। কই আর কারো কথা তো তুমি ভাব না? জানো, সুব্রত দিন দিন কি রকম আপসেট হয়ে পড়ছে। ওর মা সেদিন বলছিলেন ওঁর নাকি খুব ভয় করে। যা ছেলে কোনদিন না কিছু একটা করে বসে। কথাটা শুনে আমারও খুব ভয় হয়ে গেছে। তুমি তো ওদের কথা ভুলেই গেছ। একবার যাবারও সময় পাও না।'

অঞ্জন বিরক্ত হোল। বললো, 'ভুলিনি কোরেল। ওরাই আর আমাকে নিজেদের মতো ভাবতে পারে না। আমি অনেকদিন ভিরেছি, মনে হোল কেমন ছাড়া ছাড়া ভাব। আগের মত নেই কেউ। আমাকে হয়তো ওরা আর পছন্দ করে না। চায়ও না। কারণ কি জানি না। তবে বুঝতে পারি। একদিন আমি নিজে সিগারেটের খাবার সময় সিগারেটের প্যাকেটটা এগিয়ে দিলাম ওদের দিকে, যে অঞ্জন রোজ আমার কাছ থেকে নিয়ে সিগারেট খেত, সেই-ই আমার প্যাকেটটা বিশ্রিভাবে করে ঝিড়ি ধরালো আমার সামনে। এ অপমানের পরও তুমি আমাকে...'

অঞ্জনের দুঃখের কথা কেড়ে নিল কোরেলা। 'এ সব তোমার বলা উচিত নয়। নিজে এখন নিশ্চিন্তে আছ তো তাই ওদের দুঃখটা আর বুঝতে পারছ না। বুঝতে চাও-ও না।'

—ওদের নিয়ে তোমার সঙ্গে আমি তর্ক করতে চাই না কোরেলা। তুমি আমাদের কথা বল। তোমার আমার কথা।'

—আমার এখন সময় নেই। একুনি যেতে হবে। ওরা আমার জন্যে ওয়েট করে থাকবে।'

অঞ্জন কাঁপা গলায় জিজ্ঞাসা করে —'ওরা মানে? কারা?' নির্লিপ্তভাবে কোরেলা বলে—'সুব্রতরা'। কথাটা বলেই কোরেলা শাড়ি গুছিয়ে যাবার জন্যে প্রস্তুত হল। তারপর জমা জলে পা ফেলে সাবধানে শাড়ী সামলেই হনহন করে পথ চলে এগিয়ে চললো।

এতক্ষণের থমথমে কালো মেঘটা হিংস্র নেতো হয়ে হাওয়ায় দুলছে শুধু। মাঝে মাঝে গুঁড়ো গুঁড়ো জলের মত ভেসে যাচ্ছে বাতাসে। মেঘলা দিনে যায়। গাছের পাতায় সরসরে জল। বুকে টান জমাবতী ফুল— এ সব এখনি অন্য রকম হতে পারত। কিন্তু কোরেলা হতে দিল না। সব মাবারুল করে দিল।

অঞ্জন কোরেলার সঙ্গে এলো কিছু-দূর। যদি কোরেলা কিছু বলে। যদি কোরেলা ফিরে আসে। কিন্তু না, কোরেলা ফিরলো না। কিছুদূরে গিয়ে ও হাত তোরালো। মমতাহীন গলায় শুধু বললো, 'চলি অনেক দেরী হয়ে গেল।'

...সুব্রত ওর জন্যে অপেক্ষা করছে। সুব্রত নাকি খুব আপসেট হয়ে পড়েছে। কোরেলার ভীষণ ভয়, যদি কিছু একটা করে বসে সুব্রত...

কোরেলা সুব্রতর জন্যে ভাবছে।

অঞ্জনের মনে হোল সুখের মধ্যে থেকে কোরেলা দুঃখের জন্য ভাবছে। সুখের মধ্যে গিয়ে দুঃখকে হারাবে না। কোরেলা, বুঝতে জানো। কিন্তু কোন্ দুঃখ? কেমন দুঃখ? অঞ্জন বুঝতে পারল না।

—ক্রমশ—

## ক্যাপ্টেনের সেই নর্তকী

(২৬৮ পৃষ্ঠার পর)

পড়ছে রেখার। চকচকে হাসি মুখ।

হঠাৎ সেই সৈনিক ফিরে তাকালো। আস্তে আস্তে বললো, "জনতার, পরাজয় নয়, মনোবলের নিয়ে সব কাজ হয় না। কিন্তু তারা পারিজেছেন—তাই কিছু বলিনি।"

সারা শরীরে রক্ত ছুটে গেল রেখার, "তুমি—"

সুলতানও থোঁতাতে থোঁতাতে বললেন, "কোন্ দো তুম্?"

এতক্ষণে রেখার মুখ খুলে এসেছে, "কে? আপনি কে?" চার-পাশটা একবার চোখ বুলিয়ে নেয় সে। "শেল শিয়াল্‌ডিন, বেহেতু তুমি আর কয়েক মুহূর্ত মাত্র এ পৃথিবীতে আছো, তাই শুনে যাও —ইনি বঙ্গসেন রায়। তোমার হিন্দু সন্তানের অধেক রায়, যাকে তুমি অপমানিত, লাঞ্ছিত করে বিনাদোষে বরখাস্ত করেছিলে, ইনি তাঁর একমাত্র পুত্র। আর আমি এঁর বান্ধবী বন্ধু পদ্মা। সেই অপমানের প্রতিশোধ নেবেন বলে অধেক রায় দীর্ঘদিন ধরে আমায় তৈরী করেছেন। আজ আমার কাজ শেষ। তোমার বাঈজী রেখাকে মাকরাস্তা থেকে সরিয়ে আমি এসে ঢুকেছি। তার পোশাক বদলে বাঈজীর সাজে সেজেছি। আর ইনি এসেছেন..."

—"প্রচুর উৎকোচ দিয়ে এক সৈনিক আর খোজাদের বশীভূত করে।" শেষ করলেন বঙ্গসেন রায়।

শেষ কথাটা আর সুলতানের কানে পৌঁছালো না।

—শেষ—

# "দিনশেষের শেষ খেয়ায়"



অমাপদ চক্রবর্তী



বিনায়কবাও পটবর্ধন

১ সেপ্টেম্বর, ১৯৭৫। ২৬২ ডিগ্রি ফারেনহাইট গা পোড়ার জ্বালা হিন্দোল-এ এখন বিশ্রামের ছায়া নামছে। এমন সময় এক সংগীতজ্ঞ তাঁর অন্তরঙ্গদের সংগীতবাসর হাসি করে আর এক জগতের সুরসভার উদ্দেশে যাত্রা করলেন।

মাত্র উনি করেই গেলেন এক বেশ ঝিমধরানো চেহারাই। পূর্বপুরুষরা তাঁর ধমনীতে সুরের বীজ কতোটা নিয়েছিলেন, সে তুলনায় কণ্ঠটি তাঁকে তুলে নেবার সুযোগ করে দিতে চেয়েছিলেন অনেক কম। এই প্রতিকূল পরিবেশের কাছে মাথা নীচু করেনি সেদিনের সেই ছেলেটি—নাড়ু। কাঁকিনাড়ার ভেটারিনারি ডাক্তার থেকে পাড়ি দিয়েছে সোজা কলকাতা। প্রথমে ঠিকে মাথা গোঁজবার ঠাঁই তবু একটু জুটেছিল—তারপর কেবল তব কুটপাথ। কুটপাথে থাকে তার গান শুনে বেতার ঘোষিকা ঘোষাই, মৈত্রীশিল্প, শিক্ষিকা চক্রবর্তীর। শোনে আর গলায় তুলে নেয়। শ্রুতিধর।

তখন কতই বয়স, কতটুকুই বা শিক্ষা: সেই বৈদ্যবাটি যাবা-কালা। কৃষ্ণচন্দ্র ও রামচন্দ্র। মাত্র সাতকড়ি মালাকার। পরে অবশ্য শিরিজাশঙ্কর চক্রবর্তীর কাছে নিয়মিত তালিম নেন। সময়ে মাত্র উনি করেই একদিন সংগীতসমাজে প্রবেশ করেন। উপাধির ওপর দুর্বলতা তাঁর ছিল না। তবু চব্বিশপরগনা সংগীত-সমাজ 'সংগীতাচার্য', কিন্তু সম্মিলনী 'সংগীত রত্নাকর' এবং কৃত্তিবাস সংগীত পরিষদ তাঁকে 'সংগীতবিনিধি' উপাধি দিয়ে সম্মান জানান। সম্মান জানান পশ্চিমবঙ্গ সংগীত নাটক একাডেমী, দিল্লী সংগীত নাটক একাডেমী 'ফেলো-শিপ' দিয়ে।

সাতষট্টি বছর বয়সে চলে গেলেন বাংলা ঠুমরি গানের প্রবাদতুল্য শ্রেষ্ঠ প্রবক্তা। কিন্তু রেখে গেলেন অনেক। একটি সংগীত পরিবার, যেখানে পুত্র-কন্যা-জামাতা সকলে শিল্পী। রেখে গেলেন চারশত ক্যাসেট অব মিউজিক, সুরতীর্থ সংগীত প্রতিষ্ঠান, অসংখ্য ছাত্রছাত্রী এবং সেই কণ্ঠ সৃষ্ট রাগ—ছায়া হিন্দোল, নন্দনী, নবমালিকা ও মহলার ঘরানার জনয়িত্র।

হরীন-হরীন কিছু মানুষ চোখে পড়ে ভিন্ন-সংস্কৃতি যাঁদের জীবনের ভিত্তিমূলে। একে আশ্রয় করেই যাঁদের জীবন শাখা-প্রশাখা মেলায়—শিকড় চালিয়ে যায় মাটির গভীরে। সম্প্রতি পরলোকগত সংগীতশিল্পী বিনায়কবাও পটবর্ধন এই বিরল সাধকদের একজন।

হিন্দুস্থানী উচ্চাঙ্গ সংগীতের একজন খ্যাতিমান হয়েও সেখানেই আটকে থাকেন নি তিনি। সুকুমার কলার বেশ কটি শাখায় বিচরণ করেছেন সহজ-স্বাচ্ছন্দ্যে। অভিনয় করেছেন, নাটক লিখেছেন, এমন কি চলচ্চিত্রে নেপথ্য কণ্ঠে গানও গেয়েছেন।

কিন্তু তাঁর আজীবন সাধনার সবচেয়ে উজ্জ্বলতম ফসল হলো সংগীত। খেয়াল, ঠুমরি ও ভজনে তাঁর খ্যাতি সর্বাধিক। বিষ্ণুদিগম্বর পালুসকরের মতো আসরের শিল্পী বিনায়কবাও পুত্রের নামে 'বিষ্ণুদিগম্বর সংগীত মহাবিদ্যালয়'-এর প্রতিষ্ঠা করেন। প্রতিষ্ঠা করেন পুণার 'গান্ধর্ব মহাবিদ্যালয়'-এর।

শুধুমাত্র কণ্ঠসাধনে নয়, সংগীতকে বেশবার ছড়িয়ে দিতে কলমও ধরেন তিনি বেশ শক্ত হাতে। সাত খণ্ডে সম্পূর্ণ হয় 'রাগবিজ্ঞান', তিন খণ্ডে 'বালসংগীত'। এছাড়াও আছে 'তবলা মৃদঙ্গ বাদন পদ্ধতি' এবং দুখণ্ডে শুধু পালুসকরের জীবনী।

ঐতিহ্যপূর্ণ মোরালির ঘরানার অন্যতম শ্রেষ্ঠ প্রবক্তা এই শিল্পীর জন্ম ১৮৯৮ সালে মহারাষ্ট্রের মীরজে। মাইল পড়তে পড়তে সংগীত জগতে প্রবেশ। সংগীত নিয়েই বেশ-বিদেশে সফর। এরই কারণে ১৯৭২ সালে 'পদ্মভূষণ' উপাধি লাভ।

কলকাতাবাসীদের একজন অত্যন্ত প্রিয় এই সৃষ্টিশিল্পী বিনায়কবাও পট-বর্ধন পুণার ২৩ আগস্ট, ১৯৭৫ সকালে মহাপ্রস্থানের পথে যান একনিষ্ঠ সাধনার এক অনির্বাণ ধারা বুকে জ্বেলে ভরে এগিয়ে দিতে অনাগত দিনের সুরপিপাসু পথিকদের মত শুদ্ধ কৃতি শিল্প-শিল্পার।

[১১ আগস্টের সন্ধ্যায়, ঠিক ১-৩০ মিনিট ব্যাপী আকাশবাণী কলকাতা কেন্দ্রে বিনায়কবাও পটবর্ধনের সংগীত পরিবেশিত হবে।]

—বিজনকুমার



সীতেশ রায়

# কবিতা

## সূচীপত্র


ঘড়িটা—প্রেমেন্দ্র মিত্র
বৃষ্টি?—দিনেশ দাস
হাওয়ায়-হাওয়ায়—নীরেন্দ্রনাথ চক্রবর্তী
অরণ্যপুরী—পূর্ণেন্দু পত্রী
বকুলের সঙ্গে—শরৎকুমার মুখোপাধ্যায়
ভারত—বিমলচন্দ্র ঘোষ
কালশিরা—লোকনাথ ভট্টাচার্য
ভালোমন্দ, পাপপুণ্য—বটকৃষ্ণ দে
হঠাৎ একদিন—বিজয়া মুখোপাধ্যায়
সীমানা পেরোনো—মণীন্দ্র রায়
কাসান্দ্রা—প্রণবেন্দু দাশগুপ্ত
নিয়মের বাইরে—দক্ষিণারঞ্জন বসু
সীমানায় শেষ সম্বোধন—বিমল সেন
এক উল্টো পাজামার কাহিনী—গোবিন্দ চক্রবর্তী
বৃষ্টির গান—দীনেশ গঙ্গোপাধ্যায়
বিকেলের ব্যক্তিগত—ফণিভূষণ আচার্য
'বামী' ও 'আমি'—কালীকিঙ্কর সেনগুপ্ত
অনন্তকে শুধু অনুভব—রামেন্দ্র দেশমুখ্য
সবাই মিলে করবো কাজ—স্বপনবুড়ো
সিঁধ কেটেছে বনমালী—শান্তনু দাস
নাগরিক—সুশীলকুমার গুপ্ত
রোদ বাড়ছে—প্রভাকর মাঝি
পাগলা-গারদী ছড়া—অজিতকৃষ্ণ বসু
প্রতীক্ষা বা প্রেমিকা হে—রত্নেশ্বর হাজরা
আত্মসাৎ—সাধনা মুখোপাধ্যায়
পোস্টম্যান—কৃষ্ণধর
শ্লোক—কুমকুম দে
লিমেরিক—উষাপ্রসন্ন মুখোপাধ্যায়
ছদ্মবেশে—জগন্নাথ চক্রবর্তী
আমার দুঃখ/আমার দেশ—পরমানন্দ সরস্বতী
লিমেরিক—সৌম্যেন সিকদার
স্মরণে—গোপাল ভৌমিক
শুধু নাম—নবনীতা দেবসেন
দাও কিছু উষ্ণ রূপ—পলাশ মিত্র
কথা ছিল—শোভন পাঠক

# ঘড়িটা

হেমেন্দ্র বিশ্ব

সময় থাকার নয়,
এ ঘড়িটা,
নয়, নির্ভুল হিসেবের ছকে
সূর্য ওঠা থেকে ডোবা,
আর সন্ধ্যাতারায়
শুকতারা হয়ে ফেরার হিসেব
পল বিপল ঘরে শুধে যাবার জন্য।

বন্ধ হলেই ঘরে ঘড়িটা
—চলে আর চলে।
শুধু ঘণ্টা মিনিটের কাল-কাঁটা
কাঁচে ঢাকা এর মুখটা
কেমন যেন কৌতুকের মাখন হাসি নিয়ে
ওপর দিকে ঘরে ওল্টানো।

মেরামত করানো যায় ঘড়িটা।
করাই না।
যে দিকে চাই,
শুধু তো হাতঘড়ানো
হিসেবের নিকষের কষনা।
পরমাণু থেকে বিশ্বব্রহ্মাণ্ডের
অনাদি অনন্ত অবিরাম
চক্রগতির মধ্যে,
থাক না এ ঘড়িটা
সব অঙ্ক-এড়ানো
সৃষ্টিছাড়া স্বতন্ত্রতার
একটা অলীক 'ওরোসিস' হয়ে।

# বৃষ্টি ?

বিনোদ দাস

ঘুমের আকাশ
শুধু বৃষ্টি পড়ে একাদশ,
ঘরে আছে কল্পনার ধারা
ঘুমের আকাশ আর ঘুমের তারারা।
বর্ষণের প্রহরের পাখির মতই
একটি নীড়ের কোণে আমিও ঘুমোই।

হঠাৎ কখন জাগি ঃ মেঘে মেঘে ঝড়,
হাওয়া যায় সহসাই সাগরের মতন যেন
মাঠের উপর দিয়ে বনের উপর।
ঘুরন্ত বৃষ্টির ঝোঁটা ঝাপটায় নিখিলে ছেয়ে ঘুরে
ঘুরে ঘুরে শুনি তার অশান্ত আকাশ ঃ
এখনো কি বৃষ্টি হয়?
বৃষ্টি কি হয়েছে একেবারে?
মনে আসে বিস্ময়, সংশয়,
হয়তো নিঃশেষ হতে পারে কখনো সহসা অকস্মাৎ।
মানুষের নিষ্ফল কামনা যেন কখনো নিভৃতে,
কখনো মস্তিষ্ক দিয়ে
কখনো বা ক্ষিপ্ত হিয় আকাশে হাঁপায়ে॥

# হাওয়ায়-হাওয়ায়

শীতলকুমার চক্রবর্তী

ভাল লাগবে বলেই বারবার ছুটে আসি।
অথচ লাগে না, তাই
ফিরে যাই।
এই যে উৎকণ্ঠা, এই ব্যাকুলতা, ভালবাসাবাসি,
এ কি তবে মিথ্যা, এ কি মায়া?

অতলান্তে জমেছে মেঘ, মনের উপরে তারই ছায়া
শুয়ে আছে।
অনেক দূরে ও দূরে কারা
যেন খুব শলাপরামর্শে কথা-চালাচালি হয়ে যায়।
হাওয়ায়-হাওয়ায়
ভাসে তার একটুখানি রেশ।

খুব নির্বিরোধ
এই মেঘাচ্ছন্ন দিন, এই যাওয়া-আসা
রোদ্দুরে ও মেঘে, মিথ্যে হাওয়ার ভিতরে
দুরুদুরু
এই শান্ত ভালবাসা, এই ভালবাসা।

# অরণ্যপুরী

সুধেন্দু পাত্রী

মানুষের সুখী হওয়া উচিত এখনে।
অনন্ত ছড়ানো এই অরণ্যপুরীতে
সুখে আছে গড়নো বুকিতে
ফুটছে পাকা আলুথালু খোকা খুকু, লতায় ঝুলিছে।
অহেতুক বালি খুড়ে খুড়ে
সুখ পাবে শুনো হুক ছুড়ে।
ঘনিষ্ঠ বন্ধুর মত ঘুলো ওড়া পথের ধুপদে
ডাকলেই বুঝি কাছে আসে
খাল ও সেখানে, দীর্ঘ ইউকেলিপ্টাস
সুখের ঠিকানা তারা আরো জানে, অনেক বছরের বাস।
ছোট টিলা, বড় টিলা কেনোটা অরণ্যে কেউ কালো
পা এলিয়ে গলল কিংবা
গোপন চোখের পক্ষে ভালো।
রাত্রিতে অনেক, নয়, বাঁশী হয়ে ঘুমে সাওতাল
মহুয়ায় ঘোতাল ঘাতাল।
ঘুমে পাবে, ক্লান্ত ঘুম, স্বপন ও শরীরে মাখামাখি
ভোর হলে ডেকে দেবে কেনো খন্ত
কিংবা কেনো পাখি।
ঐখানে নৈঃশব্দ কেন
ঐখানে কোলাহলে উঠোন
একদা যা ঘুরে গেছে গোধূলির ঘাটে এলোচুলে।
সমস্ত দিনের শেষে সূর্য তার লাল জামা খুলে
নদীর কিনারে শোয়, সন্ধ্যারত বালির বিছানা।
আকাশ এখনো তার প্রতিটার স্পর্শে গায় রাঙা।
পরপরে সরল পাহাড়।
দাঁইয় যেমন গাছে লোকে রাখে আকাশের উদাসীন ঘাড়
মানুষের সেই মত সুখী হওয়া উচিত এখানে।

# বকুলের সঙ্গে

শকুন্তলা মুখোপাধ্যায়

দুটি ছেলে-মেয়ে এসে নিচের বোঁজাতে বসেছিল।
ওদের সাহস কম, ইচ্ছেটা প্রবল;
নিজেদের মধ্যে ওরা বকুলের কাছেই দিয়ে মেয়ে।
ছায়া ও চন্দন।
সেই ছেলে অন্যমনস্ক বিষণ্ণ
যখন তখন গাছে কাঁটা বিঁধে, বকুলের
ফুল ঝরে যায়।

"বড়-মা মনের মধ্যে পালাপালি,
ভালোবাসাবাসি করে, গাছেরা পারে না।"
এ কথা শুনেই কাল কৃষ্ণচূড়া হঠাৎ কেমন
অন্যমনা হয়ে
ছুঁয়ে দিল বকুলের পাতা।

ওরাও বিষণ্ণ, তবু শিউরে শিউরে
বকুলের ফুলে পরে কৃষ্ণচূড়াটির.....
অন্তরে ওরাও পাশ-বাঁধনো কলকাতা।

# ভারত

বিমলচন্দ্র সেন

(ফ্রান্সেসকান মোনাস্টরি মুখে মহাত্মার অবস্থান।)

সন্ধ্যার ঘুমন্ত পকৃতলা স্তব্ধিতা
চক্ষু চঞ্চল, ওষ্ঠ স্ফুরিত;
বক্ষতটে হিনি যেন রক্ষা সুকুমারে
ন্যস্ত করতে লাগলেন।
গুরুগম্ভীর স্বরে ও যেন ধ্বনি করে বললেন,
"তোমার অতুল থাকলেও ইতরজনের মতো
কথা বলছ কেন?
সহ্য করো, নিজেকে বলে নিজেকে
অসম্মানিত কোরো না।
আমি তোমার কাছে
ধর্মসম্মত ন্যায়সঙ্গত সুখস্বাচ্ছন্দ্যের
প্রার্থনা নিয়ে যাচিকা হয়ে এসেছি।
আমার কথা যদি না শোনো
তোমার মস্তকে শতধাবিদীর্ণ হবে।
আমাকে ত্যাগ করো সুখ নেই
কিন্তু এই হতভাগ্য ছেলেটিকে তোমরা
ওকে তুমি ত্যাগ করতে পারো না।"

দুষ্মন্ত বললেন,
"তোমার গর্ভে আমার পুত্র জন্মগ্রহণই পারে না।
নারীশ্রেষ্ঠা মিথ্যাবাদিনী!
তোমার মা যেমনি অসতী ও নির্লজ্জা,
তোমার ধর্মা ন্যায়পরায়ণা, কামুক, হৃদয়হীন।
তুমি দুষ্টা তপস্বিনী
আমার সামনে থেকে দূর হও।"

শকুন্তলা বললেন,
"তুমি দুর্জন তাই সজ্জনকে দুর্জন বলছ
তোমার ধিক্কার জবাব দিতে আমার ঘৃণা হয়!
আজ আমি তোমার রাজসভায়
পত্নী নিয়ে পরিত্যক্তের সম্মানে
উচ্চস্বরে বলে যাচ্ছি :
আমার এই সিংহশিশুর পুত্রই একদিন
আসমুদ্র হিমাচল জম্বুদ্বীপ শাসন করবে।"

শকুন্তলাপুত্র ভরতই ভারতবর্ষের প্রথম
ভারতের মহাসম্রাটই ভারত।

বাণিনী মুখোপাধ্যায়

# কাশ্মিরা

লোকনাথ ভট্টাচার্য

বেশ হয়েছে, খুব ঘোরাঘুরি করা যাবে, চোখের কোণে কালি, জানছ না অন্যকে নির্বাসন দিয়েছ তোমার কথা ভেবে ঘর ভেবে, নিজেরি অন্তরের অন্তরীক্ষ হয়ে, শুধু শহরটার চোকাতে ফিরে-ফিরে আসা মাতালের মতো ইচ্ছার অত্যাকাঙ্ক্ষী দেহে উন্মন হয়ে ওঠবে, সাপ কিলবিল করছে শিরায়, তাই যেখানে শান্তি নেই তোমার

সংসার স্নেহের যা-কিছু নিয়ে এই ঘরে, মেয়েদের ছবি যা কুলুঙ্গির কৌটো, সবই একটা অভিমানের পুনরুক্তিতে এবার চাবি-চাবি তাল হারাবে, মুখে-চোখে তাদের শপাং-শপাং চাবুক, উদ্বৃত্তে কালশিরা, যা ছিল একদিন প্রীতিভাজনের কালি, প্রীতি চেয়ে ছন্দ, ঘাড়ে সোহাগির মহুল,

আজ তা রসকষহীন ঠাটার ছিবড়ে।

তবু যাবও, তোমারই মতো, যেহেতু অভ্যাসের জল ফিকেছে বলে-বলে, তাই চাইত্রে আজও আমি কাঁর যা করতে বেরোই আমি ঘরে।

যেন তোমার নেই, তাদেরও নয়, হয়তো আমারও নয়—কিন্তু খেলার একাধারে নায়ক-প্রযোজক-পরিচালক হলেই আমি যে খানি বৃষ্টির জন্য চাই-ই চাই, শুধু দানই নয়, একটা সিঁড়িতে ওঠা, একমাত্র যেখান থেকেই সম্ভব উদ্ধারণ বা তাকানো নতুন চোখে।

ভুলে গেছ, তুমিও একদিন সৃষ্টি চেয়েছিলে।

আজ তাই এসেছি ফিরেই যাব বলে, কিছু না করে, ক্লান্তি চোখে দেখতে নেশার খানা না পাওয়ায় তোমার হাইকোর্টানি, মেয়েলে-মেয়েলে ঝাঁকিয়ুলো খাত-বিক্ষিপ্ত। যাবার সময় যাওয়া ফেরাবে না, অন্তে তোমরা যাবা কিছুতে ফেরাবে না, শুধু আমারই গায়ে-মাখা হাওয়া পড়বে বসে-বসে, তারও পাও কলাবীর সহকেত, যাতে জলা অন্তরের গ্রাম উঠেকো অঙ্কে ঘুঁটি-একটি বিচ্ছিন্ন কথা ছেয়ে যায় তার সুখ দুঃখের—যাওয়া খোলা যাক, অন্তত তর্তমান ঘর্তমান-না আবার ফিরে আসে যত ঘরে।

আমি অবশ্য কলাবীতি আসবেই যাবব, মেয়েই সন্ধ্যায়, নেশার খানা যেখানে নয়, শুধু উসকানি দিয়ে নেশাকে জীইয়ে রাখতে, তবু কলাবীই তো, চাই না চাই না দেখতে আর উদ্বৃত্তে কালশিরা, চোখের কোণে কালি, ঠাটার ছিবড়ে।

সব যায় মুছে ছেলে শপাং-শপাং চাবুকের, নিন্দার, আমার খেলার।

# ভালোমন্দ, পাপপুণ্য

অরুণ সে

ভালো কী, যা ভদ্র কে, তা তো জানি না।
পাপ করে বলে, পুণ্য মহান আছে কিনা
তা-ও জানা নেই।
জানা আছে,
ভালো লাগে, কি লাগে না—
শুধু এ-টুকুই, এর বেশী না।
এর বেশী বর্ণন ধর্মের কাজ, শতাব্দীর বিষয় এবং
দুর্বোধ্য ভাবনা ;
তার সঙ্গে মিশে যাস নেই—
মন, তুমি এই সব জটিলে যেও না,
জটি-ও বুঝো না।
যদি,
কোনোদিন
নির্জনতে নিজের এ'কে আড়ালে খোলুলি বসে
অপরূপ সাজে,
অথবা,
হঠাৎ
কান পেতে শোনো যদি অন্তরালে
দুর্বোধ্য-ই করে,—
কিংবা,
অকস্মাৎ
জানালার জানলা দিয়ে মুখ বাড়িয়ে
স্মার্ট ঠাঁক ঘরে;
আর,
সেই ক্ষণে
মুখে নীল উতল নিজনে মন যাযাবর
উন্মন, হারাতে চায়—
তবে,
প্রাণ
যুক্তি-তর্কশাস্ত্র দিয়ে উচিত কিনা, কি, ছিল না সে-
বিচারের ভার—
না আমার, না ভালো লাগার!

পাপ-পুণ্য ভালো-মন্দ ইত্যাদির সংজ্ঞাতা, গুরুত্ব
নিয়ে, যার মাথা আছে, সে মাথা ঘামাক।
আমার হৃদয় আছে—মাথাব্যথা নেই
পাপপুণ্য, ভালো-মন্দ নিয়ে—

ভালো লাগা আর তুমি
এই মন্ত্র-জোরেই নিরত
আমার পৃথিবী সুখ, সুখের, নির্বাক!

# হঠাৎ একদিন

বিমলা মুখোপাধ্যায়

বসে ভয়ে থাকা
হঠাৎ একদিন তবু মনে হয় দীর্ঘদিন পরে দেখা হল।
"এই যে, খবর ভালো? কতদিন পর—"
"কতদিন, তুমি?"
চলতে যেমন চলে যায়, চলে তার বিন যায় বছর ঘুরে
কখনো—আজ যেমন দীর্ঘদিন বিরহীর?
উত্তাল ঢেউয়েই ওঠে জল স্থলে তরঙ্গায়িত হয়ে?—
কিংবা চাওয়া দুই, একদিন হওয়া।

একদিনই দেখা হয় যখন যেমন, তা ছাড়া কিছু না
তারিখেরা হেঁটে যায় নির্নিমেষ—লক্ষ্য সারি রেখে।

শিপ্রবরণা বন্দ্যোপাধ্যায়

# সীমানা পেরোনো

অরীন্দ্র রায়

সারাজীবন বয়েই বাড়ি টানি
আর পালের বস্তিবাড়া নিয়ে
হিমসিম খাই,
সমুদ্রের ভালোবাসা বিস্বাদে
সামনে এসে দাঁড়ালে
সমস্ত ব্যাপারটাই মনে একেবারে বদলে।

প্রত্যেকটি মানুষের ঘেরে থাকা তখন
প্রবাহিত হতে থাকে
অন্য মানুষের ঘেরের দিকে—
ঠিক যেন একটি ক্যালিডোস্কোপের ভিতর,
যার যে কোনো ঘেরে ছাঁচড় বসলেই
খসে পড়বে নির্ঘাত
দোটা কাঠামোটাই।

তাই
সমুদ্র এসে যখন সামনে দাঁড়ায়
উদ্যত তর্জনী প্রতিশ্রুতীর মতো,
আমাদের এই পদ্মের ঘেরের ঘেরেই
বেরিয়ে আসতে থাকে
নতুন এক অনুভব;
আর আমরা তখন ঘাবড়াও না,
মুখে আর মাটির কী ভালবেসেছে
কাঁটায় কন্টকালের ঘেরা কাঁটাতারের তলেও
ফুটে উঠতে থাকে
সীমানা পেরোনোর উল্লাস।

দয়া নরেশকর

# কাসান্দ্রা

প্রবোধকুমার বন্দ্যোপাধ্যায়

স্বয়ং আপোল্লো তোমাকে ভালোবেসেছিলেন,
তুমি তাঁকে ফিরিয়ে দিলে।

আপোল্লো তোমাকে অভিশাপ দিয়েছিলেন :
তোমার ভবিষ্যদ্বাণী সত্য হবে,
কিন্তু কেউ তোমার কথা বিশ্বাস করবে না

তুমি বলেছিলে : ঘোড়াকে ঘরে এনো না,
কেউ তোমার কথা শোনেনি।
তার পরের ইতিহাস আমাদের জানা।

আজ তোমাকে দেখছি, হাওড়া-ব্রীজ দিয়ে
তুমি দ্রুত কলকাতার দিকে আসছো,
তোমার টিউনিক হাওয়ায় উড়ছে—
সূর্যাস্তের আলোয় তোমার চোখমুখ সজীব, উত্তেজিত।

তুমি বলছো—ভালোবাসার অভাবে
এই শহর একদিন ধ্বংসস্তূপে পরিণত হবে।
এখানে তাই তাইকে হত্যা করছে, বন্ধু বন্ধুকে,
চলেছে শুধু ঘৃণা, ঈর্ষা, পরশ্রীকাতর গুজব—

কিন্তু, কাসান্দ্রা,
তোমার কথা কেউ শুনছে না॥

# নিয়মের বাইরে

বাজিনারঞ্জন বসু

সমস্ত পাহাড় পর্বত এবং নদী সমুদ্রই
আমার চেয়ে বড়ো, আমি নিঃসন্দেহে ছোট।
তবু ওদের কাছে গিয়ে বসতে কেমনো মানা নেই,
ওদের সঙ্গে প্রাণ খুলে কথা বলতেও বাধা নেই।
নদীর পরে সমুদ্র সৈন্যদের ও পাহাড়ের বয়ে
জোড়া জোড়া ছেলে মেয়েরা অবয়বে ঘুরে বেড়ায়,
গান গায় গলা ছেড়ে, আনন্দে হাসিয়ে ফেলে
নিজেদের। ওদের সমর্থনে সহসা প্রতিধ্বনিও
ওরা শুনতে পায় পাহাড় পর্বতের কন্যা থেকে এবং
নদী আর সমুদ্রের কাছ থেকেও একইভাবে।
সকালে সন্ধ্যায় যখনি আকাশের দিকে তাকাই
বেড়াতে বেরিয়ে, তখনি দেখি সূর্য এবং চন্দ্রও
আকাশে পরিক্রমা করে চলেছে যথানিয়মে।
নিয়মের ব্যতিক্রম হলেই বহুরক্তে গোলমাল,
তা জানা বলেই প্রকৃতির জগতে কাটা করে যায়।
দিনমণি সূর্য এবং চন্দ্রও প্রাচীন কালের দেবতা;
আমার চেয়ে তের বড়ো তারা, আমি নিশ্চয়ই ছোট।
যারা আমার চেয়ে বড়ো তারা নিয়ম মেনেই চলে,
আমার চেয়ে যারা ছোট তারা কিছুই মানতে চায় না।

# সীমানায় শেষ সম্বোধন

বিমল সেন

সন্ন্যাসী, আমারও হৃদয়ে আছে
একতারা। বাসনার রক্তদলে
বিচ্ছুরিত সূর্যের আভায়
বিকশিত ভালবাসা
আমারও হৃদয় আছে
ছিন্ন অর্ঘ্য এবং আবরে।

সে ভালবাসার জন্য
লাভ করে একদল খোদ্দেল,
তাদের মৃদু পদরে
পথ হাঁটে আমার জোছনায়।

আমাকে অলক্ষ্যে করো কেন তুমি।
দূরে রাখো উদাসীন হাসির আড়ালে
অথবা ভ্রূকুটি চিহ্নে
অবাহত করো বাধান!
আমি কি তোমার কাছে
ভিক্ষাপাত্র হাতে
কখনো চেয়েছি শুধাজল!
বলেছি, এ পাত্র ভাও
ভিক্ষাদান একটু প্রসাদ।

জীবনের পাত্রখানি, অর্ঘ্য উদাস
দিয়েছে যে সমর্পণ আমাকে।
অন্যের আসনে আমি
সহজে, যে অর্ঘ্য দূরে নিয়ে
সুখেরই করেছি সন্ধান।

তবুও অলক্ষ্যে করো কেন তুমি,
দূরে রাখো উদাসীন হাসির আড়ালে।

# এক উল্টো পাজামার কাহিনী

শৈবিলা চক্রবর্তী

সূর্যে, সমুদ্রে, মরু ও মধুর পাশে,
অন্ধকারে, অন্ধকারে
চিন্তাবাহে, চিন্তন হরিণে কি চন্দনবনে
বাস্তবান ইতিহাসের কখনো পদচারণায়
কখনো সে প্রহরী
এক বন্ধুকের আতঙ্কায়ী আমাকে
নিজের অদৃশ্য সুতোয়—
এক উল্টো পাজামার মত,
কতদিন একভাবে বুলিয়ে রেখেছে!

জোৎস্নার পাইনবাথা
তার দীর্ঘ ছায়া। চৈতালী কখনো স্থির,
কখনো ঈষৎ আন্দোলিত।
আমার কবিতায়, স্বাধী আমাকে
নিহিলে, মরমনে, ছায়ার ঘরানায়—
সেই কোমল, মরু,
চতুর পদচারণা—
সকল ধরাছোঁয়ার বাইরে
নিরুদ্বেগভাবে অপলক্ষে, হেঁটে চলে যায়।

মধ্যরাতির বৃষ্টি-ধোয়া জুইয়ের গন্ধে
দুরন্তায় বিন্দর
অস্তিত্বলোকে স্তব্ধতরীভূত স্থিরে পড়ে।
আমার ভুলটিকে
আর আমি চিনতে পারি না।
কোন অতল থেকে তুলে-আনা
অপলাপ পদ্ম
এক জলনীল দুঃখ
কে কেন পাশে সাজিয়ে রেখে গেছে!

সব থেকে সহজ বন্ধুরা,
আজন্ম,
বন্ধুরে, দুর্বোধ্য হয়ে ওঠে।
উৎসবের মধ্যে কিউবিক পড়ে
হঠাৎ কেন জলনা অন্ধকার।
মধ্যাহ্নে সূর্যোদয় হয়
অবারিত অমাবস্যার
লক্ষ নির্ঘোষ।

ঘাসির দুঃখে এসে,
নদীরা হঠাৎ জলশূন্য মনে হয়।
কারণ,
একেবারেই অকারণ
রাজপথে অগ্নিবর্ষণ করছে শৃগাল,
সিংহী শাবক প্রসব করছে তখন।
পুষ্পতোরণে শকুন,
উর্ধ্বে নতমুখে অন্ধকার।
ঠিক জানি না,
এও সেই বন্দুকেরই ভোজবাজী কিনা!

অথচ,
তখনও এই হানাদারের হাতেও
মারণাস্ত্র কোনো অস্ত্র নেই।
দুরন্তক্ষেত্রে, দুরন্তের হাতেও, যেমন ছিল না।
শুধু একটি শাখে ছিল তার।
একটি সত্যেই বিশ্বাস, সেই
বীর্যবান সাধি
দীর্ঘস্থায়ী এক জলন্ত দুঃখকে,
প্রাণ ঘাটতো দিনে,
বিজয়ে,
সাঙ্কেতিক করে দিয়েছিলেন বিদায়ীশিবে।

সাহারা বেবী

পার্থ, সুকৃতিমান পার্থ!
আমি তোমাকে লক্ষবার অনাদ্য ঈষা করি।
কেননা,
প্রতি মুহূর্তে তুমি
অমল, অসাধারণ, নির্মিত,
পরিচালিত হতে পেরেছিলে।
অথচ কে পার, কে এত
বলিষ্ঠ করে পেরেছে!

আর আমাকে দেখ,
আমার ঘাতকের ঘান, নির্বাস, সম্পাদনা
চুরোল ও নির্বাচন
কিভাবে ছড়েছে, ছড়মান হয়ে যায়।
ঘর স্বপ্ন, সাধনা, ধারনা, জনমুর্তি—যা কিছু।
আমাদের দুজনের
অনুকরণীয় অরেক লক্ষ মাইল যাবখানে
তোমাকে যখন অলৌকিক উপাসনে
ইতিহাস,
ত্রেতার কালজয়ী মহিমা দেয়—

হে অপরাজের তৃতীয় কৌন্তেয়!

আমি,
এক উল্টো পাজামার মতো
অদৃশ্য সিল্কের সুতোয় ঝোল খাই।
বেলা যায়,
দুমূল দখিন হাওয়ার
কখনো নক্ষত্রমণ্ডলীর দিকে
অবাক উদ্ভাসিত, অবলীন।
হাওয়া পড়ে যায়—
আবার অবলম্বনহীন পাতালঘাসী,
ভঙ্গুর ও পতনশীল।

পূর্ণচন্দ্র দাস

# বৃষ্টির গান

বীরেন্দ্র চট্টোপাধ্যায়

টুপ-টাপ টুপ-টাপ
আকাশের বেহালায় কি এলো বর্ষার গান?
আহা কি সুরের বোল
ঝিম ঝিম হিল্লোল!
অনেক পরানে বুঝি বর্ষা এলো!
উদ্‌ উদ্‌ সবুজের অরণ্যের পাখনায়
কি জানি কি আহ্লাদের ঢেউ এলোমেলো!

কলেজা কদমে পরে পালকির ঝিমে ঠোঁটে
ঝিম-ঝিম ঝিম-ঝিম
বৃষ্টি-সুরে
সন্ধ্যায় এলো চুল ঝিলমিল ঝড়-ঝলে
ঝরে ঝরে দুপুরের
ঘুম পড়ে।

মন কেন মন নয়
চকিত হিরণ
অবচেতনে কোনো ঘুমা স্বপ্ন—
ছায়া-ছায়া ঘুমে পরে
একটি ফুলে একাকার
একটি মেঘে মগন—

চৌমুহনী আকাশের ঘর বড় হোপনাই
বাইরে দেখার চক্ষু বাইরে তো কেউ নাই
জলেই তা ভরাভর
ঘুমে ঢলে ঢলকায়
অনেই সে ঘরিবর, ঘরের আড়,
অনেই মেঘের ঢল
তারই মেঘে চলন
বাইরের ঘরে বসে অনেকই সমর!

বৃষ্টির চিত্ত ভুলে
নিজেকেই সব ভুলে
সেখানে আমার ঘরে, আমিও নিজেকেই—
অনুভবে ম' ম' করে
সুরে এক অজ-জেনা অজকের ঘ্রাণ,
ঘুম-ঘরে ঘুম-ঘরে
আর নাই নিজেকে
সবাই হলো বৃষ্টি বরষার গান।

# বিকেলের ব্যক্তিগত

অমিতকুমার সরকার

কোন কোন নারী  কী বিশাল নির্জনতা ফেলে রেখে যায়
কোন কোন নারী  কেন জানি মুক্তকণ্ঠে নির্জনতা পছন্দ করে না
কোন কোন নারী  পুরনো আয়নার থেকে তার মুখটা
তুলে নিয়ে যায়  অন্ধকার অসংলগ্ন ঘরে
যেখানে বকুল ঝরে সেখানে প্রেমের মতো
অনেক অশ্রুর বৃষ্টি হয়
বাকানো সাঁকোর মতো তোমার নির্জন তুমি
তার নিচে হাঁটু ছেড়ে প্রান্তরাদিক সূর্য নেমে যায়
হিম্‌ছিমে নদীর চরে ঝিনুকের স্মৃতির মতো পড়ে থাকে
পড়ন্তবেলা  বিকেলের কিছু কিছু বাসিমড় আলো

একান্তই বাসিমড়  কয়েক হাজার পয়সায়
হাতের মুঠোয় আমি তবে কেন জমিয়ে তুলেছি
অনায়াসে তবে কেন একটি রাত্রিকে আমি
জয় করেছিলাম সহজে
সুর-সুন্দরীর মতো পাখনার ঠোঁটটি তুমি
কেন দেয় ঈশ্বরীর হাসি

অন্তরে সূর্যের দিকে মুখ তুলে দু চোখের জল
অন্তরী শুকিয়ে নিতে হয়
এর চেয়ে খাঁটি এক প্রেমিকের মতো মৃত্যু ভালো
কোন কোন নারী  পুরনো আয়নার থেকে তার মুখটা
তুলে নিয়ে যায়  অন্ধকার অসংলগ্ন ঘরে
কোন কোন নারী  কেন জানি মুক্তকণ্ঠে নির্জনতা পছন্দ করে না
কোন কোন নারী  কী বিশাল নির্জনতা ফেলে রেখে যায়
যেখানে বকুল ঝরে সেখানে নির্জনে
হিম্‌ছিমে নদীর মতো পড়ে থাকে পড়ন্তবেলা
বিকেলের কিছু কিছু বাসিমড় আলো।

# 'বামী' ও 'আমি'

কার্তিকচন্দ্র সেনগুপ্ত

হাতের চশমা নিয়ে খেলে
'বামী' এই কোনে,
আমার আমি কী অবাধি
হাজার ভুমি বেনে!

আমার মনের অন্ধকারে
আমার খুঁজে পাইত না যে,
(তবু) আমরা দেখে করি সুখের
বিদায় প্রদান।

যাদের আমি আপন জনা,
তারা আমায় চেনে তো না।
দুখেল পরে নিত্য করি
নূতন অভিনয়।

কুশলিদের সেরেরি 'বামী'
ভুলেই গেছি কি ছিল নাম,
কোথা হতে কোথা এলাম
আমার ঘরে কোথা।

আর সহে না সাহের সজ্জা,
নিজের পরনে চাইতে লজ্জা।
ইচ্ছা নাইকো হাজার বছর
পরাই ঘরিয়ে সাজ।

পাও না ফেরালে ফিরে আসে,
সেখাও আমার আমি—
ঘুরে ঘরে ছুরে এ-মুখে
স্বরূপে সেখাও স্বামী।

তোমার পরনে চাইতে ফিরে
চক্ষু করি নত,—
মনের কথা বলতে যা চাই
হয় না মনের মত।

কণ্ঠ ফুটে বলতে নারি
যেমন পরে 'স্বামী'*
ধরিও ঠিক হয়তো পরি
হারিয়ে ফেলি আমি।

*আমিনাদের ধর্মীয় বাক্যে ব্যবহৃত শব্দটি স্বামী

# অনন্তকে শুধু অনুভব

অমলেন্দু চক্রবর্তী

কিছুই সেদিন আমি চেয়েছিনু কিংবা পেয়েছিনু,
জীবনে অনেকদিন, অনেকদূরে, দূর দেশান্তরে,
অনাত্মজ বন্ধুকে শহরের বাইরে ঈশা,
প্রবল শীতের দূরে অতলান্ত অন্ধকার বিদেশী,
অনন্ত বহমানী নৈঃসঙ্গী একলা সেদিন।

রেখেও সূর্যকেতু আলোকার নিবিড় তুষারে
সোনালী ঝুরার নত ধ্বনীর শ্রবণ ছিন্নিকে
সন্ত সকাল যেন নীলচক্ষু কুলের ছিন্নিকে
করে ওরে পূর্ণে হয় দুপুরে প্রসারিত গগনে
মনোলোভা ছেলেনীর জরকিরকাটা কুলের বাগানে।

কিছুই সেদিন আমি ভোট নক্ষত্রের মায়াকর,
দূরের ঘাসাগরে একলা অনুপ্ত বুদ্বুদ,
নদির কলস্বরকলে নিস্তব্ধানি চাঁদের কপোলে
কিছুই সেদিন আমি, কেবল সহজবল মেলে
সহজায় অবোধ্যে মায়ার ভিতরে ফুটে আছে।

ওরে বনে দুরন্ত বর্ষক,
গ্রহান্তরাটিকে সৃষ্টি ছেলে অন্তরালে
ছেলের পরম শোভা সকল সৃষ্টিরে
অনন্তরে শুধু অনুভব।

# সবাই মিলে করবো কাজ

অপদবন্ধু

বিশ্ব-বিজিনা রোদ ঝিলমিল্ ছেলেমেয়েরা বলে—
নতুন কালের বেলায় আজি চল হে চলল।
লক্ষ কিশোর জাগছে আজি নতুন আলোতে—
জাগছে মনে নতুন কথা—নতুন চেতনাতে।
লক্ষ প্রদীপ জ্বলছে যেথায় সেথায় সবে চল্—
সবাই মিলে করবো যে কাজ, চল হে চলল।

নিম্নে হতে সৃষ্টি করি শিল্প-কলা যত
তুলিতে তাই চিত্ত আঁকি,—পুতুল তাতিমাই।
ছন্দে-ধ্বনি ভাবনাহতে মুগ্ধ করি প্রাণ
সবার সবে গাইবে কি তাই শিল্প-কলার গান!
লক্ষ প্রদীপ জ্বলছে যেথায় সেথায় সবে চল্
সবাই মিলে করবো যে কাজ,—চল হে চলল।

জ্ঞানের বাতি সবাই মিলে পড়বো পাঠশালায়
শিখবো কত নতুন কথা, জানবো নানান হায়।
দেশ-বিদেশে কুড়াই যেথা জ্ঞানের যতনী যে—
সকল শিখে, সকল জেনে ধন্য মানি সে।
জ্ঞানের প্রদীপ জ্বলছে যেথায় সেথায় সবে চল্—
সবাই মিলে করবো যে কাজ চল হে চলল।

অবাক জলে সাঁতার কাটি আজকে দাঁড়াতে
সলিল বাহে ভাসার আগে যায় ডাকিনে কাহু।
ধন্য মনে নতুন হাওয়া নতুন পাওয়া রে—
জানবারে জানবো ভবে করবো হবে রে!
সন্তরণে মাতৃবি যে আর সবে শিখাব বল—
সবাই মিলে করবো যে কাজ, চল হে চলল।

রোদনীর মেয়া ধর্ম মেয়েরা, তাই তো আমি আজ
লক্ষ তারা চল্ল যে রে জানবে মেয়েরা সাথ।
ঔষধেতে সকল রোগীর আঁচাই যোগ্য চল
সেবায় ভরে সাজাবে তাই সেবো সকল ধন।
আর পাহাড়ে গুহ অনুপা সেথায় সবে চল্—
সবাই মিলে করবো যে কাজ, চল হে চলল।

হীরেন্দ্রনাথ চট্টোপাধ্যায়

*প্রকাশিত হয়েছে*

**শক্তি চট্টোপাধ্যায়-এর**

১০০টি

**চতুর্দশপদী কবিতা ৫.০০**

কবির অন্যান্য কাব্যগ্রন্থ

ঈশ্বর থাকেন জলে ৫.০০
ধর্মে আছো জিরাফেও আছো ৪.০০
পাড়ের কাঁধা মাটির বাড়ি ৩.০০
মেঘদূত ৬.০০
ওমর খৈয়ামের রুবাই ৬.০০
গালিবের কবিতা ৮.০০

॥ শক্তি চট্টোপাধ্যায়-এর
কাব্যসংগ্রহ প্রকাশিত হচ্ছে ॥

বিশ্ববাণী প্রকাশনী। ৭৯।১ বি মহাত্মা গান্ধী রোড। কলকাতা-৯

বলরাম পটেল

# সিঁধ কেটেছে বনমালী

শরদিন্দু বসু

ভেবেছিলাম তুমি আসো,
তুমিই আসো।
ভাবতে ভাবতে ভাবতে ভাবতে—
আসছে ভুবন ভাসতে ভাসতে,
হেসে গেলাম—
পরানি যা পেলাম এবং কুড়িয়ে নিলাম দুহাত ভরে,
রাখছি এবং চলছি কঠিন চাঁদে করা হাঁদের চাবি,
বুকের ভেতো খুনেরঙ্গাসী, ২৪ ছোপা লাল
জুইয়ের সকল।

হাঁটতে হাঁটতে...হাঁটতে হাঁটতে...
কৌচকানো গন্ধ নিলাম,
চোখের ভেতো বিয়ে থাকা রাঙিন হাঁস,
একটা আর পাদাড় এসে সাজিয়ে রাখি
যেমন তেমন নামধারিকী জড়িয়ে থাকে, সেই আসলে-ই।

হাঁটতে হাঁটতে...হাঁটতে হাঁটতে...
পায়ের খাঁজে বুকে বসল,
পাঁজরে ঝিল, ঠোঁটা-বসন
চাঁদির ভরা তুলি হোলো অর্থাচ্ছন্ন,
স্মৃতি হলো চিত্রহীন,
বুক হলো পর্যবেক্ষী,
খোলামকুচি, ঘেনা, পাথর, ভাঙতে ভাঙতে—
ভাঙতে ভাঙতে ভাঙতে ভাঙতে
চমৎকার হেসে।

ভেবেছিলাম তুমি আসো,
তুমিই আসো ;
নক্ষত্তর, উঁচাও করে খোলস চাবি।
সমস্ত হাসে।
দেখি ভরের ঘোলাটানি—
হাসতে হাসতে সমস্ত খোলস মিশ ভেঙেছে ভয়ানক।

# নাগরিক

সুধীরকুমার গুপ্ত

এত বড় নগরের ভিতরে কোথাও দাঁড়াবার
সুনির্মল স্থান নেই; সেই স্থান যেখানে ঘরের
সঠিক খুঁটিয়ে দেখি, বুকের আবাসখানি চিনে
সুস্থভাবে যেতে পারি, বিবর্ণ অক্ষর মেরেছেরে
পেয়ে ওই বসন্তের হারানো হরিণ, নিরিবিলি
দুহাত কবিতা পড়ি সকলের চেয়ারে শান্তির,
স্মৃতির চিত্রিত কাঁথা মেলে ধরি রোদে খোলা ছাদে,
গভীর প্রত্যয়ে খুঁজে আসিল ক্লান্তির বিস্মৃতিতা
সহজ সরল হই, বোধিতে মেলাই অনন্তর্যাত।

চারিদিকে ধাঁকা স্রোত; লাল আলো অনেকের পথ,
ওভারনো ঘুড়ির মেলো বড়শিতে গেঁথে গেঁথে যায়
অন্ধকার পাখির বুক, রক্তাক্তার মহানের আরাম
এস. ও. এস. ধ্বনি ভেসে যাঁকিকে মেতারে ট্রেলিফোনে,
চড়া দরে চতুর্বর্ষ বিকায় নিলামে, ভাসা স্রোতে
বেনকেসে, হৃদ্য প্রেম মেলা মেয়ে ধারে ভাসিভাসে
অথবা অন্ধনক্ষে মাঘির স্বপ্নে; ঘেরে ঘুরি
পোনাকের অন্তরালে, অবিশ্বাস ভরের কবাত
চিরে ফেলে স্নেহমায়া, বিষাদিত পার্ক বীথিপথ।

নগর সুন্দর হোক; হৃদয়ের প্রকৃত সন্ধান
যদি না সে ফের তবে কবে যাব কোথায়, সভাতা?

# রোদে বাড়ছে

প্রভাসচন্দ্র সাহি

চনচন করে রোদ বাড়ছে.....
দুহাতের কাজগুলো চটপট সেরে নাও যে।
ভেবেচিন্তে যেন খুব কললে।
দুপুর এসেছে ঘিরে বলে তিন পা পেয়েছেলে।
এখন ভাবনার মুখে আড়ু ঘেরে
হাতের কাছে যা পাও
তাই মরে ফেলে পড়ো।

ছোটাই-উতরাই পথ।
সমলে সুমলে চলতে পারো, চলো—
কিন্তু চলাটা থামিও না।
কেন না, ঘন-পত্র ঢেকে লম্বা লম্বা ঠাঁস ভুলে
রাতী রোদ্দুর ছেড়ে আসছে।
যাবো, ছায়াটাও একটু একটু করে
সরমে ছোট হয়ে গেল, না?
এখুনি মুই করে আমি আসছে পারে।
তখন ঘুনো ছোঁয়াচির মতো
স্মৃতির নামে কিন্দুটি ছেড়ে যাবে।
উৎসে প্রেমার ভরে হাসিমেলাও
খুঁজে পাবে না কখনো।
হাতড়াতে হাতড়াতে কেবল হা-হুতাশই সার হবে।
তাই.....

# পাগলা-গারদী ছড়া

অজিতকৃষ্ণ বসু

(১)

সভায় দুই ছেলে
বলে ভো ভো রবে
"ভাগিস লেখেছিল
পাণ্ডবে-ভৌছবে!
তা না হলে শুনতে কে
হতো আগ্রহবান
মহাভারতের কথা
অমৃত-সমান?"

(২)

অথো অযোধ্যার
মেজো রানী কৈকেয়ী
করেনি কেবল কোনো
নীতিকথা-টইকেই!
সতীনের ঘাটটকে সে
দিল বনবাস,
তাই আজো বেঁচে আছে
কবি কৃত্তিবাস।

(৩)

কেমন করে পরব জুতো?
ফিতেকোঁড়া যে নাবে।
সুবিমামা, দাও না সাড়া
কেন মোদের ভাবে?
ভেব যে তোমার কেন্ত চেকে,
সে কি তোমার খেরী?
মামা বলেন, "হবে না ভাই?
সে যে আমার তেরী।"

(৪)

মুখে তোর খই কেটা
বামা ভাই মুখপো রে!
বাজতে যে ভুলে যাস্
এই বড় দুখপো রে।
শুধু বড় সোজা মোজ,
সমস্যাও জন্ত যে,
পুবে-ওঠা সূর্যের
পশ্চিমে অস্ত যে।
ভাঁটা আছে, জোয়ারের
আশা আছে তাই রে,
বাড়িকেরা ফিরে আসি,
তাই বাঁধি বাসরে।
সুখে দুখে হাসে, তাই
দুখে চোখ সিক্ত,
বিশ্বি যে বিচ্ছিন্ন হয়
না থাকিলে ভিক্ত।

(৫)

ছেলেবেলা থেকে কবি খেলার পক্ষপাতী
জলে পড়া আদুলের ছোঁয়া ছোঁয়া মাখা,
উড়ুনচুঁ বাতাসের ধাক্কাতোয়া ঠাণ্ডা,
দুপেরো রোদ্দুরে তালিমারা আকাশ,
বেরোনিন ছেলে ভাসা ভাসের মোহনা,
এলোমেলো কাঁদি দিয়ে কিনু কলা মোচা,
হরেক রকম মাছ নিয়েছেনী চোখেতে,
চোখেলা চাকা আঁটা হলেভাসী একতা।
ভাসা দিনু কলাগাছ, ভালপুরী, অদ্ভুত
খুব করে ভালোবাসে খেয়ালের বশবর্তী।

(৬)

আপন ভাবে কণ্ঠ সাধা
আপন গানে মুগ্ধ গাধা।
ঘণ্টা নাড়ি পড়ুক পিঠে,
নিজের কণ্ঠ তবুও মিঠে;
সুরের খেলায় ভুলে ভুলে
পিঠের জ্বালা বেমালুম ভুলে
আবার গাধা নির্বিবাদে
কণ্ঠ ছেড়ে কণ্ঠ সাধে।

(৭)

জলপাই গড়ের
জলপাই ভাণ্ডার
টাকার কুমীর বলে
তাঁর নামডাক ভার।
তাহাঁর আবিষ্কৃত
নামে নামে বিক্রীত
টাকা সারাবার তেলে
টাকা নাম নাম তার;
আবার সোনার টোপ,
এমনি চুপি চুপি
চট্ করে ভুলে নেঁথে
বাঘাডরা টাক তার!

(৮)

কলমা দিয়ে ঢেকে বাঁকন হস্তকে
চিত্রুনি চালায় সে যে টাকেডরা মস্তকে;
পঞ্চম বাঁশী করে বারকতায় গান গায়,
শুনে পাড়াপড়শীর জনমন প্রাণ ধায়;
বিছিরি লাগে চোখে নিজের শ্রীমুখকেই,
চোখ বুজে লেচ্ করে আয়নার সামনেই।
এমনি সে অদ্ভুত আপনহারা খেয়ালী।
নাম তার বলব না, থাক সেটা হেয়ালি।

(৯)

সাপ খেলাবার বাঁশী বাজাই
বাঘ খেলাতে সখ্যে মরে।
এই আশাতেই সময় কাটে ;
চাঁদমামাকে দেখতে পাবো
সুবিমামা বললে পরে।

(১০)

রামচন্দ্রের হয়েছিল
চোদ্দ বছর বনবাস,
পরান্নের তাই চোদ্দ বছর
লাখিয়েছিলেন কৃত্তিবাস,
তাই তো সবেই লিখেছিলেন
সেতারে এবং মহৎ
চোদ্দ লাইনে। এ সব কথা
তোমরা কি কেউ জানতে?

(১১)

কখনো করেছিলেন
কখনবের ছেলের হরতে।
হরতো তখন ঘণ্টা বাজে
অতীতে সেই পাকা প্রাচে।
কখনকে মারতে শ্রীরাম
করেছিলেন যাহার পূজা,
তিনি ছিলেন এবং অজও
অজেয় ভোলা মহাবুজা।

প্রদ্যুম্ন বন্দ্যোপাধ্যায়

# প্রতীক্ষা বা প্রেমিকা হে

রচনা: হরিদা

হেমন্তকালের তুলতুলিছে নামছে সন্ধ্যা কোলাহল থেকে কোলাহল
ডুবছে নিঃশেষে হে প্রতীক্ষা, যাবে এখন? শেষ হলো সময়
একটানা তো ঘণ্টা বাজবে! ভেঙে হলে—যাও—

বয়স বেড়ের সঙ্গে যৌবনের পার্থক্য অনেক। অনিচ্ছায়
বর্ষেছে বাস্তব। মুহূর্মুহু ঘণ্টা কেঁদে উঠছে—
সময় আমার দেয়া-নেয়া কারবারের নয়। যাবে এখন যাও—

উৎসবের সোরগোল সবার থাকে না সবার বুকের মধ্যে
উৎসব নতুন হয় না নিজের দিনে—ভেলেন্টাইন বা বারফাস্টন
তুলে না অনেক দীর্ঘশ্বাস আজকাল তবু
ফিরে চোলা এবং চলে যাওয়া সময়ের শব্দ বুকের মধ্যে যেন যাকৃতমা—
হে প্রতীক্ষা, যাবে এখন? যাও—

পাতা বেয়েছেন খোলার মতো দাদা চেহারা মধ্যে প্রাচীন আকাশ
যেন অবসর কিন্তু কোনো কথাতে তার স্থিতি দীর্ঘ নয়। নাম্বো
পালিয়ে যাচ্ছে কোলাহল তাকে ধরতে
আর যৌবনের বিপরীতের দিকে—
হে প্রতীক্ষা, কেন দাঁড়িয়ে রইলে! তুমিও যাও
বয়স আর যৌবনের মধ্যে পার্থক্য অনেক.....

# আত্মসাৎ

রচনা: মুখোপাধ্যায়

আমার নিজস্ব কিছু নেই
যা কিছু নিজের আছে
সব কিছু পরস্ব আহৃত
আমি এক পরভৃত প্রাণী
তবু আমি চৌর্য অপরাধে নই
লজ্জিত পীড়িত
চাঁদও যখন করে
সূর্যের গচ্ছিত সম্পদ
যে আলোক জ্যোৎস্নাময়
কঠিন মিত্তি ভেদে
মধু হয়ে দ্রবিত গলিত
পরস্ব নিজস্ব করা
সেও এক গুণ
যে জানে না আত্মসাৎ
করে নিতে
এই যাদু এই ছল
পৃথ্বী তার কপালেতে
জেলে দেয় মৃত্যুর আগুন

# পোস্টম্যান

রচনা: হর

দুটাকের উৎসব রেখে পরস্পর কড়া নেড়ে
পোস্টম্যান ডেকে যায় : চিঠি আছে চিঠি
সে এক আশ্চর্য সুর যেন অলৌকিক কোনো কণ্ঠস্বর
বাড়ি বাড়ি ফিরি করে, নাড়া দেয় মনের ভিতর
পোস্টম্যান আর তার চিঠি।

কার চিঠি, কার হাতে লেখা!
কোথায় ঠিকানা তার কেনোদিন হবে না তা লেখা
রৌদ্রের লেফাফা ভরে অক্ষরের এই আকুলতা
প্রতিদিন পোস্টম্যান তুলিতেছি বয়ে নিয়ে আসে
কেন আসে? এ বৈশাখে কার কাছে ছিল তার কথা?

চক্ষুহীন মৃতব্যক্তি পাখিদের ডাকে আজ ঘুমে
অসংখ্য পাতার মতো মর্মান্তিক চিঠিগুলো
এলোমেলো পড়ে থাকে পথে।

# শ্লোক

রচনা: মুকুল দে

অনেক জলের দাম মুছে ফেলা যায়
কত চিহ্ন ওঠে না বর্ষাও
কিছু দাগ অকলঙ্ক বিবিক্ত আত্মার
স্মৃতিময় স্মৃতিতে অকীর্ণ।

অনেক অতলী থেকে তুলে আনা ফুল
পড়ে থাকে হৃদয়ের সোপানে
অন্ত মানুষী তার আশ্চর্য নির্ভুল
এনে দেয় চিত্র-সন্নিধানে।

অনেক আদর কথা ভুলে থাকা যায়
উদাসীন, নির্মম শরীরে
একটি আশ্চর্য স্তব কি ভালোবাসার
ঢাকা থাকে বুকের গভীরে।

# লিমেরিক

ঊষারঞ্জন মুখোপাধ্যায়

লিমেরিক জানতে চেয়ে হলে আইরিশদের এক বয়সের ইংরেজী ছড়াগুলো যা অবশ্যেষে নিলেছে। অবশ্যি তাদের জাতীয় ছেলে ভুলানো ছড়া থেকেই এর উৎপত্তি। ফ্রেঞ্চ তাঁর মার্সিয়ারের (৪০—১০৪ খ্রি) সেরা ছোট ছোট অংশ প্রথম 'এডিপাস' লিমেরিকের প্রধান প্রেরণা। আমাদেরকের এক পুরনো পত্রিকায় এর লিমেরিক। সেখানে ১৬১১ খৃষ্টাব্দে মার্কাটির ব্রহ্মদিল ভাইরিল চিত্রের। তবে পড়াই করতে হয় অবশ্যি ছেলে। তবেই ই ছেলে থেকে মার্কি প্রথম আমাদের আর্থিক ই ছড়া। আমরা আরও পড়ে, লিমেরিক পড়ার ছিলের পরে উপলক্ষে সভার প্রথম মুখপেরে এমন পান আইরো—'আরা, লিমেরিক পর্শন আমরে ছো? তার থেকেই মার্কি লিমেরিকের উৎপত্তি। ইংরেজী ভাষায় প্রথম ছেলে অবশ্যেই লিমেরিক লেখার পাওয়া যায়—বি হিপ্পী এর লিমেরিক ইয়োরেন্ট' প্রকাশ সংখ্যায় (১৮৭০ খ্রি:)। এর লিমেরিকের অনুকরণীয় প্রথম এডওয়ার্ড লিয়ার (১৮১২—৮৮ খ্রি)।

•

মেলায় কিনু বড়ো টাকায় কিনলো হোয়াপাখি;
মত দেখল "ভয়ে ভূত", কয় না কিছুই ডাকি,
রাজার হকম করে চেষ্টা
হাল ছেড়েছে যেই শেষটা
অম্ল হঠাৎ—"এত কমে বাকি কোটে নাকি"?

•

চেনেন বাকি সাতেরাদাহির বিদ্যাবাগীশ অনুকে?
ঠিকটে দেখেন চিকোমো আর তিনি এঁড়ে হকে!
মুখের ছেরেও তাই তো শুনি
আসল মনে কী বকুনি!
শিল্পী বলেন, "অনেকও যে ছড়েন নাকো পড়ে!"

•

কিনে এনে ছইবোল ভাবছিল চন্দ
চিনিয়ে দেবেক খান, মুখুয়ে, আকন্দ,
কুকুরে হলে শব
খেতে দিয়ে চিপিটক
গলায় আইকে, অহো, হল হয় বন্ধ!

•

বেয়াল্লিশের ইয়ালি বাবার অনেক শুনি কিরা
ইয়ালি ছাড়া অন্য বাবার বাবার যে অপত্যা
তাবৎ গালা তাই সকালে
তোফুলে পড়ে তালে চলে
অমুরেরা বলে, 'চালা, আপদুলে কি নয় মুখো!'

•

নামজাদা পালোয়ান ছমরুদ্দ তেওয়ারী
কিনেছিল নানা পাঁচ খানদানী রেওয়াজ-ই
মনে ছিল তবু দুখ
হয় না বহুৎ সুখ
খায় তাই সরষে পাঁচ কিলো রেওয়াজই!

•

বলো তো হে, কোনটা আগে, কোনটা এলো পোড়ায়—
মুরগি? না তার আন্ডা? ওহে, ছাপার মাথা ঘোরায়!
তর্ক বাধায় শিখা গুহে
কোনটা ডিমে কোনটা মুহে
পায় না হদিস, তাই কি দেবে ঘুরেই মাথা মোড়ায়?

ভাঁড়ুদত্ত বোসী

•

কলমের কোন কালে ছিল কি কল রব?
সীতা এবা সুপর্ণখার ভাই ছিল নয়?
এরাবিব গবেষণার
তিনি দেখেন ছবিটা ঘর
আপাতত খুঁজে বেড়ান কিংকলার পথ!

•

ঘুরে ঘুরে চার ঘর, হতে পারে দুই,
বার দিলে দুইই বড়ো—তাঁকিঝুঁকি, সুধ!
কখন কোনটা মনে
পাবো কেন্দ্র প্রতিবনে
ঠাওর কি বাবস্থা—লেপ, না ওয়ুধ?

•

দুরুদুরু, দুরুদুরু, দুরুদুরু, বক্ষমাঝ
পড়লো কি বজ্র তবে? এ কি তার গর্জন?
বোতলের ভাঙাটা
নিছেন কাছেটা
এটা তার প্রাকটিস্, সকলে নিশ্চুপ!

•

দেখিয়ে বকলমির এক পোলভল্টে
কেউ ভয়ে শুনি হাসেন অলটে,
তাঁর মত খুঁজে
তাকে নি তো মুনিয়ে
খানিক তাঁর জন্য তবু ডিপার্টমেন্ট ভল্টে!



ত্রিদিবরঞ্জন

# ছদ্মবেশ

অমলাদ চক্রবর্তী

খুব সামান্য একটা জিনিষ
লুকোতে চেয়েছি। কিন্তু তার ফলে
প্রকাশ হয়ে পড়েছে বিশ্বব্রহ্মাণ্ড।
সামান্য শব্দোচ্চারণে—
উচ্চারিত সামান্য কয়েকটি শব্দ
বা উদ্ভাসিত হবেই—
তার ফলে সৃষ্টি করছি
সহস্র অভিধান-উচ্চারণ শব্দ,
এবং হাত পাচ্ছি ঘরে ঘরে
শব্দোবাহুল্য উপমা ও চয়ন উদ্রেককর কাব্য.
যেন বিদেশিনী কথামালার দেশে
এক বিদেশী।
অসংখ্য ধ্বনির মধ্যে প্রবেশ
একটি সামান্য প্রতিধ্বনি আকাশ থাকবে ভেবে
পাহাড় মেঘ সমুদ্র এবং সমুদ্রফেনা
কুয়াশা এবং আকাশগঙ্গার নির্ঘোষ পর্যন্ত
সর্বত্র আমরা ঘুরে বেড়াচ্ছি
হয় পায়ে, নয় স্কুটারে, নয় ট্রেনে, নয় এরোপ্লেনে,
বেশির ভাগ যাচ্ছি
বৃষ্টির সঙ্গে জলাবাড়ি খেলতে,
শিশুদিনের জন্যেতে ঢোল বেলতে আজও—
আমরা কী করছি তার কী করছি না!

আসলে ধরা দেবো না পণ করে
ধরা দিচ্ছি সর্বত্র, এমন কি
পাঠশালায় ঘুড়িটাও গানগান এগিয়ে
সন্তানদের সঙ্গে জুড়ে দিচ্ছে
সমবেত হাসি—যেন এক টুকরো নির্ঝর।

এই পথ এই চিরকালীন নিরিখেরী
এদের কাছে লুকোনো থাকেনি কিছুই,
এরা আমরা এটাই বোঝা যে
নির্জনতাকে নিরাপদ ভেবে ঠিক এইখানে
এই চিরকালীন নিরিখেরী ও অরণ্যের মধ্যে,
যেখানে ঘুমন ও প্রতিধ্বনি মুখোমুখি
এসে দাঁড়িয়েছি। এখন
বুকের মধ্যে নিজস্ব ছাড়া অন্যজনের
আর কোনো ছদ্মবেশ নেই।

সামান্য এই যে
যা লুকোতে চাইনি
তাও খুব সামান্য একটা জিনিষ নয়।



# আমার দুঃখ/আমার দেশ

পরমানন্দ সরস্বতী

১

আমার বন্ধুর নাম
—দুঃখ।
চোখ নেই
কান নেই
হাত-পা নেই তার
নেই রক্ত মাংস হাড়
সে আমার
শিশু শিশু ঘোরে
কখনো বিশাল বৃক্ষের মত
বুকে ভয় করে।

২

চোখ নেই কান নেই
বিকলাঙ্গ সভ্যতার
বুকের গভীর খোঁড়া গোয়ার
এক জোড়া ঘোর অন্ধকার
রাস্তার ভুতুরে চিৎকার
চতুর্দিকে দুর্নীতির হাড়
প্রতিটিকের নষ্ট ঘুমে
অসংখ্য মাছির সংসার।

# লিমেরিক

সৌভেন বিশ্বাস

গহনের বাড়ীর বিলাসঘরে ফ্রেঞ্চ্‌উইন্ডোর পর্দাগুলো
শহরের আধো ঘুমের মধ্যেও হাতোধানেক গহনের খোলা
হাওয়াতে লাফিয়ে ওঠেন
গায়ত্রী পরে আঁকেন ফ্রেঞ্চেন
বৃষ্টি হলে গহন চড়ে কেতন গান বাজিয়ে খেলা॥

•

কামনার দিবিয়ার কি তীব্র হুঁচোনাই
ফকীর সাহেবের কাছেও যাওয়া চাই
একদিন শীতকালে
কি একটা ঘুরে ফেলে
সেই যে নদীতে যাওয়া, তারপর খোঁজ নাই॥

•

কলকাতা শহরের নিয়মগুলো নামচাক,
দেরো লোক সিদ্ধ তবে—একবার যাওয়া যায়।
গাড়ী হাওড়ার ধারে
সিদ্ধ ওরে ওরে নারে—
ঝাইরে বোঝাই দেখে ঘরে গেছে টাকা তার॥

# স্মরণে

দেবপ্রসাদ ঘোষিক

সন্ধ্যেবেলা ডাকবাড়ি
বিশ্বজোড়া ছিমছাম শিশুর তোলানাম
ভেসে না সে অন্তর্দাহে
কিংবা কোন বিষের জ্বালায়
এমন কি বেদনায়ও নয়।
সব তার জানা ছিল বিশ্লিষ্ট সময়।

সন্ধ্যেবেলা ঘরে ফেরে
বৈশাখ-সোনালু লাগে গায়।
বুঝি আমি সেখানে দাঁড়িয়ে
সেখানে পৌঁছতে যদু ঘাম পরিষ্কার
ধারা করে নেয়া তার।
নিবেদনী হয়ে আসে অনেক প্রমাণ।

সেদিনের মালা নেই
তোলা সাজিতে আমি কত মিথ্যে আলা পথ চেয়ে।
সন্ধ্যেবেলা ডাকবাড়ি
ঘরের সন্ধ্যার শান্তি মেয় ছেড়ে
এবং কৃষ্ণচূড়ার টিহিতে বিশেষ কোন দিনে
অতীতের আজন্মরা বর্তমানে নিতে চায় কিনে।

# শুধু নাম

অনীতা সেনগুপ্ত

যা দিয়েছো তাই থাক,
যা দিয়েছো অনেক তো সেই—
সংযোজন অকারণে, মনের-ভবনে
পুনর্লেখার প্রয়োজন নেই।

তোমার প্রচণ্ড ঝড়ে ঘরে পড়ে গেছে প্রাঙ্গণের—
একটু বকুল
এ ঘর কিছুই নেবেনি, স্বর্গে না চলে যা।
তারপরে, কী ফেলো চুরি?
শুধু এসে চৌকাঠে দাঁড়িয়ে—
জীবন, মরণ, পাঁচের মজবুরি
ঘরে নেয়। অনন্ত বাড়ায়
ঠিকানা-বদলানো যায়
ভুল মনে, ভুল ঠিকানায়—
একটু বকুল।

এ আর এমন কি চেয়ে? শুধু নাম।
স্বর্গে না, চলে না।

# দাও কিছু উষ্ণ রূপ

পলাশ মিত্র

ঈশ্বর, পারো যদি আরো কিছু আজ দিতে পারো
আজ মনে হয় চোখের কোলে যেন থাকে লুকানো মন কেমন যায়
বন্ধ ঠোঁটেরা যেন শব্দে-শব্দে হয়ে যুক্ত
আজ মনে কিছু প্রেম অবশ্যই কিছু বাঁচোয়া।

জ্যোতিপ্রকাশ ঘোষ

ঈশ্বর, ক্ষমা করো ভুল নয় : মনে-মনে তারা বড় প্রত্যাশার সাথে
বুকের ভিতরে বসে রক্তে-রক্তে সব কুরে খায় :
ঈশ্বর, আজ মনে কিছু-কিছু বিবেচনা দাও
দেখে যেন কিছু বুঝি কি যে আছে সুখের বেসাতে।

ঈশ্বর, আরো কিছু আজ দাও সহজ বিচার
শিরায় স্পন্দনে যাও, নড়াতে হবের সফলতা
এত কাল অহংয়ের নেশা দিয়ে সাজানো মানুষ
শুধুই কঠিন বোকা আজ যেন ঠকবার খেলা :

যাও কিছু উষ্ণ রূপ দে ঈশ্বর, যাও এইবেলা।

# কথা ছিল

শোভন পাঠক

কথা ছিল সব ফেলে : সে কিছুটা সুগন্ধি নিশ্বাস
চুলেচুলে ভরে দিয়ে চলে যাবে, এই প্রত্যাবর্তে;
এই আয়োজন নাম ভালবাসা—ফুল, নদী, ঘাস
এর জন্যে জীবনব্যাপী, এই জন্যে সহজে বাঁচাবো।

কথামতো সব ফেলে চলে সে আমার হাত ধরে
শরীর নদীর সেই লজ্জাবতী সুখঘাট বানাবে
নিয়ে গেল; আর আমি প্রণামত সুখের অসুখে
প্রাণপ্রদীপের জীর্ণ খোলস ছোটোটো ভুল করে

কপালী আঁচলে তার নিজেই দিয়েছি ঢেকে। সেই
মোহনের তাপটুকু সন্ধ্যাতীর মতো নিয়ে হৃদয়ে
সে চলেছে। এই স্পর্শ, শুধু তার শুধু তোমাদেরই
সন্দেহে বিরোধ ভুলে সময়ের নয় অপব্যয়ে।

যেতে যেতে এলোচুল বাতাসে উড়িয়ে দিয়ে তার
চলে গেল। এই আজ, এই মেঘ, এই অন্ধকার।

মেঘ



আকাশবাণী কলকাতা কেন্দ্র থেকে প্রচারিত বিশেষ সঙ্গীতানুষ্ঠানে অংশ গ্রহণ করছেন (বাঁ দিক থেকে) অমলেন্দুবিকাশ রায়চৌধুরী, অনীমা ভট্টাচার্য এবং বিমলভূষণ

# আকাশবাণী কলকাতা ঃ বিবিধ ভারতী



আনোনানুষ্ঠান রবীন্দ্রনাথের 'শেষরক্ষা' নাটকে অংশগ্রহণ করেন (বাঁদিক থেকে) বিশ্বদেব শাহা, অনীশ রায়, কৃষ্ণকুল দে, তরুণ চক্রবর্তী, ইন্দ্রা সেন, মোহনলাল মুখোপাধ্যায়, দেবাশিস মৌলিক ও রমেন্দ্রনাথ রায়চৌধুরী (প্রযোজক)

## পরলোকে প্রণব রায়

কমলা ঝরিয়ার কণ্ঠে 'ও বিদেশী বন্ধু' গানটি এককালে লোকের মুখে মুখে ফিরতো। এই গানটি নিয়েই তিরিশের দশকের প্রথম দিকে গীতিকার হিসেবে প্রণব রায়ের সংগীত জগতে প্রবেশ।

বাঁড়শার বিখ্যাত সাবর্ণ রায়চৌধুরী বংশে প্রণব রায়ের জন্ম ১৩১৮ সনের ১৯ অগ্রহায়ণ। শিক্ষা রাজা বয়েজ স্কুল ও সিটি কলেজে। ছাত্র হিসেবে সুনাম ছিল যথেষ্ট। কিন্তু গানবাজনা এবং একই সঙ্গে সাহিত্যসৃষ্টির তাগিদ তাঁকে আকর্ষণ করে। 'বিশ্বদূত' পত্রিকায় প্রকাশিত 'কমরেড' কবিতাটির জন্যে কারাবরণ করতে হয় প্রণব রায়কে। আর এই স্বদেশী আন্দোলনের যোগসূত্রেই কাজী নজরুলের সঙ্গে পরিচয়। তিনিই, বলতে গেলে, প্রণব রায়কে গানের জগতে নিয়ে আসেন।

পরবর্তী চল্লিশ বছর ধরে তিনি চলচ্চিত্র পরিচালনা করেছেন, চিত্রনাট্য লিখেছেন। রেকর্ড ও ছায়াছবির জন্য লিখেছেন অজস্র জনপ্রিয় গান। পুরস্কার পেয়েছেন বি, এম, পি, এ, ও বি, এস, এফ, এ-র শ্রেষ্ঠ গীতিকার হিসেবে। পেয়েছেন 'উদয়োরথ' পুরস্কারও। গত ২২ শ্রাবণ ১৩৮২ বিকেলে, প্রায় আড়াই হাজার গানের রচয়িতা, রহস্যরোমাঞ্চ পত্রিকার প্রতিষ্ঠাতা প্রণব রায় পরলোক গমন করেন।

—বিমলভূষণ

রম্যরচনা

# শারদীয়া

## সূচীপত্র


| | পৃষ্ঠা |
|---|---|
| দেব না পণ দেব না পণ—প্রমথনাথ বিশী | ২১১ |
| মাইকাবতার—কুমারেশ ঘোষ | ২১৪ |
| বড়লোকের বড় আরাম—শ্রীবিরূপাক্ষ | ২১৬ |
| পেরিয়ে এলেম অন্তবিহীন পথ—সবিতা সেনগুপ্ত ... | ২১৮ |
| স্বপ্নদর্শন—তারাপদ ভট্টাচার্য | ৩০৬ |
| নারীমূর্তি—দিলীপকুমার সেনগুপ্ত | ৩০৯ |
| অন্তরে পেয়েছি লাজ—নির্মল সেনগুপ্ত | ৩১০ |




পাত্রী সুশিক্ষিতা ও সুরূপা কাজেই এক বাক্যেই পছন্দ হয়ে গেল, পাত্রের পিতা বললেন, 'মা লক্ষ্মী, তুমি এবার এসো, আমরা ঘরেই তোমাকে নেবো, বাইরে চিনে রাখো।'

পাত্রী মৃদু হেসে পাত্রের পিতাকে ও নিজ পিতাকে প্রণাম করে প্রস্থান করলেন, ঘরে তৃতীয় ব্যক্তি ছিল না। পাত্রের পিতাকে আগেই জবাবদিহি করানো হয়ে গিয়েছিল—বাক্যের কথা উঠতে বাধা ছিল না।

পাত্রের পিতা কনকবাবু বললেন 'আপনার মেয়েটি একদম লক্ষ্মী সরস্বতী। এ মেয়ে আমি নেবোই, দিন চটপট কথাবার্তা সেরে নিন।'

পাত্রীর পিতা হরিচরণবাবু বললেন, 'মেয়ে যদি নেন, নিশ্চয়ই নেবেন। তবে আমার একটু অনুরোধ আছে।'

—আবার অনুরোধ কি? এর মধ্যে অনুরোধের বিষয় আসছে না।'

হরিচরণবাবু বললেন, 'অনুরোধ না বলে অনুনয় বলা উচিত ছিল। প্রকৃত ব্যাপার হচ্ছে যে পণ দেবার পক্ষে আমার বাধা আছে, আমার স্ত্রী এই মহল্লার 'পণ নেবো না, পণ দেবোনা' সমিতির সেক্রেটারি।'

—কি আশ্চর্য, কি রকম যোগাযোগ দেখুন না প্রজাপতির। আমার স্ত্রীও আমাদের পাড়ার 'পণ নেবো না, পণ দেবো না' সমিতির, অবশ্য সেক্রেটারি নন, সভাপতি। তিনি আবার ঘটা করে লেটার হেডিং-এ ছেপে দিয়েছেন, "বিনা পণে বিয়ে দিয়া, এ কোন্ বাজারে! কোন্ মুখে চাও এবে দশটি হাজার।"

—বাঃ চমৎকার মানিয়েছে। কবিগুরুর লেখা বুঝি।'

রামদয়ালবাবু বললেন, 'হয়েছে ঠিক। বুঝলেন হরিচরণবাবু এবারে পণ প্রথা না উঠে যায় না, পাড়ার পাড়ায় 'পণ নেবো না পণ দেবো না' সমিতি, সমস্ত মেয়েরা সভ্য। পুরুষদের সাধ্য কি পণ দাবী করে!'

তারপর তিনি হেসে উঠে বললেন, 'এবারে মায়েদের পড়তা লেগে বিয়ের বয়সী ছেলেদের মুখ শুকিয়ে গিয়েছে।' আবার হেসে উঠে বললেন, 'তাহলে ভালই আমাদের বিয়েটা অনেক আগে হয়ে গিয়েছিল নইলে ফাঁকিতে পড়তে হতো।'

হরিচরণবাবু বললেন, 'পণের টাকা তো কাজ করে—সাজের কেবল সাক্ষী গোপাল সাজা।'

—তা বটে' তাহলে আমাদের দু পক্ষেই নীতি এক, তা ছাড়া আপনার মেয়ে, ঐ তো কোলাজ, এক নম্বর লক্ষ্মী সরস্বতী।'

—কিন্তু কিছু তো দিতে হবে।'

—তা হবে বই কি! একশবার সুনাম আছে, মেয়ের সমাদর আছে, তবে কি না নগদ নারায়ণ।'

এত স্পষ্ট স্বীকারোক্তির পরেও হরিচরণবাবু স্বস্তিত পারিলেন না। মধুর বাক্যের জন্য তাঁর অজানা নয়—এই রকম মধুর বাক্য বর্ষণ করেই তিনি অর্থ মুদ্রা সঞ্চয় করেছেন। তা ছাড়া নিজের পুত্রের বিবাহের জন্য সস্ত্রীক ঘরে বৌভাত, আদরআর ও প্রথমী প্রভৃতির যে তালিকাটি প্রস্তুত করেছেন সে একখানা হাজোতিহাসিক কেতাবের চেয়ে কম দীর্ঘ নয়। অবশ্য পণের দাবী নেই, তবে না, "পণ নেবো না পণ দেবো না" সমিতির সেক্রেটারি তাঁর পত্নী, অর সুবিধা মতো জোগান খুঁজে না পেয়ে সাজোপে লেটার হেডে ছেপে দিয়েছেন "আবার পণ! ছিঃ!"

হরিচরণবাবু যখন এই সব কথা ভাবছিলেন, রামদয়াল তখন পকেট

[illegible] দিয়ে তিনি পরে বিবাহের চাহিদার তালিকাখানির সংশোধন করছিলেন, এক একবার মনে হচ্ছিল দুটি ছোট একখানি পাখের জিজ্ঞাসারী। কিন্তু বুঝা সম্ভোচ ভালুকের লক্ষণ—আর রামধরালবাবু আর যাই হোন ভালুকের মন বুঝতে ইন্দ্রিজবাবুর কাছে।

'এই যে মেয়েরা' বলে রামধরালবাবু যেই পাতটি জিজ্ঞাসারীর কাছে সম্পাদনটি যেন করলেন সেই কাগজটি নেবে নিজের অজ্ঞাতসারে ইন্দ্রিজবাবুর মুখ দিয়ে যেন হয়ে গেল (না জিজ্ঞাসারী নয়) দুটি বাক্য!

চশমাটাকে উজ্জ্বলের ঘটিকরা করে ঘরে ঢোক গিলে পাশে বসে ছিলেন পাত্রের পিতা, 'যত যেন বলেছেন।'

চশমাটা পকেটে ফিরে গেছে রামধরালবাবু বললেন, 'সামান্য দাবী দাওয়া না করলে নয়—তাই কিছু করা হয়েছে, ২/১ হাজার বাদ দিয়ে চান তো আপত্তি নেই।'

এই বলে তিনি ভদ্রলোকের হাতে দিলেন। ইন্দ্রিজবাবু তালিকাখানি খুঁটিয়ে পড়বার আগে এক নজরে তাকিয়ে দেখলেন চাহিদার ধারা "ক" অক্ষর থেকে নামতে আরম্ভ করে "ঙ" পর্যন্ত গেছে। ইন্দ্রিজবাবুর মনে হল আর কটা বাঞ্জনবর্ণ বাকি থাকে কেন? ঠিক সেই সময় রামধরালবাবু তাবছিলেন অবশিষ্টগুলো বাদ পড়ে গিয়েছে—তাদের সে-সব না হয়ে পারিশিষ্ট আকারেই দেওয়া যাবে, তাতে খুব অসিধিতা হবে না, অর্থেক হাতে কিছু শেষ হয়েছেও জানো অবশিষ্ট রাখা ভালো। সত্য কথা বলতে কি পছন্দের প্রসঙ্গ তোলাও নাই।

সেই সুদীর্ঘ তালিকা এখানে সন্নিবেশ উপায় করে দিলে অনেক পণ্ড দেবো না পণ্ড দেবো না' সমিতির সদস্যদের উপকার হতো, তবে যাঁরা নিঃসন্তান, বা যাঁদের সন্তানের বিবাহ হয়ে গিয়েছে তাঁদের বিশেষ উপকার করবে তবে অবশ্যই মাত্র বিয়ের উপকার করবো।

(ক) অলঙ্কার — যিনি সোনার পক্ষপাতী। অবশ্য গহনা চলবে না, তবে ঐ পক্ষপাতী ভদ্রের উপরি বিয়ে আপত্তি নাই
(খ) গরদের আলমারি ২টি
(গ) ড্রেসিং টেবিল
(ঘ) সোফা সেটি
(ঙ) পালঙ্ক সেট
(চ) রেডি ক্যাশ (আলমারি সরকারী হিসাবে)
(ছ) বাসন তিন সেট, ফুলদান, কাঁসার এবং উৎকৃষ্ট চীনামাটির
(জ) ঘরের ঠাকুর ও গ্রাম সুদ্ধ, তিন জোড়া
(ঝ) সোনার হাত ঘড়ি
(ঞ) মুক্তার মোহার
(ট) মোটর গাড়ী ২ খানা
(ঠ) মোটর বাইক ১ খানা
(ড) রবীন্দ্র রচনাবলী এক সেট (চামড়ার বাঁধানো)
(ঢ) ঐ শরৎ গ্রন্থাবলী (তর্কালিত হলে)
(ণ) রেডিও যন্ত্র
(ত) টেপ রেকর্ডার
(থ) টি. ভি. সেট
(দ) পুস্তকাবলীর আলমারী (মেহগনি কাঠের) ১০টি
(ধ) ঐতিহ্যের জন্য পাতের পছন্দ মতো পুস্তক
(ন) প্রসাধনী পছন্দ সেট—
দিবি শাড়ুড়ী, শাড়ুড়ী, খুড় শাড়ুড়ী, ভেঠ শাড়ুড়ী প্রভৃতি এবং আদি পিসি, বুড়ি ভেঠি প্রভৃতি তথা পাতানো মাসি পিসি বুড়ি ভেঠি দিদি
(প) নগদ পাঁচলিশ ৮০ হাজার
(ফ—ঙ) অজানা

সর্বশেষে মন্তব্য 'পণ নেবো না, পণ নেবো না।'

যখন ইন্দ্রিজবাবু এই তালিকা পাঠ করছিলেন তখন সম্মুখে আসনা না থাকায় নিজের মুখের প্রতিবিম্ব দেখতে পাচ্ছিলেন না বটে, তবে রামধরালবাবু দেখছিলেন। তাঁর মনে হল বোধ করি অকস্মাৎ চাপানো হয়নি, আরও কিছু তার সজ্জা হতো। অবশেষে প্রশ্ন সুপ্তোত্থিত ইন্দ্রিজবাবুর ভেটুর চিকিৎসাধিন অবশিষ্ট ছিল তাতে নূতন কিছু-দর্শন সোফার তাঁর পুত্রের বিবাহের তালিকায় আরও কয়েকটি আইটেম যোগ করবার অবকাশ এখনো আছে।

রামধরালবাবু বললেন, 'খুব হাল্কা করেই তৈরি করেছি, যা দাবার।'

—না এসব কিছু বেশি হয়নি, তবে জিনা এখনো ওঁদেরকে সঙ্গে পরামর্শ করতে হবে।'

—তা হবে বৈকি। বিশেষ তিনি যখন 'পণ নেবো না পণ দেবো না' সমিতির সেক্রেটারি। আর এ তালিকাখানাও আমার স্ত্রীর বিনি নাকি 'পণ নেবো না পণ দেবো না' সমিতির সভাপতি। এই দেখুন তাঁর স্বাক্ষর! আপনার স্ত্রী হলেও একটা সই করে দাও, তবে তো লোকে বিশ্বাস করবে যে হাল্কা করে তৈরি করেছ।'

এই বলে নিজের রসিকতায় হেসে উঠে বললেন, 'যাক তবে উঠি, তবে নিশ্চয় জানবেন ইন্দ্রিজবাবু এ ছেলে আমার ঘরে আসবেই যাবে—তদ্বাপত্তির সম্ভাবনা লিখিত বিধান।'

রামধরালবাবু বিদায় হয়ে গেলে ইন্দ্রিজবাবু টেনেনে টেনেনে পাশের ঘরে শয্যায় এসে হুমড়ি খেয়ে পড়লেন। পাঠক বিস্মিত হবেন না, ইন্দ্রমতী সামান্য ফুলের আঘাতে নাকি দিয়েছিল, আর ইন্দ্রিজবাবুর তো যায় মূর্ছা, তার কারণ এই তালিকা ফুলের চেয়েও হাল্কা। ইন্দ্রিজবাবুর পতনের সঙ্গে সঙ্গে স্ত্রী পড়ে জলা জল ও স্মেলিং সল্ট নিয়ে ছুটে এলো। স্ত্রী জিজ্ঞাসা করলেন 'কি হয়েছে?'

দুর্বল ইন্দ্রিজবাবু সংক্ষেপে কাতরতার কেবল একটি মাত্র শব্দ উচ্চারণ করলেন—'চ ও কিন্তু ন।'

জিনা অনেকক্ষণ কেঁদে কেঁদে ঘুমিয়ে পড়েছে, রাত্রের হাতের আর সব সম্বল যখন ফুরিয়ে যায় তখনো ফুরোয় না চোখের জল। দুর্ঘটনার পরে ইন্দ্রিজবাবু যখন পণ্ডদীন বিবাহের তর্কথানা স্ত্রীকে বোঝিয়ে সমস্ত বিকল সোনাদিয়ালের আড়াল থেকে সব শুনেছে জিনা আর বুঝেছে লক্ষ টাকার উপর পক্ষ করে বিবাহ দেওয়া তার বাবার পক্ষে সম্ভব নয়, আর উচিতও নয়। তারপরে তার ঘরের মুখে মহিলা সমাজে প্রচলিত অভিধানের সুস্রাব্য অসংলগ্ন গালা-গালির বহর যখন শুনেছে তখন এখানে বিবাহের আশায় জলাঞ্জলি দিয়েছে। তখন মনে পড়লো অমিয়র কথা। অমিয় এ কী করলো। তারা দুজনে একসঙ্গে এক কলেজে পড়েছে, অবশেষে এক সঙ্গে পাশ করেছে এম-এ: স্পষ্ট করে না বলেও আড়ালে দুজনের মধ্যে বিয়ের কথা হয়েছে। তারপরে প্রতিযোগিতা-মূলক পরীক্ষায় পাশ করে কেন্দ্রীয় সরকারের লোভনীয় চাকরি যখন পেলো অমিয় স্পষ্ট করে প্রস্তাব করলো মিনার কাছে।

মিনা বলে, 'তোমার বাবা যা যে পণ দাবী করবেন, বাবার পক্ষে দেওয়া তা সম্ভব হবে না।'

—এক পয়সাও যাতে দাবী না করতে পারেন তার ব্যবস্থা করেছি। পাড়ার মেয়েদের মধ্যে ক্যানভাস করে মাকে জোগাড় "পণ নেবো না পণ দেবো না" সমিতির সভাপতি করে দিয়েছি, এখন তাঁর পক্ষে পণ দেওয়া অসম্ভব।'

উজ্জ্বলে হয়ে উঠল মিনার মুখ। বলে, 'তুমি যা ভালো বোঝো তাই করো।'

অমিয় নিশ্চিন্ত হল। মায়ের কাছে মিনাকে বিবাহের ইচ্ছা জানালো। মা রাজি হলেন কারোই বাধাও রাজি হলেন। সুসংবাদ নিয়ে অমিয়ে এলো মিনাকে। দুজনে মেয়ের ঘরে বসে ফুলেদের ফুলের বাহার দেখতে দেখতে অমিয় হঠাৎ বলে উঠল, 'মিনা আমার কি মনে হয় জানো, ফুলেদের ফুলগুলো দেখেই ঈশ্বর আকাশ কুসুম কল্পনা করেছেন।'

মিনা বলে, 'কেমন করে বলবো ঈশ্বর নই, আর আকাশ কুসুম কখনো দেখিনি।'

—তবে না হয় আমার চোখ দিয়ে দেখো, এর চেয়ে সুন্দর আর কিছু আছে কি?'

মিনা জানে না সত্য কিন্তু সবলেই কবি, আর তখন তার চোখে চন্দ্রের সুন্দর।

ওরা দুজনে যখন চার চোখ এক করে ফুলেদের ফুলে আকাশ কুসুম দেখছিল তখন অমিয়র পিতা মাতা চার চোখ এক করে পণ্ডদীন বিবাহের তর্ক করছিলেন।

তার মা বললে, 'পণ নেবো না, পণ নেবো না ঠিক। কিন্তু তাই বলে যৌতুক, অলঙ্কার, প্রসাধনী ছাড়বো কেন!'

দুশ্চিন্তায় রামধরালবাবু বললেন, 'তর্কথানা কিছু লম্বা হয়ে গেছে! এবে ৫ কিন্তু পর্যন্ত নামিয়েছে।'

—তবে তো সর্বনাশ হয়ে গিয়েছে।'

সত্য কথা বলতে কি, পণ প্রথার মূলে ওঁনারা, আর তা প্রচার করেন এঁনারা।

মিনা ভাবছিল আর ভাবছিল অমিয় কি সব জানে? নিশ্চয়ই জানে না। আবার ভাবলো আমি যেভাবে মেনেছি সেইভাবে সম্ভবত মেনেছে। তবে আমার মতো নিশ্চয় কাঁদিয়ে না, কাঁদবার ছেলে সে নয়, আবার নিজের জন্য ভিজিয়ে নেবার ছেলেও সে নয়। কিন্তু কি করতে পারে অমিয়, কতদূর যেতে পারে, বাপ মায়ের মতের বিরুদ্ধে গিয়ে করতেও কি পারে? সে কি সম্ভব, সে কি উচিত? তার নিজেরও তো ভাই আছে, সে যদি বাপ মায়ের মতের বিরুদ্ধে গিয়ে করে তবে কেমন লাগে তাদের। আহা এই সময়ে অমিয় যদি থাকতো, সব তার সব ভাবনা ফুলে দিত তার হাতে।

কখন ঘুমিয়ে পড়েছে সে। ঘুমিয়ে ঘুমিয়ে স্বপ্ন দেখছে। স্বপ্ন দেখবার সময়ে মানুষের স্বপ্ন বলে বুঝতে পারে না, মাইলে আর স্বপ্ন বলবে কেন। একটি মেয়ে, বয়সে তার চেয়ে কম হবে, সুন্দর, আর কি চমৎকার শাড়িখানা যেন আগুনের সুতো দিয়ে বোনা, মুখমণ্ডল সেই আগুনের আভায় উজ্জ্বল, তার সামনে এসে দাঁড়িয়েছে, এক দৃষ্টে তাকিয়ে আছে তার দিকে। মিনা চেনে না মেয়েটি কে কিন্তু তবু যেন অচেনা নয়, তবে তবে এক সংস্কার যেন দুজনের হৃদয় বাঁধা। সেও তাকিয়ে রইলো মেয়েটির দিকে। এবারে মেয়েটি হাসলো, সে হাসিতেও যেন কোমল আগুনের শিখা।

মেয়েটি শুধোলো, 'তুমি কি ভাবছ?'

মিনা যেন যেন সাহস পেয়েছে—বলে, 'ভাবছি আমার মনের কথা।'

—ওটা কি একটা উত্তর হল। সবারের সব কথাই মুখের, সুখের কথা আর কই?'

—'কেন, অত লোক তো সুখী।'

—'তারা সুখের ভান করে।'

—'আপনিও কি অসুখী?'

আবার সেই খিন্নতে কোমল হাসি। তবে উত্তরটা এড়িয়ে গিয়ে বলল, 'তোমার মুখে আমি সুখের।'

—'কি সুখ বলুন তো।'

—'বিবাহের পর ওঠে উঠছে না—এই তো।'

চমকে উঠে মিনা বলে, 'আপনি কি অন্তর্যামী?'

—'মৃত্যুর পরে সবাই অন্তর্যামী।'

—'মৃত্যুর পরে! মরছে কে?'

—'আমি।'

—'আপনি? আপনাকে তো চিনতে পারছি না।'

—'পারবে কেমন করে; দেশের লোকে আমাকে ভুলে গিয়েছে।'

—'কিছুই তো বুঝতে পারছি না।'

—'পারবে না, অনেক দিন আগেকার কথা, তবে মন দিয়ে শোনো। আমার নাম স্নেহলতা। ঘাট বছর আগেকার কথা। যখন আমার চোদ্দ বছর বয়স হল, তখন ঐ বয়সে বিয়ে না হলে মেয়েদের নিন্দা হতো, পঞ্চাশ টাকা সত্তরের আশায় আমার বাবা হন্যে হয়ে বেড়িয়ে পড়লেন। বাবা ছিলেন গরীব, গরীবকে লোকে উপদেশ দেয় টাকা দেয় না। এমন সময় বাবা ও মায়ের কথাবার্তা আড়াল থেকে শুনতে পেলাম—চড়াদর ছাড়া নাকি উপায় নাই। চমকে উঠলাম। বাবা মা ছোট ছোট ভাইবোন সব নিস্তব্ধ হয়ে শুধু আমার জন্যে। তখনি অন্তর্যামী করলাম আর সেই রাত্রেই কাপড়ে কেরোসিন ঢেলে জেলে আগুনে লাফিয়ে পড়ে সব সমস্যার সমাধান করে দিলাম।'

দুঃস্বপ্নের মিনা শুধায়, 'তারপরে?'

—'তারপরে আর কি। এ রকম অবস্থায় বাঙালী সমাজে যা হয়ে থাকে তাই শুরু হয়ে গেল। কবি কবিতা লিখলো, বাগ্মী বক্তৃতা দিল, চিত্রকর ছবি আঁকলো, সম্পাদক সম্পাদকীয় লিখলো, ছাত্রেরা মিছিল করলো, সমাজসেবীরা আর কিছু ভেবে না পেয়ে সরকারকে গাল দিল। পাঁড়াও আরও আছে। শোনো, গ্রামে গ্রামে স্নেহলতা কাণ্ড উঠলো—

—'সে টাকা পৌঁছলো আপনার বাবার হাতে।'

—'হাতের এক পয়সাও নয়। পাঁড়াও, তামাসার এখানেই শেষ নয়। তারপরে কতদিনে হাজারে হাজারে দুঃখ ছিনের মায় বালক অর্বাচীন গ্রামের আমার করলো পণ যে যো না, পণ দে যো না। আর আমার চিতাভস্ম নিয়ে শ্মশানে এমন কাড়াকাড়ি পড়ে গেল যে কলার মেয়ের মতো এক কণাও অবশিষ্ট রইলো না।'

—'তবে এখনো কেন পণ প্রথা চলছে?'

—'কেন চলবে না। বাঙালী মনকে যদি প্রেত করে তবে।'

—'কিন্তু এবারে পণ প্রথা বেআইনি ঘোষণা হবে, পাড়ায় পাড়ায় "পণ নেবো না, পণ নেবো না" সমিতি।'

—'সেবারেও হয়েছিল। মুরুব্বরা মুখের হুকুম দিয়ে লিখে লেখা করেছিল যা কালীর কাছে, ছেলেরা যত চাইতে সাহস করতো না এখন অভিভাবকের তার চেয়ে অনেক বেশি চায়। আর তা ছাড়া দেখা দেবে পণের বাজারে কালো বাজার, তার ফলে ছেলে বেচে যাবে। আর নগদ টাকা নিলেই পণ, আর ঐ যে তোমার আড়াই হাত নারী কর্মের প্রয়োজনে ও বুঝি কিছু নয়।'

—'এখন কি কর্তব্য,' শুধোয় মিনা।

—'কর্তব্য মেয়েদের হাতে।'

—'না, না, আমার পারবো না!'

—'মরতে কে বলছে তোমাকে। তবে আমি ভুল করেছিলাম, সেই ভুল সংশোধনের জন্যে বাঙালীর নিদ্রায় আমি দেখা দিয়ে যাই, বাঙালী স্বপ্ন বলে উড়িয়ে দেয়।'

—'কিন্তু উপায় তো বললেন না।'

—'উপায় জিজ্ঞাসা করো অধিকারে।'

—'আপনিতো সব জানেন দেখছি।'

—'মৃত্যুর যে ঠিকানায়, এখন আমি চেলাম অধিকারে দেখা দিতে।' এই বলে ছায়া স্বরূপিনী অন্তর্হিত হল।

ঘুম ভেঙে গিয়ে উঠে বসে মিনা। জানলায় দিকে তাকিয়ে দেখে ভোর হয়ে এসেছে। এমন সময়ে টুক করে একটা কাগজের মোড়ক এসে পড়ে কোলের উপরে। বিস্মিত মিনা খুলে দেখে লেখা আছে—"আজ দুপুর আড়াইটার সময়ের সেই ঝাউ গাছটার তলায় উপস্থিত থেকো। অবশ্য অবশ্য। মা।"

মিনা কিছু বুঝতে পারে না, মায়ের কথা মনে পড়ে যায়, সব কেমন ঘোলাটে ঠেকে। চিঠির টুকরোখানা আবার ভিতরে মুড়কের মধ্যে রেখে দিয়ে উঠে পড়ে।

সেই ঘট গাছতলায় বেঞ্চির উপরে পাশাপাশি অমিয় ও মিনা উপস্থিত। দুজনেই নীরব। অবশেষে নীরবতা ভঙ্গ করে অমিয় বলল, 'কি ভাবছ?'

—'ভাবছি বাড়ীতে মা বলে এসেছি, বেশিক্ষণ থাকা উচিত হবে না।'

—'আমিও এসেছি আফিস পালিয়ে বেশিক্ষণ থাকা ঠিক নয়—অতএব শীঘ্র চলো রেজিস্ট্রি আফিসে।'

কথা বাড়লেও অমিয় বুঝেছে মিনা



ঘুরবীন মুখোপাধ্যায়

মাতার কর্মপদ্ধতির কথা। বুঝেছে এ ছাড়া উপায় নেই।

মিনার উত্তর না পেয়ে অমিয় শুধালো, 'কি পিছিয়ে গেলে না কি?'

—'মেয়েরা অত সহজে পিছোয় না।'

—'তবে আর বিলম্ব কেন?'

—'শুনেছি রেজিস্ট্রি আফিসে নোটিশ দিতে হয়।'

—'অর্ডিনেন্স কি দিলে নোটিশের প্রয়োজন হয় না।'

—'কিন্তু তোমার বাবা মাকে কি বোঝাবে।'

—'সে ভার আমার।'

মিনা সন্তুষ্ট অমিয়র হাতখানা চেপে ধরলো। (এই প্রথম। মিনা মোটেই দুঃখের যোগ্য মেয়ে নয়)।

রেজিস্ট্রি আফিসের কাজ সারা করে যখন তারা বাড়ীতে এসে পৌঁছালো দেখল বাড়ীতে কেউ নেই। মিনা মনে মনে স্বস্তি অনুভব করলো।

"পণ নেবো না পণ নেবো না" সমিতির উদ্যোগে অদ্ভুত সভার অমিয়র মা তখন জ্বালাময়ী ভাষায় বক্তৃতা করছিল—"দেশের তরুণ তরুণীদের উদ্দেশ্যে হাতে হাতে পণ করতে হবে পণ নেবো না, পণ নেবো না, তরুণ তরুণীদের বাবা থাকেও। পণ অমর, অবাধ্য, অদম্য। প্রয়োজন হলে বাবা মায়ের অবাধ্য অমান্য করে বিয়ে করতে হবে তরুণ তরুণীদের।'

এমন সময়ে বাড়ী থেকে লোক এসে এক টুকরা কাগজ দিল সভাপতির হাতে,—'শীঘ্রই বাড়ীতে এসো।'

অমিয়র বাবা ইতিমধ্যে বাড়ীতে ফিরে সমস্ত অবস্থা অবগত হয়ে সংবাদ পাঠিয়েছেন।

'আজকের মতো সভার কাজ শেষ হল—বলে সভার দায়িত্ব নিয়ে অমিয়র মা তাড়াতাড়ি বাড়ী ফিরে এলেন।

—'এই নাও মা তোমার বউ। সোজা রেজিস্ট্রি আফিস থেকে আসছি,' এই বলে অমিয় মিনাকে নিয়ে প্রণাম করলো।

তখন অমিয়র মায়ের মুখে যে ভাবান্তরের লীলা চলছে তা উপভোগ্য হলেও বর্ণনার যোগ্য নয়। এক সঙ্গে রৌদ্র ছায়া, ঝড়ো কাশুন, চড়াই উতরাই, আশা নৈরাশ্য, প্রতিষ্ঠা বিসর্জন, হিংসে প্রেম ক্ষণে ক্ষণে ওলট পালট হতে লাগল।

রামদয়ালবাবু বললেন, 'আও, আশীর্বাদ করো।'

মায়ের মুখে চলছে ঝড়, স্তব্ধতা ভঙ্গ—সোজার মুখো রেজিস্ট্রি আফিসে বুঝি সিঁদুর দেওয়ার ব্যবস্থা নেই।

অমিয় বললে, 'অন্যায়। তবে আমরা ভাবলাম তুমি নিজে গিয়ে দেবে।'

এবারে তিনি চকিত স্নেহদৃষ্টিতে মিনাকে জড়িয়ে ধরে বললেন, 'ওসো মা, এসো। এ তো তোমার বাড়ীরই সামিল তো তোমার চেনা।'

মিনাকে তিনি আগে দেখেই ছিলেন, এ বাড়ীতে সে অনেকবার এসেছে।

তারপরে হঠাৎ সহর্ষে চীৎকার করে বলে উঠলেন, 'ওরে মাখী এখনি করেই চলতে হয়!'

পর মুহূর্তে কণ্ঠস্বর তাঁর সপ্তম থেকে কোমল গান্ধারে নামিয়ে এনে (তেমন করে মিনা নোটিসে কণ্ঠস্বরের স্নেহ কেন কেউ কখনো কেড়েই পারে) বললেন, 'তোমার মাকে বলিনি মা, বলেছি আমার বেয়ানকে।'

—শেষ—

আমি বলি কি, এ সুখের পরম-পূর্ণ কীর্তি—মাইক।

আর কি কীর্তিই না করেছে—এই মাইক, না কেষ্টা।

প্রথমে ভাববনের একখানা সাটিফিকেট ছিলো, মুখে অরোটি বসানো। এখন সেখানা ফেড়ে নিয়েছে ঐ মাইক। মাইক-ই এখন মুখকে মুখ বানাল না, মুখর করে তোলে। মাইক দেখলে ঘুমিয়ে ওঠে না, এমন লোক খুব কম। আর মাইকের সামনে দাঁড়িয়েও যে মুখর হয় না, সে হয় মূক, না হয় মূর্খ!

মাইক মুখের। মনের কথা মুখ দিয়ে বের করে নিয়ে কিনা সবাইকে হাততে বেড় সব ঘরে! ছোট্ট কথাকে বড় বড় সবল তরে লাগানো—এমন চালাকি আর কারো মুখে সম্ভব? প্রথম আমলের সভা জগতে এই কলা-কৌশলের ব্যবস্থা না থাকলে, অর্থাৎ না-মাইক বক্তৃতার কোন কিছুই জমজমাট নয়। সব আয়োজনই ফিকে যায়।

ধরা যাক, একটা বিয়েই সভার আয়োজন করা হয়েছে। টাকাপয়সা খরচ করে প্যান্ডেল-ট্যান্ডেল বাঁধা হয়েছে। রঙীন কাগজে সে প্যান্ডেলে ফুল-এ কতগুলি ঝোলানো হয়েছে। বাজনা বসেছে। কিন্তু মাইক-ওলা তখনো এসে পৌঁছোয় নি। সর্বনাশ! কর্তাপক্ষের মাথায় হাত! ভিটে মাটি হবার জোগাড়! ছোট্ট-ছোট্ট এবি গড়াচ্ছে-অনবরতো যে বাজা! হতে-পরে ধরে নিয়ে আয় শীগ্গী মাইকওলাকে এই সন্ধ্যার জন্যে। জাত-টাত বাঁচুক। কিন্তু, তবুও সে-মাইক করে আসা ফেলো কার কেছিয়ে নয়, কেন অনাবিল আনন্দ করে! তারপর তিনি মাইক আবিষ্কারকের ছিঁড়ি করে মাইকের সামনে মুখ রেখে মুখ কললেন, হ্যালো...টেস্টিং...ওয়ান-টু-থ্রি' তখন সাঁতাই মনের ভারে একটা ছিলিং ভাব জাগে! যাক, মাইকের কথা তো কলাবার একটা সমস্যা হলো। বিটিং চললো। একজন বক্তা মাইকের সামনে হাত-পা নেড়ে কথলো বা মাইকের টেস্টি চেপে, আর অবশেষে সভাপতি কণ্ঠ-বাঁশি করে মাইকের মুখ থেকে ছিনিয়ে নেবেন, সারা প্যান্ডেলে ধন্যধন্য কলকে—এমন সময় মাইক ফেল কললো। মাইকের টেস্টি চেপে ধরায় আর তার মুখে অনবরতে মন্ত্র দেওয়ার মাইকটি রহস্যে কিলিয়ে গেলো।...ধস! সারা প্যান্ডেলে পাণ্ডিত্যনিরুদ্ধ। হৈ হৈ! মাইক-মাইক! কথা শোনা যাচ্ছে না। মাইক মুকে প্রতিবার বক্তা নীরব, শ্রোতারা মুখর।

মাইকের সামনে! অমনি উনি ঘাড় উঁচিয়ে লম্বা হয়ে তোমার মুখের সমনে মুখ রাখলেন। তারপর তোমার পরে আমার হাততো ধাক্কা দেবার পালা আর আমি একটু বেটে খাটো মানুষ! অমনি উনি ঘাড় নামিয়ে নীচু হয়ে দেখলেন, বাপস, লোকটা কী বেটে! সামনের পাঁচ-মাইকের অত্যাচার, অনাচার! আমি কী কলছি বা আমরা কী কলছি—তারই কাহিনী পাঁচজনা করে পাঁচ-জনকে শোনাবার জন্যেই এই মাইকের কাছে অমাবিক হয়ে থাকতে হয়! তা ছাড়া আজকাল চিঠি কলি বলেই চাঁদকরা কলবার জন্যে একটা অবলম্বন চাই তো। তাই এই মাইক।

মাইকের সামনে দাঁড়িয়ে যে মুখর হয়ে ওঠে, তার মুখে কথা ফোটে, তার মুখে ভাষা আসে, তার মুখে ভাব জাগে, তার মুখে ভঙ্গি

ছেলের চুলটা বেওড়া জামাটা দিয়ে। তাছাড়া আজকাল নাকি চেঁচিয়ে কথা বলা অভদ্রতা। মিহি গলায় চিঁচিয়ে, মনে রেখেছেন করে ছেলে ছেলে কথা বলাই নিয়ম! আমার ছেলেকে গান শেখাবার জন্যে এক গানের মাস্টার-মশায়কে রেখেছিলাম! কিছুদিন যাবে ছেলেকে ডেকে জিজ্ঞাসা করলাম, একটা গান গা তো বা শুনি কেমন শিখছিস। সে তো হারমোনিয়ম নিয়ে বসলো। কিন্তু দেখি তার গলায় স্বরই ওঠে না। আমার আবার নজরুলের গান শোনা-কান। বললাম, ও কিরে, একটু গলা ছেড়ে গা। উত্তরে ছেলে বললো, মাস্টারমশায় বলেছেন, গাইতে গিয়ে ষাঁড়ের মত চেঁচাবে না, গলা ছেড়ে গাইবে। আরো নাকি বলেছেন, তা হলেই নাকি গলা মাইক-ফিট হবে। হয়তো। ছেলে বেজায় ফিকাই। গলা ছাড়াটাও ঠিক নয়। মানে, কোন কিছুই ছেড়ে দেওয়া উচিত নয় তত্ত্বকথার দিনে।

আজকের দিনে আমাদের জীবনে মাইকের যতটা ছেলেমী রয়েছে। তত্ত্ব মন্ত্র ছিছি, তিন বিবাহের দিনে। তেমনি জলসায় এখনও মাইক চলবার হয় না যদি, (যদিও পাঁচ বছরে!) তবে মন্ত্রটা আর বিয়ে দুই-ই মাইক দিয়ে। মন্ত্রটা হলে ছাদনাতলার যে কীর্তনটা গাওয়া হয়, তাতে মাইক না হলে জমে না। আমি যে অবাক হচ্ছি, আমার যে ছেরাদ্ধ হচ্ছে, সেটা সকীর্তনে সঙ্গত মাইক ব্যবহৃত দেখলা না করলে আমার আত্মীয়ই হয়তো মাফলুম্বে ভুলতে থাকবে! তাছাড়া আমি যে একটা হেজিপেজি ছিলাম না, যা আমার ছেলেরা যে কেন্ট-বিষ্টু, সেটা আমার ছেরাদ্ধের লাল সন্ধ্যা, কীর্তনীয়ার গলায় কন্ঠহার আর সবার ওপরে মাইকের গাঁক্‌গাঁক্‌ আওয়াজেই তো প্রমাণ করবে! নইলে তো শ্রোতিয় পাড়ায়। মাইক যদি পাড়ার লোকের কানের শিগ্‌ড়িই না ছেঁড়ালো, তো আমার ছেরাদ্ধ কিসের। কিন্তু সেকালের কিসনু বলতে বা করতে পারে না তারা। জানি, এটা ফিল্ম-এর গান নয়। আর আপত্তি করলে বুঝতে হবে, পাকিস্তানিকেনীরা কীর্তন থেকে না এবং মীটিংয়ে নির্ঘাত বিপ্লবের! কেন বলব না? আমার আত্মা ওপরে উঠে না গিয়ে গানের মেরে ছোঁড়া ছেলে কেলাই নীচে আসতে চাইছে আর মাইক তার আওয়াজে ইথারে বাজা মেরে মেরে তাকে ওপরে দিকে ঠেলে ঠেলে দিচ্ছে, আর সে সময়ে কি না ফল পাকিয়ে এসে মাইক আমাদের গ্রামে হিন্দুদের বিরোধী কথা! মাইক আমাদের পারলৌকিক কাজে পর-পরে ঠেলে দেবার কান্ডারি!

আর বিয়ের ব্যাপারে মাইক? তাও আমায় খুলে বলতে হবে! আমি যে আমার ছেলের বিয়েতে বাদী মামী সানাইয়ের দল নিয়ে এলাম, সে কথা তারস্বরে কে জানাবে? আর যদি সানাই না-আনাই—সানাইয়ের রেকর্ডই বাজাই—সেটাও তো সম্ভবে মোকাবেলা করা পড়তো ঐ মাইকের মারফত। আমার তো মনে হয়, বিয়েতে আমার ঠোঁপর মত ছেলে ঠোপর না হলেও চলে, পাঁচটা বাড়ি ঘুরে ঘুরে ভূত-খোজন না করালেও ক্ষতি নেই; কিন্তু বিয়েতে মাইক চাই-ই। বিয়ে মাইনাস মাইক=একটা ইয়ে, তার্স, মানাই তার্স।

তবে ঐ বিয়ের ব্যাপারেই মাইক যে ভয়ংকর সংঘোনাশা হয়ে পারে, তা বুঝি জানা নেই। মানে, ব্যাপারটা ঘটলো আমার ছোট সম্বন্ধীর বিয়েতে! আমার এক ভায়রাভাই ঐ মাইক-ফাইকের ব্যাপারে বেশ বোঝে! সে বেহেতেকে এক মাইক ভাড়া করে এনে অনেকক্ষণের ঘাটের মাথার দিকে তুলের আড়লে ফিট করে দিলো আর তার সাথে তার তুলের আড়াল দিয়ে এনে পাশের ঘরে জুড়ে দিলো আমাদের সবার! বাস, শুরু হয়ে গেলো খেল! কেলোর কীর্তি! চতুর পয়লক তো ঘাটের তলা টলা, আলমারির পেছন, পর্দার আলনার আড়াল আবডাল হৈচৈয়ি জাল করে পরীক্ষা করে দেখে নিলো বন্ধ করলো দরজা বন্ধ করলো। ব্যস, কেউ তাহলে আড়ি পাতছে আসেনি। ওদিকে পাশের ঘর থেকে তার বোন জলসাশিক্ষার ট্রেনিংটিনিং নেবার মত (আহা! হেল্পটাও হবে হয়তো!) আমাদের-কারুরের চেয়ারে বসে আছি। একটু, পরেই শোনলাম শুরু হলো—তোমার নাম কি?'

প্রথমি মুখোপাড়া মাইক আমাদের ঘরে চেঁচিয়ে বলে দিলো, 'তোমার নাম কি?'

কোন উত্তর নেই।

—'ও, তোমার কোন নাম নেই বুঝি!'

—(মাইকে) 'ও, তোমার কোন নাম নেই বুঝি?'

এবার উত্তর, 'না।'

(মাইকে) 'না।'

—তোমাকে কিন্তু বেশ সুন্দর দেখতে!'

—(মাইকে) তোমাকে কিন্তু বেশ সুন্দর দেখতে!'

'থাই!'

—(মাইকে) থাই!

—আমি তোমাকে খুব ভালবেসে ফেলেছি। বুঝি!'

—(মাইকে) 'আমি তোমাকে খুব ভালবেসে ফেলেছি। বুঝি!'

—জানিনে, যাও!'

—(মাইকে) 'জানিনে, যাও!'

এইভাবে প্রায় সারারাত চললো প্রেমালাপ। আর কত সব অন্তরঙ্গ কথা। আর মাইকটার মুখে যদি কেউ আগুন ধরিয়ে যেতো। সব আমাদের কাছে ফেলেন করে দিতে পারতো। আর চাপা হুকহুকে হাসিতে আমাদের পেট্টা খিল ধরে অবস্থা ফেলোড়।

অথচ এই মাইকের আবিষ্কার তো দেখছি সবার। আর ইনি যদ্দুরুপে সম্মুখে তোমার! বড় বড় অনেক সভার মঞ্চতায় সভার ওদের মুখের সামনে সাজানো থাকে গুচ্ছ আর-জনক মাইক। ওদের বলা চেপ-রেকর্ডারে টুকে নেবার জন্যে বলে বলে রিপোর্টাররা ওদের মুখের সামনে ধরেন খাঁজার জন্যের মত লম্বাটে মাইক। সেদিন টালিগঞ্জে একটা স্টুডিয়োতে শুটিং দেখতে গিয়ে দেখি অভিনেতার মাথার উপরে কাঁপকলে ঝুলছে একটা মাইক, ঠিক যেন মুকুমার রায়ের সেই 'হুকোর কল'-এর মতো। তাছাড়া পুজা মন্ডপে বেজা-কির্তনে কিসিম রকমের মাইক, ছোট্ট কল-এর জন্যে হাত-ঢোকা মাইক, মেলা-প্রদর্শনীতে হারানো-প্রাপ্তির জন্যে মাইক, ঘুড়ি-বল খেলার ঘরে বসে দিলে খেলবার জন্যে মাইক, জলসায় গানের জন্যে মাইক, নাচে পায়ের ঘুঙুর খেলবার জন্য মাইক, মফস্বলে সাইকেল-রিক্সার সিনেমার বিজ্ঞাপনে মাইক, আমেচার-থিয়েটারে নায়কের সমনে মাইক—মাইক কোথায় নেই?

এই সব দেখেই তো মাইকের মতই চেঁচিয়ে বলতে ইচ্ছে করে, মাইক মহীরুহ কথা! সন্দেহ হয়, মহত্তের পরেই মাইক, না, মাইকের পর মা। এখন মহত্বের কথার জোর নেই, কিন্তু মাইকের আছে!

তা জয়-ধ্বনি দেওয়া যায় মাইককে। মাইকের অনেক দোষ থাকলেও, খুব বড় গুণ নেই। মানে, দেখে খুশে যেমন মানুষ, তেমনি মাইকও। দেখো, মাইক তার মালিকের জন্যে ভাড়া খাটে, গলায় দড়ি দিয়ে তার নয় প্রচার করে, মালিক যেখানে নিয়ে যায় সেখানে মুখটি বুজে যায়, আর তার ফলাফল সব রকমের লোকেরই কেন করে, অথচ কখনো পুরস্কার পায় না। বড়া কেউকে নাড়ু খাওয়ায় বলে, মাইক ঠিক সেইটুকু সময়ে উঁচু গলায় সবাইকে জানিয়ে দেয়। এবে যদি বলো তিল থেকে তাল করা—তা বলতে পারো, তবে কথাটা অন্যায় হবে। তাহলে সোপানেই বলি, আমার মোপলের মা, (কার কথা জানি, বুঝতেই পারছো) তাঁর গলাটা ঠিক মাইকের মতোই। বেশ ভারালো আর সুর-জ্ঞানও। তা ছাড়া মাইকের মতই মুখসর্বস্ব, আর পেটে কোন কথা থাকে না। তা এক-এক সময় তাঁকে, মাইক-ওয়ালার মত সভা-সমিতিতে ডেকেও তাকা যেতো কেমন হয় ওঁর গলার জন্যে? অন্তত দুটো পয়সা তো ঘরে আসে! কিন্তু তা কী আর হবার যো আছে! আমি যদি ভাইনে ছেড়ে বলি উনি যাবেন বাঁয়ে। আমি যদি চুপ করতে বলি, উনি গাইবেনই করবেন। কয়েকই বলা যদি একটি কথা ওঁর কানে যেন, অমনি উনি পঞ্চমসুরে করে আমাদের পাঁচ কান করতে থাকবেন! তিলকে তাল করবেন। মানে, অনেক মানুষের গলা মাইকের মত হলেও, মাইকের মত কান মানুষকে দিয়ে করানো যায় না। এখানেই মাইকের কাছে মানুষের জয়। মুখসর্বস্ব মাইক অন্তঃসারশূন্য আমাদের, মানুষ আমাদের মৌখিকভাবে। মাইক পরের কথা পরকে শোনার পরের মত করেই, নিজের মত নয় কয়।

এ হেন মাইককেও লোকে নিয়ে করে। গতবার পুজোর সময় পঞ্চিম-পাড়ার আমার সহপাঠীর বন্ধু সন্তোষ সঙ্গে দেখা করতে গেছলাম। গিয়ে দেখি তার বাড়ির ঠিক সামনেই দুর্গাপুজোর প্যান্ডেল আর তার বাড়ির দিকেই মুখ করে আর্মাচাকারাকারী, আর মাইকে ফিসিয়ানের কারবার চলছে—সে হামলুয়া, সে পোলোয়া! নাচও ছেলে কাবার। কানের পর্দা ফেটে যাবার জোগাড়! আমি তেতো আমার কানের কাছে মুখ নিয়ে চেঁচিয়ে বললে, ব্যাপার আমার দুর্গতি! জানিস, আমি এ জন্যে দশ টাকা চাঁদা দিয়েছি! তাছাড় বছর একবার মাইকের জন্মজন্মকার। সুর কেমন জমুর হয়ে বেজেছে! আমি কী ভাবছি জানিস? —চেঁচিয়ে বললাম, কী? বললে, পুজোর মেজাজ হাত খালি হয়ে গেছে, নইলে টিঁচিঁ ফেটে চলে যেতাম জোথাও, যেখানে মাইক নেই, মাইক নেই, মাইক নেই! আমার চেঁচিয়ে জিজ্ঞেস করলাম, তোর কথা বুঝেছে না। নাকে বললে, আঁত সহজ কথা। যেখানে ঐ মাইকের ঐপাত নেই যেখানে মাইক মানে মানবাহার চাপ-পড়বার ভয় নেই আর যেখানে পাঁচ মানে কয়েক ঢোপ্পাঙানি নেই। বুঝলি? বললাম, বুঝলাম। তবে বুঝে রাখ, ইহসংসারে হেন জন কেন জন্মায় নেই। কখনও নেই। কখনও সব সময়ে হয়ে থাকে! আচ্ছা, তুই যেতে। আজ বেশি গল্প করা যাবে না। অন্যদিন আসবো।—বলেই উঠে পড়লাম।

ফেরবার সময় বাসের হ্যান্ডেল ধরে দুলতে দুলতে ভাবতে লাগলাম, এই মাইক তো সত্যিই যা-তা জিনিস নয়। মনে হয় যেন বংশীধারী শ্রীকৃষ্ণের হাতের বাঁশীর আধুনিক রূপের এই মাইক। শ্রীকৃষ্ণ যেন-তিনেন, সকলকাম বুঝে বুঝে। তেন-তিনেন বৃন্দাবনের বনের আর নিজের পালনের জন্যেই তিনি বুঝে বুঝে আবির্ভূত হবেন আজ বুঝি এই মাইক এ যুগে অবতাররূপে অবশ্য আবির্ভূত হয়েছে। অবশ্য নন্দরাজের মতে বৃন্দাবনের রক্ষা আর নিজের সাজা-র জন্যে! তবে এ-ও তো ঠিক, শ্রীকৃষ্ণ যেমন তাঁর মনের কথা বাঁশীর মারফতে শ্রীরাধার কানে পৌঁছে দিতেন, ঠিক তেমনিই আজ মাইক তার মনের মনের কথা পৌঁছে দিচ্ছে হাজার মনের কানে।

- প্রবোধ মালাকার চিত্রায়ন

শ্রাদ্ধের বাড়ির সামনে বুড়োদের একটা আড্ডা বসে। সেখানে রিটায়ার হবার টাইম বাঁধের ধারিয়ে আসছে কিম্বা যাঁরা বহুদিন চাকরি ফাঁকিয়ে এখন জন্মাবধির অজ্ঞান অসুখ হয়ে বাঁচিয়ে পড়েছেন যা বাইরে চেহারাখানা প্রোস্টেট দিন বাঁধিয়ে আসছে—তাঁরাই সকাল সন্ধ্যে এখানে এসে জমেন, আর পৃথিবীর সর্ব-বিষয়ে মতামত প্রকাশ করে যান যেন। কেউ একজনের মতে মত দেন, কেউ ভিন্ন মত আবধানি করে সভাকে উত্তপ্ত করে তোলেন। কোনদিন আ ঢাক্কা হয়, কোনদিন গরম হয়, আর ঠিক নেই।

ঘুনু ঘোষাল মশায়ের বাড়ীর শ্রাদ্ধ—তিনি এখনও বেঁচে আছেন—তাই বৃদ্ধরা ওখানে বসে একটু হাঁফ ছেড়ে বাঁচেন। ঘোষাল মশাই বোধ হয় ধরাতলের মানুষ, তাই ওকটাকে এখনও ছেড়ে যেতে পারেনি। হিসেবী লোক হলে বোধ হয় ওখানে মোকদ্দমা করে দিতেন।

সে যাক ঘোষাল মশাই লক্ষ, এ ছাড়া আড্ডার সদস্যদের আরো—ঘটক, ঘটক, বাঁধিক, ঘুনু ভট্টাচার্য্যি, দুখোড়ে ঘুনুরো, চটা চাটুয্যে, বকশেরে বাঁড়ুয্যে ও আরও দুচারজন ভদ্রলোক বসেন। আমিও বিনুভূষণ বিনুপোক্ত হিসেবে ঐ সোসিটির সদস্য হয়ে বসবার অধিকার পাই। কথা থাকলো যে নামগুলি বলবুম, এগুলি পাড়ার লোকে জন্তরালে বলে—বিরূপাক্ষকুলের চিহ্নিত নাম নয়।

সেদিনকার নানাবিধ আলোচিত আলোচ্য বিষয় নিয়ে নানারকম মন্তব্য করতে করতে হঠাৎ মেরুন্দ্রের লোড়া কপাল নিয়ে আলোচনা সুরু হল। অনেকক্ষনার সুচেতন্য করলেন চটা চাটুয্যে মশাই।

তিনি বললেন, যে-কাই বলুন মশাই এ যুগে আমাদের মত মেরুন্দ হওয়া একটা পাপ। কত বড়লোক দিবি গাড়ি, বাড়ী, টাকার বাণ্ডিল নিয়ে মহানন্দে ঘুরে বেড়াচ্ছে অথচ আমাদের সেই চিরন্তন হাঁড়ি ঠনঠন অবস্থার আর হেরফের হল না। ওঃ! আমরা যে পূর্বজন্মে কত পাপ করেছিলুম যার ফল এ জন্মে ভোগ করছি। একটা বাড়তি পয়সা রোজ-গার করতে পারলুম না। এ সবই পূর্বজন্মের কর্মফল—কি বলেন?

অধিকাংশ সদস্যই, তাতো বটেই, তাতো বটেই বলে সমর্থন করলেন কিন্তু বকশেরের বাঁড়ুয্যে মশাই রাশভারী লোক বলে উঠলেন, ও পূর্বজন্ম পরজন্ম বলে কিছু নেই মশাই, এ জন্মেই বড়লোক হওয়া যেতে কিন্তু ওর টেক্‌নিকটা আমরা ঠিক প্রয়োগ করতে পারছুম না বলে তাদের পায়ে ধরতে হয়।

চটা চাটুয্যে মশাই তাঁর কাটা গলায় একটু চটা সুরেই বলে উঠলেন, আপনি পূর্বজন্ম পরজন্ম মানুন না মানুন, ওসব টেক্‌নিক ফেক্‌নিক বুঝিনা। পূর্বের ফলেই মানুষ বড়-লোক হয়, বড়ঘরে জন্মায়, এ কথা আমার গুরুদেব বলে গেছেন।

বাঁড়ুয্যে মশাই বললেন, আপনার গুরুদেব, বড়লোক-শিষ্যের কাছ থেকে কেন মোটা দক্ষিণা আদায় করার জন্যেই ঐ-সব জন্মান্তর কথা বলতেন বোধ হয়।

এই কথা কানে সঙ্গে সঙ্গে চাটুয্যে মশাই এমন চেঁচাতে লাগলেন যে তাঁর গ্লাড-প্রেসার চড় চড় করে চল্লিশে তিরিশে নেমে গেল। সবাই মিলে তাঁকে থামাতে পারে না। অবশেষে আমি অনেক কৌশল করে তাঁকে থামাই। তিনি আমায় বললেন, বিনুপোক্ষবাবু, আপনি তো অনেক সাঁচ্চা কথা বলেন, আপনিই বলুন, বড়ঘরে জন্মানো, বড়লোক হওয়া, ঈশ্বরের কৃপা না থাকলে হয়?

আমি বললুম, দেখুন, ঈশ্বরের কৃপা নিশ্চয় থাকে। আপনি আমি যে চেলাচ্ছি, হাত-পা ছুড়ছি, এও তো তাঁরই কৃপায়। কিন্তু বড়লোকরা আমাদের থেকে দূরে থাকে বলে ভাবকে না। তাদের অনেকের অবস্থা দেখে আমার দুঃখ হয়েছে, তারাও বড়লোক হয়ে হাঁস-ফাঁস করছেন—বড়টা শান্তি পাবেন বলে তাঁরা আশা করেছিলেন সে শান্তি চুলোর গোরে গেছে বড়লোক হয়ে।

এখন বড়লোক কাকে আপনারা বোঝেন, পয়সা কাঁড়ি যার অঙ্কে সে। কিন্তু এ ছাড়াও বড় নাম, বড় নেতা, বড় অভিনেতা, বড় চাকরে, বড় লেখক, মাত্র বড় মহাপুরুষ ঘুনু কেউ অবশ্য শান্তির অধিকারী নন—নিজের চোখে দেখেছি মশাই।

আপনি যত বড় হবেন, দেখবেন তত আপনার ঘাড়ে বোঝা চাপবে, আর সেই বোঝা টানতে গিয়ে তাড়াতাড়ি চক্ষু বোজার চান্সও বাঁধিয়ে আসবে—অঙ্ক ঠিক আপনি যা চেয়েছিলেন তা পাবেন না।

বড় লেখক হন। আমি দেখবেন আপনার লেখার সুখ্যাতি করতে করতে আপনার হাজার পাঁচেক শত্রু জুটে যাবে। তাঁরা কিছুদিন পরে পুরু আপনার সঙ্গে আলাপ করতে আসবেন, আর উঠবেন না, গ্রাম অতিথি করে তুলবেন। তারপর আপনার একটা লেখা বিনা পয়সায় তাদের একটা নতুন কাগজে ছাপাবার জন্যে লিখে দিতে হবে। সেটার ছাপা

না হবে, আমের গন্ধার দিয়ে একটু, লেখার কায়দা ও সাহিত্যে মিশিয়ে বাঁচিয়ে দিতে হবে। অতঃপর লোকে হাঁ মুখে বিশ্বিচয়ে থাকিয়ে থাকে দিন, তারা আপনার জন্য-মৃত্যু হয়ে যেখানে-সেখানে আপনার নামে যা তা বলে বেড়াবে। আপনার লেখার চেয়ে অন্যের লেখা ঢের ভাল বলে প্রচার শুরু করে দেবে। আপনি জলে পুড়ে খাক্ হয়ে যাবেন। ঈর্ষাকে ব্রহ্মেটি সেলেও, নক্সেটির এই বাড়িতলের কথা ভাবতে ভাবতে ঈর্ষাবাটিস্ বা ব্লাড প্রেসার বাড়বেই।

বড় অভিনেতা হলে তো কথাই নেই। পথে, ঘাটে বাজারে যারা আপনাকে দেখবার জন্যে আটখানা ছেড়ে বাপিয়ে পড়বার চেষ্টা করে, পথে, ঘাটে চলতে থেকে যারা আদরে মাতৃগোপাল করে ধরে ধরি টানার, অটোগ্রাফ দিতে দিতে হাতে পক্ষাঘাত হবার অবস্থা ঘটায়, শুধু একবারটি আলিঙ্গন দেবার জন্য ছুটে আসে—তারা বিষ্ণু বা বিজ্ঞান হলেও কি করে জানবেন? তিন ঘণ্টের, ঘন্টার কাঁচ ভেঙে সেই মহাপুরুষেই নাস্তানাবুদ করে ছেড়ে দেয়। পুলিশ এসে বাঁচালে হয়তো রক্ষে পায়। এঁদের কোথাও যাবার উপায় নেই, খোলা ছেড়ার উপায় নেই, শুধু অভিধিতে চুপ করে পর্দানশীন হয়ে বসে থাক। তাতেও রেহাই নেই,—নয় তাকালে হাসবে তুমি কজনের সঙ্গে প্রেম করেছ। তোমার কবে শুরু চেলে হয়েছে, কবে তোমার বিবাহ বিচ্ছেদ ঘটেছে তা তুমি না জানলেও তারা জানে। ছেলে যাচ্ছে, পাঠক পাঠিকারা বিদেয়। তুমি বাঁচ ভক্তরা ভক্ত। আবাহতে দিয়ে নালিশ করার উপায় নেই—এক বলে লোক ছুটে আসবে কাঠ গড়ায় দাঁড়াতে।

তারপর ধরেন হলে তিনি সেকেন্ড ক্লাস ট্রেনে চেপে দারা জলকাতাটা ঘুরে আসুন, তাঁর দিকে কেউ চাইবেও না যদি বা কেউ নাম শুনিয়ে পরিচয়ও দেয় তখন বহুতাইদেরই অনেকে হয়তো ফিস্ ফিস্ করে আপনাকে দেখিয়ে বলবে, ও বাবা, এ তোর এখন এই হাল হয়েছে না কি?

বড় খেলোয়াড়, যাকে এক সময় সবাই কাঁধে নিয়ে নেচেছে, তার ডাকাত একটু, অসুক, ঐ অঞ্চলের দলই তাকে চিকিৎসার মতো টেক করে হয়তো পথে ঘাটে এক ধাক্কা কি লাথি মেরে চলে যাবে।

অতএব এঁদের সুখ নেই। বড় বড় মহাপুরুষেরও তাই গতি। ভক্তদের প্রতিনিয়ত আবদারের ঠেলায় শেষ পর্যন্ত নির্জন গুহায় পালিয়ে না গেলে, ঢের পারে থাকতে থাকতে হয় বার করে ছাড়বে। শেষে গায়েবীন হয়ে যেতে হবেন।

অতএব জীবনের কোনক্ষেত্রে বড় হয়ে সুখী হবার কল্পনা? নারায়ণ দেবতার জীবনেই বলুন বা কেন—বাড়ির বড় কর্তাদের অবস্থাটা কি হয়? যুধিষ্ঠির তাঁর ছেলে যখন সার্কাসের খেলা দেখার বায়নের পর বায়না—তখন হয়িনাম, রামনাম করেও কি বাঁচা যায়?

অত কথা কি, বড় চাকরে হলেও সুখ নেই। পরিবারের গরজ বড়ও, অফিস কেন, বড় বড় ইস্কুলে, কলেজে ছেলেদের পড়ানোনা করাও, মোটর রাখ, ছিপ কেন, বেটিও কেন, টেলিফিশন নিয়ে এস, টাকুর রাখ, বাবুর্চি রাখ, আয়া রাখ, সিনেমা, থিয়েটার, ফুলদার টিকিট কিনে দেখাও। পার্টিতে চল, বিয়েতে এই দাও, তাই দাও, অসুকের নেকস্টের সব চেয়ে বড় আর বাকী একটা ফ্রাক্ লাগবেনা জিনিস কিনে শিগ্গীর হাত দিয়ে পাঠাও! অসুকের চাকরি করে দাও, এই চাঁদা দাও, এই শিক্ষনিকে চল, ক্রিকেটে চল, এরো কালেকা আছেই, এতে যদি আরেকা হয়ে যায় বন্ধুকে—প্রেস্টিজটা তো থাকবে? খাতির তো বাড়বে?

নইলে আবার বড় অফিসার কি! তিন হাজার চার হাজার মাইনে পেলেও প্রত্যেক মাসে হাজার টাকা যায়। সময় সময় আপিসের ফরোয়ার্ডের কাছ থেকেও ধেটা নিতে হয়, শুনেছি। কিন্তু এতে সুখ কোথায়?

পরিবারে স্বামীর সুখে ঝগড়া করে বলছেন, তারি তুমি অফিসার। জন্মে তো কখনও সবাই মিলে তোমার ঘেরাও করলে না। তাদের নামও ফেরোলো না, অথচ রবীন্দ্র আমাদিকে তিনদিন ধরে পুলিশ দিয়ে ঘর করে নিয়ে এল—পরশু পার্টিতে সবাই ভদ্রলোককে কত খাতির করলে দেখলে না?

স্বকর্ণে শোনা।

আবার সোনাদানা নিয়ে যে-সব লোক বসে আছেন তাঁদের অবস্থা তো আরও শোচনীয়। এই বুঝি ডাকাতি হয়, এই বুঝি ছুরি মেরে দেয়। সেই ভয়ে তো সবাই অস্থির।

বাড়ী ভাড়ার কত কেলেঙ্কারী কথা যায়, কত কম দামে জমি কিনে তত কম খরচায় বাড়ী তোলা হয়েছে তা নিয়েও যদি খোঁচা মারে? আসলে, দিলি, বিধি ভাইকে বিশ্বাস করে কোনদিনও কিছু রাখলে তারাই যদি মেরে দিয়ে বসে। ওরে বাবা! এত কারবার করে টাকা করা সব যে-কারদা চলে যাবে?—এই ভাবনায় কত বড় বড় লোকের ব্লিড্ প্রেসার বেড়ে গেল।

যাঁরা বা এ ছাড়াও কথার কারবার না-থাকলেও আবার শ্রেণিভেদ থাকে না। ভিখারী বলবেন, ভাত দে, ভিক্ষে পাইনাই, একটু সালাজ আর সুপ্ তৈরি থান—একটা যদি প্রচার না হয়, তাহলে কি হল? ফ্লোটেলোমেরের আসি হয়, জ্বর হয়, ভাল ওষুধপত্র করে, পেটে ছেলে দেয়—এসব বড়-লোকদের হলেও ঐ-সমাজে তো বলা যায় না! পেটে আলসার হলেও এ সব ভদ্রলোকের ধারণার—ব্লটারের খবরে প্রকাশ করার ঘুণ্যি নয়।

গঙ্গারামবাবু কোটিপতি লোক, তাঁর যে কী ব্যাধি হল সেটা বুঝতে কজন ডাক্তার এল তার সংখ্যা আমি বলতে পারি না। শুটো চোখের ডাক্তার বলেছে ওষুধ দিয়ে গেল—তাও কন্সাল্টেশন দিলে হবে না, ডাক্তারবাবুদের এসে দিতে হবে। তাঁরা এক একজন প্রত্যহ মোটা ফিস্ নিয়ে গেলেন। মাথার ব্যামের স্পেশালিস্ট এলেন, তিনি মাথার খানিকক্ষণ হুঁতোহাত্ করলেন, বলে গেলেন, আপাতত একটা ওষুধ দিচ্ছি, এটা জার্মানী থেকে আনিয়ে নিন, খাওয়ান। চামড়ে একরে নেওয়ান, সামনে, পেছনে, ওপরে, পাশে, তারপর আমার খবর দেবেন। মনে হয় ওষুধগুলো আনানো হয়ে গেছে, আপাতত আমি কাজ চালাবার মত ব্যবস্থা করে গেলুম। কোন ভয় নেই। একজোড়া করে আমায় দেখবেন। এই বলে তিনিও মোটা ফিস্ নিয়ে গেলেন। এরপর বুক ধড়ফড় করার বারণ করতে একজন কার্ডিয়োলজিস্টকে ডাকা হল। কানে হাতুড়ি ঠুকে দেওয়ার পর থেকে ভদ্রলোক একটু কম শুনছিলেন, তার জন্যে ইয়ার, নোজ, থ্রোটের স্পেশালিস্ট এসে পরীক্ষা করে একটা ওষুধ দিয়ে গেলেন। তারপর পেটটা খুলতে লাগল তার জন্যে পেটের রোগা কমাতে ডাক্তার বদ্যি এসে গেল। ডায়াবেটিসের আক্রমণ থেকে গঙ্গারামবাবুর এক একটি অঙ্গকে বাঁচিয়ে রাখবার চেষ্টায় দেশ গেলেন।

গঙ্গারামবাবুর তখন বোধ হয় ভেতরে ভেতরে রাগ হচ্ছিল—তিনি পা ছুঁড়তে লাগলেন। শুটো নার্স তাঁর পা-দুটো চেপে ধরে থাকবার চেষ্টা করলে। তারা চিৎপাত হয়ে শোওয়ায় পড়ে গিয়ে ওঁর বাবারে মোছি মোছি করে উঠল। গঙ্গারাম-বাবু তখন বোধ হয় ধাই ধোবে উঠে নিস্কৃতি পাবার জন্যে ছোটবার সঙ্কল্প করেছিলেন কিন্তু পারলেন না। মাথা ঘুরে ঠ্যাং উল্টে তিনিও পড়লেন। ফলে শোওয়ার হাত থাক-লেন, একটা ঠ্যাংও ভগ্ন হল।

এবার ঠ্যাং বেরে ফেলবেন আর এও স্পেশালিস্ট এলে। এইভাবে হুমায়। বেশ বোঝা গেল, এইবার ভদ্রলোক সত্যিই কাহিল হয়ে পড়েছেন।

তখন বলে বলে আত্মীয় অজন বন্ধু বান্ধব বাড়ী করে আসতে লাগলেন। প্রত্যেকে দুঃখীর ঘরে

বাসবী নন্দী : আকাশবাণী কলকাতার নাট্যশিল্পী

চুকে কেমন বুঝছেন জিজ্ঞাসা করে যেতে লাগলেন। গঙ্গারামবাবুর মুখে রা নেই।

পিসিমা, মাসিমারা এসে হলহল চোখে কত কথাই বলতে লাগলেন—গঙ্গারামবাবু চোখ বুজিয়েই শুয়ে থেকেন।

শেষে তাঁর চোখের পাতা তুলে তুলে জিজ্ঞাসা করতে শুরু করলেন, হ্যাঁরে কল্পা, কেমন আছিস? আমায় চিনতে পাচ্ছিস তো? আমি তোর নোনা পিসি। অত আমায় চিনিস তো—সেই ছেলেবেলা থেকে।

গঙ্গা সাড়া দেবে কি! নাকে নল বসানো—খাবার গলাধঃকরণের ব্যবস্থা হয়েছে। হাতে ছুঁচ ফোটানো, গ্লুকোজ দেওয়া হচ্ছে। কঙ্কিকাঠের সঙ্গে ঠ্যাং ঝোলানো এবং বাকি একটি অঙ্গে কেণ্ড পরিষ্কারের জন্য ড্রেসের পাইপ লাগানো—এই অবস্থায় কোটি-পতি মহাপুরুষকে স্বর্গে যাবার আয়োজন করছেন। কল্পনেও—কিন্তু কত সুখে ফেলেন বলুন তো? পয়সা ছিল বলেই তো অত সুখে গেলেন? বিধাতার কী আশীর্বাদ ভাবুন তো?

এ সবই পূর্বজন্মের পুণ্যফল কি বলেন? তবে আমি আজ ছেড়ে বাড়ীর দিকে রওনা হলুম। শেষমুখে কাহুর মুখে কথা নেই।

মনে মনে সবাই ভগবানকে দেয়ার জানাচ্ছেন, না তাঁর প্রাপ্য কল্পনা—তা ভগবানই জানেন।



# পেরিয়ে এলেম অন্তবিহীন পথ

সবিতা সেনগুপ্ত

নর্থ এভিনিউ থেকে পার্কস্ট্রিটে যাবো। কতটুকুই বা পথ। বাড়ি না হলেও চলে, হেঁটেও যেতে পারি। কিন্তু যাবো না।

আজ হোলি নয়। আজ তাড়াতাড়ি পৌঁছাবার জন্য দ্রুতগামী যানবাহন চাই আমার।

নারী অধিকারের ওপর যে বিলটি পাস হবার মুখে তার ওপর আজ জোর আলোচনা চলবে পার্লামেন্টে। মুখ্য ভূমিকা আমাকেই নিতে হবে। আমি জানি, আমি খুব ভালভাবেই তা নিতে পারবো। এমন কিছু কঠিন নয় সেটা। এই পুরাতন ইতিহাসের অন্তরের ওপর প্রতিষ্ঠিত নবীনদিনীর পার্লামেন্টে পৌঁছতে কত পথ পাড়ি দিয়ে এসেছি, সেই পথ চলার প্রহরে প্রহরে কম নাটক? তার প্রচণ্ড আঘাত সন্ধাত অভিঘাতে আমার সমস্ত অন্তরাত্মা বারেই জর্জরিত হোক না কেন আমি এতটুকু বিচলিত কখনো হইনি।

আমি কি ভুলে গেছি কোন কিছু? ইতিহাসের পর্বে পর্বে যত দুঃখ যাতনা আমার জন্য সঞ্চিত ছিল, আমি সব আলা করে গ্রহণ করেছি।

তোরব না?

এই স্নিগ্ধ কোমল আবার ঘিরে পৃথিবী আমার সৃষ্টির বজ্রাগ্নি থেকে তার দুর্গমোদ্যম তীর্থ বরের পথে পথে কত অসংখ্য ক্ষত ইতিহাসের হাতিয়ে যাওয়া অন্তরালকে বিনা বাধায়, বিনা বেদনায় ছড়িয়ে দিতে দিতে এগিয়েছে, কে তার হিসেব রাখে? এই নিরবধি কালে, অন্ত বিহীনা পৃথিবীতে?

আমি ঘাঁটিহীন ঘর সাঁইহারা ছন্নছাড়ার নারী। কেমন ছিল মরুভাস্কির দুঃখের ভারতীয় নারী? প্রবোধে যে নারী শাসন করত বলিষ্ঠ হাতে?

তখন আমি দিবসনা হয়ে ঘিরি-ফেরার ঘুরে বেড়িয়েছি। দুঃখ-গহনের ছিল আমার অন্তর্মন্দিরা। অন্তরের অন্তর্গত বুঝি ছিল আমার কাছে, তাইরাতি নদীস্রোত উৎকিপ্ত হত আমার তুঙ্গ স্তনের শক্তি আস্ফালনে।

আমার সর্বাঙ্গে তখন ছিল শক্তির অন্তর লীলা। মুহূর্মুহুঃ প্রতি ছিল আমার নির্ভর উপহাস। পদ্মুহূর্তের কেলার ছিল বলাবের সিন্দুর খেলনা। আমি ছিলাম তখন নিয়ন্ত্রাধিনী। সাঁইকারের চণ্ডী। সেদিন আমার দুঃস্কারে অরণ্য কাঁপতো, সিংহ বরাহ আমার পথ ছেড়ে দিত। অরণ্য-গজ আমার কাছে আসা নাছি, করত। বিস্ময়ে বিস্ময়ে আরণ্যক পশুরা তাকিয়ে দেখত আমাকে।

আর পুরুষ? সে ছিল আমার দাস। আমারই অর্জিত আহারে প্রতিপ্রত। আমার প্রতি অঙ্গে সেদিন শক্তির স্ফুরণ, প্রতি রোমে জীবনের স্পন্দন। দেহের শিরায় শিরায় ছুটে বয়ে যেত বলিষ্ঠ বাহুতে শাণিত ধার; সুপুষ্ট জঙ্ঘার বিস্তারে গর্ব শোভা।

ঘুমন্ত থেকে ফিরে ফাঁদে পদ্ নিয়ে উষার উজ্জ্বলতায় মেঘমন্দ্র দেহে পার্বত্য উপত্যকার পথ দিয়ে নীচে নেমে আসতাম গৃহের পথে। তখন আমার পরিবারের সবাই আমাকে আনতে অভ্যর্থনা করে প্রত্যুদ্গমন করে নিত। শ্বাসতম জানাতো ঘরে থাকা আমার পুরুষ, আমার শক্তির সন্তানরা।

পুরুষকে সেদিন আপন ইচ্ছায় আমার পথ থেকে সরিয়ে দিতে পারতাম। ওকে ভাল না লাগলে ওকে ছেড়ে অন্যত্র চলে যেতে পারতাম। পুরুষ পুরুষে ওর স্বজাতিত্বের কতটুকু আর আপন আপন শিকার ছাড়া খুঁজতে পারতাই শক্তিধরী তরুণী কন্যার পথ থেকে সরে দাঁড়াতো।

কন্যা ছিল স্বাভাবিক উত্তরাধিকারিনী। আমার বলিষ্ঠ পুরুষে স্নেহের দিকে ও অপলকে তাকিয়ে থাকত। বোধ হয় ভাবত এক অন্তহীন স্পর্ধিত জয়যাত্রা জননীর?

কিন্তু জীবনের বড় শিক্ষা যে পথ ছেড়ে থামতে হয়। নবজাতকের হাতে সমস্তই সব সমর্পণ করে হয়ে যেতে হয় ইতিহাসে।

যখন আমার শক্তি বিধায়ী সূর্যের মত চলে পড়ছে বলে মনে হত তখন বলিষ্ঠ দেহী যুবতী কন্যাকে সংসারের সিংহাসনে বসাবার কথা ভাবতাম। আমিও তো আমার জননীর শক্তিময়ী তনুর দিকে ঈর্ষার দৃষ্টিতে তাকিয়েছি।

তখন কিন্তু ভালাহীন ছিল ওই পুরুষ, অবহেলিত নগণ্যদিন। সেদিন পরিবর্তনশীল ক্ষমতা ও শক্তির শাসনের জন্যে ওর অক্ষমতা ছিল বড় দুঃখ। ওর জীবন ছিল বড় বেশি সাবাসল; অন্তহীন, ভবিষ্যতশূন্য।

(২)

কিন্তু জীবনের ধর্ম অন্তরতা, প্রচণ্ড গতিশীলতা। এক জায়গায় থেমে সে থাকে না। প্রকৃতির পরিবর্তনের সঙ্গে জীবনও বদলায়। ইতিহাসের সেই বিপ্লবে ভাঙা-গড়া পতন-উত্থানের পরিপূর্ণে হিসাব তার কন্যে কে জানে।

আমারও পরিবর্তন হয়। সহস্র বছর পর নিজেকে নিজে চিনতে

পারি না। কি ছিলাম আর কি হলাম!

ইতিহাসের একদা আর এক পর্ব সুরু হয়েছে। নিরবধি কালের সমুদ্রে শতাব্দীর নিরন্তর ঢেউ মিশে যেতে লাগল, কত শৈলশ্রেণীর পতন-উত্থান হল, সাগরে মরুতে কত পরিবর্তন হল, সেই সঙ্গে আমিও বদলে গেলাম। মাতৃতান্ত্রিকে পুরুষের মহত্বহীন ভবিষ্যতশূন্য জড় পুরুষের অবলম্বিত হলাম আমি, একদা যাঁর বন্দিনী নারী। পুরুষের শৌর্যের সূর্য অবলম্বনে এল। আমি হলাম কৃপার পাত্রী। পুরুষ হল সর্বময় কর্তা।

একদা এক যুগ, যুগ নিয়ে কুল, কুল নিয়ে গ্রাম।

আমি তো সবার দাসী—যুগের, কুলের, গ্রামের। কিন্তু আমি ছিলাম অবিবাহিতা, পুরুষ আমাকে রাখত। এই রাখতে পারার মধ্যে ছিল আমার শক্তির পরিচয়। কখনো বা আমি পালিয়ে বেড়াম আরো শক্তিমান পুরুষের আশ্রয়ে। লোকে দেখত মোহিনী ধারায় আমি বয়ে যাই না।

ক্রমে অনেক বদল, অনেক জন-সমষ্টি দেখা দিল। সুরু হল এদের মধ্যে সংঘাত। কখনো নারীর জন্য, কখনো বসতি, কখনো বা ক্ষেতের জন্য।

সে কি আর ছোটখাটো যুদ্ধ! গ্রাম জনপদ কত যে ধ্বংস হবে তার ঠিক নেই। গ্রামের আমি নিত্যই এই। যুগের সুরুতে সন্ত্রাসে জীবন দোলায়িত। সেখানে কৃপা নেই —নেই কোন তাদ্বয়া পৃথিবীর এই ক্ষমাহীন রূপরূপ ভূমিতে। সভ্যতার জয়-তোরণ ইতিহাসের নিবর্ততার ভিত্তিতেই ওঠে, ধরে হয়।

দল বেঁধে গ্রামের অন্ধকারে লুকিয়ে এসে পুরুষেরা হামলা করত। আমি নারী একদা যখন আপন শক্তিতে শক্তিমতী ছিলাম, আমি এমন ভোরের মত অচেতন ঘুমাইনি।

রাতের অন্ধকারে পুরুষ এসে গ্রামের পর গ্রাম ধ্বংস করে দিত। বিজিত গ্রামের ধ্বংসস্তূপে শ্রান্ত-শিথার আলো বিজেতা পুরুষ বন্ধ বালকদের আহুতি দিত। কেউ বাঁচত না, বাঁচত শুধু নারী, মাসে বাঁচানো হত। পুরুষের শাসন আর ন্যায়-নীতিতে জীবন ছিল না, ছিল মৃত্যু। শান্তি ছিল না, ছিল জ্বালা। বলার কিছু নেই। কারণ গ্রামের অসোষ নিয়ন্ত্রণ কোন বিচারালয়ের স্থান নেই। কিংবা উঠলেই তার পূর্ণ মূল্য দিতে হয়। আমাকেও দিতে হয়েছিল। আমার বিচ্ছুতি, আমার স্খলন হল; জীবন-সংগ্রামে আমার পরাজয় ইতিহাসের অধিপর্বে।

যা বলছিলাম। নারীকে বাঁচতে হত পশুর মত প্রয়োজনবোধে। পশুর দুধ, পশুর মাংস আর পশুর শাবকের প্রয়োজন ছিল। তাই তাদের ধরে নিয়ে যেত। নারীরও তাই। তবে শ্রম তার বদলে তার শিশুদের প্রয়োজন ছিল। তাই পশুর মত তাদেরও ধরে নিয়ে যেত।

পুরুষের কামনা একটি নারীতে চরিতার্থ হত না। সে ছিল বহু-বল্লভ। বলাবাহুল্য ছিল একটি বৈধ বিবাহ। অবশ্য নারী সেক্ষেত্রেও তার ভোগেচ্ছা মিটত না। ওই বহু-ভোগী পুরুষের পরিবার ছিল না।

নারী তার শরীরের আরাম আর পুরুষের কামিত দেহ কখনো পেলেও তার কি বা দাম ছিল। দেহে যৌবনের মাদকতা যতক্ষণ থাকত, ততক্ষণ তার প্রয়োজন। তারপর তার অবস্থা দুঃখহীন থাকার চেয়েও হত দুঃখ।

৩

চাঁদ—আমি চাঁদ।

তিন লাখ বছর পার হতে হতে যুগ-যুগান্তের মিশে যায় কালের পারাবারে। এই যখন আবার যুগান্তর—নতুনের একটি ইশারা।

আদিম ক্ষেতখেতে এক নতুন শ্রমিকের আবির্ভাব হল। পুরুষ বটে, কিন্তু পৌরুষ ছিল না তার। তার মধ্যে আর ভারবাহী পশুর মধ্যে কোন অন্তর ছিল না। আমি তবু পুরুষের বিলাসে রসের যোগান দিতাম, কিন্তু ওই মনুষ্যকৃতি জীবের বাহাদুরি এই ছিল যে, ক্ষেতের শ্রমে ও পশুকে হার মানিয়ে দিত। কদাচিতেও সে দুঃখ ভুলত না। এত দুঃখ, এত অসহায় ছিল সে।

ভারবাহী জীবের বংশ বৃদ্ধি করতে ও কি করে এল?

যখন কোন জেতী কোন গ্রাম আক্রমণ করত, পরাজিত দলের দুঃখ আর পশুদের তারা পুড়িয়ে মারত, তরুণদের বেঁধে নিয়ে যেত। তারা হত বিজেতা দলের দাস।

এখনো বিবমস্তিষ্কা চাদ্ হরনি। তবু আমি গ্রামস্থ একজনেরই তৃপ্তি সাধন করতাম।

এরই মধ্যে এল আর এক বিপত্তি।

এল এক নতুন অভিযাত্রী দল। তারা নিজেদের বলত আর্য। নিজেদের ভাবত খুবই উন্নত আর সভ্য।

আমি তো ওদের আচরণ দেখেছি। আমাদের স্থানীয় পুরুষের সভ্যতাকে ওরা ছিন্নভিন্ন করে দিয়েছিল।

নিজেদের সেবা ও ভোগতৃপ্তির এরা সুখের নগর নির্মাণ করে এক উৎকৃষ্ট সভ্যতার জন্ম দিয়েছিল। কিন্তু নবাগন্তুক আর্যরা সেই সভ্যতা ভেঙ্গে চুরমার করে দিয়েছিল।



ভি. ভি. পাল্‌সেকর

ওরা এসেছিল রিক্ত হাতে, তবু-পৃষ্ঠে আপন ঘর-সংসার চাপিয়ে। স্থানীয় পুরুষের ওপর নিষ্ঠুর বল প্রয়োগ করেছে, হিত্ত সভ্যতার লোপিয়ে দিয়েছে সমূলে।

ওদের পৌরুষ, ওদের রক্তকোশল সবই খুব উন্নত ছিল। ওরা অনায়াসে জয়ী হয়ে এ দেশে আপন সভ্যতা প্রতিষ্ঠিত করেছিল।

কিন্তু আমার কি আসে যায়, কে হারল আর কে জিতল, শুনতে? আমার তাতে বয়েই তো গেছে।

তখন পর্যন্ত কঠোর শ্রমে আমার দিন যেত। কিন্তু তবু দিন কাটত এক ভাবে। বাঁধন জীবন ছিল বড় দুঃসহীন, অবমাননার জন্য।

কিন্তু নবাগতদের সাম্রাজ্য স্থাপিতে এক নতুন সমস্যা দেখা দিল।

ওরা ছিল বলশালী এবং অহঙ্কারী। প্রথম ওদের আধিপত্যবোধ। এদের ভোগ করা নারী অপরে ভোগ করবে, এ ওদের অসহ্য ছিল। ওদের এক বিধান ছিল, পুরুষ ভোগী, নারী ভোগ্যা। ভোগীর জীবনান্তে ভোগ্যা নারীর বেঁচে থাকার কোন অধিকার নেই।

এর পর যে সমাজ নিজন আমার সামনে এল তা মর্মান্তিক। নতুন আর্যজাতির পুরুষ মরলে তার চিতায় তার নারীদেরও পুড়ে মরতে হত। যদু নারী ওদের জীবনে থাকত। সম্মত ছিল না তার মৃত্যুর পর তারা বেঁচে তাদের ভোগ করে। আবার মরলের পরও তার আর একটা সংসার ছিল, তাকে ওরা বলত স্বর্গ। সেখানে ওদের দেবতা ইন্দ্র বহু বারনারীর সঙ্গে আনন্দে বিহার করত। সেখানে তাকেও যেতে হবে, আর আপন বিলাসের সব উপকরণ নিয়েই যেতে হবে।

তাই মৃত্যুর পর নারীকে তারা জীবিত চাইত না। চিরসঙ্গিনী করে নিত। জীবন্ত চিতারোহণে আহুতি দেওয়া হত তাকে।

আমি তো একাই ওদের নারী ছিলাম না। আমার মত আরো অনেক নারী ওদের ছিল। এই অভাগিনীদের একসঙ্গে পুড়ে মরতে হত। এই আর্যরা নিজেদের জাতি বলত। তারা জানত ছিল সভ্যতা-সংস্কারকারক।

বোধ হয় ওদের মধ্যে বিবেকের দীপ্তি তখনো ছিল না। এতে আমার জীবন আরো সঙ্কটপূর্ণ হল।

আমে এ শ্রেণীর পুরুষের অভাব নারী থাকায় আমার আর কখন তখন সম্ভোগ-সামগ্রী হতে হত না।

কিন্তু আর্যদের নয়া দুনিয়ায় আমার নতুন দশা হল। আমি শুধু একজনের রক্ষিতামাত্র ছিলাম না, সভা সর্বদা ওদের সামনেই যেতে আমাকে ট্রেনে নিয়ে যেত। এ এক নতুন অভিজ্ঞতা। নতুন অনুভূতি। অনেকের মধ্যে একজন হওয়া বিশেষ কিছু মনে হত না। কিন্তু এ বড় বিচিত্র লাগতো যে ওদের সামনেই কেউ না কেউ এসে বারে বারে তুলে নিয়ে যেত।

একদিন চুপচাপ বসেছিলাম।

কবি ইন্দ্রাণীরও পাঠ বিশ্লেষণ করেন। এমন সময় এক কবি এল। এসেই আমাকে টেনে নিয়ে গেল পাশের আড়কুঠরে।

এই তো জীবন। কেউ শুধাত না আমার অভিপ্রায়। কেউ অনুমান করত না আমার রুচি-অরুচি। আমার কোমল মৃদু ভাবনায় অনুভূত কুসুমকলিকে বাসিত রাখিত করতে শুধু। যখন তখন ঘরে নিয়ে যাওয়াতে একথা এক কবি মুখে হয়েছিল। সেই আমার বিবাহের বিধান ছিল। এর পর থেকে কিছু কর্তব্যের জন্যে এক পুরুষের সঙ্গে জীবন অতিবাহিত করতে হত। একজনের সঙ্গে জীবন-যাপন জড়িয়ে গেল। কি আছে ভবিষ্যতে সেদিন ভাবতে পারিনি। আমার কথার কি আর অন্ত আছে!

৫

আর্য প্রাচীন ভারতে এক নতুন যুগ ধারণ করল।

আমার বিবাহ হয়ে গেল।

আমি খুশি হলাম। মুগ্ধচিত্ত হলাম। আমাকে বলা হত অন্তঃপুরের সম্রাজ্ঞী। অন্তঃ শান্তি দেবার নাম আজ দাসী, সকলের সম্রাজ্ঞী।

কিন্তু অধিকার ছিলোছিল বটে। পিতার সম্পত্তে নাম মাত্র ভাগ ছিল। কিন্তু বাস্তবে ওই ভাগ আমার বিবাহের যৌতুক ছিল। তাছাড়াতে একেই বলা হল স্ত্রীধন। আমার স্থান পতির হৃদয়ের নিকটে হল। তার সঙ্গে তার আসনে বসার অধিকার ছিল। আমি নিজেই নিজের পতি নির্বাচন করতাম। আমি তার প্রেয়সী নারী হলাম। এর চেয়ে বেশি হল। আমি তার পুত্রদের মাতা হলাম। অন্তঃপুরের জননী। আমার অবস্থা আগের চেয়ে ভাল হল। তাছাড়া আমাকে দাসবনিতা হতে কেউ বাধ্য করত না। আমার সন্তান আমার পতি জীবন ঘিরে বাঁচাত।

ক্রমে আমি বিদ্যা শিক্ষা করতে শুরু করলাম। শাস্ত্রালোচনা হলাম নানা দিকে। ক্রমে আয়োজন করে পতির সঙ্গে ব্রহ্মক্ষেত্রে যেতাম।

আমি একবার ক্রমে নিয়েছিলাম বিদ্যুপ্রা নয়ন। বাঁয়াপ্রা আমি। দুঃখে পা ঘাটা খেল। কিন্তু আমি একটুও বিচলিত হইনি। তোমার পা আমার গায়ের অভাব খুঁচিয়েছিল।

কেমন যেন অন্যমনস্কতায় আমি একবার। রাজা দশরথের বলী হলাম। ব্রহ্মক্ষেত্রে একবার পতির সহধর্মিণী হয়েছিলাম। রাজার যজ্ঞক্ষেত্রে যজ্ঞমান নির্দিষ্ট হয়ে গেলে অন্তঃ আহ্বান প্রথম হল, আমি যজ্ঞক্ষেত্রে হাতে নিয়ে অশ্বটাকে সামলে ছিলাম। আমার পতির মান রক্ষা হল।

কত রূপে আমার প্রকাশ, কত সব নব নব কলেবর ধারণ করেছি আমি।

ক্রমে নিয়েছি দীক্ষাগ্রহণের জনক রাজার পুত্র। পুরুরোজ্জ্বল শ্রীরাম-চন্দ্রের ঘরনী হলাম। উত্তরকালে ঘরে ঘরে পূজিতা হয়েছি।

কিন্তু তবু আমি কি ছিলাম? ছিলাম এক বস্তু যা অনায়াসে কেনা যায়। সৌন্দর্যে ফুলের ঘ্রাণের সাথে রাজন আমাকে হরণ করে নিয়ে-ছিল। দীর্ঘকাল আমি রাজন রাজার বন্দিনী হয়ে ছিলাম।

হ্যাঁ, এ কথা ঠিক আমার সঙ্গে ওই লোকটা কোন অভদ্র ব্যবহার করেনি। অমার অন্তরঙ্গ সভায় ওই অসামান্য যোদ্ধাও এসে-ছিল। কিন্তু আমি বরমালা দিয়ে-ছিলাম বন্দনী বিজয়ী রামচন্দ্রের গলায়।

একপত্নীব্রত রাম পূর্বপুরুষের অনুসরণীয় ঐতিহ্য ভঙ্গ করে আমাকে একপত্নীত্বে গ্রহণ করে-ছিল এবং রাবণ আমাকে হরণ করার পর অশোক শোকাতুরচিত্তে বিলাপ করে বলে ফেলেছিল, ঊর্মশীর বিরহে কাতর পুরুরবার মত। কিন্তু তার বিলাপের কথা এই রাজসের রাজা থেকে উদ্ধার করার পর অগ্নি-পরীক্ষার জন্যে সে আমাকে গ্রহণ করেছিল।

অশোক বনে আমার প্রতি কত পল কেটেছে তাদের হিসাব। নিজের দেহের অনুভূতি পর্যন্ত ছিল না। রাক্ষসেরা কোন কোথে পরপুরুষের কথা ভাবাও কল্পনা পারেনি। কিন্তু তখন সব প্রকোষ্ঠেই কি পরিষ্কার ছিল। বিকৃত প্রেমের প্রকাশ কি ছিল না? খুবই ছিল। আমার সম-কালীন সাহিত্যে তার সাক্ষীর অভাব নেই। তবু এই বিকৃত প্রেমের চর্চাতির মধ্যে মহিমারও ছিল। রাম, তাদের ভাইয়া, নারীর মধ্যে আমি, আকাশের উপেক্ষিতা ঊর্মিলা, দুষ্কৃতকীর্তি মন্দোদরী। তবু এই সব প্রেমেদ্রনেও আমাকে গ্রহণ করেছিল অগ্নিপরীক্ষা করে। এই গ্রহণ যে কত বড় কঠিন কাজ ছিল!

তখন শাসনব্যবস্থা জনতার হাত থেকে ক্রমে রাজন্যদের হাতে এসে-ছিল। রাজা নিজের ব্যবহারের সুবিধার জন্যে চাইত বহুর শাসনের চেয়ে একের শাসন অনেক ভাল, অনেক আয়াসসহজ। কিন্তু আসল অভিপ্রায় ছিল স্বেচ্ছাচারিতা, নিরঙ্কুশ স্বাধীনতা। তাই তার আচরণের অন্তরালে সইতে হয়েছিল। রাবণ যে বিজয়ের সৃষ্টি করেছিল তা মহত্ত্বের চেয়েও ভয়ানক। কে এক ধোবী উপহাস করল আর স্বামী আমাকে পরিত্যাগ করল। আমি যে গর্ভবতী ছিলাম তার সে খেয়ালও ছিল না।

সৌমিত্র আমাকে বিজন বনে পরি-ত্যাগ করে এল। কবি ভালিমাল আমার মুখ দিয়ে বলেছেন, আমি যা বলছি তুমিকে বোলো। রামের দোষ নয়। আমার কর্মের দোষ।

কিন্তু এ হল কালিদাসের কথা। আমার কথা নয়। ওই ভীরু বিজন বনে আমি যা বলেছিলাম তা সৌমিত্রি বা বাল্মীকি বা কবি কালিদাস কেউ শুনতে পায়নি। কেউ দেখতে পায়নি আমার অন্তর অন্তরে সন্তানদ্বয়ে যাবার জন্যকরণ কিভাবে অন্তঃকরণে টানাপোড়েন করছিল। আমার নিকৃষ্ট অন্তরে-দেবের কথা কেউ শোনেনি। আমি বলেছি, ওই রাজাকে বলো

সাধন করেছিলেন। আমার দুঃস্থতিতার ধারের কোনোও স্পর্শ করতে পারেনি। সেদিনকার পুরুষশাসিত সমাজের বাস্তবতা থেকে তাদের সব পাপ ভেসে গেছে।

দুঃশলকন্যা তুকার কথা মনে পড়ে। সেই বহুভর্তৃকার বেদনাময় স্মৃতি। এতদিন আমারে অনেক সপত্নীদের মধ্যে একজন ছিলাম। তাতেই অভ্যস্ত হয়েছিলাম সেই উপেক্ষিতা বহুভূমে। কিন্তু এ যে এক নতুন অভিজ্ঞতা, দুঃখি বা এর আর তুলনার নেই। সত্যি বলতে কি, যেন জীবন্ত নরক মনে হত আমার একই সঙ্গে অনেক পতিকে সেবা করতে আর তাদের সামলাতে। অবাধ্যচারিণী ভার্যা আর নিষ্ঠুর সপত্নে পঞ্চজন স্বামীকে স্বীকার করে নেওয়া একই সময়ে কি সহজ কথা? কি কঠিন, কি দুঃসহ যে এই কাজ কেউ কি তা বুঝেছিল? বলতে আমার একটুও লজ্জা নেই তৃতীয় পাণ্ডব অর্জুনকেই আমার বেশি পছন্দ ছিল। প্রথম প্রেমের রঙ-ছোঁয়া তার জন্যই তো ছিল আমার মনের সংগোপনে।

বাকি চার জন?

ওই ধর্মপুত্র যুধিষ্ঠির, তাঁকে কথার যায় দুঃখ তুমা? পাশার ছেরে বসে গেলেন, ছিয়ে কি বিলাস, আমি তো জনবাসী। দুনিয়া সাজনা দিয়ে বলেন, তুমি যদি জনবাসী, খুদী তবে কে?

আর ওই মহাবল ভীম? যার চেহারা দেখে দুঃশলা উপাধিত হত। প্রেম সঞ্চার আর হবে কি করে।

আর পাণ্ডুরির কনিষ্ঠ পুত্রদ্বয় অশ্বিনের মধ্যে দুই বালক নকুল আর সহদেব? ওদের নিতান্তই আমার বালিকা মনে হত। মনে যাবার আছে, আমার নিতান্ত হাসি পায় তাদের, পাণ্ডুরি আমাকে কেপে বলতেন, বৌমা, সহদেব আমার বুকের বাছা। ওকে তুমি পুত্রস্নেহে দেখো।

পাণ্ডুরি যাকে পুত্রস্নেহ দেখতে বলেন, সে নাকি পতি? হাসির কথা, হাসির লজ্জা!

—না, আজ আর বলতে সঙ্কোচ নেই, এই বহু দুঃখের এপার হতে, সেই আমার নিঃস্বপ্ন, সর্বংসহে ঐশ্বর্যবান আমার পুরুষ, সে আমার পাণ্ডবিকারী কামনা, সেই আমার পরমপুরুষ ছিল। তাই প্রতি ক্ষেত্রে এসেছি আমার হৃদয়ের অপরিবর্তন অর্ঘ্য।

কিন্তু এর জন্য আমাকে কি কম ভোগ করতে হয়নি? অন্তঃপুরের কাজে দিবারাত্রের দুর্বহ শ্রমে যখন আমার পতন হয়েছিল, তাঁদের প্রত্যেক উত্তরে সত্যসন্ধ যুধিষ্ঠির যখন ছিলেন, এই নারী সপত্নীর স্বার্থে ভেবে পারলো না এই কারণে যে, আমাদের সবার চেয়ে অর্জুন ওই কাজে প্রিয়তর ছিল।

৬

এই অপমানিত কয়েদের অন্তে (ভেতা স্বয়ম্বর সভার পর) আমার সামান্য সত্তা যা অবশিষ্ট ছিল তাও বিনষ্ট হয়ে গেল।

আমার অবাধিনী ছিলাম। সমস্ত সামাজিক ক্রিয়াকর্ম আমি পতির সঙ্গে সম্পন্ন করেছি আমি। কিন্তু অন্তরের গুপ্তের স্বাধীনতার কথা তাহলে আমি মরমে মরে যাই। অন্তরে নবরত্নের প্রাত পাত্রেরও ও সংগোপনের কত উপকরণ আছে।

দুঃখ যার প্রার্থনা ও দেবতা হত।

কিন্তু আমি কি দুঃখই প্রার্থনার বস্তু? মানুষ নই? অন্তরের মৃত্তে অন্তর সঙ্গে মনীষা সম্পদের কথা আছে। আমি উত্তরের মেয়ে আবরণে আবৃত করার কথা। কি করে এ সব লেখা হয়েছিল ঐতরের ব্রাহ্মণ ও আরো নানা শাস্ত্র ও পুরাণে? সমালোচক কি করে এর ব্যাখ্যা করেছিলেন? হতে পারে সমস্ত প্রাচীনতে কাহিনের জন্য সুচেতনদের ধ্যান হয়েছে।

তেজ, সৌন্দর্য, গতি ও জ্যোতি—এই চারটি দৃষ্টিকোণ থেকে তুলনামের কত না স্তুতি তাঁরা করেছেন। হয়ত এটি ঠিক যে, বল, বীর্য, সাহস ও দুঃখাদি করের উপযোগিতার জন্য অন্তরে পদ্মজন্মতে কাহিনের স্থান দেওয়া যায়। অন্তরে অন্তর্দৃষ্টিতে সূর্যের অনেক অন্তর জন্ম বলা হয়েছে; এবং তার সৌর্য বীর্য গতি ও সৌন্দর্যের প্রকৃত সুখ্যাতিও আছে।

অন্ত শাস্ত্রে প্রতীক, গতির প্রতীক। গতি ও গতির একটা মহিমা ও সৌন্দর্য আছে। অন্তরের বজ্রাস্ত্র ঋচির দ্বারা বীর্যবান সন্তান লাভ তরে এই যোজনা হয়ত ঋণাত্মকীয় আছে। তা হতে পারে। কিন্তু তবু সমস্ত ভিন্নিসটার মধ্যে নারীর প্রতি প্রচণ্ড একটা সন্তর্যহীনতা ছড়েছে।

নারীর লজ্জার দিকে দৃষ্টিপাত করবে না অথচ অবমত অহঙ্কারী পুরুষ নিজের মোহ মোহ রূপের জন্য? লজ্জাহীন প্রবল পুরুষই আবার বলে লজ্জা নারীর ভূষণ। হায় নারী, হায় নারীর ভূষণ লজ্জা। কবি আবার স্তব রচনা করেছিলেন রেবী চণ্ডীর উদ্দেশে, যা রেবী সর্বভূতেষু লজ্জা রূপেন সংস্থিতা।

জানি না কবকে দোষ দেব। অন্তরের বজ্রাস্তরীয়ের, না তাঁদের পুরোহিতদের? সেই মৌলিক যুগে আমি পতির ছায়ামাত্র ছিলাম। তা আমি ইন্দ্রাণীই হই বা সীতা সাবিত্রী বাসুদেবীই হই। অথবা আমি কেন দেবীই হই, সর্বংসহে

জ্যাঁ দ্রেজেন

আমি পতির ছায়া হয়েই পতির ঘরে দাস হয়েছিলাম। অন্তরে অন্তর আমার ছিল না। কলা-কাঠামোদের পরিণাম প্রবাসী অজ্ঞাকাল গর্ভে সে সব দিন ডুবে গেলেও আমি ভুলিনি সে-সব দিনের স্মৃতি!

৭

ভগবানের যুগে আরো নীচে নেমেছিলাম। হ্যাঁ, সাত্য কথা বলি, ইন্দ্রপ্রস্থের রাজা, মেরেরাজ্যের আমি ছিলাম, কিন্তু কাজেকর্মে তো অন্যের আমিই ছিলাম।

পাণ্ডবরা যেখান সপত্নতার বজ্রদূত তাঁদের পত্নী হয়েও আমি নিঃসঙ্গা ছিলাম কেন? কে মেরে এই অন্তরের প্রেমের জগৎ যে নিজের অন্তরকে অন্তর্যামিনী করে মোন নিয়েছিল, সে কেন তার অন্তর্যামিনীকে দুঃখে রেখে নিজে বিশ্বাস হয়েছে? তাই তো পরবর্তী যুগের বাহিনী কবি কাজনা রাজের মুখে আমাই অন্তরে অন্তরের অন্তরেকে নাম তুমি হলে অন্তরের, অন্তরালের অন্তরকারে আমি যে বেরোই ঘর'।

দ্রুপদ রাজের প্রতিষ্ঠিত সেই সব আজন্ম কবিদের পত্নী হয়েও কেন আমি অন্তরকার হইলাম? তাদের, ইন্দ্রির নিয়ন্ত্রকারী অন্তরাত্মা ইন্দ্রবাদী ভবি বাসুদেবকেও তো এক পত্নী ছিল না? সেই মহাত্মাদী বাসুদেবকে, যিনি বলেছিলেন, হে মৈত্রেয়ী, অর্থ, বিত্ত, বস্তুসামগ্রিকে জগতে কেন কিছুই তোমাকে অন্তর দেবে না, তিনিও বিজন সপত্নীর জ্বালা। কাকে? সাধারণ নারী তো ছিলেন না সেই নারী। নিজের কাছে নিজের কণ্ঠস্বর অচেনা লাগতো, শাশ্বতকাল ধরে সেই আমার কণ্ঠস্বর ধ্বনিত হচ্ছে অনাদ্যন্ত মানবের মত—বেদনায় নীলতাসায় ক্ষিপ্তার হেন কুরুক্ষেত্র—যা ঘিরে আমি অন্তর হবো না, তা ঘিরে আমি কি করবো? তাতে আমার কি আসবাব? এই হল সনাতন ভারতবর্ষের শাশ্বত মর্মকথা। চিরকালের সত্তা বাণী, অর্থ বিত্তে সম্পদে কোন কিছুতে সুখ নেই। সুখ শুধু অন্তরে। সুখ শুধু আত্মবশনের অন্তরতর অন্তরে। এ বাণী ধ্বনিত হয়েছিল একটি নারীকণ্ঠে। আমিই মৈত্রেয়ী, আমিই সেই জননী অমৃতসা, যেতার বেদনার বোল দিতে দিতে যে তার হৃদয় ঘরো ধারিত্রি বির বৈরাগ্যের সুরে। এ নয়, এ নয় মোতা, অমৃতের পিয়াসী হ' তুই।

কিন্তু কে তা মনে রেখেছে, শাশ্বতকালের বক্ষ বিদীর্ণ করে চিরকালের মানবাত্মার আর্তক্রন্দন আমার মত এক নারীর মুখ দিয়ে নির্গত হয়েছিল—ওগো অমৃত চাই,

সম্মানের কোন উপকরণ বা বস্তু নয়, আমি অমৃত চাই! মহিলা নারীর কথা কে মনে রেখেছে? সেই মৈত্রেয়ীও ছিল সখারী।

আবার আমি সভাতলে কারাগারে ঘাড়ে হলাম।

গুরু জিজ্ঞাসা করলেন, কে তোমার পিতা বলেছ? ব্রাহ্মণ না ক্ষত্রিয়? তখনকে জিজ্ঞাসা করে সেই সময় বলেছ কি হবে?

আর আমি বা আমার আত্মজকে কি বলব? নিজের সেই লোপন কাহিনী? সেই নিতান্ত ব্যক্তিগত পরিবেশনের কুন্তী যাজ্ঞসেনীর কথা বলা কি হবে?

পিতৃগৃহে আমার বহু অতিথির সমাগম ছিল। তাদের নারায়ণ পূজা করতে হতো, বিমুখ করার উপায় ছিল না। ইচ্ছাসুখে উপকরণ করব তেমন ক্ষমতা নেই।

হায়, আমিই কি জানি এই বর্ণহীন জাতিহীন গোত্রপরিচয়হীনা জীবনের জন্মবার্তা কেন মহাপুরুষ? রবীন্দ্রনাথ তার জবাব অবশ্য অনেকদিন দিয়েছেন আমার মুখে দিয়ে। বড় বহুদ, বড় সুদূর সেই পরম সত্য কথা, "জন্মেছিল অন্তর্যামী জন্মের ছোড়ে; সেই হতে নাহি জানি, তাহে"।

৮

আমার জীবন ছিল বড় কঠোর। অন্যের জন্যই জীবন। অন্যের সেবার জন্য। আমে বিবাহ হত একটি মেয়েটে। এবং আরম্ভ হল জল তোলাই। অষ্টম বর্ষে খোরী যান করে পূজা করতেন পিতা!

সব অধিকার কেমন করে যেন লোপ পেয়ে গেল, ছুমি সম্পত্তি আদি কেমন করে সব স্বামীর অধিকারে গেল। স্বামীর মৃত্যুর পর তার মৃত সম্পর্কের আত্মীয় সম্পত্তি পেলেও আমার তাতে কোন অধিকার থাকত না। অর্থবিহে অনধিকারিণী নারীর স্থান ছিল কোথায় তা তো সহজেই অনুমেয়।

আমি হলাম অবলা নারী। কুমারীকালে পিতা, যৌবনে পতি আর বৃদ্ধাবস্থায় পুত্রের অধীন থাকার ব্যবস্থা হল আমার। আমার চোল জন আশ্রয় হয়ে অন্তর্হিত এ সব যে আমার তা মনে রাখার বার পুরুষের ছিল না।

বৈবিকল্পে ইন্দ্র হয়েছিল, নারীর দুখের হল মৃত্যু, মনে ভেঙ্গার দুখের। বিশ্বাসের অযোগ্য। এতদিন বয়েও একথা মনে হলেই আমার মনে বিদ্রোহের দুন্দুভি বাজে।

এখন নিয়ম হল বিবাহের পূর্বেই পরতে হবে কন্যা বয়সে, সম্পত্তিতে অধিকার থাকবে না। মনু একদিকে বলেছেন, স্ত্রী-রত্ন দুষ্কুলাদপি। নারী পূজার্হা তাও বলেছেন। কিন্তু তার পুনর্বিবাহ নিষেধ করেছেন।

এর পর যে বর্ণশঙ্কর হল তাতে আমি হলাম দাসী। অন্তরজের পরিচয়ে স্থান হল আমার। বেদ পাঠের অধিকার ছিল না, শোনারও নয়।

চার বর্ণ না এসে কথা এখন এই দুটো। কিন্তু তাই কি? নিরক্ষরতার কথা কি এই যুগেও বলবার?

সংবিধানে ভারতীয় নারীদের অনেক অধিকার দিয়েছে, কিন্তু এখনো ভারতীয় নারী কি শিক্ষার ক্ষেত্রে অনেক পিছিয়ে নেই? বাস্তি বিশেষের সাধনা বা প্রতিভা ছোটা নারী সমাজের অগ্রসরতার সূচক নিশ্চয়ই নয়। আজও মৈত্রেয়ীর মতই একালের বিশিষ্ট মহিলারা বাতিক্রম মাত্র।

ভারতে পুরুষদের মধ্যে শিক্ষিতের হার যদি শতকরা চল্লিশ, নারী হবে শতকরা মাত্র আঠারো জন।

এযুগে আধুনিক যুগে রামমোহন, বিদ্যাসাগর বা গান্ধী, নেহরুর পরও প্রতি তিনটি ভাই ছেলের মধ্যে একজন কেন বিদ্যালয়েই যায় না। এখনো এযুগে অর্থাদত নারী পর্দা-নসীন। অসংখ্য নারীর যাত্রা এখনো হলো পিতা, যৌবনে স্বামী এবং বার্ধক্যে নিশ্চয়ই পুত্রের আশ্রয়ে থাকাই তার নিয়তি।

মনুর যুগের এই সব যান যাবার পরিবর্তন হতে পারে খালি জানালুন শলাকা। এই শলাকাই নারীর মুক্তির ও যন্ত্রণার হাতিয়ার হবে।

আবার ফিরে যাই সেই যুগে যখন আমি বেদের মন্ত্রদ্রষ্টা ছিলা করেছি। তাদের এখন বেদের মন্ত্রদ্রষ্টা হবার অধিকারও রইল না। এখন আর আমি ইন্দ্রাণী বা অরুন্ধতী বা অন্য কোনদেবের দেবী সূক্তের অধিকর্ত্রী ঋষিকল্পা বার ছিলাম না যে বলেছিল অহং রুদ্রায় ধনু-রাতনোমি ব্রহ্মদ্বিষে শরবে হন্তা বা উ।

আমিই রুদ্রের ধনুকে জ্যা রোপণ করি। ব্রহ্মদ্বেষীকে পরাভবতে হবন করি।

জীবনের নাটমঞ্চে এবার নতুন রঙ্গ সুরু হল। আমি পর্দার বেরা-টোপে আবদ্ধ হলাম। অন্তঃপুরের অন্ধকারের বাইরে যাবার আর উপায় রইল না।

পরবর্তীকালে যত দুর্দশা আমি ভোগ করেছি সে সবের শিলান্যাস যেন এই সময়েই হয়েছিল। ধর্ম-সূত্র আর ধর্মশাস্ত্রের তন্তুতি এই সময় হয়েছিল। ভাবী হিন্দুসমাজের ভিত্তি এই সব বিধানসূত্রেই নির্দিষ্ট হয়েছিল সন্দেহ নেই।

সেদিনকার দেখল পূজার বলি আমাদেরই হতে হল।

বৈবেদের কল্পনা ভোগ করেছি, কখনো পণ্ডিতাভিমানী হইনি। কিন্তু স্বামী আমাকে অনায়াসে ত্যাগ করতে পারত ছাগ মুখলাভের মত, আর ইচ্ছে হলেই পুনর্বিবাহ করত।

৯

নিরবধি কাল আর অনন্ত সমস্যা। কঠিন পারিপার্শ্বিকের সম্মুখীন হয়ে, উপায়ান্তর না থাকায় আমি অর্থের বিনিময়ে শরীর ভোগে বাধ্য হয়েছি! আর তা অতি প্রাচীন কাল থেকেই।

লিঙ্গবিহে, কোশলে, মালবে, সব জায়গাতেই আমার চাহিদা ছিল। বেশ্যা, বুদ্ধোপজীবিনী, বারাঙ্গনা, পণ্যনারী—এই সব আমার উপাধি হল। ছোটিলা আবার আমার উপর জর ধার্য করে আমার ব্যবসার শ্রীবৃদ্ধি করলেন। প্রতি রাতে আমার গ্রাহক ছিল পাঁচশত মুদ্রা।

আর আমার কি করার ছিল? চারটি রাস্তা ছিল আমার সামনে। ঘর বিধবা হয়ে থাকো, অথবা মৃত পতির প্রজ্বলন্ত চিতায় অরোহণ করে সতী হও। নয়ত বেশ্যাবৃত্তি অবলম্বন কর, কিম্বা যৌথ সংঘে ভিক্ষুণী হয়ে যাও।

কনুখার সামন, ধরার সামন ভগবান তথাগত, জন্মের বার বিম্বের পরবর্তী কালে গেছেলেন, সমস্ত দর্শিত পশুহত্যা ইত্যাদি। নিখিল জীবের প্রতি যার অন্তর করুণায় প্রবাহমান ছিল। তিনিও বলেছিলেন, সংঘে নারী ঢুকলে সংঘের আয়ু হাজার বছরের আয়ুষ্কাল পঞ্চশত বছর হবে। সেই কনুখাসাগর সর্বশক্তি দিয়েই আমার সংঘে প্রবেশে বাধা দিয়েছিলেন।

কিন্তু আমাকে সংঘের প্রয়োজন ছিল। কারণ সেই পর্যন্ত আমারই জন্য সম্বলহীন অসহায় জীবন ছিল। আমারই কারণে সংঘ প্রতি দিন ভিক্ষুর সংখ্যা বাড়তে লাগল। আর আমাকে যা সইতে হয়েছিল সে কি আর বলার মত কথা? বহুই দুরন্তহীন দিন কেটেছে আমার। সেখানেও আমার জীবনের করুণ "ভলাডলিতে নিজের বাহু নিজেকে বড় দীন মনে হয়েছে আমার। সমস্ত অন্ধকারে একলাই গলাছল গান করেছিলেন দেবাধিদেব মহাদেব, হলেন নীলকণ্ঠ। আর আমি নিরবধি কাল ধরে আমার সমাজের সতীত্ব গলাছল পান করতে থাকি!

১০

কিন্তু অন্তর আমার পরবাসে, দুরের আমার প্রার্থনায়। চলতে হবে অন্তহীন পথ, বর্ষসূত্র আর ধর্ম-শাসনের এত আঘাত সহ্য করেও মরে যাইনি আমি।

ইতিহাস সূত্রে নামের অনুসন্ধানকে আমি তাৎপর্যপূর্ণ মনে করেছিলাম। দেখেছিলাম এই সমস্ত জীবনের পরম অনুভবের বস্তুর পথে আমারও অনুভব।

আমার বেলায় ব্রাহ্মণ সূত্রে সবই এক রকম ছিল।

সমাজের সীমা লেখ হয়ে যাবার পরই 'নিন্দ্য সূত্রে একেবারে বিন্দার এসে ফেলেছিল। কিন্তু তাকে সহ্য করবে কে! কাঁদাকে নীচু করার জন্য ব্রাহ্মণই সব করতে পারত, আর করেও ছিল।

ভাত্যাচল আর মুদ্রারাক্ষস যুগের মহামন্ত্রীদের মহাসচিব ছিলেন। কিন্তু চাণক্য চন্দ্রগুপ্তকে প্রতিষ্ঠিত করার জন্য ব্রাহ্মণ কাঁদের সাহায্যে পর্বতে নন্দকে শেষ করে দিয়েছিলেন।

চাণক্য চন্দ্রগুপ্তে অনেক এসেছেন। আপন আপন ভাষিকের মাঝিমার সকলেই ভারত ইতিহাসকে উজ্জ্বল করেছেন। চাণক্য তাঁর ধর্মশাস্ত্রে অনেক ব্যবস্থা দিলেন। চিরন্তনী অনেক ধর্মযুদ্ধে হাতে প্রকৃত জনের অনেক উপকার সাধন করলেন। কিন্তু আমার জন্য কি করলেন? কিছু না। আমি অন্তরাত্ম হয়েই রইলাম। নব নব বিধানের শৃঙ্খলে আমার বন্দীদশা আরো সুদৃঢ় হতে লাগল।

আমি আমার প্রাত্যহিক জীবনের পথে কোনমতে চলেছি তখন। আমার চলার পথের বিধানদাতা ছিলেন একদিকে ভূত ভূটিল, অপর দিকে ভাঁড়ু।

গুপ্ত থেকে মৌর্যাব্দের পাটলিপুত্রে এল। মৌর্যরা ওদের সঙ্গে পারল না।

গুপ্তদের সামনে লোকেরা কন্যা দান হয়ে গেল। অনেকে রাজমহিষীর মুখের মধ্যে ঘিরে ঢুকে পড়ল। কিন্তু আমি কন্যাহীনা নারী, আমার হাতে পড়ল হাতকড়ি, পায়ে পড়ল বেড়ি। আমি পলায়ন করতে পারলাম না পাটলিপুত্রের নির্বীর্য পুরুষদের মত। আত্মহত্যাও করতে পারলাম না। আমি বাদের হাতে শিকার হলাম।

আমার নিজের বলতে কিছুই ছিল না। কর্মবিপাকে সবই গিয়েছিল। এখনো যাচ্ছে। আমি কি আমার নিজের ছিলাম? ছিলাম না। ছিলাম অন্যের। দুখই যার জীবিকা তার জন্য প্রকৃত ভাল আর হবে কি করে? তাই আমি পাটলিপুত্রের বিরাট নগরে মৌর্যাব্দের সৈনিক-দের হলাম।

কিন্তু সাম্রাজ্য আরো বৃহৎই ছিল। তখন ইতিহাস প্রসিদ্ধ রাজা বিক্রমাদিত্য মালবের সিংহাসনে আরূঢ় ছিলেন।

লৌহতোক শক্ত অনাই মালবে এল তলোয়ার তরবারী হাতে। সে কি ভয়ানক ব্যাপার। লোহতে পালাতে পর্যন্ত পথ পেল না। ওই মালবের

আসি সবার মুণ্ড কেটে রাজপথে রক্তস্রোত বইয়ে দিল, পৃথুবক্ষনো হল নগরী। আর অসহায় আমাকে ওই ভয়ঙ্কর পিশাচের লালসা তৃপ্ত করতে হল।

আমার যে প্রাণ ছিল আত্মা ছিল কিছু আজ তাই আমি ভুলে গেছি। অন্তর্হীন কাল যেন আমি যাচ্ঞাকারী প্রবল পুরুষের ভোগের সামগ্রী হয়ে আছি। মৃত্যু ভাবিবার বর্তমান কিছুই আমার নেই।

তবু তাদাই জানে যে শত পীড়ন প্রপীড়ন করল।

কিন্তু নিশার জীবনদেবতা আমার কপালে শান্তি লেখেন নি। পৃথুবক্ষনো নগরীর শাসনভার আমারই কাঁধে পড়ল।

আমার কর্তব্য সুষ্ঠুভাবে সম্পন্ন করেছি। কিন্তু অদৃষ্ট আমার এমন যে, পুরুষ খুশি হয়নি এই ব্যাপারে। পুরস্কারের বদলে জুটেছে তিরস্কার। আপন হাতে ক্ষমতা নিয়ে বিধিনিষেধের বন্ধনে আমাকে আরো জর্জরিত করে তুলেছে। পুরুষের মত শক্তির অপব্যবহার সব আমার মত অসহায়া নারীর ওপর। শক্তিমান বিদেশীর সামনে সে ভীরু, কাঁটাঁরও অধম।

১১

এবার যে কালে আমার জন্ম হল ইতিহাসে সেই যুগকে স্বর্ণযুগ বলা চলে। কলা, সাহিত্য, শক্তি, সেবা সমস্ত দিকে দেশ তখন উন্নতির উচ্চশিখরে পৌঁছেছে। কিন্তু আমার অবস্থা সেই আগের মতই রইল। আমার জন্মই নব যুগের আবির্ভাব হল দেশে। সে তার বিধি-বিধানে আমার ললাটে হানল বজ্রাঘাত।

অনুলোমে প্রতিলোম বিবাহের জটিল জালে আমার জীবনকে জড়িয়ে দিল আর পুরুষকে দিল তার স্বার্থসিদ্ধির অপার সুযোগ।

কিন্তু তবু এরই মধ্যে একটি আলোর ঝলকানি আমার আকাশে দেখা দিত।

সেই যুগে আমি দ্রুহেবী নামে জন্ম নিয়েছিলাম। মগধের সিংহাসনে তখন গুপ্তবংশের সম্রাট সমুদ্রগুপ্তের পুত্র রামগুপ্ত। এই নগণ্যির সৌভাগ্যের সুখ বা দুঃখ সবই আমাকে ভোগ করতে হয়েছিল। কিন্তু এমন একটি কাজ ওই গুপ্ত-কুলপুরুষ করেছিলেন...

সে আমার ললাটলিপি। আমার রূপের খ্যাতি দূরদূরান্তে ছড়িয়ে পড়েছিল। মনে হয় সেই লোভেই শকরাজ এসে হামলা করেছিল মগধে।

কিন্তু রামগুপ্ত যুদ্ধ করলেন না। রাজস্থানীয়ের অন্তঃপুরে আশ্রয় নিলেন।

মগধে কি বীরের অভাব ছিল? সমুদ্রগুপ্তের সেনারা এক সময়ে আর্যাবর্ত থেকে অশ্বমেধের ঘোড়া-দের তাড়িয়ে দিয়েছিল। কত রাজা তাদের পদানত হয়েছিল, পঞ্চনদ-পত্তনের রাজারাও বশ্যতা স্বীকার করেছিল, সেই প্রচণ্ড রণ সৃষ্টিকারী সেনাদলকে নেতৃত্ব দেবার এখন কেউ নেই, সেই বিজয়বাহিনী এখন বহুকুলবধূর হাহাকারে নিস্তেজ হয়ে দাঁড়িয়ে রইল, রামগুপ্ত পৃষ্ঠ প্রদর্শন করলেন।

শকরাজ ঘরে পড়লেন দুর্বলেরই দিকে ফিরে যায়।

এমন সময় রাজপুতেরা বীরের মত রণক্ষেত্রে প্রাণ দিত, রাজ-পুতানীরা জহরব্রত করে মান বাঁচাত।

কিন্তু ভীরু রামগুপ্ত শকরাজের প্রস্তাবে সম্মত হলেন। আমার ইজ্জতের দাম তাঁর কাছে ছিল না; আমি তো অপরের লালসা-বাসনা তৃপ্ত করার জন্যই জন্মেছি। আমাকে পাবার মত চরিত্রের অভাব চলে।

রামগুপ্ত তো আমাকে দিয়েই বিরোধিলেন। কিন্তু তাঁর ছোট ভাই চন্দ্রগুপ্ত শকরাজ এবং রামগুপ্ত দুজনকেই মেরে সাম্রাজ্য বাঁচালেন, আমাকেও গ্রহণ করলেন।

এল কাব্য-মহাকাব্যের যুগ। নাটক ছোটদের যুগ, যখন কালিদাস আর বিশাখ দত্ত লিখতেন। সরস্বতী নৃত্য করতেন তাঁদের অন্তর্লীন সঙ্কেতে।

কিন্তু সমাজে আমার স্থান ছিল পশু, ভোগের পাত্রে, ওই কাব্য নাটক রচয়িতারাও আমার স্থান তাই রেখেছিলেন।

ভরতের বিধান—ও'রা কি করবেন।

ভরতের বিধান ছিল যে নারী নাইকে, তা সে জনকরাজার কন্যাই হোক বা বিশ্বামিত্র-কন্যা শকুন্তলাই হোক, সম্রাজ্ঞী পৃথ্বীর অধীশ্বর দুষ্মন্তের পত্নী বা ভরতের জননী হোক, সংস্কৃত তারা সে বলতে পারবে না, তাকে বলতে হবে প্রাকৃত। যে ভাষা ভৃত্য, বালী ইত্যাদিরা বলে।

তাহলেই বোঝা যায় আমার অবস্থা কি ছিল। কোন্ দৃষ্টিতে আমাকে সবাই দেখত। আমি তো কামিনী মাত্র, কামনা নিবৃত্তির উপায়। রমণী, যে হল রমণের সাধন। মানুষ বলে তো মনে হত না আমাকে, আর স্বামীর প্রাণ এর আগে আসে।

নায়িকা—পরবর্তী কালে যে কথাটা ঠিকই কুটনীরা লোচক হয়েছিল, তখন যখন আমার কলাবতের অনেকেই গণিকাবৃত্তি অবলম্বন করতে হয়েছিল সমাজপতিদের ব্যবস্থানুসারে।

যাহোক যুগ তার কামধেনী পণ্ডিত কেদেন্দ্র কুটনীমতম আর সমরমোকো বলে দুটি গ্রন্থ রচনা করেছিলেন। নারীকে কি ভেবেছেন পুরুষের দুর্বলতাকে কাজে লাগাতে হবে, বেশ্যাবৃত্তিকে কিভাবে অর্থ-করী করতে হবে এর উপর এই গ্রন্থ দুখানি রচিত।

১২

আমি জন্ম নিলাম বিজ্ঞিকা হয়ে।

আমিই রচনা করেছি কৌমুদী মহোৎসব। কিন্তু আমি নিজে ওই গ্রন্থ প্রাকৃতে বলেছি। কারণ প্রচলিত সমাজব্যবস্থা।

আমার জীবনে কে না পদার্পণ করেছে? কবি কালিদাস, কুমারদাস, বিশাখ দত্ত, কে নয়? কে না আমার অঙ্গসঙ্গের জন্য লালায়িত ছিল? ইতিবৃত্তে যদি তার মূখর ভাষণ স্তব্ধ করে তবে সঠিক উত্তর তার কাছে ঠিকই পাওয়া যাবে। কত রচনা, কাব্য, নাটক আমারই সমাদরে ভরা।

অজন্তা ইত্যাদি গুহাচিত্রে, বিভিন্ন ভিত্তিচিত্রে আমার যে রূপ ঘোষিত তাও সবার বিদিত। দৃষ্টিপথ, সম্বর্ত থেকে বিভ্রান্ত হয়ে খুব বেশি সময় পুরুষের লাগে না। অন্তঃপুরের প্রাচীর তাদের সুন্দরীর কথা রটিয়ে দিয়েছে। এই সুন্দরীর প্রতি আকর্ষণেই নন্দ কমলপুর হয়ে উঠেছিল। অন্তঃপুরের যুদ্ধ আর তুলনা চন্দ্রহীনা রজনীর সঙ্গে করেছেন।

এই অন্তঃপুর নিয়ে উদাসীন, বৈরাগী, বিরক্ত, সন্ন্যাসীর মত। প্রত্যক্ষত, দার্শনিক আর ভাবাবেগে কবি। তাঁর যুদ্ধবিগ্রহ থেকে কালি-দাসেরও বিতৃষ্ণার কথা আছে বলে আমার মনে হয়।

এ হল ভবভূতির যুগ, ভর্তৃহরি, বাণ আর কল্হণের কাল। সমস্ত সাহিত্য আমারই গুণগানেতে ভরা। ভবভূতি আমার উপকার করেছেন।

ভর্তৃহরি আমার বন্ধনদশা দূরীকরে হয়ে সাতবার সংসার ত্যাগ করে, সাতবার গৃহস্থ হন। সে গল্প অনেকেই জানে।

বাণ রচনা করেন কাদম্বরী। রোমান্টিক উপন্যাস রচনা তিনিই প্রথম সুরু করেন। কিন্তু ও'র নায়িকারা মাটিতে পা রাখতে পারেন না, যেন অবাস্তব জগতের বাসিন্দা ও'রা।

আর কল্হণের কথা কি বলব। যিনি সাহিত্যের মানদণ্ড প্রস্তুত করেছিলেন; কিন্তু নিজের কলমুখর

অধিকা বন্দ্যোপাধ্যায়

চরিত্রে আমার চরিত্রকে উজাড় করে ঢেলেছিলেন। সম্ভবত সেই তখন চারণীর সমাজ ওই রকমই ছিল। সাহিত্য তো সমাজের দর্পণ মাত্র! দর্পণে আমার প্রতিবিম্ব আমলাকে অনুসরণ করেছি।

সাহিত্যকারের দোষ কি? সমাজে আমি দূষিত তাজা ছিলাম অং রকমে। কিন্তু কে আমাকে দূষিত আর পরিত্যক্ত করেছে? কে আমার মুখ থেকে শেষ পর্যন্ত লিখেছে? কে আমার প্রতি অঙ্গের চাহনি লক্ষ্য করে আমাকে বিদ্ধ করেছে? লক্ষ্মণের চরিত্রের প্রচণ্ড বিশ্লেষিতার একমাত্র কেন্দ্রবিন্দু তো আমিই?

১৩

এখন সমাজে এক নবীন চিন্তাধারা এল। ইন্দ্রিয়বাদ, অহমবাদ, মনুষ্যবাদ, বহুবাদের ক্রমবিকাশ হয়ে গেছে। উঠিছায় বহুপর্বতে বহুবাদের সিদ্ধসাধক যোগেরা জন্মল, সংসারে নয়, বনেরা চূড়াতেই সিদ্ধিলাভ হতে।

ব্রহ্মকিনী যে সিদ্ধির সাধন করতে পারে—সে স্বর্গ-মর্ত্যের বিধান দিয়ে কি করবে? আমার তখন খোঁজ পড়ল। অতিথি সাধুসজ্জনের সৎকারের জন্য আমাকে অর্পণ করা হত।

উচ্চের যোগিনী আর নীচকুলে সেবদাসীরূপে বর্তী-রতীর যজনের জন্য আমার প্রয়োজন হল। কলিঙ্গ থেকে কামরূপ, আর কামরূপ থেকে বিন্ধ্যাচল পর্যন্ত নারীরূপে, বিশ্বম্ভরী রূপে আমি পূজিতা হতে লাগলাম। নাম হল আমার কুমারী।

যে অত্যাচার আমি সহ্য করেছি বর্তী-রতীদের কাজ, যে অমানুষিক অত্যাচার বরদাস্ত করেছি তার হিসাব কি ইতিহাসে রয়েছে? পুরুষের রচিত ইতিহাস?

উঁচুজাত ব্রাহ্মিকাদের আমার রূপের মূর্তির ছিল করা হল। যা সোনার ছিল, পুরুষেরা পুড়ে ছিল, তাই বাহির প্রাচীর অস্তিত্ব হতে লাগল। নারীকে কোথায় নামিয়ে আনল পুরুষ?

মাঝে স্মৃতিকারেরা আমাকে সামান্য একটু অধিকার দিয়েছিল।

বিবাহের আর দায়ভাগ। কোন কোন অবস্থাতে আমাকে নিজের স্বামীকে জন্যই একটু উপরে উঠিয়েছিল।

যৌথের লক্ষণাচারের প্রভাবে এটা সম্ভব হয়েছিল। কারণ ওই মহাপুরুষের দেশে নারী তখনো অর্ধের অধিকারিণী ছিল, এখনো আছে, নারী সেখানে অবহেলার পাত্রী নয়।

কিন্তু বিজ্ঞানের আর জীবন্ত-বাহনের এই সামান্য উদারতা সমাজপতিদের সহ্য হল না। সম্পত্তির ভাগীদারদের কথা ছিল সাম্যাতিক। সম্পত্তির ভাগ কোন বিধবা পাবে এ তাদের সহ্য করা দুষ্কিল হল। তাই তারা দ্রুত পুরাতন সতীদাহ প্রথা বিধিয়ে আনল। বিধবাকে পুড়িয়ে মারলে তো সব ঝঞ্ঝাট চুকে যায়। তাই সতীদাহের প্রবর্তন দ্রুত হল। আমি আবার অগ্নি-বেদেরার আহুতি হলাম।

পুরুষের প্রতিহিংসার পাল আর রাষ্ট্র-কূটে সম্বর্ধ চলতে লাগল কনোজের স্থাণীক নিয়ে। পরমারদের রাজধানী উজ্জয়িনী আর ধারাতে। দুজন আর কেরলের রাজসভাতে বলদেবদীক্ষে বিতর্কসভা করে নারীসত্তা করা হতে লাগল। নারীদেহ আগাগোড়া উন্মোচিত করে তাদের লালিতকলার চমক সৃষ্টি করা হতে লাগল। কিন্তু আমার যে নিজের কিছু প্রয়োজন আছে—শরীরের, মনের, আত্মার, তা তাদের বোঝার বাইরেই রয়ে গেল।

শেষ অধ্যায়ে আমার অগ্নিতে সমর্পিত হওয়াতেই সমাজপতিদের আনন্দ ছিল। কালিদাসের কাব্যেও সতীদাহের প্রসঙ্গে সেই ইঙ্গিত পরিস্ফুট।

রাজপুত শৌর্য বীর্যের আমার পৃথ্বিরাজ অনেক লড়াই করেছেন আমারই জন্য। পিতার স্নেহছায়া থেকে পৃথ্বীরে ছিনিয়ে নেবার জন্য। আমারই কারণে হানাহানি।

এই হানাহানির মধ্যে আমার গতি কি হল তা কে দেখেছে?

আমি সমাজের আনুষ্ঠানিক বিধানের বলি হলাম। ধানের কণ্ঠে হলাম আমি সহ্য, ভোগ্য, ধনসম্পদ ভূমির মত। ধানের কণ্ঠের কি ইচ্ছা-অনিচ্ছা থাকে? থাকে না। আমারও ছিল না।

দেশের অবস্থা যেমন হয়েছিল তাতে এই-ই স্বাভাবিক ছিল। অনেক বিজয়ী জাতি এদেশে এসেছিল, এই সমৃদ্ধিশালী সমাপালিনী দেশে। এল, জয় করে নিল। নিজের ভূমি আর নারী রক্ষা করার ক্ষমতা এ-দেশীয়দের ছিল না। তবে আর কি হতে পারত? সতীদাহ প্রথা পুরোদমে চলতে লাগল।

বিধবারা স্বামীদেহের অগ্নিতে আহুতি হতে লাগল।

এই তো আমার ভাষা। কামার্ত পুরুষের প্রভু বানানোর জন্যেই, এখন অগ্নিতে পুড়ে ভস্ম হতে লাগলাম।

১৪

আমার হাজার, আমার লক্ষ-মৃত্যু।

ভারতের শাসন দ্রুত বারবারেই মুসলমানের হাতে এল। নগর বিধ্বস্ত হল। সঙ্গে সঙ্গে আমার মানভঙ্গও।

আমার হাজার হাজার ভগ্নীদের ধরে নিয়ে গেল ঘর এশিয়ার বাজারে বিক্রয়ের জন্য।

কখনো বা ভারতও পুরুষ সঙ্গের সঙ্গে নারী বাসীও রপ্ত করে নিত। প্রাচীন কালেও ভারতীয় রাজা জমিদারেরা বহুনীবাসী রপ্ত করত। রাজবের অন্তঃপুরিকা তো বহুনী-বাসীরাই হত। কৌটিল্যের বিধানে ছিল যে রাজা প্রজাতে উঠেই ও-মুখ দেখবে, মানে এদের মুখ দেখবে। অনেকে আবার বাসী-জীবন থেকে মুক্ত হয়ে এদের পত্নী হয়ে পরিবারের শোভা বৃদ্ধি করত।

ফিরোজশাহ তুঘলকের মন্ত্রী মকবুল খাঁর হারেমে নারীর সংখ্যা ছিল অগণিত। সারা বিশ্বের সব দেশের নারীরাই তার কামকলা হয়ে কলত।

বিজয়নগরের রামরাজার অন্তঃপুরেও অসংখ্য নারী ছিল। এদের সাঠক হিসাব রাখাও ছিল কঠিন।

আমার বলি—হারেমে নারী, হারেমে আমার করুণ কলাকৌশল। এই সব বড় বড় হারেমের অন্ধ অন্ধকারে আমার দশা কি হতে পারে তা আর ব্যাখ্যার কি আছে? হাঁ, একবার স্বামীর নজরে পড়লে তবু এক রকম ঠিকই ছিল। সেই এক পুরুষের হাজার কামনো ছিল। কামনো জীবন। কিন্তু একবারের বেশি নজরে কি পড়তাম ওই অসংখ্য নারীর মধ্যে? তা কি সম্ভব ছিল? ছিলই না।

সতীদাহ ছিল, ছিল জহর ব্রতও।

সতীদাহের মধ্যেই জহর ব্রত। কিন্তু এত প্রাচীন নয়। মেবারের পদ্মের সময়ে কতবার আমি জহর ব্রত অনুষ্ঠান করে নিজের মান বাঁচিয়েছি। দুটি পথ ছিল। হয় জহর ব্রত করে নিজেকে বাঁচাও, নয়তো তরুণীলার বাজারে বিক্রীত হও।

জহর ব্রত সত্যিই জরুরী ছিল।

বিদেশীর অত্যাচারে উপরন্তে ভারতবাসী নিতান্ত বিপন্ন হয়ে পড়েছিল। নিজেকে রক্ষার ভার আমার নিজেরই নিতে হয়েছিল।

কতবার যুদ্ধে আমি জহরব্রতে বাদল করেছি, কতবার অগ্নির আঘাতে ভস্মসাৎ করেছি, কিন্তু আজকার মোক্ষম উপায় শেষ পর্যন্ত ওই জহর ব্রতের মধ্যেই খুঁজে পেয়েছি।

সেই আলাউদ্দিনের সময় এক তারমাত্রও কত পদ্মার অনন্ত সংখ্যার নিজেকে আমি সর্বত্যাগী ভয়ঙ্কর বৈশ্বানরের লেলিহান শিখার ভস্ম করেছি। আকাশে উড়ে যাওয়া আমার ভস্মরাশির উজ্জ্বলতা থেকে রাজপুতদের বিজয়স্তম্ভের উজ্জ্বলতা বাড়া হয়েছিল। একি সোজা কথা?

জহর ব্রতের ঐতিহ্য চলেছে লাগল।

১৫

কত না পট পরিবর্তন। কত না রূপ, কত না রেখার খেলা।

বারাঙ্গনারূপে জন্ম হল আমার। বারাঙ্গনারা এক সময় ভারতীয় সংস্কৃতির কলা আর সঙ্গীতকে রক্ষা করেছিল।

আমি তখন আমব দেশে। উজ্জয়িনী আর ধারার আকাশে আমার সঙ্গীতের সুরেলহরী ছেয়ে বেড়াত। আমার কবিতার মাদকতা অনেককেই উন্মত্ত করেছিল।

আমি ছিলাম তখন রূপমতী, সেই বিখ্যাত রূপ-নটী। সেই উজ্জ্বল জন্য নিয়েছিল মাণ্ডব্য বাজবাহাদুর হয়ে। আর বাজবাহাদুর কি রূপ ছিলেন? তাঁর কথাও জনপদের মুখে মুখে কথা-কোবিদ, উজ্জয়িনীতে, ধারাতে আর মাণ্ডব্যে ছেয়ে বেড়াত। ওই কবি বাজবাহাদুর আমাকে নয়নের মণি করে মাণ্ডুর নয়নাভিরাম প্রাসাদে নিয়ে গিয়ে-ছিলেন। কিন্তু আমার যবে আক্রমণে আর উন্মাদে সেই জনশ্রী আর ধনশ্রী কবির কি দশা হয়েছিল তা ইতিহাস জানে, আমি আর নতুন করে কি বলব? আমি বিষ খেয়ে নিজের মান রক্ষা করলাম আর গুপ্তপুরিধারা অগ্নিতে প্রবেশ করে মরলাম।

পর্দার ঘোমটা তো আগেও কম ছিল না। এখন আমি একেবারে অন্তর্ধম্পশ্যা হলাম পুরুষের বিধানে। আমি নিজের ভ্রাতা বা পিতার সামনেও আসতে পারতাম না। কোন আত্মীয়স্বজনের সামনে বের হওয়া আমার পক্ষে ঘোর অধর্মাচারিনের ব্যাপার হয়ে দাঁড়াল।

আগে তো এ জিনিস ছিল না। সেই বৈদিক যুগে তো আদৌ ছিল না। সে-যুগে কন্যাকে বিবাহ-অনুষ্ঠানের পর সমবেত অতিথিদের সামনেই বের করা হত—এই সুকেশনী বধূকে দেখুন।

সামাজিক ও বাইরের জনসমাবেশে নারী বের হত, বের হওয়াটা খুব স্বাভাবিক ব্যাপার ছিল। পর্দার উল্লেখ পাওয়া যায় মহাকাব্যের যুগে। রামায়ণে আছে নারী বিবাহ কালে, স্বয়ম্বর সভায়, যজ্ঞস্থানে এবং সর্বজনীন আপদকালে বাইরে এলে তা দোষের হবে না। এতে বোঝা যায় এরকমের নারী আছের অন্তরালে থাকবে, শুধু এই সব উপলক্ষেই বাইরে আসতে পারবে। কিন্তু সীতা-রূপে আমি তো রামচন্দ্রের সঙ্গে অযোধ্যা বাজাকালে অযোধ্যার রাজপথ দিয়ে গিয়েছিলাম, কেন আড়ম্বরে তো বোধ করিনি। শুধু ও রাক্ষস পরিবৃতে অশোক আমি পর্দানশীনা নারীর মত পরিচ্ছন্ন করিনি। তাহলে সুপণখা কি আমাকে

দেখতে পেত, আর রাজাকে রাত্রে ব্যাখ্যা করে বলতে পারত?

কিন্তু রাজার নাটকে রাত্রে সাঁতা অবগুণ্ঠনাবৃতা হয়ে অঙ্কে আসছেন। রাত্র পূর্বে পূর্বে রাজারা কখনো বা অন্তঃপুরে একটা অবরোধের প্রচলন করতে চাইতেন। কিন্তু আমার রূপসীদের প্রথম ও সার্থক বাধা যদি তা আর সম্ভব হত না। রাজপ্রভার পরশে আজ নিজের রূপকে পর্যন্ত অন্তঃপুরে আসতে পারবে না, আমারই এই যুগের বিরুদ্ধে নায়িকা প্রথম প্রতিবাদ করছে। কলঙ্কে, দুঃখে চাঞ্চল্যে নারীর আসন চাঞ্চল্যই তার রক্ষাকবচ। তাকে অবগুণ্ঠনে করে রাখার প্রয়োজন কি?

মুসলিম শাসনের সময় থেকেই আমি পর্দার বেরোটোপে বন্দী হলাম। আকাশ এসে ঠেকল আমার মুখ কয়েক সন্নিকটে। আমি শিকার হলাম অবিদ্যা, অন্ধকার, ব্যাধি আর ব্যভিচারের। অত্যাচারের আর উৎপীড়নের।

কত রকমের অত্যাচার। রাত্রির অন্ধকারে কোন পুরুষ পা টিপে টিপে আসবে আর আমার মুখে হাত চেপে ধরবে যেন শব্দ না করি আর ঘরের বৌ-এর মর্যাদা অক্ষুণ্ণ থাকে। নিজের কাজ সাঙ্গ করে সে ওই রকম নিঃশব্দে বেরিয়ে যাবে। জন্ম পুরুষের সাধ্য কি তাকে চিনতে পারতাম? পারতাম না। হয়ত সে আমার স্বামীই। লোকে তো তাই জানবে, সতী সাধ্বী থাকে। সতের হিসেবের খাতায় আকাশ খোলবার যায় বা পরদা পড়েছে কার?

আকবর বাদশার কথা মনে পড়ে? ওই মুসলমান শাসক প্রকৃতপক্ষে ছিলেন দেশী লোকেরা তা করেনি।

কালিদাস লিখেছেন, পদ্ম ধরবার হাতেও আঁশপাতরীর পদ্মপাতের মত নাকি অবগুণ্ঠন কাজ করছে। ভারতীয় অভিনয়ের কায়দাও বোধহয় এই রকমই। নাকে নিশ্বাস বন্ধ হলেও সতীত্বনাশের মত প্রমাদ সাত দিতে হয় তবেও করবার কাজ নয়। পরম পবিত্র কর্তব্য বলে। কিন্তু সম্রাট আকবর ওই কাজের বিরুদ্ধে নিজের নায়িকাদের পক্ষে প্রচার করেছিলেন। বাঁধও সতীত্বে বন্ধ উনি করতে পারেননি। তবু কিন্তু উপকার সাধন উনি আমার করেছিলেন বৈকি। আমি কৃতজ্ঞ তাঁর কাছে।

১৬

আমার ইতিহাসের পট পরিবর্তন হল। বণিকরা করতে এল ইতিহাসের বণিকরা।

সেও আমারই মত বিশাহারা আমার। আমি কি পদ্মের উপকোচের সামগ্রী হইনি? হয়েছিলাম বৈকি।

বণিকের মানদণ্ড রাজদণ্ডরূপে কি করে দেখা দিল সেও দেখেছি।

তবু নতুন যুগের পরিবর্তে রাজা রামমোহনের সঙ্গে ইউরোপের যোগাযোগের প্রতিও আমার অশেষ কৃতজ্ঞতা। প্রজাসত্ত্ব চিরস্থায়ী বিলাতীবিধা থেকে আইন পাশ করে আমাকে মুক্তি দেওয়া হল।

ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর বিরুদ্ধে রানী লক্ষ্মীবাঈ হয়ে আমি যুদ্ধ করে আত্মহত্যা করেছি। ঝাঁসীর রানী লক্ষ্মীবাঈয়ের জয়জয়কার চতুর্দিকে। কিন্তু লাভ তার তাতে কি হল।

সমাজ চলতে লাগল স্মার্ত রঘুনন্দনের শাসনের কঠিন বন্ধনে, আষ্টেপৃষ্ঠে পীড়িত হতে লাগলাম আমি।

যুগে যুগে করে যে আন্দোলন আমি করেছি, যে অত্যাচার আমি সহ্য করেছি, তার সঠিক পরিমাপ করব লোক আজো আমি জন্মাইনি। আজও শিক্ষিত সুশিক্ষিত অতীতের দিকে তাকিয়ে কোপে উঠি, বিরাট দুঃখি-কল্পে সব উল্টে আবার অতীতের পুনরাবৃত্তি হবে না তো? না হলেই বাঁচি।

ভারতের ইতিহাসের পর্বে পর্বে পরিবর্তন এখানেই থেমে থাকল না। ইংরেজের অধীনতা পাশ ছেদন করার জন্য ভারতবাসী জোর কদমে এগিয়ে চলল। আমরাও ডাক এল। ডাক নয়, আহ্বান। জাতির পিতা মহাত্মা গান্ধী কণ্ঠস্বরে আহ্বান জানালেন দেশের নারীদের। এ যেন কুরুক্ষেত্রের মহাসমরে পাঞ্চজন্যের নির্ঘোষ। দিগ্-বিদিগন্তরে ধ্বনিত হল সেই শঙ্খধ্বনি, দলে দলে নারীরা বেরিয়ে এল, বেরিয়ে এল পুরুষের পাশে দাঁড়িয়ে দেশকে শৃঙ্খলমুক্ত করার মহান দায়িত্বের অংশ নিতে।

মুক্ত হল নারী-মুক্তি বা ইমান-সিপেশান অফ উওম্যানহুড, যা নারীর প্রতি জাতির পিতার শ্রেষ্ঠ দান। কত পত্র পত্রান্তরে পরামর্শ-তলে যা বিলীন ছিল, মহাত্মাজী তাকে উদ্ধার করলেন, তাকে মুক্তি দিলেন মহূর্তপূর্বে উপায়ে। পৃথিবীর ইতিহাসে এর আর তুলনা নেই।

একই সঙ্গে আমার কথা আমি রবীন্দ্রনাথ আর শরৎচন্দ্রের কাছে।

রবীন্দ্রনাথের কাছে আমি বলেছি, আমি নারী, আমি মহীয়সী। ওরা বলেছি, আমি দেবী নই, সামান্যা নারীও নই, আমাকে পূজা করে মাথায়ও রাখতে হবে না, পায়ের নীচে দলিতও করবে না অবহেলায়। আমি পুরুষের সহ-ধর্মিণী হয়ে প্রতিটি কাজে নিজের যুক্তি পাঞ্জির দেব।

তাই আমি বিশ্বি, সেই পুরা-কালের অন্তঃপুর বন্দিনীর কথা যার মূলে আমি যা বলেছিলাম সবারই তা বিদিত। আর রাণী সংযমনী বলেছে, চিরন্তনী প্রভাত বন্দিতা-নাম্। তার মা যেন বলছে, পুরুষ সূর্য স্বরূপে ফুটাবেন্দ্রকৃতীম। আমিই তো সমস্ত জগতের ইশ্বরী, অন্ন-সম্পদের প্রাণশক্তি, আমি কুলজন-বধূ, বজ্রাবর্তনের মতো আমি সর্ব-প্রেষ্ঠা। আমি প্রলয়ঙ্করূপে মহাভাবে অবস্থিতা, সর্বভূতে জীবভাবে আমি প্রবিষ্টা। আমাদেই সকল দেশে সকলে বিভিন্নরূপে আরাধনা করে।

আজও এই আমার নতুন অন্বেষণপর্যায়। কত যুগের কত পথ চলার পর আমি বর্তমান পথ পরি-ক্রমার রত হয়েছি।

দেশের রাজনৈতিক জীবনে তো আমি আজ অপরিহার্য। মন্ত্রী হয়েছি, রাজ্যপাল হয়েছি, সংঘের রাষ্ট্রপতিরূপে প্রধানা, আর রাজ্যের নিয়ন্ত্রিকা, প্রধানমন্ত্রী পর্যন্ত।

প্রথম ইতিহাস বিধাতাকে, দ্বিতীয়ের বেদিতলে নিবেদিত শেষ পূজার নয়। নতুন দিনের সূর্যতে তমিস্রা সূর্যের নব আবির্ভাব হোক, শেষ এষিত্র যাক সম্ভাস্ত বাহিত সূর্যের রথ। আমিও যাই।

• আন্তর্জাতিক নারীবর্ষ উপলক্ষে বিশেষ রচনা।

সুনিশ্চিত সাফল্যের জন্য সর্বদা ব্যবহার করুন।

এস, অশোক, চাণক্য, বেটার, চক্র, রাজা, গুরুজী ও লাভলী মার্কা একসারসাইজ বুক।

প্র্যাকটিক্যাল ও লাবরেটরী নোটবুক ও বাঁধান খাতা।

অফিস, ষ্টেশনারী—ক্যাশ, লেজার জার্নাল, রেজিষ্টার প্রভৃতিরও ও মকসল সাপ্লাইয়ার্স।

Contractor:
BANGALIPI EXERCISE BOOKS

গুরুদাস ষ্টেশনার্স (প্রাঃ) লিমিটেড
১৪০, বহু বাজার ষ্ট্রীট কলিকাতা-১ ফোন—১২-৬৪৫১

# স্বপ্নদর্শন

তারাপদ ভট্টাচার্য

আট বছর পরে একদিন প্রাতঃকালে দেবর্ষি নারদ স্বর্গের দরজায় আসিয়া চৌকি দিতে লাগিলেন। দ্বারী সিঙ্কা ঘুমিয়া ঘুমিয়া জানাইয়া দিল—নারদ ফিরিয়াছেন। সঙ্গে সঙ্গে দুজনের দেবতা, ঋষি, গন্ধর্ব পিলপিল করিয়া স্বর্গ বাহির হইয়া এক বিরাট জনতারূপে আসিয়া জমায়েত হইলেন। নারদ প্রথমে বাহির হইলে ইন্দ্রাণী বজ্রশক্তীর মত চাহিয়া থাকেন তবে ভিন্নরূপ।

নারদ প্রাতঃকৃত্যাদি সারিয়া জনতার আসিয়া বসিলেন। তাঁহাকে ঘিরিয়া দেখাইতেছিল। এক কিনারে দুইটি সতীন দেবী অরুন্ধতী আসিয়া বসিলেন—'আপনি আসিয়াছেন শুনিয়া সুরভি এই দুধ এবং দুগ্ধ দিলেন।' নারদ দোহনের পর তখনই ঠেকাইয়া দুধে দুধের সাদ মিটাইয়া বসিয়া রহিলেন। কণ্ঠের সুপারী টেট-এর নারদ কারকরের ওঁ-আমা করিল। অতঃপর অরুন্ধতী ঋষি উপবেশন করিলে জনৈক দেবতা বলিলেন—'হে দেবর্ষি, আপনি কোথায় গিয়াছিলেন?'

—কালীঘাটে।

—কি কারণে?

—মা কালী দর্শন করিতে।

—আপনার কি তাঁহার চরণে দর্শন হয় নাই?

—তাহার বয়া হইবেছে।

—তবে আপনার দুধ অরুন্ধতীর মতন চক্ষুবিশিষ্টার দুধের নাম দেখাইতেছে কেন?

—যদ্যা চৌধুরাণি তাহা দেখিলে আপনার বলেও ধরকড়া ঘায়া আরোহ মত হইয়া যাইত।

নারদের সকলের চক্ষু বিস্ফারিত হইয়া উঠিল। সভায় আরোহন চারি ভাগের এক ভাগ কমিয়া গেল। নারদ পলা ভাঙিয়া বলিতে আরম্ভ করিলেন।

প্রাতঃকালে দেবার্চনা করিয়া সারা-বিশ্ব ঘুরে, বঙ্গদেশে, সন্দ্বীপে এবং পরক্ষণেই দুনিয়া নানা বস্তু দেখিলাম, নানা কথা শুনিলাম।

সভা—কি কি বস্তু দেখিলেন?... কি কি বস্তু শুনিলেন?'

দুর্বাসা বলিলেন—'তো চে নারদ, কক্ষনাত হইও না।'

ধমক খাইয়া সকলে চুপ করিলেন। নারদ বলিতে লাগিলেন—প্রথমতঃ পুনরায় কলাঘাটে জাহ্নবীর তীরে গিয়া বসিলাম। অর্ধরাত্রি দেখিবার সাধ ছিল। এমন সময়ে ছেলেরা দুইটে চড় নারী নৌকা করিয়া আগমন করিলেন। তাঁহারা যখন নৌকা বাহির উঠিতেছিলেন তখন একজন বলিলেন—'মেয়ের আবার রূপ দেখে কে?' আর একজন বলিলেন—'আরে দূর দূর, ঘর মেকেলে বাপার।' আমার কৌতূহল জাগিল। বুঝিলাম একটা বিবাহ আসন্ন। কিন্তু রূপের বিষয়ে আমরা তো চিরকাল নারীকেই প্রাধান্য দিয়াছি। হে দেবগণ, আপনারা কি ঔর্বশীর রূপ অধিক দেখিতে চাহিয়াছেন অথবা ক্যাটিকের?

সভা—সত্য সত্য।

দুর্বাসা বলিলেন—হুমো নারদ, এখনে আমি আছি।'

নারদ বলিলেন—মহর্ষি কালিদাস প্রমিত 'সত্যক্রিয়াধরোষ্ঠী,' 'বিম্ব-নাভি' ইত্যাদি বলিয়া রমণী নারীর স্তুতি করিয়াছেন তাহাদের 'এলকেশ উন্নত,' 'চক্ষের বিস্তৃত' বলিয়া নারের প্রশংসা করেন নাই।

অরুন্ধতী মৃদু প্রতিবাদ করিলেন—'প্রাচীন কবিদের বস্তু না জানিলে প্রাচ্য করিবে কিরূপে?'

নারদ বলিলেন—আমি ইন্দ্রলোকের পিছু লইলাম। পরস্পরের আলাপে বুঝিলাম ইন্দ্রাণী সহোদরা, পত্নী দেখিতে যাইতেছেন। রাজপথে আসিয়া তাঁহারা একটা মোটরে উঠিলেন, আমিও পক্ষী নিয়া চৌকি চালাইয়া তাঁহাদের অনুসরণ করিতে করিতে এক বৃহৎ অট্টালিকার সম্মুখে থামিলাম। তাঁহারা প্রবেশ করিলে আমিও প্রবেশ করিলাম। সংবাদ পাইয়া পাত্রীর মাতা আসিয়া দ্বিপাদলোহিতের উপরে একটি কার্পাস বিস্তৃত বসিলেন, পাত্রের মাতা ও মাতুলসহ মেহের ঔর্বশী মূর্তিকার সহিত সমস্তরাল করিয়া করজোড়ে বসিলেন—নমস্কার।' পাত্রীর মাতা অনুমতি করিলেন—'বসুন'। দুইজনে উপবেশন করিলে পাত্রীর মাতা বলিলেন—'আমার মেয়েকে দেখবার দরকার ছিল না। মানুষের দেহে লাভ পুনঃপ্রতিষ্ঠা করলে কি সুবিধা না অসুবিধা হতে পারে এই নিয়ে গবেষণা করে সে ডক্টরেট পেয়েছে। পাঁচ হাজার টাকা মাইনে।

সভা—'ডক্টরেট কি?'

নারদ—'বিদ্যমন্তুক্। কিন্তু হে শ্রোতৃবৃন্দ, এইরূপ শব্দ আরও আসিবে। বারে বারে যদি পাইলে সব ভালোলাগ পাকাইয়া যাইবে। আমি বলি চিরন্তন এই জাতীয় শব্দগুলি লিখিয়া রাখুন। সব শেষ হইলে আমি বলিয়া দিব।'

সভা—'উত্তম, উত্তম।'

নারদ—পাত্রের মাতা বলিলেন—হাঁসের টুকরো মেয়ে।'

পাত্রীর জননী—'আপনার ছেলেটি কেমন?'

—ফর্সা রঙ, বি. এ. পাস করেছে। আপনি ও দেখেই নেবেন।

—আমার আর দেখবারটি কি, মেয়ের পছন্দ হলেই হল। মোবর্ধন!

জনৈক মুনি—'পর্বতকে ডাকিলেন! গরু কি বৃন্দাবনে?'

নারদ—'এই তো শুনিলেন ঋষিকাতার।'

—তবে?

—মোবর্ধন ভূতের নাম।

—পর্বতের নাম ভূতের হইল কি প্রকারে?

—মহলোকে মনুষ্যের নাম অর্থের অপেক্ষা করে না। ধনসব যার কাছে, মনুষ্যের বাঁধিয়া যায়।

দুর্বাসা—হে নারদ, যাহারা ধর্ম ও অর্থের সম্বন্ধ স্বীকার করে না তাহাদের কাহিনী শুনাইতে গিয়া তুমি বৃদ্ধ মহাপাতকে ডাকিলে। তোমার প্রায়শ্চিত্ত করিতে হইবে। চিরন্তন্ত!'

—যে আজ্ঞা।

—নারদের নাম মনীনির্দিষ্ট কর।

নারদ—হে মহামুনে, কেবল ধর্মনাম যদি ঘোষ হয় তবে তো স্বর্গদ্বার নামাকর্ণমেহন বন্ধ পড়িয়া যায়। ব্রাহ্মণ অসম্পূর্ণ থাকে।

—ব্রাহ্মণের তাৎপর্য তুমি ভুল বুঝিয়াছ।

নারদ ঈষৎ হাসিয়া মাথা নোয়াইলেন। দুর্বাসা শান্ত হইলেন।

নারদ বলিলেন—মোবর্ধন আসিলে পত্নীর মাতা আদেশ করিলেন—'সৈরিন্ধ্রীকে খবর দে।' সৈরিন্ধ্রী আসিল। যে কালো মেঘিলায় তাহাতে আমার চক্ষু অন্ধকার হইয়া গেল।'

—কৃষ্ণের মত?

—উঁহু।

—কষ্টিপাথরের মত?

—সে কালো হইতে তো আলো ঠিকরাইয়া বাহির হয়। এ কালো আলো শুষিয়া লইতেছিল।

দেবপক্ষ—সর্বনাশ!'

নারদ—যেন মূর্তিমতী অমাবস্যা।'

তরুণ দেবতারা ঊর্বশীদের দিকে চাহিলেন। তাঁহারা ভ্রূকুটি করিলেন।

নারদ—সৈরিন্ধ্রী দুই ওষ্ঠের মধ্যে একটি পাকা তেলাকুচ ধারণ করিতেছিল। সে কার্পাস নির্মিত একটি বৃহৎ চন্দুতে বসিয়া কহিল—'বদনে!'

পাত্রের মাতা জিজ্ঞাসা করিলেন—তোমার কাজ কর?'

—মল-বাসর পরেলা মাখিয়ে।

—সেখানে কি হয়?

—এক কথায় বোঝান যাবে না। তবে জানই নাই আমরা মানুষ এবং বানরের মিল কতটা তাই নিয়ে পরীক্ষা চালাচ্ছি। পশুলোকের ওপর এর একেবারে বোঝা যাবে।

পাত্রের মাতা—'একটু মূর্তিমতী কাজ না।'

সৈরিন্ধ্রী—'আমাদের দেশে পশুলোকান হু হু করে বেড়ে যাচ্ছে। আমরা দেখতে চেষ্টা করছি মানুষ এবং বানরের জবো মিল কতখানি এবং ওই রোগটা ইউনিভার্স না ভাবি করে। এর পরে আমরা দেখব মিল কতখানি হলে ওষুধ বা অস্ত্রোপচারের দ্বারা নরকে বানরে কিংবা বানরকে নরে পরিবর্তিত করা যায় কি না। দুটো বিষয়ই দেখতে হবে আমাদ আজ যখন জনসংখ্যা বেড়েছে আমরা কিছু লোককে বানর করে জঙ্গলে পাঠিয়ে দিলাম। আমার যদি ভবিষ্যতে জনসংখ্যা কমে, কিছু বানরকে মানুষে করে সমাজে আনতে পারব।'

পাত্রের মাতা—'ও!'

সৈরিন্ধ্রী—'কিন্তু আমার আবার সবচে ঘটার অ্যাপয়েন্টমেন্ট। উঠতে হচ্ছে।'

পাত্রের মাতা—'নিশ্চয়, নিশ্চয়।'

সৈরিন্ধ্রী চলিয়া গেল। পাত্রের মাতা দীর্ঘশ্বাস ফেলিয়া অনাদিকে তপস্বীকে বলিলেন—'এসব ছেড়ে কি আমাদের কপালে আছে?'

তপস্বী বলিলেন—'আঁ?'

পত্নীর মাতা—'কেমন দেখলেন?'

—এ আর দেখবার কি আছে? এবার আপনি একবার দয়া করে—

—যান, যাব। রোববার দিন আসুন।

—তাহলে উঠি?

—একটু চা—

—থাক্ থাক্। আবার হাঙ্গামা।

—আচ্ছা, আচ্ছা। রোববার পাঁচটা।

নারদ বলিতে লাগিলেন—রবিবারের তখনও দুই দিন বাকী। তাহাদের শেষ না দেখিয়া ফেলে নয়। দুই দিন ঘুরিয়া কাটাইলাম।'

সভা—'তাহে কোথায় থাকিতেন?'

—একটা কটেজে।

—অপ্সরাদের তরফে একটা হাসি শোনা গেল। এক তরুণ দেবতা কটেজ করিয়া সোঁবকে চাহিয়া বলিলেন—কোরেলমলয়সমীরে সব কর্ম হয় না।'

মিত্রকেশী—'অহহ।'

নারদ বলিলেন—রবিবার পাত্রীর বাড়ীতে হাজির হইলাম। যথাকালে পাত্রীর মাতা পাত্রের মাতা ও মাসী সমভিব্যাহারে পাত্রের গৃহে উপস্থিত হইলেন। পাত্রের কনিষ্ঠ ভ্রাতা এক-রাশি ডিকেন্স আনিয়া পাত্রীর মাতার সম্মুখে ডেস দিল। 'আরে এসব কি, আবার আবার একটু ঝুলোর আয়োজন'—বলিয়া তিনি দুই চারিটা ঝাঁইয়া ফেলিলেন। পাত্রের মাতা শশব্যস্তে বলিলেন—'তবে আপনাকে নোনতা এনে দিক।' বলিতে বলিতেই লুচি, কেনেভাজা, পটলভাজা আসিল।

এক নবীন দেবতা—'আবার লুচি!'

অপ্সরীরা খিল খিল করিয়া হাসিয়া উঠিলেন। দেবতা লজ্জিত হইয়া বলিলেন—'উদরস্পর্শ না হইলে কটকে কাজ হয় না।'

উর্বশী—'কি বিপদে পড়লাম।'

নারদ—পাত্রীর মাতা লুচি খাইলেন। প্রয়োজনমত বস্ত্রখণ্ড বাহির করিয়া হাত মুছিলেন।'

দুর্বাসা — 'হস্তপ্রক্ষালন করিল না?'

—না।

—নারদ।

নারদ—'পাত্রের মাতা বলিলেন—'এবার ছেলেকে ডাকি?' নিশ্চয়—বলিয়া পাত্রীর মাতা অনুমতি দিলেন। পাত্র আসিয়া অভিবাদন করিয়া বসিল। সৌরভ ছড়াইতেছে দেহ। পিছনে পিছনে কনিষ্ঠ ভ্রাতা। পাত্রীর মাতা

কাদোবরণ ঘাস

প্রশ্ন করিলেন—তোমার নামটি কি বাবা?'

—অমলকোরক মুখোপাধ্যায়।

—পড়াশুনো কদ্দুর করেছ?

—বি.এ. পাস করেছি।

—কি কি নিয়েছিলে?

—এডুকেশান,পলিটিক্যাল সাইন্স।

—বা বা।

পাত্রের মাতা—'আজ্ঞে হাঁ। অঙ্কে-কর্মে ও চৌকস। ঐ যে দেখছেন রজনীগন্ধার তাড়, ও-ই সাজিয়েছে। এই যে দেখছেন লুচি, ও-ই ভেজেছে।'

—ঐটেই তো দরকার। আমার মেয়ে আমার অবোধ বলতে কিছু বোঝে না।

দরজার বাহিরে একটা টুক্ টুক্ শব্দ হইল। পাত্রের মাতা ভ্রূকুটি করিলেন। চাবির মৃদু কন্‌কন্ ধ্বনি হইল। পাত্রের মাতা মুখটা কাষ্ঠ-মার্জারীর ন্যায় করিয়া বাহিরে আসিয়া বলিলেন—'কি জ্বালা!'

পাত্রের পিতা—'সঙ্গে পিসির মেয়ে বলে দিও।'

পাত্রের মাতা ফিরিয়া আসিয়া বলিলেন—'কেমন দেখলেন?'

—বেশ ছেলে। আচ্ছা উঠি। পরশু ফিকেলে মেয়ে আসবে।

নারদ বলিয়া চলিলেন—হে দেব, হে দেবি, শুনি এবং অপ্সরাগণ, যথা-সময়ে চেতলার পাত্রের বাড়ীতে হাজির হইল সৌরভ সৈরিন্ধ্রী অবশ্য দুইটি সখী লইয়া ইতিমধ্যেই আমাদের সমস্ত করিয়াছে। অনেকক্ষণ পরে পাত্র ভ্রাতাদের নতমুখে প্রবেশ করিল। বাসর ঘি. যেন কটেজী চতুর্দশপদে চলেছে উল্ট হইল।

দেবপক্ষে হাহতোস্মি পড়িল। অপ্সরাপক্ষে হুল্লরা হইল—যেন কোকিলার সম্মুখে বক বসিল।'

নারদ—'পত্নী আপাতদৃষ্টিতে পাত্রকে দেখিয়া লইল। পরে অপাঙ্গে পাত্রীকে দুই একবার দেখিবার চেষ্টা করিল। পত্নী প্রশ্ন করিল—'বি.এ. পাস করে কিছু করছেন না?'

—পড়ছি।

—কি পড়ছেন?

—পার্সোনাল সেক্রেটারী কোর্স।

—ভাল জিনিস। স্কোপ আছে। চিনের চোলকুর্তা একজন খুজ-ছিলেন।

প্রথম সখী—'পান জর্দা?'

—একটু আকটু।

—মদ?

—শিবরাত্রি।

দ্বিতীয় সখী—'আপনার হবি কি?'

—ফরেন ষ্টাডিজ।

—খেলাধুলো?

—সুডো।

প্রথম সখী—'একেবারে ইনডোর টাইপ'।

দ্বিতীয় সখী—উত্তরগুলো খুব চেনাচেনা।

প্রথম সখী—আপনি কি শর্টহ্যান্ড শিখছেন?

—সি-এস-সি-তে তো ওটা চাই।

পত্নী—আপনার ছেলে সিকসেস নেই তো?

—না।

—মনে, আমি একটা অফার পেয়েছি ডিকেন্সের-এ। যদি ছিঁড়ে হয় তো—

—আমার কেন অসুবিধা হবে না।

—মাসের কতদিন পারেন?

—বাড়ীতে আমিই তো করি।

—আপনি কি রঁধে পায়স করেন?

—হ্যাঁ।

—কতো।

অপরাধী হাতজোড় দিলেন।

পত্নী—আমিও তাই।

নেপথ্য হুন্ড অসন্তোষসূচক করিয়া বলিলেন—উপায় কি?

পত্নী—ফল ভালবাসেন না ফুল?

—ফল।

—কোন্‌টা?

—কালোজাম।

নারদ বলিয়া চলিলেন—এক মুহূর্ত সকলে স্তব্ধ হইয়া থাকিবার পর পত্নী তোলানাথের প্রশ্ন করিল—'আপনি তো কিছু জিজ্ঞাসা করলেন না?' উত্তরে কয়লকোকের মৃদু হাসিল। তাহার পর দুই সখী পরিচয় হইল সৌরিন্দ্রী চলিয়া গেল।

নারদের বক্তৃতার ফেঁপে পণ্ডিতেই পরম পণ্ডিত কবি অনুপাম বলিলেন—হে নারদ, আপনি কি ইহার মধ্যে বৈতরণীর পুরুষের একটা অবকাশ দেখিতে পাইতেছেন না?

—আজ্ঞা হাঁ। খুঁজিতে খুঁজিতে যেখানে গিয়াছি সেখানেই নারী উপরে নর নীচে।

—উপকার নর হইয়া কারণ অনুসন্ধান করে না?

—বর্তমানে এ বিষয়ে চিন্তা করিবার শক্তি তাহাদের নাই।

—আশ্চর্য!

—তবে সমবেতদের এক আমাকে অনেকের মত দেখিয়াছি।

—তাহারা কি বলেন?

তাহারা যে বহুযুগ পূর্বে বৈতরণীতে এক চরকার ভাইরাস আসিয়াছিল যাহা মন্ত্র অপরিণতবয়স্ক নরকেই আক্রমণ করিয়াছিল।

—আহা!

—অল্পবয়স নারীদেহে ইহার প্রতিষেধক শক্তি ছিল, নরদেহে ছিল না।

—অনুমান করিতেছি ভাইরাস কোন রোগবীজ হইবে?

—যথার্থ বলিয়াছেন।

—তাহাতেই গেল?

—তাহাই নরের শক্তি বৃদ্ধের মত ছিন্ন করিয়া দিল।

—এই প্রয়োগিকল ভাইরাসের নাম কি?

—রাজনীতি।

সহসা সভা উচ্চকণ্ঠে চীৎকার করিয়া উঠিলেন—হে দেবর্ষি সভা কি আপনাদের দুইজনের?

—না না। আমি সেই রাত্রি কটি থাকিতেই বাপন করিলাম। দুইদিন এই ভাবে কাটিল। তৃতীয়দিন পায়ের ঘাটে এসে মাতৃস্নসা এই পথে অবশ্য সংবাদ লইতে পত্নীর গৃহে যাইবেন। তৃতীয় দিন তাহাই ঘটিলে আমিও তাঁহাদের সঙ্গে সঙ্গে সৌরিন্দ্রীর গৃহে যাইলাম। তাহার মাতা বাহির হইয়া বলিলেন—'পাত্র অন্নারও পছন্দ, মেয়েরও পছন্দ।' পত্নীর মাতা চাঁৎকারে নমস্কার করিয়া কহিলেন—'এবার তাহলে একটা শুভদিন—'

—হ্যাঁ তো বটেই। তবে জেনাপাওনা একটা আছে তো?

—আমার যা সাধ্য সে ত মা জননীকে দেখেই।

—হ্যাঁ তো বটেই, তা তো বটেই। আমার বড় ছেলেটি 'মা-ফিরোজ সমবায় সমিতি'র ম্যানেজার। ও সব মিলিয়ে ছেলেছিল পঞ্চাশ হাজার। এটি অবশ্য ওর চেয়ে সরেস।

—তেমে আপনার দাবী করবার নাই, তবে—

—আপনি একটু চলা বলেন?

সভা—কথার মধ্যে হঠাৎ জলের কথা উঠিল কেন?

নারদ—পত্নীর মাতার মুখ দর্পণ হতের মত শুভ্র হইয়া গিয়াছিল।

সভা—তত্ত্ব কিছু?

নারদ—পাত্রের মাতা যখন কাঁদিলেন জল পাইলে একটু খান, তখন জল আসিল। তিনি এক ঢোক পান করিয়া বলিলেন—আমার সামান্য আর এত তো পারব না।

পত্নীর মাতা—একবারে বই ত নয়।

পাত্রের মাতা নিরাবরণমাত্রে সজিনার ডাঁটার মত স্থির হইয়া রহিলেন। পত্নীর মাতার দয়া হইল। বলিলেন—'এখনও তো দেরী আছে।'

—মেয়েতে কি টাকা হয়?

জনৈক নবীন দেবতা—তাহা হইলে তো আমা যদুরায় কন্যা অবশ্য আমার ঘর হইত।

আর একজন দেবতা—'কাল পুরোহিত, সে অর্থ তখন করিবে কি চলবে?'

পত্নীর মাতা—'এইবেলা দোহাতে পড়ে থাকুন।'

পূর্বোক্ত দেবতা—'এ সৌদেহেই মহা ঝঞ্ঝিল। এ কি নারীর কেশ, যে জন্মকেই আসে, কাঁচিতে বিসর্জিত হইয়াছে প্রাতঃকালে খুঁজিয়া লইবার অপেক্ষামাত্র?'

পাত্রের মাতা—'আছে তো এক আসন।'

—বেচে দিন।

—বাজুবে তোমার?

—ছেলে তো আমার বাড়িতেই আসছে। আর আপনার কজন?

—ছেলে মেয়ে আর আমরা দুজন।

বাহাদুর খাঁ

—একখানা ঘরেই হয়ে যাবে। কত আর তাড়া?

মাতৃস্নসা এতক্ষণ চুপ করিয়াছিলেন। সহসা পত্নীর জননীর হাতে একটা শক্তিশেল হানিবার আশায় বলিলেন—'আর একটি ছেলেও তো আছে।'

পত্নীর মাতা—হে হে ঘরে জামাই কি চলে?

নারদ—পাত্রের মাতাকে ডাকিতে নিষেধ করিয়া পত্নীর জননী বলিলেন—ঠিক আছে, ছেলে দেখুন।' এই বলিয়া তিনি উঠিলেন। মাতা ও মাতামাতার তৎকালে কথেক শক্তি ছিল না, উঠিতে পারিলেন না। ইতিমধ্যে পত্নী ফিরিল। মাতা হস্তে চন্দ্র লাভ করিয়া ডাকিলেন—'মা!' মাতৃসম্বোধনে সৌরিন্দ্রী বিরক্ত হইল। ধমকিয়া বলিল—'বলুন!' পাত্রের মাতা কহিলেন—'তোমার মা অবশ্য ঠিকই বলেছেন কিন্তু আমার তো অত টাকা নেই।'

সৌরিন্দ্রী পাকা মেয়েমুহে কামড় দিল। বলিল—দেখুন, বিয়ের ব্যাপারে আমি মায়ের সঙ্গে তর্ক করতে পারব না। অতান্ত ডোমকেট ম্যাটার।'

দেবতারা সমস্বরে বলিলেন—'ঠিক্ ঠিক্।'

অপ্সরীরা বলিলেন—'ঠিক্ ঠিক্।'

সরস্বতী বলিলেন—হে দেবর্ষি, বাহা শুনাইলেন তাহা পূর্বে শুনি নাই। তবে অতীতে ইহার বিপরীত ঘটনা আমার জানা আছে। আমার এক সেবিকা পড়িতে পড়িতে আমার হতের সমকক্ষ হইয়া উঠিয়াছিল। পাত্রের পিতৃস্ত মেয়েকে তাহার বিবাহ হইল না। অবশেষে পড়িয়া পড়িয়া কুব্জ হইয়া গেল।'

দেবতা বলিলেন—'পূর্বোক্ত কন্যাটি আমার নামে এক কন্যা ছিল। সে চক্ষে কাজল না দিলেও মনে হইত যেন কাজল দিয়াছে। চমরী গাই-এর পুচ্ছে মাল্‌কাওরা মাখাইলেও তাহার কেশের সমান পাওয়া যাইত না। সেই চক্ষু সাদা হইল, সেই কেশ করিয়া গেল।'

দ্বিজকেশী—কি কারণ?'

—তাহার পিতার অর্থ ছিল না কিন্তু পাত্রপক্ষ কেহ অবশেষে কন্যা লইতে রাজী হন নাই।'

চিত্রগুপ্ত বলিলেন—আমার কাছে এইরূপ অনাথা দুষ্টান্ত ঢের আছে। পড়িতে ছেলে সম্বন্ধেরও কুলাইবে না।'

অনুপাম—নারদ, কালীঘাটে কি নরবিক্রয় চলে ছিল?'

নারদ—চিন্তার বিষয়। তবে হালদের মোকাল মেলিয়াছি।'

সভা—তাহার পর?'

নারদ—'পাত্রের মাতা যদি পরশুরাম হইতেন তবে বলিতে পারিতেন—'পৃথিবী নারায়ণীন করিব।' তাহা নহেন বলিয়া গৃহে ফিরিয়া আসিলেন এবং পাত্রীর মাতার উপদেশমত বাড়ী বিক্রয় করিয়া উপযুক্ত পাত্রীর সহিত পুত্রের বিবাহ দিলেন।'

সভা—তবে বিবাহ হইল?'

—শতবর্ষ।

জনৈক দেবতা—আপনি কি এতদিন পর্যন্তই ছিলেন?'

—অবশ্য।

—তবে তো আপনার পক্ষতে ঝঞ্ঝা পড়িয়া গিয়াছে।

—এই অস্থিতে অত সহজে ঘাস লাগে না।

—তা কি হয়? অশ্বিনীকুমারদ্বয়কে, দেবর্ষিকে অবিলম্বে এক প্রেসী ইন্দ্রাণী তৈল পাঠাইয়া দিন!

শেষ

# নারীমুক্তি

## দিলীপকুমার সেনগুপ্ত

সৃষ্টি সম্পূর্ণ হয়েছে। সৃষ্টিকর্তা ব্রহ্মা সন্তোষের দিকে প্রসন্ন দৃষ্টিপাত করলেন। তাঁর ইচ্ছায় দেবলোক, অসুরলোক ও নরলোকে সুখস্বচ্ছন্দ উৎসব হোল।

দেবরাজ ইন্দ্রকে পুরোভাগে নিয়ে প্রজাপতির কাছে এসে নিবেদন করলেন, 'প্রভু, অমরদের মুক্তির উপায় নির্দেশ করুন।'

প্রজাপতি বললেন, 'ক'।

—'আজ্ঞে?' ইন্দ্রর কণ্ঠে জিজ্ঞাসু প্রার্থনা।

কিন্তু উত্তর পুনরুক্ত হোল, 'ক'।

'ক'? দেবরাজ চিন্তা করতে লাগলেন। তাঁদের এক সময় প্রণাম করে বিদায় নিতে চাইলেন। প্রজাপতি জিজ্ঞাসা করলেন, 'বুঝেছ?'

দেবরাজ বললেন, 'আজ্ঞে হাঁ, আপনি মন্ত্র করতে বলেছেন।'

—'ঠিকই বুঝেছ, যাও।'

ইন্দ্রের জয়-ধ্বনির বিনিময়ে বাণী প্রতিধ্বনিত হোল : দেবতারা ভোগ-বিলাসে, তাদের ভোগাবস্তুর ও ভোগ-লিপ্সার অবধি নেই। তাই তাঁদের মুক্তির বিধান ভোগবাসনার দমন।

অসুররাজও বিরোচনকে মুকুলাট করে ইন্দ্রের সমীপে উপস্থিত হোল। প্রার্থনা করলো মুক্তির উপায়।

প্রজাপতি বললেন, 'ক'।

প্রণতিপাত বিনয়।

কিন্তু 'ক'? অনেকক্ষণ মননের পর অসুরেশের ধারণা হোল।

প্রজাপতি জিজ্ঞাসা করলেন, 'বুঝেছ?'

জ্ঞানের পরিধি অনন্তপ্রসারী, মানুষের দেখারও শেষ নাই। শ্রীরামকৃষ্ণ তাঁর শিক্ষার্থীদের অনুপ্রেরিত করতেন এগিয়ে যাবার জন্য। নানা-ভাবে তাদের প্রলুব্ধিত করতেন জ্ঞান অজ্ঞানের পথে জ্ঞানচর্চাকে না করার জন্য। তিনি যেমন উপদেশ দিতেন তেমনি নিজের জীবনে আচরণ করতেন। তিনি জ্ঞানী-অজ্ঞানের এলাকা অতিক্রম করে বিজ্ঞানীর স্তরে উন্নীত হয়েও নিজে চির-শিক্ষার্থীর আদর্শ স্তরে নিজে-কে রেখেছিলেন। তাঁর মুখে প্রায়ই শোনা যেত, 'আমি যখন যাঁড় তখন শিব।' তাই শিক্ষক শ্রীরামকৃষ্ণ অনুপম; শিক্ষাজগতের একজন প্রথম বিদ্রোহী।

(শ্রীরামকৃষ্ণ দেবকথামৃতের প্রতিটি পৃষ্ঠায় 'উদ্বোধন' পত্রিকার সৌজন্যে প্রাপ্ত)

বেনারসী ও সিল্ক শাড়ী
শ্রীগুরুধান সিল্ক শপ
কলিকাতা

ট্রুবাদুর নজরুলকে (দেশবাসী)

করেছেন, এবং সে প্রসঙ্গে অনুপ্রাণিত নিয়ে তাঁকে লিখেছেন দেশবাসীকে—

যা-কে তাকে বেঁধে—
তাকে তোরা আজ সবে বন্দন করে,
বেঁধে বান ছেয়ে বেঁধে, কবিকে
তাকতে পারে।'

দেশের প্রতি এই অকৃত্রিম অনুরাগ, এমন আন্তরিক টানের জন্যে নজরুল গীতিকে ফ্রান্সের চতুর্দশ শতাব্দীর ট্রুবাদুর (Troubadour) গানের সঙ্গে তুলনা করা চলে। 'ট্রুবাদুর' অর্থে "গায়ক"। ফরাসি শব্দটির অভিধানগত অর্থ হলো—যে ভক্তদের কীর্তিকথা গান করে, যা বীরত্বের ক্ষেত্রে জনসাধারণকে উদ্বুদ্ধ করে। আর ট্রুবাদুর হল যে নতুন ছন্দে নব নব ভাব-এ গান রচনা করে বেশ দেশান্তরে ছেড়ে বেড়ায়।

এই ট্রুবাদুরদের উদ্ভব হয়েছিল ফ্রান্সের পশ্চিম-পূর্ব অঞ্চল—প্রভান্সে। প্রভান্সে একাদশ থেকে চতুর্দশ শতাব্দীর মধ্যে ট্রুবাদুর নামে এমন এক গায়ক ও কবিকুলগুরুর আবির্ভাব হয়, যারা একেবারে নতুন ভাষার প্রেম সঙ্গীত রচনা করে প্রেমে প্রাণপ্রাচুর্যে মাইতেন। কাব্য ও সঙ্গীতকেই জীবিকা হিসেবে গ্রহণ করে নিয়েছিলেন তাঁরা। একেবারে ট্রুবাদুরদের রচিত গান ও কবিতা থেকেই ইউরোপে মধ্যযুগে 'প্রভান্সাল' ভাষার উদ্ভব হয়েছিল। সে কথা স্বতন্ত্র।

ব্যার্টান ছিলেন এমনি এক বিস্ময়কর প্রতিভাবান ট্রুবাদুর, মহাকবি দান্তে যাকে অভিহিত করেছিলেন 'দারিওর সোহাগে'। শুধু তাই নয়, রিচার্ডের মৃত্যুর পর তার ছিন্ন হৃৎপিণ্ডকে লন্ডনের বদ অনুচিত্তে ফিরে এনেছিল অবশেষে ছেড়ে ছেড়েছিলেন গাস্তে। ব্যার্টান ইংল্যান্ডের রাজা দ্বিতীয় হেনরীর বুকে পরে হেনরীকে তাঁর ভ্রাতা রিচার্ডের বিরুদ্ধে যুদ্ধে উসকিয়ে করেছিলেন তাঁর গানের মাধ্যমে।

নজরুল গান তাঁর দেশবাসীকে ইংরেজদের বিরুদ্ধে প্রত্যক্ষ সংগ্রামে উজ্জীবিত করেছিলেন তার মাতৃপূজার সেই আনন্দে ভরানো গানে—

'অসিমন্ত্রে বলে নাচ রে সকলে,
কৃপাণ লইয়া হাতে—'

মহাত্মা অগ্নিবীণাকার শুনেছিলেন সেই দেশপ্রেম কণ্ঠের সেই বলিষ্ঠ আহ্বান; নজরুলকে বুকে জড়িয়ে ধরে তিনি বলেছিলেন, স্বদেশী যাত্রার দল তোকে করতেই হবে রে বন্ধু।'—একটু থেমে আবার বলেছিলেন, তোর এই কণ্ঠ আর প্রাণ নিয়ে তুই হবি নবীন যুগের ট্রুবাদুরের চারণ।' অগ্নিবীণাকারের ভবিষ্যদ্বাণী সত্য হয়েছিল।

নজরুল গান তাঁর রচিত বহুবার পালাগান মাতৃপূজা 'সমাজ' 'স্বদেশী-সেবা।' অভিনয়, কলকাতা ও গ্রামের মধ্যেও স্বদেশী যুগে বাঙালার জনসাধারণের মনে অনুপ্রেরণা এনেছিলেন। প্রবাসীতে (আশ্বিন, ১৩২০) রমানন্দ চট্টোপাধ্যায় লিখেছেন, 'পূর্বে যাত্রার পালা কেবল রামায়ণ, মহাভারত পুরাণাদি অবলম্বন করিয়া রচিত হইত। এই সকল প্রাচীন গ্রন্থে লোক-শিক্ষার প্রভূত উপাদান বিদ্যমান। কিন্তু কালক্রমে পূর্থিবীর ও ভারতবর্ষের যে সকল পরিবর্তন হইতেছে, তদুপযোগী নতুন নতুন শিক্ষারও প্রয়োজন আছে। কিরূপে ভাব, চিন্তা প্রভৃতি প্রচারিত হইলে, সামাজিক ব্যবস্থা প্রতিষ্ঠানাদি কিরূপে হইলে আধুনিক পরিবর্তিত অবস্থার মধ্যে আমরা উন্নতি, শান্তি ও আনন্দ লাভ করিতে পারি তাহা...নানাভাবে আলোচিত হইয়াছে ও হইতেছে। এইদিকে যাত্রার পালার ভিতর দিয়া শিক্ষিত অশিক্ষিত সর্বসাধারণের নিকট উপস্থিত করিবার প্রয়োজন আছে। বক্তিয়ারের প্রসিদ্ধ যাত্রাওয়ালা নজরুল দাস এই কার্য করিয়া সমাজসেবা এবং নিজের শক্তির সার্থকতা সম্পাদন করিতেছেন। গান ও অভিনয় করিবার শক্তি তাঁহার আছে। আমার তাঁহার (নজরুল দাস) পালাগুলিতে কোন কোন প্রসিদ্ধ লেখকের রচনার প্রতিধ্বনি পাওয়া যায়.....কিন্তু তাহা বলিলে তাঁহার নিজের শক্তির কোন লাঘব হয় না। কারণ, একজন দক্ষ অনুকরী সম্বন্ধে উহা হইয়াছে যে তিনি বর্ণনা-শক্তিকে স্বর্গ হইতে আনিয়া হাটে বাজারে পথে ঘাটে জনসাধারণের মধ্যে মিলাইয়াছিলেন.....'

নজরুলের কোন কোন রচনা কোন কোন বিখ্যাত বাঙালি বা কবির দ্বারা প্রভাবিত। তাঁর সেই অনুকরণীয় ভাষা-ভঙ্গি, রচিত কোরেই দেখবে। নেড়ো আলা, নেড়ো মাওলা, তবের খেলা সাঙ্গ হবে—বিখ্যাত গানের মত আরও অনেক গানে মায়াবাদী দর্শনতত্ত্বের প্রকাশ হয়েছে। কিন্তু তার চেয়েও বড় কথা নজরুল অন্তরের কবি, বাংলার প্রথম সার্থক ট্রুবাদুর, ভারতের অগ্নি-যুগের অন্যতম কবিকে। এর প্রমাণ-স্বরূপ তাঁর গানের অর্ধশতাব্দী ও অন্তর্দৃষ্টির সহজবোধ্য ভাষা, যেমন,

তু, ইহী মো বাঙ্গালীবাদ্
ইয়েস হেড ডিজিনী হুটেল
তোমার?

নজরুল বলেই বোধ হয় বন্ধ সাহিত্যের প্রথম অনুচ্ছে তিনি তাঁর গান ও বাদ্যকে রাজনৈতিক আন্দোলনের হাতিয়ার হিসেবে ব্যবহার করেছিলেন। আশ্চর্য, খুব কম লোকই জানে এই গানটি এই

ফ্রেঞ্চের বিশ্বিদ্যুত 'মুর্দেশর্সাল্লিজী'

(দেশবাসী)

উপন্যাসের সবচেয়ে নাটকীয় মুহূর্তটি মূর্তায়িত, যেখানে, দু'জনের ভাষায়, আরেকা ওসমানকে বলছেন—"ওসমান, যদি তুমি জিজ্ঞাসা কর, তবে আমার উত্তর এই যে, এই বন্দী আমার প্রাণেশ্বর।"

বলাবাহুল্য রোমান্টাইজেশন আন্দোলন যত শতকের শেষ তুর্যার বেগ প্রবলই ছিল। বর্তমান শতাব্দীতে, অনেকটা ক্ষীণবল হলেও, তা যে একেবারে লুপ্ত হয়েছে এমন নয়। অন্যান্যের মধ্যে, নজরুল প্রখ্যাত বাঙালী—জাতীয় অধ্যাপক সুনীতি-কুমার চট্টোপাধ্যায় ও তাঁর সুহৃদ্যার সেন—একাও এ আন্দোলনের পুরো-ভাগে আছেন। সুনীতিকুমার চট্টোপাধ্যায় কলকাতা বিশ্ববিদ্যা-লয়ের জর্নাল অব দি ডিপার্ট-মেন্ট অব লেটার্স' পত্রিকায় ১৯০৫ খৃষ্টাব্দে মুদ্রিত তাঁর 'এ রোমান অ্যালফাবেট ফর ইণ্ডিয়া' শীর্ষক প্রবন্ধে 'রোমান্টাইজেশন' সম্পর্কে তাঁর চিন্তাভাবনা সর্বপ্রথম বিস্তৃত-ভাবে প্রকাশ করেন। দিল্লীর পিপলস্ পাবলিশিং হাউস কর্তৃক প্রকাশিত তাঁর 'সিলেক্ট পেপারস্'। আলো-নিবন্ধ চয়ন' নামক ইংরেজী গ্রন্থে উল্লিখিত প্রবন্ধটি সম্পাদিত ও পরিবর্ধিত আকারে মুদ্রিত হয়েছে (পৃঃ ২৫৭-৩১২)। একই ক্ষেত্রে সুহৃদ্যার সেনের বিশিষ্টতম অবদান, ১৯৭১ খৃষ্টাব্দে কলকাতা থেকে প্রকাশিত ও দুই খণ্ডে সম্পূর্ণ তাঁর 'অ্যান ইটিমলজিক্যাল ডিক্শনারী অব বেঙ্গলী। সিকা ১০০০-১৮০০ এ. ডি.'। আশা করি, উৎসাহী পাঠক মূল রচনাগুলি পড়বার কষ্ট স্বীকার করবেন। অধ্যাপক চট্টোপাধ্যায়ের উল্লিখিত প্রবন্ধটি ও অন্যান্য সূত্র থেকে দেখা যায়—কলকাতার 'রোমান অক্ষর সমাজ', 'রোমান অক্ষর সভা' বা রোমানীকৃত 'মুর্দেশর্সাল্লিজীর উদ্যোক্তাদের কিছুতেই ভারতবর্ষে রোমান্টাইজেশনের পথিকৃৎ বলা যায় না। তাঁদের অর্ধশতাব্দীর অনেক বছরেরও বেশী পূর্বে, ১৭০৫ খৃষ্টাব্দে, লিসবন থেকে 'ক্রুপার শাস্ত্রের অর্থভেদ' গ্রন্থখানি প্রকাশিত হয় রোমান হরফে। অষ্টাদশ বঙ্গ-দেশে ধর্মপ্রচারক খৃষ্টান মিশনারী-দের প্রয়াসে বাংলা ভাষার কিন্তু রোমান অক্ষরে মুদ্রিত অনুশাসন এবং সেই সঙ্গে প্রস্তুতি পুস্তক প্রকাশিত হয়। তাঁরাই প্রচলিত অবস্থায় সাঁওতালী লিপির পরি-বর্তে যে বহুকাল ধরে রোমান লিপি ব্যবহৃত হয়ে আসছে সে কথাও সকলের জানা। আরও সম্প্রতি কালে, ১৯১০-১১ খৃষ্টাব্দ থেকে, এলাহাবাদের প্রকাশন সংস্থা, রামনারায়ণ লাল, বেশ কিছু সংখ্যক হিন্দুস্থানী (উর্দু) পুস্তকের 'রোমান্টাইজড্' সংস্করণ ও ১৯০৫ খৃষ্টাব্দে 'এ স্টুডেন্টস্ গ্রেমার অব কিলনারী কন্ভার্সেশন ইংলিশ ওয়ার্কস্ অ্যাণ্ড ফ্রেজেস হিন্দুস্থানী মর্ডার্ন ইন রোমান ক্যারেক্টার্স' প্রকাশিত করেছেন। এ ছাড়া পালি ভাষায় রচিত হীনযান বৌদ্ধদের বহু মূল গ্রন্থ, সংস্কৃতে লিখিত নানা বৈদিক পুস্তক এবং উভয় ভাষায় লিখিত অপরাপর আরও অনেক বই ইতিপূর্বেই রোমানীকৃত হয়েছে।

রোমান অক্ষরে মুদ্রিত 'মুর্দেশ-নাল্লিজীর কপিটি নিয়ে একদা যখন অধ্যাপক চট্টোপাধ্যায়ের সঙ্গে দেখা করি তখন সে-পুস্তকের শিরোনাম-পৃষ্ঠায় মুদ্রিত মানমন্দিরের উক্তি—"The multiplicity of alpha-bets, the worthless remnant of a by-gone civilization"—সম্পর্কে তাঁর অভিমত জানতে চাই। আগেই বলেছি, তিনি কট্টর 'রোমান্টাইজেশন' পন্থী। রোমান লিপিতে, মুদ্রিত ও হাতে-লেখা অক্ষরের চেহারার পার্থক্য, 'ছোট-হরফের ও 'বড়-হরফের অর্থ তাৎপর্য প্রভৃতি মামুলি প্রতিবন্ধকতাকে তিনি বিশেষ গুরুত্ব দেন না। কেননা সে লিপিতে সুবিধার সংখ্যা অজস্র। বিভিন্ন ভারতীয় ভাষার মূলে ও টাইপরাইটার-এর ক্ষেত্রে এবং মুদ্রাক্ষরের ব্যবহারজনিত বহু মূল্যবান বাঁচা অতিরিক্ত অবসর ও অর্থের জন্য 'রোমান্টাইজেশনই সব থেকে সহজ ও বৈজ্ঞানিক উপায়। অধ্যাপক চট্টোপাধ্যায় মনে করেন, ভারতীয় শিক্ষার্থীরা যদি আপাতত রোমান লিপির সঙ্গে পরিচিত হন, তা হলে তাঁদের নিজ নিজ ভাষার বিভিন্ন 'রোমান্টাইজড্' পুস্তকের সাহায্যে জ্ঞানার্জনের ক্ষেত্রে অন্যান্য দেশ-গুলির সঙ্গে তাঁদের ব্যবধান যোগা-যোগের পথটি প্রশস্ততর হবে।

শেষ

কলকাতা শহরের যে-কোনো হলে, ইউনিভার্সিটি ইনস্টিটিউট হলে, দেশবন্ধুর বাড়ীতে (১৯১৬), আচার্য জগদীশচন্দ্র বসু ও রবীন্দ্রনাথের বাড়ীতে আরও কত আসরে গান করেছিলেন।

সে দিন সন্ধ্যা ফেরে, কালে ফেরে কলকাতাও। অনেক পুরোনো এবং বিস্মৃতে মিশে হয়ত ইতিহাসের কবিতা। কিন্তু নজরুল বেঁচে থাকবেন তাঁর রচিত গানের, সুরলহরীতে, উদাত্ত আহ্বানে এবং অকুণ্ঠিত স্বদেশানুরাগে।

শেষ



পাণ্ডুর বেতারবার্তা

ফরিয়াদরহমের আদালতের দৃশ্য
(বেতারে)

বরাবর আমার সঙ্গে সঙ্গে আছে—আমরা তাকে এমন কোনও অপরাধ করতে দেখিনি, যাতে বালিকার উপর আপনি এই ভয়ানক শাস্তির বিধান করছেন।

উঃ। আশ্চর্য হয়ো না রানী, রাজা অপরাধ সম্বন্ধে নিশ্চিত না হয়ে কখন কাউকেও শাস্তি দেন না।

শ্যামা। এ অপরাধ বালিকা কোথায় করেছে?

উঃ। এইখানে।

শ্যামা। কবে?

উঃ। আজ, এই কিছুক্ষণ পূর্বে।

শ্যামা। মহারাজ! আপনি কেন প্রতারক কর্তৃক প্রতারিত হচ্ছেন।

উঃ। কেউ আমাকে প্রতারণা করেনি।

শ্যামা। যদি শাস্তিই দিতে আপনার ইচ্ছা হয়েছে, তাহলে অপরাধ শুনিয়ে তাকে শাস্তি দিন।

উঃ। আমি আবার শোনাব কেন—তুমিই তো শুনিয়েছ।

শ্যামা। বিবস্ত্রা হয়ে সে জলে অবগাহন করেনি, এই কি তার অপরাধ?

উঃ। ঐ অপরাধ।

শ্যামা। আপনি কি ক্ষিপ্ত হয়েছেন?

উঃ। সাবধান—দ্বিতীয়বার কথনে তোমাকেও কারাগারে নিক্ষেপ করব। অনুরোধা! ঠিক বল তুমি অপরাধিনী কি না।

অনু। আর্য! আমি অপরাধিনী।

উঃ। শোন শ্যামাবতী, বালিকা নিজমুখে অপরাধ স্বীকার করছে।

অনু। আমি বিষম অপরাধ করেছি—আমা হতে কৌশাম্বীরাজের অন্তঃপুরের মর্যাদা নষ্ট হয়েছে।

উঃ। রানী, এ হতে অপরাধ কি আর আছে?

শ্যামা। না। কিন্তু, এ অপরাধ বালিকা কখন করলে, কেমন করে করলে—করতে পারে না। আপনার ভয়ে সে হতভম্ব হয়ে কি বলতে কি বলছে।

অনু। না দেবী, অপরাধী করেছি—এখন স্বীকার—বিষম অপরাধ।

শ্যামা। চুপ কর্ অর্বাচীনা, আমি রাজার সঙ্গে কথা কইছি, তুই উত্তর করছিস্ কেন?

উঃ। অর্বাচীনা তুমি—তুমি আমার সঙ্গে সিংহাসনে বসবার অযোগ্যা। এই শোন। অনুরোধা! অপরাধ রানীর কাছে ব্যক্ত কর। তুমি সে যুবককে দেখেছো?

অনু। দেখেছি।

উঃ। স্পষ্ট দেখেছো না—

অনু। দেখে স্পষ্ট হয়েছি।

উঃ। স্পষ্ট স্পষ্ট হওয়ার অপরাধ নেই। সে পরমসুন্দর যুবক, তুমি অনুঢ়া যুবতী—স্পষ্ট স্পষ্ট হলে দোষ ছিল না। তুমি আকাঙ্ক্ষা হয়েছিলে—তোমার মনে ভাবা উচিত ছিল তুমি রাজকুমারী। তোমার সম্মুখে রাজরানী। তিনি আমার্যা হয়েছেন। পরপুরুষ উদ্যানে প্রবেশ করেছে জানলে তিনি কখনও সেই অনাবৃত করতেন না। তুমি এতই আকাঙ্ক্ষা হয়েছিলে যে, তাকে সাবধান করলে না। তোমার ভ্রাতৃজায়াকে একটা তুচ্ছ প্রজার কাছে উলঙ্গ করালে।

শ্যামা। (উদয়নের প্রবেশ) যদিই তুচ্ছজনে কোনও অপরাধ করে থাকে তাহলে তাকে ক্ষমা করুন।

উঃ। ক্ষমা, অন্য প্রজা হলে করতে পারতুম—এ রাজকন্যার অপরাধ—আমার ভ্রাতা নিয়ে সংগ্রাম। কৌশাম্বী রাজকুলের বধূ তুমি—তুমি এ অন্যায় অনুরোধ কর না। আমি রাজদণ্ড হতে নিরোধি—আমার বুকের ভিতরে এক এক রক্তবিন্দু অগ্নিস্ফুলিঙ্গের ন্যায় পতিত হচ্ছে—তবু আমাকে শান্তি দিতেই হবে। তুমি আমাকে আশ্বস্ত কর, কেঁদ না। অনুরোধা! তুমি শাস্তির জন্য প্রস্তুত হও, এইখান থেকেই তোমাকে আমি মহাস্থানে প্রেরণ করে আসবো।

তৃতীয় দৃশ্য
ভাঁড়ু ঘর

ভাঁড়ু। বুকটা এখনও ঢিপ ঢিপ করছে—যত বেলা বাড়ছিল ততই প্রাণটা আমার আইঢাই করছিল। বুঝি ছোঁড়াটা এই এল—এই বাবা বলে ডাকলো। যাক্, সন্ধে হয়েছে, সন্ধের মুখেছে। আর সে আসবে না।

(কালীর প্রবেশ)

কালী. কালী! এখনও বুকটা ঢিপ ঢিপ করছে।

কালী। আর বুক ঢিপ ঢিপ করছে বললে শুনবো না। ছোঁড়াটা যেদিন যাবে, সেইদিনেই আমাকে নগদ টাকা দেবে বলেছিলে। এখন আমাকে টাকা দাও।

ভাঁড়ু। ছোঁড়াটা তাহলে মরেছে—কেমন কালী?

কালী। মরেছে, তাতে কি আর সন্দেহ আছে? সন্ধের পরে কখনও কি তাকে বাড়ীর বাইরে থাকতে দেখেছ?

ভাঁড়ু। না কালী, এই প্রথম।

কালী। তবে? তাকে এবারে একেবারে জন্মের মতো ফেলে এসেছি। ব্যবসাই তাকে ফেলবার চেষ্টা করেছিলুম, কিন্তু সে সব বারে আমেপাশে পড়ে ছিলুম, ঠিক সুযোগ তেমন চুকিয়ে দিতে পারিনি।

ভাঁড়ু। তাহলে তার মরা নিশ্চয়?

কালী। একেবারে নিশ্চয়। দাও, এইবারে আমার টাকা দাও।

ভাঁড়ু। তুই তাকে বাগানে ঢুকতে দেখেছিস্?

কালী। আমি নিজে হাই দিয়ে তাকে পাঁচিলে তুলে বাগানে ফেলে দিয়ে এসেছি। আবার দেখব কি? এখন মানুষ বাবু আমি কখনো দেখিনি। নাও, এইবারে আমার টাকা দাও।

ভাঁড়ু। বুকে যখন একবার হাত দিয়েছি, তখন কি আবার না করব! টাকা পাবি, নিশ্চয় পাবি—

কালী। কবে পাব?

ভাঁড়ু। তুই বলছিস বটে সে মরেছে, তবু এখনও কেমন বুকটা ঢিপ ঢিপ করছে।

কালী। তোমার বুক ঢিপ ঢিপুনি তো বুঝিয়ে বলাই দেখে আছে। এমন দিন নেই যেদিন বুঁদিনি তোমার বুক ঢিপ ঢিপ না করেছে। জলজ্যান্তো ছেলেকে ধরে এনে, ছেলের মত বাইরে বাইরে মানুষ করে তাকে দেবকলে ফেলে দেবলে—বুক ঢিপঢিপুনির আর অপরাধ কি?

ভাঁড়ু। তবু—

কালী। আবার তবু কি দেখলি?

ভাঁড়ু। ধরে যে গেছে, এখন আর তাতে সন্দেহই নেই—কি বলিস?

কালী। ধরা ছিল তার আর অন্য উপায় নেই। সে বলবার রানী আর তার সখিনী ছাড়া অন্য কারও প্রবেশের অধিকার নেই। এখন কি স্বয়ং রাজাও রানীর বিনা হুকুমে সেখানে প্রবেশ করতে পান না। সেখানে ঢুকেছে তোমার ছেলে—

ভাঁড়ু। ধরে মরু, বাইরের লোকে বলে বলে তুইও ছেলে বলবি। একমাত্র তুইই তো আমলোড়া সমস্ত জানিস্। যেমন সম্বন্ধে তুই ঘর জানিস, আমার স্ত্রীও তত জানে না।

কালী। আমি কি এখন নিজের কথায় বলছি? বাইরের লোকে যা বলে তাই বলছি। সে মরেছে, তবে আর সন্দেহই কর না।

ভাঁড়ু। তাকে মরতে তো দেখলিনি?

কালী। রাজা বাগানে প্রবেশ করেছে—রক্ষীরাও তাকে দেখলো—হাজার করে একটা শব্দ হল, আবার কেমন করে দেখতে হয়, তাতো জানি না। তোমার হতভাগা কি বল দেখি, টাকা দেবে না?

ভাঁড়ু। আচ্ছা! হাসছিস্ কেন?

কালী। হাসবারই কথা এখনে কি আছে—টাকা যা দিতে হবে, দিলেই আমি চলে যাই।

ভাঁড়ু। বেশ, তুই আর একবার খবর নিয়ে আয়।

কালী। আবার আমি তার কাছে খবর নেব? খবর তুমি নিজেই নাও না।

ভাঁড়ু। ও বাবা, আমি খবর নেব কি কালী? রাজা যদি ঘুণাক্ষরে জানতে পারে আমি তাকে হল করে পাঠিয়েছি, তাহলে কি আমারও রক্ষে আছে? আমারও ফাঁসি হয়ে যাবে।

কালী। আর ছোঁড়াটা যদি তোর নাম করত?



ওস্তাদ এনায়েৎ খাঁ

ভাঁড়ু। ওরে বাবা, তাহলে রাজা আমাকে গরুর টাঁড়িয়ে মারতো। ওপর বসে পা নেবে—

কালী। তবে? আমি যদি তোমার নাম করতে ছোঁড়াটাকে নিষেধ না করতুম? তোমার—আমাকে মুলোর টাকা দেওয়া উচিত। কুয়ে একশাে টাকা দেবে, তাও তুমি পাচ্ছ না।

ভাঁড়ু। হেরুবা—দেবো রে দেবো—অত উতলা হচ্ছিস কেন? সে কৌ আমাকে বাবা বলেই তো জানতো—দেবতার মতন ভক্তিও করত। আমিও যখন নাম করতে নিষেধ করেছি, তখন সে কখনও আমার নাম করবে না। ভাল, ততক্ষণ আমি টাকাটা বার করে রাখি, তুই আর একবার খবর নে।

কালী। ভালো আপদ।

ভাঁড়ু। দোহাই কালী—দোহাই কালী। এইবারে ফিরে এসে যেমনি বলবি ছোঁড়া মরেছে, অমনি তোর পাওনা আমি কড়ায় গণ্ডায় চুকিয়ে দেব। শোন কালী, শোন—আমি এ নগরের মহাশ্রেষ্ঠী—আমার তুলা ধনবান এ রাজ্যে নেই। রাজা কেন জানতে নেই, আর যখন জানতে নেই, তখন পৃথিবীতে নেই। তবু আমি ছোকরাটার তরে একদিন এক-দণ্ডের জন্যও সুখ পাইনি—একদিনও স্বচ্ছন্দে ঘুমুতে পাইনি—তুই আমাকে আজ মাঝিয়ে এক-দণ্ডের জন্য নিশ্চিন্ত হয়ে ঘুমুতে দে—আর লাখটাকা মূল্যস্বরূপ নে। আমার একদণ্ডের লাখটাকা আর কালী, আমার একদণ্ডের ঘুমের লাভও লাখ টাকা। নিয়ে আয় ছোঁড়ার মৃত্যুসংবাদ—সংবাদ এনে টাকা নে।

কালী। তোমার এত টাকা?

ভাঁড়ু। আমার এত টাকা। আমি ধন-কুবের।

কালী। এত টাকাতেও তুমি ভাল করে খাও না—ভাল কাপড় পর না—

ভাঁড়ু। ওই ছোঁড়াটার তরে খাই না, পরি না।

কালী। এত টাকার মালিক হয়ে, তুমি আমার মত দরিদ্র গণিকার প্রতি আসক্ত!

ভাঁড়ু। ওই ছোঁড়াটারই তরে কালী আমি তোমাতে আসক্ত হয়েছি। তোমার রূপে আমি আসক্ত হইনি—আসক্ত হেনে, ভালবাসার ভেতর থেকেও স্বার্থের বিষ ছড়ায়। সেই দিন বছর পূর্বে কালী, একবার পূর্বাবস্থা স্মরণ কর। আমি সন্ধ্যার সময় পালকী করে রাজার বাড়ী থেকে যখন ফিরে আসছিলুম, সেই সময় রেকাবে তুমি বেশভূষা করে নিজের মুখটা আরে দাঁড়িয়ে ছিলে। তোমার মুখটা পালকী থেকে দেখে আমাকে ডাকা করতে এসেছিলে। তোমার সে ডাকে কতক আমি আজও পর্যন্ত ফিরতে পারিনি। তার পরেই আমি তোমাকে জানিয়েছি, আমার রক্ষিতা করেছি, ছোকরাটাকে থেকে বহু অট্টালিকায় তোমার স্থান দিয়েছি। তুমি মনে করেছিলে যে, তোমার নবযৌবনে বিশ্ব হয়ে তুমি আমাকে জয় করেছ। তা নয় কালী, আমি তোমার সেই রূপের পার্শ্বে দিয়ে তোমার ভেতরে প্রচ্ছন্ন কুবের জ্বালা দেখেছি। দেখে বুঝেছিলুম, কুবেরানল প্রেমানলের সঙ্গে মিশে তোমাকে এমন একটা ভয়ঙ্কর অন্ধ করে তুলেছে যে, তোমার দ্বারা আমি যে কোন অসম্ভব কার্য ইচ্ছা করলে করাতে পারি।

কালী। (স্বগত) পাপিষ্ঠের কথায় বুঝছি, এইবারে আমাকেও পরিত্যাগ করবে। ছোঁড়াটাকে যে-কোনও প্রকারে ফেরে ফেলবার জন্যেই ও আমাকে এতকাল রক্ষিতা করে রেখেছিল। এখন কাজ হাসিল হয়েছে বুঝে, আমাকে মর্মে মা দিয়ে কথা শোনাচ্ছে।

ভাঁড়ু। কি কালী, কথাগুলো বুঝলে?

কালী। বুঝছি। ওই ছোঁড়াটাকে মারবার জন্যেই তুমি আমাকে রেখেছিলে?

ভাঁড়ু। হ্যা হ্যা—কালী! শুধু ওই ছোঁড়াটাকে মারবার জন্যে!

কালী। ছোঁড়াটা মরেছে, কাজেই আর তুমি আমাকে রাখছ না—কেমন?

ভাঁড়ু। হয় হ্যা—থাক থাক তোমার ঘর—তোমার দোর—তোমার আমি—হাঁচড় হয় বল না হয় না বল—এলে, ছেলে ছইলে গেলে—কি জান কালী, এখন একটু আমাকে ভালো টাকার করবার সময় এসেছে।

কালী। বেশ তা হক—তবে একটি কথা আমাকে বল—টাকা নেবে না সেটা বুঝেছি—

ভাঁড়ু। অনেক টাকা তোমাকে দিয়েছি—একটা ভালো কুটুম্বদের মেয়ে মনে কর কালী, মনে কর। একশ বাড়িও তোমার দেহের মূল্য নয় তার জন্য তোমাকে অনেক টাকা দিয়েছি—

কালী। তা বেশ হয়েছে—টাকা না খাও বেশ তাতে ক্ষতি নেই—

ভাঁড়ু। সাত আছে—ক্ষতি কি কালী—লাভ। তুমি অবীরা, তোমার অত টাকা নেওয়া ভাল নয়—বুঝেছ—ভাকাত ছোরা টাকার গন্ধ পায়—তাদের নাক বড় প্রখর।

কালী। তোমার চেয়ে?

ভাঁড়ু। ওরে আমি তো নরকেশ্বরী বাঘ। আমি ইটকা টাকার গন্ধ পাই—আমার পচা টাকার গন্ধ পাই। ওরে নেই এই টাকাগুলি নিয়ে যাবে, অমনি রাতিকালে পরের ছেলের জন্যে চুকে খলাটা কাঁক করে দিয়ে যাবে, আর প্রসবযন্ত্রণাও অমনি কুকুর করে মেয়েমানুষের ভেতর থেকে উঠে যাবে।

কালী। ভাল, টাকা নিয়ে কাজ নেই—এখন একটা কথা জিজ্ঞাসা করি—উত্তর দাও—

ভাঁড়ু। বল—বল—জিজ্ঞাসা কর—জিজ্ঞাসা কর।

কালী। ওই ছোকরাকে মারতে তুমি যে এই পাপিষ্ঠাকে—

ভাঁড়ু। পাপিষ্ঠা! কেকি! তুমি যে অসদুপায় অবলম্বন করেছ, তাতে তুমি শ্রেষ্ঠা, জেষ্ঠা ব-বিষ্ঠা।

কালী। বিষ্ঠাই বটে—তবে আমি বিষ্ঠা, আর তুমি সেই বিষ্ঠার কীট।

ভাঁড়ু। কি বললি পাপিষ্ঠা?

কালী। এই—পাপিষ্ঠা বল—পাপিষ্ঠা বল।

ভাঁড়ু। যা-যা—খবর নিয়ে আয়।

কালী। আর খবর আনবার দরকার কি? তোমার কথাতেই বুঝতে পেরেছি, তুমি সেই বালকের মৃত্যু সম্বন্ধে নিশ্চিন্ত হয়েছ। নিশ্চিন্ত না হলে তুমি আমাকে টাকা দেব বলে, আবার না বলতে সাহস করতে না। যাক্—টাকা আর চাই না। তবে একটা কথা তোমাকে বলতেই হবে। ছোকরাকে হত্যা করতে তুমি যার-তার কেবল আমাকেই নিযুক্ত করেছ। আমিও স্থিরবুদ্ধি না করে তোমার হুকুম তামিল করতে চেষ্টা করেছি, দেখে সফল হয়েছি। কিন্তু বালকের সঙ্গে তোমার কি সম্বন্ধ, কেন তার প্রতি তোমার এই মর্মান্তিক ক্রোধ, তা আমি তোমাকে কখনও জিজ্ঞাসা করিনি, তুমিও বলনি।

ভাঁড়ু। জানতে চাস্?

কালী। চাই। ও বালক তোমার কে?

ভাঁড়ু। কেউ নয়।

কালী। কেউ নয় যদি, তবে তাকে বধ করে হয়েই বা আসলে হেনে—আর এনেই বা তাকে ফেরে ফেলবার এত চেষ্টা করলে কেন?

ভাঁড়ু। শুনবি কালী—শুনবি? তাহলে বোস্—তোকে শোনাই। প্রথম প্রহরের গজল থেকে দেখ—আর সে আসছে না। আমার বুকের কাঁদুনি এতক্ষণ পরে নিবার হয়েছে। এইবারে নিশ্চিন্ত হয়ে তোকে শোনাবো। শোনাবার সময় এসেছে। তোকে দিয়ে যেদিন আমি ছোঁড়াটাকে কিনিয়ে আনি, সে আজ কত বছরের হলো কালী?

কালী। আজ হলে বিশ বছরের পূর্ণ হবে।

ভাঁড়ু। ঠিক-ঠিক—তাহলে বিশ বছর আগে—ঠিক সন্ধ্যেবেলায় এনেছিলি না?

কালী। তখন সন্ধ্যেবেলায়।

ভাঁড়ু। সেইদিন প্রাতঃকালে, আমি প্রাতঃস্নানটি সেরে, আহ্নিক করতে আসনটিতে বসতে যাচ্ছি, এমন সময় রাজার পুরোহিত আমাকে আশীর্বাদ করতে এসেছিলো। আমি তাকে জিজ্ঞেস করলুম, ঠাকুর। আমাকে তিথি নক্ষত্রের ফোকটা কেমন? বুঝতেইতো পারছ

কালী, টাকা নিয়ে নাকচকলা দেখাই আমার ব্যবসা। কবেই বা কোন কাজ করার আগে বিনকড়ি ফেলে নিতে হয়—বুঝেছিস্?

কালী। খুব বুঝেছি। কোন্ দিন কার সর্বনাশের তালকম খুঁজিয়ে হয়, সেটা জানতে গেলে বিনকড়ি জানা দরকার বইকি! তারপর কি বল।

ভাঁড়ু। পুরোহিত বললে, "আজকে প্রভাতে এই নগরে যে বালক জন্মগ্রহণ করেছে, বয়সকালে সে সবার বড় শ্রেষ্ঠী হবে।" শুনেই মক্কী হাসি করে উঠলো। আমার স্ত্রী তখন পূর্ণগর্ভা। আমি তাড়াতাড়ি অন্তঃপুরে সংবাদ নিতে পাঠালুম, জানতে, সে পুত্র প্রসব করেছে কিনা। কেননা আমার বিশ্বাস ছিল, আমিই যখন নগরের বড় শ্রেষ্ঠী, তখন আমার পুত্র ছাড়া আর কে সবার বড় শ্রেষ্ঠী হতে পারে। কিন্তু জানলুম, আমার স্ত্রী তখনও প্রসব করেনি। তখন মনটায় ভয় হল—তবে তো নগরের জ্যেষ্ঠ শ্রেষ্ঠী আমার হবার নয়। এত বড় সম্ভ্রম, মনে করলুম কেউ না কেউ প্রভাতে জন্মেছে। তার অনুসন্ধান করতে আমি তোমাকে নিযুক্ত করেছিলুম। তুমি একটা হাজার মোহর খরচ করে সন্দেহজনায় শিশুটিকে কিনে আনলে। কেমন সফল হয়েছে কালী?

কালী। কেন সফল হবে না! সোনা তোলবার ধরনা। আমি ছলে ছেলে-টাকে খুঁজে বার করেছিলুম।

ভাঁড়ু। তা ঠিক—সে আমি মুক্তকণ্ঠে স্বীকার করবো। চক্ষে মারবো বলে ছোকটাকে আনাইনি। মনে করেছিলুম, যদি আমার কন্যা হয়, তাহলে ছোকটার সঙ্গে বিয়ে দিয়ে তাকে বরজামাই করে রাখব। কিন্তু তা আর হয়ে উঠল না। সাতদিন পরে আমার স্ত্রী এক পুত্রসন্তান প্রসব করলে।

কালী। ও! এতক্ষণে সমস্ত ব্যাপার বুঝতে পারলুম। এক গর্ভে দুই সিংহ কখনও বাস করতে পারে না।

ভাঁড়ু। এই! তুই ঠিক বুঝেছিস।

কালী। দেখুক বেঁচে থাকলে তোমার ছেলে বড় শ্রেষ্ঠী হতে পারে না।

ভাঁড়ু। ঠিক বুঝেছিস, ঠিক বুঝেছিস। একজনকে দুনিয়া ছেড়ে সরতেই হবে। কে সরবে কালী? আমার ছেলে, না দেখক?

কালী। তোমার ছেলে সরবে!

ভাঁড়ু। কি বলিস হারামজাদী, আমার ছেলে সরবে?

কালী। তোমার ছেলে সরবে—কেন সরবে শুনে নাও—যার ঘর থেকে এ ছেলেকে আমি এনেছিলুম, এ তার পুত্র নয়।

ভাঁড়ু। স্বপ্নিকদের পুত্র নয়?

কালী। না শ্রেষ্ঠীনী, এই বালক আমারি মতন কোন অজ্ঞাতকুলশীল ব্যক্তিদের পুত্র।

ভাঁড়ু। ছেলে কে বললে?

কালী। আমি বলছি, আজকে ছেলে বলছি, যেবার মহেশ মনে করে, পুরন্দরের ছেলে মনে মনে উল্লাস করতে করতে আসছি, এমন সময় পথে সেই স্বপ্নকারের সঙ্গে আমার দেখা হল। আমি তাকে চিনতে পারিনি, কিন্তু সে চিনতে পারলে। দেখেই সে আমাকে সেই ছেলের খবর জিজ্ঞাসা করলে। আমি বেশ, অনাবশ্য রকমের ছলনা জানাই আমার কাজ। সে জিজ্ঞাসা করতে না করতে আমি চোখে জল এনে ফেললুম। আমার চোখের জল দেখে সে বললে, "আমি বুঝেছি, ছেলে মরে গেছে।" আমি বললুম—"আমার ওজনের নিধি আজই আমার ঘর আমার করে চলে গেছে।" এই কথা শুনেই সে মুখে না জানিয়ে হেসে উঠল। আমি তাই দেখে কিছু আশ্চর্য হয়ে গেলুম। তাকে জিজ্ঞাসা করলুম—"কিছুই না হয় করেছ, কিন্তু সন্তান হো বটে, তার মৃত্যু শুনে কেমন করে হাসলে?" সে আরও জোরে হেসে উঠলো। বলে, "কার সন্তান? পথে পড়েছিল—সকালবেলায় পথে বেরুবে বোঝ, পথের ধারে এক-আধটার কতকগুলো কাক বসেনি একটা ছেলে—একটু আগেই বোঝার জন্মেছিল, তখনও নাড়ী কাটা হয়েছে। পড়ন্তিতে যার ফেলে তাকে বাড়ীতে তুলে নিয়ে গিয়েছিলুম। ও মহতেই এসেছিল। তবে তোমার কাছে কিছু পাওনা ছিল নিয়ে গেল। আমার কাছে কিছু দেনা ছিল দিয়ে গেল"।

ভাঁড়ু। আ—কি বলছিস?

কালী। ছেবে দেখ নরাধম, আর কোথাও কেন ফুলবাগানে সর্বনাশ করেছ কিনা—এ তোমার ছেলে কিনা।

ভাঁড়ু। তাইতো—তাইতো—তাইতো!

কালী। তারপর এই ছেলেকে কত-রকমে মারবার চেষ্টা করেছি। তা তুমি সব জান। কেননা সে সমস্ত কাজ আমি তোমারই পরামর্শমত করেছি। মোসাহেবদের মোম দিয়ে যে সময় হাজার হাজন গরু ছেড়েছ, তখন তাদের পায়ের তলায় ছেলেকে ছেড়ে দিয়েছি। ষাঁড়ে পেটের তলায় ছেবে ছেলেকে রক্ষা করেছে—গাইগুলো ঝাঁড়ের দুপাশ দিয়ে চলে গেছে, ছেলে মরেনি। রাত্রির অন্ধকারে যে পথ দিয়ে হাজার হাজার গরুর গাড়ী যায় সেই পথে দিনকয়েক নিক্ষেপ করেছি। গরু ছেলেকে দেখে চলতে চলতে থমকিয়েছে। গাড়োয়ান কত ঘাবলে একটাও এগুলো না। আমি দূর থেকে দাঁড়িয়ে দাঁড়িয়ে দেখেছি। গাড়োয়ান তখন ছেলেকে দেখতে পেলে, তুলে নিলে—আবার তুমি হারের মোহর দিয়ে তার ঘর থেকে কিনে আনলে। তারপর সারা দিন-রাত জাগরণে ফেলে রাখলে, হাতের বাঁটি দুধে ভিজে দুধ খাওয়ালে, ছেলে মল না, পাহাড়ের ওপর থেকে ফেলে দিলে, এক বাঁশের কঞ্চির ওপর পড়ে গেল, ছেলে মল না। ছেলেকে মারতে তোমার কত অর্থই না ব্যয় হয়েছে। তারপর ছেলে চারবছরে ছেলেকে নিয়ে গেল, তুমি আবার অর্থ দিয়ে কিনে আনলে, বাঁশবনের তলা থেকে নরকরে ছেলে কুড়িয়ে নিয়ে গেল, তুমি আবার তাকে কিনে আনলে। এখন বুঝতে পারছি, সে ছেলে তোমারই সর্বস্ব নিতে জন্মগ্রহণ করেছে।

শচীন দেববর্মণ

ভাঁড়ু। ফোসাও হারামজাদী! কের বললে তোকে আমি এখনি শেষ করব।

কালী। সে ছেলে মরেনি।

ভাঁড়ু। এবারে সে জমের মুখে ঢুকেছে।

কালী। জমের দেশ ফিরে সে বেরিয়ে আসবে।

ভাঁড়ু। কের বললে, তোমাকেও তার সঙ্গে সঙ্গে জমের বাড়ী পাঠিয়ে দেব।

কালী। জমের বাড়ী যাবে তোমার ছেলে নাড়ু, আর তুমি তার বাপ ভাঁড়ু। তার নেই ভাঁড়ু বস্তু, সে ছেলে যাবে না।

ভাঁড়ু। তবে যে বেটী তাইনি! (কালীকে ধরিতে ছুটিতে পারে) বল্ মরেছে—মরেছে, মরেছে।

কালী। মরেনি—মরেনি—মরেনি।

ভাঁড়ু। (গলাবেশ পাল্টে) এখনে বল্ মরেছে।

কালী। (অতিকষ্টে উচ্চারণ) মরে নি।

ভাঁড়ু। তবে তুমিও মর। (ছোরাখুলে মারা—মারা!) মা-মা-মা—

কালী। আহা-আহা-আহা—(মূর্ছা)

(কোমরের উত্তরীয় হস্তে ঘোষকের প্রবেশ, ভাঁড়ু গতর পালান)

ঘোষক। ভাইতো! এই যে বাবার কথা শুনলুম — মারা — মারা। (কালীকে দেখিয়া) একি! কে ও—মা! মা! তুমি! কে তোমার এমন অবস্থা করলে! মা-মা! ভাইতো! কে এখানে আছ? মারা-মারা! কে আছ? কি আশ্চর্য এখানে কেউ নেই? (উত্তরীয় দ্বারা ব্যজন করিয়া) মা-মা!

(নাড়ু হস্তে প্রবেশ)

নাড়ু। কই মা! কই মা! মামা মামা মা বললি, কই মা? কোথায় মা? ঘোষক। ভাই! এসেছ? তাহলে বড় ভাল করে আমার একটি উপকার কর।

নাড়ু। উপকার করবার আমার সময় নেই—আমার মামা বিয়ে করবে—তাকে দেখবার কেবল যোগাড় হচ্ছে—এখন আমার

কোনদিন হয়নি—বিশ হাজার টাকা অনেকদূরে উড়ে গেছে। আমি এখন তোমার উপকার করতে পারবো না। আমার টাকা চাই। টাকা—টাকা—মা-মা।

ঘোষক। একবার একটু ধর, আমি হাতে কাঁধে তুলে নিয়ে যাই।

নাড়ু। মা! মা পড়? ওমা, তুই পড়? বুড়ো ধেড়ী তোকে ফেলেছে বুঝি? ওরে হাত ছাড়। এটা কে? এটা যে কালী ঝি। ওরে, তুই কি মরা! তোর কি মর্যাদাজ্ঞান নেই? এক বৌটী বাসী—বেশ্যা—তাকে তুই মা বলছিস্?

ঘোষক। আমাদের বাবাইতো ফেলেছে, তাকে মাই-ই তো বলবো ভাই।

নাড়ু। বলবে বা—বলবে বা—তোর বুদ্ধিশুদ্ধি বড় বেশি হয়েছে—না? ছাড়া! বেশ্যাবেটীকে মা বলছে—তোর মাথাখারাপ হয়ে গেছে।

ঘোষক। একটু সাহায্য করা কোন মেয়ে হবে না ভাই, বরং পুণ্য হবে।

নাড়ু। চোপ্—আবার কথলে বাবাকে বলে তোকে ঠেলাগাড়ি খাওয়াবো। (কালীর অগ্রসর পা ঠেকাইয়া) এই হারামজাদী বৌটী—এই—

ঘোষক। হাঁ-হাঁ—কর কি ভাই, কর কি—মা—সতীসাধ্বীর চেয়ে কোনও অংশে কম মনে কর না।

নাড়ু। থাক্ হয়েছে, থাক্। ক অক্ষর গোমাংস—ও আবার আমাকে শান্ত শোনাতে এসেছে—বেশ্যা আবার মা। এই বৌটী এই।

কালী। উঁহুঁহু—আমি উঁহুঁহু।

নাড়ু। এই—ঠিক মতন না হলে কি ওটে? মা—বৌটী বাজারের বেশ্যা—তাকে মা বলে সম্বোধন হচ্ছে! যা বেটী কস্‌বি—উঠে যা। হারামজাদী, ভিটকিলিমি করবার আর জায়গা পাসনি—হুঁ!

(প্রস্থান)

ঘোষক। মা! এখনও তুমি দুর্বল—আমার কাঁধে ভর দাও।

কালী। কে তুমি—ঘোষক? তুমি আমাকে মা বলে ডাকলে!

ঘোষক। তুমিতো মাই মা, তোমাকে আর কি বলে ডাকব?

কালী। হারামজাদী বৌটী, কস্‌বি কে বললে?

ঘোষক। মা, সে ছেলেমানুষ তার ওপর রাগ কর না।

কালী। না বাপ্, বালক তুমি—বিজ্ঞ সে। সেই আমার পূর্বের সন্তান, তুমি নও। তুমি কোন বেশ্যার গর্ভে জন্মেছ। তুমি এ ঘৃণিতা বেশ্যাকে মা বলে পবিত্র 'মা' নামকে কলুষিত কর না। (উত্থান)

ঘোষক। উঠো না, দেখছি, তুমি বড় কাহিল, ছেলের কথা ভুল যাও।

কালী। না, আমি সম্পূর্ণ সুস্থ—খুব সবল।

(প্রস্থান)

ঘোষক। হল না—একটু সাহায্য করতে হল।

(প্রস্থান)

## চতুর্থ দৃশ্য

### মাকন্দী

মাকন্দী। (হাস্য) সেই আমার খুঁজে নিতে হল, তবে কাজ হাসিল হল। ঘরে ফেরে ফেলেই হবে, না মরলে নিস্তার নেই, তাকে অত খুরপুত করে ঘাসতে গেলে চলবে কেন? আজ ভাসাচ্ছ, কাল খোঁয়াবে, পরশু পাহাড়—একজন কেবল বাদে চেলা করে রেখেছ। সেই আমি উপায় বলে দিলুম, তবে সাপের নিষ্কণ্টক হল। সে রাখীর বাঘন—বাসী রাজকুমারী সেখানে নিতে জানকোশ করে, অজানা মেয়েমানুষই সেখানে ঢুকতে পারে না—কচি ছেলে ঢুকলে তারই ধর্মান যায়, সেখানে ঢুকেছে বিশ বছরে ছোড়া। সে যেমন দেখে অমনি তার জন্মলীলা সাঙ্গ হয়েছে। বাঁচলে কি হুকে ছিল,—এই প্রকাণ্ড বিষয়ের অর্ধেক বখরা পেত। সোনারের ছেলে এতদিনে হাড়ুড়ি পিটে পিটে গাকড়াড়ি মেরে খেত। তা না হয়ে একেবারে হল কিনা ক্ষেত্রপতির সন্তান। এই যে ভোল করেছে এই তার পক্ষে যথেষ্ট। আমার নাড়ুকে হতভাগাটা যখন বাপ বলে ডাকতো, তখন গরল কেন ছিল ঢেলে দিত। যাক্, এতদিন পরে খুঁজিয়ে বাঁচবো।

(কাঁদু খড়ের প্রবেশ)

কাঁদু। দিদী — দিদী — আমাকে বাঁচাও।

মাকন্দী। কি হয়েছে—কি হয়েছে গো! অমন করছ কেন!

কাঁদু। বাঁচাও — আমাকে কাটতে আসছে।

মাকন্দী। কে গো?

কাঁদু। ওই মস্ত হল—ওই এলো।

মাকন্দী। কে গো?

কাঁদু। বাঁচাও, মাকন্দী বাঁচাও—তুমি ছিন্ন আর আমাকে কেউ রুখে রুখতে পারবে না।

মাকন্দী। ও কি—কি! কিস্‌তির আমার ঘরের দোর বন্ধ করে দিয়ে আয়। (নেপথ্যে—বাছি মা!) তারপর একটু ঠাণ্ডা হয়ে বল দেখি ব্যাপারখানা কি?

কাঁদু। ওই এলো—একমাত্র তোমাকেই সে ভাঁড় করে। তুমি না বাঁচালে আমি মেলুম। ওই—ওই লাল্লা চোলায় অন্ধকারেও চলতে করছে। —কোথায় লুকুবো—কিস্‌তির ঘর কোথায় লুকুবো, নইলে মেলুম।

মাকন্দী। যাও, ওই ঘরের ভেতর—যাও। (কাঁদুর প্রস্থান) আমি এখনও কিছু হাতের খুরতে পারছি না। (ঝিন প্রবেশ) খবরা ঝিনে এলি?

ঝি। না মা, দেওয়া হল না। ঝিনে ঝিনে দেখি ছোট ঘুমার বাড়ীর ভিতরে আসছেন। খবরা ঝিনে দেবে তিনি আমাকে মারতে এলেন।

মাকন্দী। তার হতে কিছু অস্ত্র কি দেখা করলি?

ঝি। কই, তা মোদের কিছু নেই। না মা, আমি বলতে পারলুম না, আমি ভাল করে দেখিনি। তিনি টলতে টলতে আসছিলেন। তার মুখে কি একটা গন্ধ বেরুচ্ছিল।

মা। আচ্ছা, চলে যা। (ঝির প্রস্থান) আমার নাড়ু অস্ত্র নিয়ে কর্তাকে কাটতে এসেছে? কখিন ধরে সে একটু একটু সন্তাকিনী খাচ্ছে বটে। হলে সেটে কিছু ঝিমে কম হয় বলে কবিরাজে বারণ করেছে। তাতে কি সে এতই খেপেছে হবে যে, কর্তাকে খুনোবার ঝিনে ধাওয়া আসবে। (নাড়ু খড়ের প্রবেশ) কই হাতে তো কোন অস্ত্র নেই। ঘোষকের কি হল না হল তাকে তাকতে কর্তার ঘরটা খুঁজিয়ে গেছে। তাই কি খেপতে কি দেখেছে। কে ও—নাড়ু?

নাড়ু। বল্ — ঘরের আওয়াজ বেরিয়েছে। হা-হা—আপাতত নাড়ু —তারপর হতে একটি ছোড়া মোহর দিলেই হব নাড়ুগোপাল।

মা। একি নাড়ু, একি বাবা, তুই কি সন্তাকিনী আজ একটু বেশি খেয়েছিস্?

নাড়ু। বেশি না খেলে কি আজ জীবন যাচ্ছিল। শালার খুনুকুল, তাড়া দিয়ে আমাকে ছেকো করেছে। আমার হাতে কাটুর এসেও আমি হেরে গেছি। একেবারে বিশ হাজার টাকা—একটু বেশী না খেলে কি রুখে ছিল? কিস্‌তির সে—বেশি চাই না—হাজার খানেকের একটি ছোড়া।

মা। তুই জুয়ো খেলে এমনি করে টাকাগুলো বরবাদ্ করবি?

নাড়ু। বরবাদ্! বরবাদ করব আমি।

মা। এইতো কদিনে লাখটাকা নষ্ট করে ফেললি।

নাড়ু। এখনি সুদে মুদ্দে কিস্তিয়ে আনছি, কিস্‌তির সে। বেশি নয়, একটি হাজার মোহরের ছোড়া। আমি একটা কুরুসে মেরে সেই সব টাকা—যায় সুদে কিস্তিয়ে আনছি।

মা। যা বাবা! খুনে যা। আজির হয়েছে আর বাইরে বেরোয় না।

নাড়ু। কি বললি, শালা আমায় বিশ-হাজার টাকা বাপ্পা মেরে নিলে, আমি খুনে যাবনা?

মা। যাক্, ও দু-পাঁচ হাজার বাওয়ার কিছু এসে যায় না। চল তোকে তোর ঘরে দিয়ে আসি।

নাড়ু। না—না। ঘরে দিতে হবে না। তুই টাকা দে।

মা। সেয়াই বাবা, আর পাগলামী করিসনি।

নাড়ু। টাকা দিবিনি?

মা। তোর বাপা তোমায় দেয়ে বলতে পারিস্?

নাড়ু। সে তুমার দেয়ে—টাকা দে।

মা। ছি! একথা কি আর বলতে আছে।

নাড়ু। আচ্ছা আর কথন না—টাকা দে।

মা। টাকা আর এক-আনাও তোড়া কেন, আজ রাত্তিরটে তোমাকে কাটিয়ে দে। কাল তোর হাতে এক-ঘরে তর্তার সমস্ত ধনাগারের চাবি দিয়ে দেব।

নাড়ু। আর লোভ দেখাতে হবে না। বাবা তেমনি কাঁচা ছেলে কিনা।

মা। আমি বলছি, তোর বিশ্বাস হচ্ছে না?

নাড়ু। ওসব বয়সে আমা যাদু—টাকা দে। দিবিনি?—দিবিনি?—তবে এই গলায় পাঁড় দিয়ে মরি। (খুরসা গলা-দেখে যান)

মা। করিস্ কি নাড়ু? কর্তা জানতে পারলে কি মনে করবে বল্ দেখি।

নাড়ু। এই মলুম—এই জিব বেরুচ্ছে —এই কথা এঁকিয়ে অলছে—

মা। সোহাই বাবা—সেয়াই বাবা—ওরকম করিসনি।

নাড়ু। এই উঁহুঁ—এই সোলো—এই চোখ কপালে উঠল।

মা। না। দেখছি আমি মজুর সেই করেছি — আমাকে হারুনাকে জ্বালিয়ে খেলে। দে, দাঁড়া। এই যা দেব, আর দেব না—আর তুই খুন হলেও দেব না।

(প্রস্থান)

নাড়ু। আর দিতে হবে না—এবারে একেবারে কুরুসে ধন মেরে নেব। লাখটাকা ধরে ফিরিয়ে আনব তবে ছাড়ব।

(মাকন্দীর পুনঃপ্রবেশ)

মা। এই নে—কিন্তু আর চাইলে পাবে না—(টাকার তোড়া দান)

নাড়ু। দেখা যাবে, দেখা যাবে—

(প্রস্থান)

মা। যাবি আর চলে আসবি।

(কাঁদু খড়ের প্রবেশ)

কিগো! আমার ছেলে কি তোমাকে কাটতে এসেছিল?

কাঁদু। তাইতো দিদী, আমি কি স্বপ্ন দেখলুম?

মা। খুনে হাতে, ছেলেমানুষ—আমার কত তদগার নাড়ু—তাকে দেখে কি না তুমি ভয় পেয়ে পালিয়ে এলে! ছি! তোমাকে আর কি বলব!

কাঁদু। তাইতো। এত আশ্চর্য, মনজ খারাপ হয়েছিল দেখছি।

মা। হয়েছিল কি আজ। ও বরাবর ঘরে আসে। তা না হলে, কোথা থেকে একটা নবীনের ঘা থেকে ছেলে এনে, আমার সর্বনাশটাতে আনতে লাগাতে বসেছিলে।

কাঁদু। বাক্, নাড়ু খেলা কোথায়?

মা। তোমার জন্যে তাকে চলে যেতে বললুম। যাদা আমার সমস্ত দিনের পর কোথায় একটু ঘরের আদর পেতে এল—তোমার জন্য কিনা, তাকে আমি মিষ্টি কথা কইতে পেলুম না। কড়া কথায় চলে যা বলতে হল।

কাঁদু। তাইতো, মাঁতা মাঁতাই কি আমি ভুল দেখলুম!

মা। তা দেখা আর আশ্চর্য কি। মাথাটা গোলমাল হয়ে গেছে কি না।

ভাঁড়ু। সত্য বলছি মাগন্দী—আমার মনে হল যেন ঘোষক—হাতে একটা ল্যাম্পা তলোয়ার—অন্ধকারেও সেটা চকচক করছে।

মা। তাও হতে পারে—অপঘাত মৃত্যুতো! হয়ত ছোঁড়াটা ভূত হয়েছে।

ভাঁড়ু। ভূত তো হল, কিন্তু তরোয়াল পেলে কোথা?

মা। কোথায় পেলে, কেমন করে পেলে, অত ভাববার দরকার কি! নাও, কাল থেকে নাড়ুকে গদীতে নিয়ে বস—একটু-আধটু কাজ শেখাও—বিয়ে দাও—আর তার টোটো করে বেড়ালে তো চলবে না।

ভাঁড়ু। কাজও শেখাব—বিয়েও দেব। কিন্তু কেমন করে বিয়ে দেব। বিয়ে দিতে হলে আগে সেই ছোঁড়াটার দিতে হ'ত। দিলে দুই-এক বৎসরের মধ্যে তার সন্তান হত। এত চেষ্টা করেও এতকাল ধরে যখন একটাকে সরাতে পারিনি, তখন তার বংশ কেমন করে সরাতুম মাগন্দী। শাস্ত্রমতে সেই বংশধরও সম্পত্তির উত্তরাধিকারী। ছোঁড়াটার মৃত্যু হলে, তার পুত্রে তোমার ছেলের কাছ থেকে বিষয়ের অর্ধেক বার করে নিত। সেই সর্বনেশে শত্রুটার জন্যে যে কিছু করতে পারিনি। লোকের কাছে ছেলে বলে গ্রহণ করেছিলুম, না বলবার জো ছিল না। এমন বিপদে পড়েছিলুম মাগন্দী যে, কাছে রেখে জ্বলে মরেছি, তবু চোখের আড়াল করতে সাহস করিনি। যাক্, যখন সে মরেছে, তখন সকল আপদ চুকে গেছে।

মা। দুই-একমাসের মধ্যে মেরে না ফেললে—

ভাঁড়ু। দুই-একমাস কি বলছ! দুই-একদিন। চারদিক থেকে আত্মীয় বন্ধুতে পীড়াপীড়ি করছে—আর বিয়ে না দিয়ে থাকতে পারতুম না।

মা। যাক্, এইবারে নাড়ুর বিয়ের সম্বন্ধ কর।

ভাঁড়ু। তারও কি ব্যবস্থা করিনি! আমার মামাকে রাজা জনপদের শ্রেষ্ঠী করে পাঠিয়েছেন। সে দেশে এমন একটা মেয়ে আছে যে, তার রূপের তুলনা নেই। আমি মামাকে সেই রকম একটি মেয়ের জোগাড় করে রাখতে বলেছি—বলেছি যত টাকা লাগে—লাখ, দু'লাখ, দশ লাখ, ক্রোর—যত টাকা লাগে—একটি সুন্দরীর সুন্দরী কিনে রাখতে—বল কি, আমার নাড়ুধনের বউ। আমার এক দণ্ডে দুলাখ টাকা আয়। বলেছি, 'যেমন পাবে অমনি আমাকে চুপি চুপি খবর দেবে।' এখন তোমার হাতযশ—ছোঁড়ার মরণটা পাকা হয়ে গেলেই—

মা। ছোঁড়া, ছোঁড়া আর কত না—সে একজন চিরন্তনের কথা হিসেব দিচ্ছে—তুমি কালই জোর তালাশ করে যমের কবল থেকে লোক পাঠিয়ে দাও। ছোঁড়া না মরে চায় নাড়ী আমি।

ভাঁড়ু। বাস, কালই তালাশ করে লোক পাঠাব। না-না—আমি নই—আমি নই—আমি নই।

(পলায়ন)

মা। কি হল। আবার কি হল? নাচাই তো! এলোই তো কই। ও বাবা দুহাতে মহলাচাই যে তলোয়ার। কাটবে নাকি—কাটবে নাকি?

(পলায়ন)

(ঘোষকের প্রবেশ)

ঘো। যেয়ো না মা, যেয়ো না—আমাকে বোধহয় চিনতে পারনি, আমি ঘোষক, তোমার ছেলে।

এ কি রকম হ'ল! আমাকে দেখে মা পালিয়ে গেল? আমাকে কি চিনতে পারলে না! আমার হাতে তলোয়ার দেখেই কি পালালো! (কির প্রবেশ) হাঁ দাসী, মা আমাকে দেখে পালিয়ে গেলেন কেন?

কি। তোমার হাতে তলোয়ার কেন বড়কুমার?

ঘো। ধিক্ আমাকে—ধিক্ আমাকে—আমার মা হাতে অস্ত্র দেখে আমাকে খুনে মনে করে পালিয়ে গেল। দাসী, এই অস্ত্র আমি রাজার কাছে উপহার পেয়েছি। এ অমূল্য অসি। আমি এ অসি নেবার যোগ্য নই বলে, বাবাকে দিতে আসছিলুম। এই তলোয়ার ছুঁলেই বাবার অসুখ সেরে যাবে। এই যে তুই হাতে করে মাকে দে। অথবা বাবা থাকে তাকে দে। (কিকে অস্ত্র দান—ঝির প্রস্থান)—তাইতো, এমনটা কেন হ'ল! মা আমাকে খুনে মনে করলে! (আয়নাতে মুখ দেখিয়া) তাইতো ভয় করবার যে যথেষ্ট কারণ দেখতে পাচ্ছি—একদিনের কয়েদে, একদিনের নিরন্ন উপবাস করে চেহারাখানা আমার কি কর্দ্দমই না হয়েছে। এ মূর্তি দেখে আমিই ভয় পাচ্ছি, স্ত্রীলোক ভয় পাবে তাতে আর আশ্চর্য কি!

(তরবারী হাতে মাগন্দীর প্রবেশ)

মা। আমি যে বড়ই অপরাধ করেছি। তুমি যে ভয় পাবে, তাতো বুঝতে পারিনি।

মাগন্দী। কিছু অপরাধ করনি বাপ। আধা-অন্ধকার, তার ওপর সারাদিন তোমার অদর্শনে আমরা স্বামী-স্ত্রীতে এতই কাতর হয়ে পড়েছিলুম যে, আমাদের বাহাজ্ঞান ছিল না, চোখের জল কোনওমতে রোধ করতে পারছিলুম না, তাইতে একরূপ অন্ধ হয়েছিলুম। শত্রু আসছে মনে করে ভয়ে পালিয়ে গেছি, কিছু মনে কর না। তোমার অপরাধ কিছু হয়নি, অপরাধ আমারই হয়েছে।

ঘো। ও কথা মুখেও এনো না মা!

মা। মরবার আগে, মি, আমি করলুম কি! যে পুত্রকে দেখবার জন্য স্বামী-স্ত্রীতে এতকাল পাগলের মতন ঘুরে বেড়ালুম, খেয়ে, শুয়ে, বসে, দাঁড়িয়ে সুখ পাচ্ছিলুম না, সেই পুত্রকে দেখে শত্রু মনে করে কিনা পালিয়ে গেলুম! আমার অন্ধলের নিধি সারাদিন আমার চোখের অন্তরালে রয়েছে, আমার এই মৃত্যুবাণ! ছি ছি! পালাবার সময় আমি মুখ মুছতে মনে না ছেলে?

ঘো। সেজন্যই মা, ওকথা ছেড়ে দাও—বাবা কেমন আছে?

(ভাঁড়ু দত্তের প্রবেশ)

ভাঁড়ু। এসেছে—এসেছে? আমার নয়নমণি—আমি দেখতে পাচ্ছি না—চোখা দিয়ে জল—এসেছে?

মা। বাবা এসেছে।

ভাঁড়ু। কই-কই?

ঘো। বাবা! আমি বড়ই বিপদে পড়েছিলুম। আজ যে ফিরে এসে আপনাদের চরণ দর্শন করব, এ আশা আমার ছিল না।

ভাঁড়ু। আ! তাই তো! কি করেছিলুম?

ঘো। শুধু আপনাদের আশীর্বাদেই আমি প্রাণে বেঁচেছি। যে অস্ত্র আমাকে কাটবার জন্য আনা হয়েছিল, সেই অস্ত্র উপহার পেয়েছি।

ভাঁড়ু। কি করেছিলুম—কি করেছিলুম—আমার বাপধনকে আমিই মেরে ফেলেছিলুম!—কই অস্ত্র? এই অস্ত্র! (মাগন্দীর হস্ত হইতে গ্রহণ) দে আমার

---

*নাটকটি 'ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদের সম্ভবতঃ শেষ নাটক। নির্মমতায় অসুস্থ থাকাকালে তিনি এই নাটকটি রচনায় হাত দেন। চতুর্থ দৃশ্যের যে-পর্যন্ত মুদ্রিত হলো, ততখানি তাঁর স্বহস্তে রচিত। বাকী অংশের কিছুটা মনোরমা তিনি কোন অনুলেখনকারীকে বলেন এবং তা হয়তো লিপিতও হয়েছিল। কিন্তু সে-অংশ যদি থেকেও থাকে—তা অজ্ঞাত। যতদূর জানা যায় ক্ষীরোদপ্রসাদ নাটকটির নামকরণ করেন 'নির্মাত'। নাটকটি পড়ে উল্লিখিত চরিত্রগুলির নিম্নরূপ পরিচয় সম্ভব:

উদয়ন—কৌশাম্বীর রাজা; ভাঁড়ু দত্ত—কৌশাম্বীর মহাশ্রেষ্ঠী; ঘোষক—ঐ পালিত পুত্র; নাড়ু দত্ত—ঐ পুত্র; শ্যামাবতী—কৌশাম্বীর রাণী; অনুরাধা—উদয়নের ভগিনী; কালী—ভাঁড়ু দত্তের রক্ষিতা; মাগন্দী—ভাঁড়ু দত্তের স্ত্রী; প্রহরী, দ্বারবান, ঝি এবং সখীবৃন্দ।

('মহেন্দ্রনারায়ণ চৌধুরীকে লিখিত 'ক্ষীরোদপ্রসাদের পত্র)



### মধ্যপ্রদেশ পাল-বৈষ্ণবের অধিষ্ঠান

(১০ পৃষ্ঠার পর)

কি চাইলেন দেবতের প্রজ্ঞা জননীর কাছে? 'জানবতা কৃহর সর্বং ন কিঞ্চিদবশিষ্যতে।' বন্ধন নিয়তঃ শত্রু-সম্ভাবং মহিষাসুরঃ।' তা-ই তো সব করেছেন, কিছুই তো বাকি নেই। দেবতার শত্রু মহিষাসুর নিহত হয়েছে। কে এই মহিষাসুর? বুঝিতে পশু, শক্তিতে অসুর। পশুর বুদ্ধি, আসুর শক্তি। একত্র হয়েছে মহিষাসুরে ও তার অভিযানে সুরারি ঘটে। মহিষাসুরের চিত্তের মূল আকাঙ্ক্ষা-প্রীতি-ইচ্ছা। এই মহিষাসুরের জন্ম হয়েছিল, জানলে বিস্ময়ে অভিভূত হবে আমাদের ক্ষুদ্র পৃথিবী সুদূরে। এর মূল প্রবাহে সর্বত্র দুর্নিবার, কেবলমাত্র ভিন্ন-ভিন্ন। একত্র কেন দেবতাই তার বলবীর্য শক্তিকে বিনষ্ট করতে পারলেন না। কেনোপনিষদ্ বলেছেন, বহ্নোমেঘলা দৈবতী উমার সঙ্গেও অগ্নি-দেবতা একাত্মি হতেও স্পষ্ট কহতে পারলেন না ('তত্র শশাক দগ্ধুম্'), বায়ু-দেবতা মাতরিশ্বা তুলায় উড়িয়ে নিয়ে যেতে পারলেন না ('তত্র শশাকবায়ুম্')। স্বয়ং দেবরাজ ইন্দ্র তার স্বরূপ বুঝতে না পেরে অন্তর্ধান করলেন ('তস্মান্ত তিরোদধে')। সর্বজনতো পরমার্তি-হন্ত্রী যে সর্বশক্তি-সমন্বিতে সর্বেশে, তোমার কৃপার অমরের অধিকারের পরম শত্রু মহিষাসুর নিহত হয়েছে। আমাদের চিত্তের মহিষাসুরও নির্জিত হয়েছে। অন্তরিন্দ্রিয়-প্রীতি-ইচ্ছার নিধন ও কৃষ্ণেন্দ্রিয়-প্রীতি-ইচ্ছার প্রতিষ্ঠা হয়েছে। এ যে একেবারে অন্তরের কথা। জানবতে ও 'চণ্ডী ত্রিয়া জানব এই একই কথা বলেছেন। দাঁতা ও চণ্ডী দুই-ই চণ্ডী। বৃন্দাবনে যার নূপুর বেজেছিল, সীতা-জানবতে যে পথে গিয়েছিল। তাঁহার বাখানে নাই তাহার তুলনা।' জানবতে 'জানবান্ ও জানবতী সূত্রেরই কথা। 'জানবতঃ ইন্দ্রম্' এবং 'চণ্ডবতো ইন্দ্রম্' বৃষ্টি বৃদ্ধিশক্তি। শক্তি ও শক্তিমান অভিন্ন। বৈষ্ণব বাঙ্ময়িক শ্রীরূপ সম্বন্ধ প্রজ্ঞা দিয়ে এই সূক্ষ্ম তত্ত্ব বুঝিয়েছেন। রামকৃষ্ণকথা-পাঁপিতা-গ্রন্থে শ্রীরামকৃষ্ণদেবের স্বমুখনিসৃত শ্রীরূপগোস্বামীর শ্লোক উদ্ধার করেছেন, 'যা কৃষ্ণ সেবে সুখী সাধু, যা সুখী কৃষ্ণ এই রূপ।'—যিনি কৃষ্ণ তিনিই সুখী যিনি সুখী তিনিই কৃষ্ণ। এই প্রসঙ্গে শ্রীরূপ লাহা-পত্রিকায় সুচিত্রিতা-সংবাদে উদ্ধার করেছেন, 'চরিত্রচন্দনপরিচর্চিতে প্রকৃতি প্রিয়ে।' জানবতে-তাপসমূহের শেষে প্রকৃতিরূপিনী; সুলোচি পাঁচটে সর্বেশ্বরূপসেবয়িত্রী; অন্য আবরিকা পরিমহাদেবী; বিশেষরী। যত্র সুখা জগৎ সবে সর্বসেবাধিকারিণী। চণ্ডী তন্ত্রকার সম্পাদি। প্রকৃতি প্রিয়কে তন্ত্রনা করে। পরমাত্মার এই প্রকৃতি মহাদেহ দেবতার সংগে উপলব্ধি করতে হয়, এইজন্য অন্তত পূর্ব পরমেশ্বর এই রহস্যময় ত্রিয়কে সকল সুখা আত্মা দিয়ে এঁর মহিমাগান করেন। এঁরই আবরিকা শক্তি অধিকারেশ্বরীকে মহামায়া বলা হয়, যিনি বেহাতিমনী সকলকে মুগ্ধ করেন। মার্কণ্ডেয় পুরাণে মেধস মুনি সুরথ রাজা ও সমাধি বৈশ্যকে এই কথাই বলেছিলেন মহামায়ার প্রভাবেই সংসারস্থিতি-কারণম্।' মহামায়ার প্রভাবেই সংসারের স্থিতিকারণ। পূর্বোক্ত রামকৃষ্ণকথা-পাঁপিতার শ্রীরূপ বলেছেন, 'অবিদ্যা রূপ মোহিনম্, ত্রিগুণাত্মকত্বেন্ধু ও ইত্যাদিবচনে তত্ত্বসংকরের মোহ-প্রভাব অতএব তাদুশিনা ঈশ্বরেকলক্ষে সুখাং বিনারকম্' বাসনা বিষয়-ভোগ সুখের সন্ধান, সেই সেই স্থানে ঘটিয়েছেন পুরুষের শ্রেষ্ঠসাধিত্রি।' গোবিন্দের আরাধনা করে তাঁর শক্তিস্বরূপের আরাধনা করতে, এই বচনের অভিপ্রেত অন্তরের ভাবের অর্চনা না করলে যোগস্পর্শ হবে। সুতরাং তাঁদের উদ্দেশে বলা হয়েছে, সুখী সদাশিব বাস বিষ্ণুকে সেন পুরু এবং দেবতাদের সকলকে স্ব স্ব স্থানে শ্রেষ্ঠসাধির দ্বারা পূজা করবে।

শারদীয় মহাপূজার আমাদের এখানি প্রতিমা যার চালচিত্রে রয়েছেন বৈকুণ্ঠবিহারের অন্তরঙ্গ সর্বত্যাগী পার্ষদ, জানবতের ভাষায়, 'বৈষ্ণবানাং যথা শম্ভুঃ।' আমার বৈকবের আরাধ্য এক অন্তরতত্ত্বের আরাধনা করি ধরতে মনো। স্তুতির 'একা সং বিদ্যা বহুধা বদন্তি।' মধুসূদনের পূর্বোক্ত চতুর্দশপদীর ধ্বনিকারে আছে, 'এক পদ্মে শত-দল। হয় রূপবতী নক্ষত্রমণ্ডলী যেন একত্র সমানে'। একটি পদ্ম অনেক-গুলি দল মেলেছে। অথবা আমাদের চিনাকাশে অনাথা জ্যোতিষ্ক এক-সঙ্গে স্থান পেয়েছে। অপূর্ব কবি-তাময় মহাবীর উপলব্ধি পরিবর্ধিত হয়েছে। বৈষ্ণবে দেখেছি, অন্য ধর্মাবলম্বী প্রতিবেশী শিশুকে কোলে নিয়ে পূজা মণ্ডপের আলিপনার পাঁকিয়ে প্রতিমা দর্শন করছেন। শিশু প্রশ্ন করছে, ইনি কে, উনি কে? সরল শিশুকে সরল পিতা চিনিয়ে দিচ্ছেন ঠাকুরদের প্রত্যেককে। আমাদের মনে হয়, ঠিক তেমনই দক্ষ প্রত্যয় নিয়ে ধর্মান্তরিত কবি পৌত্তলিকতা-বিরোধী আধুনিক সভ্যতাবিলাসী কলাসী দেখে মনে আমাদের পূজিত ঠাকুর-দেবতাকে চিনিয়ে দিচ্ছেন 'জাগিল মাস চতু-র্দশপদীর অভিধানে। আমরা সেই কবিবাবাকে আশ্রয় করে দেবতাদের স্বরূপ চিন্তা করি।

'বলে কমকাতা রমা,' কে এই অনবোদ্যা-কান্তি কমকাতা ঠাকুর-রাণীটি? কবি অনন্ত বলেছেন 'যে মুগ্ধমাধুরী মেয়ে মনমোহনে।' ইনি পরমা বৈকবী, পাপসেবন-ব্রতা বিকৃতেন্দ্রিয়ী পারিকরীদিগের অন্তরঙ্গা প্রচারিকা, আপরলীলার ইনি শ্রীকৃষ্ণকান্তাদী সত্যভামা। মধুসূদনের কাব্যে ইনি 'পদ্মাকী পুণ্ডরীকাক্ষ-কক্ষা-নিবাসিনী'। মার্কণ্ডেয় চণ্ডীর ভাষায় ইনি 'যা শ্রীঃ স্বয়ং সুকৃতীনাং ভবনেষ্বলক্ষ্মীঃ। পাপাত্মনাং কৃতধিয়াং হৃদয়েষু বুদ্ধিঃ। শ্রদ্ধা সতাং কুল-জনপ্রভবস্য লজ্জা।' সুকৃতি-জন-ভবন ইনি লক্ষ্মীস্বরূপিনী, পাপাত্মাদিগের গৃহে অলক্ষ্মী, সাধুচিত্তেষু চিত্তে বুদ্ধি, সজ্জনের হৃদয়ে শ্রদ্ধা এবং সংকুলজাতের অন্তরে লজ্জা।

অষ্টম বচনেশ্বরী স্বর্গবীণা করে।' বীণারঞ্জিত পুস্তকহস্তে ঐ সর্বশুক্লা ঠাকুরাণীটি কে? ইনিও পরমা বৈকবী বাগীশ্বরী মহাসরস্বতী, যিনি বাক্-পঞ্চাতীতকে বেদবলীতে প্রত্যক্ষ করান। ইনিই জানবতের 'সতং পরং পীযূষহর আত্মন, মার্কণ্ডেয় চণ্ডীর মেধাসি দেবি বিদিতাখিলশাস্ত্রসারা আমাদের অন্তরে দেবতুলে বিরাজ করে অখিল শাস্ত্রের মর্ম অনুধাবন করান। ইনিই 'বিদ্যাসি সা ভগবতি পরমা হি দেবী।'—পরাবিদ্যা, ব্রহ্ম-বিদ্যা বা পরাবিদ্যা এঁরই নাম। 'পদ্মাক্ষিকা সুবিমলার্কশতপ্রকাশ নিত্যো-দ্যতাধিক-রমাসপত্নীবতাকি সাম্রাং দেবী দ্রবী।' ইনি সুবিমল জ্ঞান, ব্রহ্ম এবং রমা পরমপাঞ্চমের সাধনসঙ্গিনী নিত্যসিদ্ধা প্রকৃতিবিদ্যা।

'সিদ্ধিস্তুতে সিদ্ধিবরু যাঁর করে হতে তারক অস্ত্রশ্রেষ্ঠ।' ইনি মহা-বাহন দেবসেনাপতি পার্বতীসুত কার্তিকেয়। নানা পুরাণে এঁর অনেক-গুলি নাম পাওয়া যায়, মাতৃবৎসল, মাতৃপ্রিয়, প্রশান্তাত্মা, কার্ত্তিকেয়, মহাসেনস্তু, বাসুদেব-প্রিয় তাঁর মধ্যে ছটি। ছটি মস্তকের শতনাধারা পানে পুষ্ট এই কার্ত্তিকেয় মাতৃমন্ত্রের সাধক, ষড়রিপুবিজয়ী দেবসেনাপতি, দেব-বাহিনীর অধিনায়ক করবার যোগা-তম ব্যক্তি। ইনি প্রশান্তাত্মা, 'ব্রহ্মকৃত্ত

(শেষাংশ ৩১ পৃষ্ঠায়)

বেনারসী, সিল্ক, তাঁতের শাড়ী, জর্জেট, পিওর সিল্ক, এমব্রয়ডারী, জর্জেট প্রিন্ট শাড়ী, নাইলেক্স প্রিন্ট শাড়ী, শাল, আলোয়ান, কম্বল, যাবতীয় শীত বস্ত্র, টেরিলিন, টেরিকটন স্যুটিং, সার্টিং ও তৈয়ারী পোষাক।
বস্ত্র ও পোষাকের অনন্ত সাধারণ বিপণি
রামকানাই যামিনীরঞ্জন পাল প্রাঃ লিঃ
২১৩, মহাত্মা গান্ধী রোড, কলিকাতা-৭। ফোন : ৩৩-২০০৩
ইলেকট্রিক মোটর, ব্রাইণ্ডার, ডবল-এণ্ডেড ব্রাইণ্ডার ইত্যাদি প্রস্তুতকারক
রামকানাই ইলেকট্রো ওয়ার্কস
২৬/২, গিরিশচন্দ্র মিত্র রোড, বেলঘরিয়া, কলিকাতা ৫৬। ফোন : ৬১-১৭১৫



এই শুভ্রা স্নিগ্ধা
রজনীগন্ধা

## সাধ যায় দেখি সকাল সন্ধ্যা

[illegible]

# ল্যাক্মে

**ভ্যানিশিং ক্রীম**

পাউডার অনেক বেশীক্ষণ ধ'রে রাখে।

সৌন্দর্য সাহচর্যে

ল্যাক্মে

R. N. No. WBBEN/1954
LICENCE No. WB/CC/15
Copyright Reserved by All India Radio

BETAR JAGAT
Fortnightly Bengali Journal of AIR
22 September 1975 : 31 Bhadra 1897 Saka

মূল্য : প্রতি কপি ৬·০০ টাকা
বার্ষিক সডাক ২০·০০ টাকা


# খানীচক্র

## মিউজিক এণ্ড ড্যান্স ট্রেনিং কলেজ

কলিকাতার একমাত্র নিউজিওলজি সঙ্গীত শিক্ষা কেন্দ্র

প্রথম কেন্দ্র: ১৩/১৫, রমেশমিত্র রোড, কলি-২৯। ফোন: ৪৭-৪২২১
দ্বিতীয় কেন্দ্র (১): ১৭৩, রমেশমিত্র রোড, কলি-২৯। ফোন: ৭৪-১২২৬
তৃতীয় কেন্দ্র: ১২১, মহাত্মা গান্ধীরোড, কলি-৭। ফোন: ৩৭-৩৫ ৮
পঞ্চম কেন্দ্র (২): ২৫, বেলা চাটার্জী স্ট্রীট, কলি-২১ ফোন: ৫৭-৭৯১০

[নঃ দ্রঃ প্রথম কেন্দ্র ও পঞ্চম কেন্দ্র (১) পরিচালনাধীনে]

• কণ্ঠসঙ্গীত, যন্ত্রসঙ্গীত, নৃত্যকলা প্রভৃতি সকল বিষয়ে একত্রে ও স্বতন্ত্রভাবে শিক্ষা দেওয়া হয়।

### শিক্ষকমণ্ডলী

**কণ্ঠসঙ্গীত :** উচ্চাঙ্গ সঙ্গীত—উস্তাদ মুস্তাক হুসেন খাঁ, পণ্ডিত নিখিল ব্যানার্জী, শ্রীমতী সুচরিতা মিত্র, শ্রীমতী সাধনা বসু ও শ্রীমতী পূরবী মুখার্জী। **রবীন্দ্রসঙ্গীত**—শ্রীমতী সুচরিতা মিত্র, শ্রীমতী সাধনা বসু, এস ঘোষ, কমলী সেন, ডঃ প্রফুল্ল চাটার্জী ও শ্রীমতী সুপর্ণা দেবী। **ইসলামী, আধুনিক ও পল্লী ইত্যাদি**—শ্রীমতী সাধনা বসু, শ্রীমতী সুচরিতা মিত্র, নিখিল মুখার্জী, অমল চাটার্জী, নিখিল চাটার্জী, সুনীতি দেবী, প্রবীর বন্দ্যো, শ্রীমতী দেবযানী চট্টোপাধ্যায়, ইন্দ্রাণী ব্যানার্জী, অমল মুখার্জী ও মৃদুলকান্তি চক্রবর্তী। **রাগপ্রধান, ঠুমরী, ভজন, নজরুলগীতি ও রাগপ্রধান আধুনিক সঙ্গীত**—শ্রীমতী সাধনা বসু, এস ঘোষ, কমলী সেন, ডঃ প্রফুল্ল চাটার্জী, রমলেন্দু মুখার্জী, শ্রীমতী সুপর্ণা দেবী, শ্রীমতী সাধনা বসু, প্রফুল্ল চাটার্জী, ঠাকুরদাস মুখার্জী, নিখিল চাটার্জী, ধীরেন বসু, অমল দে ও নিখিল চক্রবর্তী। **গজল, ঠাংরী ও রাগপ্রধান**—নিখিল চাটার্জী ও শ্রীমতী সাধনা বসু। **ভরত নাট্যম ও মণিপুরী**—শ্রীমতী সুপর্ণা দেবী, শ্রীমতী সুনীতি দেবী, শ্রীমতী সাধনা বসু, শ্রীমতী দেবযানী চট্টোপাধ্যায়।

**যন্ত্রসঙ্গীত :** সেতার—শ্রীযুক্ত [illegible] ও শ্রীমতী [illegible]। **সেতার ও এস্রাজ**—[illegible] **বেহালা, ভায়োলা ও সিনথেসাইজার**—[illegible] **তবলা**—[illegible] **পাখোয়াজ**—[illegible]

**নৃত্যকলা :** [illegible] **ভরত নাট্যম ও মণিপুরী**—শ্রীমতী সুপর্ণা দেবী, শ্রীমতী সুনীতি দেবী, শ্রীমতী সাধনা বসু, প্রফুল্ল চাটার্জী ও শ্রীমতী সুপর্ণা দেবী। **ওড়িশী**—শ্রীমতী সাধনা বসু, শ্রীমতী সুনীতি দেবী, শ্রীমতী দেবযানী চট্টোপাধ্যায়। **কথাকলি ও মোহিনীআট্টম**—শ্রীমতী সুনীতি দেবী।

**অন্যান্য বিষয়সমূহ :** [illegible] **ছাত্রছাত্রীদের জন্য বিশেষ ব্যবস্থা :** [illegible] **বার্ষিক বিশ্লেষণ :**—শিক্ষাক্রম ১৫ মাসে ১২ খণ্ডে সমাপ্ত। শিক্ষার শুরু বিভিন্ন সময়ে হতে পারে। বৎসরে সকলে পঞ্চম কেন্দ্র ও বিকাল ৩টার কেন্দ্র একই দিনে হয়, যথা, জন্মা, জন্মাষ্টমী ও শ্রাবণ এবং হয়। (যে কোন বিষয়ে) শিক্ষার্থী হতে পারে। **শিক্ষকপ্রশিক্ষণ :** যথা—নিখিল মুখার্জী, জন্মা—শ্রীমতী গুপ্তা, জন্মাষ্টমী ও শ্রাবণ—শ্রীমতী সাধনা বসু এবং ছবিতা—শ্রীমতী সরকার, মাঘ—শ্রীমতী মিত্র ও শ্রীমতী [illegible]।

**'বার্ষিক' শিক্ষণোত্তর কোর্স** (যারা ছোট্ট বয়সের ছাত্র-ছাত্রীদের জন্য) শিক্ষার সময়কাল: ১৮ মাসের; বিষয়: নাচ, গান ও জন্মা। (যে কোন দুটি)।

ভর্তি চলিতেছে।

শর্তাদি সত্বর জানুন।

# করভারে

[illegible]

# দেখুন, তার সমাধান...

[illegible]

ব্যাঙ্ক অফ বরোদা

[illegible]